Barcode - 4990010125245
Title - Bengal Legislative Assembly Proceedings (1969) vol.49, pt.1
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 744
Publication Year - 1969
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13

Vol. 49—No. 1

# Assembly Proceedings

## Official Report

# West Bengal Legislative Assembly

## Forty-Ninth Session

(July-September, 1969)

*(From 1st July to 15th September, 1969)*

The 1st, 2nd, 3rd, 4th, 7th, 8th, 9th, 10th, 11th, 14th, 15th and 16th July, 1969

Published by authority of the Assembly under rule 353 of the West Bengal Legislative Assembly Procedure Rules

# GOVERNMENT OF WEST BENGAL

## Governor

SHRI DIPNARAYAN SINHA

## MEMBERS OF THE COUNCIL OF MINISTERS

Shri AJOY KUMAR MUKHERJI, Chief Minister and Minister-in-charge of the Finance Department, Home (Political) Department, Home (Defence) Department, Education (Social Education) Department and the Department of Animal Husbandry and Veterinary Services (excluding the Veterinary Branch and Animal Husbandry Branch).

Shri JYOTI BASU, Deputy Chief Minister and Minister-in-charge of the Home (Constitution and Elections) Department, Home (Special) Department, Home (General Administration) Department, Home (Police) Department and Home (Press) Department.

JANAB ABDUR REZZAK KHAN, Minister-in-charge of the Relief and Social Welfare (Relief) Department.

Shri BHABATOSH SAREN, Minister-in-charge of the Forests Department.

Shri BHAKTI BHUSAN MONDAL, Minister-in-charge of the Judicial and Legislative Departments.

Shri BIBHUTI DASGUPTA, Minister-in-charge of the Department of Panchayats.

Shri BISWANATH MOOKERJEE, Minister-in-charge of the Irrigation and Waterways Department and the Tanks, Small Irrigation, Wells and Tubewells, and Pump Irrigation Branch of the Agriculture and Community Development Department.

Shri CHARU MIHIR SARKAR, Minister-in-charge of the Community Development Branch of the Agriculture and Community Development Department.

Shri DEO PRAKASH RAI, Minister-in-charge of the Scheduled Castes and Tribes Welfare Department.

JANAB GOLAM YAZDANI, Minister-in-charge of the Home (Passport) Department and Home (Civil Defence) Department.

Shri HAREKRISHNA KONAR, Minister-in-charge of the Land and Land Revenue Department.

Shri JATIN CHAKRAVARTY, Minister-in-charge of the Home (Parliamentary Affairs) Department.

Shri JYOTI BHUSAN BHATTACHARJEE, Minister-in-charge of the Department of Information and Public Relations.

Dr. KANAILAL BHATTACHARJI, Minister-in-charge of the Agriculture and Community Development Department excluding the Community Development Branch, the Agro-Industries Branch and the Tanks, Small Irrigation, Tube-wells and Pump Irrigation Branch.

Shri KRISHNA CHANDRA HALDER, Minister-in-charge of the Excise Department.

Shri KRISHNAPADA GHOSH, Minister-in-charge of the Labour Department.

Janab MD. ABDULLAH RASUL, Minister-in-charge of the Home (Transport) Department.

Shri NANI BHATTACHARJEE, Minister-in-charge of the Health Department.

Shri NIRANJAN SENGUPTA, Minister-in-charge of the Refugee, Relief and Rehabilitation Department and Jails Branch of Home Department.

Shri PROVASH CHANDRA ROY, Minister-in-charge of the Department of Fisheries.

Shrimati RANU CHAKRAVARTY, Minister-in-charge of the Department of Co-operation and the Relief and Social Welfare (Social Welfare) Department.

Shri SAMBHU GHOSH, Minister-in-charge of the Department of Cottage and Small Scale Industries.

Shri SATYA PRIYA ROY, Minister-in-charge of the Education Department (excluding the Social Education Branch and the Sports Branch).

Shri SOMNATH LAHIRI, Minister-in-charge of the Local Self-Government Department, the Development and Planning Department and the Housing Department.

Shri SUBODH BANERJEE, Minister-in-charge of the Public Works Department (excluding the Roads and Special Roads Branches).

Shri SUSHIL KUMAR DHARA, Minister-in-charge of the Commerce and Industries Department and the Agro-Industries Branch of the Agriculture and Community Development Department.

Shrimati PRATIVA MUKHERJEE, Minister of State-in-charge of the Roads and Special Roads Branches of the Public Works Department.

Shri RAM CHATTERJEE, Minister of State-in-charge of the Education (Sports) Department.

Shri SUDHIR CHANDRA DAS, Minister-in-charge of the Veterinary Branch and Animal Husbandry Branch of the Department of Animal Husbandry and Veterinary Services.

Shri BARADA MUKUTMANI, Minister of State-in-charge of Home (Tourism) Department.

Shri SUDHIN KUMAR, Minister-in-charge of the Department of Food and Supplies.

# WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

## PRINCIPAL OFFICERS AND OFFICIALS

| | |
|---|---|
| *The Speaker* ... | SHRI BEJOY KUMAR BANERJEE. |
| *Deputy Speaker* ... | SHRI APURBA LAL MAJUMDAR. |

### Secretariat

| | |
|---|---|
| *Secretary* ... | SHRI SYAMAPADA BANERJEA, B.A., LL.B. |
| *Deputy Secretary* ... | SHRI A. K. CHUNDER, B.A. (HONS.) (CAL.), M.A., LL.B. (CANTAB), LL.B. (DUBLIN), Barrister-at-Law. |
| *Deputy Secretary* ... | SHRI RAFIQUL HAQUE, B.A., LL.B. |
| *Deputy Secretary* ... | SHRI KHAGENDRA NATH MUKHERJI, B.A., LL.B. |
| *Assistant Secretary* ... | SHRI BIMAL CHANDRA BHATTACHARYYA, B.A., LL.B. |
| *Assistant Secretary* ... | SHRI ANIL CHANDRA CHATERJI. |
| *Assistant Secretary* ... | SHRI SANKAR PRASAD MUKHERJI, B.A. |
| *Registrar* ... | SHRI DEBAVRATA CHAKRAVARTY, B.A. |
| *Editor of Debates* ... | SHRI PARITOSH MOJUMDER, B.A. |
| *Chief Reporter and* ex-officio *Editor of Debates of Council* ... | SHRI PRAFULLA KUMAR BANERJEE. |
| *Personal Assistant to Speaker* ... | SHRI PANCHU GOPAL CHATTERJEE. |
| *Section Officers* .. | SHRI NAYAN GOPAL CHOWDHURI, B.A. |
| | SHRI SANKORIPROSAD MUKHERJEE, B.A. |
| | SHRI ASADUR RAHMAN. |

## SECRETARIAT

| | | |
|---|---|---|
| *English Reporters* | ... | SHRI BHOLANATH BANERJEE. |
| | | SHRI HIMADRI BHUSAN CHATTERJEE, B.COM. |
| | | SHRI PRITHWISH CHANDRA SEN GUPTA. |
| | | SHRI JAWHAR LAL DUTT, B.COM. |
| | | SHRI SAILENDRA MOHAN CHAKRABARTI. |
| | | SM. SUBRATA SEN GUPTA. |
| | | SHRI SYAMAL KUMAR BANERJEE. |
| *Bengali Reporters* | ... | SHRI SUSANTA KUMAR CHATTERJEE, B.COM. |
| | | SHRI ARINDAM GHOSH. |
| | | SHRI PRAFULLA KUMAR GANGULI, B.COM. |
| | | SHRI BIMAL KANTI BERA. |
| | | SHRI SWADHIN CHATTERJEE. |
| | | SHRI PRABHAT KUMAR BHATTACHARYYA, B.A. |
| | | SHRI MANAS RANJAN DAS, B.COM. |
| | | SHRI ABNEY GOLAM AKBAR, B.A. |
| | | SHRI JAGADISH CHANDRA BISWAS, B.A. |
| *Hindi Reporter* | ... | SHRI RAM NARESH TRIPATHI. |

# WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

## ALPHABETICAL LIST OF MEMBERS

### A

(1) Abdul Haque, Shri (Jangipur—Murshidabad).

(2) Abdul Latif, Shri Mohamed (Chanditala—Hooghly).

(3) Abdul Quiyom Molla, Shri (Diamond Harbour—24-Parganas).

(4) Abdur Rezzaque Khan, Shri (Hasnabad—24-Parganas).

(5) Abdus Sattar, Shri (Lalgola—Murshidabad).

(6) Abdus Sayeed, Shri Mir (Baduria—24-Parganas).

(7) Abedin, Dr. Zainal (Itahar—West Dinajpur).

(8) Abu Asad Mohammed Obaidul Ghani, Dr. (Entally—Calcutta).

(9) Abul Barket Atawal Ghani Khan Chawdhury, Shri (Sujapur—Malda).

(10) Abul Hassan, Shri (Taltala—Calcutta).

(11) Abul Mansur Habibullah, Shri Syed (Nadanghat—Burdwan).

(12) Adhicary, Shri Sailendra Nath (Bhagabangola—Murshidabad).

(13) Ahammad Aktabuddin, Shri (Hariharpara—Murshidabad).

(14) Azizur Rahman, Shri (Jalangi—Murshidabad).

### B

(15) Bagdi, Shri Lakhan [Ukhra (SC)—Burdwan].

(16) Baksh, Shri Mohammed Karim (Haringhata—Nadia)

(17) Baksi, Shri Monoranjan (Faridpur—Burdwan).

(18) Bandopadhyay, Dr. Gopal (Singur—Hooghly).

(19) Bandopadhayaya, Shri Amiya Bhusan (Basirhat—24-Parganas).

(20) Banerjee, Shri Bijoy Kumar (Rashbehari Avenue—Calcutta).

(21) Banerjee, Shri Subodh (Joynagar—24-Parganas).

(22) Banerji, Shri Radhika Ranjan (Kamarhati—24-Parganas).

(23) Barma, Shri Akshay Kumar [Tufanganj (SC)—Cooch Behar].

(24) Barman, Shri Prasenjit [Cooch Behar West (SC)—Cooch Behar]

(25) Barman, Shri Syama Prasad [Kaliaganj (SC)—West Dinajpur].

(26) Basu, Shri Abinash (Kumargram—West Dinajpur).

(27) Basu, Shri Bimal Kanti (Cooch Behar North—Cooch Behar).

(28) Basu, Shri Gopal (Naihati—24-Parganas).

(29) Basu, Shri Hemanta Kumar (Shampukur—Calcutta).

(30) Basu, Shri Krishnagopal (Cossipur—Calcutta).
(31) Basu, Shri Jyoti (Baranagar—24-Parganas).
(32) Basu, Shri Mukul (Balurghat—West Dinajpur).
(33) Basu Ray, Shri Sunil (Barabani—Burdwan).
(34) Bauri, Shri Hari Pada [Raghunathpur (SC)—Purulia].
(35) Bazle Ahmad, Shri (Murarai—Birbhum).
(36) Bera, Shri Sasabindu (Shyampur—Howrah).
(37) Besterwitch, Shri A. H. [Madarihat (ST)—Jalpaiguri].
(38) Bhagat, Shri Budhu [Nagrakata (ST)—Jalpaiguri].
(39) Bhadra, Dr. Niranjan (Kotulpur—Bankura).
(40) Bhaduri, Shri Panchugopal (Serampore—Hooghly).
(41) Bhandari, Shri Nitai (Amta—Howrah).
(42) Bhandari, Shri Sudhir Chandra (Maheshtola—24-Parganas).
(43) Bhattacharjya, Shri Mrigendra (Daspur—Midnapur).
(44) Bhattacharya, Shri Jyotibhusan (Ballygunge—Calcutta).
(45) Bhattacharya, Dr. Kanailal (Shibpur—Howrah).
(46) Bhattacharya, Shri Nani (Alipurduars—Jalpaiguri).
(47) Bhattacharyya, Shri Gopal Krishna (Panihati—24-Parganas).
(48) Bhattacharyya, Shri Satyapada (Bharatpur—Murshidabad).
(49) Bhowmik, Shri Kanai (Moyna—Midnapur).
(50) Biswas, Shri Ajit Kumar [Goghat (SC)—Hooghly].
(51) Boral, Shri Manaranjan [Beliaghata South (SC)—Calcutta].
(52) Bouri, Shri Tinkori [Para (SC)—Purulia].

C

(53) Chakrabarty, Shri Deb Narayan (Pandua—Hooghly).
(54) Chakraborty, Shri Jatin (Sealdah—Calcutta).
(55) Chakraborty, Shri Sadhan Kumar (Khardah—24-Parganas).
(56) Chakraburtty, Dr. Taraknath (Kulti—Burdwan).
(57) Chakravorty, Shri Nares Chandra (Jalpaiguri—Jalpaiguri).
(58) Chatterjee, Shrimati Nirupama (Bagnan—Howrah).
(59) Chatterjee, Shri Ram (Tarakeswar—Hooghly).
(60) Chattoraj, Dr. Radhanath (Labhpur—Birbhum).
(61) Chaudhuri, Shri Ashoke (Basanti—24-Parganas).
(62) Choudhury, Shri Soroshi (Chandrakona—Midnapore).
(63) Chowdhury Abdul Karim, Shri (Chopra—West Dinajpur).
(64) Chowdhury, Shri Benoy Krishna (Burdwan South—Burdwan).

## D

(65) Dal, Shrimati Nanda Rani [Ghatal (SC)—Midnapur].

(66) Das, Shri Anadi (Howrah Central—Howrah).

(67) Das, Shri Banamali [Nanur (SC)—Birbhum].

(68) Das, Shri Bimal Kanti (Englishbazar—Malda).

(69) Das, Shri Deben (Kharagpur Local—Midnapur).

(70) Das, Shri Debendra Nath (Dantan—Midnapur).

(71) Das, Shri Jagadish Chandra (Bijpur—24-Parganas).

(72) Das, Shri Nikhil (Burtola—Calcutta).

(73) Das, Shri Paresh [Khajuri (SC)—Midnapur].

(74) Das, Shri Sudhir Chandra (Contai South—Midnapur).

(75) Das Ghose, Shri Biswanath (Uluberia South—Howrah).

(76) Das Gupta, Shri Bibhuti Bhusan (Purulia—Purulia).

(77) Das Gupta, Shri Pannalal (Bolpur—Birbhum).

(78) Das Mahapatra, Shri Balailal (Ramnagar—Midnapur).

(79) Das Mahapatra, Shri Kamakhya Nandan (Patashpur—Midnapur).

(80) Datta, Shri Debabrata (Burdwan North—Burdwan).

(81) De, Shri Panchkari (Jhargram—Midnapur).

(82) Deb, Shri Harahari [Sutahata (SC)—Midnapur].

(83) Deb, Shri Saral (Barasat—24-Parganas).

(84) Dey, Shri Tarapada (Jagatballavpur—Howrah).

(85) Dhara, Shri Hansadhwaj (Kakdwip—24-Parganas).

(86) Dhara, Shri Sushil Kumar (Mahishadal—Midnapur).

(87) Dingal, Dr. Gobardhan (Sagar—24-Parganas).

(88) Duley, Shri Krishna Prasad [Garhbeta East (SC)—Midnapur].

## E

(89) Ekramul Haque, Dr. Md. (Domkal—Murshidabad).

(90) Elias Razi, Shri Md. (Harischandrapur—Malda).

## F

(91) Fazle Haque, Dr. Md. (Sitai—Cooch Behar).

(92) Fazlur Rahman, Shri S. M. (Kaliganj—Nadia).

(93) Franklin, Shri Leslie Henry (Nominated).

## G

(94) Ganguly, Shri Ajit Kumar (Bongaon—24-Parganas).

(95) Ghose, Shri Sambhu Charan (Chinsurah—Hooghly).

(96) Ghosh, Shri Bibhuti Bhushan (Panchla—Howrah).

(97) Ghosh, Shri Bireswar (Bankura—Bankura).

(98) Ghosh, Shri Kamakhya Charan (Midnapur—Midnapur).

(99) Ghosh, Shri Krishnapada (Beliaghata North—Calcutta).

(100) Ghosh, Dr. Lokes (Asansol—Burdwan).

(101) Ghosh, Shri Tarun Kanti (Habra—24-Parganas).

(102) Golam Mahiuddin, Shri (Nalhati—Birbhum).

(103) Golam Yazdani, Dr. (Kharba—Malda).

(104) Gofurur Rahaman, Shri (Malda—Malda).

(105) Guchhait, Shri Subodh Gopal (Contai North—Midnapur).

(106) Guha, Shri Bikesh Chandra (Jadavpur—24-Parganas).

(107) Guha, Shri Panchu Gopal (Raina—Burdwan).

(108) Guha Neogi, Shri Anil Dhar (Dhupguri—Jalpaiguri).

(109) Gupta, Shri Sadhan (Kalighat—Calcutta).

(110) Gupta, Shri Sitaram (Bhatpara—24-Parganas).

(111) Gurung, Shri Nandlall (Jorebunglow—Darjeeling).

(112) Gyan Singh Sohonpal, Shri (Kharagpur—Midnapur).

H

(113) Haldar, Shri Kuber Chand [Sagardighi (SC)—Murshidabad].

(114) Halder, Shri Krishna Chandra [Ausgram (SC)—Burdwan].

(115) Halder, Shri Murari Mohan [Kulpi (SC)—24-Parganas].

(116) Halder, Shri Renupada [Mathurapur (SC)—24-Parganas].

(117) Hansda, Shri Jagatpati [Nayagram (ST)—Midnapur].

(118) Harunur Rashid, Shri (Deganga—24-Parganas).

(119) Hazra, Shri Haran Chandra [Sankrail (SC)—Howrah].

(120) Hazra, Shri Monoranjan (Uttarpara—Hooghly).

(121) Hazra Choudhury, Shri Kashinath (Monteswar—Burdwan).

(122) Hicks, Shri Clifford (Nominated).

I

(123) Ishaque, Shri A. K. M. (Bhangar—24-Parganas).

J

(124) Jana, Shri Manindra Nath (Jangipara—Hooghly).

(125) Jha, Shri Arun Chandra (Manikchak—Malda).

K

(126) Kalimuddin Shams, Shri (Kabitirtha—Calcutta).
(127) Kar, Shri Dhananjoy (Gopiballavpore—Midnapur).
(128) Khan Nasiruddin, Shri (Naoda—Murshidabad).
(129) Khan, Shri Sukhendu [Sonamukhi (SC)—Bankura].
(130) Konar, Shri Benoy Krishna (Memari—Burdwan).
(131) Konar, Shri Hare Krishna (Kalna—Burdwan).
(132) Kuar, Shri Gangapada [Keshpur (SC)—Midnapur].
(133) Kuiry, Shri Daman Chandra (Arsha—Purulia).
(134) Kundu, Shri Gour Chandra (Ranaghat West—Nadia).

L

(135) Laha, Shri Mihir Kumar (Narayangarh—Midnapur).
(136) Lahiri, Shri Somnath (Dhakuria—Calcutta).
(137) Lakra, Shri Denis [Kalchini (ST)—Jalpaiguri].
(138) Let, Shri Panchanan [Mayureswar (SC)—Birbhum].
(139) Lohar, Shri Gour [Indpur (SC)—Bankura].

M

(140) Mahata, Shri Amulya Ratan (Salboni—Midnapur).
(141) Mahata, Shri Debendra Nath (Jhalda—Purulia).
(142) Mahato, Shri Girish (Manbazar—Purulia).
(143) Mahato, Shri Ram Krishna (Jaipur—Purulia).
(144) Maiti, Shrimati Abha (Bhagabanpur—Midnapur).
(145) Maiti, Shri Subodh Chandra (Narghat—Midnapur).
(146) Maitra, Shri Kashi Kanta (Krishnagar East—Nadia).
(147) Maji, Shri Panna Lal (Udaynarayanpur—Howrah).
(148) Majhi, Shri Budheswar [Banduan (ST)—Purulia].
(149) Majhi, Shri Gobardhan [Balarampur (ST)—Purulia].
(150) Majumdar, Shri Amales Chandra (Haripal—Hooghly).
(151) Majumdar, Shri Apurba Lal [Bagdaha (SC)—24-Parganas].
(152) Makshed Ali, Shri M. (Santipur—Nadia).
(153) Malik, Shri Basudeb [Jamalpur (SC)—Burdwan].
(154) Mallik, Shri Prabir Kumar (Kashipur—Purulia).
(155) Mandal, Shri Bhakti Bhusan (Dubrajpur—Birbhum).
(156) Mandal, Shri Hazari Lal [Hingalganj (SC)—24-Parganas].

(157) Mandal, Shri Kalipada [Uluberia North (SC)—Howrah]
(158) Mandal, Shri Mrityunjoy [Hansan (SC)—Birbhum].
(159) Mandal, Shri Nabadurga [Gangajalghati (SC)—Bankura].
(160) Mandal, Shri Rabindra Nath [Rajarhat (SC)—24-Parganas].
(161) Mandal, Shri Sachindra Nath (Mograhat West 24-Parganas).
(162) Mandal, Shri Sidheswar [Rajnagar (SC)—Birbhum].
(163) Mandal, Shri Subal Chandra (Chakdah—Nadia).
(164) Maulick, Shri Kumarish Chandra [Khargram (SC)—Murshidabad].
(165) Mazumdar, Shri Dilip Kumar (Durgapur—Burdwan).
(166) Md. Sohorab, Shri (Suti—Murshidabad).
(167) Misra, Shri Ahindra (Panskura West—Midnapur).
(168) Mitra, Shrimati Ila (Manicktola—Calcutta).
(169) Mitra, Dr. Sunil Kumar (Kalyanpur—Howrah).
(170) Mohammad Ali, Shri (Ratua—Malda).
(171) Mohamma Idris Ali, Shri (Murshidabad)
(172) Mohammad Salimuddin, Shri (Goalpokhar—West Dinajpur).
(173) Mohammed Amin, Shri (Titagarh—24-Parganas).
(174) Mollah Humayun Kabir, Shri (Purbasthali—Burdwan).
(175) Mondal, Shri Amarendra [Jamuria (SC)—Burdwan].
(176) Mondal, Shri Ganesh Chandra [Gosaba (SC)—24-Parganas].
(177) Mondal, Shri Kumud Ranjan [Baruipur (SC)—24-Parganas].
(178) Mondal, Shri Rabin (Patharpratima—24-Parganas).
(179) Mondal, Shri Ramgati [Ketugram (SC)—Burdwan].
(180) Mondal, Shri Sasanka Sekhar (Rampurhat—Birbhum).
(181) Mookherjee, Shri Bama Pada (Hirapur—Burdwan).
(182) Muhammed Khuda Bukhsh, Shri (Beldanga—Murshidabad).
(183) Mukherjee, Shri Amritendu (Krishnagar West—Nadia).
(184) Mukherjee, Shri Anil Kumar (Onda—Bankura).
(185) Mukherjee, Shri Animesh (Dinhata—Cooch Behar).
(186) Mukherjee, Shri Bhabani (Chandernagore—Hooghly).
(187) Mukherjee, Shri Joykesh (Domjur—Howrah).
(188) Mukherjee, Shri Haripada (Champdani—Hooghly).
(189) Mukherjee, Shri Niranjan (Behala East—24-Parganas).
(190) Mukherjee, Shri Nirmal Kumar (Howrah North—Howrah).
(191) Mukherjee, Shri Pijush Kanti (Kumargram—Jalpaiguri).
(192) Mukherjee, Shrimati Protiva (Suri—Birbhum).

(193) Mukherjee, Shri Rabin (Behala West—24-Parganas).

(194) Mukhopadhyaya, Shri Ajoy Kumar (Tamluk—Midnapur).

(195) Mukhopadhyaya, Shrimati Geeta (Panskura East—Midnapur).

(196) Mundle, Shri Salil Behari (Chapra—Nadia).

(197) Murmu, Shri Nathaniel [Tapan (ST)—West Dinajpur].

(198) Murmu, Shri Nimai Chand [Habibpur (ST)—Malda].

N

(199) Nahar, Shri Bijoy Singh (Bowbazar—Calcutta).

(200) Nandy, Shri Sachindra Mohon (Nabadwip—Nadia).

(201) Naskar, Shri Gangadhar [Sonarpur (SC)—24-Parganas].

(202) Naskar, Shri Narayan [Canning (SC)—24-Parganas].

(203) Naskar, Shri Sundar Kumar [Bishnupur East (SC)—24-Parganas].

(204) Neogi, Shri Brajo Gopal (Polba—Hooghly).

O

(205) Ojha, Shri Samarendra Nath (Hura—Purulia).

P

(206) Padmalakshmi Subba, Shri (Kalimpong—Darjeeling).

(207) Pahari, Shri Bibhuti (Egra—Midnapur).

(208) Pakray, Shri Gobardhan [Khandaghosh (SC)—Burdwan].

(209) Panda, Shri Bhupal Chandra (Nandigram—Midnapur).

(210) Panda, Shri Mohini Mohon (Taldangra—Bankura).

(211) Pathak, Shri Patit Paban (Bally—Howrah).

(212) Poddar, Shri Deokinandan (Jorasanko—Calcutta).

(213) Pramanik, Shri Abinash [Balagarh (SC)—Hooghly].

(214) Pramanik, Shri Radhika Ranjan [Mograhat East (SC)—24-Parganas].

(215) Purkait, Shri Prabodh [Kultali (SC)—24-Parganas].

R

(216) Raha, Shri Sanat Kumar (Berhampore—Murshidabad).

(217) Rai, Shri Deo Prakash (Darjeeling—Darjeeling).

(218) Raj, Shri Aswini Kumar (Barjora—Bankura).

(219) Ray, Shri Birendra Narayan (Nabagram—Murshidabad).

(220) Ray, Shri Jajneswar [Mainaguri (SC)—Jalpaiguri].

(221) Ray, Shri Kiran Chandra [Rajganj (SC)—Jalpaiguri].

(222) Ray, Shri Manash (Raiganj—West Dinajpur).

(223) Ray, Shri Siddhartha Shankar (Chowringhee—Calcutta).

(224) Roy, Shri Amalendra Lal (Barwan—Murshidabad).

(225) Roy, Shri Aswini (Bhatar—Burdwan).

(226) Roy, Shri Birendra Nath [Mathabhanga (SC)—Cooch Behar].

(227) Roy, Shri Dwarika Prosanna (Mahammadbazar—Birbhum).

(228) Roy, Shri Haradhan (Raniganj—Burdwan).

(229) Roy, Shri Jagadananda [Falakata (SC)—Jalpaiguri].

(230) Roy, Shri Jatindra Mohan [Kushmandi (SC)—West Dinajpur].

(231) Roy, Shri Jyotish (Falta—24-Parganas).

(232) Roy, Shri Nepal Chandra (Jorabagan—Calcutta).

(233) Roy, Shri Phakir Chandra (Galsi—Burdwan).

(234) Roy, Shri Provash Chandra (Bishnupur West—24-Parganas).

(235) Roy, Shri Santi Mohun (Pursurah—Hooghly).

(236) Roy, Shri Santosh Kumar (Cooch Behar South—Cooch Behar).

(237) Roy, Shri Saroj (Garhbeta West—Midnapur).

(238) Roy Barman, Shri Khiti Bhusan (Budge Budge—24-Parganas).

(239) Roy Chowdhury, Shri Biswabrata (Mugberia—Midnapur).

(240) Roy Pradhan, Shri Amarendra Nath [Mekliganj (SC)—Cooch Behar].

(241) Rudra, Shri Samar Kumar (Vidyasagar—Calcutta).

## S

(242) Saha, Shri Abani Kumar [Indas (SC)—Bankura].

(243) Saha, Shri Jamini Bhusan (Noapara—24-Parganas).

(244) Saha, Shri Kripasindhu [Dhaniakhali (SC)—Hooghly].

(245) Saha, Shri Madan Mohon [Khanakul (SC)—Hooghly].

(246) Saha, Shrimati Parul (Gaighata—24-Parganas).

(247) Sahadat Hossain, Shri S. (Farakka—Murshidabad).

(248) Samanta, Shri Bijoy Krishna (Debra—Midnapur).

(249) Samanta, Shri Gouranga (Pingla—Midnapur).

(250) Sar, Shri Nikhilananda (Mangalkot—Burdwan).

(251) Saraogi, Shri Ramkrishna (Barabazar—Calcutta).

(252) Sardar, Shri Sarat [Sandeshkhali (ST)—24-Parganas].

(253) Sanyal, Shri Mani (Alipore—Calcutta).

(254) Sanyal, Dr. Nalinaksha (Karimpur—Nadia).

(255) Sarkar, Shri Brajendra Nath [Haroa (SC)—24-Parganas].

(256) Sarkar, Shri Charumihir [Hanskhali (SC)—Nadia].

(257) Sarkar, Shri Nil Kamal [Nakashipara (SC)—Nadia].

(258) Sarkar, Shri Nitaipada [Ranaghat East (SC)—Nadia].

(259) Sarkar, Shri Sasthidas (Vishnupur—Bankura).

(260) Sarkar, Shri Ahindra (Gangarampur—West Dinajpur).

(261) Sen, Shri Arun (Garden Reach—24-Parganas).

(262) Sen, Shri Jamini Ranjan (Swarupnagar—24-Parganas).

(263) Sen, Shri Lakshmi Charan (Belgachia—Calcutta).

(264) Sen, Shri Prafulla Chandra (Arambagh—Hooghly).

(265) Sen, Shri Sadhan Kumar (Ashokenagar—24-Parganas).

(266) Sen Gupta, Shri Niranjan (Tollygunge—Calcutta).

(267) Sen Gupta, Shri Tarun Kumar (Dum Dum—24-Parganas).

(268) Shamsuddin Ahmad, Shri (Kaliachak—Malda).

(269) Singh, Shri Sudarson (Chhatna—Bankura).

(270) Sinha, Kumar Jagadish Chandra (Kandi—Murshidabad).

(271) Sinha, Shri Suresh Chandra (Karandighi—West Dinajpur).

(272) Soren, Shri Bhabatosh [Raipur (ST)—Bankura].

(273) Soren, Shri Joyram [Binpur (ST)—Midnapur].

(274) Soren, Shri Lakshan [Gajol (ST)—Malda].

(275) Soren, Shri Suchand [Ranibandh (ST)—Bankura].

(276) Surat Ali Khan, Shri (Tehatta—Nadia).

T

(277) Talukdar, Shri Pralay (Howrah South—Howrah).

(278) Thakur, Shri Nityananda (Katwa—Burdwan).

(279) Thapa, Shri Prem (Siliguri—Darjeeling).

(280) Tirkey, Shri Iswar Chandra [Phansidewa (ST)—Darjeeling).

(281) Topno, Shri Antoni [Mal (ST)—Jalpaiguri].

(282) Tudu, Shri Budhan Chandra [Keshiary (ST)—Midnapur].

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 1st July, 1969, at 1 p.m.

### Present

Mr. Speaker (Shri Bejoy Kumar Banerjee) in the Chair, 25 Ministers, 2 Ministers of State and 234 Members.

### Obituary

[1—1-5 p.m.]

**Mr. Speaker:** Hon'ble Members, we are meeting today under the shadow of a great national loss, the sad demise of our beloved leader and the third President of India, Dr. Zakir Hussain who passed away on the morning of Saturday, the 3rd May, 1969. A valiant fighter in the struggle for freedom, an eminent educationist, a great thinker, and an ever-inspiring unorthodox leader with unceasing quest of knowledge Dr. Hussain symbolised in him the best traditions of Indian culture and served the nation with exemplary dedication for nearly fifty years.

Born on February 8, 1897 in Hyderabad, Dr. Hussain had his education at the Islamia High School, Etawah, the Mohammedan Anglo-Oriental College (now Aligarh Muslim University) and the University of Berlin. Even in those days he was known for his love of knowledge, wit and eloquence and his readiness to help his fellow-students. His records at the College and the University were all along very brilliant, not only in academic achievement but also in extra-curricular activities.

Dr. Hussain was drawn to politics in October, 1920 when Mahatma Gandhi visited Aligarh to explain his doctrine of 'Satyagraha'. Young Zakir Hussain, then a student of M.A. class and aged barely 23, pioneered in the establishment of a National University by the name of Jamia Millia Islamia. He served this institution as its Vice-Chancellor for nearly two decades. He was also a Vice-Chancellor to the Aligarh Muslim University during 1948-56 and also headed the National Committee on Education in 1937.

Dr. Hussain was an eminent writer. He wrote books extensively. Among his books are an Urdu translation of Plato's Republic, a critique of capitalism, translation of several works on economics and education and books for children.

A member of Rajya Sabha during 1952-57, Dr. Hussain was appointed Governor of Bihar in 1957. He was elected Vice-President of India in 1962 and President of India in 1967. He had also represented India in UNESCO.

The nation honoured itself by awarding him the highest honour of the land 'Bharat Ratna' in 1963.

Death has taken away this great patriot, scholar and humanist. The country loses a person of great intellectual and moral eminence who embodied man's heritage of nobility, goodness and truth.

May his soul rest in peace.

I would now request you to kindly rise in your seats and remain standing in silence for two minutes as a mark of respect to the memory of the noble soul.

(The honourable members then stood in silence for two minutes.)

Thank you, ladies and gentlemen. Secretary will do the needful.

The House stands adjourned till 1 p.m. on Wednesday, the 2nd July, 1969.

**Adjournment**

The House was accordingly adjourned at 1-5 p.m. till 1 p.m. on Wednesday, the 2nd July, 1969, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Assembly, Calcutta, on Wednesday, the 2nd July, 1969, at 1 p.m.

### Present

Mr. Speaker (Shri Bejoy Kumar Banerjee) in the Chair, 23 Ministers, 2 Ministers of State and 214 Members.

[1—1-10 p.m.]

**শ্রীঅনাদি দাস:** মাননীয় স্পীকার মহাশয়, আপনার কাছে আমার কিছু বলবার আছে। আমরা গত অধিবেশন পর্যন্ত যুক্তফ্রন্টের আসনে ছিলাম। কিন্তু এই অধিবেশনে আমরা হঠাৎ দেখছি আমাদের আসন বদলে দেওয়া হয়েছে। অথচ আমরা বরাবরই যুক্তফ্রন্টের সমর্থক ছিলাম, আজও আছি। স্যার, যে মন্ত্রীর চিঠির ফলে আমাদের বহিস্কার করা হয়েছে এবং যার অন্যায় এবং দুর্নীতির বিরুদ্ধে আমরা কথা বলেছিলাম তিনি এখনও গদিতে আছেন।

(নয়েজ)

**মিঃ স্পীকার:** আপনি এখন দয়া করে বসুন।

**শ্রীঅনাদি দাস:** স্যার, আপনার কাছে আমার নিবেদন আপনি আমাদের প্রতি সুবিচার করবেন। এই বিষয় আপনার কাছে আমাদের অনেক কিছু বলবার আছে কাজেই আজ না হোক অন্য সময় উপযুক্তভাবে আমাদের বক্তব্য বলবার সুযোগ দেবেন। আমি এখন আপনার কথামত বসছি। কিন্তু আপনার কাছে অনুরোধ রইল আপনি আমাদের প্রতি সুবিচার করবেন।

**Shri Siddhartha Shankar Ray:** Mr. Speaker, Sir, I have given notice of an adjournment motion. I understand that consent has been withheld by you so far as the adjournment is concerned. Sir, according to the practice prevailing in this House, may I read out the motion and then I shall make one or two submissions?

**Shri Nikhil Das:** Sir, on a point of order. Adjournment motion withheld— হয়েছে কিনা সেটাত আমরা জানিনা।

**Mr. Speaker:** I have received your adjournment motion and I shall have to give my consent or no consent but before that you are going to make a reference.

**Shri Siddhartha Shankar Ray:** Sir, you are aware that it is the practice of the House, it is the convention of the House, which the Hon'ble Minister for Parliamentary Affairs will confirm, that the content of the adjournment motion can be read and has always been allowed to be read. Is there going to be a departure from the convention?

**Shri Jatin Chakraborty:** What is the list of business today?

(Noise and interruptions.)

**Shri Siddhatha Shankar Ray:** I want to assert my right, a right which has been established by tradition, by convention.

**Mr. Speaker:** There is a time to assert your right. I am not to be dictated or guided by anybody here. I will give you opportunity in time.

**Shri Siddhartha Shankar Ray:** Sir, I am not guiding you, I know my position.

**Mr. Speaker:** Mr. Ray, I don't want to enter into any discussion with you on this point. You are an experienced member but you cannot do anything by force.

(Noise.)

**Shri Siddhartha Shankar Ray:** Sir, I will not guide you, I cannot guide you, I can only make my submissions. I was submitting, Sir, for your consideration...... (noise and interruptions). Sir, may I make my submissions?

**Mr. Speaker:** Business Advisory Committee—

এই মাত্র হল, আমাকে এটা পড়তে হবে, কি হল না হল, আগে জানতে হবে।

**Shri Siddhartha Shankar Ray:**

ওটা আগে পড়ে দিন তারপর আমি বলব, আপনি আগে প্যানেল অব চেয়ারমেন পড়ে দিন তারপর আমি বলব।

**Mr. Speaker:** There will be no questions today. I have received a notice of an adjournment motion from Shri Siddhartha Shankar Ray on the subject of alleged lawlessness in the State. I have withheld my consent.

## Panel of Chairmen

**Mr. Speaker:** In accordance with the provision of rule 9 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I nominate the following members of the Assembly to form a panel of five chairmen:

1. Shri Hemanta Kumar Basu,
2. Shri Syama Prasad Barman,
3. Shri Monoranjan Hazra,
4. Shrimati Ila Mitra, and
5. Shri Panchkari De.

## Messages

**Secretary (Shri S. Banerjea):** Sir, I beg to report that a Message had been received from the West Bengal Legislative Council to the effect that the Council at its meeting held on the 26th March 1969, passed the West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1969, with an amendment. Concurrence of the Assembly in the amendment made by the Council has been requested.

I lay the Bill, as amended, and the Message on the Table.

Sir, I also beg to report that a Message has been received from the West Bengal Legislative Council to the effect that the Council at its meeting held on the 27th March, 1969, rejected the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1969.

I lay the Message on the Table.

**Mr. Speaker:** Now, laying of ordinances. Shri Somnath Lahiri.

(Shri Somnath Lahiri rose to lay the ordinance.)

**Shri Siddartha Shankar Ray:** Sir, I want to say something.

(Noise.)

**Mr. Speaker:** Mr. Ray, please sit down.

**Shri Siddartha Shankar Ray:** I sit down because you asked me to sit down.

**Mr. Speaker:** Before the ordinances are laid you cannot do so.

**Shri Siddhartha Shankar Ray:** Tell me when you will give me the chance. I do not want to be grabbed.

**Mr. Speaker:** I do not know what you are standing for.

**Shri Siddhartha Shankar Ray:** I am going to read my adjournment motion.

**Mr. Speaker:** Where is the provision to do so now? Please quote the rules that you can read now. I cite the rules.

****Shri Siddhartha Shankar Ray:** Please cite the rules. (noise and interruptions). Members who are opposite, who are Ministers—Mr. Subodh Banerjee and Mr. Jatin Chakraborty will contradict me... (noise and interruptions) I am going to read the motion... (noise and interruptions).

**Mr. Speaker:** Please take your seat.

**Shri Siddhartha Shankar Ray:** I will read the motion.

[At this stage Shri Siddhartha Shankar Ray was seen reading something but his voice was drowned amidst noise and interruptions.]

**Mr. Speaker:** Mr. Ray, what are you reading. It will not be recorded here in the proceedings. You are an experienced lawyer. You please sit down. You are violating the rules. I will not allow anything to be done here by force.

(Noise and interruptions.)

[At this stage the Congress members staged a walkout.]

[1-10—1-20 p.m.]

**Shri Jatin Chakraborty:** Mr Speaker, Sir, the leader of the Opposition, Shri Siddhartha Shankar Ray, stated something in the House even though permission was not granted to him by you Therefore, my humble submission is, and my request to you is that his statement or whatever he stated without getting your permission and in spite of your request not to speak that, should be expunged from the proceedings of the House.

## Ruling on Adjournment Motion

**Mr. Speaker:** I am referring to the House for information that what the Leader of the Opposition, Mr. Ray, has said is not in accordance with the rule. The rule regarding mode of asking for leave to move adjournment motion is rule No. 63 and it runs as follows:

> "Provided that where the Speaker has refused his consent under rule 59 or is of opinion that the matter proposed to be discussed is not in order, he may, if he thinks it necessary, read the notice of motion and state the reasons for refusing consent or holding the motion as being not in order."

I have not seen any adjournment motion tabled and allowed in this Secretariat during the Budget Session because members do get ample opportunity to say whatever they like during the Budget Session. It has not been done for years

together. I am sorry for the attitude of the Leader of the Opposition, Mr. Ray, for having just violated my strict injunction or strict direction not to do so when the Speaker was on his legs. I have not seen anywhere, in any part of democracy, that the Leader of the Opposition or any honourable member behave like this. I direct that the whole thing should be expunged from the proceedings.

**Shri Jyoti Basu:**
মাননীয় স্পীকার মহাশয়, আমি খালি একটি কথা বলতে চাই জিনিষটা পরিষ্কার হলো কিনা জানিনা, আপনি যে রুলটা পড়লেন, তাতে আপনি বোধহয় এটাই বলতে চাইছিলেন "আমি আপনার য়্যাড্জোর্নড মোশান রিফিউজ করেছি" যখন বলবেন, তখন তাঁর সুযোগ হবে যা তিনি পড়তে চাচ্ছেন তা পড়তে পারবেন। কিন্তু ও'র বোধহয় ততক্ষণ পর্যন্ত কোন রকম অপেক্ষা করবার ধৈর্য ছিল না।"

**Shri Muhammed Khuda Buksh:** Mr. Speaker, Sir, after the clarification made to the House by the Hon'ble Deputy Leader of the House I may be permitted to make my observation.

(Noise and interruptions.)

Sir, I must confess that I am new to this House in the sense that I have been newly elected to this mother Parliament.

(Noise and interruptions.)

Sir, I may be permitted to make my submission to you. After all, Sir, I am addressing you and not the members at my back, and if I have nothing worth-while to say it is for you to pull me up after I have finished my speech. But, Sir, I must make the submission.

Sir, this has been the practice of this House that an adjournment motion disallowed by the Hon'ble Speaker in his discretion and in his wisdom was permitted to be read before this Hon'ble House without any discussion. If that was at the back of the Hon'ble Leader of the Opposition's mind that he only wanted to read the contents of the adjournment motion I don't see any reason why he should not be allowed.

**Mr. Speaker:** The rule that you are referring to is an old rule. The new rule does not provide the mover to read the adjournment motion but the Speaker may read the motion.

**Shri Muhammed Khuda Buksh:** Sir, in the din and confusion and noise created in the House we could not hear a single word of the contents of the adjournment motion read by the Honourable Leader of the Opposition. I am sure that no honourable member of this House could also hear him.

**Mr. Speaker:** I never permitted him to read it. Even if he read it, he read it by force. That is not my fault. Democracy at least expects that honourable members should obey the Chair.

**Shri Muhammed Khuda Buksh:** Exactly, Sir. This should be heeded by all the honourable members present here. Whenever any honourable member is on his legs he should be permitted to deliver his speech in peace.

**Mr. Speaker:** There will be no more discussion now on this matter. Let us carry on with the business.

## LAYING OF ORDINANCES

### The Calcutta Municipal (Second Amendment) Ordinance, 1969

**Shri Somnath Lahiri:** Sir, I beg to lay the Calcutta Municipal (Second Amendment) Ordinance, 1969 (West Bengal Ordinance No. II of 1969), under article 213(2)(a) of the Constitution of India.

### The West Bengal Land Reforms (Amendment) Ordinance, 1969

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to lay the West Bengal Land Reforms (Amendment) Ordinance, 1969 (West Bengal Ordinance No. III of 1969), under article 213(2)(a) of the Constitution of India.

### The West Bengal Zilla Parishads (Amendment) Ordinance, 1969

**Shri Bibhuti Bhusan Das Gupta:** Sir, I beg to lay the West Bengal Zilla Parishads (Amendment) Ordinance, 1969 (West Bengal Ordinance No. IV of 1969), under article 213(2)(a) of the Constitution of India.

### The West Bengal Board of Secondary Education (Amendment) Ordinance, 1969

**Shri Satya Priya Roy:** Sir, I beg to lay the West Bengal Board of Secondary Education (Amendment) Ordinance, 1969 (West Bengal Ordinance No. V of 1969), under article 213(2)(a) of the Constitution of India.

### The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions Ordinance, 1969

**Shri Satya Priya Roy:** Sir, I beg to lay the West Bengal (Rural) Primary Education (Temporary Provisions; Ordinance, 1969 (West Bengal Ordinance No. VI of 1969), under article 213(2)(a) of the Constitution of India.

### The West Bengal Acquisition and Settlement of Homestead Land Ordinance, 1969

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to lay the West Bengal Acquisition and Settlement of Homestead Land Ordinance, 1969 (West Bengal Ordinance No. VII of 1969), under article 213(2)(a) of the Constitution of India.

### The West Bengal Panchayat (Amendment) Ordinance, 1969

**Shri Bibhuti Bhusan Das Gupta:** Sir, I beg to lay the West Bengal Panchayat (Amendment) Ordinance, 1969 (West Bengal Ordinance No. VIII of 1969), under article 213(2)(a) of the Constitution of India.

### The Howrah Improvement (Amendment) Ordinance, 1969

**Shri Somnath Lahiri:** Sir, I beg to lay the Howrah Improvement (Amendment) Ordinance, 1969 (West Bengal Ordinance No. IX of 1969), under article 213(2)(a) of the Constitution of India

[1-20—1-30 p.m.]

### The West Bengal Utilisation of Land for Production of Food Crops Ordinance, 1969.

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to lay the West Bengal Utilisation of Land for Production of Food Crops Ordinance, 1969 (West Bengal Ordinance No. X of 1969), under article 213(2)(a) of the Constitution of India.

### The Bengal Co-operative Societies (Amendment) Ordinance, 1969

**Shri Jatin Chakraborty:** Sir, I beg to lay the Bengal Co-operative Societies (Amendment) Ordinance, 1969 (West Bengal Ordinance No. XI of 1969), under article 213(2)(a) of the Constitution of India.

### Explanatory Statement regarding the West Bengal Board of Secondary Education (Amendment) Ordinance, 1969

**Shri Satya Priya Roy:** Sir, I beg to lay a statement explaining the circumstances which had necessitated immediate legislation by the West Bengal Board of Secondary Education (Amendment) Ordinance, 1969 (West Bengal Ordinance No. V of 1969), as required under rule 72(2) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

## LAYING OF RULES

### Amendments to the Bengal Motor Vehicles Rules, 1940

**Shri Md. Abdullah Rasul:** Sir, I beg to lay the amendments to the Bengal Motor Vehicles Rules, 1940.

### Amendments to the West Bengal Panchayat Rules, 1958

**Shri Bibhuti Bhusan Das Gupta:** Sir, I beg to lay the amendments to the West Bengal Panchayat Rules, 1958.

### Amendments to the West Bengal Zilla Parishads (Election, Constitution and Administration) Rules, 1964

**Shri Bibhuti Bhusan Das Gupta:** Sir, I beg to lay the amendments to the West Bengal Zilla Parishads (Election, Constitution and Administration) Rules, 1964.

### The West Bengal Zilla Parishads (Terms and Conditions of Appointment of Executive Officer) Rules, 1968

**Shri Bibhuti Bhusan Das Gupta:** Sir, I beg to lay the West Bengal Zilla Parishads (Terms and Conditions of Appointment of Executive Officer) Rules, 1968.

### Amendment to the West Bengal Zilla Parishads (Recruitment of Staff) Rules, 1964

**Shri Bibhuti Bhusan Das Gupta:** Sir, I beg to lay the amendment to the West Bengal Zilla Parishads (Recruitment of Staff) Rules, 1964.

### Amendments to the West Bengal Zilla Parishads (Terms and Conditions of Appointment of Executive Officer) Rules, 1968

**Shri Bibhuti Bhusan Das Gupta:** Sir, I beg to lay the amendments to the West Bengal Zilla Parishads (Terms and Conditions of Appointment of Executive Officer) Rules, 1968.

## LAYING OF REPORTS

**Third, Fourth, Fifth and Sixth Annual Reports of the West Bengal Small Industries Corporation Limited for the years ending 31st March, 1964, 1965, 1966 and 1967.**

**Shri Jatin Chakraborty:** Sir, I seek your permission to lay the Third, Fourth, Fifth and Sixth Annual Reports of the West Bengal Small Industries Corporation Ltd. for the years ending 31st March, 1964, 1965, 1966 and 1967.

**Third Annual Report of the Central Road Transport Corporation Limited (A Government of India Undertaking) for the year 1966-67.**

**Shri Md. Abdullah Rasul:** Sir, I beg to lay the Third Annual Report of the Central Road Transport Corporation Limited (A Government of India Undertaking) for the year 1966-67.

**Second report of the Business Advisory Committee**

**Mr. Speaker:** I beg to present the second report of the Business Advisory Committee which at its meeting held on the 2nd July 1969, in my chamber, decided that the Howrah Improvement (Amendment) Bill, 1969, and the West Bengal Panchayat (Amendment) Bill, 1969, be taken up on the 3rd July 1969, and that two hours' time be allotted for each of the Bills.

**Shri Jatin Chakraborty:** Sir, I beg to move that the second report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was then adopted.

**Shri Nikhil Das:**
মাননীয় স্পীকার মহাশয়, আপনি একটা রুলিং দিলেন, শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় মহাশয় যখন বলছিলেন। রুলিংটা বুঝতে আমাদের একটু অসুবিধা হয়েছে। আমার মনে হয় রুলিংটা আমাদের ডেপুটি চীফ মিনিস্টার মহাশয় পরিষ্কার করে দেন। রুলিংটা বোধ হয় এই জন্য যে এ্যাডজোর্নমেণ্ট মোশন আসার আগেই উনি উঠে দাঁড়িয়ে বলতে চেয়েছিলেন, সেই জন্য বোধ হয় উনাকে বলতে দেননি। একটা কথা স্যার, আমরা যখন অপোজিশনে ছিলাম এবং আপনিও তখন অপোজিশনে ছিলেন তখন আমরা একটা কনভেনশন চালু করেছিলাম এই হাউসে যে এ্যাডজোর্নমেণ্ট মোশন যদি ডিজএ্যালাও করা হয় তাহলে কনটেক্সট অব দি এ্যাডজোর্নমেণ্ট মোশন মুভারকে পড়তে দেওয়া হবে এবং সেই যে রাইটটা আমরা আদায় করেছিলাম সেই রাইটটা নিশ্চয়ই এখনও পর্যন্ত আছে, সেটা নিশ্চয় আপনি কেটে নেননি। আপনারটা হচ্ছে যে টাইমের আগে উনি বলতে চেয়েছিলেন এ্যাডজোর্নমেণ্ট মোশনটা। আপনি কনসেণ্ট দিলেন কি না দিলেন সেটা না দেখেই উনি বলতে চেয়েছিলেন, তাই বোধ হয় ওঁকে বলতে দেননি। ঐ যে কনভেনশন্যাল রাইটটা আমরা নিয়েছিলাম সেটা নিশ্চয়ই এখনও আছে।

**মিঃ স্পীকার:** যত রাইট আছে আমাদের অনারেবল মেম্বারদের সেই রাইট সংরক্ষণ করবার সব সময় দায়িত্ব আছে আমার। কিন্তু গণতন্ত্র যদি চালাতে হয় তাহলে স্পীকার যে রকমভাবে বলবে সেইরকম ভাবে সভা চলবে। আমি যখন আরম্ভ করলাম উনি মধ্যেখান থেকে ওটা তুললেন, আমি বসতে বলছি উনি বসলেন না উনি জোর করে বলতে লাগলেন। গণতান্ত্রিক অধিকার কেড়ে নেবার জন্য আমি এখানে বসে নেই। গণতান্ত্রিক অধিকার কি করে রক্ষা করতে হয় তার প্রমাণ আমি দিয়ে এসেছি আমার রুলিং-এ। সুতরাং সেই গণতন্ত্রকে রক্ষ করার ক্ষমতা আমার আছে। সমস্ত লোককে আমি আশ্বাস দিচ্ছি, যাঁরা বিরোধি পক্ষে আছেন বা যে পক্ষেই হোক সাধারণ সভ্য যাঁরা আছেন তাদের প্রত্যেকের যা কিছু সাংবিধানিক অধিকার আছে আমি আমার সীমিত বিদ্যা বুদ্ধি দ্বারা যেটুকু বুঝবো তা রক্ষা করবার সব সময় চেষ্টা করবো। আমি কোন অধিকার কেড়ে নিইনি।

কারণ এটা অত্যন্ত খারাপ নজীর হয় যে একবার স্পীকার বলতে বলতে মাধখানে ঠেকে গেলেন—একজন স্পীকার লেগ্‌সে যদি থাকেন তাঁকে বসিয়ে দেবার অধিকার যদি কোন মেম্বারকে দিয়ে দেওয়া হয় তাহলে স্পীকারগিরি করা যায় না, সেই জন্য আমাকে অগত্যা বলতে হয়েছে।

**শ্রীরবীন মুখার্জীঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের স্টেট ট্রান্সপোর্টের বাসের জন্য টিকিট দেবার ব্যবস্থা হয়েছে—কুপোনের ব্যবস্থা হয়েছে। যদি একটু লক্ষ্য করে দেখেন তাহলে দেখবেন যে দুটো মোটা মোটা ডিকশনারী বই দেওয়া হয়েছে এবং ঐ দুটি দুই পকেটে রেখে যদি বাসের টিকিট কাটতে হয়—এই দুটি পকেটে রেখে সারাদিন যদি ঘুরে বেড়াতে হয়—আমার একটা ধারণা ছিল যে কিছু কমনসেন্স আছে আমাদের অফিসারদের কিন্তু কমন সেন্সের প্রচুর অভাব দেখছি। এই দুটো পকেটে নিয়ে ঘুরে বেড়াতে হবে ২৫ পয়সার একটা টিকিট কাটতে হলে এবং সই করতে হবে। বাসের মধ্যে লোক দাঁড়াতে পারে না তার ভেতর বসে সই করতে হবে। সুতরাং আমি বলছি এটা ফেরৎ দেওয়া উচিত এবং অবিলম্বে অন্য কিছু ব্যবস্থা করা উচিত।

**মিঃ স্পীকারঃ** সেটা উনারা বুঝবেন আমি জানিনা।

## FINANCIAL

### Final Demands for Grants and Appropriations for 1969-70

**Shri Ajoy Kumar Mukhopadhyay :**

মাননীয় স্পীকার মহাশয়,

১৯৬৯ সালের ১০ই মার্চ পূর্ববর্তী সরকার কর্তৃক তৈরি-করা আনুমানিক বাজেট-বরাদ্দ বিধানমণ্ডলে উপস্থাপিত করা হয়েছিল। এই সভায় বরাদ্দগুলি সম্বন্ধে বিস্তারিত আলোচনা হয় নি বৎসরের একাংশের জন্য সরকারকে কাজ চালানোর উদ্দেশ্যে "ভোট অন্ অ্যাকাউণ্ট" মঞ্জুর করা হয়েছিল মাত্র। গতবার বাজেট উত্থাপনের সময় আমি স্পষ্ট করে বলেছিলাম যে, সময়ের স্বল্পতার দরুন বর্তমান সরকার বাজেট-বরাদ্দ পরীক্ষা করে দেখতে পারেন নি। বিধানমণ্ডলে এরূপ বলা হয়েছিল যে, যথাশীঘ্র সম্ভব নতুন সরকার এই-সব বরাদ্দ নতুন করে পরীক্ষা করবেন।

[1-30 1-35 p.m.]

ইতিমধ্যে আমরা ১৯৬৯ সালের মার্চ মাসে উপস্থাপিত বরাদ্দগুলি পর্যালোচনা করেছি এবং কিছু কিছু পরিবর্তনও করেছি। বর্তমানে বিধানমণ্ডলে উপস্থাপিত পুস্তকে সেই পরিবর্তনগুলি এবং তৎসহ পরিবর্তনের কারণগুলিও পাওয়া যাবে। মাননীয় সদস্যগণ যাতে আলোচনা করে সমগ্র বৎসরের অনুদানের দাবী অনুমোদন করতে পারেন সেই উদ্দেশ্যে তাঁদের অবগতির জন্য আমি এখানে সংক্ষেপে বরাদ্দগুলির যে যে পরিবর্তন হয়েছে তার কিছু কিছু উল্লেখ করছি।

১৯৬৯-৭০

**প্রারম্ভিক তহবিল**

১৯৬৯ সালের মার্চ মাসে উপস্থাপিত ১৯৬৯-৭০ সালের আনুমানিক বরাদ্দে ২২:৬৪ কোটি টাকার প্রারম্ভিক ঘাটতি তহবিল দেখানো হয়েছিল। ইতিমধ্যে অ্যাকাউণ্টাণ্ট-জেনারেলের নিকট থেকে প্রাপ্ত ১৯৬৯ সালের মার্চ মাসের প্রাথমিক হিসাব অনুসারে বৎসরটি প্রকৃতপক্ষে ১১:৮১ কোটি টাকার নগদ তহবিল নিয়ে আরম্ভ হয়েছিল। অ্যাকাউণ্টাণ্ট-জেনারেলের নিকট থেকে ১৯৬৮-৬৯ সালের আদায় ও ব্যয়ের চূড়ান্ত হিসাব না পাওয়া পর্যন্ত প্রারম্ভিক তহবিলে এই পরিবর্তনের কারণ যথাযথভাবে নির্দেশ করা সম্ভব নয়। এই পর্যায়ে যতটা দেখা যায় তাতে মনে হয় যে, কেন্দ্রীয় ঋণ পরিশোধ স্থগিত রাখা এই পরিবর্তনের প্রধান কারণ। স্পষ্ট করেই বলতে চাই যে, সংশোধিত বরাদ্দ অনুসারে ১৯৬৮-৬৯ সালের বর্ষান্তিক

ঘাটতি তহবিলের পরিমাণ ২২:৬৪ কোটি টাকা হতে পারে বলে আমরা প্রায় ২৭:৮৩ কোটি টাকার কেন্দ্রীয় ঋণ ও সুদ পরিশোধ স্থগিত রাখতে বাধ্য হয়েছিলাম। আমাদের সামনে দুটো পথ খোলা ছিল। সমস্ত কেন্দ্রীয় পাওনা আমরা পুরোপুরি মিটিয়ে দিতে পারতাম; কিন্তু তা করলে রিজার্ভ ব্যাঙ্কের কাছ থেকে আমাদের সমপরিমাণ টাকার ওভারড্রাফট্ নিতে হত। অন্য পথ হ'ল কেন্দ্রীয় পাওনা পরিশোধ স্থগিত রাখা আর প্রকৃতপক্ষে আমরা সেই পথই নিয়েছি। কেন্দ্রীয় ঋণ পরিশোধের সমস্যা শুধু পশ্চিমবঙ্গের একার নয়—ভারতের প্রায় সকল রাজ্যই অল্পবিস্তর এই সমস্যার সম্মুখীন। কেন্দ্রীয় সরকারের কাছে প্রদত্ত তাঁদের রিপোর্টে প্রশাসনিক সংস্কার কমিশনের এক পর্যবেক্ষক দল এই সমস্যার উল্লেখ করেছেন এবং পরবর্তী পৃষ্ঠাগুলিতে আমরা আরও কিছু বিশদভাবে এই সমস্যার আলোচনা করব।

**রাজস্ব আদায়**

১৯৬৯ সালের মার্চ মাসে উপস্থাপিত বাজেট বরাদ্দে রাজস্ব আয়ের পরিমাণ যেখানে ছিল ২৩৪ কোটি ৭৭ লক্ষ টাকা, চলতি বৎসরে বর্তমানের হিসাবে মোট রাজস্ব আয়ের সেই বরাদ্দ দাঁড়িয়েছে ২৩০ কোটি ৫২ লক্ষ টাকায়। হ্রাসের পরিমাণ ৪ কোটি ২৫ লক্ষ টাকা।

সরকার তিন একর পর্যন্ত জোতের খাজনা মকুব করার প্রস্তাব করায় চলতি বৎসরে ভূমিরাজস্ব খাতে আমাদের প্রায় দুই কোটি টাকা কম পাবার সম্ভাবনা।

দুর্গাপুর প্রকল্প লোকসানে চলছে বলে সুদ পরিশোধ করতে না পারায় সুদ খাতে ১ কোটি ৫০ লক্ষ টাকা কম হবে।

স্ট্যাম্প খাতে আদায়ের পরিমাণেও ৭৫ লক্ষ টাকা হ্রাস হবার সম্ভাবনা।

**রাজস্ব ব্যয়**

১৯৬৯ সালের মার্চ মাসে উপস্থাপিত আনুমানিক বরাদ্দের ২৫৪ কোটি ৫৬ লক্ষ টাকার রাজস্ব ব্যয়ের স্থলে বর্তমানে রাজস্ব ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ২৮২ কোটি ৩০ লক্ষ টাকা। বৃদ্ধির পরিমাণ ২৭ কোটি ৭৪ লক্ষ টাকার মত। নিম্নলিখিত কারণগুলি এই বৃদ্ধির জন্য দায়ী ঃ—

(ক) কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দেবার ফলে অতিরিক্ত ৯ কোটি টাকা ব্যয় হবে এবং মুদ্রিত পুস্তিকায় প্রদর্শিত বিভিন্ন খাতে এই ব্যয় ভাগে ভাগে দেখানো হয়েছে।

(খ) ১৯৬৯ সালের মার্চ মাসে উপস্থাপিত আনুমানিক বরাদ্দে আমরা পরিকল্পনা ব্যয় ধরেছিলাম ৪৪.৮২ কোটি টাকা তন্মধ্যে রাজস্ব ব্যয়ের পরিমাণ ছিল ১৪:৫৫ কোটি টাকা। বর্তমান বরাদ্দে আমরা চলতি বৎসরে ৫৫.৪৪ কোটি টাকার পরিকল্পনা ব্যয় ধরেছি। এই ১০.৬২ কোটি টাকার অতিরিক্ত পরিকল্পনা ব্যয়ের ফলে ৪:২৮ কোটি টাকার রাজস্ব ব্যয় বৃদ্ধি পাবে.

(গ) ১৯৬৮-৬৯ সালে শোধ করা যায় নি কেন্দ্রীয় সরকারের প্রাপ্য এরূপ বকেয়া সুদ পরিশোধের জন্য ৯ ৭৬ কোটি টাকার বৃদ্ধি হয়েছে।

(ঘ) গত বৎসর উত্তরবঙ্গে বন্যার দরুন ত্রাণকার্যে রাজস্ব ব্যয় খাতে বৃদ্ধির পরিমাণ ৪.১৬ কোটি টাকা;

**ঋণ ও অন্যান্য খাত**

১৯৬৯-এর মার্চ মাসে উপস্থাপিত ঋণ খাতের অন্তর্গত বরাদ্দগুলি ছাড়াও বর্তমান হিসাবে আমাদের প্রধানত নিম্নলিখিত অতিরিক্ত বরাদ্দ করতে হচ্ছে ঃ

(ক) ১৯৬৮-৬৯-এ পরিশোধ করা যায় নি এরূপ বকেয়া কেন্দ্রীয় ঋণশোধ সম্পর্কে বর্তমান হিসাবে আরো ১৮.০৭ কোটি টাকা ধরা হয়েছে।

(খ) কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশন এবং কলিকাতা ট্রামওয়েজ কোম্পানি লিঃ—এই দুটি রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা স্বয়ম্ভর নয় বলে সাময়িক-সাহায্য ঋণরূপে এদের আরো ৪ কোটি টাকা দেবার বরাদ্দ রাখতে হয়েছে।

(গ) আর্থিক অসুবিধা কাটিয়ে ওঠার জন্য কলিকাতা কর্পোরেশন ও অন্যান্য পৌরসভাগুলিকে আরো ৮০ লক্ষ টাকা সাময়িক-সাহায্য ঋণরূপে দেওয়ার বরাদ্দ করা হয়েছে

[1-35—1-40 p.m.]

(ঘ) কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশন-এর জন্য বাস খরিদ করতে আরো ৫০ লক্ষ টাকা রাখা হয়েছে।

(ঙ) পরিকল্পনার বিদ্যুৎ প্রকল্পগুলির জন্য রাজ্য বিদ্যুৎ পর্ষদ্‌কে আরো ২ কোটি টাকা ঋণ দেওয়ার বরাদ্দ রাখা হয়েছে।

(চ) গত বৎসর উত্তরবঙ্গে বন্যার দরুন ত্রাণমূলক কাজের জন্য আরো ১·৮০ কোটি টাকা ঋণ খাতে রাখা হয়েছে।

### মূলধনী ব্যয়

১৯৬৯-৭০-এর বর্তমান হিসাবে মূলধনী খাতে মোট ব্যয়-বরাদ্দ হ'ল ৩৩ কোটি ১ লক্ষ টাকা। ১৯৬৯-এর মার্চে উপস্থাপিত বরাদ্দের পরিমাণ ছিল ২৮ কোটি ৯৯ লক্ষ টাকা। বৃদ্ধির প্রধান কারণ নিম্নরূপঃ

(ক) কংসাবতী প্রকল্পের জন্য ১·৭০ কোটি টাকার অতিরিক্ত বরাদ্দ ;

(খ) বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পগুলির জন্য অতিরিক্ত ১৫ লক্ষ টাকার বরাদ্দ ;

(গ) সড়ক উন্নয়নের জন্য অতিরিক্ত ১ কোটি টাকার বরাদ্দ ; এবং

(ঘ) অফিস-বাড়ি তৈয়ার প্রভৃতির ন্যায় পরিকল্পনা-বহির্ভূত পরিকল্পগুলির জন্য অতিরিক্ত ৫৪ লক্ষ টাকার বরাদ্দ।

**নীট ফল**

১৯৬৯-৭০-এ ৫১ কোটি ৭৭ লক্ষ টাকার রাজস্ব ঘাটতি আছে। রাজস্ব বহির্ভূত ঘাটতির পরিমাণ ১৩ কোটি ৭৮ লক্ষ টাকা। সুতরাং মোট ঘাটতির পরিমাণ ৬৫ কোটি ৫৫ লক্ষ টাকা। একে প্রারম্ভিক তহবিলের ১১ কোটি ৮৮ লক্ষ টাকার সঙ্গে মেলালে বর্ষান্তিক তহবিলের ঘাটতির পরিমাণ দাঁড়ায় ৫৩ কোটি ৬৭ লক্ষ টাকা।

যতদূর সম্ভব ঘাটতি অর্থসংস্থান পরিহার করা কর্তব্য এ-কথা আমরা বুঝলেও আমি মাননীয় সদস্যদের ঐ প্রসঙ্গে এ-কথা মনে রাখতে অনুরোধ করব যে, এই বিরাট ব্যবধান নিম্নলিখিত অপরিহার্য পরিস্থিতির দরুনই হয়েছেঃ—

(১) ২৭ ৮৩ কোটি টাকার কেন্দ্রীয় ঋণ ও সুদ পরিশোধের বকেয়া বাবদ বরাদ্দ—এ টাকা ১৯৬৮-৬৯-এ দেওয়া যায় নি।

(২) রাজ্যসরকারী কর্মচারীদের কেন্দ্রীয় সরকারের হারে মহার্ঘ ভাতা দান এবং ফলস্বরূপ স্বায়ত্ত-শাসিত সংস্থা, স্কুল শিক্ষক প্রভৃতিকে অর্থ-সাহায্য দেওয়ার দরুন রাজ্যসরকারের উপর অতিরিক্ত দায়িত্ব এসে পড়েছে। এর ফলে সামগ্রিক বার্ষিক ব্যয়বৃদ্ধি হবে প্রায় ৯ কোটি টাকা।

(৩) পরিকল্পনার অন্তর্ভুক্ত পরিকল্পগুলির জন্য অতিরিক্ত ১০·৬২ কোটি টাকা বরাদ্দ এবং ১১·৮৬ কোটি টাকার পরিকল্পনা বহির্ভূত অতিরিক্ত বরাদ্দ। মুদ্রিত পুস্তকে এর বিস্তৃত বিবরণ দেওয়া হয়েছে।

রাজ্যগুলির মধ্যে অনেকেই কেন্দ্রীয় সরকারের হারে নিজ কর্মচারীদের মহার্ঘ ভাতা দিয়েছেন। মনে রাখা উচিত যে, পশ্চিমবঙ্গে কেন্দ্রীয় সরকারের কর্মচারীদের সংখ্যা রাজ্যসরকারের কর্মচারীদের সংখ্যার চেয়ে বেশি। তা ছাড়া এখানে জনগণের সকল অংশই খাদ্যের চিরাচরিত ঘাটতি এবং অত্যাবশ্যক ভোগ্য পণ্যের উচ্চ মূল্যের জন্য সমান কষ্ট ভোগ করেন। সুতরাং এখানে কেন্দ্রীয় ও রাজ্যসরকারের কর্মচারীদের মধ্যে মহার্ঘ ভাতা সম্পর্কে তারতম্য করলে ক্ষোভের কারণ থেকে যাবে। সুতরাং কেন্দ্রীয় সরকারের হারে মহার্ঘ ভাতা আমাদের মঞ্জুর করতে হয়েছে। এ-জন্য রাজ্যসরকারের ঘাড়ে যে অতিরিক্ত ব্যয়ভার চেপেছে তার জন্য সম্পূর্ণ দায়ী হ'ল মুদ্রাস্ফীতি, যা কেন্দ্রে অধিষ্ঠিত শাসকদলের অনুসৃত রাজস্বনীতিরই ফল। তাই পশ্চিমবঙ্গের জন্য অর্থ মঞ্জুরীর সুপারিশের সময় পঞ্চম অর্থ কমিশনের উচিত এই অতিরিক্ত ব্যয়ের কথা স্মরণ রাখা। এ সম্পর্কে এ-কথা উল্লেখ করা যেতে পারে যে, কেন্দ্রীয় ঋণ ও সুদ পরিশোধ করতে আমাদের অসামর্থ্যেরও কারণ হল এই যে, কেন্দ্রীয় সরকার স্বীয় কর্মচারীদের যে দফায় দফায় মহার্ঘ ভাতা বাড়িয়ে দিয়েছেন তার জন্য আমাদেরও নিজ কর্মচারীদের দফায় দফায় মহার্ঘ ভাতা বাড়িয়ে দিতে হয়েছে এবং তার সম্মিলিত চাপ আমাদের উপর পড়েছে। এ প্রসঙ্গে উল্লেখযোগ্য যে, মহার্ঘ ও অন্যান্য ভাতা বৃদ্ধির দরুন আমাদের বার্ষিক দায়ের পরিমাণ প্রায় ৫২ কোটি টাকা। চতুর্থ অর্থ কমিশনের ১৯৬৫ সালে প্রদত্ত রোয়েদাদের পর এই দায় আমাদের নিতে হয়েছিল। আমরা খুবই আশা করি যে, পশ্চিমবঙ্গের জন্য অর্থ মঞ্জুরীর সুপারিশের সময় পঞ্চম অর্থ কমিশন কেন্দ্রীয় সরকারের অনুসৃত রাজস্বনীতির ফলে রাজ্যসরকারের উপর যে অতিরিক্ত দায় চেপেছে অন্যান্য বিষয়ের সঙ্গে তার কথাও সম্যক মনে রাখবেন।

পরিকল্পনার অন্তর্ভুক্ত এবং পরিকল্পনার বহির্ভূত কতকগুলি প্রায়-অপরিহার্য পরিকল্পের জন্য আমাদের অতিরিক্ত কতকগুলি বরাদ্দ করতে হয়েছে। বাজেটে যে ঘাটতি আছে নিম্নে নির্দেশিত উপায়ে তা কমিয়ে আনার সম্ভাবনা আছেঃ—

(১) **অতিরিক্ত কর নির্ধারণঃ** চলতি বৎসরে অতিরিক্ত কর নির্ধারণের কয়েকটি নতুন ব্যবস্থা অবলম্বন করা বাঞ্ছনীয় হবে এবং যথাসময়ে সভার সম্মুখে প্রয়োজনীয় ব্যবস্থাগুলি পেশ করা হবে। আমরা পশ্চিমবঙ্গের চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে নতুন কর ব্যবস্থা ও অন্যান্য পদ্ধতির দ্বারা ৭৫ কোটি টাকা তোলার ইচ্ছা রাখি।

[1-40—1-45 p.m.]

(২) **কেন্দ্রীয় ঋণ পরিশোধের পুনর্বিন্যাসঃ** বর্তমানে উপস্থাপিত বরাদ্দের ১৯৬৮-৬৯ সালের বকেয়া প্রাপ্য হিসাব ধরে ভারত-সরকারকে প্রদেয় আসল পরিশোধ বাবদ ৫২·৯৮ কোটি টাকা ও সুদ পরিশোধ বাবদ ৩১·৪৪ কোটি টাকা ধরা হয়েছে। পঞ্চম অর্থ কমিশনকে প্রদত্ত আমাদের স্মারকলিপিতে আমরা পরিশোধ কর্মসূচী পুনর্বিন্যাসের প্রয়োজনের উপর জোর দিয়েছি। প্রশাসনিক সংস্কার কমিশনের কাছে প্রদত্ত আমাদের স্মারকলিপিতে অর্থনীতি বিষয়ক কেন্দ্র-রাজ্য সম্পর্কের কয়েকটি ক্ষেত্রেও আমরা ঋণ পরিশোধ কর্মসূচীর পুনর্বিন্যাস সম্বন্ধে আমাদের স্পষ্ট অভিমত দিয়েছি। এই বিষয়টি নতুন নয়। দ্বিতীয় অর্থ কমিশনের কাছে এর উল্লেখ করা হয়েছিল এবং সেই কমিশনও ঋণের একীকরণ ও যুক্তিসম্মত বিন্যাস সম্বন্ধে সুপারিশ করেছিলেন। কিন্তু এ বিষয়ে ভারত-সরকার দ্বিতীয় অর্থ কমিশনের সুপারিশ পুরোপুরি কার্যকর করেন নি।

বিষয়টি খুব জরুরী বলে আমরা আরও কিছুটা বিস্তারিতভাবে এর আলোচনা করতে চাই। চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে আমাদের ২২০ কোটি টাকার কেন্দ্রীয় সহায়তার আশ্বাস দেওয়া হয়েছে—এ-কথা শুনলে ভাল লাগবে; কিন্তু এই একই সময় সীমার মধ্যে ঋণ ও সুদ বাবত কেন্দ্রীয় সরকারকে প্রদেয় আমাদের অর্থের পরিমাণ দাঁড়াবে ২৩৪ কোটি টাকা। ১৯৫১-৫২ এবং ১৯৬৫-৬৬ সালের মধ্যে সকল রাজ্যের একত্রিত এবং অপরিশোধীত ঋণের পরিমাণ ২৪৫ কোটি টাকা থেকে বেড়ে ৫,৩৮২ কোটি টাকা হয়েছিল। ১৯৬৮-৬৯ সালের শেষ পর্যন্ত রাজ্য-সরকার সেচ প্রকল্পগুলি সহ রাষ্ট্রীয় উদ্যোগগুলিতে ৩৮৫ কোটি টাকা বিনিয়োগ করেছিলেন। এইসব উদ্যোগের জন্য প্রয়োজনীয় বিরাট মূলধন ঋণ হিসাবে সংগ্রহ করা হয়েছিল কিন্তু এইসব

রাষ্ট্রীয় উদ্যোগের এমন উদ্বৃত্ত থাকে না যাতে ঋণের আসল ও সুদটুকুও মেটানো সম্ভব হয়। এর অনেকগুলি লোকসান দিয়ে টিঁকে আছে। কিন্তু দুঃখের বিষয় এইসব উদ্যোগে অর্থ বিনিয়োগের জন্য ভারত-সরকার ও অন্যান্য যে-সব সংস্থার কাছ থেকে আমরা ঋণ নিয়েছিলাম তাদের ঋণ শোধ করতে হবে। কেন্দ্র রাজ্য সম্পর্ক সম্বন্ধে শ্রী শীতলবাদের নেতৃত্বে গঠিত পর্যবেক্ষকদলের রিপোর্টের ৩·২২ অনুচ্ছেদে যে সুপারিশ করা হয়েছে তার সঙ্গে একমত হবার প্রবণতা আমাদের আছে। সে সুপারিশ নিম্নোক্তরূপঃ

"পরিকল্পনা প্রণয়ন ও কেন্দ্রীয় সাহায্য বিভাজনের পিছনে যে অংশীদারসুলভ মনোভাব আছে তার সঙ্গে সমতা রেখে মূলধনী সম্পদ হস্তান্তরের যুক্তিসম্মত ব্যবস্থা থাকা উচিত। পরিকল্পনার জন্য নির্ধারিত মূলধনী সম্পদ ব্যবহার সম্পর্কে কেন্দ্র নিজের মূলধনী ব্যয়কে যেভাবে গ্রহণ করেন, রাজ্যগুলির মূলধনী ব্যয়কেও সেইভাবে গ্রহণ করা তাঁদের পক্ষে যুক্তিসঙ্গত হবে। কেন্দ্র যেমন নিজের সকল বিনিয়োগ থেকে বিনিয়োজিত মূলধন ফিরে পাবার মত যথেষ্ট 'রিটার্ন' প্রত্যাশা করেন না, তেমনই নীতিগতভাবে রাজ্যগুলিতে হস্তান্তরিত সম্পদ সর্বক্ষেত্রে পরিশোধিতব্য হবে—এ বিষয়ে তাঁদের জোর দেওয়া উচিত নয়। দেশে যদি একাত্মক রাষ্ট্রব্যবস্থা থাকত, তা হলে বর্তমানে কেন্দ্রীয় ঋণের মাধ্যমে রাজ্যগুলি যে-সব কাজের অর্থসংস্থান করে সে-সব কাজের ভার গ্রহণ করে অর্থসংস্থানের ব্যবস্থা সেই সরকারকে করতে হত। সম্ভবত এরূপ একাত্মক শাসন-ব্যবস্থায় সরকার প্রতি ক্ষেত্রে পরিশোধের আশা বা ব্যবস্থা না করেই মূলধনী সম্পদ এইসব কাজের জন্য নিয়োজিত করতেন। বিশেষ করে দেশে যখন রাজস্বসম্পর্কিত প্রশাসনে একাত্মক শাসন-ব্যবস্থার অনেক বৈশিষ্ট্য আছে এবং বাস্তব ক্ষেত্রে রাজ্যগুলি যখন কেন্দ্রের উপর বিশেষ নির্ভরশীল, সে ক্ষেত্রে ঋণ পরিশোধের ব্যাপারে ব্যবসায়ীদের সঙ্গে ব্যাংক যেমন আচরণ করে, কেন্দ্র রাজ্যগুলির সঙ্গে তেমন আচরণ কেন করবেন? .... ... ... যেখানে কেন্দ্রীয় মূলধনী সহায়তায় রাজ্যসরকারগুলির বিনিয়োগ থেকে প্রত্যক্ষ আর্থনীতিক 'রিটার্ন' পাওয়া যায় সেখানে কেন্দ্র যুক্তিসঙ্গতভাবে 'রিটার্নে'র একটা ন্যায্য অংশ দাবী করতে পারেন। যে ক্ষেত্রে এইরূপ 'রিটার্ন' পাওয়া যায় না, সে ক্ষেত্রে 'রিটার্ন' কিংবা পরিশোধ প্রত্যাশা করার প্রকৃত যুক্তি নেই।"

এই যুক্তিগুলি আরও বৈধ এই কারণে যে, পরিকল্পনা সম্পদের একটা বড় অংশ এবং সেকারণ রাজ্যগুলিকে প্রদত্ত কেন্দ্রীয় ঋণ-সহায়তা শেষ পর্যন্ত ঘাটতি অর্থসংস্থান ও বৈদেশিক সাহায্য থেকে আসে। নিম্নলিখিত শ্রেণীগুলিতে কেন্দ্রীয় ঋণ ভাগ করা যায়ঃ—

(১) স্বল্প সঞ্চয় সংগ্রহের অংশ;

(২) রাজ্যগুলি কর্তৃক ব্যবহৃত যে-সব ঋণ পরিকল্পনার অন্তর্ভুক্ত ও পরিকল্পনা-বহির্ভূত উদ্দেশ্যে তৃতীয় পক্ষকে ধার দেওয়া হয় (রাসায়নিক সার ঋণ, সমবায় পরিকল্পগুলির জন্য ঋণ প্রভৃতি);

[1-45—1-50 p.m.]

(৩) কোন রাজ্য উদ্যোগের সঙ্গে সম্পর্কিত হোক বা না হোক নির্ধারিত উদ্দেশ্যে প্রদত্ত ঋণ। এ ধরনের ঋণ পরিকল্পনার অন্তর্ভুক্ত এবং পরিকল্পনার বহির্ভূত বিদ্যুৎ, সেচ, পরিবহণ ও অন্যান্য ব্যবসায়িক পরিকল্পে উৎপাদনমূলকভাবে বিনিয়োগ করা যেতে পারে এবং অনুৎপাদন মূলক পরিকল্পেও লগ্নী করা যেতে পারে।

(১) স্বল্প সঞ্চয় সংগ্রহে আমাদের অংশ দেওয়া হয় নিয়োজিত অর্থ তুলে নেবার পর যে নীট টাকা থাকে তার থেকে এবং ফলে তার প্রকৃতি হল প্রভিডেন্ট ফান্ডে জমানো টাকার মত। সুতরাং কোন বিশেষ বৎসরে সংগ্রহ অপেক্ষা টাকা তোলা বেশি হয়ে নীট লোকসান না দাঁড়ালে রাজ্য-সরকারকে স্বল্প সঞ্চয় সংগ্রহের অংশের দরুন ঋণ পরিশোধ করতে বলা উচিত নয়। স্বল্প সঞ্চয় সম্পর্কিত কেন্দ্রীয় উপদেষ্টা কমিটির একটি সভাতেও এই অভিমতের উপর জোর দেওয়া হয়েছিল।

(২) পুনরায় ধার দেবার জন্য যে-সব ঋণ রাজ্যগুলি কর্তৃক ব্যবহার করা হয়, সাধারণভাবে রাজ্যগুলির সে-সব ঋণ পরিশোধের দায়িত্ব নেওয়া উচিত।

(৩) পরিকল্পনার অন্তর্ভুক্ত ও পরিকল্পনার বহির্ভূত নির্ধারিত উদ্দেশ্যে যে সব ঋণ দেওয়া হয় সেগুলি উৎপাদনমূলক পরিকল্প কিংবা অনুৎপাদনমূলক পরিকল্পের জন্য নেওয়া হয়েছিল সেবিষয়টি পরীক্ষা করে দেখা উচিত। যদি অনুৎপাদনমূলক পরিকল্পের জন্য এই ঋণ নেওয়া হয়ে থাকে তবে সে ঋণ মূলধনী অনুদান হিসাবে বিবেচিত হওয়া উচিত। কেন্দ্র মূলধন ব্যবহার করে নিজের স্থায়ী সম্পদ গড়ে তুললে এরূপ ভান্ডার গড়ার প্রধান উদ্দেশ্য যেমন সিদ্ধ হয়, কোন একটি রাজ্য কেন্দ্রীয় মূলধনী সাহায্যে স্থায়ী সম্পদ সৃষ্টি বা সংগ্রহ করলেও উদ্দেশ্য সমভাবে সিদ্ধ হয়—কেন্দ্রের এইরূপ দৃষ্টিভঙ্গি হওয়া উচিত। এতে কেন্দ্রীয় সরকারেরও সহায়তা হবে - কেন না অনুৎপাদনমূলক পরিকল্পে নিয়োজিত মূলধনী অনুদানের সুদনির্বাহের জন্য সম্পদ হস্তান্তরের প্রয়োজন হবে না। শেষ পর্যন্ত বিশ্লেষণ করলে দেখা যাবে যে, এই খাতে কেন্দ্রীয় সরকারের রাজস্বের নীট ক্ষতি গুরুত্বপূর্ণ হবে না।

যে সব ঋণ থেকে উৎপাদনমূলক পরিকল্পের অর্থসংস্থান বণ্টন হবে, সে-সব ঋণ কেন্দ্র কর্তৃক সরকারী ক্ষেত্রের উদ্যোগে বিনিয়োগের তুল্য হওয়া উচিত। বিনিয়োগের উপর এ-সব উদ্যোগের কাছ থেকে যেমন ডিভিডেন্ড প্রত্যাশা করা হয়, তেমনই অপরিশোধ্য ঋণের উপর সুদ বাবত একটা সর্বনিম্ন 'রিটার্ন' দেবার আশ্বাস রাজ্যগুলি কেন্দ্রকে দেবে। কাজেই উৎপাদনমূলক পরিকল্পগুলির জন্য ঋণের একটা যথোচিত সুদের হার থাকবে এবং এ ঋণ অপরিশোধ্য হওয়া উচিত। যে-কোন রাজ্যের যে-কোন সময়ে সমস্ত ঋণ কিংবা তার অংশবিশেষ ফেরত দেবার স্বাধীনতা থাকবে।

কেন্দ্র-রাজ্য সম্পর্ক সম্বন্ধে পর্যবেক্ষক দল উল্লিখিত নীতিগুলি সুপারিশ করেছেন এবং এ বিষয়ে আমাদের মতৈক্য আছে। রাজ্যসরকারের সঙ্গে পরামর্শ করে এই নীতিগুলির বিস্তারিত প্রয়োগ পরীক্ষা করা যেতে পারে। রাজ্যগুলি কর্তৃক বকেয়া কেন্দ্রীয় ঋণ পরিশোধের প্রশ্ন উল্লিখিত নীতিগুলির ভিত্তিতে ভারত-সরকার কর্তৃক পরীক্ষিত হওয়া উচিত এবং উল্লিখিত নীতিগুলির ভিত্তিতে রাজ্যগুলিকে প্রদেয় ঋণ-সহায়তার ভাবী নীতিও পুনর্নির্ধারিত হওয়া উচিত। আমাদের দৃঢ় বিশ্বাস যে, কমবেশি উল্লিখিত নীতিগুলির ভিত্তিতে রাজ্যগুলিকে প্রদেয় ঋণ-সহায়তার নীতি কেন্দ্র ও রাজ্যগুলির পক্ষে পারস্পরিক কল্যাণপ্রদ হবে। বর্তমানে একদিকে কেন্দ্রীয় ঋণ পরিশোধের আকারে রাজ্যগুলি থেকে অনেক মূলধনী সম্পদের হস্তান্তর হয় এবং অপরদিকে সম্পূর্ণ অবাস্তব ভঙ্গিতে ঋণ-সহায়তারূপে এই সম্পদেরই বহু প্রকার হস্তান্তর ঘটে রাজ্যগুলিতে। বর্তমানে যেটা প্রয়োজন সেটা হল গোটা সমস্যার বাস্তব-সম্মত সমাধানের প্রয়াস এবং রাজ্যগুলিকে ঋণ-সহায়তা দান সম্পর্কে উল্লিখিত নীতিগুলিকে একমাত্র বাস্তবসম্মত বলে মনে হয়। বিদ্যুৎ, পরিবহণ, সেচ পরিকল্প প্রভৃতি যদি ঋণ পরিশোধের জন্য যথেষ্ট 'রিটার্ন' দিতে না পারে তা হলে এইসব পরিকল্পে ব্যয়িত কেন্দ্রীয় ঋণ পরিশোধের জন্য রাজ্যসরকারকে বলা নিরর্থক। বর্তমানে পরিকল্পগুলি থেকে যথেষ্ট 'রিটার্ন' পাওয়া শুরু হবার অনেক আগেই ঋণ পরিশোধ শুরু হয়। এইসব তথ্য থেকে কেন্দ্রীয় সরকারের স্পষ্ট বোঝা উচিত যে, কেন্দ্রীয় ঋণে যেসব পরিকল্পের অর্থসংস্থান করা হয় তাদের পরিশোধের ব্যয়বহনের মত যথেষ্ট 'রিটার্ন' দেবার ক্ষমতা না থাকলে রাজ্যসরকারকে ঋণ পরিশোধ করতে বলা নিরর্থক। ইস্পাত কারখানা ও কেন্দ্রীয় সরকারের অন্যান্য যেসব উদ্যোগ ঋণ পরিশোধ ও সুদ পরিশোধের জন্য কেন্দ্রীয় সরকারকে টাকা দিতে পারে না, রাজ্যের উদ্যোগগুলিকেও তাদের সমপর্যায়ভুক্ত বলে মনে করা উচিত। কেন্দ্রীয় সরকারের বোঝা উচিত যে, সংবিধান অনুসারে রাজ্যক্ষেত্রে যে সম্পদ পাওয়া যায় তা সামান্য। এমন কি রাজ্যগুলি কর্তৃক ঋণ সংগ্রহও কেন্দ্রীয় সরকার কর্তৃক নিয়ন্ত্রিত। এই পরিস্থিতির বাস্তবতা কেন্দ্রীয় সরকারের অনুধাবন করা উচিত। সুতরাং আমরা মনে করি যে, রাজ্যগুলিকে দেয় ঋণ-সহায়তার সমস্ত প্রশ্নটি এবং কেন্দ্রীয় ঋণ পরিশোধের পদ্ধতি উল্লিখিত নীতিগুলির ভিত্তিতে পুনর্বিবেচিত হওয়া উচিত।

উদ্বাস্তুদের জন্য প্রদত্ত ঋণ অন্য ধরনের। দেশ-বিভাগের ফলে উদ্বাস্তু সমস্যার উদ্ভব হয়েছিল বলে উদ্বাস্তুগণকে কেন্দ্রের দায়িত্ব বলে গণ্য করা হয়। দ্বিতীয় অর্থ কমিশন ১৪৬-নং অনুচ্ছেদে স্পষ্ট বলেছিলেন যে, উদ্বাস্তুগণকে প্রদত্ত ঋণের দরুন আসল ও সুদ হিসাবে যা পাওয়া যাবে তাই শুধু রাজ্যগুলি কেন্দ্রকে দেবে। এই-সব ঋণের অধিকাংশই উদ্ধার করা সম্ভব নয় এবং ভারত-সরকার এখন যেমন করছেন তেমনিভাবে এ-সব ঋণ মকুব করা উচিত।

[1-50—1-55 p.m.]

আমরা আশা করি যে, কেন্দ্রীয় ঋণ পরিশোধের পুনর্বিন্যাস সম্বন্ধে চলতি বৎসরেই অবিলম্বে ভারত-সরকার কিছু একটা ব্যবস্থা করবেন এবং আমরা সহজতর পরিশোধ পদ্ধতির আকারে যথেষ্ট সুবিধা পাবার আশা রাখি। এর ফলে আমাদের বাজেটের ঘাটতিও বহুলাংশে কমে যাবে।

এই প্রসঙ্গে আমি আর একটি বিষয় উল্লেখ করতে চাই। একথা সাধারণভাবে জানা আছে যে, কংগ্রেসদল কর্তৃক পরিচালিত অনেক রাজ্য অতীতে উপায়-প্রকরণের অসুবিধার সম্মুখীন হয়েছিল এবং তারা যাতে রিজার্ভ ব্যাঙ্কের দেওয়া ওভারড্রাফ্ট্ খালাস করতে পারে সেজন্য কেন্দ্রীয় সরকার সাময়িক ঋণ দিয়ে তাদের সাহায্য করেছিলেন। কেন্দ্রীয় ঋণ পরিশোধ সম্বন্ধে বকেয়া দাবী যাতে মিটানো যায় সেজন্য আমিও কেন্দ্রীয় সরকারকে ২২ কোটি টাকার সাময়িক ঋণ দিতে অনুরোধ জানিয়েছি। এই পরিমাণ সাময়িক ঋণের সুবিধা পেলে আমাদের ঘাটতিও সেই পরিমাণে কমে যাবে।

(৩) **চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার জন্য কেন্দ্রীয় সহায়তাঃ** খসড়া চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় কেন্দ্রীয়ক্ষেত্রে বিনিয়োগের পরিমাণ নির্ধারিত হয়েছে ৭,২০৭ কোটি টাকায় আর পরিকল্পনার রাজ্যক্ষেত্রে বিনিয়োগের পরিমাণ ৬,০৬৬ কোটি টাকা। দ্বিতীয় ও তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে পরিকল্পনার রাজ্যক্ষেত্র কেন্দ্রীয়ক্ষেত্র অপেক্ষা বৃহত্তর ছিল। চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে পরিকল্পনার রাজ্যক্ষেত্রে কেন্দ্রীয় সহায়তার পরিমাণ নির্ধারিত হয়েছে ৩,৫০০ কোটি টাকা। পরিকল্পনার রাজ্যক্ষেত্র বর্ধিত করা এবং এই ক্ষেত্রের জন্য কেন্দ্রীয় সহায়তা বিশেষভাবে বৃদ্ধি করার গুরুত্বের উপর সকল মুখ্যমন্ত্রীই জোর দিয়েছিলেন। আমিও কেন্দ্রীয় পরিকল্পনার সমপরিমাণ হ্রাস ঘটিয়ে কেন্দ্রীয় সহায়তার পরিমাণ বাড়িয়ে ৪,৫০০ কোটি টাকা করার প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছিলাম। গত জাতীয় উন্নয়ন পরিষদের সভায় প্রধানমন্ত্রী আশ্বাস দিয়েছিলেন যে, বিষয়টি বিবেচনা করে দেখা হবে এবং সম্ভব হলে রাজ্যগুলির পরিকল্পনায় কেন্দ্রীয় সহায়তা বাড়িয়ে দেওয়া হবে। কিন্তু পঞ্চম অর্থ কমিশনের রিপোর্ট পাওয়ার পর পরিকল্পনা কমিশন এই বিষয়টি পুনর্বিবেচনা করবেন। আমরা ধরে নিচ্ছি যে, এই পুনর্বিবেচনার ফলে রাজ্য পরিকল্পনার জন্য অতিরিক্ত কেন্দ্রীয় সহায়তা পাওয়া যাবে।

সংক্ষেপে বলতে গেলে, আমরা আশা করি যে, নিম্নলিখিত কার্যক্রমের দরুন বাজেট ঘাটতি বহুলাংশে কমে যাবেঃ—

(ক) প্রত্যাশা করা যায় যে, অর্থ কমিশনের চূড়ান্ত সুপারিশের ফলে পরিকল্পনা-বহির্ভূত রাজস্ব খাতে ঘাটতি সম্পূর্ণভাবে পূরণ হবে;

(খ) রাজ্যসরকার অতিরিক্ত কর সংস্থানের কয়েকটি ব্যবস্থা অবলম্বন করতে চান;

(গ) যদি কেন্দ্রকে প্রদেয় আসল ও সুদ পরিশোধের ব্যবস্থার পুনর্বিন্যাস হয়, তা হলে ঋণের বোঝা অনেকটা হালকা হবে;

(ঘ) রাজ্যগুলির জন্য মোট সংস্থানের পরিমাণ ৩,৫০০ কোটি টাকা থেকে বাড়িয়ে ৪,৫০০ কোটি টাকা করা হলে, কিছু অতিরিক্ত কেন্দ্রীয় সহায়তা পাওয়া যেতে পারে।

**জাতীয় উন্নয়ন পরিষদের বৈঠকে চতুর্থ পরিকল্পনার খসড়া**

আমি নিশ্চিত যে, জাতীয় উন্নয়ন পরিষদের বৈঠকে আমি ও উপ-মুখ্যমন্ত্রী শ্রীজ্যোতি বসু, চতুর্থ পরিকল্পনার খসড়া সম্পর্কে যে মতামত দিয়েছিলাম, এই সভা সে-সব জানতে কৌতূহলী হবেন। চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনা বিষয়ে দৃষ্টিভঙ্গি ও নীতি সম্পর্কে আমি বলেছিলাম যে, সংবিধান এবং পূর্ববর্তী পরিকল্পনাগুলির খসড়া রিপোর্ট থেকে বিস্তারিত উদ্ধৃতি সহযোগে বলা হয়েছে যে, অর্থনীতির উদ্দেশ্য হওয়া উচিত সমাজতান্ত্রিক ধাঁচের সমাজ। অস্পষ্টভাবে অনেক বড় বড় কথা বলা হয়েছে, কিন্তু এই লক্ষ্যে কি করে পৌঁছানো যাবে

সে-বিষয়ে সুস্পষ্ট কোন নির্দেশ নেই। কতিপয় ব্যক্তির হাতে আর্থনীতিক ক্ষমতার কেন্দ্রীভূত হওয়ার সম্পর্কে চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার খসড়ায় স্বীকার করা হয়েছে যে, "অভিজ্ঞতা ও সঙ্গতিসম্পন্ন স্বল্পসংখ্যক ব্যবসায় প্রতিষ্ঠান লাভজনক বিনিয়োগের জন্য সম্প্রসারণ এবং সুযোগের অধিকতর ব্যবহার করতে পেরেছেন।" গ্রাম অঞ্চলগুলিতেও অনুরূপ ব্যাপার। শহর এবং গ্রাম—এই উভয় এলাকায় আর্থনীতিক ক্ষমতা কেন্দ্রীভূত হওয়ার প্রবণতা কিভাবে প্রতিহত করা যাবে একথা পরিষ্কারভাবে বলা হয় নি। জীবনধারণের সর্বনিম্ন মানের নীচে কাউকে যাতে যেতে না হয় সেজন্য ব্যবস্থা অবলম্বন করতে হবে এমন কথা খসড়া পরিকল্পনায় নেই। সেই হিসাবে আমি জোর দিয়ে বলেছিলাম যে, স্পষ্টভাবে প্রতিষ্ঠানগত এবং আর্থনীতিক কয়েকটি পরিবর্তনের উল্লেখ করে নতুন করে চতুর্থ পরিকল্পনার খসড়া পুনঃপ্রণয়ন করা উচিত। এইসব পরিবর্তন সঙ্গত সময়ের মধ্যে এমন পারিপার্শ্বিক অবস্থা গড়ে তুলবে যাতে—

(১) জনগণ সামাজিক নিরাপত্তা এবং ন্যায়বিচার পান ;

(২) কাজ করতে ইচ্ছুক জনগণ কাজ পান .

(৩) সম্পদ কেন্দ্রীভূত হওয়ার বর্তমান প্রবণতা পালটে যায়।

চতুর্থ পরিকল্পনায় সরকারী খাতে ১৪,৩৯৮ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। এর মধ্যে আছেঃ

| | | টাকা (কোটির হিসাবে) |
|---|---|---|
| কেন্দ্রশাসিত অঞ্চলসমূহের জন্য পরিকল্পনা | .. | ৩৯৮ |
| রাজ্য পরিকল্প সমূহ | ... | ৬,০৩৬ |
| কেন্দ্রের উদ্যোগে গঠিত পরিকল্প সমূহ | ... | ৭২৭ |
| কেন্দ্রীয় পরিকল্পনা | ... | ৭,২০৭ |
| | মোট . | ১৪,৩৯৮ |

এর সঙ্গে বেসরকারী খাতে প্রস্তাবিত ১০,০০০ কোটি টাকা বিনিয়োগের হিসাব ধরে ১৯৬৯—১৯৭৪ সালে মোট বিনিয়োগের পরিমাণ হবে ২৪,৩৯৮ কোটি টাকা।

[1-55—2 p.m.]

চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় পশ্চিমবঙ্গের জন্য ৩২০·৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এর মধ্যে কেন্দ্রীয় সহায়তার পরিমাণ হবে ২২১ কোটি টাকা। আগেই যেমন বলা হয়েছে সেইভাবে পরিকল্পনায় রাজ্যসমূহের জন্য মোট কেন্দ্রীয় সহায়তার পরিমাণ যদি বাড়ান হয়, তাহলে পশ্চিমবঙ্গের জন্য চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার আকারও সমপরিমাণে বর্ধিত হবে।

**১৯৬৯-৭০ সালের জন্য পরিকল্পনা বিনিয়োগ**

মার্চ মাসে যে ব্যয়বরাদ্দের হিসাব উপস্থাপিত হয়েছিল, তাতে চলতি বৎসরের জন্য পরিকল্পনা খাতে ৪৪·৮২ কোটি টাকা রাখা হয়েছিল। বিষয়টি সতর্কতার সঙ্গে বিবেচনা করে আমাদের মনে হয়েছে যে, এমনকি খাদ্য উৎপাদন এবং বিদ্যুৎ প্রকল্পের সঙ্গে প্রত্যক্ষভাবে সম্পর্কিত পরিকল্পনাগুলির কাজও যদি ত্বরান্বিত করতে হয় তাহলে এই ৪৪·৮২ কোটি টাকা কোনো-মতেই পর্যাপ্ত নয়। বর্তমান হিসাবে পরিকল্পনাভুক্ত পরিকল্পগুলির জন্য আমাদের আরও ১০·৬২ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দের ব্যবস্থা রাখতে হয়েছে এবং এইভাবে চলতি বৎসরের জন্য পরিকল্পনা খাতে মোট ব্যয়বরাদ্দের পরিমাণ দাঁড়াবে ৫৫·৪৪ কোটি টাকা।

বিধানমণ্ডল এখন উপস্থাপিত অতিরিক্ত পরিকল্পনা বরাদ্দগুলির খুঁটিনাটি বিবরণ নিচে দেওয়া হলঃ—

**১৯৬৯-৭০-এর বর্তমান হিসাবগুলির অন্তর্ভুক্ত পরিকল্পনা-পরিকল্পগুলির জন্য অতিরিক্ত বরাদ্দের খুঁটিনাটি বিবরণ**

| বিভাগ | টাকা (লক্ষ টাকায়) |
|---|---|
| শিক্ষা ... ... ... | ৫০·০০ |
| স্বাস্থ্য ... ... .. | ২৪·০০ |
| কৃষি (ক্ষুদ্র সেচসহ) ... ... ... | ২৫০·০০ |
| মৎস্যচাষ ... ... .. | ১২·০০ |
| পশুপালন ও পশুচিকিৎসা ... ... ... | ৩৭·০০ |
| সমবায় ... ... ... | ১৭·০০ |
| বাণিজ্য ও শিল্প (বিদ্যুৎ পর্ষদ্‌সহ) ... ... ... | ২০৫·০০ |
| কুটির ও ক্ষুদ্র শিল্প ... ... ... | ১৮·০০ |
| সমষ্টি উন্নয়ন ... ... . | ৫০·০০ |
| উপজাতি কল্যাণ ... ... . | ১২·৮৫ |
| সেচ (কংসাবতী, বন্যা নিয়ন্ত্রণ ও ক্ষুদ্র সেচ) .. ... | ২১০·০০ |
| পরিবহণ (কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ ও দুর্গাপুর পরিবহণ সহ) .. | ৫২·০০ |
| বন ... ... ... | ১৫·০০ |
| সমাজ কল্যাণ ... ... ... | ২·৩০ |
| পূর্ত (সড়ক) ... .. ... | ১০০·০০ |
| খাদ্য ও সরবরাহ (গুদাম নির্মাণ) ... ... ... | ৩·৭৪ |
| উন্নয়ন ও পরিকল্পনা (নগর ও গ্রাম পরিকল্পনা) ... ... | ২·৬৩ |
| মোট ... | ১,০৬১·৫২ |

**কৃষি উৎপাদন**

খাদ্য উৎপাদন সম্পর্কিত পরিকল্পনাগুলিকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হয়েছে এবং আমরা বর্তমান হিসাবে ১৯৬৯-এর মার্চে উপস্থাপিত হিসাবের অন্তর্ভুক্ত ১০·৩৬ কোটি টাকা ছাড়া আরও ৩·৩৯ কোটি টাকা এজন্য ধরেছি।

**সেচ**

কংসাবতী জলাধার প্রকল্পের কাজ যদিও চলছে, তবু এই প্রকল্প থেকে ১৯৬৮-এর খরিফ খন্দে ১৮৫,০০০ একরে জলসেচ সম্ভব হয়েছে। যত শীঘ্র সম্ভব আমরা এই প্রকল্পের কাজ শেষ করতে চাই এবং তাই আমরা গত মার্চের ২·৫৭ কোটি টাকার বরাদ্দের অতিরিক্ত আরো ১·৭০

কোটি টাকা বর্তমানে বরাদ্দের অন্তর্ভুক্ত করেছি। কংসাবতীর চূড়ান্ত সেচ এলাকা হ'ল ৮০০,০০০ একর। খরিফ খন্দে ময়ূরাক্ষী এবং দামোদর উপত্যকা কর্পোরেশনের সেচ প্রকল্প থেকে যথাক্রমে ৫১৫,০০০ একরে এবং ৭১৫,০০০ একরে জল দেওয়া হয়েছিল। এই দুটি বড় সেচ প্রকল্প ছাড়া কতকগুলি মাঝারি ও ছোট প্রকল্প থেকে রাজ্যের বিভিন্ন জেলায় সেচের জল দেওয়া হচ্ছে। উত্তরবঙ্গের ভাঙ্গা বাঁধ সারান হচ্ছে এবং প্রয়োজনমত বাঁধের উচ্চতা বাড়ান ও দৃঢ় করা হচ্ছে। এজন্য রাজ্য ও কেন্দ্র উভয় ক্ষেত্র থেকেই টাকা দেওয়া হচ্ছে।

**পশুপালন, দুগ্ধশালা এবং দুগ্ধ সরবরাহ পরিকল্প**

দুগ্ধ বিতরণের পরিমাণ ও পরিধি বাড়ছে। দৈনিক গড় বিতরণের অঙ্ক থেকে এ-কথা স্পষ্ট বোঝা যাবে। ১৯৬৫-৬৬তে এই অঙ্ক ছিল ৯৩,৬৮৮ লিটার, ১৯৬৬-৬৭তে ১৩১,৮২২ লিটার ১৯৬৭-৬৮তে ১৩৫,৯২৫ লিটার এবং ১৯৬৮-৬৯এ ১৪১,৮৪৪ লিটার। দুগ্ধ বিতরণের পরিমাণ বাড়ানব উদ্দেশ্যে বেলগাছিয়ার কেন্দ্রীয় দুগ্ধশালায় একটি নতুন দুধ বোতলজাত করার যন্ত্র বসান হয়েছে। দৈনিক ৫০,০০০ লিটার দুধ সরবরাহের কর্মসূচী সহ দুর্গাপুরে একটি নতুন দুগ্ধশালার কাজ যথেষ্ট এগিয়েছে। আনুমানিক ১ কোটি ৫৮ লক্ষ টাকা ব্যয়ে শিলিগুড়ির কাছে মাটিগড়ায় একটি বহুমুখী দুগ্ধশালা তৈরির সিদ্ধান্তও নেওয়া হয়েছে। এই পরিকল্পের লক্ষ্য হচ্ছে দৈনিক ৬৬,০০০ কেজি দুধ তরল অবস্থায় বিতরণ করা এবং হোল মিল্ক পাউডার ও মাখন তৈরি করা।

**পরিবহণ ও যোগাযোগ**

বর্তমানে উপস্থাপিত বরাদ্দে আমরা গত মার্চে উপস্থাপিত বরাদ্দের অন্তর্ভুক্ত ২·৫৫ কোটি টাকা ছাড়া অতিরিক্ত ১ কোটি টাকা রাজ্যসড়ক উন্নয়নখাতে ধরেছি। বর্তমান বরাদ্দে আমরা আরও ৫০ লক্ষ টাকা রাজ্যপরিবহণ কর্পোরেশনের গাড়ি কেনার জন্য ধরেছি।

**বিদ্যুৎ প্রকল্প**

বর্তমান বরাদ্দে আমরা রাজ্যের সান্তালডিহি প্রকল্পের জন্য অতিরিক্ত ২ কোটি টাকা ধরেছি, কেন না শিল্পোন্নয়নের জন্য বিদ্যুৎ অপরিহার্য।

[2—2-04 p.m.]

**খাদ্য**

গত বৎসরের ফসলের তুলনায় চলতি বৎসরের আমন ধান সামান্য ভাল হয়েছে। এ বৎসর আভ্যন্তরীণ সংগ্রহ অনেক ভাল হয়েছে। ১৯৬৮-এর ১লা নবেম্বর থেকে ১৯৬৯-এর ১৭ই জুন পর্যন্ত সংগ্রহ হয়েছে চালের হিসেবে মোট ৪১৩,০০০ মেট্রিক টন। আগের খরিফ খন্দে এই সময়ে এই সংগ্রহের পরিমাণ ছিল ২৫৯,০০০ মেট্রিক টন। এ বৎসর কেন্দ্র ১২ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য দেবেন বলে কথা দিয়েছেন। এর মধ্যে চাল হবে ১·৫ লক্ষ মেট্রিক টন এবং ১০·৫ লক্ষ মেট্রিক টন হবে গম। সরকারী খাদ্যশস্য বিতরণ পদ্ধতির আওতায় ১৯৬৯-এর মে'র শেষে বিধিবদ্ধ রেশন ব্যবস্থায় অন্তর্ভুক্ত ছিলেন ৮৪ লক্ষ লোক এবং সংশোধিত রেশন ব্যবস্থার অন্তর্ভুক্ত ছিলেন ১ কোটি ২৯ লক্ষ লোক। ১৯৬৮-এর মার্চের শেষ থেকে কেন্দ্রীয় সরকার রাজ্যগুলির মধ্যে মোটাদানা শস্য চলাচলের নিষেধ তুলে নেওয়ায় এবং ১৯৬৯-এর এপ্রিলে উত্তর ভারতের গম-উৎপাদক রাজ্যগুলি এবং পশ্চিমবঙ্গকে নিয়ে উত্তরের গম এলাকা গঠন করায় চাল ছাড়া অন্যান্য খাদ্যশস্য যথেষ্ট পরিমাণে পশ্চিমবঙ্গে বাণিজ্যিক সূত্রে প্রয়োজনমত আমদানি হবে বলে আশা করা যায়। তাই এ রাজ্যে চালের মরশুমী ঊর্ধ্বগতি দেখা গেলেও ভয় পাওয়ার কারণ নেই।

## উপসংহার

বাজেট বিশ্লেষণ করে দেখলে একথা বুঝতে কারও কোন সংশয় থাকবে না যে, সম্পদের সীমাবদ্ধতার দরুন রাজ্যসরকার তাঁদের কাজে বাধাগ্রস্ত। মহার্ঘ ভাতা প্রভৃতি প্রদানের দরুন রাজ্যসরকারের সম্পদ যথেষ্ট হ্রাস পেয়েছে এবং সেজন্য দায়ী বর্তমান সংবিধান অনুসারে কেন্দ্রীভূত আর্থিক ও রাজস্ব সম্পর্কিত নীতির ফলস্বরূপ মুদ্রাস্ফীতি। সামাজিক ও উন্নয়নমূলক কৃত্যকগুলির সমস্ত ভার পড়েছে রাজ্যসরকারের উপর কিন্তু বর্তমান সংবিধানে সম্পদের উপর প্রধান নিয়ন্ত্রণ কেন্দ্রীভূত। সুতরাং মার্চ মাসে পূর্বের বাজেট বিবৃতিতে আমি যে কথা বলেছিলাম আবার তারই পুনরাবৃত্তি করে বলি যে, সংবিধানে প্রদত্ত দায়িত্ব রাজ্যসরকারগুলি যাতে পালন করতে পারেন সেজন্য রাজ্যগুলিকে অধিকতর সম্পদ দেওয়া উচিত। বর্তমান সংবিধান অনুসারে রাজ্যসরকারগুলিকে যদি যথোচিত সম্পদ না দেওয়া যায়, তা হ'লে রাজ্যগুলিকে প্রদত্ত দায়িত্ব ও সম্পদের সংস্থান যাতে সমপর্যায়ের হয় সেই উদ্দেশ্যে সংবিধান সংশোধিত হওয়া উচিত।

১৯৬৯ সালের মার্চ মাসের বাজেট বিবৃতিতে আমি যা বলেছিলাম তার পুনরাবৃত্তি করে আমি একথাও বলতে চাই যে, আমরা আইন ও শৃঙ্খলা এবং শান্তি বজায় রেখে চলব। সকল শ্রেণীর জনগণকে রক্ষার জন্য পুলিস ব্যবহার করা হবে, কিন্তু মেহনতী জনসমাজের স্বার্থের বিরুদ্ধে কিছুসংখ্যক ব্যক্তির উপকারের জন্য পুলিস নিয়োগ করা হবে না। শিল্প সম্প্রসারণের জন্য পশ্চিমবঙ্গে সম্বৃদ্ধ খনি ও অন্যান্য সম্পদ আছে। একমাত্র লাভের মনোবৃত্তির দ্বারা ব্যবসায়ী সম্প্রদায়ের পরিচালিত হওয়া উচিত নয়। কর্মীদের প্রতিও তাঁদের ন্যায়বিচার করা উচিত। শ্রমিকদেরও উচিত নয় সমষ্টিগত দাবিদাওয়া আদায়ের পদ্ধতিকে এমন একটা স্তরে নিয়ে যাওয়া যার ফলে পশ্চিমবঙ্গে শিল্পোন্নয়নের ক্ষতি হতে পারে এবং শেষ পর্যন্ত শ্রমিকদের স্বার্থের ব্যাঘাত ঘটতে পারে। পশ্চিমবঙ্গে শিল্পোন্নয়নের প্রভূত সম্ভাবনা আছে। আমরা চাই যে, মেহনতী মানুষের কল্যাণকল্পে এই সম্ভাবনাকে বাস্তবে পরিণত করতে হবে, তার সম্প্রসারণ ঘটাতে হবে এবং শিল্পপতিদের উচিত দেশোন্নয়নের যৌথ প্রচেষ্টায় মেহনতী জনসমাজকে অংশীদাররূপে গণ্য করা। আমাদের সম্মুখবর্তী কাজ বিরাট। একমাত্র ক্রমবর্ধমান শিল্পোন্নয়ন দ্বারাই ক্রমবর্ধমান বেকারত্বের সম্মুখীন হওয়া সম্ভব। সংবিধানের সীমাবদ্ধতার মধ্যে আমাদের কাজ করতে হবে। জনগণ এই সরকার সৃষ্টি করেছেন। আমরা জনগণকে এই আশ্বাস দিতে পারি যে, তাঁদের কল্যাণের জন্য সমগ্র রাষ্ট্রযন্ত্র প্রয়োগ করা হবে। আমি বিশ্বাস করি যে, এই সভার সকল সদস্যের স্বেচ্ছাপ্রনোদিত সহযোগিতা আমরা পাব এবং তার ফলে আমাদের কাজ আরও সহজ হবে।

## পশ্চিমবঙ্গ বাজেট, ১৯৬৯-৭০

(হাজার টাকার হিসাবে)

| | | ১৯৬৯ এর মার্চে বিধানমণ্ডলে উপস্থাপিত বাজেট | বর্তমানে বিধান-মণ্ডলে যে বাজেট উপস্থাপিত হচ্ছে |
|---|---|---|---|
| **আদায়** | | | |
| প্রারম্ভিক তহবিল | .. | —২২,৬৩,৯৭ | ১১,৮৭,৫৯ |
| রাজস্ব আদায় | .. | ২,৩৪,৭৭,৪১ | ২,৩০,৫২,৪১ |
| ঋণখাতে আদায়— | | | |
| ঋণ | .. | ৭৫,৩৮,৬৪ | ৮০,১২,৬৪ |
| সম্ভাব্য তহবিল ও সরকারী হিসাব থেকে আদায় | .. | ৩,৬০,৪২,৬৮ | ৩,৬৬,৪২,৬৮ |
| মোট | .. | ৬,৪৭,৯৪,৭৬ | ৬,৮৮,৯৫,৩২ |
| **ব্যয়** | | | |
| রাজস্ব খাতে ব্যয় | .. | ২,৫৪,৫৫,৭৮ | ২,৮২,২৯,৭১ |
| মূলধন খাতে ব্যয় | .. | ২৮,৯৯,০০ | ৩৩,০১,০২ |
| ঋণ খাতে ব্যয়— | | | |
| ঋণ | .. | ৫১,০১,৪৫ | ৭৮,৫৬,৮৩ |
| সম্ভাব্য তহবিল ও সরকারী হিসাব থেকে ব্যয় | .. | ৩,৪৮,৭৫,১২ | ৩,৪৮,৭৫,১২ |
| সমাপ্তি তহবিল | .. | —৩৫,৩৬,৫৯ | —৫৩,৬৭,৩৬ |
| মোট | .. | ৬,৪৭,৯৪,৭৬ | ৬,৮৮,৯৫,৩২ |
| **নীট ফল—** | | | |
| উদ্বৃত্ত (+) | | | |
| ঘাটতি (—) | | | |
| (ক) রাজস্ব খাতে | .. | —১৯,৭৮,৩৭ | —৫১,৭৭,৩০ |
| (খ) রাজস্ব খাতের বাইরে | .. | +৭,০৫,৭৫ | —১৩,৭৭,৬৫ |
| (গ) নীট (প্রারম্ভিক তহবিল বাদে) | .. | —১২,৭২,৬২ | —৬৫,৫৪,৯৫ |
| (ঘ) নীট (প্রারম্ভিক তহবিল সহ) | .. | —৩৫,৩৬,৫৯ | —৫৩,৬৭,৩৬ |

***English version of the statement made by Shri Ajoy Kumar Mukhopadhyaya, Chief Minister and Minister-in-charge, Finance, in presenting the Budget for 1969-70.***

On the 10th of March, 1969, the Budget Estimates as prepared by the outgoing Government were presented to the Legislature. The House, however, did not discuss the estimates in detail but only sanctioned a vote on account to enable the Government to carry on for a part of the year. While presenting the Budget Estimates on the last occasion, I made it clear that the estimates could not be examined by the present Government due to paucity of time. It was, however, indicated to the Legislature that the new Government would take a fresh look at these estimates as soon as possible.

We have since scrutinised the estimates presented in March, 1969 and made some changes therein. The book now presented to the Legislature shows the variations along with the reasons for such variations. I shall mention here, in brief, some of the changes made by us in the estimates for the information of the honourable members so that they may be in a position to discuss and pass the deands for grants for the whole year.

**Year 1969-70**

**Opening Balance**

The estimates for 1969-70 presented in March, 1969 indicated a negative opening balance of Rs. 22.64 crores. According to the Accountant-General's provisional figures for March, 1969 since received, the year actually opened with a cash balance of Rs. 11.88 crores.. Till the final actuals of receipts and expenditure for the year 1968-69 are received from the Accountant-General, it is not possible to indicate accurately the reasons for these variations in the opening balance. As far as it can be seen at this stage, the main reason for this variation is the postponement of repayment of Central loans. I would like to make it abundantly clear that we had to withhold payment of Central loans and interest charges to the extent of about Rs. 27.83 crores in view of the fact that the year 1968-69, according to the Revised Estimates, would close with a negative balance of Rs. 22.64 crores. Two courses were open to us. We could pay in full all Central dues; but in that case we would have fallen back upon an overdraft on the Reserve Bank to the same extent. The other course which we actually adopted was to withhold payment of Central dues. The problem of repayment of Central loan is not peculiar to West Bengal alone—the same problem is faced more or less by almost all the States. A Study Team of the Administrative Reforms Commission has also referred to this problem in their Report and we will discuss this problem in some more details in subsequent pages.

**Revenue Receipts**

Estimates of total revenue receipts in the current year now stand at Rs. 230 crores 52 lakhs as against the estimates of Rs. 234 crores 77 lakhs presented in March, 1969. There is a decrease of Rs. 4 crores 25 lakhs.

We are likely to get about Rs. 2 crores less in the current year in respect of land revenue in view of the fact that Government propose to exempt holdings up to three acres from payment of land revenue.

There will be a shortfall of Rs. 150 lakhs under Interest in view of the fact that Durgapur Projects Ltd., will not be in a position to pay interest charges as it is running at a loss.

There is likely to be a shortfall of Rs. 75 lakhs in respect of receipts under stamps.

### Revenue Expenditure

The estimates of revenue expenditure now stand at Rs. 282 crores 30 lakhs as against Rs. 254 crores 56 lakhs in the estimates presented in March, 1969. The increase is of the order of Rs. 27 crores 74 lakhs. The increase is mainly due to the following reasons:

(a) There would be an additional expenditure of Rs. 9.0 crores in order to give dearness allowance at Central rates and this amount has been spread over different heads of expenditure as shown in the printed book.

(b) We included a Plan expenditure of Rs. 44.82 crores in the estimates presented in March, 1969 of which revenue expenditure amounted to Rs. 14.55 crores. In the present estimates we have included a provision of Rs. 55.44 crores for Plan expenditure during the current year. This additional Plan expenditure of Rs. 10 62 crores will add to the revenue expenditure by Rs. 4.28 crores.

(c) There is an increase of Rs. 9.76 crores in respect of payment of arrear interest charges to the Central Government which could not be paid in 1968-69.

(d) There is an increase of Rs. 4.16 crores in Revenue expenditure for relief works due to flood in North Bengal last year.

### Debt and other Heads

In addition to the provisions included in the estimates under debt and loan heads presented in March, 1969, we have to make mainly the following provisions in the present estimates:

(a) A further provision of Rs. 18.07 crores has been included in the present estimates in respect of repayment of arrear Central loans which could not be paid in 1968-69

(b) We had to make a further provision of Rs. 4 crores for payment of ways and means advances to the Calcutta State Transport Corporation and Calcutta Tramways Company, Ltd., in view of the fact that these two State Transport Organisation are not self-financing.

(c) A further provision of Rs. 80 lakhs has been made for giving ways and means advances to the Calcutta Corporation and other municipalities to enable them to tide over their financial difficulties.

(d) A further provision of Rs. 50 lakhs has been made for the purchase of new buses for the Calcutta State Transport Corporation.

(e) A further provision of Rs. 2 crores has been made for giving loan to the State Electricity Board for power schemes in the Plan.

(f) A further provision of Rs. 1.80 crores has been made under Loans for expenditure on relief measures due to flood in North Bengal last year.

### Capital Expenditure

The total provision for capital expenditure in the present estimates for 1969-70 amounts to Rs. 33 crores 1 lakh as against Rs. 28 crores 99 lakhs in the estimates presented in March, 1969. The increase is mainly due to—

(a) A larger provision of Rs. 1.70 crores for the Kangsabati Scheme.

(b) An additional provision of Rs. 15 lakhs for flood control schemes.

(c) An additional provision of Rs. 1 crore for development of roads.

(d) An additional provision of Rs. 54 lakhs for non-Plan schemes, namely, construction of office buildings, etc.

***Net Result***

*There is a revenue deficit of Rs. 51 crores 77 lakhs for the year 1969-70. There is a deficit of Rs. 13 crores 78 lakhs outside the revenue account. There is thus an overall deficit of Rs. 65 crores 55 lakhs. This together with the opening balance of Rs. 11 crores 88 lakhs results in a negative closing balance of Rs. 53 crores 67 lakhs.*

While we appreciate that deficit financing should be avoided as far as possible, I would request honourable members to bear in mind in this connection that the large gap was due to the following unavoidable circumstances:

(i) Provision for payment of arrear Central loans and interest charges amounting to Rs. 27.83 crores which could not be paid in 1968-69.

(ii) Payment of dearness allowance at Central Government rates to State Government employees and also consequent additional liabilities imposed on the State Government for payment of subvention to employees of local bodies, school teachers, etc. The total annual impact will be of the order of Rs. 9 crores.

(iii) Additional provisions to the extent of Rs. 10.62 crores for Plan schemes and additional provisions to the extent of Rs. 11.86 crores for other non-Plan schemes. The details are shown in the printed book.

Many of the States have given dearness allowance to their employees at Central Government rates. It may be borne in mind that in West Bengal where the number of Central Government employees exceeds the number of the State Government employees and where all sections of people are equally hard hit by the chronic shortage of foodgrains and high prices of essential consumer goods, distinction in dearness allowance between the Central Government employees and the State Government employees constituted a source of grievance. We, therefore, had to give dearness allowance at Central Government rates. The additional expenditure imposed on the State Government in this regard is entirely due to inflation which has been caused by the fiscal and monetary policies pursued by the ruling party at the Centre and, as such, this additional expenditure should be taken into account by the Fifth Finance Commission while recommending devolution for West Bengal. It may be mentioned in this connection that our inability to make payment in respect of Central loans and interest charges is also due to the cumulative effect of several doses of dearness allowance that we had to pay due to similar increases in rates of D.A. allowed by the Central Government for their employees. It may be mentioned in this connection that our annual liabilities on account of increase in rates of dearness allowance and other allowances are of the order of Rs. 52 crores which we had to undertake subsequent to the award of the Fourth Finance Commission in 1965. We do hope that the Fifth Finance Commission while recommending devolution for West Bengal will inter alia take into account fully these additional liabilities imposed on the State Government by the fiscal policy pursued by the Central Government.

We had to make certain additional provision for certain Plan schemes and certain non-Plan items which are almost inescapable.

The gap in the Budget is likely to be narrowed down in the manner indicated below:

(i) **Additional taxation:** It will be desirable to undertake some measures of additional taxation in the current year and the necessary measures will be brought before the House in due course. We wish to raise about Rs. 75 crores by new measures of taxation and other means during the Fourth Plan period for West Bengal.

(ii) **Re-scheduling of repayment of Central loans:** In the estimates now presented there is a provision for payment of Rs. 52.48 crores by way of principal and Rs. 31.44 crores by way of interest charges to the Government of India after taking into account the arear liabilities with respect to the year 1968-69. In our Memorandum to the Fifth Finance Commission we have stressed the need for re-scheduling of repayment programme. In our Memorandum on certain aspects of Centre-State relationships in financial matters submitted to the Administrative Reforms Commission we have also given our concrete views for re-scheduling of repayment programme. This point is not new. It was referred to the Second Finance Commission and that Commission also made recommendations with regard to the consolidation and rationalisation of loans. But the Government of India did not fully act up to the recommendations of the Second Finance Commission in this respect.

As the matter is very important we would like to deal with it in some more details. It will be interesting to know that during the Fourth Five-Year Plan we have been assured of a Central assistance of Rs. 220 crores; but during the same period our repayment to Central Government in respect of loan and interest charges will amount to Rs. 234 crores. Between 1951-52 and 1965-66 the outstanding debt liabilities of all the States taken together rose from Rs. 245 crores to Rs. 5,382 crores. By the end of 1968-69 the State Government invested about Rs. 345 crores in State enterprises including irrigation projects. Huge capital required for these undertakings had to be borrowed but these State undertakings do not generate surplus even for repayment of principal and interest charges. Many of them are running at a loss. But unfortunately we have got to repay our debts to the Government of India and other agencies from which we took the loan for investment in these State undertakings. We are inclined to agree with the recommendations in paragraph 3.22 of the Report of the Study Team on Centre-State relationships headed by Shri Setalvad which run as follows:

> "Any rational scheme for the transfer of capital resources should be in consonance with the spirit of partnership which guides the formulation of plans and allocation of Central assistance. The Centre, in the matter of utilisation of its capital resources, earmarked for the Plan, would, therefore, be justified in treating the capital expenditure of the States on the same footing as its own capital expenditure. Just as the Centre does not expect all its own investments to yield returns sufficient to recoup the capital invested, it should not in principle insist that the capital resources transferred to the State should invariably be repayable by them. If the country had been a unitary State the Government would have had to undertake and finance the very activities which the States now finance through Central loans. Presumably the Government in the unitary arrangement would also have used capital resources for these without necessarily expecting or providing for repayment in every case. Why then should the Centre deal with the States in the matter of loan repayment as a bank deals with entrepreneurs especially when the fiscal administration of the country has many unitary features and the States are in fact heavily dependent on the Centre? * * * Where the investments made by the States with the help of capital assistance from the Centre yield direct financial returns, the Centre would be justified in claiming a reasonable share of the returns. Where they do not, there is no real justification for expecting returns or repayments."

These arguments are all the more valid because a considerable portion of Plan resources and therefore of Central loan assistance to the States come ultimately from deficit financing and from foreign assistance. Central loans can be broken up into the following categories:

(1) Share of Small Savings Collections.

(2) Loans utilised by States for re-lending to third parties which may be for Plan and non-Plan purposes (fertiliser loan, loans for co-operation schemes, etc.)

(3) Loans which are given for specific purposes—whether related to any State undertaking or not. These may be for Plan and non-Plan purposes —for productive investments in power, irrigation, transport and other commercial schemes as well as for non-productive schemes.

(1) As regards shares of Small Savings Collections, our shares are given from collections net of withdrawals and therefore are in the nature of Provident Fund accumulations and as such the State Government should not be asked to repay loans on account of shares of Small Savings Collections unless in a particular year there is a net loss due to withdrawals exceeding collections. This view was also pressed in a meeting of the Central Advisory Committee on Small Savings.

(2) As regards the loans utilised by the States for re-lending, States should ordinarily be responsible for repayment.

(3) As regards the loans which are given for some specific purposes—both Plan and non-Plan, it should be examined whether the loans were taken for productive schemes or for unproductive schemes. If the loans were taken for unproductive schemes, these loans should be looked upon as capital grants and the Centre should take the view that when a State creates or acquires durable assets with the help of capital funds of the Centre, the main purpose of raising those funds is fulfilled in the same manner as when capital funds are used for the Centre's own durable assets. This will also help the Central Government as no devolution would be necessary for meeting the interest charges on account of these capital grants for unproductive schemes. In the final analysis the net loss of revenue to the Centre on this account will not be significant.

As regards the loans which will finance productive schemes, they should be comparable to the investments made by the Centre in the public sector enterprises. Just as these enterprises are expected to pay dividends on investments, States will likewise asure the Centre of a minimum return by way of interest charges on non-repayable loans. So, loans for productive schemes should bear an appropriate rate of interest and should be non-repayable. A State should, however, be free to refund the whole or part of such loan at any time.

The principles enunciated above have been recommended by the Study Team on Centre-State relationships and we are in agreement with this view whose detailed applications may be examined in consultation with the State Government. Repayment of outstanding Central loans by the State Governments should more or less be examined by the Government of India on the above principles and the future policy of loan assistance to the States should also be recast on the above principles. It is our firm belief that a policy of loan assistance to the States more or less on the principles indicated above will be of mutual benefit both to the Centre and to the States. At present there is, on the one hand, large transfer of capital resources in the shape of loan repayment from the States to the Centre and, on the other hand, a large transfer of these resources to the States as fresh loan assistance giving an air of unreality to the whole situation. What is necessary at present is a realistic approach to the whole problem and the principles enunciated above for loan assistance to the States appear to be the only realistic one. It is no use asking the State Government to pay back the Central loans spent on

**power, transport, irrigation schemes, etc., unless these schemes are in a position to yield adequate returns for such repayments.** At present repayment of loans starts long before the schemes start to yield sufficient returns. These facts should make it abundantly clear to the Central Government that it is no use asking the State Government to make repayments if the schemes financed by Central loans have no capacity to yield sufficient returns to meet the repayment charges. These State enterprises should be treated in the same way as the steel plants and other Central Government undertakings which cannot make payments to the Central Government in respect of loan repayments and interest charges. The Central Government should know that under the Constitution the resources left in the State field are meagre. Even borrowing by the States is controlled by the Centre. All foreign assistance is also controlled by the Central Government. The realities of the situation should be appreciated by the Central Government. We, therefore, think that the entire question of loan assistance to the States and the schedule of repayments of Central loans should be recast on the principles indicated above.

Loans given for displaced persons stand on a different footing. The problems of displaced persons arose because of the partition of India and as such they were treated rightly as the responsibility of the Centre. The Second Finance Commission in paragraph 146 clearly stated that the States should pay to the Union only the amounts of principal and interest they collect on account of these loans given to the displaced persons.. Most of these loans are not recoverable and these loans should be written off as they are now being done by Government of India.

We do hope that the Government of India will do something immediately in the current year with regard to the question of re-scheduling of payment of Central loans and we hope that we will get adequate relief in the shape of easier repayment programme which will narrow down our budgetary deficit considerably.

I would like to mention another point in this connection. It is common knowledge that many of the States run by the Congress Party had ways and means difficulties in the past and they were helped by the Central Government by ways and means advances in order that overdrafts granted by the Reserve Bank could be cleared. I have also requested the Central Government to help me with a ways and means accommodation to the extent of Rs. 22 crores so that our arrears in respect of repayment of Central loans can be cleared. If we get a ways and means accommodation to this extent, our deficit will be narrowed down by the corresponding amount.

(iii) **Central assistance for the Fourth Five-Year Plan:** In the draft Fourth Five-Year Plan the Central sector of the Plan has been fixed at Rs. 7,207 crores whereas the State sector of the Plan has been placed at Rs. 6,066 crores. During the Second and Third Plan periods the State sector of the Plan was larger than the Central sector of the Plan. Central assistance for the State sector of the Plan has been fixed at Rs. 3,500 crores over the Fourth Plan period. All the Chief Ministers stressed the importance of increasing the State sector of the Plan and also increasing considerably the Central assistance for the State sector of the Plan. I also stressed the needs for stepping up Central assistance to about Rs. 4,500 crores by scaling down the Central Plan correspondingly. The Prime Minister gave an assurance in the last N.D.C. meeting that the matter would be looked into and, if possible, the Central assistance for the States' Plan would be increased. But this review would be made by the Planning Commission after the report of the Fifth Finance Commission is available. We presume that as a result of this review additional Central assistance will be available for the State Plan.

To sum up, we hope that the gap in the Budget will be narrowed down considerably as a result of the following:

(a) It is expected that as a result of the final recommendations of the Finance Commission the non-Plan gap on the revenue account will be fully covered;

(b) State Government intend to undertake certain measures of additional taxation;

(c) If the payment of principal and interest to the Centre is re-scheduled, the burden of debt will be considerably easier;

(d) Some additional Central assistance may be available if the total allocation for the States is raised from Rs. 3,500 crores to Rs. 4,500 crores.

**Draft Fourth Plan at the National Development Council Meeting**

I am sure the House will be interested in knowing what views were expressed by me and also by Shri Jyoti Basu, Deputy Chief Minister, at the N.D.C. meeting regarding the draft Fourth Five-Year Plan. As regards the approach and policy of the Fourth Five-Year Plan, I said that elaborate quotations have been given from the Constitution and also from the draft report of previous Plan that the objective of economic policy should be a socialistic pattern of society and many vague generalisations have been made but there is no indication in concrete terms how this goal will be achieved. As regards the concentration of economic power in a few hands, it has been admitted in the draft Fourth Five-Year Plan that "a small number of business houses with experience and resources have been able to take greater advantage of the expansion and opportunities for profitable investment". Similar is the case in rural areas also. It has not been clearly stated how this trend towards concentration of economic power both in the towns and villages should be arrested. There are no indications in the draft Plan that steps should be taken so that nobody would be allowed to sink below the subsistence level. I, therefore, stressed that the approach to the Fourth Plan should be re-drafted indicating clearly changes—institutional and economic—which will create conditions within a reasonable time so that—

(i) people can have social security and justice;

(ii) people willing to work may get work;

(iii) the present trend towards concentration of wealth is reversed.

The public sector outlay for the Fourth Plan is placed at Rs. 14,398 crores consisting of the following:

| | Rs. (crores) |
|---|---|
| Central Plan ... ... ... | 7,207 |
| State Plans ... ... ... | 6,066 |
| Centrally-sponsored schemes ... ... | 727 |
| Plan for Union territories ... ... | 398 |
| Total: | 14,398 |

With the estimated private sector investment of Rs. 10,000 crores, this will provide for a total outlay of Rs. 24,398 crores during 1969-1974.

The Fourth Five-Year Plan Outlay for West Bengal has been fixed at Rs. 320.5 crores out of which the Central assistance will amount to Rs. 221 crores. If the overall Central assistance for the State sector of the plan is increased, as already mentioned earlier, the size of the Fourth Five-Year Plan for West Bengal will also be increased correspondingly.

**Plan Outlay for 1969-70**

In the etimates presented in March, there was a provision of Rs 44 82 crores for the Plan Outlay in the current year. We have examined the matter very carefully and felt that Rs. 44.82 crores would be grossly inadequate even if we have to expedite the schemes directly related to food production and power. In our present estimates we have to make an additional provision of Rs. 10.62 crores for Plan schemes and the total Plan provision would thus work out to Rs. 55 44 crores for the current year. The details of additional Plan provisions included in the estimates now presented to the Legislature are indicated below :

**Details of additional provisions for Plan Schemes included in the present estimates for 1969-70.**

| Departments | Amount (Rs. in lakhs). |
|---|---|
| Education | 50.00 |
| Health | 24.00 |
| Agriculture (including Minor Irrigation) | 250.00 |
| Fisheries | 12.00 |
| Animal Husbandry and Veterinary Services | 37.00 |
| Co-operation | 17.00 |
| Commerce and Industry (including Electricity Board) | 205.00 |
| Cottage and Small Scale Industries | 18.00 |
| Community Development | 50.00 |
| Tribal Welfare | 12.85 |
| Irrigation (Kangsabati, Flood Control and Minor Irrigation) | 210.00 |
| Transport (including C.S.T.C. and Durgapur Transport) | 52.00 |
| Forests | 15.00 |
| Social Welfare | 2.30 |
| Publis Works Department (Roads) | 100.00 |
| Food and Supplies (Construction of Storage) | 3.74 |
| Development and Planning (Town and Country Planning) | 2.63 |
| | 1,061.52 |

**Agricultural production**

Schemes relating to food production have been given the topmost priority, and we have included in the present estimates Rs. 3.39 crores additional to Rs. 10.36 crores included in the estimates presented in March, 1969..

**Irrigation**

Though the Kangsabati Reservoir Project is still in the execution stage, it was possible to irrigate about 185,000 acres of land during the kharif season of 1968 from the project. We are anxious to complete the scheme as quickly as possible and, therefore, we have included Rs. 1.70 crores in the present estimates additional to Rs. 2.57 crores included for this project in the estimates presented in March. The ultimate command area of the Kangsabati Project is 800,000 acres of land. The areas irrigated from the Mayurakshi Project and the Damodar Valley Corporation irrigation project during the kharif season were 515,000 acres and 715,000 acres respectively. Apart from these two major irrigation projects, a number of medium and small irrigation schemes is supplying irrigation water to agricultural land in various districts of this State. The breached embankments in North Bengal are now being restored and also raised and strengthened where necessary with funds available from the State resources as well as from Central assistance.

**Animal Husbandry, Dairy and Milk Supply Scheme**

The volume of distribution of milk supply is on the increase as will be evident from the daily average distribution figures which were 93,688 litres during 1965-66, 131,822 litres during 1966-67, 135,925 litres during 1967-68 and 141,844 litres during 1968-69. In order to increase the volume of distrbution of milk a new bottling line has been installed in the Central Dairy at Belgatchia. The construction work of a new dairy at Durgapur with a programme of 50,000 litres per day has made considerable progress. It has been also decided to set up a multipurpose dairy at Matigara near Siliguri at an estimated cost of Rs. 158 lakhs. The scheme envisages handling of 66,000 kg. of milk per day for liquid distribution and manufacture of wholemilk powder and butter.

**Transport and Communication**

We have included in the estimates now presented Rs. 1 crore additional to Rs. 2.55 crores included in the estimates presented in March for development of State roads. We have also included in the present estimates Rs. 50 lakhs for the purchase of vehicles for the State Transport Corporation.

**Power**

We have included in the present estimates an additional amount of Rs. 2 crores for development of power particularly for the Santaldih Project in the State. Power is essential for development of industry.

**Food**

The current year's Aman crop is slightly better than the last year's crop. Internal procurement has been much better this year. A total quantity of 413,000 tonnes in terms of rice have now been procured from 1st November,

1968 to 17th June, 1969 against 259,000 tonnes of rice procured during the corresponding period in the previous kharif year. Central supplies promised this year amount to 12 lakh tonnes of cereals consisting of 1.5 lakh tonnes of rice and 10.5 lakh tonnes of wheat. The population covered at the end of May, 1969 under the public distribution system stood at 84 lakhs under statutory rationing and 129 lakhs under modified rationing. With the inter-State restriction on movement of coarse grains lifted by the Central Government from the end of March, 1968 and with the formation in April, 1969 of the Northern Wheat Zone including producing States of Northern India and also West Bengal in one zone, ample stocks of cereals other than rice are expected to flow into West Bengal through trade channels as and when necessary. There is, therefore, no cause for alarm as a result of the upward seasonal price of rice in this State.

## Conclusion

The budgetary analysis will leave no one in doubt that the State Government is handicapped in their work because of limitation of resources. There has been a considerable erosion of State resources due to payment of dearness allowance, etc., and this is due to inflation caused by monetary and fiscal policies centralised under the present Constitution. The entire burden of social and developmental services has devolved on the State Government but the main control over resources under the present Constitution is centralised. I would, therefore, reiterate what I said in my previous Budget Statement in March that more resources should be made available to the States so that the State Governments can perform the functions allotted to them under the Constitution. If adequate resources cannot be made available to the State Governments under the present Constitution, the Constitution should be amended so that allocation of resources amongst the States may correspond to allocation of functions entrusted to the States.

I would also like to reiterate what I said in my Budget Statement in March, 1969, that we would continue to maintain law and order and preserve industrial peace. Police would be used for the protection of all sections of people, but it will not be used for the benefit of the few against the interests of the toiling masses. West Bengal has got rich mines and other resources for industrial expansion. The business community should not be guided entirely by a profit motive. They should give a fair deal to their employees. Labour should not also push the process of collective bargaining to the stage which may prove detrimental to industrial growth in West Bengal and may in the ultimate analysis injure the cause of labour itself. There are large potentialities for industrial growth in West Bengal and we want that these should be developed and expanded to the benefit of the toiling masses who should be looked upon by the industrialists as partners in the common task of developing the country. The task before us is stupendous. Rising unemployment can only be met by increasing industrialisation. We will have to work within the limitations of the Constitution. This Government has been brought into existence by the people. We may assure the people that the entire State machinery will be used for the welfare of the people. I trust we will have the willing co-operation from all members of the House which will make the task easier for us.

## WEST BENGAL BUDGET, 1969-70

(In thousands of rupees.)

| | Budget as presented to the Legislature in March, 1969. | Budget as now presented to the Legislature |
|---|---|---|
| **Receipts** | | |
| Opening Balance .. .. .. | —22,63,97 | 11,87,59 |
| Revenue Receipts .. .. .. | 2,34,77,41 | 2,30,52,41 |
| Receipts from Debt Heads— | | |
| Loans .. .. .. .. | 75,38,64 | 80,12,64 |
| Receipts from Contingency Fund and Public Account. | 3,60,42,68 | 3,66,42,68 |
| Total .. | 6,47,94,76 | 6,88,95,32 |
| **Expenditure** | | |
| Revenue Expenditure .. .. .. | 2,54,55,78 | 2,82,29,71 |
| Capital Expenditure .. .. .. | 28,99,00 | 33,01,02 |
| Expenditure on Debt Heads— Loans .. .. .. .. | 51,01,45 | 78,56,83 |
| Expenditure on Contingency Fund and Public Account. | 3,48,75,12 | 3,48,75,12 |
| Closing Balance .. .. .. | —35,36,59 | —53,67,36 |
| Total .. | 6,47,94,76 | 6,88,95,32 |
| Net Results— Surplus (+) Deficit (−) | | |
| (a) On Revenue Account .. .. | −19,78,37 | −51,77,30 |
| (b) Outside Revenue Account .. .. | +7,05,75 | −13,77,65 |
| (c) Net, excluding Opening Balance .. | −12,72,62 | −65,54,95 |
| (d) Net, including Opening Balance .. | −35,36,59 | −53,67,36 |

**Mr. Speaker:** No other business will be taken up to-day. The House stands adjourned till 1 p.m. on Thursday, the 3rd July 1969.

## Adjournment

The House was accordingly adjourned at 2-04 p.m. till 1 p.m. on Thursday, the 3rd July 1969 at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 3rd July, 1969, at 1 p.m.

**Present**

Mr. Speaker (Shri Bejoy Kumar Banerjee) in the Chair, 25 Ministers, 2 Ministers of State and 228 Members.

## STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

[1—1-10 p.m.]

### Rise in price of rice in deficit districts

***1.** (Admitted question No. *5.)

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে ঘাটতি জেলাগুলিতে চাউলের দাম বাড়িয়া চলিতেছে;

(খ) অবগত থাকিলে এই মূল্যবৃদ্ধির কারণ কি;

(গ) ইহা কি সত্য যে চাউলকলগুলি সরকারী মনোনীত হোলসেলারদের (বিভিন্ন ঘাটতি জিলার) চাউল সরবরাহ করিতে অস্বীকার করিতেছে; এবং

(ঘ) দ্রব্যমূল্য রোধে সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**Shri Sudhin Kumar:**

(ক) হ্যাঁ।

(খ) প্রতি বৎসরই বৈশাখের পর হইতে বাজারে চাউলের সরবরাহ হ্রাস পায়। কারণ তাহার আগেই স্বল্পবিত্ত চাষীরা তাহাদের বিক্রয় করিয়া দেয়। এই সময়ে জোতদার ও মজুতদারের হাতে চাউল থাকে। তাহারা সরবরাহ হ্রাসের সুযোগ লইয়া মজুত করে ও দাম চড়ায়। তবে গত বৎসরের এই সময়কার তুলনায় এ বৎসরে চাউলের গড়পড়তা খুচরা দাম এখনও অনেক কম আছে।

(গ) এইরূপ কোন সুনির্দিষ্ট অভিযোগ সরকারী দপ্তরে পাওয়া যায় নাই।

(ঘ) খাদ্যদ্রব্যের মূল্যবৃদ্ধি রোধ করার জন্য সরকার নিম্নলিখিত ব্যবস্থা অবলম্বন করিয়াছেন—

(১) গত মে মাসের শেষ সপ্তাহ হইতে সমস্ত বিধিবদ্ধ রেশন এলাকায় সাপ্তাহিক চাউলের বরাদ্দ ১০০ গ্রাম বাড়াইয়া ৮৫০ গ্রাম হইতে ৯৫০ গ্রাম (প্রাপ্ত বয়স্ক পিছু) করা হইয়াছে।

(২) বৃহত্তর কলিকাতা বিধিবদ্ধ রেশন এলাকায় পার্শ্ববর্তী অঞ্চলের প্রায় পাঁচ লক্ষ অধিবাসীকেও বর্ধিত হারে খাদ্যদ্রব্য সরবরাহ করা হইতেছে। এখানে প্রাপ্তবয়স্কের জন্য সাপ্তাহিক রেশনের হার ৬০০ গ্রাম চাউল ও ১০০০ গ্রাম গম হইতে বর্ধিত করিয়া ৭৫০ গ্রাম চাউল ও ১২৫০ গ্রাম গম করা হইয়াছে।

(৩) আংশিক রেশন এলাকার সমস্ত সহরাঞ্চলের সমগ্র অধিবাসীকে সপ্তাহে ৫০০ গ্রাম চাউল ও ১২৫০ গ্রাম গম (প্রাপ্ত বয়স্কের হার) দেওয়া হইতেছে। উদ্‌বৃত্ত জেলার ঘাটতি জেলাগুলির গ্রামাঞ্চলে 'ক' ও 'খ' শ্রেণীর কার্ডহোল্ডারদের জন্য বরাদ্দ করা হইয়াছে সপ্তাহে ৫০০ গ্রাম চাউল ও ১০০০ গ্রাম গম।

এ ছাড়া অন্যান্য শ্রেণীর কার্ডহোল্ডারদের প্রাপ্তবয়স্কের হিসাবে সপ্তাহে মাথাপিছু এক কিলো গম, দেওয়ার ব্যবস্থা করা হইয়াছে।

উপরন্তু সর্বত্রই পাউরুটির সরবরাহ অনেক বাড়ানো হইয়াছে।

(৩) (ক) বিধিবদ্ধ ও সংশোধিত রেশন ব্যবস্থার মাধ্যমে এখন মোট প্রায় ২ কোটি ৪০ লক্ষ লোক রেশন পাইতেছে। প্রয়োজন হইলে রেশন ব্যবস্থার আরও সম্প্রসারণ করা হইবে।

(৪) উত্তর ভারতের যে কোন রাজ্য হইতে গম ও গমজাত দ্রব্য এখন অবাধে পশ্চিমবঙ্গের বিধিবদ্ধ রেশন এলাকার বাহিরে যে কোন স্থানে আসিতে পারে। চাউল ছাড়া অন্যান্য তন্ডুল জাতীয় খাদ্যদ্রব্যও ভারতের বিভিন্ন রাজ্য হইতে এই রাজ্যে অবাধে আনা যায়। সরকার এই সব খাদ্যদ্রব্য আমদানী করিতে ব্যবসায়ীদের উৎসাহিত করিয়াছেন।

(৫) প্রতি জেলায় মহকুমায় ব্লকে ও অঞ্চলে প্রতিটি সক্রিয় রাজনৈতিক দলের সদস্য আইন সভার সদস্য জেলাপ্রশাসন কর্তৃপক্ষ ও জনপ্রতিনিধি লইয়া খাদ্য ও ত্রাণ কমিটি গঠন করা হইয়াছে। এই কমিটিগুলিকে মজুত উদ্ধার, খাদ্য সংগ্রহ, সুষ্ঠু বণ্টন, সরকারের খাদ্য নীতি রূপায়িত করা ইত্যাদি ব্যাপারে সক্রিয় অংশ ও দায়িত্ব গ্রহণ করিতে বলা হইয়াছে।

(৬) যেখানে যেখানে কর্ডন ব্যবস্থা চালু আছে, সেখানেই তাহা দৃঢ়তর করিবার নির্দেশ দেওয়া হইয়াছে।

(৭) জেলা প্রশাসন ও পুলিশ কর্তৃপক্ষকে চাউল কল মালিক এবং পাইকারী চাউল ব্যবসায়ী ও ফড়িয়াদের উপর তীক্ষ্ণ দৃষ্টি রাখিতে বলা হইয়াছে এবং অসাধু ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা লইতে বলা হইয়াছে।

(৮) যে সমস্ত বড় চাষী সংগত কারণ ব্যতিরেকে লেভির ধান সরকারের কাছে বিক্রয় করে নাই, তাহাদের বিরুদ্ধে মামলা দায়ের করিতে এবং তাহাদের মজুত আটক করিতে জেলা কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হইয়াছে।

(৯) উৎপাদক ও অন্যান্য মজুতদারের নিকট হইতে তাহাদের প্রয়োজনাতিরিক্ত ধান ও চাউল রিকুইজিসন করিয়া লইতে সংশ্লিষ্ট জেলা শাসকগণকে বলা হইয়াছে।

(১০) উদ্‌বৃত্ত জেলাগুলির চাউল কলের লেভি-মুক্ত চাউলের সবটাই অনুমোদিত পাইকার মারফত ঘাটতি জেলাগুলিতে আনিয়া (এবং কিয়দংশ নিজ জেলাতেই) নির্দিষ্ট খুচরা ব্যবসায়ীদের মাধ্যমে ন্যায্য মূল্যে জনসাধারণকে বিক্রয় করার ব্যবস্থা করা হইয়াছে।

(১১) নেপাল হইতে পশ্চিমবঙ্গে চাউল আমদানী করিবার জন্য অনুমোদিত ব্যবসায়ীদের সর্বপ্রকার সুযোগ সুবিধা দেওয়া হইয়াছে।

উড়িষ্যা হইতেও মনোনীত ব্যবসায়ীদের মাধ্যমে কিছু চাউল আনার ব্যবস্থা করা হইয়াছে এবং আরও চাল আনার ও চেষ্টা করা হইতেছে।

(১২) এই সকল ব্যবস্থা গ্রহণের ফলে চাউলের দামের উর্ধ্ব গতি রোধ পাইয়াছে এবং কয়েক স্থানে কিছু কমিয়াও গিয়াছে।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** আপনি তো যেভাবে কম্প্রিহেনসিভ বললেন তাতে তো মোটামুটি আমরা বুঝলাম। তবে একটা জিনিস আমি অনুগ্রহ করে জানতে চাচ্ছি, উত্তর ভারত

থেকে গম আনবার জন্য আপনারা যে অবাধ সুযোগ দিয়েছেন এবং গম আনবার পরে আটা-কলের মালিকরা আটা এবং গম মফঃস্বল জেলাগুলিতে পাঠাবার ব্যাপারে প্রিমিয়াম রেট নিচ্ছেন, আপনাদের কথা শুনছেন না, এই কথা কি আপনাদের জানা আছে ?

**শ্রীসুধীন কুমার :** এই সম্পর্কে আমাদের কাছে অভিযোগ এসেছে এবং এই অভিযোগ আমরা তদন্ত করে দেখেছি যে ময়দা দেওয়ার ব্যাপারে কোন মুসকিল নেই, ময়দা বাড়তি আছে, মিলে কাটতি হচ্ছে না, তাই ময়দা ব্ল্যাক হচ্ছে না। কিন্তু আটা কোথাও কোথাও ব্ল্যাক হচ্ছে। আটা ব্ল্যাক হবার ব্যাপারে আমরা এই সিদ্ধান্ত করেছি যে যদি ব্যবসায়ীরা স্বল্পদিনের মধ্যে আটার দাম কমিয়ে না দেন তাহলে তাঁদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা এমন করা হবে, যার ফলে ন্যায্য দামে পাবার সম্ভাবনা বাড়বে। কিন্তু আমাদের যেটা মুসকিল হচ্ছে সেটা হচ্ছে এই যে যারা বেশী দামে পাচ্ছেন বলে অভিযোগ করেছেন সে অভিযোগ যাদের বিরুদ্ধে প্রমাণ করা দরকার, সেটা প্রমাণ করার জন্য যে বিশেষ মেটিরিয়াল আমাদের দরকার, তাঁরা তা দিচ্ছেন না, এর জন্যই আমাদের মুসকিল হচ্ছে। কিন্তু যদি আমরা দেখি যে এই ঘটনা ঘটছে তাহলে আমরা কন্ট্রোল করতে বাধ্য হব।

[1-10—1-20 p.m.]

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী :** মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে আপনি কি এটা করতে পারেন যে মফঃস্বলে যে সমস্ত ওখানকার ব্যবসাদার আসবে এবং সেখানকার শাসন কর্তৃপক্ষ যাদের রেকমেন্ড করে দেবে শুধু তাদের দেবে, এরকম একটা ব্যবস্থা করলে মফঃস্বলের যে প্রিমিয়াম রেটে দিচ্ছে ব্যবসায়ীদের কাছ থেকে সেটা বন্ধ হয়ে যেতে পারে এটা কি মনে করেন না ?

**শ্রীসুধীন কুমার :** আমরা সামগ্রিক কন্ট্রোলের কথাই চিন্তা করছি কারণ এই রকম ব্যাপার চালের নমিনেটেড ডিলারের মাধ্যমে আনার ব্যবস্থা হয়েছে কিন্তু তা সত্ত্বেও ঐ জাতীয় অভিযোগ থেকে যাচ্ছে। অতএব সম্পূর্ণ কন্ট্রোল আমাদের অবিলম্বে করতে হবে যদি না ওরা কয়েকদিন সময় চেয়েছে এবং বলেছে এর পরও যদি অভিযোগ পান তাহলে নিশ্চয়ই যথাযোগ্য ব্যবস্থা করবেন বলে নিজেরা প্রতিশ্রুতি দিয়েছেন। প্রতিশ্রুতির আর কয়েকদিন আছে। এর পরেও যদি অভিযোগ আসে তাহলে আমরা কন্ট্রোল করতে বাধ্য হবো।

**শ্রীনেপালচন্দ্র রায় :** কতদিনে হবে ?

**শ্রীসুধীন কুমার :** গত সপ্তাহে ওরা বলেছেন, আমরা এই সপ্তাহ দেখবো, তারপর আমরা ব্যবস্থা গ্রহণ করবো।

**শ্রীসরল দেব :** স্বল্পদিন বলতে আপনি কি বুঝিয়েছেন, তিন সপ্তাহ ?

**শ্রীসুধীন কুমার :** বনস্পতি সম্পর্কে এই প্রশ্ন ওঠে না, তবুও এ সম্বন্ধে বলছি যে এটা আমরা বিবেচনা করছি।

**শ্রীসনৎকুমার রাহা :** মাননীয় স্পীকার মহাশয় কি জানাবেন যে সরকারী মনোনীত যারা হোলসেলার, তারা যে চাল কিনছে সেই চাল অত্যন্ত গুঁড়ো এবং দামটাও অত্যন্ত বেশী, অনেক জায়গায় সেই চাল যখন সাপ্লাই দেওয়া হচ্ছে তখন বিক্ষোভ সৃষ্টি হচ্ছে, রেশন যারা নেন সেই সব রেশন দোকান মারফত এবং ফেয়ার প্রাইস শপ মারফত পাবলিকলি রিসেন্টমেন্ট হচ্ছে, এই সম্পর্কে সরকারের কাছে কোন অভিযোগ এসেছে কি ?

**শ্রীসুধীন কুমার :** হ্যাঁ, অভিযোগ এসেছে।

**শ্রীসনৎকুমার রাহা :** এই সম্পর্কে প্রতিকারের কি ব্যবস্থা হয়েছে ? হোলসেলাররা কোনটা কিভাবে দেবে এবং চালের স্যাম্পল কে চেকআপ করবে, ইনস্পেকটারদের কি কাজ, এর কোন ব্যবস্থা করা হয়েছে কি ?

**শ্রীসুধীন কুমারঃ** এই ব্যবস্থা আছে কিন্তু তার মধ্যেও তারা এই কাজ করে চলেছে। খাদ্য এবং ত্রাণ কমিটি গঠন করা হয়েছে এবং আমাদের প্রশাসনিক ব্যবস্থা মধ্যে যা ত্রুটি এবং দুর্বলতা আছে সেই ত্রুটি এবং দুর্বলতা তাদের তৎপরতার মধ্যে দিয়ে তারা তা করতে পারবেন। আমরা জানি অন্য জায়গা থেকে ক্ষুদ কিনে পথে কোথায়ও মেশানো হয় বা অন্য জায়গায় মেশানো হয়, এদের প্রতি স্তরে আমরা যদি তৎপরতা দেখাতে পারি, নজর রাখতে পারি তাহলে সেইগুলো আমরা বদলাতে পারি। কিন্তু আরও ব্যাপক ব্যবস্থা আমরা আগামী বছরের জন্য যে খাদ্যনীতি গ্রহণ করবো তাতে এই ধরনের সমস্যা সমাধানের নিশ্চয়ই উপায় তার মধ্যে থাকবে।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে যখন আপনার কাছে খবর এলো যে বেশী দামে মফঃস্বলে আটা বিক্রি হচ্ছে তখন আপনি কি স্টেপ নিয়েছেন এবং কজন ব্যবসায়ীকে অ্যারেস্ট করেছেন জানাবেন কি?

**শ্রীসুধীন কুমারঃ** এই সম্পর্কে কি ব্যবস্থা নেওয়া দরকার—অ্যারেস্টই আমরা একমাত্র ব্যবস্থা বলে মনে করি না। আমরা যা ব্যবস্থা নেবার সেটা আমরা যখন নেবো তখন আপনাদের কাছে বলবো।

**শ্রীনেপাল রায়ঃ** কি ধরনের ব্যবস্থা নেবেন জানাবেন কি?

**শ্রীসুধীন কুমারঃ** ব্যবস্থা আমাদের বিবেচনাধীন, আমরা যখন ব্যবস্থা গ্রহণ করবো তখন জানাবো, আপাদের অ্যাডভান্স নোটিশ দিয়ে ব্যবস্থা গ্রহণ করবো না।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** এখন পর্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কি না সেটা আমরা জানতে চাচ্ছি।

**শ্রীসুধীন কুমারঃ** আমরা যে ব্যবস্থা নেওয়া উচিত মনে করেছি তারা এই কাজ করেছে তাদের ডেকে পাঠাচ্ছি, তাদের আমাদের নানা রকম ব্যবস্থার জন্য প্রস্তাব করেছি, সেই সমস্ত বিবেচনা করে আমরা সময় দিয়েছি। তারা প্রতিশ্রুতি দিয়েছে যে তারা কমাবার চেষ্টা করবে। অতএব তা যদি না করে গভর্ণমেণ্ট পরিষ্কার ভাবে জানিয়ে দিয়েছে এবং তারপর গভর্ণমেন্ট ব্যবস্থা গ্রহণ করবে, কি ব্যবস্থা গ্রহণ করবে সেটা আজ জনসাধারণের স্বার্থে এখানে বলা উচিত নয়।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** মন্ত্রিমহাশয় জানেন কি যে যারা আটা কলের মালিক তারা সকলেই চোরাকারবারে লিপ্ত রয়েছে এবং তাদের সময় দেবার জন্যই আপনি এই রকম করছেন?

**শ্রীসুধীন কুমারঃ** আমি জানি না, আমি এর জবাব দিতে বাধ্য কি না। কেউ যদি একটা মত প্রকাশ করেন তাহলে আমি তার উত্তর দিতে বাধ্য নই। কেউ যদি মত প্রকাশ করে বিদ্রূপ কবেন, তাহলে আমি স্পীকারের প্রোটেকশন চাইব।

**মিঃ স্পীকারঃ** আপনি যা পারেন উত্তর দিন।

**শ্রীআবদুস সাত্তারঃ** আপনারা যে ডিস্ট্রিক্ট ফুড অ্যান্ড রিলিফ কমিটি করেছেন, সেটা কিসের ভিত্তিতে করেছেন?

**শ্রীসুধীন কুমারঃ** গভর্ণমেন্টের বিবেচনায় যা ঠিক বলে মনে হয়েছে তাই করা হয়েছে।

**শ্রীআবদুস সাত্তারঃ** তাহলে কি এর কোন ভিত্তি নেই? কোন প্রিন্সিপ্যাল নেই?

**শ্রীসুধীন কুমারঃ** গণতান্ত্রিক উপায়ে, গণতান্ত্রিক পদ্ধতিতে আমরা সকল দলের প্রতিনিধি নিয়ে এবং প্রশাসনিক প্রতিনিধি নিয়ে খাদ্য ও ত্রাণ কমিটি গঠন করেছি।

**শ্রীমহম্মদ খোদাবক্স:**

Hon'ble Minister has said before the House that he has formed the committee comprising members from political parties and administrative officers. He has conveniently left the large section of independent public opinion from his party. Will he kindly enlighten the House as to what he thinks about ?

**শ্রীসুধীন কুমার:** আমি জানি না এটা কি প্রশ্ন হল?

[1—20—1-30 p.m.]

**শ্রীনিখিল দাস:** মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে স্টেপ নিয়েছেন, তা আমার জিজ্ঞাস্য হচ্ছে যে তাতে কি দাম একটু নীচের দিকে নেমেছে?

**শ্রীসুধীন কুমার:** কোন কোন সামগ্রিকের দাম কমেছে। আটা একটা সরকারী নির্দিষ্ট দামে বিক্রয় হয়। সুতরাং সেখানে দাম তার থেকে নেমে যাওয়ার কথা নয়। সেখানে যারা হোলসেলার বেশী দামে কিনছে, তাহা লুকিয়ে কিনছে, তার হিসাব আমার কাছে নেই। অতএব তার জবাব দিতে পারবো না। তবে কমপ্লেন থাকে আমাকে জানাতে, যারা হোলসেল নিয়ে আছে তারা যদি কমপ্লেন না করে তাহলে ধরে নেব যে নির্দিষ্ট দামে পাচ্ছে। নির্দিষ্ট দামে যদি না পান, আমাকে কমপ্লেন করলে আমি অন্য ব্যবস্থা গ্রহণ করবো।

**শ্রীবিজয় সিং নাহার:** মাননীয় মন্ত্রিমহাশয় উত্তরটা দিলেন আটার সম্বন্ধে। কিন্তু প্রশ্নটা ছিল চালের সম্বন্ধে। শ্রীনিখিল দাস মহাশয় জিজ্ঞাসা করেছেন যে, এই সমস্ত ব্যবস্থা নেবার পরে চালের দাম কোথাও কোথাও কমেছে কি কমেনি?

**শ্রীসুধীন কুমার:** চালের দাম কমেছে, একথা আমি পূর্বে বলেছি। আপনি বোধ হয় কম শোনেন তাই শুনতে পান নি।

**শ্রীমহম্মদ আব্দারুদ্দিন:** স্যার আমাদের ডাকা হয়েছিল এবং পরে দেখা গেল যে, বাদ দিয়ে দেওয়া হয়েছে। তাই, মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমি জানতে চাই যে, আমাদের রাখা হবে কি না, রাখা হয়েছিল কি না এবং পরে বাদ দিয়ে দেওয়া হ'ল কেন?

**শ্রীসুধীন কুমার:** যে কোশ্চেনটা উঠেছে তা থেকে এই সাপ্লিমেন্টারী আসে না।

**Sinking of tubewells by Murshidabad Zilla Parishad**

*2. (Admitted question No. *14.)

**শ্রীঅমলেন্দুলাল রায়:** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জিলা পরিষদ গত ১৯৬৬-৬৭ এবং ১৯৬৭-৬৮ সালে কোন্ এলাকায় কয়টি নূতন নলকূপ বসাইয়াছিল;

(খ) জিলা পরিষদ কি কি সর্তে নলকূপ বসাইয়া থাকে; এবং

(গ) এই নলকূপগুলি মেরামতের কি ব্যবস্থা আছে?

**Shri Bibhuti Bhusan Das Gupta :**

(ক) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থিত করা হইল।

(খ) যে জমির উপর নলকূপ বসান হইবে সেই জমির মালিকানা স্বত্ব এবং স্বার্থ জিলা পরিষদকে অর্পণ করিয়া জমির মালিককে একটি দলিল সম্পাদন করিয়া দিতে হয়।

(গ) জিলা পরিষদই এই নলকূপগুলির প্রয়োজন মত মেরামত বা পুনর্নির্মাণ করিয়া থাকে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** জেলাপরিষদ যে নলকূপগুলি বসান সেগুলি বিনা পয়সায় বসান হয়, না পয়সা নিয়ে বসান হয়?

**শ্রীবিভূতিভূষণ দাস গুপ্তঃ** নলকূপগুলি জেলাপরিষদের নিজের খরচে বসান হয়, গ্রামবাসীদের তরফ থেকে টাকা নেয়া হয় না, তাঁদের কাছ থেকে শুধু জমি নেয়া হয়।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** জেলা পরিষদগুলির টিউবওয়েলগুলির যে মেরামত করার ব্যবস্থা আছে বললেন সেটা কি জেলা পরিষদে জানালে জেলা পরিষদ নিজের ইউনিটকে দিয়ে মেরামত করিয়ে দেয়?

**শ্রীবিভূতিভূষণ দাস গুপ্তঃ** খারাপ হলে জেলা পরিষদ নিজের থেকে সেগুলি মেবামত করে দেবে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মনে করুন চাষীরা সাধারণতঃ ব্লকে গেলে মেরামত করার জন্য তাদের বো বলে দেন আমাদের কিছু করার নেই, আর ডবলিউ এস বলে দেন আমাদের টিউবওয়েল নয়। জেলা পরিষদের দপ্তর জেলা সদরে থাকে তাহলে কোথায় কার মারফত দরখাস্ত পাঠাতে হয় সেটা একটু বলে দিলে আমাদের সুবিধা হয়।

**শ্রীবিভূতিভূষণ দাস গুপ্তঃ** আপনি স্পষ্টভাবে প্রশ্ন করুন, মনে করুন বললে প্রশ্নের উত্তর দেয়া যায় না।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** জেলা পরিষদের দপ্তরে কি দরখাস্ত করতে হবে, না অন্য কোন জায়গা আছে যেখানে দরখাস্ত দিলে কাজটা হবে?

**শ্রীবিভূতিভূষণ দাস গুপ্তঃ** জেলা পরিষদের কুয়োর জন্য জেলা পরিষরে দপ্তরে দরখাস্ত করতে হবে।

**শ্রীহংসধ্বজ ধারাঃ** জেলা পরিষদের অধীনে এখনও কি আর ডবলিউ এস স্কীম এবং তার স্টাফ আছে?

**শ্রীবিভূতিভূষণ দাস গুপ্তঃ** এটা এই প্রশ্নের মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে না।

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** মন্ত্রিমহাশয় জানেন কি যে জেলা পরিষদ এবং ব্লক লেভেলে কর্মচারীদের সংখ্যা অল্পতার দরুণ ১৯৬৭ সালের পর যুক্তফ্রন্ট সরকারের আমলে এর প্রত্যক্ষ ভার পাবলিক হেল্থ ডিপার্টমেন্ট রুরাল ওয়াটার সাপ্লাই স্কীম হাতে নেওয়া হয়েছিল?

**শ্রীবিভূতিভূষণ দাস গুপ্তঃ** সেটা রুরাল ওয়াটার সাপ্লাই স্কীম বলতে পারে, পাবলিক হেল্থ বলতে পারে—সেটা আমাদের অন্তর্ভুক্ত নয়।

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** মন্ত্রিমহাশয় জানেন কি টিউবওয়েলগুলি মেরামত করার জন্য আর ডবলিউ এস আছে কিন্তু জেলা পরিষদ যে টিউবওয়েলগুলি পুঁতেছে সেগুলির হিসাব আর ডবলিউ এস দেন না কারণ বহু পাইপ তারা চুরি করেছে--ফলে আর ডবলিউ এস মেরামত করে না?

**শ্রীবিভূতিভূষণ দাস গুপ্তঃ** জেলা পরিষদ কোন্ কোন্ টিউবওয়েল রুরাল ওয়াটার সাপ্লাইয়ের কাছে দিয়েছে কি দেবে সে খবর আমার জানা নেই।

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** মুর্শিদাবাদের জেলা পরিষদ বা আঞ্চলিক পরিষদের যারা সদস্য তারা জলসরবরাহ খাতে সমস্ত টাকা খরচ না করে নিজেরা নানাভাবে আত্মসাৎ করেছে একথা মন্ত্রিমহাশয় জানেন কি?

**শ্রীবিভূতিভূষণ দাস গুপ্তঃ** আঞ্চলিক পরিষদ বহু টাকা তছরূপ করেছিল এইরকম আমরা অনুসন্ধান করে জানতে পেরেছি এবং এগুলি আমরা অনুসন্ধান করছি এবং খুব শীঘ্র অনুসন্ধানের ফল আপনাদের জানাব।

[1-30—1-40 p.m.]

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** আঞ্চলিক পরিষদের সদস্য যাদের বাড়ীর কাছে যে সমস্ত টিউবওয়েল তাঁরা বসিয়েছিলেন সেগুলি কি উঠিয়ে নিয়ে জনসাধারণের মধ্যে বসাবেন?

**শ্রীবিভূতিভূষণ দাস গুপ্তঃ** এ প্রশ্ন আসে না।

**শ্রীআবদুস সাত্তারঃ** আপনি কি এনকোয়ারি করে দেখেছেন যে তছরূপের কোন অভিযোগ ঐ জেলা পরিষদ থেকে সিকিউরিটি অফিসার বা অন্য কেউ দিয়েছেন?

**শ্রীবিভূতিভূষণ দাসগুপ্তঃ** আমি বলেছি এনকোয়ারি করব। তবে একটা কথা জানিয়ে রাখি যে গতবার আমি যখন মন্ত্রী ছিলাম তখন বহু আঞ্চলিক ও জেলা পরিষদের রিলিফের টাকা চুরির সম্বন্ধে অনুসন্ধান করেছিলাম এবং আমার কাছে সেই সব তথ্য রয়েছে যে লক্ষ লক্ষ টাকা এখানকার তছরূপ হয়েছে।

**শ্রীআবদুস সাত্তারঃ** আমি জিজ্ঞাসা করছি মুর্শিদাবাদের জেলা পরিষদ রিলিফের টাকা তছরূপ করেছে এই রকম অভিযোগ আপনি এনকোয়ারি করে পেয়েছেন কি না?

**শ্রীবিভূতিভূষণ দাসগুপ্তঃ** নোটিশ চাই।

**শ্রীসিদ্ধার্থশংকর রায়ঃ** অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ, স্যার, মাননীয় সদস্য সাত্তার সাহেব ঐ জেলা পরিষদের সঙ্গে কানেকটেড, আমি জিজ্ঞাসা করছি যে যেটার অনুসন্ধান কিছু হয়নি সেটার সম্বন্ধে মন্ত্রিমহাশয় সিরিয়াস চার্জ হাউসের কাছে রাখলেন কি করে?

**শ্রীবিভূতিভূষণ দাস গুপ্তঃ** আপনি হয়ত মনে করছেন যে এটা হাইকোর্টের বার, উনি সাধারণভাবে প্রশ্ন করেছিলেন, আমি সাধারণভাবে তার জবাব দিয়েছি।

**শ্রীআবদুস সাত্তারঃ** ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকার পাওয়ারে আসবার পর সমস্ত জেলা পরিষদএর এনকোয়ারি হয়েছে। মুর্শিদাবাদ জেলা পরিষদ সম্বন্ধে এনকোয়ারি করবার জন্য যে অফিসারকে পাঠিয়েছিলেন তাতে তিনি রিপোর্টে বলেছিলেন যে মুর্শিদাবাদ জেলা পরিষদের চেয়ারম্যান বর্ষার সময় কাজ বন্ধ করে দিয়ে সরকারের ৬ লক্ষ টাকা সেভ করেছে একথা কি জানেন।

**শ্রীবিভূতিভূষণ দাস গুপ্তঃ** এ সম্বন্ধে জানতে চাইলে আমি আপনাকে জানিয়ে দেব।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** আপনার কাছে কি এই রকম কোন অভিযোগ এসেছে যে মুর্শিদাবাদ জেলার জেলা পরিষদের চেয়ারম্যান ৩ লক্ষ টাকা হিসাবের গড়বড় করেছেন?

**শ্রীবিভূতিভূষণ দাস গুপ্তঃ** এই প্রশ্ন থেকে এই প্রশ্ন আসে না।

**শ্রীপান্নালাল মাঝিঃ** মন্ত্রিমহাশয় অবগত আছেন কি জেলা পরিষদ এতদিন পর্যন্ত যে সমস্ত টিউবওয়েল করেছে তাতে দেখা যাচ্ছে বেশীরভাগ জেলা পরিষদই এই টিউবওয়েলগুলি নিজেদের পার্টির কাজে বিশেষ করে নির্বাচনের কাজে লাগিয়েছেন এবং পাইপ বিক্রি করে ইলেকসনের কাজে লাগিয়েছে?

**শ্রীবিভূতিভূষণ দাশ গুপ্তঃ** আমি এগুলি অনুসন্ধান করে দেখব।

## Labour relations in the State

***3.** (Admitted question No. *35.) **Dr. NALINAKSHA SANYAL :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) if he is aware that labour relations in West Bengal are still causing much misgiving in the mind of industrialists in this State and employment potential is steadily deteriorating;

(b) if so, what steps have been taken or proposed to be taken to restore industrial peace and to promote industrial production; and

(c) the number of gheraos that took place in the industrial field during March to June, 1969, and the principal demands in each case?

**Shri Krishnapada Ghosh :** (a) Government are not aware of such misgiving in the mind of industrialists and of any deterioration in employment potential.

(b) Does not arise.

(c) The information is being collected and will be laid on the table of the House.

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মন্ত্রিমহাশয় জানাবেন কি, গত সপ্তাহে বণিক সমিতিগুলির সকলে মিলে যখন তাঁরা মন্ত্রিমহাশয়ের সঙ্গে দেখা করেছিলেন তখন তাঁরা আমাদের পশ্চিমবাংলার ইণ্ডাস্ট্রিয়াল রিলেসন সম্পর্কে কোন নোট তাঁর কাছে দিয়েছিলেন কি না?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** নোট দিয়েছিলেন একথা ঠিক

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মন্ত্রিমহাশয় জানেন কি, মুখ্যমন্ত্রী অজয় মুখার্জী ২।১ দিন পূর্বে তাঁর বিবৃতিতে এখানকার ইন্ডাস্ট্রিয়াল রিলেসন যে অত্যন্ত শোচনীয় হয়ে উঠেছে সেকথা জনসাধারণের কাছে ঘোষণা করেছেন?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** মুখ্যমন্ত্রিমহাশয় যেকথা ঘোষণা করেছেন সেকথা আপনি তাঁর কাছ থেকে জানতে পারবেন এর বেশী আমি আর কিছু বলতে পারব না।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মন্ত্রিমহাশয় জানাবেন কি, শিল্প সংক্রান্ত লোক যাঁরা তাঁর সঙ্গে দেখা করেছিলেন তাঁরা তাঁর কাছে এই তথ্য উপস্থিত করেছিলেন কিনা যে, গত মার্চ থেকে জুন পর্যন্ত ৩০০-এর উপর ঘেরাও হয়েছিল?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** তাঁরা এই তথ্য আমার কাছে উপস্থিত করেন নি।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** একথা কি ঠিক যে, যে তথ্য তাঁরা আপনার কাছে জানিয়েছিলেন তার মধ্যে ১৬০টির উপর হিংসাত্মক কার্যের ঘটনা ছিল?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** এই তথ্য সত্য নয়।

**শ্রীনেপালচন্দ্র রায়:** স্যার, আজকে আমাকে বলতে হচ্ছে যে এখানকার মাইকম্যান পর্যন্ত আমাদের অসুবিধা সৃষ্টি করছে। আমি প্রত্যেক বারেই দেখছি আমরা বলতে উঠলেই মাইক বন্ধ থাকছে। এসব কি হচ্ছে? আমরা দাঁড়ালেই মাইক বন্ধ, আর ও'রা দাঁড়ালেই মাইক চলতে থাকে এসব কি হচ্ছে, এর কি কোন প্রতিকার হবে না?

[1-40—1-50 p.m.]

**মিঃ স্পীকার:** এটা আমি দেখব, জিজ্ঞাসা করব, খবর নিয়ে দেখব, আপনি ঘাবড়াবেন না, আপনি মনে করবেন না আমাকে কেউ বিপদে ফেলবে, আমাকে বিপদে ফেলবার ক্ষমতা বাংলাদেশের কারও নাই। এরা যদি না করে কি করতে হয় আমি জানি, যদি দেখি অন্য কারণে হয়েছে নিশ্চয়ই আপনার পাশে এসে দাঁড়াব, কোন ভয় করবেন না।

**শ্রীরবীন মুখার্জি:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে বণিক সভাগুলি কয়েকবার প্রশংসাসূচক বক্তব্যের পরে ও এখন পর্যন্ত শিল্পের ক্ষেত্রে এই বণিকসভাগুলির মালিকগোষ্ঠী যারা আছে তারা আইনানুগ কাজ করছে না, শিল্পের ক্ষেত্রে ট্রাইব্যুনালের রায় আজ পর্যন্ত কার্যকরী করে নাই। এ সম্বন্ধে আপনি অবগত আছেন কি না যে এর জন্য শ্রমিকদের মধ্যে প্রচণ্ড অসন্তোষ দেখা দিয়েছে?

**শ্রীকৃষ্ণপদ বসু:** একথা সত্য।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** আপনি প্রথমে বললেন যে ইণ্ডাস্ট্রিয়েল রিলেশন খারাপ হয়েছে এ খবর আমার জানা নাই, এখন যদি আপনি স্বীকার করেন শিল্পক্ষেত্রে নানা জায়গায় মালিকরা গণ্ডগোল করছে, তাহলে কি এটাই বুঝা যায়, না যে ইণ্ডাস্ট্রিয়েল রিলেশন খারাপ হয়েছে?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** ইন্ডাস্ট্রিয়েল রিলেশন খারাপ কি ভাল আমি সে সম্বন্ধে কিছু বলিনি, স্পেসিফিক কোশ্চেন জিজ্ঞাসা করা হয়েছে

misgivings in the minds of industrialists and employment potential

আছে কি না এবং তার ফলে

employment potential steadily deteriorate

করেছে কিনা, আমি স্পেসিফিক প্রশ্নের জবাব দিয়েছি।

**শ্রীরবীন মুখার্জি:** মাননীয় মন্ত্রিমহাশয় অবগত আছেন কি যে অনেকগুলি খ্যাতনামা মালিকগোষ্ঠী পরিচালক কারখানার শ্রমিকদের বেতন মাসের পর মাস দিচ্ছেন না এবং বহু জায়গায় বহুক্ষেত্রে মালিকপক্ষ হিংসাত্মক কার্যাবলীতে নিযুক্ত হয়েছে, গুণ্ডা নিয়োগ করেছে, রিভলভার ইত্যাদি প্রয়োগ করে ভীতি প্রদর্শন করেছে, এই সম্পর্কে জানা আছে কি না?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** প্রথম অংশের কথাটা ঠিক, দ্বিতীয় অংশ সম্বন্ধে কিছু বলতে পাচ্ছি না।

**শ্রীনেপালচন্দ্র রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই যে বিভিন্ন কারখানায় একটা অস্বস্তিকর আবহাওয়ার দরুন বিভিন্ন শ্রমিকগোষ্ঠীর অসুবিধা বাড়ছে এবং তাদের মনের মধ্যে সিকিউরিটি অফ সার্ভিস আসছে না?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** আমার জানা নাই।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি, গত তিন মাসে এমপ্লয়মেন্ট পটেনসিয়াল কমা সম্বন্ধে কোন তথ্য জানতে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে কোন অনুসন্ধান করা হয়েছে কি?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** আমার ধারনা দুটি কথা মিক্স-আপ করা হয়েছে—একটা হচ্ছে স্ট্রাইক, লক-আউট দ্বারা টেম্পোরারি আইডিলনেস অফ দি ওয়ার্কার্স বেড়েছে কিনা আর একটি হচ্ছে এমপ্লয়মেন্ট পটেনসিয়াল নষ্ট হয়েছে কি না, এমপ্লয়মেন্ট পটেনসিয়াল সম্বন্ধে সরকারী দপ্তর থেকে যে তথ্য পাই তাতে এ ধরনের কোন রিপোর্ট নাই যে এমপ্লয়মেন্ট পটেনশিয়েল নষ্ট হয়েছে।

**Shri Siddhartha Shankar Ray:** While finding out whether the employment potential is steadily deteriorating or not did the Hon'ble Minister ascertain how many limited companies were registered in the State of West Bengal last month and whether that number was perhaps the lowest since the year 1958?

**Shri Krishnapada Ghosh:** Notice

দিলে এই তথ্য উপস্থিত করবো।

**Shri Siddhartha Shankar Ray:** Therefore, you did not enquire on this point. May I know whether the Hon'ble Minister did apply his mind to this aspect of the matter without deciding as to whether the employment potential was steadily deteriorating?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** আমি এই কথা বলেছি যে, এমপ্লয়মেন্ট পটেনশিয়েল কমে গেছে কিনা - এই ধরনের কোন তথ্য আমার দপ্তরে এখন পর্যন্ত নাই।

**Shri Siddhartha Sankar Roy :**
আমার প্রশ্ন ছিল এমপ্লয়মেন্ট পটেনশিয়েল কমে গেছে কি না এটা জানবার জন্য গত মাসে কত রেজিষ্ট্রি হয়েছে খোঁজ করেছিলেন ?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** এই প্রশ্নের ভেতর থেকে এটা আসে না। এখানে একটা স্পেসিফিক প্রশ্ন উত্থাপন করা হয়েছে--কোন এমপ্লয়মেন্ট পটেনশিয়াল নষ্ট হয়েছে কিনা; বাংলাদেশে বিগত কয়েক মাসে বা কয়েক বছরে এমপ্লয়মেন্ট পটেনশিয়াল নষ্ট হচ্ছে না আমি এ কথা বলিনি, আমি শুধু স্পেসিফিক প্রশ্নের জবাব দিচ্ছি ডিউ টু মিসগিভিংস। হচ্ছে বলে আমার কাছে কোন খবর নাই।

**Shri Siddhartha Sankar Roy:** Due to misgivings
এটা আমার প্রশ্নের ভেতর মন্ত্রিমহাশয় কোথায় পেলেন ? **প্রশ্ন হচ্ছে**
**Labour relation in West Bengal are still causing much misgiving in the mind of industrialists**

দুটি আলাদা অংশ আছে। একটার সঙ্গে আর একটা আপনি জড়িয়ে দিচ্ছেন কেন ? আপনি কি জানেন--গত মার্চ-এপ্রিল-মে-জুন মাসের পর মাস নূতন কর্মসংস্থান কতগুলি হয়েছে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জএর রিপোর্ট থেকে কি আপনি তা জানতে পারেন ?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** আমার সাবমিশান হচ্ছে এটা বক্তৃতা হচ্ছে, প্রশ্ন হচ্ছে না। স্পেসিফিক প্রশ্ন হলে আমি তার উত্তর দেব। আপনি যেটা বলছেন একটা আর একটা সাপ্লিমেন্টারী কন্সিকোয়েন্সিয়েল উত্থাপন করেছেন।

**Shri Siddhartha Sankar Roy :**
আমি একটি খুব গুরুত্বপূর্ণ প্রশ্ন করেছিলাম, কোন ঝগড়াঝাটি কিছু নয়। আমি জানতে চাচ্ছি এমপ্লয়মেন্ট পটেনশিয়েল সম্বন্ধে আপনি কি কোন রকম এনকোয়ারী করেছেন ? এমপ্লয়মেন্ট পটেনসিয়েল বেড়েছে কি কমেছে--এ সম্বন্ধে কোন রকম এনকোয়ারী করেছেন গত মাসে কয়টি কোম্পানী বাংলাদেশে রেজেস্ট্রি হয়েছে ?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** যে স্পেসিফিক প্রশ্ন এসেছে, তার থেকে এই প্রশ্ন আসে না।

**Shri Siddhartha Sankar Roy :**
আমি যে পয়েন্টে বলছি তা আপনার মতে ঠিক হচ্ছে না এই তো ? দেশে আজ ১৮ লক্ষ বেকার এমপ্লয়মেন্ট পটেনশিয়েলিটি কমে যাচ্ছে ডিটারিয়েট করছে, সেটা জানবার জন্য আপনি কি এই এনকোয়ারী করেছিলেন--নিউ ক্যাপিটাল ফরমেশান হচ্ছে কি না বাংলাদেশে ?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** মাননীয় সদস্য এটা বলতে চাই--উনি যদি স্পেসিফিক প্রশ্ন করবেন, আমি নিশ্চয়ই তার জবাব দেব। যে প্রশ্ন করা হয়েছে আমার কাছে তার ভেতর এটা আসে না।

[1-50—2 p.m.]

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** আমার প্রশ্নটা হচ্ছে যে বাংলাদেশে অ্যাট অল নিউ ক্যাপিটাল ফর্মড হয়েছে কি না সে সম্পর্কে কোন এনকোয়ারী করা হয়েছে কি?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** নোটিশ চাই। তা ছাড়া দিস ডাজ নট অ্যারাইজ।

**শ্রীঅজিত বিশ্বাস:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যে সমস্ত কারখানায় নন-ইমপ্লিমেন্টেশন অফ অ্যাওয়ার্ড হয়েছে সেই সমস্ত কারখানার অবাধ্য মালিকদের শিক্ষা দেবার জন্য আমাদের শ্রম দপ্তর থেকে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** যে স্পেসিফিক প্রশ্ন করা হয়েছে তাতে এ প্রশ্ন আসে না।

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** মাননীয় মন্ত্রিমহাশয় স্পেসিফিক্যালি বলবো কি যে এই আইন অমান্য করার জন্য কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা এবং যদি করা হয়ে থাকে কিভাবে করা হয়েছে?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** যে প্রশ্নটা করা হয়েছে সেটা হচ্ছে অ্যাবাউট মিসগিভিংস ইন দি মাইন্ড অফ দি ইন্ডাস্ট্রিয়ালিস্ট এবং তার কনসিকোয়েন্স হিসাবে এমপ্লয়মেন্ট পটেনশিয়াল নষ্ট হচ্ছে কি না। এর সাথে ট্রাইব্যুনালের অ্যাওয়ার্ড, তার ইমপ্লিমেন্টেশান, তার ভায়োলেসান, তার সম্বন্ধে কি স্টেপ নেওয়া হয়েছে এ প্রশ্ন অন্তর্ভুক্ত নয়।

**Shri Muhammed Khuda Buksh:** I rise on a point of order. On the substantive question a large number of supplementary questions have been asked. The question that was asked by my honourable friend Shri Siddhartha Shankar Ray was whether a particular aspect was considered by the Honourable Minister, viz., whether the formation of capital and registration of companies in a specific month which is the last month was the lowest in a number of years. The Minister said that the question was unrelated to the main question. Sir, I want your ruling as to whether this supplementary question does or does not arise out of the main question.

**Mr. Speaker:** That supplementary is not strictly relevant for the purpose of answering the present question.

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী:** মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে বিগ ক্যাপিটাল তারা বাংলাদেশে নতুন কোম্পানী ফ্লয়েট করা বা ইনভেস্টমেন্ট-এর বিরুদ্ধে কোন কন্সপিরেসী করছেন, এ সম্পর্কে কোন তথ্য তাঁর কাছে আছে কি?

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, আমার প্রশ্নটা যদি ইরেলেভেন্ট হয় তাহলে দিস কোশ্চেন ইজ অলসো আউট অফ অর্ডার।

**Mr. Speaker:** Mr. Bhaduri, please put your question again and let me hear it. I am sorry I could not follow your question.

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে বিগ ক্যাপিটাল তাদের পক্ষ থেকে বাংলাদেশের সব ইউনাইটেড ফ্রন্ট মিনিস্ট্রিকে ডিসক্রেডিট করার জন্য ক্যাপিটাল এখানে ইনভেস্টমেন্ট করছে না বলে একটা রটনা বা প্রচার চলেছে?

**Mr. Speaker:** Well I cannot say that the two questions are alike but he put it in a different way (Cries of 'shame' 'shame' from the Congress Bench)— I have allowed his question because you know that Mr. Bhaduri is disabled and he has put only one question. On that consideration I have given him this special privilege. I do not think the Leader of the Opposition will grudge the special privilege given to Shri Panchugopal Bhaduri.

**Shri Siddhartha Shankar Ray:** I have great respect for Shri Panchugopal Bhaduri. He is a very fine man of great intellect. I may not agree with him politically but it is not that. You have ruled my question as irrelevant. How can this question of Mr. Bhaduri be relevant? What is sauce for the gander must be sauce for the goose, otherwise this is discrimination. This is nothing with Panchu Gopal Bhaduri for whom I have great respect. I want to honour him in every possible way, but I do say, Sir, that what is sauce for the gander must be sauce for the goose.

**শ্রীকৃষ্ণগোপাল বসু:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিরোধীদলের নেতা, তিনি দয়া করে একটু শৃংখলাবদ্ধ হয়ে কাজ করুন। অধ্যক্ষ মহাশয়, তিনি এখানে দাঁড়িয়ে 'সেম' কথাটা ব্যবহার করেছেন, 'অধ্যক্ষ মহাশয়ের' রুলিং সম্পর্কে। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে তিনি এই সেম কথাটা ব্যবহার করতে পারেন না।

(Noise and interruptions)

**Shri Siddhartha Shankar Ray :** Sir, is the use of the word 'shame' parliamentary or unparliamentary. I can cite hundreds of examples of the expression 'shame, shame'. Sir, I want to know your ruling on the point as to whether the expression 'shame' is parliamentary or unparliamentary. If you give ruling that this is unparliamentary, we shall be again creating a history in this House.

**Shri Subodh Banerjee:** On a point of order, Sir. The Leader of the Opposition has used the expression 'shame, shame' not with respect to any particular matter. He has used the expression 'shame, shame' reflecting aspersions on the chair. This is definitely unparliamentary and that cannot be tolerated.

**Shri Siddhartha Shankar Ray:** No, I did not mean that.

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** মাননীয় স্পীকার মহাশয়, আমি মনে করি যে বিরোধী দলের নেতা শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় মহাশয় এবং কংগ্রেস দলের সদস্যবর্গ যখন 'ধিক ধিক' ধ্বনি বলেন সেটা চেয়ারের বিরুদ্ধে হয়েছে ইট ইজ এ ডিসরেসপেক্ট সোন টু দি চেয়ার। তাঁর এটা প্রত্যাহার করা উচিত। যদি তাঁরা প্রত্যাহার না করেন তাহলে তাঁদের এই হাউস থেকে বের করবার জন্য আমি অনুরোধ করছি।

**Mr. Speaker:** I would request you all not to make a row any further. I am quite competent to defend myself. I am grateful to all of you, but if the word 'shame' has been referred to in connection with the ruling, I would certainly object to it because today I am here, tomorrow any one of you may be here, and if it is a reflection on the chair that cannot be permitted to be made. I want to know from Mr. Siddhartha Ray whether he used the expression 'shame' in connection with my ruling.

**শ্রীবিজয় সিং নাহার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা রুলিং রিফ্লেকশান নয়, স্পীকারের রুলিং এর ব্যাপারে সেম বলা হয় নি। ও'দের দোষ জোর করে আপনার ঘাড়ে চাপিয়ে দিয়েছেন। যে সম্বন্ধেই হোক যখন কথা বলে আপনি অনুগ্রহ করে একটু ভাল করে শুনবেন। ও'দের এই ভুল কথা কোনরকম চলতে পারে না। আপনি রুলিং দিতে পারেন না। ও'রা উত্তর দিতে পারলেন না, তারই উপর সেম বলা হয়েছে।

(তুমুল হট্টগোল)

[2—2-10 p.m.]

**শ্রীযতীন চক্রবর্তী:** মাননীয় স্পীকার মহাশয়, আপনি মাননীয় বিরোধী দলের নেতাকে সরাসরি একটা প্রশ্ন করেছেন। আমাদের ভুল ধারনা থাকতে পারে, সব কিছু থাকতে পারে।

কিন্তু আপনি মাননীয় স্পীকার হিসাবে বিরোধী দলের নেতাকে জিজ্ঞাসা করেছেন—মাননীয় মন্ত্রী সুবোধবাবু যখন তাঁকে জিজ্ঞাসা করেন এবং এই পয়েন্ট অফ অর্ডার তোলেন যে তিনি শেম শেম কোন্ সম্পর্কে করেছেন, স্পীকারকে করেছেন না স্পীকারের রুলিং সম্পর্কে করেছেন। যদি রুলিং সম্পর্কে করে থাকেন তাহলে মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি মনে করি যেকথা মাননীয় মন্ত্রী কানাইলাল ভট্টাচার্য মহাশয় বলেছেন যে, তিনি সেটা প্রত্যাহার করে নিন, শুধু প্রত্যাহার নয় তাঁকে আপনার কাছে ক্ষমা চাওয়া উচিত এবং আশা করি ভেটারেন পার্লামেন্টারিয়ান হিসাবে যিনি দাবি করেন নিজেকে এবং বিরোধী দলের নেতা হিসাবে একটা মোস্ট অ্যান-ডিগনিফায়েড অ্যান্ড আন-বিকামিং অফ দি লিডার অফ দি অপোজিশন—সুতরাং তিনি আপনার কাছে ক্ষমা প্রার্থনা করুন এবং বলুন আপনার প্রতি তিনি কোন ডিসরেসপেক্ট দেখান নি।

**Shri A. K. M. Ishaque:** On a point of order, Sir............. ...

(Noise and interruptions)

**Mr. Speaker:** I never moved anything out of my own. Honourable members and Hon'ble Minister brought it to my notice in the open House that an aspersion has been made so far as the Speaker is concerned. So I took up that matter. Now, I only wanted to know whether it was a fact or not. If no aspersion was made, there would have been end of that matter and if any aspersion was made that question cannot be answered by any one except Mr. Siddhartha Shankar Ray.

**Shri Siddhartha Shankar Ray:** Sir, you are the Speaker, you are sitting there, do you think that I cast any aspersion on you? (Noise and interruptions) Sir, I insist on a calm hearing, I want to be heard calmly and patiently, otherwise I am helpless. (Noise and interruptions) Sir, may I .... ...... ...

**Mr. Speaker:** Mr. Ray, we are in the best of terms. It is not a question of personal regard or affection, but I only want to know the simple fact whether anything was said against the Speaker.

**Shri Siddhartha Shankar Ray:** Mr. Speaker, Sir, if I am given a calm hearing, I shall ask you to deal with this matter calmly and a bit patiently. There is no dispute about it. It did not strike you that we were casting any aspersion on you. We were shaming the Treasury Benches, we were saying that they deserve a shame for not giving answers to questions which have been put. But, Sir, my point is this. If at any time you think. ....(noise) ..... Sir, somebody is saying that I am lying—I want your protection—somebody said that I am lying. Is that parliamentary ?

**Mr. Speaker:** Honourable members, please keep quiet.

**Shri Siddhartha Shankar Ray:** Mr. Speaker, Sir, there is another aspect of this question. If you think that any honourable member here has cast any reflection on the Chair or has behaved in an unparliamentary manner or has used vulgur or rude words, it is you, Sir, and you alone who will deal with the matter, not at the suggestions of Ministers here however important they may be, not at the dictates of Ministers. I hope nobody will say that the Speaker here is tied to the apron strings of the Executive Govt. and I shall not say that. Therefore I ask you. I implore upon you to maintain the tradition, the tradition of the great Chair. I know you will do it. In spite of what these people may try to do I hope you will never become tied up to the apron strings of this executive government. You have protected our privileges, you have protected our rights and we want that protection for ever. Members of the Treasury Benches are talking aloud.

**Mr. Speaker:** Mr. Ray, I want to know whether you have said "shame" in connection with my ruling or was it any reflection? I do not know myself, so I want to know from you.

**Shri Siddhartha Shankar Ray:** I have already answered this. I refuse to give answers at the dictate of Ministers. I am not to be cross-examined here.

**Mr. Speaker:** You need not. I want to know whether you have referred it in connection with the ruling of the Speaker or not.

**Shri Siddhartha Shankar Ray:** I have told you what I have said.

**Mr. Speaker:** You are to say openly and frankly that you have not shown any disrespect to the Chair.

(At this stage the Hon'ble Land and Land Revenue Minister Shri Hare Krishna Konar rose to speak.)

**Shri Siddhartha Shankar Ray:** Ask the Ministers to keep quiet, these hooligans...............

(Noise and interruptions)

**Mr. Speaker :**

আপনারা যদি সবাই একসঙ্গে কথা বলেন আমি কি করব?

[2-10—2-20 p.m.]

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** স্যার, আপনি আমাকে একটা প্রশ্ন করলেন, আমি সেই প্রশ্নের উত্তর দিতে যাচ্ছি তখন মাননীয় মন্ত্রী শ্রীহরেকৃষ্ণ কোঙার.......................(গোলমাল)..............

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** মাননীয় স্পীকার মহাশয়, বিরোধী দলের নেতা শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় মহাশয় তিনি গুটিকয়েক কথা বললেন। তার কথার সত্যতা সম্বন্ধে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। কারণ হাউসের মধ্যে এতগুলি লোক আছে। কংগ্রেস বেঞ্চ থেকে আপনার রুলিং-এর উপর সেম সেম ধ্বনি দিয়েছে। এখন যদি সেটা তারা অস্বীকার করে তাহলে বলার কিছু নেই। আমরা মনে করি যে, এটা উইথড্র করার সামিল, তারা উইথড্র করে নিয়েছে, কিন্তু একটা কথা সিদ্ধার্থবাবু বললেন যে, এই ব্যাপারে আপনাকে দৃষ্টি আকর্ষণ করিয়ে দেবার অধিকার আমাদের নেই। আমি মনে করি বিধানসভার একজন সদস্য হিসাবে চেয়ারম্যানের উপর যদি হস্তক্ষেপ করা হয়, তাহলে আমরা সহ্য করবো না। ................(গোলমাল).. ..... .........

**শ্রী এ কে এম ইশাক:**

Sir, is he on a point of order?

(গোলমাল)

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** আই এম অন এ পয়েন্ট অফ অর্ডার সেটা হচ্ছে সিদ্ধার্থবাবু যে প্রশ্নটা তুলেছেন, যে স্পীকার মহাশয়, সেম সেম তাঁকে বলা হয়েছিল কিনা সেটা বলবার অধিকার শুধু তার আমাদের কারোর কোন অধিকার নেই।

(গোলমাল)

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** আপনি আমাকে জিজ্ঞাসা করেছেন যে, স্পীকার-এর উপর এসপারশন হয়েছে কিনা,

I was again going to answer it. When I got up I said, "I want to say something in a calm and quiet atmosphere." Then the Hon'ble Minister, Shri Hare Krishna Konar got up and said in Bengali,

"পিটিয়ে লাশ করে দেব।"

(গোলমাল)

**শ্রীযতীন চক্রবর্তী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সিদ্ধার্থবাবুকে একটা কথা জিজ্ঞাসা করছি, সিদ্ধার্থবাবু বলেছেন যে, হরেকৃষ্ণবাবু নাকি একটা কথা বলেছেন, সেই হরেকৃষ্ণবাবুর কথা সম্পর্কে তারা আপত্তি করেছেন।

আমি মাননীয় বিরোধীদলের নেতার কাছে জানতে চাচ্ছি যে তিনি আমাদের সম্পর্কে হুলিগ্যান ব্যবহার করেছেন কিনা?

(তুমুল হট্টগোল)

**মিঃ স্পীকারঃ** আমি আপনাদের অনুরোধ করছি এই হাউস আপনাদের সকলকার .... ......

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** স্যার, আমি যখন বক্তৃতা দিচ্ছিলাম তখন খুব চেঁচামিচি হচ্ছিল— I did say that I seek your protection from hooliganism.
এটা যদি আন-পার্লামেন্টারী হয় তাহলে রুল ইট আউট কিন্তু আপনি ওঁকে জিজ্ঞাসা করবেন উনি একথা বলেছেন কিনা। আপনি আমাকে জিজ্ঞাসা করেছেন, আমি বলে দিয়েছি। এখন আপনি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করুন।

**মিঃ স্পীকারঃ** শুনুন আমি বলছি এই হাউস আমাদের, আপনাদের, ওঁদের সকলকার। এখন যদি কোন হিটের মাথায় কেউ কোন কথা বলে থাকেন যে, জিনিসটা অন্যায় তাহলে সেটা নিশ্চয় প্রত্যাহার করে নেয়া উচিত। কারণ আমরা এখানে কারো মনে কষ্ট দিয়ে রাগারাগি করবার জন্য আসিনি। এখানে দুটো কথা উঠেছে—একটা আপনি বললেন, আর উনি বলছেন আপনি হুলিগ্যান বলেছেন, আপনি নাকি আমাকে রিফ্লেকশন করেছেন। যাহোক আপনি বলছেন যে না করি নি, চুকে গেল। আমি সব কথা তো শুনতে পাই না, এত চেঁচামেচি হয় বলে। আপনি বলছেন যে উনি মার দেব বলেছেন—এজন্য রাগারাগি করছেন। এখন হরেকৃষ্ণবাবু আপনি গরম না হয়ে আস্তে আস্তে বলুন।

**শ্রীহরেকৃষ্ণ কোনারঃ** অধ্যক্ষ মহাশয়, আমি চুপ করে বসে অনেকক্ষণ শুনছিলাম। ওঁরা আমাকে সেম সেম বললেন—আমাদের বন্ধুরা চিৎকার করতে আরম্ভ করলেন। আমি মনে মনে ভাবছিলাম যাদের নিজেদের ডিগনিটি নেই তাদের কাছ থেকে ডিগনিটি আশা করে লাভ কি আছে। (তুমুল হট্টগোল)

**শ্রীবিজয় সিং নাহারঃ** স্যার একজন দায়িত্বশীল মন্ত্রী যদি এরকম কথা বলেন তাহলে ওর কথা শুনে লাভ কি। উনি আগে ক্ষমা চেয়ে নিন। আমরা এখানে ঐসব চুপচাপ করে শুনবার জন্য আসিনি।

[2-20—2-30 p.m.]

**মিঃ স্পীকারঃ** হরেকৃষ্ণবাবু আপনি কোন রিফ্লেকশন অন দি অনারেবল মেম্বার-এর উপর করবেন না এবং এটা কারুরই করা উচিত নয়।

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** আমি আরো আগে এগিয়ে গিয়ে বলছি যে আমি কথাটা প্রত্যাহার করে নিলাম। আমি শুধু বসে ভাবছিলাম যে, যাদের মনের উপর ধারনা নেই তাদের কোন দোষ নেই।

(নয়েজ)

**শ্রীবিজয় সিং নাহারঃ** মনের ভেতরে রেখে দিয়েছেন যে আমি গুণ্ডামী করবো, মারামারি করবো, এটা কি জিনিস? উনি আপনার সামনেই বলেছেন যে ওঁর মনের মধ্যেই আছে যে, চামড়া তুলে নেব।

**মিঃ স্পীকারঃ** আমি আপনাদের অনুরোধ করছি আপনারা দয়া করে চুপ করুন।

**শ্রীহরেকৃষ্ণ কোনারঃ** আমি বিনা সর্তে কথাটা প্রত্যাহার করে নিলাম, যখন সিদ্ধার্থবাবু হুলিগ্যান কথাটা বললেন, তখন আমি বলেছি যে, আপনারা নির্বাচনে মার খেয়েছেন, বাংলাদেশের লোক আপনাদের পিটিয়ে ছাল ছাড়িয়ে দেবে।

**মিঃ স্পীকারঃ** আপনি বাংলার লোকের কথা বলেছেন, আপনি এঁদের উপর কোন রিফ্লেকশান করেন নি?

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** উনি যখন হুলিগান বলেছেন তখন আমি বলছি, বাংলার লোকে পিটিয়ে ছাল ছাড়িয়ে নেবে।

**শ্রীসিম্ধার্থশঙ্কর রায়:** আপনি যদি এরূপ ভায়ওলেন্স-এর প্রোটেকশান না দিতে পারেন তাহলে বলুন দিতে পারছেন না।

**মিঃ স্পীকার:** আপনার এরূপে ব্যারিস্টারি আমি বুঝি।

**শ্রীসিম্ধার্থশঙ্কর রায়:** *আপনি কি করছেন খেয়াল আছে? আপনি প্রোটেশান সম্বন্ধে আন-পার্লামেন্ট্রি ল্যাংগোয়েজ দিতে পারছেন না।*

**মিঃ স্পীকার:** এসব বলে কিছু লাভ নাই। আমি বলছি কোন অনারেবল মেম্বার যদি রিফ্রেকশান করে থাকেন তাহলে তিনি উইথড্র করুন। এখানে তিনি বাংলাদেশের মানুষ বলেছেন।

**শ্রীবিজয় সিং নাহার:** অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ, স্যার, এই হাউসে মাননীয় মন্ত্রী হরে কৃষ্ণবাবু এখানে যাতে সাধারণ মানুষ ভাওলেন্স করে সে প্ররোচনা দিয়েছেন। তিনি বলেছেন বাংলার মানুষ কংগ্রেসীদের যেন ছাল ছিড়ে দেয়। ট্রেজারী বেঞ্চ থেকে তিনি এরকম প্ররোচনা দিয়েছেন যে, তোমরা গিয়ে কংগ্রেসীদের মার। এরকম হাউসের মধ্যে যে উস্কানী দিচ্ছেন, আপনি স্পীকার হিসাবে তার কি ব্যবস্থা নিচ্ছেন?

**মিঃ স্পীকার:** আমি আপনাদের ফুল প্রোটেকশান হাউসে দেবার চেষ্টা করবো।

(নয়েজ)

**শ্রীবিজয় সিং নাহার:** স্যার, ইট ইজ এ ভেরি সিরিয়াস ম্যাটার, বাংলাদেশের মানুষকে ভাওলেন্সের কথা উনি বলেছেন এই হাউসের মধ্যে এটা যদি আপনি স্পীকার হিসাবে না দেখেন তাহলে জিনিসটা খারাপ হচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি মন্ত্রীদের ভয় করেন না। কিন্তু এই হাউসে দাঁড়িয়ে যদি কোন মন্ত্রী জনসাধারণকে উস্কানী দেন তাহলে সেটা আপনি কিভাবে বিচার করবেন?

**মিঃ স্পীকার:** আপনি বসুন, আমি দেখছি।

**শ্রীবিজয় সিং নাহার:** যদি কোন মন্ত্রী বাইরে সিভিল ওয়ারের কথা বলেন তাহলে আপনি এই হাউসে দাঁড়িয়ে তার জন্য কি ব্যবস্থা করবেন সেটা আমি আপনার কাছ থেকে জানতে চাই। বিধানসভা কক্ষে দাঁড়িয়ে উনি সিভিল ওয়ারের কথা বলছেন কেন?

**শ্রীপীযূষকান্তি মুখার্জী:** স্যার, উনি মন্ত্রীত্বের সুযোগ নিয়ে এই যে দাংগা বাঁধাবার চেষ্টা করছেন এটা স্ট্রং হ্যান্ডে দেখা দরকার।

**শ্রীসিম্ধার্থশঙ্কর রায়:** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা প্রশ্ন বিনীতভাবে জিজ্ঞাসা করছি। আমি মন্ত্রিমহাশয়ের উক্তি নিয়ে আপনার প্রোটেকশন চাইছি। মন্ত্রিমহাশয়ের উক্তি ছিল ইনসাইটমেন্ট টু ভায়োলেন্স। কিন্তু এর উপর আপনার ইন্টারপ্রেটেশন দেখতে পাচ্ছি এটা ইনসাইটমেন্ট টু ভায়োলেন্স হচ্ছে না। তাহলে আমরা দেখছি কি? আমরা দেখছি আপনি আমাদের প্রোটেকশন দিতে পারলেন না এবং আমি যখন বললাম তখন আপনি আমাকে বললেন ব্যারিস্টারী চাল এখানে চালবেন না। আমি জানতে চাই এটা কি বলা আপনার পক্ষে উচিত হয়েছে?

**মিঃ স্পীকার:** আমি বলেছি আপনি ব্যারিস্টার, আপনার মত আমি পারবনা। যাহোক এখন কথা হচ্ছে দুপক্ষের কথা না শুনে কিছু বলতে পারছিনা। যা কিছু হোক না কেন আমাদের নিজেদের বসতে হবে। উনি বলছেন যে আমি হাউসের মেম্বারদের একথা বলিনি। আমি আমি বাংলাদেশের শান্তি রক্ষা করতে এখানে বসিনি। আমি আপনাদের রক্ষা করব এই এ্যাসুরেন্স দিয়েছি, দিচ্ছি এবং দেব। উনি বলছেন 'আমি ওঁদের বলিনি, আমি বলেছি

বাংলাদেশের মানুষ তাঁদের রক্ষা রাখবেনা'। আমি তাঁকে বলেছি বাংলাদেশের মানুষকে যদি ইনসাইটমেন্ট টু ভায়োলেন্স দিতে হয় তাহলে আপনি তা বাইরে গিয়ে দিতে পারেন, হাউসে কিছু বলবেননা।

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** আমি ও'দের নিশ্চিন্ত করতে পারি যে, আমি ওই কথাই বলেছি। তবে বাইরে পাবলিক মিটিং-এ কিন্তু আমি উল্টো কথাই বলি। আমি সেখানে বলি, ভগবান ও'দের করুণা কর, ও'রা যত অন্যায়ই করুক ও'দের গায়ে হাত দিওনা। স্যার, ও'রাই আপনার বাড়ীতে বোমা ফেলেছিল, আমরা ফেলিনি। আমরা জানি বাংলাদেশের মানুষকে নিয়ে কিভাবে চলতে হবে। ও'রা গুণ্ডামী করে, ও'রাই আপনার বাড়ীতে বোমা ফেলেছিল। তবে আমরা ব্যক্তিগতভাবে কাউকে পেটাব না, যা কিছু করব পলিটিক্যালি।

**শ্রীআবদুস সাত্তার:** স্যার, আপনি নিশ্চয়ই জানেন গত ৩ মাসে নিজেরা পরস্পর মারামারি করে ও'রা কি অবস্থায় এসেছে।

**শ্রীবিজয় সিং নাহার:** স্যার, আজকে ভূতের মুখে রাম নাম শুনলাম—অর্থাৎ হরেকৃষ্ণ কোঙার মহাশয় ভগবানের নাম করলেন।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** স্যার, আমি উভয় পক্ষের বক্তব্য শুনেছি। আমি দেখছি এই এ্যাটমোসফিয়ারে ধীরভাবে হাউসের কাজ করা সম্ভব নয়। হাউসে উত্তেজনা হয়েছে এবং হরেকৃষ্ণ কোঙার মহাশয় যে উস্কানি দিয়েছেন তাতে আমি মনে করি আমাদের হাউসের প্রিভিলেজ ক্ষুণ্ণ হয়েছে। এটা যখন কোশ্চেন অব প্রিভিলেজ তখন আমি মনে করি ইমিডিয়েটলি হাউস ১ ঘণ্টা বন্ধ করে এটা প্রিভিলেজ কমিটিতে রেফার করা হোক।

**মিঃ স্পীকার:** আমি হাউস এ্যাডজোর্ন করব না। এ্যাডজোর্নমেন্ট মোসন যেগুলো রয়েছে সেগুলি ডিসপোস অব করতে হবে।

## STARRED QUESTIONS

### (to which answers were laid on the table)

### Industrial Training Institute at Banjetia

*4. (Admitted question No. *103.)

**শ্রীসনৎকুমার রাহা:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) মুর্শিদাবাদ জেলার বহরমপুর থানায় আই টি আই যাহা বানজেঠিয়ায় অবস্থিত তাহা কবে হইতে চালু হইয়াছে,

(খ) এই বিদ্যায়তনের জন্য ১৯৬৮-৬৯ সাল পর্যন্ত কত টাকা কেন্দ্রীয় সরকার এবং কত টাকা রাজ্য সরকার ব্যয় করিয়াছেন,

(গ) বর্তমানে উক্ত বিদ্যায়তনের ছাত্র সংখ্যা কত; এবং

(ঘ) কতজন শিক্ষক ও অশিক্ষক কর্মচারী নিযুক্ত আছেন?

**Minister for Commerce and Industries:**

(ক) আই টি আই বহরমপুর ১৯৬৮ সালের ১লা আগস্ট হইতে বানজেঠিয়ায় চালু হইয়াছে। তৎপূর্বে উক্ত আই টি আই কল্যাণীতে 'গেস্ট ইনস্টিটিউট' হিসাবে ১৯৬৩ সালের ১লা আগস্ট চালু হইয়াছিল।

(খ) কেন্দ্রীয় সরকার—১০,৬৬,৮৪৪ টাকা, রাজ্য সরকার—৭,১১,২২৯ টাকা।

(গ) ৪৮ টি।

(ঘ) শিক্ষক ১০ জন, অশিক্ষক ১৭ জন (তন্মধ্যে চতুর্থ শ্রেণীর কর্মচারীর সংখ্যা ১২ জন)।

## Rise in price of rice and paddy

*5. (Admitted question No. *243.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, সম্প্রতি ধান ও চাউলের দাম ক্রমশ ঊর্ধ্বমুখী হইতেছে; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**Minister for Food and Supplies:**

(ক) হ্যাঁ।

(খ) খাদ্যদ্রব্যের মূল্যবৃদ্ধি রোধ করার জন্য সরকার নিম্নলিখিত ব্যবস্থা অবলম্বন করিয়াছেন—

(১) গত মে মাসের শেষ সপ্তাহ হইতে সমস্ত বিধিবদ্ধ রেশন এলাকায় সাপ্তাহিক চাউলের বরাদ্দ ১০০ গ্রাম বাড়াইয়া ৮৫০ গ্রাম হইতে ৯৫০ গ্রাম (প্রাপ্তবয়স্ক পিছু) করা হইয়াছে।

(২) বৃহত্তর কলিকাতা বিধিবদ্ধ রেশন এলাকার পার্শ্ববর্তী অঞ্চলের প্রায় পাঁচ লক্ষ অধিবাসীকেও বর্ধিত হারে খাদ্যদ্রব্য সরবরাহ করা হইতেছে। এখানে প্রাপ্তবয়স্কের জন্য সাপ্তাহিক রেশনের হার ৬৫০ গ্রাম চাউল ও ১০০০ গ্রাম গম হইতে বর্ধিত করিয়া ৭৫০ গ্রাম চাউল ও ১২৫০ গ্রাম গম করা হইয়াছে।

(৩) আংশিক রেশন এলাকার সমস্ত শহরাঞ্চলের সমগ্র অধিবাসীকে সপ্তাহে ৫০০ গ্রাম চাউল ও ১২৫০ গ্রাম গম (প্রাপ্তবয়স্কের হার) দেওয়া হইতেছে। উদ্বৃত্ত জেলার ঘাটতি এলাকার ও ঘাটতি জেলাগুলির গ্রামাঞ্চলে 'ক' ও 'খ' শ্রেণীর কার্ড হোল্ডারদের জন্য বরাদ্দ করা হইয়াছে সপ্তাহে ৫০০ গ্রাম চাউল ও ১০০০ গ্রাম গম।

এ ছাড়া অন্যান্য শ্রেণীর কার্ডহোল্ডারদের প্রাপ্তবয়স্কের হিসাবে সপ্তাহে মাথাপিছু এক কিলো -ম, দেওয়ার ব্যবস্থা করা হইয়াছে।

উপরন্তু সর্বত্রই পাউরুটীর সরবরাহ অনেক বাড়ানো হইয়াছে।

(৩) (ক) বিধিবদ্ধ ও সংশোধিত রেশন ব্যবস্থার মাধ্যমে এখন মোট প্রায় ২ কোটি ৪০ লক্ষ লোক রেশন পাইতেছে। প্রয়োজন হইলে রেশন ব্যবস্থার আরও সম্প্রসারণ করা হইবে।

(৪) উত্তর ভারতের যে-কোন রাজ্য হইতে গম ও গমজাত দ্রব্য এখন অবাধে পশ্চিমবঙ্গের বিধিবদ্ধ রেশন এলাকার বাহিরে যে-কোন স্থানে আসিতে পারে। চাউল ছাড়া অন্যান্য তন্ডুল জাতীয় খাদ্যদ্রব্যও ভারতের বিভিন্ন রাজ্য হইতে এই রাজ্যে অবাধে আনা যায়। সরকার এইসব খাদ্যদ্রব্য আমদানী করিতে ব্যবসায়ীদের উৎসাহিত করিয়াছেন।

(৫) প্রতি জেলায়, মহকুমায়, ব্লকে ও অঞ্চলে প্রতিটি সক্রিয় রাজনৈতিক দলের সদস্য, আইন-সভার সদস্য, জেলাপ্রশাসন কর্তৃপক্ষ ও জনপ্রতিনিধি লইয়া খাদ্য ও ত্রাণ কমিটি গঠন করা হইয়াছে। এই কমিটিগুলিকে মজুত উদ্ধার, খাদ্য সংগ্রহ, সুষ্ঠু বণ্টন, সরকারের খাদ্য নীতি রূপায়িত করা ইত্যাদি ব্যাপারে সক্রিয় অংশ ও দায়িত্ব গ্রহণ করিতে বলা হইয়াছে।

(৬) যেখানে যেখানে কর্ডন ব্যবস্থা চালু আছে, সেখানেই তাহা দৃঢ়তর করিবার নির্দেশ দেওয়া হইয়াছে।

(৭) জেলা প্রশাসন ও পুলিশ কর্তৃপক্ষকে চাউলকল মালিক এবং পাইকারী চাউল ব্যবসায়ী ও ফাড়িয়াদের উপর তীক্ষ্ণ দৃষ্টি রাখিতে বলা হইয়াছে এবং অসাধু ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা লইতে বলা হইয়াছে।

(৮) যে সমস্ত বড় চাষী সংগত কারণ ব্যতিরেকে লেভির ধান সরকারের কাছে বিক্রয় করে নাই, তাহাদের বিরুদ্ধে মামলা দায়ের করিতে এবং তাহাদের মজুত আটক করিতে কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হইয়াছে।

(৯) উৎপাদক অন্যান্য মজুতদারের নিকট হইতে তাহাদের প্রয়োজনাতিরিক্ত ধান ও চাউল রিকুইজিশন করিয়া লইতে সংশ্লিষ্ট জেলা শাসকগণকে বলা হইয়াছে।

(১০) উদ্বৃত্ত জেলাগুলির চাউল কলের লেভিমুক্ত চাউলের সবটাই অনুমোদিত পাইকার মারফত ঘাটতি জেলাগুলিতে আনিয়া (এবং কিয়দংশ নিজ জেলাতেই) নির্দিষ্ট খুচরা ব্যবসায়ীদেব মাধ্যমে ন্যায্য মূল্যে জনসাধারণকে বিক্রয় করার ব্যবস্থা করা হইয়াছে।

(১১) নেপাল হইতে পশ্চিমবঙ্গের চাউল আমদানী করিবার জন্য অনুমোদিত ব্যবসায়ীদের সর্বপ্রকার সুযোগ সুবিধা দেওয়া হইয়াছে।

উড়িষ্যা হইতেও মনোনীত ব্যবসায়ীদের মাধ্যমে কিছু চাউল আনার ব্যবস্থা করা হইয়াছে এবং আরও চাল আনারও চেষ্টা করা হইতেছে।

(১২) এই সকল ব্যবস্থা গ্রহণের ফলে চাউলের দামের ঊর্ধ্বগতি রোধ পাইয়াছে এবং কয়েক স্থানে কিছু কমিয়াও গিয়াছে।

### One food zone for Nadia and Burdwan

***6.** (Admitted question No. *319.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) নদীয়া ও বর্ধমান এই দুই জেলা নিয়ে একটি খাদ্যঅঞ্চল গঠনের কথা মাননীয় মন্ত্রিমহাশয় বিবেচনা করছেন কিনা; এবং

(খ) লাইসেন্সপ্রাপ্ত খুচরা চাউল বিক্রেতাদের চাউল সরবরাহ বা বিক্রয় বন্ধ করা সম্পর্কিত সিদ্ধান্তের কারণ কি?

**Minister for Food and Supplies:**

(ক) এইরূপ কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন নাই।

(খ) খুচরা চাউল ব্যবসায়ীদের রেজিস্ট্রেশন সার্টিফিকেট দেওয়া হয়, লাইসেন্স নয়। রেজিস্ট্রীকৃত খুচরা চাউল বিক্রেতাদের চাউল সরবরাহ পাইবার ও বিক্রয় করিবার যে নিয়ন্ত্রিত অধিকার আছে, তাহা প্রত্যাহার করিবার কোন সিদ্ধান্ত সরকার গ্রহণ করেন নাই।

### Agro-Industrial Centre for the Chanditala area

***7.** (Admitted question No. *364.) **Shri MOHAMED ABDUL LATIF:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development (Agro-Industries) Department be pleased to state—

(a) if the Government is considering the desirability of starting any ago-industrial centre in the Chanditala area of the Hooghly district to relieve the acute unemployment pressure; and

(b) if so, whether any scheme for the purpose has been framed?

**Minister for Agriculture and Community Development:** (a) No.

(b) Does not arise.

### Unemployment due to strikes and lock-outs

*8. (Admitted question No. *365.) **Shri GYAN SINGH SOHANPAL:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) if the Government has any statistics regarding the number of persons who have lost their jobs in the State due to strikes and/or lock-outs in factories during the last four months;

(b) if so, number thereof, and

(c) what action the Government have taken or propose to take for their reinstatement or re-employment ?

**Minister for Labour:** (a) No such figures are available.

(b) Does not arise.

(c) Does not arise.

### Removal of the Statues of British rulers

*9. (Admitted question No. *12.)

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) কলিকাতা মহানগরীর বুকে ব্রিটিশ সাম্রাজ্যবাদের মহিমাজড়িত বিভিন্ন শাসকের কতকগুলি মূর্তি এখনও কেন অপসারিত করা হয় নাই; এবং

(খ) কতদিনের মধ্যে ঐ মূর্তিগুলি অপসারিত হইবে বলিয়া আশা করা যায়?

**Minister for Public Works:**

(ক) মূর্তিগুলি রাখিবার জন্য উপযুক্ত স্থান না পাওয়ায় উহাদের অপসারণ কার্য ত্বরান্বিত করা সম্ভবপর হয় নাই। কলিকাতা ময়দান, ইডেন উদ্যান ও বিধানসভা ভবন প্রাঙ্গণে সর্বসমেত ২৪টি বিদেশী শাসকের মূর্তি ছিল। উহাদের মধ্যে ১১টি অপসারিত হইয়াছে ও ৩টির অপসারণ কার্যে হাত দেওয়া হইয়াছে। বাকি ১০টি মূর্তি যথাসম্ভব শীঘ্র অপসারণের জন্যও প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করা হইতেছে।

(খ) সরকার কার্যটি দ্রুত সম্পন্ন করিবার জন্য যথাসাধ্য চেষ্টা করিতেছেন। তবে কার্য-সমাপ্তির কোন নির্দিষ্ট তারিখ (টার্গেট ডেট) ধার্য করা যাইতেছে না।

### Electrification of Khagraghat Railway Station, Berhampore

*10. (Admitted question No. *26.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বহরমপুরের খাগড়াঘাট রেল স্টেশনটি বিদ্যুতালোকিত করিবার জন্য পূর্ব রেল কর্তৃপক্ষ স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের নিকট বিদ্যুৎ সরবরাহের প্রস্তাব করিয়াছিলেন; এবং

(খ) সত্য হইলে, কবে ঐরূপ প্রস্তাব করা হইয়াছিল এবং এ বিষয়ে কতদূর অগ্রসর হইয়াছেন?

**Minister for Commerce and Industries:**

(ক) হ্যাঁ।

(খ) উল্লিখিত তারিখটি স্থানীয় অফিস হইতে সংগ্রহ করিতে হইবে বলিয়া সময় লাগিবে। তবে প্রস্তাবের উত্তরে বোর্ড ইতিমধ্যেই কত টাকা খরচ লাগিবে রেল কর্তৃপক্ষকে জানাইয়া দিয়াছেন এবং স্টেশনের চারিপাশের জায়গায় বৈদ্যুতিকরণের জন্য কাজকর্মাদি প্রায় সমাপ্তির পথে। নির্ধারিত খরচার টাকা রেল কর্তৃপক্ষের নিকট পাওয়া গেলেই বিদ্যুৎ সরবরাহ আরম্ভ করা হইবে।

### Representation from the Mohini Mills Ltd.

***11.** (Admitted question No. *37.) **Dr. NALINAKSHA SANYAL:** (a) Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state whether any representation has been received by Government from the Mohini Mills Ltd. inviting attention to the difficulties faced in running their mill No. 2 unit at Belghoria and praying for immediate assistance to avoid closure which would throw out of employment about 3,000 employees?

(b) If the reply to clause (a) be in the affirmative, will the Minister-in-charge be pleased to state what action has so far been or is proposed to be taken on the representation ?

**Minister for Commerce and Industries:** (a) Yes.

(b) The matter will be considered by Government on receipt of the final report of the Expert Committee for Textile Industry, West Bengal, set up by this Government, to whom the Mohini Mills Ltd. have submitted the details of their case.

### Beldanga Sugar Mill

***12.** (Admitted question No. *104.)

**শ্রীসনৎকুমার রাহা:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বেলডাঙ্গা চিনিকলটি চালু করার বিষয়ে সরকার এ পর্যন্ত কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**Minister for Commerce and Industries:**

বেলডাঙ্গা চিনিকলের মালিকানা সংক্রান্ত কয়েকটি বিষয় মহাধর্মাধিকরণ নিযুক্ত অবসায়কের বিবেচনাধীন আছে। এমতাবস্থায় ঐ চিনি কল চালু করার ব্যাপারে সরকারী প্রচেষ্টার কোনও প্রশ্ন উঠে না।

### New posts of Information Officer, Assistant Information Officer and Field Information Officer

***13.** (Admitted question No. *246.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় এবং শ্রীমতী নন্দরানী দল:** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ১৯৬৭ সালের নির্বাচনের কিছুদিন পূর্বে বিভিন্ন জেলায় ডিস্ট্রিক্ট ইনফরমেশন অফিসারের স্থলে (১) ইনফরমেশন অফিসার, (২) অ্যাসিস্ট্যান্ট ইনফরমেশন অফিসার, এবং (৩) ফিল্ড ইনফরমেশন অফিসার এই কয়েক প্রকার নামধারী পোস্ট তৈয়ারি করা হয় এবং কিছু নতুন ব্যক্তিকে চাকুরীতে বহাল করা হয়; এবং

(খ) উক্ত নবনিযুক্ত ব্যক্তিদের পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে চাকুরীতে বহাল করা হইয়াছিল কি?

**Minister for Information and Public Relations:**

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় ডিস্ট্রিক্ট ইনফরমেশন অফিসারের স্থলে অন্য অফিসারের পোস্ট সৃষ্টি করা হয় নি, ডিস্ট্রিক্ট ইনফরমেশন অফিসারের বর্তমান পদবীই ফিল্ড ইনফরমেশন অফিসার। এ ছাড়া ১৯৬৬ সালে প্রত্যেক জেলায় একজন করে ইনফরমেশন অফিসারের সৃষ্টি করা হয়েছে। মেদিনীপুর ও ২৪-পরগনা জেলায় ২টি মাত্র অ্যাসিস্ট্যান্ট ইনফরমেশন অফিসারের পদ আছে।

ইনফরমেশন অফিসার ও অ্যাসিস্ট্যান্ট ইনফরমেশন অফিসারের পদগুলি বিভাগীয় ও বহিরাগত প্রার্থীর দ্বারা পূরণ করা হয়েছে।

(খ) না।

**Preventive detention of black-marketeers, hoarders and adulterators**

***14.** (Admitted question No. *320.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান সরকার এ পর্যন্ত মোট কত চোরাকারবারী, মজুতদার, খাদ্যে ভেজালকারীকে রাজ্যে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাবলীর সরবরাহ ব্যবস্থা অব্যাহত রাখার জন্য নিবর্তনমূলক আইনে আটক করেছেন;

(খ) তাঁদের নাম ও টিকানা কি;

(গ) এই রাজ্যে মজুতদার ও চোরাকারবারীদের সমাজবিরোধী কার্যকলাপের মোকাবিলা করার জন্য বর্তমান সরকার গঠনের পর হতে এ পর্যন্ত কি কি ব্যবস্থা খাদ্য দপ্তর থেকে অনুমোদিত হয়েছে;

(ঘ) চাউল-কলের মালিকদের বিরুদ্ধে বর্তমান সরকারের আমলে কোন অভিযোগ খাদ্যমন্ত্রীর দপ্তরে এসেছে কিনা; এবং

(ঙ) যদি (ঘ) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে কি কি ব্যবস্থা তাদের বিরুদ্ধে গ্রহণ করা হয়েছে?

**Minister for Food and Supplies:**

(ক) বর্তমান সরকারের আমলে বিগত ২৮এ জুন পর্যন্ত ২৮ জন খাদ্য সম্পর্কিত আইন ভংগকারীকে নিবর্তনমূলক আইনে আটক করা হয়।

(খ) এতৎসংলগ্ন বিবরণীতে উল্লিখিত ২৮ জনের নাম ও ঠিকানা দেখান হইয়াছে।

(গ) খাদ্যদ্রব্যের মজুতদার ও চোরাকারবারীদের দমনের জন্য নিম্নলিখিত ব্যবস্থাগুলি অনুমোদিত বা অবলম্বিত হইয়াছে:—

(১) প্রতি জেলায়, মহকুমায়, ব্লকে ও অঞ্চলে প্রতিটি সক্রিয় রাজনৈতিক দলের সদস্য, বিধান মণ্ডলীর সদস্য, জেলা প্রশাসন কর্তৃপক্ষ ও জনপ্রতিনিধি লইয়া খাদ্য ও ত্রাণ কমিটি গঠিত হইয়াছে। এই সব কমিটিগুলিকে মজুত উদ্ধার, খাদ্য সংগ্রহ, সুষ্ঠু বণ্টন সরকারের খাদ্যনীতি রূপায়িত করা ইত্যাদি ব্যাপারে সক্রিয় অংশ ও দায়িত্ব গ্রহণ করিতে বলা হইয়াছে।

(২) যেখানে যেখানে কর্ডন ব্যবস্থা চালু আছে, সেখানেই তাহা দৃঢ়তর করিবার নির্দেশ দেওয়া হইয়াছে।

(৩) জেলা প্রশাসন ও পুলিশ কর্তৃপক্ষকে চাউলকল মালিক পাইকারী চাউল ব্যবসায়ী ও ফড়িয়াদের উপর তীক্ষ্ন দৃষ্টি রাখিতে বলা হইয়াছে।

(৪) যেসমস্ত বড় চাষী লেভির ধান সরকারকে বিক্রয় করে নাই, তাহাদের বিরুদ্ধে মামলা দায়ের করিতে এবং তাহাদের মজুত আটক করিতে জেলা কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হইয়াছে।

(৫) উৎপাদক ও অন্যান্য মজুতদারের নিকট হইতে তাহাদের প্রয়োজনাতিরিক্ত ধান ও চাউল রিকুইজিশন করিয়া আদায় করিতে সংশ্লিষ্ট জেলাশাসকগণকে বলা হইয়াছে।

(৬) উদ্বৃত্ত জেলাগুলির চাউলকলের লেভি-বহির্ভূত চাউল লইয়া যাহাতে কোন চোরাকারবার চলিতে না পারে, তজ্জন্য জেলাশাসক কর্তৃক অনুমোদিত পাইকার মারফত ঐ চাউলের সবটাই ঘাটতি জেলাগুলিতে আনিয়া অথবা নিজ জেলাতেই নির্দিষ্ট খুচরা ব্যবসায়ীদের মাধ্যমে ন্যায্যমূল্যে জনসাধারণকে বিক্রয় করিবার ব্যবস্থা করা হইয়াছে।

(ঘ) কোন কোন ক্ষেত্রে চাউলকল মালিকরা তাহাদের পূর্ব প্রতিশ্রুত দাম অপেক্ষা বেশী দাম লইতেছে এইরূপ অভিযোগ পাওয়া যায়।

(ঙ) চাউল কলগুলির লেভি-মুক্ত সমগ্র চাউলের বণ্টন নিয়ন্ত্রণাধীনে আনা হইয়াছে।

Names and addresses of the persons in the list referred to in reply to clause (Kha) of the Assembly Question No. *14.

1. Shri Shyamal Mondal, Kumirmari, police-station Basanti, district 24-Parganas.

2. Shri Balai alias Bhombal Ghosh, 5A Tikapara Lane, Dhakuria, police-station Jadavpore, district 24-Parganas.

3. Shri Kacha alias Kachar Ali Mondal, Lalpur, police-station Mathurapur, 24-Parganas.

4. Shri Amulya Chandra Naskar, Dhasa, police-station Jaynagar, district 24-Parganas.

5. Shri Krishna Das Kundu, Palbagan, Girish Ghosh Road, P.S. Naihati, district 24-Parganas.

6. Shri Alloo Shaw, Katadanga, Kankinara, P.S. Jagatdal, district 24-Parganas.

7. Shri Lalta Prosad, 96 Diamond Harbour Road and 16 Mondal Temple Lane, Calcutta.

8. Shri Mahabir Prasad Shaw, 3B and 3D Chetla Road, Calcutta.

9. Shri Shyamsundar Shaw, 76|1 Baghbazar Street, Calcutta.

10. Shri Gauranga Chandra Talukdar alias Gopal alias Anil, 65'6 Subhan Chowdhury Lane, Salkia, P.O Malipanchghora, district Howrah.

11. Shri Ram Nath Shaw, Raiganj Bazar, P.S. Sankrail, district Howrah.

12. Shri Madan Mohan Saha, Goalpore, P.S. Garbeta, district Midnapore.

13. Shri Sk. Pear Mohd., Banpur, P.S. Kotwali, district Midnapore.

14. Shri Nagendra Nath Paul, Aushbali, P.S. Chanditala, district Hooghly.

15. Shri Prasad Ch. Manna, Krishnarampur, P.S. Chanditala, district Hooghly.

16. Shri Abdul Kayam Asgar, P.S. Pandua, district Hooghly.

17. Shri Nurul Haque Mondal, Milki, P.S. Singoor, district Hooghly.

18. Shri Kartick Ch. Hazra, Dakshingachia, P.S. Jangipara, Hooghly.

19. Shri Fakir Ch.Paul, Patra, P.S. Pandua, district Hooghly.

20. Shri Sk. Manzoor Rahman Mondal, Palba, district Hooghly.

21. Shri Haradhan Saha, Jaynagore, P.S. Tarakeswar, Hooghly.

22. Shri Nimai Ch. Sarkar, Tarakeswar, district Hooghly.

23 Shri Sk. Masiar Rahman, Samspur, P.S. Pursurat, district Hooghly.

24. Shri Madan Das alias Nath, Dankuni, P.S. Chanditala, district Hooghly.

25. Shri Ranjit Sil, Chinsurah, district Hooghly.

26. Shri Monoranjan Ghosh, Jirat, P.S. Balagarh, district Hooghly.

27. Shri Surja Narayan Ghosh, Singoor, district Hooghly.

28. Shri Satya Narayan Ghosh, Singoor, district Hooghly.

N.B.—Persons named at serial numbers 14 to 23 and 26 in the list have since been released.

### Storing agents of Nabagram

*15. *(Admitted question No. *158.)* ***Shri* SANAT KUMAR RAHA:** Will the Minister-in-charge of the Food Department be pleased to state—

(a) how many storing agencies are functioning with or under the storing agent of Nabagram in the district of Murshidabad;

(b) whether this storing agent is also the clearing and carrying agent from railway wagons to godowns; and

(c) who was the Chief Inspector of those godowns on or before 10th December, 1968?

**Minister for Food and Supplies :** (a) Only one Storing Agent is functioning under the Food Corporation of India at Nabagram in the district of Murshidabad. The Storing Agent, Shri C. B. Lal, is also the Storing Agent of Domkal, Khagra and Khagraghat centres in Murshidabad.

(b) This Storing Agent, Shri C. B. Lal, is also the Clearing and Carrying Agent under the Food Corporation of India in respect of the route, Khagraghat Railway Station to Khagraghat godown of the Food Corporation.

(c) Shri Bijoy Kumar Majumdar.

### Release of Hindi and English pictures in cinema halls

***16.** (Admitted question No. *200.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত তিন বৎসরের প্রতি বৎসর রাজ্যের বিভিন্ন সিনেমা হলগুলিতে মোট কতগুলি নূতন হিন্দী ও ইংরেজী ছায়াচিত্র মুক্তিলাভ করিয়াছিল; এবং

(খ) ঐ একই সময়ে কত নূতন বাংলা ছায়াচিত্র প্রস্তুত হইয়াছিল ও প্রদর্শিত হইয়াছিল?

**Minister for Information and Public Relations :**

| (ক) | | হিন্দী | ইংরেজী |
|---|---|---|---|
| ১৯৬৬ | ... | ৮৪ | ১৫৫ |
| ১৯৬৭ | ... | ৭৯ | ১৪৩ |
| ১৯৬৮ | ... | ৪৭ | ১২৯ |

| (খ) | | প্রস্তুত হইয়াছিল | প্রদর্শিত হইয়াছিল |
|---|---|---|---|
| ১৯৬৬ | ... | ৩০ | ২৫ |
| ১৯৬৭ | ... | ২৫ | ২০ |
| ১৯৬৮ | ... | ২৯ | ১৭ |

## UNSTARRED QUESTIONS

### (to which written answers were laid on the Table)

### Irrigation from Bhandardaha Beel

**1.** (Admitted question No. 2.)

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) মুর্শিদাবাদ জেলায় ভাণ্ডারদহ বিলটিকে প্রবাহিত করিয়া সেচ ব্যবস্থার উন্নতিসাধনে সরকার কোন প্রকল্প গ্রহণ করিতেছেন কি, এবং

(খ) করিয়া থাকিলে কবে নাগাদ এ প্রকল্পের কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) ও (খ) পাট ও আউস ফসলের জন্য ভাণ্ডারদহ বিল হইতে পাম্পের সাহায্যে সেচের জল সরবরাহের ব্যবস্থা কৃষিবিভাগ করিতেছেন, সেচ ও জলপথ বিভাগের এ বিষয়ে কোন প্রকল্প নাই। কিন্তু এ বিষয়ে একটি বেসরকারী প্রস্তাব পরীক্ষা করিয়া দেখা হইতেছে।

### Unemployment

**2.** (Admitted question No. 19.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে বিভিন্ন কর্মকেন্দ্রে রেজেস্ট্রিভুক্ত ১৯৬৯-এর মে মাসের শেষে মোট (১) শিক্ষিত ও (২) অশিক্ষিত বেকারের সংখ্যা কত;

(খ) উহাদের মধ্যে কত (১) গ্রামের ও (২) শহরের; এবং

(গ) সরকার রাজ্যের বেকার সমস্যার দূরীকরণের জন্য কোন ব্যবস্থা অবলম্বন করিতেছেন কি?

**The Minister for Labour:**

(ক) ১৯৬৯ সালের মে মাসের শেষে রেজেস্ট্রিভুক্ত মোট বেকারের (শিক্ষিত ও অশিক্ষিত) সংখ্যা ৪,৪৮,১৩০। উক্ত সময় পর্যন্ত শিক্ষিত ও অশিক্ষিত বেকারের পৃথক তালিকা এখনও তৈয়ারী হয় নাই, তবে ১৯৬৮ সালের ডিসেম্বর মাসের শেষ পর্যন্ত রেজেস্ট্রিভুক্ত শিক্ষিত বেকারের (স্কুল ফাইন্যাল পাস ও তদূর্ধ্ব) সংখ্যা ছিল ১,৭০,৩২৯ জন ও অশিক্ষিত বেকারের সংখ্যা ছিল ২,৭৪,৪৮৪ জন।

(খ) গ্রামওয়ারী ও শহরওয়ারী হিসাবের সংখ্যা রাখা হয় না। ১৯৬৯ সালের মে মাসের শেষে রেজেস্ট্রিভুক্ত বেকারের জেলাওয়ারী হিসাব নিম্নে দেওয়া হইল—

(১) কলিকাতা—১,৬৩,১৬২।

(২) ২৪-পরগনা—৭৪,৮৫০।

(৩) হাওড়া—২৯,৪৪৯।

(৪) হুগলী—১৭,২৮৬।

(৫) বর্ধমান—৫৬,৩৬৪।

(৬) মেদিনীপুর—৩০,৪০৫।

(৭) বীরভূম—১১,৩০৭।

(৮) বাঁকুড়া—৭,৭৪৫।

(৯) পুরুলিয়া—৫,৪৬০।
(১০) নদীয়া—১২,৩২৯।
(১১) মুর্শিদাবাদ—৯,৯৫৪।
(১২) মালদা ও পশ্চিম দিনাজপুর—১১,১১০।
(১৩) কোচবিহার—৭,১২৪।
(১৪) জলপাইগুড়ি—২,৫৯৯।
(১৫) দার্জিলিঙ—৮,৯৮৯।

মোট—৪,৪৮,১৩৩

(গ) সরকার রাজ্যের বেকার সমস্যা সম্বন্ধে সম্পূর্ণ সচেতন। রাজ্যের শিল্পায়নের উন্নতি-সাধন না হইলে বেকার সমস্যার সন্তোষজনক সমাধান সম্ভব নহে। ধর্মঘট, লকআউট, ছাঁটাই প্রভৃতি সংক্রান্ত শিল্প বিরোধগুলি যথাসম্ভব সত্বর মীমাংসা করা হইতেছে এবং প্রত্যেক কল-কারখানায় কর্মসংস্থান ব্যবস্থা যাহাতে সঙ্কুচিত না হয় তাহার চেষ্টা চলিতেছে। পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রকল্পগুলির রূপায়ণের মাধ্যমেও কর্মসংস্থান প্রসারের চেষ্টা চলিতেছে।

**Bishnupur Beel**

**3.** (Admitted question No. 33.)

**শ্রীঅমলেন্দুলাল রায়:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) গত পাঁচ বছর যাবত রাজ্যসরকার মুর্শিদাবাদ জেলার বিষ্ণুপুর বিল সংস্কার করিবার জন্য কি পরিমাণ অর্থ ব্যয় করিয়াছেন;

(খ) এই বিল সংস্কারের উদ্দেশ্য কি ছিল; এবং

(গ) বর্তমানে বিলটি কি অবস্থায় আছে?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) সন ও ব্যয়ের পরিমাণ -

১৯৬৪-৬৫—৭,২২৮ টাকা।
১৯৬৫-৬৬—২,৬৯১ টাকা।
১৯৬৬-৬৭—৭,৬৯৩ টাকা।
১৯৬৭-৬৮—৮,৬৬৪ টাকা।
১৯৬৮-৬৯—৭,৩৭০ টাকা।

(খ) পলি অপসারণ ও বিলের মধ্য দিয়া জল প্রবাহিত করাইয়া বিলটির পুনরুদ্ধার করা।

(গ) বিলটি পুনরুদ্ধাব করা হইয়াছে। প্রতি বৎসর বিলটি পরিষ্কার (ফ্লাসিং) করা হইতেছে।

**Pisciculture in Bishnupur Beel, Murshidabad**

**4.** (Admitted question No. 34.)

**শ্রীঅমলেন্দুলাল রায়:** মৎস্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭ সাল হইতে মে মাস, ১৯৬৯ পর্যন্ত মৎস্যচাষের দরুন মুর্শিদাবাদ জেলায় বিষ্ণুপুর বিলে সরকারের কি পরিমাণ অর্থ ব্যয় হইয়াছে ও কি পরিমাণ অর্থ আদায় হইয়াছে;

(খ) এই মৎস্যচাষ ক্ষেত্রের মোট আয়তন বর্ষায় ও খরায় কত;

(গ) এই বিলের সংস্কারের জন্য ঐ সময়ের মধ্যে মৎস্যবিভাগ কোন অর্থ ব্যয় করিয়াছেন কি; এবং

(ঘ) এই মৎস্যাধারের উন্নয়নের জন্য সরকারের কোন স্কীম আছে কি?

**The Minister for Fisheries :**

(ক) বিষ্ণুপুর বিল ও হাতিখানা পুষ্করিণীদ্বয়ের উন্নয়ন ও মৎস্যচাষ একটি প্রকল্পের মাধ্যমে করা হইতেছে। ১৯৬৬ সালের ডিসেম্বর মাস হইতে ১৯৬৯ সালের মে মাস পর্যন্ত বিষ্ণুপুর বিলে মৎস্যচাষের (স্টাফ খরচা সহ) সরকারের ৫৩,৬৩০ টাকা ৮৭ পয়সা ব্যয় হইয়াছে। ঐ সময়ে মাছ বিক্রয় করিয়া মাত্র ১৬,৫৩২ টাকা ১৬ পয়সা পাওয়া গিয়াছে।

(খ) সেটেলমেন্ট রেকর্ড অনুযায়ী বিষ্ণুপুর বিলের আয়তন ৭৬·৪৩ একর। বর্ষাকালে উহার আয়তন আরও প্রায় ২০ একর বৃদ্ধি পায়।

(গ) হ্যাঁ, বিষ্ণুপুর বিল হইতে কচুরিপানা অপসারণ বাবত এ পর্যন্ত ৫,৯১৮ টাকা ৯০ পয়সা ব্যয় করা হইয়াছে।

(ঘ) প্রদত্ত তথ্যের পরিপ্রেক্ষিতে ইহা বুঝা যাইবে যে, একটি প্রকল্প এই মৎস্যাধারের উন্নয়নের জন্য চালু রহিয়াছে।

**Bhandardaha Fisheries Co-operative Society**

**5.** (Admitted question No. 102.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** সমবায়বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ভান্ডারদহ মৎস্যজীবী সমবায় সমিতি রেজিস্টারীকৃত হইয়াছে কিনা এবং হইয়া থাকিলে কবে হইয়াছে; এবং

(খ) উক্ত সমিতির মোট (১) সদস্য, এবং (২) এই সদস্যের মধ্যে মৎস্যজীবী কতজন?

**The Minister for Co-operation :**

(ক) না। ভান্ডারদহ মৎস্যজীবী সমিতি নামীয় কোন সমিতি রেজিস্টারী করার জন্য আবেদনপত্র বা আনুষঙ্গিক কাগজপত্র জেলার সমবায় দফতরে অদ্যাবধি আসে নাই।

(খ) (১) ও (২) প্রশ্ন উঠে না।

[2-30—2-40 p.m.]

**Point of Privilege**

**শ্রীআবদুস সাত্তারঃ**

I want to raise a question of privilege.

**মিঃ স্পীকারঃ** স্পীকারের রুলিং-এর উপর কোন প্রিভিলেজ হয় না, আমি আইন দেখেছি, সব বুঝেই বলেছি।

**শ্রীআবদুস সাত্তারঃ** আমি যে নোটিশ দিয়েছিলাম তার সারমর্ম আপনি দেখেছেন—গতকাল লীডার অব দি অপোজিশন একটা এডজোর্নমেন্ট মোশন এনেছিলেন, তাতে আপনি কনসেন্ট দেননি। কিন্তু এখানকার কনভেনশন হচ্ছে—ডেপুটি লীডার মাননীয় জ্যোতিবাবুও বলেছেন, আর এস পি নেতা নিখিলবাবুও বলেছেন এবং আরও অনেকে বলেছেন যে এখানকার কনভেনশন হচ্ছে যদি কোন অ্যাডজোর্নমেন্ট মোশনে কনসেন্ট না দেওয়া হয় তাহলে কনটেন্টস অফ দি অ্যাডজোর্নমেন্ট মোশন পড়তে দেওয়া হয়। এই কনভেনশন আছে এবং এটাই লং স্ট্যান্ডিং

কনভেনশন এবং সামটাইমস কনভেনশন সুপারসিডস ল কিন্তু আপনি রুলিং দিয়ে সেটা বন্ধ করেছেন। তাই আমি প্রিভিলেজ নোটিশ দিয়েছি, এই কারণেই দিয়েছি যে, যে কনভেনশন ছিল সেটা আপনি রুলিং দিয়ে বন্ধ করে দিয়েছেন। এই জিনিসটা প্লীজ রেফার টু দি কমিটি অফ প্রিভিলেজেজ কেন না এই হাউসের মেম্বারদের যে রাইট ছিল সেটা আপনি রুলিং দিয়ে বন্ধ করে দিয়েছেন।

**মিঃ স্পীকারঃ** আমি একটা নোটিশ অব মোশন পেয়েছি, আমি এটা রি-কনসিডার করতে পারি কিংবা এটা যদি পছন্দ না করেন নো-কনফিডেন্স দিতে পারেন। কিন্তু স্পীকার কোন রুলিং দিলে তার উপর প্রিভিলেজ হয় না। কোন স্পীকারের রুলিং-এর উপর প্রিভিলেজ যদি হতে থাকে তাহলে তাঁকে তাড়িয়ে দিন, এজনাই আমি এলাউ করিনি। এখন ঘটনাটা একটু বলি। কাল বিরোধী দলের নেতা সিদ্ধার্থবাবু কথা প্রসঙ্গে বলতে উঠে আরম্ভ করলেন বলতে, নিয়ম হচ্ছে স্পীকার উঠে বললে সকলেই উঠছে দেখছি, এটা ঠিক নয়। আমি এ্যাডজোর্ন মোশনটা কেয়ারফুলি দেখেছি, এ্যাডজোর্ন মোশনের কতকগুলি নিয়ম আছে, উনি অবশ্য আমার চেয়ে ভাল জানেন, ভাল আইনজ্ঞ, আমার বুদ্ধিতে যা কুলিয়েছে তাতে আমি দেখেছি এ্যাডজোর্ন-মেন্টের ধারামাফিক ওটা হয়নি, তাছাড়া ওটার ভিতর আমি মোশন দেখতে পাইনি। আমি দেখলাম তিন পাতা টাইপ করা একটা কাগজ তার মধ্যে অনেক রকম ঘটনা। সেজন্য আমি কনসেন্ট দিইনি, আর বাজেটের সময় এটা হলে ক্ষতি হয়, অনেকে বললেন এ সময় এ জিনিষ হয় না। (কংগ্রেস বেঞ্চ হতে একজন মাননীয় সদস্যঃ -কাল এসব বলেননি কেন?) কাল এত বুদ্ধি ছিল না, যাই হোক আমি সব দেখেছি। আমি এই এশিওরেন্স দিচ্ছি যে হাউসে যদি কোন কনভেনশন থাকে, আর এটা আছে যখন সবাই বলছেন, আমি কনভেনশনের অন্তরায় কোনদিন হব না। তবে কথা হচ্ছে এ্যাডজোর্ন মোশন দিলে এই বলা আছে যে কনভেনশন আছে পড়তে দিতে হবে কিন্তু ধরুন যদি সেই মোশন ঠিক আইনমত যদি না হয়, অন্য যা কিছু যদি তাতে লেখা থাকে তাহলেও কি পড়তে দিতে হবে? এ্যাডজোর্নমেন্ট মোশন পড়তে দিতে বাধা নাই। কিন্তু ওটা যা ছিল সেটা হচ্ছে একটা তিন পাতা টাইপ করা কাগজ।

সেটা আমি করতে দিইনি। আমি যখন কনসেন্ট রিফিউজ করেছি, আমি দেখলাম উনি যখন পড়ে যাচ্ছেন, তাহলে কি রকম হলো? আমি যে রকম দেখছি আমাদের রুলস অফ বিজিনেস যা ছিল--এটা ইচ্ছা করলে স্পীকার পড়তে পারবে। তাই ভেবেছিলাম পড়ে দেব। কনভেনশন-এর কথা যখন উঠলো আমি ভাবলাম সিদ্ধার্থবাবুকে ওটা পড়তে দেব। উনি যদি একটু ওটা রিভাইজ করেন তো ভাল। কিন্তু তার সুযোগ হলো না। যা হোক আমি এসিওরেন্স দিচ্ছি—কনভেনশন আমি ব্রেক করবো না আমি তা করিও না কনভেনশন অ্যান্ড রুলস অফ দি হাউস যা আছে সেই অনুযায়ী যদি হয়, তাহলে আমি তা পড়তে দেব। আর দ্বিতীয়তঃ আমি শুনেছি রুলস কমিটি কি নাকি বলছেন এই ব্যাপার নিয়ে আলাপ আলোচনা হচ্ছে পেন্ডিং ডিসিসান অফ দি রুল কমিটি কোন এ্যাডজোর্নমেন্ট মোশন এলে সেই সম্পর্কে যথারীতি নিয়মকানুন মেনে চলবো প্রোভাইডেড আইনে যে রকম লেখা আছে সেই অনুসারে যদি হয় এই আমার ইচ্ছে।

**Shri Abdus Sattar :**

স্যার, আমি আপনার কাছে রুল ৬৩ পয়েন্ট যেটা করছি। সেখানে দেখা যাবে আপনি যদি কনসেন্ট দেন আন্ডার রুল ৫৯

Or is of opinion that the matter proposed to be discussed is not in order, he may, if he thinks it necessary, read the notice of motion and state the reasons for refusing consent or holding the motion as being not in order.

স্যার, আপনি কালকে কনসেন্ট দেন নাই যখন বললেন, তখন আপনি নোটিশ পড়ে দিতে পারতেন। ইট ওয়াজ নট রেড আউট।

**Mr. Speaker:** I shall not allow any discussion on the Speaker's ruling in which I have examined everything in details.

না, আমি বলতে দেব না, কোন কিছু হতে দেব না—আমি এসিওরেন্স দিচ্ছি স্পীকারর্স রুলিং হ্যাজ গট টু বি ফলোড।

**Shri Abdus Sattar:**

স্যার, আমি যে প্রিভিলেজ নোটিশ দিয়েছি আপনার কাছে, আপনি বলেছেন দু রকম জিনিষ বলে গেছেন। খোদা বক্স সাহেব বলেছেন--

When an independent member, Mr. Khuda Buksh, drew Speaker's attention to the practice of reading a motion disallowed by the Speaker, Mr. Banerjee said that the new rule did not permit a member to read out his Adjournment Motion.

**Mr. Speaker:**

শুনুন, আমি আপনাকে বলেছি—

Don't place the Speaker under any cross-examination after he has given his ruling. Now please sit down.

**Shri Abdus Sattar:**

আমি আপনার কাছে একটা নিবেদন করবো। তাহলে কি এখন ধরে নেবো কালকে যে রুলিং দিয়েছিলেন বলছেন আপনি সেই রুলিং আপনি আজ চেঞ্জ করলেন?

**Mr. Speaker:**

আমি কিচ্ছু করিনি।

No, I have neither subtracted nor added anything to the ruling which I have given and I stick to every syllable of it.

**Shri Siddhartha Shankar Ray:**

তাহলে স্যার, ব্যাপারটা কি দাঁড়ালো কিছু বুঝতে পারছি না। আমি একটা এ্যাডজোর্নমেন্ট মোশন দিলে, আপনি যদি কনসেন্ট দেন, আমি সেই এ্যাডজোর্নমেন্ট মোশন-এর কনটেক্সটা পড়তে পারবো আপনি বললেন সেই এ্যাডজোর্নমেন্ট মোশনটা আইন অনুযায়ী হলে আমি পড়তে পারবো। আইন অনুযায়ী হলে তো আমি পড়তে পারবো তার মানে কি এই যে, কোন্ কোন্ এ্যাডজোর্নমেন্ট মোশন পড়া যাবে এবং কোন্ এ্যাডজোর্নমেন্ট মোশন পড়া যাবে না?

**Mr. Speaker:**

আপনাদের কনভেনশন আছে যে মোশন আপনারা দেবেন স্ট্রিকটলি সেটা মোশন-এর ফর্মে থাকলে পর আমি সেটা পড়তে দেব, কোন লেকচার দিতে দেব না।

[2-40—2-50 p.m.]

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** আমি যদি এক সেনটেনসে একটা মোশান দেই, তাহলে কি হবে? স্যার, আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি যে কোন ডেকোরাম থাকছে না, থাকবে কি করে? আমি বলছি ওদিকে ২ জন মন্ত্রী আপনার কানে কানে কি বলে এলেন, ঐ দেখুন স্যার, আবার যাচ্ছেন। এখন কথা হচ্ছে যে এইভাবে যদি চলে তাহলে তো হাউসের কোন কাজ চলতে পারে না। সেইজন্য আমি প্রস্তাব করছি যে আপনি হাউস এ্যাডজোর্ন করে আমাদের আপনার ঘরে ডাকুন, আমরা এমনভাবে ব্যবস্থা করি যাতে হাউস চলে।

**মিঃ স্পীকারঃ** আমি তাই করবো, তবে যে কাজটুকু বাকি আছে সেটা সেরে নিয়মমত তিনটার সময় আমি এ্যাডজোর্ন করবো।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** আমরা তিনটার সময় আসতে পারবো না। স্যার, কথাটা হচ্ছে এ্যাডজোর্নমেন্ট মোশানের উপর আপনি বললেন বক্তৃতার কথা.........

(গোলমাল)

**মিঃ স্পীকারঃ** আমি তো বলেছি তিনটার সময় এডজর্ন করবো, আপনি এখন বসুন।

**শ্রীসিদ্ধার্থ শংকর রায়ঃ**

Sir, am I not entitled to draw the exclusive attention of the Hon'ble Speaker?

**মিঃ স্পীকারঃ**

You are entitled to everything. Do whatever you like.

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** স্যার, আমার অনুরোধ আপনি এসব স্টপ করে হাউসের কাজ চালান। ওরা এই পদ্ধতিতে হাউসের কাজ অবস্ট্রাক্ট করছেন।

**শ্রীসিদ্ধার্থ শংকর রায়ঃ** কেউ অবসট্রাক্ট করছে না।

**মিঃ স্পীকারঃ** আপনাদের এবিষয়ে যা বলার বলে শেষ করে দিন, অনেক বলেছেন, আমাকে হাউসের অন্য বিজনেস করতে দিন।

**ডঃ কানাই লাল ভট্টাচার্য্যঃ** স্যার, স্পীকারের কনডাক্ট নিয়ে আলোচনা করার কোন অধিকার হাউসের কোন সদস্যের নেই,

unless and until he gives notice of a motion of no-confidence against the Speaker.

আমি মাননীয় বিরোধীদলের সদস্যদের এইটুকু বলব যে, যদি তাদের এতটুকু ডিসেন্সি এবং ডিকোরাম থাকে তাহলে স্পীকারের আসন নিয়ে আলোচনা তারা এখানে স্থগিত রাখবেন।

( গোলমাল )

**মিঃ স্পীকারঃ** দিস মাস্ট বি এনডেড নাউ

**শ্রীবিজয় সিং নাহারঃ** স্যার, আপনি যে রুলিং দিয়েছেন তাতে আমরা কি ধরে নেব বুঝতে পারছি না। আমরা এডজোর্নমেন্ট মোশান দিলে সেটা পড়বার অধিকারী আমরা হব কিনা?

( গোলমাল )

আপনি বললেন যে নিয়মের মধ্যে হলে আপনি এ্যালাউ করবেন। এখন যদি এক সেন্টেন্সের মধ্যে হয় বা এডজর্নমেন্ট মোশান লম্বা হয় অনেকগুলি রিসেন্ট ফ্যাক্ট দিয়ে হয় তাহলে আমরা সেটা পড়বার অধিকারী হব কিনা সেটা পরিষ্কার না হলে ভবিষ্যতে আমরা কি করবো তা বুঝতে পারছি না।

( গোলমাল )

**Mr. Speaker:** I will not allow any speech by anybody. I am going to deal with the adjournment motion.

**Shri Tarun Kanti Ghosh:** I rise on a point of order. Yesterday you expunged certain portion of Shri Siddhartha Shankar Ray's speech delivered here. Sir, kindly refer to rule 355(1) of the Rules of Procedure and Conduct of Business of this Assembly wherein it is stated, "If the Speaker is of opinion that words have been used in a debate which are vulgar or indecent, he may, in his discretion, order that such be expunged from the proceedings of the House." I just want to know whether he used any word which according to you was indecent or vulgar.

**Mr. Speaker:** He went on lecturing without taking my permission when I was on my legs and even when I asked him to take his seat he did not do that. However I will not allow any further discussion on this point.

**শ্রী সোমনাথ লাহিড়ীঃ** মাননীয় স্পীকার মহাশয়, যে প্রশ্নটা উঠেছে—সিদ্ধার্থবাবু যে এ্যাডজোর্নমেন্ট মোশান মুভ করলেন সেটা অনেক বড়, অনেক বিষয়ে আছে, যার জন্য আপনি বলেছেন যে সেটা আপনি পড়তে দিতে পারবেন না। তাতে সিদ্ধার্থবাবু বললেন যে এ্যাডজোর্নমেন্ট মোশানে কনসেন্ট দিতে পারেন ইন অর্ডার বলে। আইনটা তা নয়। সিদ্ধার্থবাবুকে অনুরোধ করছি বুঝে দেখবার জন্য, তিনি একজন অনারেবল মেম্বার। তার মানে এই নয় যে মোসান যদি ইন অর্ডার হয় তাহলে স্পীকার কনসেন্ট দেবেন তা নয়।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** আমি তা বলিনি।

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ** দ্বিতীয়তঃ স্পীকার নিজেই সাব্যস্ত করবেন যে মোশানটা ইন অর্ডার কিনা। এখন মোশানটা ইন অর্ডার হবে কিনা সে সম্বন্ধে আমাদের ৬১ নম্বর ধারায় কিভাবে এ্যাডজোর্নমেন্ট মোশান আনতে হবে তা লেখা আছে। তাতে অনেকগুলি কনডিসন আছে। যেমন

The right to move the adjournment of the House for the purpose of discussing a definite matter of urgent public importance shall be subject to the following restrictions, namely :—

not more than one such motion shall be made at the same sitting,

not more than one matter shall be discussed on the same motion;

এই

not more than one matter shall be discussed on the same motion. The motion shall be restricted to a specific matter of recent occurrence; the motion shall not raise a question of privilege, the motion shall not revive discussion on a matter which has been discussed in the same session, etc., etc.

আমি বাকিটা আর পড়ছি না, কারণ অনেক আছে। এখন কথা হচ্ছে যে, এই ধারাগুলি আছে, যে ধারা অনুসারে আপনাকে এ্যাডজোর্নমেন্ট মোশান রাখতে হবে এবং সেই অনুসারে রাখা হল কিনা সেটা সাব্যস্ত করবেন কে, এটাই হল প্রশ্ন। আমাদের রুলস অনুসারে এবং সাধারণ নিয়ম অনুসারে ও সাবজেক্ট টু দিস রেসট্রিকসান অনুসারে আপনার মোশান এল কিনা তা ডিসাইড করবেন স্পীকার। সুতরাং স্পীকার যখন আপনাকে এটা পড়তে দেন নি তখন এই জন্যই দেন নি সম্ভবতঃ যে আমাদের হাউসে নিশ্চয়ই অতীতের কিছুটা কনভেনশন আছে যে যদি কোন এ্যাডজোর্নমেন্ট মোশানে কনসেন্ট না দেওয়া হয় এ্যাডজোর্নমেন্ট মোশান ইন অর্ডার—কিন্তু কনসেন্ট টু মুভ ইট যদি না দেওয়া হয় তাহলে আমাদের হাউসে এই পদ্ধতিটা প্রচলিত। এখন এই বিষয়ে আমাদের একটা যুক্তিসঙ্গতভাবে মীমাংসায় আসতে হবে, শুধু শুধু দু পক্ষ মিলে একটা হল্লা করে কিছু লাভ নেই। ওঁরা ভাবছেন যে হয়ত এটা এইভাবে চললে ভবিষ্যতে কোন এ্যাডজোর্নমেন্ট মোশান-এ স্পীকার কনসেন্ট না দিলে পড়ার অধিকার থেকে বঞ্চিত হবেন এই একটা যে স্বাভাবিক আশঙ্কা দেখা দিয়েছে সেটা যতদূর পর্যন্ত নিয়ম সংক্রান্ত বিষয়ে নিশ্চয়ই দূর করা দরকার। আবার সেই আশঙ্কা বা অসুবিধার যেন অপব্যবহার না হয় যে মোশানের উপর আগের মত এলোমেলো একটা বক্তৃতা দিয়ে দিলাম- সেইভাবে অপব্যবহার যেন না হয়, তা আমাদের দেখতে হবে, বিশেষ করে আমাদের এই হাউসে স্পীকারকেই সেটা দেখতে হবে। কাজেই প্রথম নম্বর পয়েন্ট হচ্ছে মোশানটা ইন অর্ডার কিনা তা দেখবার জন্য যে যে নিয়মগুলি আছে যে এইভাবে চলে ইন অর্ডার হবে সেটা স্পীকার বিবেচনা করবেন। স্পীকার যদি মনে করেন যে মোশান ইজ নট ইন অর্ডার তাহলে প্রশ্ন ওঠে না এবং তখন কনসেন্ট, না কনসেন্টের প্রশ্নই ওঠে না, ইট ইজ সিম্পলি রুলড আউট। কিন্তু যদি এ্যাডজোর্নমেন্ট মোশান ইন অর্ডার হয় এবং ১০টি মোশান এসেছে একদিনে, অথচ আইনে আছে একটির বেশী হবে না অথবা স্পীকার মনে করলেন যে এটা সাফিসিয়েন্টলি আর্জেন্ট ম্যাটার অব পাবলিক ইমপর্টান্স নয়, সুতরাং এই এ্যাডজোর্নমেন্ট মোশান আজকে ওঠার দরকার নেই ইত্যাদি যে কোন কারণেই হোক দি মোশান মে বি ইন অর্ডার।

[2-50—3 p.m.]

সেটা স্পীকার সাব্যস্ত করবেন। আমাদের হাউসের এতদিনের একটা কনভেনশন আছে,—যতগুলো মোশন স্পীকার মনে করবেন ইন অর্ডার—এরকমও অনেক সময় হয়েছে ১০টি ১৫টি

এসেছে, তার মধ্যে যদি তিনি কোনটা বা তার সবগুলোকে কনসেন্ট যদি না দেন তখন আমাদের হাউসে এই পদ্ধতি চালু আছে তিনি সেটা তাঁকে পড়তে দেবেন--হয় তিনি নিজে পড়বেন অথবা মেম্বারকে বলেন পড়ে দিন। এখন এই ক্ষেত্রে স্পীকার যা বললেন তাতে আমাদের এই মনে হলো, সেটা সিদ্ধার্থবাবু ভেবে দেখবেন--তিনি মনে করছেন যে আপনার মোশনটা নট ইন অর্ডার--

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** সোমনাথবাবু যা বললেন সেটা আমি সম্পূর্ণ মেনে নিচ্ছি।

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ** যদি মনে হয়, যদি স্পীকার মনে করেন যে মোশনটা ঠিক আছে কিন্তু মোশনটায় গুরুত্ব নেই--এ্যাডজোর্নমেন্ট মোশন মানে তাতে গুরুত্ব থাকতে হবে, মোশনের ফর্ম ঠিক আছে কিন্তু গুরুত্ব নেই তাহলে তিনি বলবেন যে এই মোশনটা দিলাম না। ইন অর্ডার যদি না হয় তাহলে তিনি ইন অর্ডার নয় বলতে পারেন এবং কনসেন্ট দিলাম তাও বলতে পারেন কিন্তু দ্যাট ইজ আপ টু হিম। কিন্তু মোটের উপর তিনি যদি মনে করেন যে একটা মোশন কোয়াইট ইন অর্ডার কিন্তু কনসেন্ট আমি দিতে পারছি না, তাহলে স্পীকার সেটা পড়তে দেবেন অথবা নিজে পড়ে দেবেন। আমার মনে হয় এই নিয়ে আর বিতর্ক না করে স্পীকার যদি মনে করেন যে আমি যে সাজেসন রাখছি সেটা এই অবস্থায় উপযুক্ত, যদি তিনি বিবেচনা করে মনে করেন তাহলে তিনি নিশ্চয়ই হাউসকে বলে দিতে পারেন যে হ্যাঁ, প্রপার ফর্মে হয়েছে এবং অর্ডারে আসা আমার বিবেচনা তাহলে সেই জিনিস যদি আমি কনসেন্ট দিতে না পারি কারণ গুরুত্ব নেই এই বিবেচনা করে তাহলে আমরা সেটা অতীতে যে পদ্ধতি ছিল, হয় আমি পড়ে দেবো আমাদের স্পীকার পড়ে দেবেন অথবা মেম্বার [illegible] পড়ে দেবেন। এই পদ্ধতি চালু থাকবে। এটাই আমার ধারণা, স্পীকার আপনাদের [illegible] চেষ্টা করেছেন। আপনারা যদি না বুঝতে পেরে থাকেন,

Speaker can easily make it clear if he thinks so.

**শ্রীযতীন চক্রবর্তীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সোমনাথবাবু যে কথা বলেছেন [illegible] উঠেছিল যে আমাদের এখানে কনভেনশন আছে যে [illegible] স্পীকারের কনসেন্ট না [illegible] এ্যাডজোর্নমেন্ট মোশনে দি কি প্রাইভেট [illegible] সেটা স্পীকারের [illegible]। সেটা [illegible] কিন্তু কনসেন্ট যখন না দিচ্ছেন [illegible] এই কনভেনশন [illegible] উঠেছে। আমরা যখন [illegible] সেই কনভেনশন আপহোল্ড হোক। স্পীকার বলেছেন যে, তিনি আপনাকে কখন পড়তে দেবেন, তিনি আপনাকে ডাকবেন ঠিক করেছিলেন, সেই সম্পর্কে আমি পরে আসছি। এখন আপনি রুল ৩১৪তে দেখুন, এতে আছে যে আপনার যে মোশন সেই মোশনটা আপনাকে যদি পড়তে দেন স্পীকারের কিন্তু এ্যামেন্ড করবার রাইট আছে -

> If in the opinion of the Speaker, any notice contains words, phrases or expressions which are argumentative, unparliamentary, ironical, irrelevant, verbose, or otherwise inappropriate, he may, in his discretion, amend such notice before it is circulated.

যদি মোশনটা এ্যাডমিটেড হত, তিনি যদি কনসেন্ট দিতেন, তখন আপনাকে পড়তে দিতে পারতেন। তখন আপনাকে পড়তে দিলেও এ্যামেন্ড করবার রাইট স্পীকারের আছে। যেটাতে স্পীকার কনসেন্ট দেন নি, সেটাকে এ্যামেন্ড করার অধিকারও স্পীকারের আছে। ওঁর যে অধিকার রুল ৩১৪-তে আছে সেটা দেখুন। রুল ৩১৪ সিমপ্লী কনসেন্ট উইথড্র করেছেন বলে আপনার নোটিশ ইমিউন্স হয়ে যায় না ফ্রম দিস রেসট্রিকসন অ্যাজ লেইড ডাউন ইন রুল ৩১৪। আপনার নোটিশ উনি বলছেন সাড়ে তিন পাতা। সুতরাং এটি ভারবস। উনি যদি মনে করেন উনি এ্যামেন্ড করবেন হিস্ হ্যাজ দি রাইট টু এ্যামেন্ড আন্ডার রুল ৩১৪ এ্যামেন্ড করে আপনাকে পড়তে দেবেন বা উনি নিজে পড়ে দেবেন। সুতরাং আজকে কি হবে। আমাদের মধ্যে যদি কেউ একটা এ্যাডজোর্নমেন্ট মোশন আনেন আপনি ভেবে নিন মন্ত্রীদের সম্বন্ধে হোক কিংবা বিরোধী দলের নেতার সম্বন্ধেই হোক সেই নোটিশের মধ্যে অনেক আজেবাজে কথা থাকতে

পারে, ইরেসপনসেবল কথা থাকতে পারে, ইনএ্যাপ্রোপ্রিয়েট কথা থাকতে পারে, তখন তিনি কি করবেন? সেইটা যদি তিনি উইথড্র করেন তবেও কি তিনি গোটাটা পড়তে দেবেন? সেটা তিনি বিচার করবেন। এটা ঠিক কিনা? পড়ে যেটুকু এ্যামেন্ড করবার করতেন। মোশনটা বা কনসেন্ট যদি দিতেন যদি অর্ডারে থাকত ও'র তাহলে যদি রাইট থাকে এ্যামেন্ড করবার, আজকে কনসেন্ট দেননি বলে সেটারও রাইট আছে তার এ্যামেন্ড করে দেবার। সেই এ্যামেন্ড করে তবে তো আপনি বা আপনারা পড়বেন। তা না হলে আপনি ওর মধ্যে ৫।১০ জনকে নিয়ে গালাগাল দিতে পারেন। সুতরাং কনভেনশন যেটা বিল্ড আপ হয়েছে, তাতে সেই কনভেনশনটা আপনি পার্ননি। দ্যাট ইজ নট দি কনভেনশন। সুতরাং আমার বক্তব্য হচ্ছে, স্পীকারের রাইট আছে এ্যামেন্ড করবার। স্পীকার রাইট একসারসাইজ করে এ্যামেন্ড করে তাকে যেটুকু দেবেন সেইটুকু তিনি পড়বেন। এইটাই হল কনভেনশন্যাল স্পিরিট।

**শ্রীগোপাল বসুঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ্যাডজোর্নমেন্ট মোশান যদি রিফিউস হয়, তাহলে পড়তে দিতে হবে—এটা কনভেনশন। কিন্তু সেটা কখন করতে দেওয়া হবে? আমরা ওখানে (বিরোধী পক্ষের আসন দেখাইয়া) ছিলাম, আমরা জানি। প্রথমে এ্যাডজোর্নমেন্ট মোশান আপনার কাছে যাবে, আপনি সেগুলো দেখবেন, আপনি রিফিউজ করতে পারেন, বা এ্যাকসেপ্ট করতে পারেন। আপনি যদি রিফিউজ করেন, তাহলে প্রাইভেটলী জেনে এসে আমরা বলতে পারি ফ্লোরে। কিন্তু সেটা কখন? আপনি ফ্লোরে এসে বললেন যে, আমার কাছে এই মোশানগুলো এসেছিল তার মধ্যে আমি এগুলো রিফিউজ করলাম তখন আমরা এক এক করে উঠে বলতে পারি। কিন্তু কাল কি হয়েছে—কালকে যখন সিদ্ধার্থবাবু উঠলেন, তার আগে আপনি এ্যাডজোর্নমেন্ট মোশান এ্যাকসেপ্ট বা রিফিউজ করেছেন বলে কিছু বলেন নি। সিদ্ধার্থবাবু অধৈর্য হয়ে বলতে লাগলেন আপনি রিফিউজ করছেন সুতরাং আমি পড়তে পারি দ্যাট ইজ নট দি কনভেনশন। সুতরাং উনি কনভেনশন মানছেন না। দ্যাট ইজ নট [illegible]। কালকে সিদ্ধার্থবাবু একটু অধৈর্য হয়ে পড়েছিলেন। বিরোধীপক্ষে আসেন নি, তাতেই একটুতেই অধৈর্য হয়ে পড়েন।

[3—3-25 p.m.]

**শ্রীসিদ্ধার্থশংকর রায়ঃ** [illegible] এবং একটা মীমাংসার আশা দেখলাম।

**মিঃ স্পীকারঃ** সব মীমাংসা হয়ে যাবে, আপনারা একটু চুপ করে বসুন।

**শ্রী এস এম ফজলুর রহমানঃ** কোন এ্যাডজোর্নমেন্ট মোশান কোনটা কনসেন্ট দেওয়া বা না দেওয়া সেটা স্পীকারের মত। [illegible] কোন আলোচনা যদি হাউসে হয় তাহলে সেটা সেই পিস অফ ডকুমেন্ট হোয়েদার দ্যাট পিস অফ ডকুমেন্টস ইজ দি প্রপার্টি অফ দি হাউস যদি এই হাউসের প্রপার্টি সেই দলিলটি হয়ে থাকে তাহলে কোন মাননীয় সদস্য সেই সম্বন্ধে বলতে চায় বা ব্যবহার করার পক্ষে কোন আইনের দ্বারা, কোন রুলিং-এর দ্বারা তার অধিকার থেকে বঞ্চিত হতে পারে কিনা, প্রথম হল, সেটা যদি হাউসের প্রপার্টি হয় তাহলে

every honourable member has got the right to have access to it; to read out, to use it in the House

তাহলে এখানে মাননীয় সদস্য যে এ্যাডজোর্নমেন্ট মোশন এনেছিলেন, সেটা আপনার অভিমত নিয়ে এই হাউসে আনেন নি বা আনতে দেন নি কিন্তু আলোচনা চালাতে দিয়েছেন অর্থাৎ কিছুটা আপনি অভিমত দিয়েছেন এবং যুক্তি দেখিয়েছেন সেটা হাউসের প্রপার্টি হিসাবে গণ্য করা হয়েছে কিনা এবং গণ্য করা হয়ে থাকলে মাননীয় সদস্য যাদের আপনার সেই প্রপার্টিকে ইউজ করবার অধিকার আছে তাদের বঞ্চিত করা যেতে পারে কিনা এটাই চিন্তা করা দরকার। এটাই আমার পয়েন্ট অফ প্রিভিলেজ

**মিঃ স্পীকারঃ** এটা চিন্তা করছি, তার জন্য এখানে আমাদের একটা কর্মপদ্ধতির কথা আপনারা সকলে আলোচনা করলেন, করে ঠিক করতে হবে এ্যাডজোর্নমেন্ট মোশন কি হবে।

## Adjournment Motion

**Mr. Speaker:** I have received two notices of Adjournment Motion on the following subjects, namely :—

(1) Violent clash between C.P.I.(M) and S.U.C. supporters at Baranagar on 1st July 1969—from Shri Siddhartha Shankar Ray.

(2) Resignation of Shri Jyotsna Mallick, President, Board of Secondary Education—from Shri Nepal Chandra Roy.

I have withheld consent in two cases but the members may read the motions.

**Shri Nepal Chandra Roy:** Mr. Speaker, Sir, this Assembly do now adjourn its business to discuusus a definite matter of urgent public importance and of recent occurrence, namely, the resignation of Shri Jyotsna Mallick, President of the West Bengal Secondary Education Board, because of constant ministerial interference with his statutory duties as reported in the Press to-day, the 3rd July, 1969.

Mr. Jyotsna Mullick was the holder of a statutory office as the President of West Bengal Secondary Education Board but in spite of that the Minister of Education interfered constantly with the performance of his statutory duties contrary to all . .....

স্যার, আমি এ সম্বন্ধে দু-একটি কথা বলতে চাই .........

**Mr. Speaker:**
আপনার তো মোশনটা পড়া হয়ে গেছে, আপনি বলুন।

**Shri Nepal Chandra Roy:**

আমি স্যার.... ................. ......

**Mr. Speaker:** Next motion, Shri Siddhartha Shankar Ray.

**Shri Siddhartha Shankar Ray:** Sir, my adjournment motion runs thus: This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely:—

The series of violent clashes on 1st July, 1969 at Baranagar between the C.P.I.(M) supporters and S.U.C. supporters as a result whereof there was a serious breach of the peace, which is wholly in keeping with the general trend of complete lawlessness, chaos and near anarchy prevailing to-day in West Bengal, where the rule of the jungle has taken the place of the rule of law, soon after the present United Front Government came into power on the 25th February, 1969, since when, during the short period of only 127 days there have been about 54 political murders, about 751 political assaults, about 166 violent and illegal gheraos in the industrial sectors including the tea gardens but excluding the gheraos of two of the Honourable Ministers themselves, one at Writers' Buildings and other at Jaldhaka.........

(Noise)

**Shri Hare Krishna Konar:**

অন এ পয়েণ্ট অফ অর্ডার, স্যার, এরকম স্টেটমেন্ট পড়া যায় কিনা?

**Mr. Speaer:** Mr. Ray, you have been allowed to read the motion only but you are reading the entire statement. You cannot do that.

**Shri Siddhartha Shanar Ray:**

স্যার মোশানটাই পড়ছি।

**Mr. Speaker:** I find that statements of facts have all been included and it is not a motion. You can read the main portion of the motion which you want to table as adjournment motion but I will not allow you to read the entire statement.

**Shri Siddhartha Shankar Ray:** Sir, I have nearly finished.

**Mr. Speaker:** All right, finish it.

**Shri Siddhartha Shankar Ray:** About 101 illegal and criminal trespasses in the agricultural sector including the looting and burning of properties and defiling of places of worship and idols, a number of police firings including the ghastly incidents in Durgapur, the burning of tram cars and other Government properties, violence in the university areas and numerous fierce clashes involving violence between the supporters of the C.P.I.(M) on the one side and supporters of various other political parties on the other, resulting in a dangerously absurd and utterly bewildering law and order situation making life and property wholly insecure everywhere with the consequence that both agricultural and industrial production have decreased, the latter by as much as 22 per cent. leading to a flight of capital from and prevention of the formation of new capital in the State making the present acute unemployment problem affecting nearly 18 lakhs of people infinitely worse and almost impossible of solution all this fast leading Bengal to destruction and the people of Bengal to ruination I thank you, Sir.

**Mr. Speaker:** Mr. Ray, may I request you and through you all your members and also honourable members of this side that in case of adjournment motion everybody should be brief and only the main points should be included. Even if no consent is given the member will be allowed to place it before the House as per the convention.

(At this stage the House was adjourned for 15 minutes.)

(After adjournment)

[3-25—3-35 p.m.]

### Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker:** I have received 17 notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Squatting before the office of the SDO, Katwa by Classes III and IV staff of the BDO's office from Shri Aswini Roy

(2) Erosion of the Ganga and the Bhagirathi from Shri Amalendra Lal Roy.

(3) Firing by a Jotedar in village Chaitanyapur, P.S. Mongalkote, District of Burdwan on 22nd June 1969 from Shri Benoy Krishna Chowdhury.

(4) Firing on Kisans at Mongalkote P.S. in the district of Burdwan, resulting in the death of two and injuring many of them from Shri Sanat Kumar Raha.

(5) Proposed hunger strike of policemen - from Shri Sanat Kumar Raha.

(6) Reported looting of fish from the Tank and forcible occupation of lands of the 'Gandhi Smarak Nidhi' in Gandhigar in Memory from Dr Zainal Abedin.

(7) Lockout of Texmaco Company—from Shri Arun Sen

(8) Robbery on Bankura Road near Godapiyasal. Midnapur on the 1st July, 1969—from Shri Abdus Sattar.

(9) Statement of Shri J. Mallick, formerly Chairman of the Board of Secondary Education, W.B., on his resignation from the office as such -Shri Kashi Kanta Moitra.

(10) Deteriorating flood situation in North Bengal and measures adopted by Government for the flood-affected people—from Shri Prasenjit Barman.

(11) Reported clash between Forward Bloc and C.P.I. workers on the 27th June, 1969, at Singimari village under Dinhata Subdivision of Cooch Behar district from Shri Prasenjit Barman.

(12) Relief measures for the flood-affected people of Cooch Behar and Jalpaiguri district from Shri Amarendra Nath Ray Prodhan and Shri Bimal Kanti Bose.

(13) Dacoity in Salbani P.S. on 1st July 1969—from Shri Ajit Kumar Biswas.

(14) Robbery on Bankura Road near Godapiyasal in district Midnapur on 1st July 1969 from Shri Gyan Singh Sohanpal.

(15) Closure of Labpur Shambhunath College in the distrct of Birbhum—from Dr. Radhanath Chattoraj.

(16) Situation created by the resignation of Shri J. Mallick, President, Board of Secondary Education -from Kumar Jagadish Chandra Sinha.

(17) Resignation of Shri J. N. Mallick, President of the Board of Secondary Education--from Shri Gyan Singh Sohanpal.

I have selected the notice from Shri Aswini Roy on the subject of squatting before the office of the SDO, Katwa by Classes III and IV staff of the BDO's office.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

**Shri Jatin Chakraborty:** A statement will be made on Monday, the 7th July, 1969.

### Third Report of the Business Advisory Committee

**Mr. Speaker:** I beg to present the Third Report of the Business Advisory Committee which at its meeting held on the 3rd July, 1969, considered the question of allocation of dates and time for the disposal of the following Government Bills and other business and recommended the following programme of business:—

**Friday, the 4th July, 1969**

(1) Business remaining from 3rd July 1969.

(2) The Bengal Co-operative Societies (Amendment) Bill, 1969 (Introduction, Consideration and Passing)—1½ hrs.

(3) The West Bengal Utilisation of Land for Production of Food Crops Bill, 1969 (Introduction, Consideration and Passing)—2½ hrs.

**Monday, the 7th July, 1969**

(1) Business remaining from 4th July 1969.

(2) The West Bengal Land Reforms (Amendment) Bill, 1969 (Introduction, Consideration and Passing)—2 hrs.

(3) The West Bengal Acquisition and Settlement of Homestead Land Bill, 1969 (Introduction, Consideration and Passing)—2 hrs.

**Tuesday, the 8th July, 1969**

(1) Business remaining from 7th July 1969.

(2) The West Bengal Zilla Parishads (Amendment) Bill, 1969 (Introduction, Consideration and Passing)—2 hrs.

(3) The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969. (Introduction, Consideration and Passing)—2 hrs.

**Wednesday, the 9th July, 1969**

(1) Business remaining from 8th July 1969.

(2) Resolution for Ratification of the Constitution (Twenty-Second Amendment) Bill, 1969.

**Thursday, the 10th July, 1969**

General Discussion on Budget.

**Friday, the 11th July, 1969**

General Discussion on Budget

**Monday, the 14th July, 1969**

General Discussion on Budget.

**Tuesday, the 15th July, 1969**

General Discussion on Budget.

**Shri Jatin Chakraborty:** Sir, I beg to move that the Third Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was then adopted.

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** স্যার, ছাত্র পরিষদের ছাত্ররা বাইরে একটা বিরাট মিছিল নিয়ে এসেছে। এখানে মুখ্যমন্ত্রী বা শিক্ষামন্ত্রীকে আমি দেখছি না, কাজেই পার্লামেন্টারী এ্যাফেয়ার্সের মিনিস্টার যতীনবাবু যদি দয়া করে এই খবরটা মুখ্যমন্ত্রী বা শিক্ষামন্ত্রীকে দেন তাহলে ভাল হয়। ছাত্ররা বাইবে বৃষ্টিতে বসে বয়েছে এবং তারা একটা স্মারকলিপি দিতে এসেছে। কাজেই দয়া করে এই খবরটা মুখ্যমন্ত্রী বা শিক্ষামন্ত্রীকে দিন এবং তাঁরা এসে ও'দের সঙ্গে একবার দেখা করুন।

**শ্রীযতীন চক্রবর্তীঃ** স্যার, আমাদের মুখ্যমন্ত্রী এবং উপ-মুখ্যমন্ত্রী দুজনেই প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীকে দমদমে রিসিভ করতে গেছেন। উপ-মুখ্যমন্ত্রী যাবার সময় আমাকে বলতে বলেছেন ছাত্র পরিষদ কেন এসেছে, কে কি উদ্দেশ্য নিয়ে আসছে আমি বুঝতে পারছি না। তবে আমরা তো তাদের সব দাবীই মেনে নিয়েছি। ও'রা যখন রাইটার্স বিল্ডিংস-এ এসে বলল আমাদের গ্রেপ্তার করুন আমরা তখন তাদের গ্রেপ্তার করেছিলাম। আবার যখন বলল আমাদের ছেড়ে দিন আমরা তখন ছেড়ে দিলাম। অর্থাৎ দেখা যাচ্ছে ও'রা যে দাবীই করেছে আমাদের সরকাব তাই মেনে নিয়েছেন।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** যতীনবাবু ঠাট্টা করছেন। আমি ছাত্রদের গিয়ে বলছি যে, যতীনবাবু তোমাদের নিয়ে ঠাট্টা করছেন এবং তাঁরা কেউ আসবেন না।

**শ্রীযতীন চক্রবর্তীঃ** উপ-মুখ্যমন্ত্রী যা বলেছেন আমি তাই বললাম।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** আপনি উপ-মুখ্যমন্ত্রীর গ্রামোফোন রেকর্ড কবে থেকে হোলেন? যাহোক, মুখ্যমন্ত্রী বা শিক্ষামন্ত্রীকে পাব কি?

**শ্রীযতীন চক্রবর্তীঃ** মুখ্যমন্ত্রী বা শিক্ষামন্ত্রী কেউ এখানে নেই।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** তাহলে আপনি যাবেন কি?

**শ্রীযতীন চক্রবর্তীঃ** আমি যাব না। যারা যা চেয়েছিল তাই তো করা হয়েছে। গ্রেপ্তার করতে বলেছিল গ্রেপ্তার করেছি, আবার যখন ছাড়তে বলল ছেড়ে দিয়েছি।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** আপনারা ছেড়ে দেননি, ম্যাজিস্ট্রেট আনকনডিসনাল রায় দিয়েছেন। যাহোক, আমি ছাত্রদের গিয়ে বলি তাঁরা কেউ আসবেন না।

**মিঃ স্পীকারঃ** নাউ মেনসান কেসেস, শ্রীনারায়ণ নস্কর।

**শ্রীনারায়ণ নস্করঃ** মাননীয় স্পীকার মহাশয়, একটি জরুরী বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ক্যানিং এবং বাসন্তি এলাকায় গ্রামে গ্রামে দেখা যাচ্ছে মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির নেতৃবৃন্দ এবং কর্মিবৃন্দ প্রত্যেক চাষীর বাড়ীতে গিয়ে ধান দাবী করছে, যারা ধান দিচ্ছে না তাদের বাড়ী থেকে ধান চাল নিয়ে নিচ্ছে এবং ঘর বাড়ী লুঠ করছে। ইতিমধ্যেই সেখানে কয়েকটি ঘটনা ঘটেও গেছে। আমি এইমাত্র একটি চিঠি পেয়েছি মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সদস্যেরা গতকাল লাঠি, চৌকি, বল্লম, সরকী এবং হাতবোমা প্রভৃতি নিয়ে ক্যানিং থানার নিকারীঘাটা, হিংচেখালি, বানিবাদা, বেলেখালি প্রভৃতি অঞ্চলে প্রতিটি বাড়ী তন্ন তন্ন করে খুঁজে ১০০ বস্তা ধান জোগাড় করেছে। আমি আর একটি জরুরী বিষয় মেনসন করতে চাই। আগামীকাল রাস্তার উপর ঐখানে ১০০ বস্তা ধান রাখা হবে। একদিকে এস. ইউ, সি, আর একদিকে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি—তাদের মধ্যে বিরাট লড়াই হবে, কে জিতবে জানি না। (হট্টগোল) আমি আপনার মাধ্যমে এইটুকু বলতে চাই যে আজকে সেখানে কোনরকম শান্তিরক্ষার ব্যবস্থা নেই। ওখানকার উর্ধতন কর্তৃপক্ষের কাছে আবেদন নিবেদন করেও কোন ফল ফলে না, পুলিশ আজকে নিষ্ক্রিয় অবস্থায় রয়েছে। উর্ধতন কর্তৃপক্ষও কোন কর্ণপাত করে না। ক্যানিং থানায় ভলেরায় যে ঘটনা ঘটে গিয়েছে অর্থাৎ একশত বাড়ী যেভাবে পুড়েছিল সেই ঘটনা আর যেন না ঘটে, লোকেরা যেন সর্বনাশে সব না হারায় সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

[3-35- 3-45 p.m.]

**শ্রীঅমৃতেন্দু মুখার্জীঃ** স্যার, এই বিধানসভা ভবনের উত্তরদিকে কল্যাণী স্পিনিং মিলের চার হাজার মেয়ে এবং পুরুষ শ্রমিক এসে অপেক্ষা করছে। একদিকে তারা যুক্তফ্রন্টকে সমর্থন করছে এবং এই সঙ্গে অপরদিকে স্পিনিং মিলের ম্যানেজিং ডাইরেকটারের অন্যায় এবং স্বেচ্ছাচারিতার বিরুদ্ধে প্রতিবাদ জানাতে চাইছে। আমি স্পীকার মহোদয়ের মাধ্যমে শিল্পমন্ত্রী শ্রীসুশীল ধাড়াকে অনুরোধ করতে চাই যে, তিনি এই মিছিলকারীদের সঙ্গে সাক্ষাৎ করুন এবং তাদের অভাব অভিযোগের কথা একটু শুনুন।

### Howrah Improvement (Amendment) Bill, 1969

**Shri Somnath Lahiri:** I beg to introduce the Howrah Improvement (Amendment) Bill, 1969.

(Secretary read the title of the Bill)

Sir, I now make a statement required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly regarding the promulgation of the Howrah Improvement (Amendment) Ordinance, 1969, West Bengal Ordinance No. 9 of 1969.

Under section 4 of the Howrah Improvement Act, 1956, Howrah Municipality is represented on the Board of Trustees for the improvement of Howrah by the Chairman of the Howrah Municipality (ex-officio) and three other Commissioners of the Howrah Municipality elected by the Commissioners of that Municipality.

The Howrah Municipal Act was passed in 1965, but the Hpwrah Municipal Corporation could not be constituted as yet. Although elections were held in May, 1967, under that Act, the results could not be published on account of injunctions issued by the Calcutta High Court. The Municipality is continuing in its old form, and the Commissioners who were elected as far back as March, 1961, are still continuing in office, but an Executive Officer with all the powers of the Chairman and the Commissioners has been appointed to run the municipal administration.

It was, therefore, felt that so long as an Executive Officer continues to be in charge of the Howrah Municipality, he should represent the Municipality on the Howrah Improvement Trust, and not the Chairman and the three Commissioners, whose normal terms of office expired long ago.

As the matter was urgent and the Legislature was not in session, the Howrah Improvement (Amendment) Ordinance, 1969, was promulgated by the Governor on the 31st May, 1969.

**Shri Somnath Lahiri:** Sir, I beg to move that the Howrah Improvement (Amendment) Bill, 1969, be taken into consideration.

**Dr. Nalinaksha Sanyal:** On a point of order, Sir. I had given you due notice of an amendment to the motion for consideration. This was printed and circulated I think you would call upon us to make out statement before the Hon'ble Minister is asked to proceed to the third stage.

**Shri Somnanth Lahiri:**

সেটা নিয়ম নয়। আমি সেকেন্ড স্টেজ মুভ করবার পর আপনি যা হয় বলবেন।

**Dr. Nalinakshya Sanyal:**

এখন আপনি কনসিডারেসান মোশান মুভ করবেন তো?

**Shri Somnath Lahiri:**

আমার এখনো বলা হয় নাই। একটা অর্ডিন্যান্স এ সম্বন্ধে করা হয়েছিল। সেই অর্ডিন্যান্স কেন করা হলো সে সম্বন্ধে স্টেটমেন্ট দিয়েছি। এখন কনসিডারেসন মুভ করছি। আমার মুভ করা হলে আপনার এ্যামেন্ডমেন্ট মুভ করবেন এবং আলোচনা করবেন এই হচ্ছে অর্ডার।

যা হোক নলিনাক্ষবাবু যথা সময়ে তাঁর অ্যামেন্ডমেন্ট মুভ করবার সময় পাবেন।

স্যার, আমি যেটা বলেছিলাম এই অর্ডিন্যান্স কেন করা হয়েছিল, তা বলাতে বিলের উদ্দেশ্য পরিষ্কার হয়েছে আশা করি। কথাটা হচ্ছে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট এ হাওড়া মিউনিসিপ্যালিটির রিপ্রেজেনটেটিভ হিসেবে ৪ জন থাকবেন তাঁদের একজন হচ্ছেন হাওড়া মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান ও আরো তিনজন

Commissioners to be elected by the Commissioners of the Howrah Municipality

এই ছিল হাওড়া মিউনিসিপ্যালিটি পুরানো হাওড়া মিউনিসিপ্যাল অ্যাক্ট দ্বারা পরিচালিত হতো এবং নির্বাচিত কমিশনার ও চেয়ারম্যান হাওড়া মিউনিসিপ্যালিটিকে পরিচালিত করতেন। তারপর হাওড়া মিউনিসিপ্যাল অ্যাক্টের সংশোধন হয় এবং হাওড়া কর্পোরেশন গঠিত হয় এবং সেই অনুসারে ইলেকসন হয়। যেহেতু ইলেকসন সম্বন্ধে হাইকোর্টের ইনজাংশন হয় সেইজন্য নির্বাচিত কমিশনাররা তাদের নির্বাচিত পদ গ্রহণ করতে পারেন নি। আইনে বিধান আছে যতক্ষণ না পর্যন্ত নূতন মিউনিসিপ্যালিটি ফাংশন করছে ততক্ষণ পুরানোরা কন্টিনিউ করবেন যদিও পুরানোর মেয়াদ ১৯৬১ সালে শেষ হয়ে গেছে। তা সত্ত্বেও তাঁরা কন্টিনিউ করছেন। তাতে অসুবিধা দেখা দেয়। তাঁরা যখন নির্বাচিত প্রতিনিধি নন, তাতে আরো বিশৃঙ্খলা দেখা দেয়। কাজেই বেঙ্গল মিউনিসিপ্যাল আইন অনুযায়ী সেখানে এ্যাডমিনিস্ট্রেটর নিযুক্ত করা হয়।

All the powers of the Chairman and Commissioners in a meeting.

যার ফলে হাওড়া মিউনিসিপ্যালিটির কাজকর্ম ইত্যাদি ব্যাপারে ক্ষমতা তাদের হাতে থাকে না। পুরানোর জের হিসেবে নাম বজায় আছে ভোট রিজেক্ট হয়েছে। সমস্ত কিছু ক্ষমতা একজিকিউটিভ অফিসারের দ্বারা পরিচালিত হতে থাকে। কিন্তু কয়েকটি ব্যাপারে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট-এর রিপ্রেজেনটেসান ইত্যাদি ব্যাপারে, সেই ব্যাপার হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট অ্যাক্ট-এ লেখা আছে ৩ জন কমিশনার এরা নির্বাচিত করবেন। তার ফলে একটা অদ্ভুত এনোম্যালির সৃষ্টি হয়। মিউনিসিপ্যালিটি পরিচালনার সংগে যাদের সম্বন্ধ নাই তারা ওখানে রিপ্রেজেন্ট করছেন। ইমপ্রুভমেন্ট ট্রাস্ট এ প্রথম ২।৩ বছর কিছু করা হয় নাই এই আশায়, এইসব হাইকোর্টের বিচারে নিষ্পত্তি হয়ে গেছে। যাঁরা এখন কাউন্সিলার ইলেকটেড হয়ে আছেন, তাঁরা ওখানে আসন গ্রহণ করতে পারবেন, কর্পোরেশনে কাজ করতে পারবেন এবং পুরানোটা কেটে যাবে।

[3-45—3-55 p.m.]

কিন্তু পরে দেখা গেল হাইকোর্টের রায় কবে বেরুবে, কবে নিষ্পত্তি হবে তার কোন স্থিরতা নেই। বছরের পর বছর এইভাবে কেটে যাচ্ছে অথচ ইমপ্রুভমেন্ট ট্রাস্টের মধ্যে হাওড়া মিউনিসিপ্যালিটি যারা চালাচ্ছেন বা যিনি চালাচ্ছেন তার কোন প্রতিনিধিত্ব নেই। অপর দিকে যাদের হাওড়া মিউনিসিপ্যালিটি পরিচালনার সঙ্গে বর্তমানে কোন সম্বন্ধ নেই তারা বর্তমানে মিউনিসিপ্যালিটিকে রিপ্রেজেন্ট করছেন। যার ফলে এই আশঙ্কা হওয়া স্বাভাবিক যে হাওড়া মিউনিসিপ্যালিটির স্বার্থ হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টে যথাযথভাবে রক্ষিত হবে না। সেইজন্য যা বাস্তব আপাততঃ সেটাকেই রূপ দেবার জন্য আমরা অর্ডিন্যান্স করি যে হাওড়া মিউনিসিপ্যালিটির ঐ পুরানো চেয়ারম্যান এবং পুরানো কাউন্সিলাররা আর রিপ্রেজেন্ট করবেন না। হাওড়া মিউনিসিপ্যালিটি যিনি পরিচালনা করছেন তিনিই হাওড়া মিউনিসিপ্যালিটিকে রিপ্রেজেন্ট করবেন। সেই হিসাবে এক্সিকিউটিভ অফিসার হাওড়া মিউনিসিপ্যালিটির ইমপ্রুভমেন্ট ট্রাস্টে রিপ্রেজেন্ট করবেন। অবশ্য এটা চিরস্থায়ী বিধান নয়। এটা যতদিন হাওড়া মিউনিসিপ্যালিটি এইভাবে চলবে এবং এক্সিকিউটিভ অফিসার রাখতে বাধ্য হব ততদিন শুধু এই বিধান থাকবে। পরে হাইকোর্টের রায় বেরুবার পর নির্বাচিত কর্পোরেশন যদি কাজ আরম্ভ করতে পারে তখন স্বভাবতঃই আইনের যে বিধান আছে সেই বিধান অনুসারে নতুন কর্পোরেশন তার স্থান পাবে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টে। এই হল এই বিলের মোদ্দা বিধান। এ বিষয়ে আপত্তির কারণ আছে বলে আমার মনে হয় না। আমি আশা করি মাননীয় সদস্যগণ একমত হয়ে এটাকে গ্রহণ করবেন।

**শ্রীনির্মলকুমার মুখার্জী:** মাননীয় স্পীকার মহাশয়, আজ আমরা হাওড়া ইমপ্রুভমেন্ট বিল নিয়ে আলোচনা করছি। আমি হাওড়া জেলা থেকে নির্বাচিত একজন সদস্য। স্যার, এই হাওড়ার ইমপ্রুভমেন্টের জন্য ১৯৫৬ সালে একটা ট্রাস্ট গঠিত হয়, সেটা হল হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট। সেই ট্রাস্টে চেম্বারের কয়েকজন সদস্য, গভর্নমেন্টের কয়েকজন মনোনীত সদস্য ও হাওড়া মিউনিসিপ্যালিটির ৪ জন সদস্য ছিলেন। তাতে সর্বসমেত এই সেকসান ফোরে ১১ জন সদস্য ছিলেন। কেন ৪ জন সদস্য হাওড়া মিউনিসিপ্যালিটির তরফ থেকে নেওয়া হয়েছিল তার একটা যুক্তি আছে। হাওড়ার ইমপ্রুভমেন্ট সত্যিই বিশেষ প্রয়োজনীয়। কারণ হাওড়া শহর এতদিন অবহেলিত ছিল। হাওড়া শহরে মধ্যবিত্ত ও শ্রমিক শ্রেণীর বাস। বহু বস্তিবাসী সেখানে বাস করেন। ইমপ্রুভমেন্ট ট্রাস্ট যে স্কীম নেবেন তারা যাতে তার আওতায় পড়েন সেইজন্য হাওড়ার যারা নির্বাচিত প্রতিনিধি তাতে তাদের নেওয়া হয়েছিল। যাতে তারা তাদের সুখ দুঃখ, তাদের সুবিধা অসুবিধা তাদের যা কিছু বক্তব্য তাদের নির্বাচিত প্রতিনিধিদের মারফত বলতে পারেন। এটা সেইজন্যই করা হয়েছিল এবং তাতে উত্তর, দক্ষিণ ও মধ্য হাওড়া এবং চেয়ারম্যান এক্স অফিসিও হিসাবে থাকবেন যাতে হাওড়ার সব দিকের কথা বলা যায় তা যে-কোন স্কীমই হোক না কেন এবং যাতে সেখানকার লোকেরা তাদের নির্বাচিত প্রতিনিধিদের মারফত তাদের কথা বলতে পারেন। কিন্তু বর্তমানে সেই বিল এ্যামেন্ড করে ওখানে একজন এক্সিকিউটিভ অফিসারকে মনোনীত করা হয়েছে। এক্সিকিউটিভ অফিসার তিনি হলেন সরকারের বেতনভুক্ কর্মচারী। তিনি হাওড়া শহর থেকে ট্রাস্টে রিপ্রেজেন্ট করছেন। তিনি হাওড়া শহরে বাস করেন না, তিনি সম্প্রতি এক মাস হল এখানে এসেছেন। তিনি এখানকার লোকেদের সুবিধা অসুবিধা ও সুখ দুঃখের খবর কিছুই জানেন না। হাওড়ার রাস্তাঘাট, জল কোথা দিয়ে গেলে

কোন স্কীম সাকসেসফুল হবে, কোথায় জনসাধারণের খানিকটা সুবিধা হবে তাদের ভিটেচ্যুত হতে হবে না তিনি জানেন না। কিন্তু এসব জিনিসের প্রতি লক্ষ্য রাখা দরকার। তার সে সম্বন্ধে কিছুই জানা নেই। সেইজন্য আমার মনে হয় এই যে বিল এ্যামেন্ড করছেন সেটা না করাই উচিত। ২ বছর পূর্বে হাওড়া কর্পোরেশনের নির্বাচন হয়ে গিয়েছে সত্যি কথা কিন্তু হাইকোর্টের আইন অনুসারে সেখানকার নাম এখনও জানা যায় নি, ইংরেজীতে আছে যে পুরানো বোর্ডে যারা আছেন তারা চালাবেন, নতুন বোর্ড যতদিন না [illegible] পারবেন না। এইটা হয়েছে ১৯৬৭ সালে অর্থাৎ আজ থেকে দু বছর পূর্বে। তখন থেকেই পুরানো বোর্ডই চলে আসছে। কারণ হাইকোর্ট স্বীকার করে নিয়েছে যে পুরানো বোর্ডই এখন কাজ চালাবে এবং এরই মধ্যে আমাদের এই বিভাগের মন্ত্রিমহোদয় বলেছেন যে বহু পুরানো বোর্ড চলছে আছে। এখন যদি এই আইনটা পাল্টানো হয় তবে হাওড়াবাসীর খুব অসুবিধা হবে এবং এর মধ্যে যদি কোন স্কীম হাতে তুললে কাজ [illegible] শেষ করতে পারবেন না। এই প্রসঙ্গে আমি মন্ত্রিমহোদয়কে জানাতে চাই যে, এই আইনের বলে আপনারা জানেন ক্যালকাটা মেট্রোপলিটান ওয়াটার স্যানিটেশন অথরিটি যা হয়েছে, সেখানে হাওড়া মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান প্রতিনিধিত্ব করেছেন নির্বাচিত প্রতিনিধি হিসাবে এবং তাঁর টার্ম শেষ হয়ে যায় গত ডিসেম্বর মাসে। কিন্তু তাঁরা সে আইন লঙ্ঘন করেন নি। সেই আইনের বলে তাঁরা পুনরায় এক্স অফিসিও চেয়ারম্যান সেখানে নির্বাচিত করেছেন এবং শুধু নির্বাচিতই করেন নি, চেয়ারম্যানের উপর আরো একটা ক্ষমতা দিয়েছেন যে আপনার মনোনীত আর একজন সদস্য সেখানে পাঠান এবং পাঠানোও হয়েছে। সেখানে তাঁরা আইন লঙ্ঘন করেন নি। তাঁরা জানেন হাওড়ার জনসাধারণের স্বার্থের জন্য নির্বাচিত প্রতিনিধি দরকার। এবং যখন হাইকোর্ট রুল হয় যে ওল্ড বোর্ড টু কনটিনিউ—তাঁরা সেই হিসাবে কাজ করছেন এবং আমি যতদূর জানি এবিষয়ে তদানীন্তন যিনি এক্জিকিউটিভ অফিসার ছিলেন, তিনি বোধ হয় আমাদের এল, এস জি, ডিপার্টমেন্টকে রেফার করেছিলেন। সেখান থেকে জবাব যে এক্জিকিউটিভ অফিসার রিপ্রেজেন্ট করবেন না। যেরকম আইনে আছে যে হাওড়া মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান রিপ্রেজেন্ট করবেন এবং সেই আইনের বলে আজ রিপ্রেজেন্ট করেছেন এবং সম্প্রতি কলকাতা ইউনিভার্সিটিতে যেসব আইন হয়েছে—আজকাল কলেজের গভর্নিং বডি তারা সেখানে নিয়ম লঙ্ঘন করেন নি। তারা হাওড়া মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানকে এক্স-অফিসিও হিসাবে গভর্নিং বডি কলেজ মনোনীত করেছিলেন। যদি এই আইন পাস হয় তাহলে সত্যিই হাওড়ার জনসাধারণের খুব দুর্দশা হবে। অন্যায়ভাবে রাজনৈতিক কারণে এটা পাল্টানো হচ্ছে। আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে পুনরায় স্পীকারের মাধ্যমে আবেদন করবো যে তিনি হাওড়া শহরবাসীর সুবিধার জন্য তাদের মুখ চেয়ে যদি এই বিলটা পুনরায় বিবেচনা করেন তাহলে আমরা খুব আনন্দিত হব। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপ্রলয় তালুকদার:** মাননীয় স্পীকার মহোদয়, আমি এই বিল সমর্থন করতে গিয়ে দু একটি কথা বলছি। আমার আগে কংগ্রেস পক্ষ থেকে হাওড়া শহরের মানুষ গত মধ্যবর্তী নির্বাচনে বিদায় করে দিয়েছে। হাওড়া শহরের ইমপ্রুভমেন্ট ট্রাস্ট বিল পাস করা দরকার এইজন্য যে গত ২০/২২ বছর ধরে যে দুর্দশা হাওড়া শহরের হয়েছে তা আপনারা সবাই জানেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, হাওড়া শহর হচ্ছে বাংলাদেশ এবং ভারতবর্ষের মধ্যে একটা শিল্পপ্রধান শহর। অপর দিকে ভারতবর্ষের মধ্যে বোধ হয় সবচেয়ে বড় নোংরা শহর, ব্রিটিশ আমলে যতটা নোংরা ছিল, স্বাস্থ্যকর ছিল, কংগ্রেস আমলে ২০ বছর রাজত্বে তার চেয়ে অনেক বেশী দুর্দশা বেড়ে গেছে। এখন হাওড়া শহরে মানুষ বাস করা সম্ভব নয়। হাওড়া শহরের বস্তীগুলির কথা যদি চিন্তা করি তাহলে দেখা যাবে যে কিভাবে সেখানে মানুষ বাস করে। হাওড়া শহরের রাস্তাঘাটের কথা ভাবলে আমাদের অবাক লাগে। এই অবস্থার মাঝখানে আমরা হাওড়া শহরের মানুষ রয়েছি। আমি হাওড়া শহর থেকে নির্বাচিত হয়ে এসেছি। হাওড়া শহরেই আমার জন্ম। আমি সেখানেই বড় হয়েছি। কাজেই সেখানকার মানুষদের দুঃখদুর্দশা আমি জানি। স্বভাবতঃই হাওড়া শহরের উন্নয়নের ব্যাপারে বিন্দুমাত্র ঢিলে করা উচিত নয়। কাজেই এই বিলে যে কথা বলা হয়েছে—এই বিল যদি পাস হয় তাহলে আমি মনে করি হাওড়া শহরের উন্নয়নের ব্যাপারে কিছুটা কাজ করা হবে।

[3-55—4-05 p.m.]

এই জন্য বলছি এই কথা যে আমার আগে মাননীয় সদস্য কংগ্রেস পক্ষের শ্রী নির্মল মুখার্জী মহাশয় যা বলে গেলেন যে পুরানো ট্রাস্টি যা আছে তা থাক। অর্থাৎ এই বিল পাস করার কোন প্রয়োজন নেই। আমি জিজ্ঞাসা করতে চাই তাঁকে আপনার মাধ্যমে যে পুরানো ট্রাস্টির তিনি চেয়ারম্যান ছিলেন, তাতে হাওড়া শহরের অবস্থা কি করে রেখেছেন তা তিনি একবার চিন্তা করে দেখুন। মাননীয় স্পীকার মহাশয়, নির্বাচিত বোর্ডের কথা বলা হয়েছে, পুরানো যে ট্রাস্টি আছে তার মধ্যে একমাত্র নির্মলবাবুই নির্বাচিত হয়েছেন আর কেউ নেই তারপর আবার তাঁদের কথা বলতে হয় কেন? আজ বর্তমানে কর্পোরেশনের নির্বাচন হবার পর হাইকোর্ট ইনজাংশান জারী করেছে, সেই নির্বাচিত যারা প্রতিনিধি তাঁরা হাওড়ায় এই ইনজাংশনের ফলে কাজ করতে পারছেন না, সেখানে একটা অস্বাভাবিক অবস্থা এসেছে, সেই অস্বাভাবিক অবস্থা আমরা হাওড়া শহরের মানুষ রোজ উপলব্ধি করছি। কলে জল নেই, রাস্তাঘাটের অবস্থা অত্যন্ত খারাপ হয়ে উঠেছে যেখানে সেখানে বড় বড় গর্ত। বর্ষাকালে নর্দমার জল জমে রাস্তা ভরাট হয়ে থাকে। হাওড়ায় বন্যার মত জল জমে থাকে, এই অবস্থার তারা সৃষ্টি করেছেন। যাঁরা ২০ বছর ধরে হাওড়া মিউনিসিপ্যালিটিতে বসেছিলেন—আবার যদি ঐ ট্রাস্টি নিয়ে আসা হয়, যদি এই বিল পাশ করা না হয় এবং ঐ পুরানো ট্রাস্টি থাকে তাহলে হাওড়ার মানুষ গত ২০ বছর যেভাবে ঠকেছে এবং আরও দীর্ঘদিন যদি ঠকতে হয়—কাজেই সেই সুযোগ আর দেওয়া উচিত নয়। সেইজন্য মাননীয় স্পীকার মহাশয় আমি মনে করি এই বিল পাশ করা হোক। পাশ করে কর্পোরেশনের যাঁরা নির্বাচিত প্রতিনিধি আছেন তাঁরা যতদিন কাজ করতে না পাবেন ততদিন এই বিলের প্রভিশন অনুযায়ী ট্রাস্টি কাজ চালাবেন, হাওড়া শহরের মানুষের জন্য রিপ্রেজেন্ট করবেন। আর ঐ একজিকিউটিভ অফিসার, ওঁরা সরকারী লোক। কিন্তু প্রশ্ন হচ্ছে যদি একজিকিউটিভ অফিসার রাখা না হয়, তাহলে এদের রাখতে হবে এদের রাখা মানে ঐ হাওড়ার ৮ লক্ষ মানুষের সর্বনাশ করা। আজ এই বিল পাশ করে হাওড়া শহরের যে অবস্থা রয়েছে তা পরিবর্তন ঘটাতে হবে এবং আশা করি স্বায়ত্তশাসন বিভাগ হাওড়া শহরের ব্যাপারে নজর দেবেন। আমি এই ব্যাপারে নির্মলবাবুর সঙ্গে একমত যে দীর্ঘদিন ধরে হাওড়া শহর অবহেলিত হয়ে রয়েছে। ট্যাপ ওয়াটারের এমন অবস্থা হয়ে রয়েছে সেই অবস্থা ঐ হাওড়া শহরের মানুষ কোনদিন ভুলতে পারবে না। টিউবওয়েলগুলো একের পর এক শেষ হয়ে গেছে, সেইগুলো আউট অব অর্ডার হয়ে রয়েছে এবং এর ফলে এমন বহু জায়গা রয়েছে—আমার কনস্টিটিউয়েন্সি হাওড়া সাউথ, সেখানে যে টিউবওয়েল রয়েছে সেগুলোর শতকরা ৯০টি খারাপ হয়ে রয়েছে। রাস্তাঘাটের অবস্থা এমন হয়ে রয়েছে—হাওড়ায় আপনি অনেকবার গেছেন, সেখানকার অবস্থা আপনি জানেন, বাইরে থেকে ট্যাক্সি নিয়ে যান হাওড়া স্টেশনের পরে আর যাবে না, কারণ তারা বলবে যে আমাদের গাড়ী সেখানে যেতে পারবে না তারা ভীত সন্ত্রস্ত, বড় বড় গর্ত হয়ে রয়েছে, এই হচ্ছে হাওড়া শহর। যেখানে ৮ লক্ষ লোক বাস করে সেই শহরের এই অবস্থা। হাওড়া মিউনিসিপ্যালিটির অবস্থা দেখুন যেখানে ৮ লক্ষ লোকের শহর সেখানে একটা পার্ক নেই, যে পার্কের নাম রয়েছে সেই পার্ক আর আজকে পার্কের অবস্থায় নেই এই হচ্ছে অবস্থা। বস্তীগুলিতে স্যানিটেশনের কোন ব্যবস্থা নেই, সেখানকার রাস্তায় কোন ইলেকট্রিসিটির ব্যবস্থা নেই। সেখানে বর্ষাকালে মানুষের বসবাসের উপযুক্ত জায়গা আর থাকে না, তখন ওখানে মনে হয় জানোয়ার বাস করে, তা সত্ত্বেও হাওড়া শহরের মানুষকে সেখানে বাস করতে হচ্ছে। এই পরিবর্তন করার জন্য আমি আশা করব এই বিল পাস হবে এবং স্বায়ত্তশাসন বিভাগ পরিপূর্ণভাবে হাওড়া শহরের প্রতি নজর দেবেন, তাহলে হাওড়া শহরের মানুষ বাঁচতে পারবে এবং হাওড়ার উন্নয়নও সম্ভব হবে। এই প্রসঙ্গে একটা কথা বলে শেষ করতে চাই, সেটা হচ্ছে, আমরা যখনই হাওড়া মিউনিসিপ্যালিটির যিনি একজিকিউটিভ অফিসার তার কাছে যাই হাওড়া শহরের বিভিন্ন সমস্যা নিয়ে, বিভিন্ন এ্যামিনিটি সম্পর্কে বলতে তাতে তিনি একটা কথা বলেন, "আমাদের টাকা নেই।" ইমপ্রুভমেন্ট ট্রাস্ট রাস্তা সারাবে না, পি ডবলিউ ডি রাস্তা সারাবে না, কি করে কি হবে! টিউবওয়েলের জন্য টাকার সংস্থান নেই। হাওড়া শহরের উন্নয়নের জন্য স্বায়ত্তশাসন বিভাগ এবং এই বিলে যে ট্রাস্টি বোর্ড হবে তারাও যথোচিত নজর দেবেন আশা করি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমিহির কুমার লাহাঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বাইরে গিয়েছিলাম। চা খেয়ে সাউথ গেট দিয়ে আসছিলাম। একদল ছাত্র তারা ছাত্র পরিষদ এবং নকশালপন্থীও তাদের মধ্যে আছে বলে আমার মনে হয়, তারা আমাকে এবং আর একজন সদস্য শ্রীঅমূল্য মাহাতোকে মারধর করে। তারা আমাকে জিজ্ঞাসা করে, "আপনারা কোন পার্টির"? আমি বলি, "বাংলা কংগ্রেসের"। তারা তখন আমাকে বুড়ো হারামজাদার দলের লোক বলে মারধর করে। তারা একথাও বলে যে, "আমরা জ্যোতি বসুকে চাই, তাকে শেষ করে ফেলব। এইরকম অবস্থায় যিনি পুলিশ অফিসার ছিলেন ডিউটিতে তিনি আমাকে রেসকিউ করে নিয়ে আসেন।

**মিঃ স্পীকারঃ**

I am taking steps.

**শ্রী এ এইচ বেস্টার উইচঃ**

These people should be taught a lesson.

**শ্রীমিহিরকুমার লাহাঃ**

Bijoy Singh Nahar is leading those demonstrators.

**শ্রীঅমৃতেন্দু মুখার্জীঃ** মাননীয় স্পীকার মহাশয়, আপনার অবগতির জন্য বলছি যে উত্তর-দিকের ... ছাত্র পরিষদ নামধারী যারা এসেছে তারা গুন্ডামি করছে। কল্যাণী স্পিনিং মিল থেকে ... শ্রমজীবী মানুষ যারা এসেছেন সেই শ্রমিক এবং ... উপর এরা গুন্ডামি করছে এবং আমাদের বিধানসভার যারা সদস্য তাঁদেরও মারধর করছে। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি এইজন্য যে ছাত্র পরিষদের নামে যে গুন্ডামি হচ্ছে আপনি তার প্রতিকার করুন।

**মিঃ স্পীকারঃ**

All right, I will look into the matter and do as best as I can. I am just trying to contact the Minister.

**শ্রীপান্নালাল মাঝিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সিদ্ধার্থবাবু যাওয়ার কিছুক্ষণ পর থেকে এটা সুরু হয়েছে। আগে তারা মন্ত্রীদের সঙ্গে দেখাশুনো করে ডিমান্ড পেশ করবার জন্য অপেক্ষা করছিল। এখান থেকে সিদ্ধার্থবাবু বেরিয়ে যাওয়ার মিনিট পাঁচেক পর থেকে এই গুন্ডামি সুরু হয়েছে। চারদিক থেকে ইট, পাটকেল পড়তে সুরু হয়েছে। আমি আশা করি মাননীয় স্পীকার মহাশয় এই সম্পর্কে তদন্ত করে উপযুক্ত প্রতিবিধানের ব্যবস্থা করবেন।

**মিঃ স্পীকারঃ** হ্যাঁ, করছি।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই মাত্র শুনলাম সিদ্ধার্থবাবু কয়েকজন ছাত্র পরিষদ কর্মীর হাতে হাত দিয়ে বলছেন, "তোমরা গোলমাল কর, গোলমাল না করলে কিছু হবে না"। এই কথা বলে সিদ্ধার্থবাবু এবং অন্যান্য কয়েকজন কংগ্রেস নেতা উস্কানি দিচ্ছেন। আজকে যত গুন্ডামি হচ্ছে, কংগ্রেসীরাই তা করছে।

[4-05– 4-15 p.m.]

**শ্রীআব্দুস সাত্তারঃ** স্যার, আমি ওখানে উপস্থিত ছিলাম। এটা সম্পূর্ণ অসত্য কথা। সিদ্ধার্থবাবু একথা বলেননি। তিনি গণতন্ত্রকে বাঁচাবার জন্য তাদের কাছে বলেছেন, আর কিছু বলেননি। উনি যে কথা বলেছেন সেটা সম্পূর্ণ অসত্য কথা।

**মিঃ স্পীকারঃ** শুনুন, এখন এই বিলটা শেষ করে নিই। তারপর যদি কিছু করতে হয় মন্ত্রীদের সঙ্গে পরামর্শ করে যা করলে হয় করবো।

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি ভেবেছিলাম যে উত্তেজনার পূর্বে সকলের বলার সময় যে রকম শান্তিপূর্ণ পরিস্থিতিতে কাজকর্ম চলছিল অন্ততঃ আমার বলার সময় সেই সুযোগ পাবো। কিন্তু যে ঘটনার কথা উল্লেখ করেছেন, যে উত্তেজনা আবার সৃষ্টির

মধ্যে চেষ্টা হচ্ছে তার মধ্যে বিন্দুমাত্র সত্যতা থাকতো তাহলে নিশ্চয়ই তার জন্য আমরা অকুণ্ঠ-ভাবে আমাদের সহকর্মীদের শারীরিক কোন রকম অসুবিধা না হয় তার জন্য প্রাণপণ চেষ্টা করবো। যাতে আমাদের পক্ষ থেকে অন্ততঃ আমি আপনাকে একথা জানাতে পারি যে কোন রকম অরাজকতা সৃষ্টি হতে আমরা দেব না এবং এ সম্বন্ধে প্রকৃত ঘটনা জানি না কারণ আমিও আপনার মত এখানে বসে আছি। সুতরাং এর কোন জবাব দেওয়া সম্ভব নয়। তবে একথা আমি আপনার কাছে বলতে চাই যে কোন মাননীয় সদস্যের কোন অপমান যদি হয়ে থাকে তার জন্য আমাদের সহযোগিতা যদি মন্ত্রীমণ্ডলী প্রয়োজন বোধ করেন তাহলে আমরা সর্বতভাবে তাদের সঙ্গে এ বিষয়ে যোগ দিতে রাজি আছি।

**শ্রী এ এইচ বেস্টারউইচঃ**

On a point of order, Sir, what Shri Jatin Chakravorty, the Minister for Parliamentary Affairs, has said is correct that these gentlemen of the Opposition are creating all the trouble outside this House.

**শ্রী এ কে এম ইশাকঃ**

Is it a point of order, Sir?

**মিঃ স্পীকারঃ** আপনারা বসুন। এসব আমি করতে দেব না। এখন বিলের আলোচনা হচ্ছে, এটা আগে শেষ করুন, তারপর হবে।

**শ্রীসমরকুমার রুদ্রঃ** মাননীয় স্পীকার মহাশয়, একটা গুরুতর স্বাধিকারের প্রশ্ন উঠেছে। আপনার এখানে বিধানসভার মধ্যে যে সমস্ত বিধানসভার সদস্য আছেন তাদের অধিকার আছে এই বিধানসভায় যোগদান করা এবং সেখানে নিরাপদভাবে তাদের [illegible] এবং [illegible] নিরাপত্তা বিধান করার দায়িত্ব আপনার রয়েছে। বিরোধীদলের নেতা, তিনি আজকে গিয়ে কতকগুলি ছাত্র পরিষদের নামধারী গুণ্ডাকে নিয়ে এসে বিধানসভার পাশে তাদেরকে উত্তেজনা দিয়ে, উস্কানী দিয়ে, তাদের উত্তেজিত করে [illegible] সদস্যদের উপর আক্রমণ ঘটান। এতে আমাদের [illegible] অধিকার [illegible] সেই অধিকারে [illegible] হয়েছে এবং [illegible] এখানে [illegible] হিসাবে মাননীয় সদস্যদের নিরাপত্তা [illegible] উপযুক্ত শাস্তি দেবার জন্য এই বিষয়টি অনুসন্ধান করবার জন্য প্রিভিলেজ কমিটিতে [illegible]। তা না হলে [illegible] সভা [illegible] পারে না।

এখানে সদস্যরা আসবেন, যাবেন গুণ্ডার হাতে লাঞ্ছিত হবেন এ জিনিস চলতে পারে না। (তুমুল হট্টগোল)

**মিঃ স্পীকারঃ** দেখুন একটা ঘটনা ঘটেছে, এভরিবডি ইজ সরি ফর ইট—এখন আপনারা থামুন।

**শ্রীসমরকুমার রুদ্রঃ** এটা স্যার, একটা বিচ্ছিন্ন ঘটনা নয় কারণ আজকে আপনি দেখেছেন যে বিরোধীদলের নেতা আপনার রুলিং-এর উপর ইচ্ছাকৃতভাবে বললেন যে আপনি বিভিন্ন রুলিং দিয়েছেন একই জায়গায়। (তুমুল হট্টগোল)।

**মিঃ স্পীকারঃ** আপনারা যদি হাউসের কন্ট্রোল নিতে চান নিন, আমি হাউস বন্ধ করে দিই।

**শ্রীসমরকুমার রুদ্রঃ** এখানে বিরোধীদলের নেতা সেম সেম এবং হুলিগ্যান্স এই সমস্ত কথা বললেন। (তুমুল হট্টগোল)

**মিঃ স্পীকারঃ** আমি এখন কি করব? এখন নলিনাক্ষবাবুকে বলতে দিন।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** স্যার, উনি কি করে বললেন যে, আমরা উস্কে দিয়েছি— এই সমস্ত অসত্য কথা। (তুমুল হট্টগোল)

**মিঃ স্পীকারঃ** আপনারা যদি কাজ বন্ধ করতে চান বি ফ্র্যাঙ্ক অ্যান্ড টেল মি—আমি হাউস বন্ধ করে দিচ্ছি, হোয়াট ইজ দিস।

**Shri Muhammed Khuda Buksh:** A responsible member has made a statement before this august body and to you, Sir, as the custodian of this House that he has been assaulted or manhandled by a number of people. I do not want nor I am interested in knowing as to who manhandled or assaulted him. But if he has been assaulted or manhandled while he was trying to secure admission into this august body, Sir, it is your duty to protect him. It is your duty to take cognizance of the matter and to institute an enquiry and to find out who was responsible for this assault and manhandling or whether any political party is involved in creating disturbances. Sir, we are interested in peace and order and we want to come into the House without fear of any party or anybody.

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** স্যার, আমি শুনলাম আমার অনুপস্থিতিতে এখানে কতকগুলি অভিযোগ করা হয়েছে আমার বিরুদ্ধে। আমি আশ্চর্য হয়ে যাচ্ছি......

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তীঃ** স্যার, আমি একটা ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের এলাকা থেকে অনেক কৃষক এখানে এসেছেন আমরা ওখানকার পান্ডুয়ার এম এল এ, বলাগড়ের এম এল এ শ্রীসুশীল ধাড়ার সঙ্গে আলোচনা করছি। কিন্তু ওখানে ছাত্র পরিষদের ছেলেরা আমাদের কৃষকদের ধরে মারপিট করছে এবং তাদের দুজনকে খুঁজে পাওয়া যাচ্ছে না—এরকম [illegible] কাজকর্ম এখানে চলছে। আমি আপনার মাধ্যমে বিরোধীদলের নেতার কাছ থেকে জানতে চাই যে বাংলাদেশের গণতন্ত্র ওঁরা রাখবেন কিনা? বাংলাদেশের গণতন্ত্র রাখার [illegible] আমাদের [illegible] বিরোধীদলেরও আছে। বাংলাদেশের গণতন্ত্রকে যদি রক্ষা [illegible] আমাদের [illegible] হবে। আমি আশা করি [illegible] হবে বাংলাদেশকে রক্ষা করবার জন্য।

[4-15—4-25 p.m.]

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** [illegible]

মাননীয় স্পীকার: আপনার [illegible]

[illegible] মারপিট [illegible] সেখানে [illegible] সেখানে কোনরকম উস্কানী দেওয়া হয়নি। [illegible] আমরা বলেছি যে [illegible] বাংলাদেশকে [illegible] সেখানে কোনরকম মারামারি হয়নি। (নয়েজ অ্যান্ড ইন্টারাপসান)

**মিঃ স্পীকারঃ** আপনার এক্সপ্লানেসান হয়ে গেছে এবার আপনি (ডাঃ নলিনাক্ষ সান্যাল) বলুন।

**ডাঃ নলিনাক্ষ সান্যালঃ** স্যার, মন্ত্রিমহাশয় যে বিল আপনার সামনে রেখেছেন সেই বিলকে সংশোধন করার জন্য যে প্রস্তাব ইতিপূর্বে আপনার সামনে উপস্থিত করেছেন আমি সেই প্রস্তাব সমর্থন করছি। দুটি কথা বাংলা ভাষায় আছে—একটা হল মশা মারতে কামান দাগা, আর একটা হচ্ছে ধান ভানতে শিবের গীত। আজ এখানে বসে বসে আমার সেই দুটো কথাই মনে হচ্ছে। ইতিপূর্বে একটা অর্ডিন্যান্স করে হাওড়া ইমপ্রুভমেন্ট অ্যামেন্ডমেন্ট বিল-এর যেসব ধারা এখানে আনা হয়েছে সে সম্বন্ধে ইতিপূর্বে সোমনাথবাবু তাঁর বক্তৃতার মধ্যে বলেছিলেন সেই অর্ডিন্যান্স-এর যৌক্তিকতা কি ছিল। সেই অর্ডিন্যান্স আমার সামনে আছে। সেখানে তিনি বলেছিলেন Governor is satisfied that circumstances exist which render it necessary for him to take immediate action.

আমরা দেখছি যুক্তফ্রন্ট মন্ত্রিমণ্ডলী এখানে যে কোন ব্যাপারে ফুট করে একটা অর্ডিন্যান্স জারী করে বসছেন, কারণ তা না হলে তাঁরা কাজ করতে পারছেন না। এই অর্ডিন্যান্স ১৯৬৯ সালের ৯নং অর্ডিন্যান্স এবং তারপর আরও ৩।৪টা অর্ডিন্যান্স হয়ে গেছে। এইরকমভাবে অর্ডিন্যান্স করে তথাকথিত আরজেন্সির কথা উল্লেখ করে রাজ্য পরিচালন ব্যবস্থার দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং এর কোন যৌক্তিকতা নেই বলে আমি নিবেদন করছি। অতি সহজ ও সামান্য জিনিস বলে তিনি উল্লেখ করেছেন। ইতিপূর্বে তিনি চন্দননগর বিল এনেছিলেন অর্ডিন্যান্স করে এবং বলেছিলেন এটা একটা নির্দোষ বিল।

কিন্তু পরে দেখা গেল কেঁচো খুঁড়তে সাপ বেরুল এবং এখানেও প্রায় তাই অবস্থা। হাওড়া মিউনিসিপ্যালিটি ১৯৬৭ সালে তাদের কমিশনার্স নির্বাচন আরম্ভ করে। নির্বাচনের প্রোসেস যখন প্রায় শেষ হয়ে গেল তখন একজন করদাতা হাওড়া এবং বালি এই ২টি মিউনিসিপ্যালিটি যে এক করা হয়েছে এটা বেআইনী হয়েছে বলে কোর্টের আশ্রয় নিল। তখন মাননীয় হাইকোর্ট একটা ইনজাংশন ইস্যু করে বললেন এই সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত নির্বাচনের ফলাফল বেরুবে না। এর সঙ্গে সঙ্গে হাইকোর্ট একথাও বললেন যে, পূর্বতন কমিশনার এবং চেয়ারম্যান যাঁরা কাজ করছিলাম তাঁদের স্ট্যাটাসকো এন্টি উইল বি মেন্টেন্ড। যুক্তফ্রন্ট সরকার ১৯৬৭ সালে এসে দেখলেন হাওড়া মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান কংগ্রেসী এবং কমিশনাররাও মেজোরিটি কংগ্রেসী। তখন তাঁরা চিন্তা করলেন কি করে এঁদের হাত বুলিয়ে সরিয়ে দেওয়া যায়। আইনে যে প্রভিশন আছে তাতে দেখা যাচ্ছে তাঁদের নোটিশ দিতে হবে, চান্স দিতে হবে, তাঁদের বক্তব্য শুনে সত্যিই যদি দেখা যায় সেখানে কোন অব্যবস্থা হয়েছে, টাকাকড়ির কোন প্রশ্ন যদি দেখা যায় বা তাঁদের কার্যাবলীর যদি কোন ত্রুটি বিচ্যুতি হয়ে থাকে তবেই সরকার গ্রহণ করতে পারবেন। কিন্তু তাঁরা তা না করে একজন একজিকিউটিভ অফিসার নিয়োগ করলেন এবং হাই-কোর্টের নির্দেশ বাইপাস করবার জন্য বুদ্ধিসুদ্ধি করে কি করলেন, না ওই একজিকিউটিভ অফিসারের হাতে চেয়ারম্যান এবং কমিশনারদের সমস্ত ক্ষমতা তুলে দিলেন। তাঁদের কিন্তু সরিয়ে দিতে পারেননি কারণ হাইকোর্ট নির্দেশ দিয়েছেন কমিশনার এবং চেয়ারম্যান থাকবেন এবং সেই হিসেবে তাঁরা সকলেই রয়েছেন। হাওড়া মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান এবং কমিশনাররা সশরীরে এবং বহাল তবিয়তেই আছেন কিন্তু তাঁদের হাতে কোন ক্ষমতা নেই। গত গভর্নমেন্ট তাঁদের বুদ্ধি বিবেচনায় একজন একজিকিউটিভ অফিসারের হাতে সমস্ত ক্ষমতা তুলে দিয়েছেন এবং তার ফলে মাসের পর মাস হাওড়া মিউনিসিপ্যালিটির বকেয়া আদায় হচ্ছে না এবং তাদের যে ঘাটতি হচ্ছে সেটা গরীবের ট্যাক্স থেকে গুজে দিতে হচ্ছে। স্যার, স্বায়ত্তশাসনের এই হচ্ছে অবস্থা। এখন প্রশ্ন হোল হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট বলে একটা ট্রাস্ট আছে। এই ট্রাস্টের মধ্যে একটা জিনিস আছে এবং সেটা হচ্ছে ১১ জন মেম্বার হবে। সেকসন ফোর অব দি হাওড়া ইমপ্রুভমেন্ট অ্যাক্ট, ১৯৫৬-এ এই প্রভিশন আছে যে, এই ১১ জন মেম্বারের মধ্যে হাওড়া মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান এক্স-অফিসিও বলে থাকবেন এবং

Three other Commissioners of the Howrah Municipality elected by the Commissioners of that Municipality.

অনুরূপভাবে দেখা যাবে কোলকাতা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট বলে যেটা আছে সেখানেও ১১ জন মেম্বার আছেন এবং সেখানেও কোলকাতা কর্পোরেশনের ৩ জন কাউন্সিলার নির্বাচিত হয়ে সেখানে যাবেন এবং সেখানকার যে প্রধান কর্মকর্তা চিফ একজিকিউটিভ অফিসার তিনি পদাধিকার-বলে ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টের মেম্বার আছেন। এখানকার যেমন কাঠামো হাওড়া ট্রাস্ট করবার সময়ও সেই রকম কাঠামোই করা হয়েছিল।

[4-25—4-35 p.m.]

সেখানে যে চেয়ারম্যান তিনি গভর্নমেন্টের আদেশে নিষ্ক্রিয় তাঁর মিউনিসিপ্যালিটির কাজে, কিন্তু এমন কোন আদেশ নেই যে মিউনিসিপ্যালিটির কাজ ছাড়া অন্য যেখানে তিনি এক্স-অফিসিও কাজ করছেন সেখান থেকে তাঁর ক্ষমতা কেড়ে নেওয়া হয়নি। কাজেই আইনতঃ যে অসুবিধা দেখা দিয়েছে তাঁকে তাড়াবার ব্যগ্রতা, একটা মেম্বার হাওড়া ইমপ্রুভমেন্টে থাকলে পর আকাশ ভেঙ্গে পড়বে আর তার জন্য একটা অর্ডিন্যান্স করতে হবে? আর সেই অর্ডিন্যান্স করে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টের একটা মেম্বারকে খতম করতে হবে? এমন কি আর্জেন্সি দেখা দিলো?

তাই আমি বলেছিলাম মশা মারতে কামান দাগা হচ্ছে। যে ভদ্রলোক ছিলেন তিনি হাওড়া মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান, স্থানীয় অধিবাসী, হাওড়ার সঙ্গে বিশেষভাবে পরিচিত। এখন প্রথম কথা হল হাওড়া ইমপ্রুভমেন্টের জন্য তার উপদেশ দেওয়ার মত যোগ্যতা আছে কিনা এই প্রশ্ন কেউ করলেন না, তা না বলে বলা হয় সাসপেন্ডেড এনিমেশান, চেয়ারম্যান তাঁর ইমপ্রুভমেন্ট ট্রাস্ট সম্বন্ধে অভিমত দেওয়ার কোন অধিকার নেই একথা বলার কারণ কি? অথচ তাঁকে সরাবার এত ব্যগ্রতা। যদি একথা বলা হত তিনি আছেন থাকুন কিন্তু আমাদের যে নূতন কর্মকর্তা নিয়োগ করেছেন, একজিকিউটিভ অফিসার, তাঁর বক্তব্য বলার সুযোগ থাকা উচিত, আমরা তা মেনে নিতাম। সেজন্যই আপনি দেখবেন আমি যে অ্যামেন্ডমেন্ট দিয়েছি তাতে আমি বলেছি যে বিলের মধ্যে চার ধারা করা হয়েছে, 'এ' ক্লজ উঠিয়ে দিইনি। 'এ' ক্লজ বলছে

Notwithstanding anything contained in this chapter when an executive officer has been appointed so and so, such an executive officer shall be an ex-officio trustee.

আমি এটার যৌক্তিকতা মেনে নিয়েছি। যখন একজিকিউটিভ অফিসার আছেন সেখানে তিনি হাওড়া মিউনিসিপ্যালিটির কাজকর্ম দেখছেন অস্থায়িভাবে, তখন তিনি ট্রাস্টের মেম্বার হয়ে যান তাতে আমার বিশেষ কোন অভিযোগ নেই কিন্তু 'বি' এবং 'সি' ক্লজ বলছে

The Trustees referred to in clauses (b) and (c) of sub-section (1) of section 4 shall cease to hold office as Trustees.

সেটা কি? সাবসেকশন 'বি'

of clause (1)

হচ্ছে কি

Board shall consist of eleven trustees.

তার মধ্যে 'এ' হল চেয়ারম্যান

appointed by the State Government,

'বি' হল

Chairman of the Howrah Municipality, ex-officio

'সি' হল

Three other Commissioners of the Howrah Municipality elected by the Commissioners of that Municipality.

এঁরা 'বি' এবং 'সি' দুটি ক্লজ উঠিয়ে দিতে চাচ্ছেন, তাতে হবে কি? চেয়ারম্যান হবেন স্টেট গভর্নমেন্ট নমিনি এক্স-অফিসিও থাকবেন। যিনি একজিকিউটিভ অফিসার তিনি নমিনি অব দি গভর্নমেন্ট। তাছাড়া ফোর

other persons appointed by the State Government by Notification.

তাহলে ধরুন চার এবং দুই এই ছয়জন সরকারী লোক, আর তাছাড়া থাকছেন কারা?

two members representing the four Chambers of Commerce.

কে কে?

Bengal Chamber, Bengal National Chamber, Indian Chamber, Bharat Chamber to be elected in the manner prescribed

অথবা

made by the rules framed by the State Government.

কাজেই দেখুন, এটা একটা বডি যাকে হাওড়া সংস্কার করার দায়দায়িত্ব দেওয়া হচ্ছে তাকে প্র্যাকটিক্যালি সরকারের মনোনীত ৬ জন, আর দুজন বলে নির্বাচিত—এই ৮ জন নিয়ে করলে হবে এবং সেজন্য 'সি' ক্লজ বলছে যে ৮ জনের বেশী টোটাল নাম্বার যেন না হয়। তাই গণতন্ত্র বলে যাঁরা চেঁচাচ্ছেন জনতার রাজ বলে বুক বাজাচ্ছেন, কিভাবে জনসাধারণের প্রতিনিধি সরিয়ে নিজেদের হাতে শক্তি নিয়ে গণতন্ত্রের উপর আস্থা দেখাচ্ছেন তা সহজেই অনুমান করতে পারেন।

কাজেই বলি সোমনাথবাবু একটু বিবেচনা করুন, তিনি 'এ' ক্লজটা রাখুন, তাতে আমি একমত কিন্তু তিনি 'বি' এবং 'সি' ক্লজটা পরিত্যাগ করুন। তাতে দাঁড়াবে কি? ১১ জনের জায়গায় ১২ জন হবে।

এবং ১২ জন মেম্বারের মধ্যে তাঁর সরকারের মনোনীত চারজন আর দুজন ছজন লোক থেকে যাচ্ছেন। সুতরাং সরকারের যদি নির্দেশ দেবার কিছু থাকে, তাহলে কোন অসুবিধা নাই সেটা পাস করিয়ে নেবার। আমি আরো স্তম্ভিত হচ্ছি এই দেখে যে আইন করে সেটাকে পাকাপাকি করতে চাচ্ছেন তাঁরা এর মানে কি? যদিও তিনি বলছেন ফর সাচ টাইম এজ দি একজিকিউটিভ অফিসার।

যেখানে যখন কোন মিউনিসিপ্যালিটিতে এক্জিকিউটিভ অফিসার অ্যাপয়েন্ট করা হয়, একবার যেখানে অ্যাপয়েন্ট হলে পরে কমই দেখছি তার হাত থেকে রেহাই পায়। আজ যদি হাইকোর্টে আইনের বিচার শেষ হয়ে যায়, নূতন করে কমিশনার হাওড়া মিউনিসিপ্যালিটিতে বহাল হয়, চেয়ারম্যান ইলেকটেড হয়, হাওড়া মিউনিসিপ্যালিটির পক্ষ থেকে চেয়ারম্যান ইত্যাদি কেউই ইমপ্রুভমেন্ট ট্রাস্ট-এর মধ্যে থাকছেন না। এতে একটা অস্বস্তিকর অবস্থা হবে। নির্মলবাবু বুঝিয়ে দিয়েছেন হাওড়া মিউনিসিপ্যালিটি কলকাতা থেকেও সমস্যাবহুল জায়গা। নানা শ্রেণীর লোক সেখানে বসবাস করছে, খুব দরিদ্র লোক রয়েছে, বাস্তুহারা রয়েছে, শ্রমিক শ্রেণী রয়েছে, গরীব মধ্যবিত্ত বাঙ্গালী রয়েছে। কাজেই হাওড়ার ইমপ্রুভমেন্ট-এর প্রয়োজনীয়তা খুবই আছে। সেই অবস্থায় হাওড়ার নির্বাচিত প্রতিনিধি যাঁরা, তাঁদের যদি আপনারা বিশ্বাস না করেন, কোন জায়গার, কোন রাস্তার উন্নতি হলে ভাল হয়, কিভাবে হাওড়ার সংস্কার আনা দরকার, তাহলে এটা অত্যন্ত অযৌক্তিক হবে এবং তাঁদের কাউকে না রাখলে পরে আজকে যেটা আইন করছেন, দু-তিন বছর পরে আবার যদি ইলেকশন হয়, ভগবান না করুন, সেখানে যুক্তফ্রন্টের লোক মেজরিটি পায়, যেমন দু-এক জায়গায় হচ্ছে, আবার তাদের আইন করতে হবে। এই যদি আপনাদের উদ্দেশ্য হয়ে থাকে, তাহলে সেই উদ্দেশ্যে ব্যর্থ হবেন। আপনারা নিজেদের পায়ে কুড়াল মারলেন। আপনারা ইলেকটেড রিপ্রেজেনটেটিভদের হাওড়া ইমপ্রুভমেন্ট-এর কাজ করার দায়িত্ব থেকে রেহাই দিলেন, এটা আমার মনে হয় আত্মঘাতী হচ্ছে। তাই মন্ত্রিমহাশয়কে বলছি অনুগ্রহ করে একটু বিবেচনা করুন। আমরা জানি সোমনাথবাবু একজন বিবেচক ব্যক্তি। আজকে যে অবস্থায় আছে, তা থেকে যদি একটি লোক বাড়ে ১১ জনের জায়গায় ১২ জন, সেখানে কি অসুবিধা হতো? কাজেই নির্মলবাবু যে প্রস্তাব উত্থাপন করেছেন, আমি সেটা সমর্থন করতে উঠেছি। আমি আশা করি যে গরম গরম আবহাওয়ার সৃষ্টি হচ্ছিল, এখন তাঁরা একটু মাথা ঠান্ডা করে দেখবেন এইরকম আইন তাড়াতাড়ি করে হাত-পা বাঁধবেন না। তাতে ভবিষ্যত সুখের হবে না, কোন সমস্যার সুরাহা হবে না। আশা করি সোমনাথবাবু আমাদের যুক্তিপূর্ণ এই সংশোধনী গ্রহণ করবেন। ধন্যবাদ।

[4-35—4-45 p.m.]

**শ্রীবিশ্বনাথ দাসঘোষঃ** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় স্বায়ত্তশাসন মন্ত্রিমহাশয় হাওড়া ইম্প্রুভমেন্ট (অ্যামেন্ডমেন্ট) বিল বলে যে বিল এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি। দীর্ঘকালের উপেক্ষিত এবং অবহেলিত এই হাওড়া শহরের প্রতি যে আমাদের যুক্তফ্রন্ট সরকারের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকৃষ্ট হয়েছে সেজন্য আমি আনন্দিত বোধ করছি। স্যার, যদিও আমি হাওড়া শহরের অধিবাসী নই তবুও আমি হাওড়া জেলার উলুবেড়িয়া কেন্দ্রের অধিবাসী এবং সেখান থেকে নির্বাচিত। কাজেই জেলা শহর হিসাবে এই শহরের সঙ্গে আমার দীর্ঘকালের পরিচয় এবং এই শহরের প্রতি আমার যথেষ্ট মমতা রয়েছে। আমি আশা করি মাননীয় স্বায়ত্ত-শাসন বিভাগের মন্ত্রিমহাশয় যে বিল এনেছেন তার দ্বারা হাওড়া শহরের প্রকৃত উন্নতি হবে এবং হাওড়া শহর কোলকাতা শহরের পার্শ্ববর্ত্তী শহর হিসাবে ঐতিহ্যমন্ডিত হয়ে উঠবে। কিন্তু আমরা দেখছি যে আমাদের বিরোধীপক্ষের সদস্যগণ এই উন্নয়নমূলক বিলেরও বিরোধিতা করছেন। এর থেকেই আমরা বুঝতে পারি যে যা কিছু ভালো কাজ আমরা করতে যাব তারই এরা বিরোধিতা করবেন। কারণ এরা অপজিসানটাকে অপজিসান ফর অপজিসানস সেক এই প্রিন্সিপল নিয়েই বিধানসভায় বসেছেন। আমরা যা কিছু ভালো করতে চাই না কেন তারা

তাতে বাধা দেবেন। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে সাহিত্যে কাব্যে উপেক্ষিতা বলে একটা কথা আছে। বাংলাদেশের নগর সভ্যতার কথা যদি আলোচনা করা যায় তাহলে হাওড়া শহরকে আমরা সেই রকম একটা উপেক্ষিত শহর বলে মনে করতে পারি। অথচ হাওড়ার ঐতিহ্য এবং শহর হিসাবে হাওড়ার প্রতিষ্ঠা আমার মনে হয় কোলকাতার চেয়ে পুরাতন। কোলকাতা শহর যখন সুতানুটি, গোবিন্দপুর এবং কোলকাতা এই তিনটি পরিত্যক্ত জঙ্গলাকীর্ণ গ্রামের মধ্যে সুপ্ত ছিল তখন হাওড়ার নগর সভ্যতা জেগে উঠেছিল। এখানকার বেতর, শালকিয়া প্রভৃতি জায়গায় ভালো গঞ্জ গড়ে উঠেছিল এবং এখানে বড় বড় ব্যবসাদারদের বড় বড় ব্যবসা ছিল এ আমরা জানি। কোলকাতার ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায় যে কোলকাতাতে প্রথম দিকে যে সমস্ত বড় বড় ব্যবসায়ীরা প্রতিষ্ঠা অর্জন করেছিলেন তাঁদের মধ্যে অনেকেই হাওড়া থেকে এসে এখানে বসবাস করেছিলেন। কিন্তু আমরা দেখেছি যে কোলকাতা এক সময় ব্রিটিশ ভারতের দ্বিতীয় বৃহত্তম শহরে পরিণত হলেও হাওড়া চিরদিনই উপেক্ষিত হয়ে রইল, এর কারণ আমরা বুঝতে পারি না। স্যার, আমরা যদি হাওড়ার কিছুদিনের অতীত ইতিহাসের পর্যালোচনা করে দেখি তাহলে দেখবো যে হাওড়া মিউনিসিপ্যালিটির শাসন পরিচালনা এই কংগ্রেসীদের হাতে ছিল। মাননীয় স্পীকার মহাশয়, আমি জানি যে হাউসে যিনি উপস্থিত থাকেন না তার নাম করতে নেই, এই জন্য আমি প্রাক্তন কংগ্রেসী নেতা শ্রীশৈল মুখার্জীর নাম করছি না, কিন্তু দীর্ঘকাল ধরে তিনি হাওড়া মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান থাকা অবস্থায় হাওড়া শহরের বিন্দুমাত্র উন্নতি করেন নি এবং কংগ্রেসের পরিচালনাধীনে থেকে হাওড়া শহর যে একটা আবর্জনা স্বরূপে পরিণত হয়েছে এটা আমরা সকলেই জানি। স্যার, হাওড়া ব্রীজ অতিক্রম করে আপনি যদি হাওড়া শহরে পদার্পণ করেন তাহলে দেখতে পাবেন যে ভারতের বৃহত্তম রেলওয়ে স্টেশন—হাওড়া স্টেশন তার কাছে কি রকমভাবে ট্রাফিক কনজেসসান হয় এবং ট্রাফিক কনজেসান পেরিয়ে লোকেদের হাওড়া স্টেশনে পেঁছাতে কি রকম কষ্ট হয়। স্যার, হাওড়া ব্রীজের ঠিক নিচে একটি বিস্তৃত ফাঁকা জায়গা রয়েছে। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে ঐ ফাঁকা জায়গাটিতে ঠিক মত ভাবে বাস স্ট্যান্ড তৈরি করে যাতে বাসগুলিকে রাখা যায় তার ব্যবস্থা যেন করা হয়। আর তা করে হাওড়া স্টেশনের সামনের জায়গাটি পরিচ্ছন্ন করার ব্যবস্থা করা দরকার। স্যার, হাওড়া শহর কোলকাতা শহরের পার্শ্ববর্তী শহর, নদীর তীরে অবস্থিত। আমরা যদি পৃথিবীর বড় বড় শহরের দিকে তাকাই তাহলে দেখবো যে যে সমস্ত শহর নদীর ধারে অবস্থিত সেগুলি নদীর উভয় তীরে সমানভাবে বিস্তৃত। লন্ডন শহর টেমসের উভয় তীরেই অবস্থিত, বুদাপেস্ট, বুখারেস্ট প্রভৃতি বড় বড় শহরগুলি নদীর উভয় তীরেই অবস্থিত। অথচ শহর যদিও কোলকাতার ঠিক অপর পারে নদীর তীরে অবস্থিত তবুও কোলকাতার সমান মর্যাদা তাকে দেওয়া হয় না এবং তাকে দীর্ঘদিন ধরে অবহেলা করা হয়েছে। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে হাওড়াকে যাতে কোলকাতার একটি সাপ্লিমেন্টারী টাউন বা স্যাটেলাইট টাউন হিসাবে গড়ে তুলতে পারেন তার ব্যবস্থা করবেন। হাওড়া মিউনিসিপ্যালিটির ইমপ্রুভমেন্ট করলেই হবে না, সেখানকার যানবাহন ও পথঘাটের উন্নত ব্যবস্থা করতে হবে। স্যার, হাওড়ার কোন রাস্তায় ফুটপাথ আছে বলে আমার মনে হয় না। তা ছাড়া সেখানকার পয়ঃপ্রণালীর ব্যবস্থা করতে হবে, জলসরবরাহের ব্যবস্থা করতে হবে, শিক্ষা ব্যবস্থা উন্নত করতে হবে। হাওড়ায় এমন কতকগুলি জিনিস রয়েছে সেগুলি ভারতবিখ্যাত জিনিস। যেমন হাওড়ার বোটানিক্যাল গার্ডেনস ভারতবর্ষের মধ্যে শ্রেষ্ঠ উদ্যান, বেলুড় মঠ ভারতবর্ষের একটি শ্রেষ্ঠ তীর্থক্ষেত্র এবং বেঙ্গল ইঞ্জিনীয়ারিং কলেজ ভারতবর্ষের মধ্যে প্রাচীন ও প্রধান ইঞ্জিনীয়ারিং কলেজগুলির মধ্যে অন্যতম। এই সমস্ত সম্পদ যে শহরে রয়েছে, সেই শহরকে একটা সুন্দর ও পরিচ্ছন্ন শহররূপে গ'ড়ে তোলা দরকার সেকথা আমরা জানি। তাই আমরা বলবো যে কলকাতার এই বর্তমান অবস্থার যদি অপনোদন করতে হয় তাহলে হাওড়ার উন্নতি করতে হবে। যদি হাওড়ার নূতন নূতন বাড়ী, নূতন নূতন পথ বা নূতন নূতন উপশহর গড়ে তোলা হয় এবং যদি সেখানে আমরা বাড়ী ঘর তৈরী করতে পারি তাহলে কলকাতার এই ভীড় এবং বস্তীগুলির আধিক্য কিছুটা কমে যেতে পারে এবং কলকাতাকে আমরা একটা সুন্দর ও স্বাস্থ্যপ্রদ শহর হিসাবে গড়ে তুলতে পারি। আজকে কলকাতা তার ঐতিহ্য ও সৌন্দর্য হারিয়েছে এবং কলকাতা

একটা আবর্জনার স্তূপ হয়ে দাঁড়িয়েছে। রাস্তা ঘাট খারাপ হচ্ছে, জল নিকাশের ব্যবস্থা ে ইত্যাদি এই সমস্ত অসুবিধার মধ্যে থেকে যদি কলকাতার প্রাচীন ঐতিহ্য ফিরিয়ে আনতে হ তাহলে কলকাতার পার্শ্ববর্তী শহর হাওড়ার যথেষ্ট উন্নতির প্রয়োজন আছে এই কথা আমর জানি। আমার আর বিশেষ কিছু বলার নেই। কংগ্রেসী বন্ধুরা বাধা দেবেন প্রত্যেক কাজে কিন্তু তবু তাদের বাধার প্রতি কোন রকম কর্ণপাত না করে মাননীয় মন্ত্রিমহোদয়কে অনুরো করবো যে, এই বিলে প্রকৃত যাতে হাওড়ার উন্নতি সাধিত হয় তার দিকে যেন নজর দেন এব আশা করবো যে সমস্ত সদস্যের সর্বাঙ্গীন সমর্থনে এই বিল এই হাউসে পাস হবে এবং মন্ত্রি মহোদয়ের ঐকান্তিক চেষ্টায় হাওড়ায় একটা সুন্দর, পরিচ্ছন্ন শহর গড়ে উঠবে, এই আশা রেে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Muhammed Khuda Buksh:** Mr. Deputy Speaker, Sir, I am grateful t you for giving me an opportunity to participate in the discussion on the Howral Improvement (Amendment) Bill. I am afraid I shall have to echo mostly th sentiments expressed by my friend to my right. (A voice: বাংলায় বলুন). Sir, shall gradually try and pick up speaking in Bengali, but, Sir, for long years I have been used to delivering my parliamentary speeches mostly in Englisl and I find it rather convenient speaking in the language that I am doing now I assure the House, Sir, that, by and large, I shall try to speak in my mother language. Of course, I am a Bengali of fourteen generations and the Bhet Bangali at that but, Sir, I must confess that I am used to using this foreig language in delivering the speeches having been elected to this honourabl House in the year 1946, and in those days English was the language of choice. That is the reason that I am still speaking in the language that I am doing. But I assure my honourable friends that I shall try and speak in my own mother tongue gradually.

Now, Sir, the Hon'ble Minister has said that the Howrah Municipality elections have been held but the results thereof have been debarred from being published by the Hon'ble High Court and the situation remained like that fo as many as three years. They were in office once before for a period of nine months and they did not think it imperative or necessary or even as urgent as they think it now to bring in an ordinance of this description. Sir, what, in effect, they are trying to do is that in the name of giving representation to a permanent officer, they are taking away the representation of some of the elected members of the old Corporation or Municipality whatever it is.

[4-45—4-55 p.m.]

Sir, the Hon'ble High Court has stayed the publication of the results of the new election and it has also authorised the continuance of the old Municipality and the Chairman and all the other Commissioners still enjoy the same rights and privileges as they used to do under the old Constitution. Now, Sir, while they are in enjoyment of all their rights and privileges as normal functionaries of the Municipality, this Bill seeks to take away their representation from a very important body in which they are greatly interested, namely, the Trust body which is charged with the duties and responsibilities of devising ways and means of improving the city of Howrah and its civic life. Sir, I have to echo the arguments advanced by my honourable friend Dr. Nalinaksha Sanyal that what the Government should have done was to give representation to this Government officer instead of taking away the representation of popularly elected members of the old Municipality. Sir, the judgment of the Hon'ble High Court will be ultimately published. This should not take long. We are aware that a High Court matter takes four to five years to be completed. We have waited for three years, and Heavens would not have fallen if we had waited for another year and seen what would be the judgment delivered by the Hon'ble High Court. Supposing the Hon'ble High Court said that the contention of the persons, who have filed the prayer against the election, was valid, that would

be one matter. But supposing the High Court held, as it may normally be expected to hold, that the elections are valid and the names should be published —when they have limited the number of the trustees to eight—they would have to bring in another Bill in order to give them representation on the Howrah Trust body. So they are tying their hands by this Bill, but when they will find that there is clamour again from the Howrah people that they need, and should be given, representation on the Howrah Trust body—because they are the elected members of the Howrah Municipality—this legislation will stand in the way. Therefore, Sir, I think the arguments advanced by Dr. Nalinaksha Sanyal, namely, that section 4(a) should be retained and the other two sections, viz., (b) and (c) should be deleted, are cogent and valid and should be adopted by the House. This will give one more member to the Trust body without taking away the popular representation from the Trust body. Sir, if I may say so,—of course, I am not a legal Pundit, there are lawyers in the House and if they say that I am wrong, I shall stand corrected—I have a feeling that this Bill is in contempt of the Hon'ble High Court because the Hon'ble High Court has granted the continuance of the old members and it has not imposed any limitation on their functions which this Bill seeks to do. The Hon'ble High Court has not imposed any limitation on the functions of the old Municipality or its functionaries - the Chairman and the other elected Commissioners are all functioning. Now they are being sought to be removed bodily from a place where they were elected. At least, Sir, this Hon'ble House must concede that those people who were elected in the Municipality and are now in office are not prevented from fulfilling or are not divorced from the aspirations and ideals of the people. They belong to Howrah, they are intimately connected with the aspirations of the people of Howrah, they know what Howrah needs for its improvement, and to remove those persons, who are of the people and for the people, would be a negation of the very concept of Panchayat Raj, the concept of popular representation and, if I may be permitted to say, the concept of this august House. Therefore, Sir, I resume my seat by supporting the amendment of Dr. Nalinaksha Sanyal.

**Shri Somnath Lahiri:**

স্যার, আমি এই সংশোধনী প্রস্তাব গ্রহণ করতে পারছি না। এখন কিছু বলার দরকার আছে মনে করি না। থার্ড রিডিং যখন শেষ হবে, তখন জবাব দেব, সময় নষ্ট না করে।

The motion of Shri Somnath Lahiri that the Howrah Improvement (Amendment) Bill, 1969, be taken into consideration, was then put and agreed to.

*Clause* 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

*Clause* 2

**Shri Nirmal Kumar Mukherjee:** Sir, I beg to move that in clause 2, sub-clauses (b) and (c) of proposed section 4A be omitted.

The motion was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

*Clause* 3 *and Preamble*

The question that clause 3 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Somnath Lahiri:** I beg to move that the Howrah Improvement (Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed.

স্যার, আমি সময় সংক্ষেপ করার জন্য আগে বলে নিই। খুব বেশি আলোচনা হয়নি, তবু যেটুকু আলোচনা হয়েছে তার উপর সামান্য দু-একটি কথার উপর জবাব দিতে পারি। প্রথম কথা উঠেছে, নির্মলবাবু বলেছেন, মিউনিসিপ্যালিটি রিপ্রেজেন্টেটিভ ছিল। যেহেতু নির্বাচিত প্রতিনিধি তাঁরা জনসাধারণের প্রতিনিধি সুতরাং তাঁরা জনসাধারণের দুঃখ-দুর্দশা জানতে পারতেন। কথাটা ১৯৬১ সালে হয়ত ঠিক ছিল। কারণ যাঁরা এখন হাওড়া মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান বা কমিশনার আছেন তাঁরা ১৯৬১ সালে নির্বাচিত হয়েছিলেন। পরবর্তীকালে যে নির্বাচন হয়েছে তাতে তাঁরা প্রায় কেউই পারেন নি নির্বাচিত হতে। সুতরাং তাঁরা জনসাধারণের প্রতিনিধি নন। কিন্তু যাঁরা নির্বাচিত হয়েছেন হাইকোর্টের আদেশবলে আপাতত আসন গ্রহণ করতে পারেন নি এবং সেটা আছে বলে বর্তমানে যাঁরা আছেন নির্বাচিত না হওয়া সত্ত্বেও সেই সুবিধাটা ভোগ করছেন জনসাধারণের ইচ্ছার বিরুদ্ধে এবং জনসাধারণের রায়কে উপেক্ষা করে এবং বিকৃত করে। ১৯৬৭ সালে হাওড়ার জনসাধারণ সুস্পষ্টভাবে যে রায় দিয়েছেন কাদের তাঁরা প্রতিনিধি নির্বাচন করবেন সে সম্পর্কে পুরানো আইনের ক্ষমতা বলে যেটুকু অবশিষ্ট আছে সেটুকু তাঁরা আঁকড়ে থাকতে চান। আমার মনে হয় সেটা রাজনৈতিকভাবে সংগত হবে না এবং হাওড়ার জনসাধারণের রায়ের প্রতিও সুবিচার হবে না। সেইজন্য এটা একটা কারণ। তারপর, বলা হয়েছে, ক্যালকাটা ওয়াটার সাপ্লাই অ্যান্ড স্যানিটেশন অর্থারিটিতে হাওড়ার চেয়ারম্যান প্রতিনিধি হিসাবে কন্টিনিউ করছেন। সেটা তো করছেন। যেমন হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট করছেন। আমার মনে হয় সসম্মানে বিদায় নেওয়া উচিত ছিল। যেখানে তারা রিজেক্টেড হয়েছেন অন দি হোল, সেখানে তাঁদের নিজেদের উচিত ছিল একথা বলা এবং কাজে করা যে, "আমরা জনসাধারণের প্রতিনিধি নয়, সুতরাং আমরা থাকব না"।

[4-45—5-05 p.m.]

কিন্তু তাঁরা আঁকড়ে থাকছেন। স্বভাবতই প্রত্যেকটি আইন এখন বদলাচ্ছে। একটা দিয়ে শুরু হয়েছে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট-এর আইনটা বদলাচ্ছি এবং অন্যান্য আইনও ক্রমে ক্রমে বদলানো হবে। অনেক সদস্য আছেন, কি এ পক্ষ কি ও পক্ষের খুব সংগতভাবে হাওড়া শহরের দুরবস্থার কথা তুলেছেন। এ বিষয়ে আমি তাদের সংগে সম্পূর্ণভাবে একমত। হাওড়া শহরের অবস্থা অত্যন্ত ভয়ঙ্কর, তবে মুসকিল হচ্ছে, এতদিন যারা হাওড়া পৌর প্রতিষ্ঠানকে পরিচালনা করে এসেছেন এবং যাদের ধ্বংসাবশেষ আজও এই আইনের অ্যামেন্ডমেন্ট হলে অন্ততঃ হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টেতে সেই ধ্বংসাবশেষ বজায় রেখেছেন বা তারই চেষ্টা করেছেন। সেজন্য হাওড়া শহরে মিউনিসিপ্যালিটিকে এমন একটা অবস্থায় পৌঁছে দিয়ে গেছেন তার থেকে বেরোন খুব কঠিন। আমি একথা মানি যে হাওড়ার নাগরিকদের কাজকর্ম সুখ-সুবিধা হয় কিন্তু অবস্থাটা কি দাঁড়িয়েছে? যদিও এটা খুব প্রাসঙ্গিক নয় তবুও হাওড়ার প্রতিনিধি তাদের এবিষয়ে একটা কথা বলতে চাই, যা অবস্থা দাঁড়িয়েছে তা হচ্ছে হাওড়া শহরের মিউনিসিপ্যালিটির টোটাল ডিম্যান্ড হচ্ছে ৮ লক্ষ কি ৮½ লক্ষ টাকা দুই মাসে। আর শুধু তাদের মাইনের বিল ১০½ লক্ষ টাকা। অর্থাৎ মোট ডিম্যান্ডও যদি পুরো আদায় হয় যা কোনকালে কোন মিউনিসিপ্যালিটিতে আদায় হয় না সেই পুরো ডিম্যান্ড আদায় হলেও শুধু মজুরীর বিল মেটানো যাবে না, এত সংখ্যায় কর্মী তারা নিয়োগ করে রেখে গেছেন। কাজেই আজকে শহরের সুব্যবস্থা দূরে থাক শুধু মাত্র কর্মীদের মাইনে মেটান এবং প্রতি প্রাথমিক নিম্নতম ভিত্তিতে কিছু না দিলেও এইটুকু করতে হলেও প্রতি মাসে স্বায়ত্তশাসন বিভাগকে টাকা ধার দিতে হয় হাওড়া শহরের মিউনিসিপ্যালিটিকে এই এপ্রিল, মে এবং জুন চলছে এই তিন মাসে যতদূর সম্ভব আমার মনে আছে প্রায় ১৫ লক্ষ টাকা ধার দিয়েছে। সেই টাকায় হাওড়া শহরের জনসাধারণের সেবার খুব বেশী পরিমাণ হ'তে পারে না, শুধু মাত্র মিউনিসিপ্যালিটির দৈনন্দিন খরচ প্রধানতঃ শ্রমিক কর্মচারীদের মাইনে দেবার জন্য ও কাজ চালাবার জন্য দেওয়া হয়েছে, কোন উপায় নেই অতীতে যারা হাওড়া মিউনিসিপ্যালিটিতে রাজত্ব করে গেছেন তারা ধীরে ধীরে আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব, ছেলের ছেলে সবাইকে এনে ভর্তি করে এই রকম অবস্থা করে রেখেছেন যার বোঝা আজকে আমাদের বহন করতে হচ্ছে। কাজেই খুব কঠিন সমস্যা আমি স্বীকার করে নিয়ে যতদূর সম্ভব চেষ্টা করছি সংশোধন কি করে করা যায়, কিভাবে কিছুটা

উন্নত ব্যবস্থা করা যায় তার আমি চেষ্টা করছি। কিন্তু খুব কঠিন এজন্য বলছিলাম যে শুধু মাইনে ছেবার জন্য সরকারকে মাসে ৪।৫ লক্ষ টাকা করে ধার দিতে। সরকারের তহবিল অফুরন্ত নয়, খুবই সীমাবদ্ধ, আরো বহু মিউনিসিপ্যালিটি আছে তাদের তাগিদ আছে, প্রয়োজন আছে। সুতরাং কতটা পারা যাবে, কি করা যাবে এখনই বলা খুব কঠিন। বিষয়টি প্রাসঙ্গিক না হলেও যেহেতু ২ পক্ষের অনেক সদস্যের এ বিষয়ে উদ্বেগ আছে সেজন্য বাস্তবিক পরিস্থিতিমা কি তাদের সামনে তুলে ধরলাম। ভবিষ্যতে তাদের সকলের সঙ্গে এ বিষয়ে নিশ্চয়ই আরো আলাপ-আলোচনা করবো। কবে কি করে হাওড়া শহরেরের উন্নতি করা যায়, অন্ততঃ কিছুটা চালু থাকে তার ব্যবস্থা কি করে করা যায় তার চেষ্টা করবো। আর নলিণাক্ষ সান্যাল ও খোদাবক্স সাহেব একটা কথা তুলেছেন যেটা আমার মনে হয় আইনে তা ব্যাখ্যা নয়।

তাঁরা বলেছেন যে হাওড়া মিউনিসিপ্যালিটির ও'দের বিদায় করে দিলেন কিন্তু মামলা যদি নিষ্পত্তি হয়ে যায় এবং সেই মামলায় যাঁরা কাউন্সিলার নির্বাচিত হয়েছিলেন তাঁরা যদি রিটার্ণড হন তাহলে তাঁরা আর হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টে প্রতিনিধিত্ব করতে পারবেন না। আমার মনে হয় যে তাঁরা ধারাটি ভাল করে পড়েন নি। আমরা আইনে পরিষ্কার লিখেছি যে তিনটি ধারা এ, বি, সি, তার সবগুলিই হচ্ছে যতদিন একজিকিউটিভ অফিসার থাকবেন ততদিনের জন্য। স্বভাবতঃই একজিকিউটিভ অফিসার করেছি কেন—যেহেতু হাইকোর্টের রায়ের ফলে আমরা নির্বাচিত কাউন্সিলারদের নাম গেজেট করতে পারি নি এবং আর একটা ভুল ধারণা ও'দের আছে যে হাইকোর্ট থেকে নির্দেশ দিয়েছে যে পুরানো মিউনিসিপ্যালিটি কন্টিনিউ করবে সেই নির্দেশ হাইকোর্টের দেয়ার দরকার হয় না—বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্টে আছে যে কোন কারণে যদি নূতন ব্যবস্থা বসতে না পারে তাহলে পুরানো ব্যবস্থা কন্টিনিউ করবে, তা না হলে ভ্যাকুয়াম হয়ে যাবে। যেহেতু হাইকোর্ট থেকে ইনজাংসন দিয়ে নূতন কর্পোরেশনকে কাজ করার সুযোগ দেয়া হয় নি, সেহেতু আমরা একজিকিউটিভ অফিসারকে নিয়োগ করেছি। যে মুহূর্তে হাইকোর্ট থেকে রায় হয়ে যাবে যে না, ওরা বসতে পারবে, মামলা মিটে গেল, সেই মুহূর্তে আমরা একজিকিউটিভ অফিসারকে উইথড্র করে নেব। আমাদের তো একজিকিউটিভ অফিসার রাখার আগ্রহ নেই—আমি তো বলি বেঁচে যায়। সরকারের পক্ষে একটা স্থানীয় স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানের দায়িত্ব গ্রহণ করতে যাওয়া ঠিক নয়। স্বায়ত্তশাসন মানে সেখানকার নাগরিকদের নিজেদের আয়ত্তের মধ্যে শাসন হবে। যেহেতু একটা বিশেষ আইন ঘটিত অসুবিধার জন্য তা সম্ভব হয় নি সেজন্য অনিচ্ছা সত্ত্বেও আমাদের একজিকিউটিভ অফিসার নিয়োগ করে রাখতে হচ্ছে। যে মুহূর্তে হাইকোর্ট থেকে তাঁরা আবার বসতে পারবেন সেই মুহূর্তে আমরা আনন্দের সঙ্গে একজিকিউটিভ অফিসার প্রত্যাহার করে নেব এবং প্রত্যাহার করলে এই আইনের যে ধারার কথা নলিনাক্ষবাবু তুলেছেন সেই ধারা কার্যকরী থাকবে না। সুতরাং তখন যাঁরা নির্বাচিত হবেন তাঁরা সেই আইন অনুসারে তাঁদের রিপ্রেজেন্টেটিভ হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট-এ পাঠাতে পারবেন, কোন অসুবিধা থাকবে না। কাজেই এই সমস্ত বিবেচনা করে আমি এই বিলটা এনেছি, এতে বিশেষ তর্কের কোন অবকাশ নেই—সামান্য বিষয়, সামান্য বিল। কাজেই আমি আশা করি আর তর্ক না করে এবার বিলটাকে গ্রহণ করুন।

The motion of Shri Somnath Lahiri that The Howrah Improvement (Amendment) Bill, 1969, as settled in the Assembly be passed, was then put and agreed to.

## The West Bengal Panchayat (Amendment) Bill, 1969.

**Mr. Deputy Speaker:** We now come to the next Bill, viz., The West Bengal Panchayat (Amendment) Bill, 1969. I would now request the Minister-in-under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

**Shri Bibhuti Bhushan Das Gupta:** Sir, I beg to introduce the West Bengal Panchayat (Amendment) Bill, 1969.

(Secretary then read the title of the Bill)

**Shri Bibhuti Bhusan Das Gupta:** Sir, I now place the statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business *in the West Bengal Legislative Assembly.*

The maximum period of supersession of Gram Panchayats and Anchal Panchayats including further extension was about to expire in some cases and on the expiration of the said period, the State Government was bound to reconstitute the concerned Gram Panchayats and Anchal Panchayats by fresh election according to law. But as a comprehensive Bill on Panchayats is under preparation, it was not thought advisable to hold fresh elections until the new law was enacted. In order that Government may not be called upon to hold fresh elections in these cases now the maximum period of supersession and of further extension have both been enhanced to two years in place of the existing one year by amendment of sections 67(b) and 68(3)(i) of the West Bengal Panchayat Act, 1957.

[5-05—5-15 p.m.]

**Mr. Deputy Speaker:** The Hon'ble Minister-in-charge may now move the motion for consideration of the Bill.

**Shri Bibhuti Bhusan Das Gupta:** Sir, I beg to move that the West Bengal Panchayat (Amendment) Bill, 1969, be taken into consideration.

**Mr. Deputy Speaker:** There are no amendments or motions for circulation of the Bill otherwise.

**শ্রীসমরকুমার রুদ্র:** মাননীয় ডেঃ স্পীকার, স্যার, আজ যে বিল মন্ত্রিমহাশয় উপস্থিত **করেছেন সে সম্পর্কে ২।১টা কথা বলতে চাই। কংগ্রেসের বহুবিঘোষিত গণতান্ত্রিক বিকেন্দ্রী-করণের যে নীতি সেই নীতি অনুযায়ী তাঁরা এই পঞ্চায়েত বিল রচনা করেছিলেন। আজ অনেক বৎসর পার হয়ে গেল আমরা এখনও দেখছি এই আইনটা শুধু যে ত্রুটিপূর্ণ তাই নয়** অনেকগুলি এর মধ্যে যে ধারা আছে, সেগুলি পরস্পরবিরোধী এবং অকার্যকরী। যেমন পঞ্চায়েত বিল রচনা করবার পর গ্রামসভা থেকে গ্রামপঞ্চায়েত ও অঞ্চল পঞ্চায়েত গঠিত হবার কথা, সেই অঞ্চল পঞ্চায়েতের হাতে তাদের চাবিকাঠি থাকলো। অর্থাৎ টাকা যা কিছু আসবে সমস্ত অঞ্চল পঞ্চায়েতের কাছে কিন্তু দায়িত্ব থাকবে গ্রামসভার কাছে। গ্রামীণ বাংলার উন্নতি করার জন্য গ্রামসভার উপর বিভিন্ন দায়িত্ব ব্যস্ত করা হয়েছে অথচ টাকা দেবেন অঞ্চল পঞ্চায়েত। ন্যায় পঞ্চায়েত গঠন করবার কথা কিন্তু তা আজও বহুক্ষেত্রে গঠিত হয় নি—বিচারক ও প্রধান বিচারক এগুলি পর্যন্ত হয় নি। সুদীর্ঘ কাল ধরে কংগ্রেসীরা এই আইন রচনা করে এসেছেন কিন্তু বিভিন্ন জায়গায় তাঁরা যে ব্যর্থতা রেখে গেছেন, তেমনি আইন প্রণয়নের ক্ষেত্রেও চূড়ান্তভাবে তাঁরা সে ব্যর্থতার স্বাক্ষর রেখে দিয়ে গেছেন। অর্থাৎ যে আইন করে গেছেন তা কার্যকরী করা হয় নি। এই পঞ্চায়েতের বিভিন্ন ধারায় সমস্ত আইনটা আন-কনস্টিটিউশনাল কিনা সেই প্রশ্ন আজ উঠেছে। এই আইনের কয়েকটি ধারায় বিভিন্নভাবে সংবিধানবিরোধী কি না সংবিধানের দ্বিতীয় অধ্যায়ে যে ফান্ডামেন্টাল রাইটস গ্যারান্টেড করা আছে সেগুলি ভায়ওলেট করছে কি না সে প্রশ্ন আজ উঠেছে। ভিলেজ সেল্‌ফ গভর্ণমেন্ট-এর যে অধিকার সেই অধিকার, আমাদের বিধানসভায় আইন রচনা করার যে অধিকার সেই অধিকার কতখানি ডেলিগেট করা যায় সেসব আইনঘটিত প্রশ্ন আজ রয়েছে। এখন বহু ক্ষেত্রে একসেসিভ ডেলিগেশন অব্র পাওয়ার হচ্ছে। একজিকিউটিভ-এর হাতে অনেকখানি ক্ষমতা বেশী দেওয়া হয়েছে। সেগুলি দেওয়া ন্যায্য কি না, আইনসম্মত কি না সে প্রশ্ন আছে। এই রকম বহু বহু আইন কংগ্রেসী আমলে বিধানসভায় পাস হয়েছে। কিন্তু সেইগুলি কার্যকরী করা যায় না, কারণ বেআইনী আইন তাঁরা করেছিলেন। আমরা আশা করেছিলাম বিভিন্ন আইনের মাধ্যমে গ্রাম বাংলার উন্নতি তাঁরা করবেন। কিন্তু দেখা গেছে গ্রাম বাংলার উন্নতি করা দূরে থাক সেখানে ন্যায় পঞ্চায়েত, গ্রাম পঞ্চায়েত, অঞ্চল পঞ্চায়েতগুলির ইলেকসন বহুদিন পর্যন্ত হয় নি এবং

যে যার যেখানে নির্বাচন হয়েছে সেখানেও আদালতের রায় নির্বাচন অনুযায়ী কাজ করা যায় নি। এর ফলে টাকা যেগুলি আসছে অঞ্চল পঞ্চায়েতের হাতে সেই টাকা অঞ্চল পঞ্চায়েতে কংগ্রেসের কয়েকজন প্রভাবশালী ব্যক্তি তাঁরা গ্রামসভায় প্রভাব বিস্তার করে সেখানে গ্রামসভার সদস্য নির্বাচিত হয়ে কর্তৃত্ব দখল করে নিয়ে অঞ্চল পঞ্চায়েতে এসে হাজির হয়েছেন এবং তাঁরা সমস্ত সুযোগ সুবিধা যেগুলি বণ্টন করার কথা সেগুলি বণ্টন না করে নিজেদের মধ্যে সেগুলি বণ্টন করেছেন। এর ফলে যারা দরিদ্র চাষী যাদের দেওয়া দরকার তারা টিউবওয়েল বা এগ্রিকালচারেল লোন বা ডোল ইত্যাদি থেকে বঞ্চিত হচ্ছেন।

যাঁদের পাবার কথা এবং গ্রামের উন্নতির জন্য যে গ্রাম পঞ্চায়েত রচনা করা হয়েছিল তাঁরা আজকে পঞ্চায়েতের কোন সুযোগ সুবিধা পেলেন না এবং যাঁদের পাবার কথা নয় তাঁরা এই বিধানের সুযোগ নিয়ে নিজেরা সমস্ত অর্থ নিয়ে নিলেন এবং নিজেদের মধ্যে বণ্টন করলেন। এর ফলে তাঁরা একদিকে বাংলাদেশের বিপর্যয় টেনে এনেছেন এবং গ্রামের অর্থনীতিকে ভেঙ্গে চুরমার করেছেন। আমি মন্ত্রিমহাশয়কে অভিনন্দন জানাই তিনি এই বিল এনেছেন এবং ১ বছরের জায়গায় ২ বছর করছেন। তিনি বিলের অবজেক্টের মধ্যে আরও বলেছেন যে, সামগ্রিক-ভাবে আর একটি সর্বাঙ্গীণ আইন তিনি আনবেন যে আইনের মধ্যে বর্তমান আইনের ত্রুটি-বিচ্যুতি থাকবে না। আমি আশা রাখি সেই আইনের মাধ্যমে বাংলাদেশের অর্থনীতির উন্নতি হবে, দরিদ্র কৃষক, চাষী যারা রয়েছে তাদের উন্নতি হবে এবং গ্রামের উন্নতিও সার্থকভাবে রূপায়িত হবে।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এখানে যে সংশোধনী বিল উপস্থিত হয়েছে তার ২ নম্বর ক্লজ-এর উপর আমি এই পরিশিষ্ট যোগ দেবার জন্য সংশোধনী প্রস্তাব উত্থাপন করছি।

to move that the following proviso be added to clause 2: Provided that on a report of the Prescribed Authority the State Government holds for reasons to be recorded in writing that the Gram Panchayat or the Anchal Panchayat, as the case may be, cannot be reconstituted in accordance with existing statute nor the members of the superseded Gram Panchayat or Anchal Panchayat, as the case may be, can be permitted to resume membership and to continue in office.

**শ্রীনিখিল দাস:** জেনারেল ডিসকাসন স্টেজে আপনি ক্লজ আনছেন কেন? যখন ক্লজের উপর কনসিডারেসন হবে তখন আপনি আপনার অ্যামেন্ডমেন্ট মুভ করবেন।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** স্যার, আমি জানি না আমার এই প্রস্তাব উত্থাপন করবার মুখে আমার এই বন্ধু হঠাৎ এত উত্তেজিত হয়ে উঠলেন কেন। কনসিডারেসন অফ দি ক্লজেস-এর সময় আমার অ্যামেন্ডমেন্ট দেবার অধিকার আছে এবং সেই হিসেবেই আমি দিয়েছি। এর উপর জেনারেল ডিসকাসন চলবে বলে আমার ধারণা ছিল না এবং সেই হিসেবেই আমি বলতে উঠেছিলাম। যাহোক, যদি কেউ জেনারেল ডিসকাসন করতে চান আমি তাতে বাধা দিচ্ছি না। আমাকে কল আপন করা হয়েছিল বলেই আমি বলতে উঠেছিলাম।

**মিঃ ডেপুটি স্পীকার:** এখন কনসিডারেসন স্টেজ চলছে—ফার্স্ট রিডিং আপনি এখন কনসিডারেসন সম্বন্ধেই বলুন। ক্লজ বাই ক্লজ যখন আসবে তখন আপনি অ্যামেন্ডমেন্ট দেবেন।

At this stage you can speak on the principle of the Bill and its provisions may be discussed generally without going to the details.

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** আপনি যে আমাকে আহ্বান করলেন সেটা কি জেনারেল ডিসকাসনের জন্য?

**মিঃ ডেপুটি স্পীকারঃ** আপনি এখন জেনারেল ডিসকাসন করুন। ক্লজ বাই ক্লজ-এর ডিসকাসন যখন হবে তখন আপনি আপনার অ্যামেন্ডমেন্ট মুভ করবেন।

When motion for consideration of the Bill has been carried you will get your scope for moving amendments to clauses.

[5-15—5-25 p.m.]

**Dr. Nalinaksya Sanyal :**

আপনার প্রথম পর্যায়ের নির্দেশ মেনে নিলাম। এখন আমি সাধারণভাবে পঞ্চায়েত আইনের সংশোধনের যে প্রস্তাব এসেছে তার সম্পর্কে বিনীত নিবেদন রাখব, এর পরে প্রয়োজনবোধে সংশোধনী আনবো। পঞ্চায়েত আইন রাজের সংগঠন আমূল পরিবর্তন হতে যাচ্ছে। নূতন রূপ-রেখা বলে একটা আভাস এই সম্পর্কে আমাদের কাছে পাঠিয়েছেন, সেই রূপরেখায় তুলি টেনে যা দেখছি তাতে আমি স্তম্ভিত হয়ে যাচ্ছি। আমি জানি না আজ এখানে যাঁরা চেঁচামেচি করছেন তাঁরা এই বিল পড়েছেন কি না, যদি পড়ে থাকেন তাঁরা নিশ্চয়ই এটাকে অবাস্তব বলে স্বীকার করবেন এবং এই অনুযায়ী কাজ করতে গেলে দেশ যে খান খান হয়ে যাবে একথা স্বীকার করবেন। বর্তমানে আইনে যা দেখছি গ্রাম পঞ্চায়েতের নির্বাচনে নীচের স্তরে যেটা আছে গ্রামের সকলে মিলে গ্রামসভার অধ্যক্ষ নির্বাচনের ব্যবস্থা আছে। সেটা দীর্ঘদিন ধরে স্থগিত রাখবার বিশেষ কোন যুক্তি আমি দেখি না, এমন কি যে রূপরেখা মন্ত্রিমহাশয় দিয়েছেন তার মধ্যেও নেই যদি না গ্রামকে ভেঙ্গে গ্রামসভা বিশেষভাবে মণ্ডল বা তার চেহারা অন্য রকম করা না হয়। চার বছর আয়ু দেওয়া হল গ্রামসভা এবং গ্রাম পঞ্চায়েতগুলিকে। অনেক জায়গায় চার বছর অতিক্রান্ত হয়েছে এবং আইনে যে ব্যবস্থা রয়েছে তাতে এক বছর সেই আয়ু বাড়িয়ে দেবার ব্যবস্থা বা ক্ষমতা দেওয়া ছিল এবং তার দুটি ...... ছিল আইনের মধ্যে একটা হল......
alternative—reconstituted.

টাইম দেওয়া আর একটা হল

that the Gram Panchayat or the Anchal Panchayat, as the case may be, be reconstituted with effect from a specified date or that the Gram Panchayat or the Anchal Panchayat, as the case may be, be superseded for a specified period.

এটা কোন্ অবস্থায় হত ?

The State Government is satisfied on the report of the prescribed authority that Anchal Panchayat or a Gram Panchayat is not competent to perform or persistently making defaulting performance of its duties imposed on it by or under any law or it is exceeding or abusing its powers, it may, by notification, direct.

কি অবস্থায় অঞ্চল পঞ্চায়েত এবং গ্রাম পঞ্চায়েতকে সরকার সুপারসিড করতে পারে আইনে তা লিপিবদ্ধ আছে। সময়ক্ষেপের দরুন যদি আইনমত নূতন করে নির্বাচন করা সম্ভব না হয় তাহলে তার দরুন সুপারসেশন হবে, এটা আইনে অন্ততঃ আমি দেখতে পাই না। বরং আমি উল্টোটাই দেখছি। সেকশন ১২-এ তে বলা হয়েছে নটউইথস্ট্যান্ডিং

section 12(a) states that notwithstaning the omission to hold timely elections in accordance with the provisions of this Act or the rules framed thereunder, sitting members of a Gram Panchayat shall continue and shall be deemed always to have continued lawfully to hold office until the date of the first meeting, at which a quorum is present, of the Gram Panchayat as reconstituted after the coming into force of the West Bengal Panchayat (Amendment) Act, 1964.

কাজেই আইনের মধ্যে এই পরিস্থিতি পরিকল্পনা করে দেওয়া আছে যে যদি কোন কারণে ইলেকশন না হয়, পরবর্তী গ্রামসভা যদি তৈরী হয়ে না ওঠে, তাহলে আগেকার গ্রামসভার প্রথম মিটিং, প্রথম কনস্টিটিউটেড গ্রাম সভা প্রথম মিটিং পর্যন্ত তাঁরা কাজ করে যাবেন। এখানে কোন সময় সীমা নির্ধারণ করা হয় নাই। এখানে বলা নাই এক বছরে, কি দু' বছরে যেমন করে হোক খতম হয়ে যাবে, তেমন কোন কিছু লেখা নাই। সুতরাং যেটা দেখা যাচ্ছে বিনা কারণে শুলে

চাড়িয়ে দিয়ে সুপারসেশন কথাটা ব্যবস্থা করা হচ্ছে সরকার নিজের হাতে ক্ষমতা নেবার জন্য। গ্রাম পঞ্চায়েত অঞ্চল পঞ্চায়েতকে পারসিসটেন্টলি ডিফল্টিং ইন প্যারফরমিং দি ডিউটি নিয়মিত-ভাবে তাদের কাজে অক্ষমতা দেখানোর জন্য বা কোন দুর্নীতির জন্য তাদের অপসারণ করা হচ্ছে—এমন কোন কাজ দর্শান হয় নাই। তাদের কাছ থেকে কোন কৈফিয়তও নেওয়া হয় নাই বা আইনে নেবার ব্যবস্থা আছে। সুতরাং দেখা যাচ্ছে সরকারের নিজেদের যে ব্যর্থতা ও দুর্বলতা তার জন্য তারা জনপ্রতিনিধিমূলক তা তারা বাতিল করে দিয়ে তাদের নিয়োজিত কর্মচারী দিয়ে তার ভার অনির্দিষ্ট কালের জন্য, নেবার জন্য প্রস্তাব এনেছেন। আমি তাদের জিজ্ঞাসা করতে চাই—তাঁরা নূতন পঞ্চায়েত আইনের যে রূপরেখা দেখিয়েছেন, তাতে তার শরীর গঠন করতে কত বছর লাগবে এবং সেটা আইনে পরিণত করার পর তা কার্যকরী করতে গেলে কত সময়ের প্রয়োজন হবে—এমন কোন হিসাব করে তাঁরা দেখেছেন কি? আমি আন্দাজ করেছিলাম এমন কি যে আইন প্রচলিত আছে, সেই আইন অনুযায়ী যদি নির্বাচন করতে যাওয়া যায়, তেমন নির্বাচন যদি তাঁরা করতে চান, তাহলে তার থেকে অন্তত ছ মাস বেশি লাগবে। যে আইন হচ্ছে তার কথা এমন শুনেছি যা এত গুরুত্বপূর্ণ যে তার খসড়া তৈরী করতে নাকি মন্ত্রিমহাশয় হিমসিম খেয়ে যাচ্ছেন। আমি বলব এ সম্বন্ধে জনমত সংগ্রহ করতে হবে—এই আইন সম্বন্ধে জনসাধারণ কি ভাবছেন—এ সম্বন্ধে কি মতামত দেবেন তা জানা দরকার। সরকারী পর্যায়ে কি হচ্ছে সেটা জানা উচিত—যুক্তফ্রন্ট সরকারের যারা বিভিন্ন সহযোগী দল আছে, তাদেরও বিশেষ চিন্তা এগুতে হবে—এই যে পঞ্চায়েত রাজের পরিকল্পনা, ক্ষমতা বিকেন্দ্রীকরণ সরকারের যে উদ্দেশ্য, সে সম্পর্কে বিশেষ সতর্কতার প্রয়োজন। এই বিলের আলোচনায় কোন টাইম লিমিট করে দেওয়া হয় নাই। এই বিলের আলোচনায় যদি সময় সীমা বেঁধে দেওয়া হয় তাহলে এর গুরুতর বিরূপ প্রতিক্রিয়া হবে।

[5-25—5-35 p.m.]

কাজেই আমি দেখতে পাচ্ছি যে গ্রাম পঞ্চায়েত এবং অঞ্চল পঞ্চায়েত এখনও যেটা রয়েছে ১২(এ) ক্লজে তারা আইনসঙ্গতভাবেই কাজ চালিয়ে যেতে পারেন যদি নির্বাচন না করেন এবং যদি নির্বাচন করতে চান—আমার পেছন থেকে একজন শোনাবার চেষ্টা করছেন যে সেখানে কংগ্রেসীরা আছে তাদের সরাতে হবে, সরান, নির্বাচন করুন কে বারণ করছে। আমি গণতন্ত্রে বিশ্বাসী, নির্বাচন করে নিতে পারেন করুন, তাতে আপত্তি নেই কিন্তু মুখে বলবেন জনতার ইচ্ছা আর একদিকে সরকারী কর্মচারী বসাবেন এই দুটো এক সঙ্গে হতে পারে না। একটা রাস্তা নিন। যদি দরকার হয় নির্বাচন করুন কিন্তু নির্বাচন বাতিল করে দিয়ে আজ যদি আপনারা সেখানে একজিকিউটিভ অফিসারের নাম করে কতকগুলি গ্রাম সভার, গ্রামের যারা নিম্নতম পর্যায়ে থাকেন, গ্রাম সেবক বা এক্সটেনসান অফিসার বা ব্লক অফিসার তাদের গ্রামের এবং অঞ্চলের ভার দিতে চান দীর্ঘদিন ধরে তাহলে দেশকে যে জনকার রায়ের উপর প্রতিষ্ঠিত করতে চাচ্ছেন তার মূলে কুঠারাঘাত করবেন। আমি আপনাদের এইটুকুই অনুরোধ করবো যে এই আইন নিয়ে ছেলেখেলা করবেন না দয়া করে, কারণ এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তা ছাড়া আরো ভাববার বিষয় এই যে বিকেন্দ্রীক রাষ্ট্র পরিচালনার যে আদর্শ আমাদের সামনে কয়েক বছর ধরে উঠেছে এ সম্বন্ধেও বিশেষ ভাবে পূর্ণ বিবেচনা করার সময় এসে গিয়েছে। কারণ আমরা দেখছি যে বিকেন্দ্রীত যে শক্তি সেই শক্তিকে ছড়িয়ে দিলে গ্রামের মধ্যে বা অঞ্চলে অহেতুক রেষারেষির প্রশ্রয় দেওয়া হয় এবং সেখানে সংঘবদ্ধভাবে কোন ঐক্যবদ্ধ উন্নত উপায়ে কাজ করার পথে বাধার সৃষ্টি হয়। বিকেন্দ্রীকরণের বিরুদ্ধে অনেক মত হয়েছে। তা ছাড়া প্রত্যক্ষভাবে নির্বাচন হবে না, পরোক্ষভাবে নির্বাচন হবে সেটাও ভাববার জিনিষ। (শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ—কেন?) কেন সেটা আপনার মাথায় ঢুকবে না। কাজেই আমি বলছি যে এমন অবস্থা করুন যে অবস্থা সত্যিকারের দেশের কল্যাণের জন্য, জনসাধারণের উৎসাহ উদ্দিপনা ও সহযোগিতাকে উন্নত করতে পারবে এবং সেটা উন্নত করে বর্তমানে যেভাবে একের পর এক গ্রাম এবং পঞ্চায়েত-গুলি সরকার কুক্ষিগত করার চেষ্টা করছেন সেইভাবে হবে না, তাই বলছি সংযত হন।

**শ্রীভূপালচন্দ্র পান্ডা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয় যে সংশোধনী বিল এনেছেন আমি তাকে পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। ইতি- পূর্বে এই পঞ্চায়েত আইন প্রথম যখন এই বিধানসভায় আসে তৎকালীন মুখ্যমন্ত্রী মাননীয় স্বর্গতঃ ডঃ বিধানচন্দ্র রায় মহাশয় এই কথা বলেছিলেন যে গান্ধীজীর বহুদিনের স্বপ্ন গ্রামরাজ, তাই আমরা এনেছি। এখন এই কয়েক বছরের মধ্যে গান্ধীজীকে ও'রা কতখানি বুঝেছেন এবং গান্ধীজীর এই গ্রামরাজকে কিভাবে ও'রা রূপপায়িত করতে চান সে জিনিস খুব ভাল করে স্পষ্ট হয়ে উঠেছে। এখন আমরা দেখছি যে গান্ধীজীর সেই গ্রামরাজকে চিটার্সরাজে পরিণত করেছেন। কার্যতঃ এই পরোক্ষ নির্বাচনের মাধ্যমে গ্রামাঞ্চলে যত সব চোরাকারবারী থেকে আরম্ভ করে প্রতিকিয়াশীল গোষ্ঠীরা কিভাবে গ্রামের সাধারণ মানুষের উপর নিপীড়ন চালাতে পারে তারই একটা ভাল যন্ত্র ও'রা আবিষ্কার করেছেন। অবশ্য এটা যে গান্ধীজীর নাম অনুসরণ করে করেছেন সে বিষয়ে কোন সন্দেহ নেই। তাই আজকে বাংলাদেশের মানুষ ও'দের এই যে ক্ষমতা বিকেন্দ্রীকরণের কথাই হোক, আর গান্ধীজীর স্বপ্নের রামরাজের সুখ হিসাবে গ্রামরাজই হোক—যাই ও'রা বলে থাকুন না কেন, ও'দের চিন্তাধারার মধ্যে গান্ধীজীকে কতখানি বুঝে- ছিলেন এবং কতখানি শ্রদ্ধা করতেন তা আজকে স্পষ্টতর হয়েছে। আমাদের মাননীয় পঞ্চায়েত মন্ত্রী নিশ্চয়ই একটা রূপরেখা এখানে এনেছেন। ইতিমধ্যে অনেক মাননীয় সদস্য মহাশয় এ বিষয় সম্পর্কে জানিয়েছেন। বিরোধী পক্ষের সদস্য ডঃ নলিনাক্ষ সান্যাল মহাশয় বললেন যে, ঐ রূপরেখা বাংলাদেশের পক্ষে অচল বা বাংলা দেশের মানুষ এটাকে গ্রহণ করবে না। তাহলে বাংলাদেশের মানুষ আজকে এই পঞ্চায়েত ব্যবস্থার ভিতর যেসমস্ত গলদ এবং যেসমস্ত অন্যায় চলেছে, সেই অন্যায় প্রতিকারের জন্য তারা কোন পথ ভাবছেন? অবশ্য অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগের ব্যাপারে আপনারা অন্য পদ্ধতি প্রবর্তন করতে বলেছেন, কিন্তু এটা সাময়িক, এটা দুর্নীতি প্রতিরোধের জন্য এবং জনসাধারণ যখন অতিষ্ঠ হয়ে উঠেছে তাদের এই ক্ষমতা বিকেন্দ্রীকরণের পালাগানে, তখন বাধ্য হয়ে আমাদের যুক্তফ্রন্ট মন্ত্রিসভাকে চিন্তা করতে হয়েছে এবং যেহেতু একটা কমপ্রিহেনসিভ বিল আসছে তারই পরিপ্রেক্ষিতে এই সাময়িক সংশোধনী বিলকে আমরা নিশ্চয়ই পূর্ণ সমর্থন জানাবো এবং আমরা আশা করবো যে বিল আসবে সেই বিল সম্বন্ধে বাংলাদেশের মানুষ একটা স্বস্তির নিশ্বাসের আবহাওয়া সৃষ্টি করবে। ইতিমধ্যে পঞ্চায়েত ব্যবস্থার ভিতর দিয়ে যে অন্যায় প্রচার চলেছিল তার কতকগুলি অন্ততঃ ঐ পথে, ঐ পদ্ধতির ভিতর দিয়ে বন্ধ হবে। যুক্তফ্রন্টের মন্ত্রিসভা পঞ্চায়েত ব্যবস্থার ভিতর যেসমস্ত গলদ ছিল স্থানীয় জনসাধারণের সহযোগিতায় সেই সমস্ত নূতন নূতন কমিটি মারফত যতখানি সম্ভব সংশোধনের ব্যবস্থা নিয়েছেন এবং আমরা আশা করি এই যে নূতন পঞ্চায়েত বিল আসছে তারই পরিপ্রেক্ষিতে বাংলাদেশের মানুষ এর সমর্থনে তাঁদের অভিমত দিতে পারবেন। এই হাউসের ওপক্ষ এবং এপক্ষের সদস্যরা নিশ্চয়ই এই আসন্ন পঞ্চায়েত বিলে তাঁদের অভিমত ও সাজেসান তাঁরা রাখবেন। আমি তাই মনে করি এই সাময়িক সংশোধনী বিলকে সর্ববাদিসম্মত হিসাবে গ্রহণ করা উচিত এবং বিরোধী পক্ষের যে বক্তব্য সেটা নিশ্চয়ই নূতন পঞ্চায়েত বিল যখন আসবে তখন তাঁদের বক্তব্য নিশ্চয়ই তাঁরা রাখবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-35—5-45 p.m.]

**শ্রীআবদুস সাত্তার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় যে অ্যামেন্ড- মেন্ট বিল আমাদের সামনে এনেছেন তার স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনস-এ তিনি বলেছেন যে কমপ্রিহেনসিভ বিল

A comprehensive Bill on Panchayats is under preparation and it is not thought advisable to hold fresh elections until the new law is enacted. The maximum period of supersession of Gram Panchayats and Anchal Panchayats including further extension is about to expire in some cases and in order that the Government may not be called upon to hold fresh elections in these cases before enactment of the new law, it is provided that the maximum period of

supersession and of further extension shall both be enhanced to two years. Hence the proposed amendments to sections 67(b) and 68(3)(i) of the West Bengal Panchayat Act, 1957.

আমার মনে হয় মাননীয় মন্ত্রিমহাশয় সেই সব ক্ষেত্রে যেখানে অঞ্চল পঞ্চায়েত কিংবা গ্রাম পঞ্চায়েত সুপারসিড হয়েছে অ্যামেন্ডমেন্টটা অ্যাপ্লিকেবল হবে, তারই ইংগিত তিনি দিয়েছেন এবং অনেক যেগুলো আছে এবং যেগুলো সুপারসিডেড হয় নাই সেই ক্ষেত্রে এই অ্যামেন্ডমেন্ট বিল উইল নট বি অ্যাপ্লিকেবল এটাই তিনি মিন করেছেন এবং এটা তাঁর উত্তরে তিনি বলবেন আশা করি। কিন্তু একটা জিনিস বিভিন্ন অর্ডিন্যান্স অ্যান্ড অ্যামেন্ডমেন্ট থেকে দেখা যাচ্ছে যে এই যুক্তফ্রন্ট মন্ত্রিমণ্ডলীর একটা ঝোঁক হয়েছে যে প্রত্যেক ডিপার্টমেন্টের অর্ডিন্যানস করে —এই পঞ্চায়েত থেকে আরম্ভ করে স্কুল কলেজ এবং অন্যান্য যাবতীয় সংস্থায় যে সমস্ত প্রতিনিধি ভোটে নির্বাচিত হয়ে সেখানে প্রতিনিধিত্ব করছেন তাদের বাদ দিয়ে একজন অ্যাডমিনিস্ট্রেটার খাড়া করে দেওয়া। অমরা দেখেছি যে তাঁরা যখন এই ধারে ছিলেন তখন কংগ্রেসের বিরুদ্ধে তাঁদের একটা অভিযোগ ছিল যে কংগ্রেসের রাজ হচ্ছে আমলাতন্ত্রের রাজ। কিন্তু আজকে দেখা যাচ্ছে—আমার বন্ধুগণ যাঁরা আগে চিৎকার করেছিলেন যে কংগ্রেসীরাজ হচ্ছে আমলাতন্ত্রের রাজ—আজ তারাই বেশী করে আমলাতন্ত্র রাজ কায়েম করছেন। পঞ্চায়েতের যে আইন আছে যদি মাননীয় বন্ধুগণ পড়ে থাকেন কিংবা জেনে থাকেন তাহলে দেখবেন যে ভোটে যাঁরা নির্বাচিত হয়ে এই সভাতে এসেছেন সেই ভোটে পঞ্চায়েতের লোক বা পঞ্চায়েতের মেম্বার নির্বাচিত হচ্ছে। সুতরাং জনগণকে তারা যদি চোর বলেন তাতে আমার আপত্তি নেই। তবে যে সমস্ত মেমবার রয়েছেন গ্রাম পঞ্চায়েত বা অঞ্চল পঞ্চায়েতে তারা জনগণের ভোটে নির্বাচিত হয়ে এসেছেন যে ভোটে আমি আপনি সকলে এসেছি। সুতরাং আজকে যারা পঞ্চায়েতে আছেন তাদেরকে এবং পঞ্চায়েত রাজকে চোরের রাজ বলছেন, এটা কোন্ মুখে বলছেন, যারা জনগণের প্রতিনিধি হয়ে এসেছেন তাদের সেই আখ্যা দিতে লজ্জা হয় না। আমি সেইজন্য মাননীয় মন্ত্রিমহাশয়কে বলবো আমি শুনেছি আপনি একজন গান্ধীবাদী, জানি না কতদূর সত্য। বর্তমানে আপনি যাদের সঙ্গে মিশছেন তারা গণতন্ত্রবিরোধী সব কাজ করছেন। তাদের সঙ্গে মেশবার ফলে আপনি আপনার ভোল পালটেছেন কিনা জানি না। তবে পঞ্চায়েতের ব্যাপারে বলবো যে মহাত্মা গান্ধীর নাম নিয়ে উনি যে কথা বলেছিলেন তা নয়। সংবিধানের আর্টিকেল ৪০এ পঞ্চায়েত সম্বন্ধে বলা আছে এবং সেখানে বলা আছে

The State shall take steps to organise village panchayats, endow them with such powers and authority as may be necessary to enable them to function as units of self-Government.

আমার মনে হয় আপনি যে রূপরেখা এনেছেন, আপনার সামনে আর্টিকল ৪০-কে সামনে রেখে, সেই রূপরেখা আনতে চেয়েছেন কিন্তু আমার বক্তব্য হচ্ছে আপনার যে রূপরেখা সেই রূপরেখা আপনি ঠিক স্বপ্ন দেখে লিখেছেন। বাস্তবের সঙ্গে কোন সম্পর্ক নাই। আপনার রূপরেখা যাঁরা পড়েছেন তাঁরা দেখবেন যে একটা অবাস্তব জিনিস আপনি আমাদের সামনে এনেছেন। কেননা সেই রূপরেখায় আছে প্রতি পাঁচজনে একজন করে মেম্বার নির্বাচন করবেন অর্থাৎ একটি গ্রামে যদি পাঁচশ লোক থাকে, তাহলে একশ মেম্বার হবে। আর, ২৫ হাজার লোক নিয়ে একটা অঞ্চল পঞ্চায়েত করতে যাচ্ছেন এবং প্রতি একশ লোক পিছু যদি একজন করে মেম্বার হয়, হবে, একজন স্পীকার হবে। এখানে ২৮০ জন মেম্বার নিয়ে অ্যাসেম্ব্লী, ওখানে ২৫০ জন তাহলে ২৫ হাজার লোকে ২৫০ জন মেম্বার হবেন। সেখানে একটা ক্যাবিনেট হবে, মন্ত্রিমণ্ডলী মেম্বারের অ্যাসেমব্লী হবে। তারপর, উনি যেভাবে জেলা পরিষদ করতে যাচ্ছেন তাতে ৩।৪ শ' ও'দের কোন দৃষ্টি নেই। কি করে কিছু লোককে স্যাটিসফাই করা যায় সেদিকে নজর। হরেকৃষ্ণবাবু বলছেন জমি দখল কর, ১০ কাঠা বা ১ বিঘা জমি পাবে। হাল নেই, বলদ নেই এক বিঘে জমি নিয়ে কি করবে তার কোন ঠিক নেই। আমার বক্তব্য হচ্ছে যাঁরা ভোটের মাধ্যমে পঞ্চায়েত করবার কথা বলছেন, তারা একে আমলাতন্ত্রের হাতে ঠেলে দিয়ে সময় কাটাচ্ছেন। আমার মনে হয় মন্ত্রিমহাশয় যে অ্যামেন্ডমেন্ট এনেছেন তার উদ্দেশ্য হচ্ছে কি করে এখন সমস্ত পঞ্চায়েতকে সুপারসিড করা যায় এবং সুপারসিড করে পরে কি করে হাতে রাখা যায় দু-তিন

বছর ধরে সেই উদ্দেশ্যে করছেন এবং এই সমস্ত কর্মচারীর মাধ্যমে এই সমস্ত অগণতান্ত্রিক কাজ করবার ইচ্ছার জন্যই আপনারা এই সমস্ত অ্যামেন্ডমেন্ট এনেছেন। যাঁরা পঞ্চায়েতে আছেন তাদের মধ্যে ভাল-মন্দ উভয় রকম লোকই আছেন, প্রত্যেক প্রতিষ্ঠানেই ভাল-মন্দ লোক থাকতে পারে। কিন্তু আজকে পঞ্চায়েতে যারা আছে, তারাই চোর, এই ধরনের উক্তি যারা করেন, তাদের জনমনে বিশ্বাস নেই। আজকে যুক্তফ্রন্টের আমলে মানুষের উপর অত্যাচার করছেন, মানুষের উপর অন্যায় করছেন, আইন শৃংখলা ভেঙ্গে দিয়েছেন, মানুষের জীবনে নিরাপত্তা নেই। আজকে টাকা নিয়ে যুক্তফ্রন্টের লোকেরা জমির বন্দোবস্ত করে দেবে বলে গরীব চাষীদের ভাঁওতা দিচ্ছে। এইসব নজীর আমরা জানি এবং সেই কমপ্লেন বিভিন্ন জায়গায় করা হয়েছে। আমি মন্ত্রিমহাশয়কে বলব আপনি পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী, পঞ্চায়েত রাজের যেটা উদ্দেশ্য, সংবিধানে যে উদ্দেশ্য আছে, সেই উদ্দেশ্য যাতে সত্যিকার রূপ পায়, সেই চেষ্টাই করুন। আপনার রূপরেখা আমাদের সামনে এনে কিংবা ফ্রন্টের সমর্থন নিয়ে সংবিধানে যে উদ্দেশ্য আছে সেটাকে ব্যাহত করবেন না। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-45—5-55 p.m.]

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েতের যে এমেন্ডমেন্ট বিল এসেছে তাকে আমি সমর্থন করেছি। সাত্তার সাহেব যে বিরাট গণতন্ত্র প্রতিষ্ঠা করেছিলেন পঞ্চায়েতের মাধ্যমে। সেই পঞ্চায়েত কি ছিল—যে গ্রাম পঞ্চায়েতের মেম্বাররা জনসাধারণের ভোটে নির্বাচিত। কিন্তু অঞ্চল পঞ্চায়েত যখন গঠিত হল, সেই সাত্তার সাহেবদের দল ১২ জন গ্রাম পঞ্চায়েতের ৭ জনকে নিয়ে গিয়ে রসগোল্লা খাইয়ে তাদের পারচেজ করে অঞ্চল পঞ্চায়েত তৈরী হল। তারপর বুনিয়াদ কি তৈরী হল, না সেই অঞ্চল পঞ্চায়েতের মেম্বাররা ভোট দেবেন স্কুল বোর্ডে, ভোট দেবেন জেলা পরিষদে, যার ফলে আজকে সাত্তার সাহেব জেলা পরিষদের চেয়ারম্যান হয়েছেন। গণতন্ত্র কোথায়? মহাত্মা গান্ধীর নাম করে যে গ্রামে গ্রামে ৫ ভূতের রাজত্ব বসিয়েছিলেন সেটার সঙ্গে আজকের আয়ুব খানের বেসিক গণতন্ত্রের কোন তফাত নেই। আপনারা, যারা কংগ্রেসীরা আয়ুব খানের গণতন্ত্রকে নিন্দা করেন, তারাই বসেছিলেন গাঁয়ে গাঁয়ে। আমরা পঞ্চায়েতের লোককে চোর বলছি না। কিন্তু আপনারা যে আইন করেছিলেন সেই আইনের দ্বারা তাদেরকে চোর বানিয়েছিলেন এবং অঞ্চল পঞ্চায়েতের ভোটে আপনারা স্কুল বোর্ডে গিয়ে, জেলা পরিষদে গিয়ে সেখানে আপনারা যে রাজত্ব কায়েম করেছিলেন সেই রাজত্বে আপনারা অর্থ আত্মসাৎ করেছেন, কলগুলিকে বাগিয়েছেন। তারা নিজেদের ঘরের পাশে কলগুলিকে বসিয়েছেন। আমরা যারা যুক্তফ্রন্টে এসেছি আমরা গণতন্ত্রকে আরও বাড়াতে চাই। রূপরেখা প্রতি ভোটার যাতে অংশ গ্রহণ করতে পারে। আপনি, সাত্তার সাহেব সত্যের অপলাপ করেছেন। আপনি বলেছেন যে, ৫টি লোক পিছু একটি মেম্বার হবে, তা নয়। রূপরেখায় আছে যে ৫টি ভোটার পিছু একজন মেম্বার। এমন নয় যে ৫০০ জন লোক থাকলে ১ শত জন পিছু একজন হবে তা নয়। ১০০ জন ভোটারের উপর একজন অঞ্চল পঞ্চায়েতের মেম্বার হবে। আপনি ভয় খাচ্ছেন, তার কারণ আগে তো ফাঁকি দিয়ে জেলা পরিষদে গিয়েছিলেন, অঞ্চল পঞ্চায়েতের যে ভোটগুলি ফাঁকি দিয়ে নিয়েছিলেন তার ভোটারের জোরে জেলা পরিষদে গিয়েছিলেন। আর এখন সরাসরি ভোটে দাঁড়িয়ে জেলা পরিষদের সদস্য হতে হবে। তাই ভয় খাচ্ছেন। ভয়ের কোন কারণ নেই। আপনারাই সুপারসিসান করে আইন করেছেন এক বছরের, আমরা সেটাকে বাড়িয়ে যদি ২ বছর করি তাহলে আপনার ভয় খাওয়ার কারণ কি? আপনি এমেন্ডমেন্ট দিয়েছেন ৬ মাসের করতে হবে। কংগ্রেসী আমলে ৬ মাসের করলেন কেন, আজকে ৬ মাসের এ্যামেন্ডমেন্ট দিয়েছেন কেন? অর্থাৎ ভাল কিছু করতে গেলে বাধা দিতে হবে। বাধা দিতে হবে এই কারণে আপনারা যে সত্ব বা উপসত্ব ভোগ করছিলেন সেই উপসত্ব আজকে ভেঙ্গে যাচ্ছে। আজকে গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে যে কেরোসিন তেলের বাতি-গুলি জালিয়েছেন, যে কেরোসিন তেল দিয়েছেন সেই কেরোসিন তেলের বাতি, বাতির পিছনে তেল পোড়েনি, তেল পুড়েছে স্টোভ-এর পিছনে। আপনারা অঞ্চল পঞ্চায়েতের প্রধান হয়েছিলেন যাতে আপনাদের প্রতি অনাস্থা না আসে সেজন্য সেই ২ মেম্বারকে টি, এ, ডি-এর কাজ

দিয়ে দিয়ে আপনার প্রধানত্ব বজায় রেখেছেন। আপনার সুখসাচ্ছন্দ্যকে আপনি মুচড়ে খেয়েছেন। আপনার অঞ্চল পঞ্চায়েত, যে অঞ্চল পঞ্চায়েত মেম্বার-এর বাড়ীর কোণে কোণে টিউব-ওয়েল বসিয়েছেন। আজকে তদন্ত করা হোক, জেলা পরিষদের অর্থ নিয়ে, অঞ্চল পঞ্চায়েতের অর্থ নিয়ে কিভাবে আপনারা ছিনিমিনি করেছেন। আমরা তাই বলতে চাই যে, আজকে সমস্ত গ্রাম পঞ্চায়েতের শাসন আমরা সরকারের হাতে তুলে দিয়েছি আরও ব্যাপকভাবে গণতন্ত্রের উপর প্রতিষ্ঠিত করার জন্য। আজকে যে আইন এসেছে সেই আইনের এমেন্ডমেণ্ট গণতন্ত্রের উপর প্রতিষ্ঠিত করার জন্য। আজকে যে আইন এসেছে সেই আইনের এমেন্ডমেণ্ট-এর বিল আছে তাকে আমরা পরিপূর্ণভাবে সমর্থন করছি এবং সাত্তার সাহেব ও নলিনাক্ষ সাহেব ভর্ৎসনা করে বলেছেন যে, অঞ্চল পঞ্চায়েত যদি অন্যায় করে থাকে তাকে সুপারসিড করা হবে, গোটা অঞ্চল পঞ্চায়েত অন্যায় করছে। এর আবার অন্যায় কি আছে? তারা অন্যায় করেছে নানাভাবে। তারা টি, আর-এর টাকা চুরি করে অন্যায় করেছে, আপনাদের নির্বাচিত জেলা পরিষদ অন্যায় করেছে স্কুল বোর্ডের নির্বাচন করে; বহু লোককে চাকুরী দিয়ে, অর্থ আত্মসাৎ করে অন্যায় করছে, তারা জেলা পরিষদে নিজেদের আত্মীয় স্বজনকে চাকুরী দিয়ে অন্যায় করেছে। সেই অন্যায়কে ধ্বংস করার জন্য আজ সুপারসিড করা দরকার এবং তার জন্য আজকে নূতন করে ভোট নেবার দরকার হচ্ছে। রূপরেখায় যেটা আছে বাস্তবে রূপ নেবে এই বিশ্বাস আমরা করি এবং যদি বাস্তবে রূপ নেয় সেটা হবে প্রকৃত গণতন্ত্র। সেজন্য আমি এই বিলকে পরিপূর্ণভাবে সমর্থন করি এবং মনে করি যে এই বিল গণতন্ত্রের উপর নির্ভরশীল. কংগ্রেস আজকে আতকে উঠেছে এই কারণে যে, জনসাধারণের মধ্যে আজকে গণতন্ত্র বিস্তৃত হবে।

**শ্রীমহঃ খোদাবক্স:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এর পূর্বে আমি এই সভার কাছে আমার একটা প্রতিশ্রুতি রেখেছিলাম যে আমি আস্তে আস্তে বাংলায় বলা অভ্যাস করব এবং বাংলায় বলব। আজও আবার সেই দাবী উপস্থিত হওয়ায় আমি অবনত মস্তকে সেই দাবী মেনে নিচ্ছি এবং আমি ফুটোফাটা বাংলায় আপনার সামনে আমার বক্তব্য রাখবার চেষ্টা করব। এই ডেমোক্রাটিক ডিসেণ্ট্রালাইজেসন বা গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ-এর বনিয়াদ সরকার বা এদেশের যে কোন জায়গা থেকে এই সভাতে উপস্থাপিত করা হবে আমি তা শ্রদ্ধাসহকারে অনুধাবন করবার, চিন্তা করবার এবং তা নিয়ে বিচার বিবেচনা করবার চেষ্টা করব এবং আমি এদিকে থাকি ওদিকে থাকি যেদিকেই থাকি আমি সেটাকে স্বাগত জানাব। আমরা যে স্বাধীন হয়েছি, সেই স্বাধীনতার হরাইজন তার পরিধি এবং তার সত্যিকারের কনটেনসন সেটার যতটা ব্যাপ্তি দেশে ঘটে সেই হরাইজনটা যতটা ওয়াইডেন্ড হয় এবং যত বেশী অনুভূতি এবং চেতনা স্বাধীনতা সম্বন্ধে দেশে জাগে সেই চেষ্টা আমাদের সকলকে করতে হবে এবং এই যে স্বাধীনতা এটা শুধু মুখের কথায় না রেখে প্রত্যেকটা লোকের অন্তরে সেই অনুভূতি জাগিয়ে তুলবার জন্য সরকারের যা যা করা কর্তব্য সেদিকে পদক্ষেপ করতে হবে এবং সেখানে সকলকে একটা সহযোগিতার মনোভাব নিয়ে এগিয়ে যেতে হবে তাতে আমাদের আপত্তি নেই। সরকারের চিন্তাধারার রূপরেখা বা অন্য কিছুতে যা কিছু ফুটে উঠেছে তার সঙ্গে অনেক জায়গাতে হয়ত আমি একমত হতে পারি. অনেক জায়গাতে একমত হতে পারি না কিন্তু তাই বলে ঐ ব্যাপারে চিন্তার কোন প্রয়োজন নেই তা আমি বিশ্বাস করি না বা কখনও বলি না। আপনারা বলছেন যে আমরা চিন্তা করছি কিন্তু সেই চিন্তাধারাটা ইংরাজীতে বললে বোধহয় নেবুলাস বলতে হবে—সেটা যে একটা দানা বেঁধে উঠেছে তা আমার মনে হয় না। কারণ আপনাদের ক্যাবিনেটে কোন একটা গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে চিন্তা বা আলোচনা করতে গেলে কন্সেনসাস বা একমত আপনারা হতে এখনও শেখেন নি বলে আমার মনে হয়। সেজন্য আমি একটা সময় সীমিত করে দিয়েছি। আমি এটা অপোজ করি না—আপনারা ২ বছর চেয়েছিলেন, আমি সেটা আরো কমিয়ে রাখতে পারতাম কিন্তু আমি তা করি নি, আমি একটা বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে মাত্র ৬ মাস করে দিয়েছি। অবশ্য আপনারা ২ বছর করে পাশ করিয়ে নিন আমার তাতে আপত্তি নেই কিন্তু এই গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণের মাধ্যমে ঐ যে বিলটা রয়েছে যেটাকে আপনারা নাকোচ করেছেন—স্ক্র্যাপ্ হিপ করে দিতে চান কনসাইনড ইট টু দি স্ক্রেপ হিপ। সেই গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণের পথে কতটা এগিয়ে গেছেন সেটা যেন আপনাদের বিলে পরিস্ফুট হয় আমি সেটা কামনা করব—আমরা

যেন সেটা দেখতে পাই। কোন গতানুগতিকতাদুষ্ট হয়ে বা কোন কিছু রাজনৈতিক অভিসন্ধি দুষ্ট বা মতলবদুষ্ট হয়ে কোন কিছু একটা করে নেব সেইরকম অভিসন্ধি নিয়ে যেন এটা করবেন না। আমরা যারা রাজ প্রতিনিধি এখানে এসেছি—দেশের সাধারণ লোক রাজা, আমরা এখানে এসেছি তাদের প্রতিনিধি হবে—আমার রাজার দিকে তাকিয়ে রাজার প্রতি সত্যিকারের আনুগত্য নিয়ে যেন সেটা পূরণ করতে পারি সেদিকে দৃষ্টি দিয়ে আমাদের এগুতে হবে। আমি তাই সরকারকে বলতে চাই যদি সরকারের এ সম্বন্ধে কোন কিছু সত্যিকারের দানা বাঁধানোর চিন্তা থাকে তাহলে সেই চিন্তাটা এই হাউসের সঙ্গে শেয়ার করা উচিত।

[5-55—6-05 p.m.]

সেটা আমাদের জানতে দেওয়া উচিত। পঞ্চায়েতী রাজের দ্বারা সাধারণ মানুষের কাছে সত্যিকারের স্বাধীনতার ভিত্তিতে ক্ষমতা তাদের হাতে আসবে তাকে আমরা স্বাগত জানাব। কিন্তু সেটা যেন সুষ্ঠু ও কল্যাণকর হয় এবং তার ভিত্তিতে দেশকে আমরা এগিয়ে নিয়ে যেতে পারব। এর জন্য সারা দেশকে আমাদের সাথে নেবার যথেষ্ট সময় আমাদের দেওয়া উচিত। শুধু যে আপনি বলবেন যে অঞ্চল পঞ্চায়েতের সময় ফুরিয়ে গেছে, আমাদের ইলেকসান করতে হবে তার জন্য আমাদের সময় দিন, কিন্তু তার জন্য সময় চাইবেন না। দয়া করে একথা বলুন যে আমাদের সময় দিন কেননা গোটা দেশকে আমাদের কথা বুঝিয়ে বলতে চাই, গোটা দেশকে উদ্বুদ্ধ করতে চাই, তাদের আমাদের সাথে রাখতে চাই এবং তার জন্য ২ বছর কেন আরও বেশী সময় নিন। এর জন্য একটা সন্দেহ মাথায় ঘুরছে সেটা হচ্ছে যে আপনারা এর ফাঁক দিয়ে সুপারসিড করে নেবেন। তবে মেইন অ্যাক্ট-এ আছে শুধু আমরা কেন যাকে তাকে দিয়ে এই কাজ চালিয়ে নেবেন। আপনার মাধ্যমে অনুরোধ যে সুপারসিড যদি করেন তখন যেন তাঁরা গভর্ণমেণ্ট অফিসার ছাড়া অন্য কাউকে যেন এডমিনিস্ট্রেটর নিয়োগ না করেন।

আমরা যত কম সময়ের জন্য বলি তাঁরা যেন এই সময়ের মধ্যে নূতন আইন আনেন এবং তার খসড়া দেশের মধ্যে প্রচার করেন, দেশবাসীকে রাজী করান এবং এই খসড়া অনুমোদন করার জন্য তাঁরা যেন আর সময় না চান।

**শ্রীবিভূতিভূষণ পাহাড়ীঃ** মাঃ ডেপুটি স্পীকার মহাশয়, আজকে পঞ্চায়েত মন্ত্রিমহাশয় যে পঞ্চায়েত এমেন্ডমেণ্ট বিল এখানে পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাই। কংগ্রেস পক্ষের কোন কোন বন্ধু একথা বলেছেন যে, যদি পঞ্চায়েত এমেন্ডমেন্ট বিল গৃহীত হয় তাহলে তার মধ্যে খুব ভয়ের আশঙ্কা আছে। এই আইনে প্রথমে ছিল যে অঞ্চল পঞ্চায়েৎ বা গ্রাম পঞ্চায়েৎ তারা তাদের যোগ্যতা হারাবে। তাদের ১ বছরের জন্য বাতিল করা হবে এবং এই বাতিলের মেয়াদ আরও এক বছরের জন্য বাড়ানো চলবে। এই যেখানে ২ বছর মেয়াদ ছিল সেটা ওঁরা পূর্বে গ্রহণ করেছিলেন। আজ সেখানে মন্ত্রিমহাশয় সেই এক বছরের জায়গায় প্রতিটার এক বছর বাড়বে এই প্রস্তাব তিনি করেছেন এবং সেইভাবে বিল পেশ করেছেন। যদি এক বছর বাড়ান যায় এবং যদি বিশ্বাস করি বিলটা গৃহীত হবে তাহলে সেই ২ বছর করে সময় নিলে কখনও কংগ্রেসের মাথায় আকাশ ভেঙ্গে পড়বে না।

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলের আলোচনাকালে আজকে আমি কয়েকটি তথ্য আপনার কাছে তুলে ধরতে চাই। যে পঞ্চায়েত এঁরা তৈরী করেছিলেন এবং যাকে বলছেন জনসাধারণের উন্নতির জন্য করেছিলাম সেই পঞ্চায়েতরাজ এখন কি অবস্থা গ্রামাঞ্চলে সৃষ্টি করেছে তার ২।৩টি উদাহরণ আমি আপনার সামনে রাখতে চাই। পরোক্ষ নির্বাচনে অঞ্চল পঞ্চায়েত যন্ত্র তৈরী করে মানুষকে শোষণ করবার জন্য, গ্রামাঞ্চলে যাতে দুর্নীতির দানা বাঁধে তার জন্য এবং কংগ্রেসীরা যাতে সুযোগ গ্রহণ করতে পারে তার জন্য কংগ্রেস পার্টি এই পঞ্চায়েতকে ব্যবহার করেছিল। আমি এগড়া থানা থেকে এসেছি এবং বিশেষ করে সেখানকার কয়েকটি অঞ্চলের উদাহরণ যদি বলি তাহলে মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি দেখবেন যে এই অঞ্চল পঞ্চায়েতগুলি আর বেশী দিন চলতে দেওয়া উচিত নয়। মন্ত্রিমহাশয়কে আপনার মাধ্যমে জানাচ্ছি যে কি অত্যাচারের বিভীষিকা এবং দুর্নীতির মধুচক্র এই কংগ্রেসী বন্ধুরা গড়ে

তুলেছেন। এগরা থানার ১ নম্বর ব্লকের বাজোয়াল অঞ্চলের অঞ্চল প্রধান সরকারী সমস্ত নিয়ম কানুন ভংগ করে রেশন কার্ড নিজে ছেপেছেন এবং লোকের কাছ থেকে পয়সা নিয়ে সেগুলো বিলি করেছেন। কংগ্রেসী অঞ্চল প্রধান তাতেও তাঁর ঘৃণ্য কাজ শেষ করেননি, তার পর তিনি মনি-অর্ডারের রসিদ জাল করেছেন এবং সেটা ধরিয়ে দেওয়া হয়েছে। সেই অঞ্চল পঞ্চায়েতের টাকা যেটা জনসাধারণের কাছ থেকে ট্যাক্স রূপে আদায় হয় বা সরকার যেটা কর আদায় করেন তিনি তা তছরূপ করেছেন। সেই ঘটনা ইন্সপেক্টর অব পঞ্চায়েত, এস্. ডি. ও; ম্যাজিস্ট্রেট এবং ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানান হয়েছে। তার পর, এগড়ার ২ নম্বর ব্লকে সর্বোদয় অঞ্চল পঞ্চায়েত কি সুন্দর নামাকরণ করেছেন এই কংগ্রেসীরা। সেই সর্বোদয়ের অঞ্চল প্রধান ২ হাজারের বেশী টাকা অঞ্চল পঞ্চায়েতের তছরূপ করেছেন। আশ্চর্যের বিষয় যে, তাঁর বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। তারপর আর একটি অঞ্চল প্রধানের কথা বলছি তিনিও কংগ্রেসী। এর নাম দিয়েছেন এঁরা ঋষি বঙ্কিম। আমি এগুলো সব এগড়ার ঘটনাই বলছি। সেখানে এঁরা ঋষি বঙ্কিমকে সামনে রেখে তার তলায় তলায় ঘর ভাঙ্গার চেষ্টা করছেন। ১৯৬৭ সালের বন্যার পর যে হাউস বিল্ডিং গ্রাণ্ট দেওয়া হয়েছিল সেই টাকা থেকে বহু টাকা লোককে নিজে সনাক্ত করে, তাদের টিপ জাল করে নিজে নিয়েছেন। আর একটি অঞ্চল প্রধানের কথা এখন বলছি। দুবদা বেসিনের কথা আপনারা সকলেই জানেন। ঘুষ দেবার জন্য তিনি জেলা ম্যাজিস্ট্রেটের এবং এস্. পি-র অফিসে ধরা পড়েছিলেন এবং তার জন্য তাঁর দণ্ডও হয়েছিল। স্যার একের পর এক এই জিনিস অঞ্চল প্রধানদের মাধ্যমে কংগ্রেসী বন্ধুরা চালিয়েছেন যেটা আপনাদের শোনা দরকার। আমি আশা রাখি এবং বিশ্বাস করি আপনারা এগুলি অনুসন্ধান করে দেখবেন। এই সমস্ত গ্রাম পঞ্চায়েত এবং অঞ্চল পঞ্চায়েত জনসাধারণকে শোষণ করে এবং সেবার নামে শাসন করে। মন্ত্রিমহাশয়ের এগুলি দেখা উচিত এবং প্রেসক্রাইবড অথরিটি যাঁরা আছেন তাদের এই সব অঞ্চল পঞ্চায়েতকে বাতিল করে দেওয়া উচিত। স্যার, আমরা আশা করছি এই অঞ্চল পঞ্চায়েতকে ভালভাবে তৈরী করবার জন্য নূতন বিল আসবে, নূতন নিয়ম-কানুন তৈরী হবে। আজকে কংগ্রেসী বন্ধুদের বোঝা উচিত বাংলাদেশের সকল মানুষ ধীরে ধীরে জাগছে, বাংলা দেশের মাটি কাঁপছে এবং এতে হয়ত কংগ্রেসী বন্ধুদের একটু দুলিয়ে দিচ্ছে। নূতন দিন তৈরী করবার জন্য নূতন সূর্য উঠছে এবং তাতে হয়ত একটু সময় লাগবে। দুঃখ আছে, বেদনা আছে- মা যখন নূতন সন্তানের জন্ম দেন তখন তাঁর দুঃখ এবং বেদনার মধ্যেই নূতন সন্তান পৃথিবীতে জন্ম লাভ করে। আমি একথা বলে এই বিল সমর্থন করছি।

ধন্যবাদ।

[6-05—6-12 p.m.]

**শ্রীপীযূষকান্তি মুখার্জি:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, একটু আগে ওজস্বিনী ভাষায় ভাব প্রবণতাপূর্ণ বক্তৃতা শোনা গেল। কিন্তু যে বিল এসেছে তাতে ভাবপ্রবণতার বিন্দুমাত্র স্থান নাই। মূল কথা হল—মূল বিলে ছিল অক্ষমতার সংগে গ্রাম পঞ্চায়েত চালাতে ইনসট্রাকটারস ফ্রম টাইম টু টাইম ফলোজ। সেটা সুপারসিড করার ক্ষমতা সরকারের থাকবে, তার পরে সেটা এক বছর বাড়ান যাবে। এই সময় বৃদ্ধি করার জন্যই এই আইন আনা হয়েছে, এবং এই সুপারসিডের টাইম এক থেকে দু বছর, দ্বিতীয়বারে এক থেকে দু বছর বাড়ান হতে পারে, এর যৌক্তিকতা আছে কিনা সেটাই বিচার্য বিষয়। মাননীয় মন্ত্রিমহাশয় যা বলেছেন— একটা কমপ্রিহেনসিভ বিল আনবেন সেজন্য এখনই প্রাথমিক সুপারসেশনের জন্য এক বছর পরবর্তী এক্সটেনশনের জন্য এক বছর, এই দু বছর আর দু বছর, এই চার বছর টাইম দরকার আমি বুঝতে পারি না কোন একটা বিভাগের মন্ত্রী যদি সচেতন হন, বিভাগীয় দপ্তরের কর্মচারীরা যদি তৎপর হন, তাহলে একটা বিলকে কার্যকরী করতে ৪ বছর কোন যুক্তিতে লাগে যদি না সেখানে অকর্মণ্যতা থাকে, অক্ষমতা না থাকে। আমাদের কি বিশ্বাস করতে হবে সত্যই চার বছর সময় প্রয়োজন বিল আনবার জন্য? নিশ্চয়ই নয়। এর পেছনে রাজনৈতিক উদ্দেশ্য থাকে। একটু আগে একজন সদস্য ও পক্ষের ওজস্বিনী ভাষায় বলে গেলেন কংগ্রেস দুর্নীতি করেছে যুক্তফ্রণ্ট ন্যায়সংগত কাজ করেছেন। আসলে কে দায়ী? আজকে গ্রাম পঞ্চায়েতে ইলেকশন করতে নিশ্চয়ই এসেম্বলীতে ইলেকশনের যে ব্যয় হয় এত ব্যয় হত না। পঞ্চায়েত...

সুপারসেশন করার পরেও যতক্ষণ পর্যন্ত না সেই লোকগুলিকে নিজের কব্জার মধ্যে না আনা যায় ততক্ষণ পর্যন্ত নির্বাচন করে কোন লাভ হবে না। সেই জন্য বিল আনতে সময় নেওয়া হচ্ছে যাতে সেই সময়ের মধ্যে লোকগুলিকে কব্জায় আনা যায়। এ'রাই আবার বক্তৃতা করেন কংগ্রেস গণতন্ত্রকে সীমাবদ্ধ করে রেখেছিল, আর আজকে গণতন্ত্রকে বৃহত্তর পর্যায়ে নিয়ে যাবার নমুনা দেখাচ্ছেন তাঁরা তাই এইভাবে। যদি সুপারসেশনের পর কোন অঞ্চলকে কোন ব্যক্তির হাতে তুলে দিয়ে, সে সরকারী কর্মচারীই হোক বা দলগত কোন ব্যক্তিই হোক তাঁরা মনে করে থাকেন গণতন্ত্রকে রক্ষা করবেন তাহলে তাঁরা ভুল করছেন। শুধু ভুল নয়, তাঁরা কি মনে করেছেন বিধানসভা তথা বাংলাদেশের মানুষ একেবারে মূর্খ? তাঁরা কি বুঝতে পারেন না তাঁদের অন্তর্নিহিত উদ্দেশ্য? আসল প্রশ্ন খোদাবক্স সাহেব যা বলেছেন—যদি বলতে হয় আপনারা পরিষ্কারভাবে বলুন যে জনসাধারণকে দলে আনতে সময় লাগে সেই সময়ের প্রয়োজন, তাহলে গণতন্ত্র বড় কথা নয়, জনসাধারণের মতামত বড় কথা নয়, আমাদের হাতে ক্ষমতা আছে আমরা এই অধিকার চাই। এই বলে আমি এই বিল-এর সম্পূর্ণ বিরোধিতা করছি এবং আমার বক্তব্য শেষ করছি।

**Shri Anil Dhar Guha Neogi:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে হাউসের সামনে যে এমেন্ডমেন্ট পঞ্চায়েৎ মন্ত্রিমহাশয় নিয়ে এসেছেন, সেটাকে সমর্থন করতে গিয়ে আমি দু-একটি কথা বলতে চাই। প্রথম কথা হচ্ছে—আমাদের বিরোধী দলের নেতৃবৃন্দ কেন এটাকে বাধা দিচ্ছেন? এটাও তো ওদেরই একটু সময়ের তারমধ্য মাত্র—এক বছর বা দু বছর সময় চাচ্ছেন, এই তো? জাতীয় আন্দোলন যেভাবে নিয়ে দেশকে পরিচালিত করতে চেয়েছিলেন, সেই ভাবকে নিজেদের স্বার্থে লাগাবার চেষ্টা করেছেন। ধরুন এই গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে ও'রা ক্ষমতা বিকেন্দ্রীকরণের কথা বলেছিলেন। গ্রাম পঞ্চায়েতের যে অবস্থা দেখতে পাই—সে কি দেখি? ও'দের ক্ষমতাকে তাঁরা আরও কেন্দ্রভূত করেছেন। এখানটায় গ্রাম বাংলার যে ক্ষমতা প্রয়োগ করা সম্ভব—তার যন্ত্র হিসেবে ও'রা এটাকে খড়্গ করেছেন। এটা ভেবেছি, গ্রাম বাংলার কথা চিন্তা করি, গ্রামের স্বায়ত্বশাসনের কথা চিন্তা করে এসেছি—গ্রামরাজ তার অর্থনৈতিক কাঠামো পূর্ণাঙ্গ করতে গেলে, গ্রামবাসীদের হাতে অর্থনৈতিক ক্ষমতা নিয়ে আসতে হলে নূতনভাবে আইন প্রণয়ন করা অসম্ভব। আজকে ও'রা আমলাতন্ত্রের কথা বলেছেন, আমরা আমলাতন্ত্রের মাধ্যমে নিতে যাচ্ছি, তা ভুল ধারণা। আপনারা যেভাবে আইন প্রণয়ন করে রেখেছেন, সেখানে একজন সরকারী কর্মচারীর মাধ্যমে ছাড়া উপায় নেই বলেই বাধ্য হচ্ছি। আপনাদের কর্মের ফলে আমাদের আজকে ঐ রাস্তায় যেতে হচ্ছে। সত্যি সত্যি আপনারা যদি গণতন্ত্রে বিশ্বাস করেন, তাহলে যেভাবে আমরা গ্রাম পঞ্চায়েৎগুলোকে ঢেলে সাজাতে চাচ্ছি, সেখানে আপনাদেরও স্থান থাকবে; ঘাবড়াবেন না। যদি তাতে বিশ্বাস না থাকে, গ্রাম বাংলা থেকে যেভাবে আপনাদের দূরে ঠেলে ফেলে দিয়েছে, আপনাদের আরও দূরে ঠেলে ফেলে দেবে। গ্রাম পঞ্চায়েৎকে আরও সুষ্ঠুভাবে এই বিলের দ্বারা গঠন করতে পারবো বলেই এই বিশ্বাসে এই বিলের সমর্থন জানাচ্ছি।

**Mr. Deputy Speaker:** The House stands adjourned till 1 p.m. on Friday, the 4th July, 1969.

## Adjournment

The House was accordingly adjourned at 6-12 p.m. till 1 p.m. on Friday, the 4th July, 1969, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 4th July, 1969, at 1 p.m.

### Present

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 23 Ministers, 3 Ministers of State and 246 Members.

### STARRED QUESTIONS

### (to which oral answers were given)

[1-00—1-10 p.m.]

### Tourist lodge at Lalbagh

*17. (Admitted question No. *7.)

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** স্বরাষ্ট্র (ট্যুরিজম্) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলার লালবাগে ট্যুরিস্ট লজ্ স্থাপনের ব্যাপারে সরকার কতদূর অগ্রসর হইয়াছেন?

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** লালবাগে যে টুরিস্ট লজ কববার পরিকল্পনা করেছেন সেটা বিশেষত্বপূর্ণ করার কথা চিন্তা করছেন কি? টুরিস্ট লজ যেগুলিতে পম্প অ্যান্ড গ্রান্ডার আছে সে রকম না সাধারণ মানুষের জন্য করবেন অথচ তার মধ্যে একটা আর্টিসটিক বৈশিষ্ট্য থাকবে?

**শ্রীবরদা মুকুটমণিঃ** যে রকম পরিকল্পনা করেছি তা হচ্ছে আগে যে লাকসারী টুরিস্ট লজ হ'ত সেভাবে না করে কটেজ টাইপের নির্মাণ করা হবে। সেখানে আমাদের যে পরিকল্পনা আছে তাতে থাকা এবং অন্যান্য ব্যবস্থা করা হবে, তবে ছোট ছোট রেস্টুরেন্ট করে খাওয়ার বন্দোবস্ত করা বর্তমানে সম্ভব নয়। তা ছাড়া ওখানে আরো ভাল পরিবেশ সৃষ্টি করার জন্য গঙ্গার ধারে জায়গা নেবার চেষ্টা করছি। পাওয়া গেলে গঙ্গার উপর বোট প্রভৃতি দিয়ে যাতে ভালো পরিবেশ সৃষ্টি করা যায় তারও পরিকল্পনা আমাদের আছে।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** টুরিস্ট লজ তৈরি করার ব্যাপারে মাননীয় মন্ত্রিমহাশয়ের চিন্তা ধারা কি এইদিকে যেতে পারে যে লালবাগ শহর, যে শহর এক কালে বাংলা বিহার উড়িষ্যার রাজধানী ছিল এবং দুশো বছর আগে একটা ইতিহাস রচনা করেছিল এবং যে সিরাজউদ্দৌলার নাম আমরা আমাদের মুক্তি আন্দোলনের সময় বলেছি এবং কেঁদেছি সেই সিরাজউদ্দৌলার স্মৃতিকে সামনে রেখে টুরিস্ট লজের ব্যবস্থা করার পরিকল্পনা করেছেন কি?

**শ্রীবরদা মুকুটমণিঃ** এখনও পর্যন্ত পরিকল্পনা সম্পর্কে হয় নি। এই ধরনের পরিকল্পনা সামনে রেখে কাজে অগ্রসর হবার চেষ্টা করা হচ্ছে।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এই টুরিস্ট লজ যেটা লালবাগে করার পরিকল্পনা রয়েছে সেই টুরিস্ট লজ কি শুধু বড় সাহেবদের জন্য হবে না মধ্যবিত্ত ও নিম্ন মধ্যবিত্ত টুরিস্টদের জন্য হবে?

**শ্রীবরদা মুকুটমণিঃ** এ প্রশ্নের উত্তর আগেই দিয়েছি, এ প্রশ্ন উত্থাপন করার প্রয়োজন দেখছি না।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় মন্ত্রিমহাশয়, টুরিস্ট লজের উপর গুরুত্ব দিলেন, তাই আমি বলছি যে টুরিস্ট লজ তৈরী না করে সেন্টার অফ টুরিজিম হিসাবে কোন জায়গাকে ডেভেলাপ করা যায়, এটা কি স্বীকার করেন?

**শ্রীবরদা মুকুটমণি:** সেই পরিকল্পনার কথা মাননীয় সদস্য যদি ঠিক করে বলতে পারেন তাহলে এ সম্বন্ধে চিন্তা করা যেতে পারে।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** পরিকল্পনা আপনারা করুন ভাল কথা। কিন্তু আমার কথা হচ্ছে লালবাগে যে হাজারদুয়ারী প্যালেস রয়েছে, সেখানে নবাব প্যালেসও রয়েছে, এছাড়া গঙ্গার ধারে এখনও একটা খুব ভাল উদ্যানও রয়েছে সেটাকেও যথেষ্ট আকর্ষণীয় করা যেতে পারে। কিন্তু যদি আপনাদের পরিকল্পনার মধ্যে টুরিস্ট লজ তৈরী করে তার পরে সেন্টার অফ টুরিজম করেন তাহলে তাতে অনেক সময় লেগে যাবে। কিন্তু যদি আপনারা সেন্টার অফ টুরিজিমের জায়গাতে প্রাইভেট সেক্টারের ব্যবস্থা করেন তাহলে সাধারণ মানুষ সেখানে রেস্তোরা করতে পারে, বাসস্থান তৈরী করতে পারে। সেই জন্য আপনাকে জিজ্ঞাসা করছি যে টুরিস্ট লজ তৈরী করে সেন্টার অফ টুরিজিমকে ডেভেলাপ করবার চেষ্টা না করে সেন্টার অফ টুবিজম লালবাগ সহরে যাতে হয় সেই পরিকল্পনা করাতে পারেন কি না?

**শ্রীবরদা মুকুটমণি:** মাননীয় সদস্য মহাশয়ের এই প্রস্তাব বিবেচনা করা হবে এবং এই সম্বন্ধে কার্যকরী ব্যবস্থা অবলম্বন করার চেষ্টা করা হচ্ছে।

**শ্রীকৃষ্ণগোপাল বসু:** মাননীয় অধ্যক্ষ মহাশয় এই টুরিস্ট লজে বার থাকবে কি না এবং যদি থাকে তাহলে সেটা বাহিরের লোকদের জন্য উন্মুক্ত থাকবে কি না এবং যদি তাই থাকে তহলে সেখানকার ভিতর এবং বাহিরের লোকদের মধ্যে সংঘর্ষ হবার কোন আশঙ্কা করছেন কি না এবং এতে স্থানীয় লোকদের উৎসাহ বাড়বে কি না, এ সম্বন্ধে আপনি কি বিবেচনা করছেন?

**শ্রীবরোদা মুকুটমণি:** লালবাগে এখনও টুরিস্ট লজ তৈরী হয়নি। কাজেই সেই হিসাবে সেখানে বার রাখা বা না রাখার প্রশ্ন এখন নেই। অতএব সেই হিসাবে এখন কোন কথা বলা যায় না।

**Shri Muhammed Khuda Buksh:** Is the Hon'ble Minister aware that a tourist lodge was very recently opened at Berhampore which is only about nine miles from Lalbag. Now does he think that the opening of another such tourist lodge at Lalbag will be commercially and economically feasible proposition?

**শ্রীবরদা মুকুটমণি:** বহরমপুরে যে টুরিস্ট লজ করা হয়েছে সেটা এই পরিকল্পনার ভিত্তিতে করা হয়েছিল যে ফরাক্কা বাঁধ তৈরী হবার পর দার্জিলিং থেকে বা উত্তরবঙ্গ থেকে যেসমস্ত লোক আসবেন, তাদের বিশ্রাম নেওয়া বা অন্যান্য জায়গায় যাওয়া সম্বন্ধে বিবেচনা করবার জন্য বহরমপুরে টুরিস্ট লজ তৈরী হয়েছিল। কিন্তু ঐতিহাসিক দিক দিয়ে লালবাগের একটা বিরাট বৈশিষ্ট আছে। সেই হিসাবে প্রচুর যাত্রী লালবাগের ঐতিহাসিক ক্ষেত্র দেখতে যান। তাদের থাকার জায়গা না থাকায় খুব দুঃখ হয়। সেই হিসাবে তাদের থাকার জায়গা যাতে করা যায় এবং ঐতিহাসিক জায়গা যাতে ভালভাবে দেখা যায় ইত্যাদি এই সব বিবেচনা করেই করার চেষ্টা করেছি।

**Shri Muhammed Khuda Buksh:** Sir, the Hon'ble Minister has just stated before the House that in Lalbag there is a tourist lodge because of its historical importance, etc. Sir, was this point taken into consideration—when a tourist lodge at Berhampore was opened, would it not be a duplication if we have to open under certain circumstances another tourist lodge at Lalbag?

**শ্রীবরদা মুকুটমণি:** সমস্ত বিষয় বিবেচনা করে যে কাজে আমরা হাত দিয়েছি সে কাজ আমরা অগ্রসর হয়েছি।

## Hospital beds

***18.** (Admitted question No. *23.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি?

(ক) ইহা কি সত্য যে রাজ্যের একই শ্রেণীর হাসপাতালগুলিতে শয্যা সংখ্যা কোথাও কম, কোথাও বেশী;

(খ) সত্য হইলে ইহার কারণ কি; এবং

(গ) যে সকল হাসপাতালে শয্যা সংখ্যা কম আছে সেখানে শয্যা সংখ্যা বাড়াবার বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**শ্রীননী ভট্টাচার্যঃ**

(ক) হ্যাঁ।

(খ) জনসংখ্যা ও রোগের হার বিবেচনা করিয়া শয্যা সংখ্যার ব্যবস্থা করা হয়।

(গ) জেলা হাসপাতালগুলিতে ন্যূনতম ২৫০টি এবং মহকুমা হাসপাতালগুলিতে ন্যূনতম ১২৫টি শয্যার ব্যবস্থা করিবার প্রকল্প নেওয়া হয়েছে এবং ক্রমে ইহা কার্যকরী করা হইতেছে।

[1-10—1-20 p.m.]

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** আমি মহকুমা ভিত্তিতে কয়েকটি জিনিষ আপনার কাছে জানতে চাই, সরকারের বর্তমান নীতি বোধ হয় এই যে প্রত্যেক উন্নয়ন সংস্থায় একটি করে প্রাইমারী হেল্থ সেন্টার এবং তিনটি করে সাবসিডিয়ারী হেল্থ সেন্টার থাকবে। সংখ্যার দিক দিয়ে বোধ হয় সরকার এই সমতা রক্ষা করবার চেষ্টা করছেন কিন্তু আমি আপনার কাছে জানতে চাই যে সেই ভাবে সমতা রক্ষা করতে গিয়ে আপনারা কি আর একটা দিকে নজর দেবেন না, অর্থাৎ, আমি আমার জেলার হিসাব থেকে দেখাতে পারি সাবসিডিয়ারী হেল্থ সেন্টার এবং প্রাইমারী হেল্থ সেন্টার মিলিয়ে কোন কোন উন্নয়ন সংস্থায় দশটি সিটের ব্যবস্থা করেছেন এবং কোন জায়গায় আশিটি সিটের ব্যবস্থা করেছেন, এই যে দশ এবং আশির ব্যবধান এবং দূর করার প্রয়োজন আছে বলে কি মনে করেন না?

**শ্রীননী ভট্টাচার্যঃ** মাননীয় সদস্য এক প্রশ্ন থেকে অন্য জায়গায় চলে গেছেন, বলে মনে হচ্ছে। তবুও আমি জবাব দিচ্ছি। এখানে এক শ্রেণীর হাসপাতালগুলির কোথায়ও কম কোথাও বেশী আছে। হেল্থ সেন্টার এবং হসপিটালকে দুটো ভাগ হিসাবে ভাগ করা আছে। হেল্থ সেন্টার সম্বন্ধে প্রশ্ন করলে আমি একটু নিজে ভাল করে তৈরী হয়ে আসতাম। তবু আমি উত্তর দেবার চেষ্টা করছি। প্রথমতঃ বিভিন্ন জেলা হাসপাতালগুলোতে এখন যা ব্যবস্থা আছে সেটা হচ্ছে ১৩১টি করে বেড এটা হচ্ছে স্যাংশন্ড স্ট্রেংথ এবং সাবডিভিশনাল হাসপাতালগুলোতে ৬৮টি করে বেড আছে। আমরা এটা বাড়িয়ে জেলা হাসপাতালগুলোতে কমপক্ষে ২৫০টি বেড এবং সাবডিভিশন্যাল হাসপাতালগুলোতে ১২৫টি করে বেড করার চেষ্টা করছি। অবশ্য সবটাই নির্ভর করছে আর্থিক সংগতির উপর, সেটা আপনারা বাজেট আলোচনার সময় শুনতে পারেন, এই প্রকল্প আমরা হাতে নিয়েছি। এই ছাড়া যে হেল্থ সেন্টারগুলো আছে, তাতে কিছু শয্যা বিশিষ্ট হেল্থ সেন্টার আছে শয্যা বিশিষ্ট মানে দুটো এমার্জেন্সি বেড রাখা হয়েছে নন্ ডায়েটেড বেড। এই যে হেল্থ সেন্টার কোথাও ১০টি শয্যা, কোথাও ২৫টি শয্যা, কোথাও ৫০টি শয্যা, এই রকম ধরনের বেড স্ট্রেংথ আছে। রুরাল হেল্থ সেন্টার সেই সমস্ত জায়গায় সাধারণতঃ ১০টি বেড আছে এবং কিছু সেমি টাউন যেখানে গ্রো করেছে সে সমস্ত জায়গায় হেল্থ সেন্টার-এর শয্যা সংখ্যা প্রয়োজনানুরূপ বাড়ানো হয়েছে। কিন্ত বাড়ানো হয়েছে পঞ্চাশ পর্যন্ত, সেটা কয়েকটা জায়গায় আছে। সুতরাং এইভাবে হেল্থ সেন্টারগুলোর ক্ষেত্রে

বেড স্ট্রেংথ এর ভ্যারিয়েশন আছে, আর নন্‌-ডায়েটেড বেড সাবসিডিয়ারী হেল্থ সেন্টারগুলোর ব্যাপারে সব জায়গায় সমান। আর একটা জিনিস নোটিশ দিলে বলতে পারবো যে কোন কোন ক্ষেত্রে সাবসিডিয়ারী হেল্থ সেন্টারগুলোকেও বেডেড হেল্থ সেন্টারে কনভার্ট করা হয়েছে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** আমি আপনার কাছে জানতে চাচ্ছি যে সাবসিডিয়ারী হেল্থ সেন্টার যতগুলো আছে, তার সব জায়গায়ই কি নন্‌-ডায়েটারী বেড্‌স আছে?

**শ্রীননী ভট্টাচার্যঃ** আমি যতদূর জানি সাবসিডিয়ারী হেল্থ সেন্টার, যেগুলো ইউনিয়ন টাইপ হেল্থ সেন্টার, অর্থাৎ যেগুলো পুরানো কালে ইউনিয়ন টাইপ হেল্থ সেন্টার হয়েছিল, সেইগুলো বেডেড্‌, সেইগুলো অনেক ক্ষেত্রে সাবসিডিয়ারী হেল্থ সেন্টারের মর্যাদা পেয়েছে এবং সেইভাবে যদি ধরা যায় তাহলে সেই জায়গায় বেড আছে এবং ডায়েটও দেওয়া হয়। কিন্তু আবার সেই পুরানো ইউনিয়ন টাইপ হসপিটাল—সেই সমস্ত ক্ষেত্রে ডায়েটেড বেড এনেই পরবর্তীকালে গভর্নমেন্ট যে স্কীম তাতে নিয়ে নেওয়া হয়, তাতে যে সমস্ত সাবসিডিয়ারী হেল্থ সেন্টারগুলো গড়ে উঠেছে তা নন্‌-ডায়েটেড সমন্বিত।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** এখানে সাবসিডিয়ারী হেল্থ সেন্টার এবং প্রাইমারী হেল্থ সেন্টার এর বেডের সংখ্যা সম্পর্কে যে জিনিসটা আপনার কাছে রাখতে চেয়েছিলাম সেটা এই জন্য বিবেচনা করে দেখা দরকার, যে নিয়ম আপনারা ঠিক করছেন সংখ্যার দিক থেকে সেটা ঠিক রাখবেন, কিন্তু কার্যতঃ কি হয়েছে, কতকগুলো জায়গায় উন্নয়ন সংস্থায় একেবারে হসপিটাল নেই। আপনারা বলছেন যে সেই সব জায়গায় প্রথমে হাসপাতাল করা হবে, তার কতকগুলো জায়গা আছে যেখানে সংখ্যা দশ থেকে আশী পর্যন্ত ভ্যারি করছে। এই নীতি নিয়ে আপনারা চলবেন না সেইগুলোকে ভাল করে চালাবেন?

**শ্রীননী ভট্টাচার্যঃ** আমরা প্রাইমারী হেল্থ সেন্টার বা সাবসিডিয়ারী হেল্থ সেন্টার যা আছে কোথাও ১০ বেডের বা ৫০ বেডের এগুলো সব বসে ঠিক করব। তবে ডেসপ্যারিটি থেকে যাবে। তবে কোন দিক থেকে থাকবে সেটা এখন বলতে পারছি না। জনসংখ্যা ও রোগের হার বিবেচনা করে সাধারণত শয্যা সংখ্যা ঠিক করা উচিত সেটা আমি আগেই বলেছি। আমরা গোটা জিনিষটা এ [illegible] কি রকম অবস্থা এবং কোথায় বেড বাড়ান যায় সেটা [illegible]।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** সাবডিভিসনাল হাসপাতালগুলো কি সব জায়গায় আপনাদের প্ল্যান অনুসারে করা হয়েছে?

**শ্রীননী ভট্টাচার্যঃ** মাননীয় সদস্য নিশ্চয় জানেন, তা হয় নি। তার জেলায়ই ১৯৬৭ সালে মঞ্জুর করা হয়েছিল লালবাগে এবং এবার সেটার কাজে হাত দেওয়া হচ্ছে। তেমনি আরও কয়েকটি জায়গার কথা বলতে পারি যেমন ঘাটাল মহকুমার হাসপাতাল। এই রকম ধরণের কয়েকটি আছে। তার মোট সংখ্যা এখন বলতে পারছি না। নোটিশ দিলে বলতে পারি। আমার যতদূর এখন মনে পড়ছে এই রকম ধরণের ৭/৮টা হাসপাতাল আছে।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** হেল্থ সেন্টার এখন যেগুলো করা হয়েছে সেখানে শয্যা সংখ্যা বাড়ান ছাড়াও চিকিৎসার ব্যবস্থা, ঔষধ, পথ্য—এই তিন রকম অসংগতি থেকে যাচ্ছে। কোন জায়গায় ডাক্তার নেই, কোন জায়গায় ডাক্তার আছে তো ভাল পথ্য পাওয়া যাচ্ছে না। এই সম্পর্কে অনুসন্ধান করেছেন কি?

**শ্রীননী ভট্টাচার্যঃ** প্রশ্নটা অবান্তর। এই প্রশ্ন থেকে আসে না।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি যে গ্রামের হাসপাতাল এবং শহরের হাসপাতালে রোগীদের একই রকম পথ্য, ঔষধ বা ডায়েট দেওয়া হয় কি না?

**শ্রীননী ভট্টাচার্যঃ** প্রশ্নটা এর সঙ্গে যুক্ত নয়। তবু বলি এখন যে ডায়েটের ব্যবস্থা আছে সেটা বদলাবার পরিকল্পনা নিতে যাচ্ছি। এখন যেটা আছে সেটা হচ্ছে এস এস কে এম হাসপাতালে ২·৫০ পয়সা রেটে, এবং পি জি ছাড়া অন্যান্য হাসপাতালগুলিতে হচ্ছে দু টাকা

রেটে এবং মফঃস্বলের হাসপাতালগুলিতে ১;৭৫ পয়সা রেটে। এই ডিসপ্যারিটি দূর করা উচিত বলে মনে করি। ১৯৬৭ সালে আমরা সেই রকম করবার চেষ্টা করেছিলাম, প্রস্তাবও এনেছিলাম, কিন্তু কার্যকরী করতে পারি নি। এবার যুক্তফ্রন্ট সরকার নিশ্চয় কার্যকরী করবেন। দ্বিতীয় নম্বর ব্যাপারে বলব খুব সম্ভব ১৯৫৬ সালে ঔষধের ক্ষেত্রে কলকাতার হাসপাতাল-গুলিতে যে ইনডোর পেসেন্ট আসে তাদের মাথাপিছু সিলিং এক্সপেন্স এক টাকা ঠিক করা হয় এবং আউটডোর পেসেন্টের ক্ষেত্রে মাথাপিছু সিলিং এক্সপেন্স ৭৫ পয়সা করা হয়।

জেলার হাসপাতালগুলিতে -সাবডিভিশন্যাল এবং ডিস্ট্রিক্ট হসপিটালস সেখানে যারা ইনডোর পেসেন্ট তাদের মাথাপিছু সিলিং এক্সপেন্স হচ্ছে আট আনা, আর যারা আউটডোর পেসেন্ট তাদের মাথাপিছু পার ডে-তে সিলিং এক্সপেন্স হচ্ছে ১৯ পয়সা এবং প্রাইমারী হেল্থ সেন্টারে বেসিক হেল্থ সেন্টার-এ সেখানে আউটডোর পেসেন্টের ক্ষেত্রে মাথাপিছু দৈনিক সিলিং এক্সপেন্স হচ্ছে ১২ পয়সা বা ১৩ পয়সা এবং ইনডোর পেসেন্টদের ক্ষেত্রে মাথাপিছু ঔষধে সিলিং এক্সপেন্স হচ্ছে ৪ আনা, এই চলে আসছে। এবং এটা ১৯৬৭ সাল পর্যন্ত চলে এসেছে, আজও চলছে। সেখানের ঔষধের ক্ষেত্রে সিলিং এক্সপেন্স বাড়ানো এবং ডিসপেরিটি যতখানি দূর করবার ব্যবস্থা করার জন্য ইতিমধ্যেই কতকগুলি স্টেপ নিয়েছি। মফঃস্বলে এবং কলকাতাতে ঔষধের পরিমাণ যাতে বাড়ান হয়, তার ব্যবস্থা যাতে করা হয়, সেই পুরানো সিলিং ঐ ধরনের যা এতদিন ধরে চলে এসেছে সেদিকে লক্ষ্য রেখে আমি ইতিমধ্যেই কতকগুলি স্টেপ নিয়েছি।

[1-20 1-30 p.m.]

**শ্রীআহম্মদ আফতাবুদ্দিন:** মাননীয় মন্ত্রিমহাশয় এই যে প্রাইমারী হেল্থ সেন্টার আছে এতে যে সব বি এস ডাক্তার যাচ্ছেন এবং তারা একবেলা যাচ্ছেন এবং ওবেলা চলে আসছেন। সুদীর্ঘ দিন থেকে দেখা যাচ্ছে যে একজন এল এম এফ ডাক্তার তিনি কিছুই বোঝেন না, তিনি কাজ চালিয়ে যাচ্ছেন। এ সম্বন্ধে মন্ত্রিমহাশয় কিছু বলবেন কি?

**শ্রীননী ভট্টাচার্য:** মাননীয় স্পীকার মহাশয়, এর অনেক কারণ আছে, শুনতে অনেকেরই হয়ত খুব ভাল লাগবে না। এই ২০।২২ বছরের নানা রকম অব্যবস্থার দরুন এমন একটা অবস্থায় এসে পড়েছে। যারা কোয়ালিফায়েড মেডিক্যাল প্র্যাকটিশনার্স বা আরো একটু শিক্ষিত গ্রাজুয়েট তারা মফঃস্বলে যেতে চান না। এই রকম অবস্থার ফলে অনেক জটিলতা মাঝে মাঝে দেখা দিয়েছে। আমরা সেই সংক্রান্ত ব্যাপারে যাতে ডাক্তাররা মফঃস্বলে যান সেই ব্যাপারে তাদের উৎসাহিত করে এবং মফঃস্বলের কাজের মর্যাদা বাড়িয়ে দিয়ে আরো নানাভাবে তাদের উৎসাহিত করবার যে পলিসি সেই পলিসি ইতিমধ্যে গ্রহণ করেছি এবং আমার মনে হয় সেই পলিসি খানিকটা কার্যকরী হবে।

**Shri Muhammed Khuda Buksh:** The Hon'ble Minister has said that disparity exists among different hospitals in the matter of food and dieting scales among the patients and he has also told us about the intention of the Government to bring about uniformity in the dieting scale. Will he tell us whether he intends to bring about uniformity by levelling up or levelling down?

**শ্রীননী ভট্টাচার্য:** এটা তো বুঝে নেওয়া উচিত যে নট লেভেলিং ডাউন।

**শ্রীকালীপদ মণ্ডল:** অনেক মহকুমা হাসপাতাল যেগুলি পুরানো তাদের সাজসরঞ্জামগুলি পরিবর্তন করা একান্ত দরকার এবং তার জন্য ইনডেন্ট দেওয়া হয়েছে সে সম্পর্কে মন্ত্রিমহাশয় জানেন কি?

**শ্রীননী ভট্টাচার্য:** পরিবর্তন করা দরকার এটা আমিও মনে করি এবং সে সম্বন্ধে বিধি-ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে কিছু কিছু কিন্তু সব হাসপাতাল সম্বন্ধে এখন আমি পরিষ্কার বলে উঠতে পারছি না, নোটিশ দিলে বলব।

**শ্রীআবদুল কোয়ায়ুম মোল্লা:** মন্ত্রিমহাশয় বললেন একটু আগে যে সার্বডিভিসন্যাল হাস পাতালে ১২৫টা করে বেডের ব্যবস্থা করা হচ্ছে—তিনি কি জানেন যে ডামন্ডহারবারে যে নূত সার্বডিভিসন্যাল হাসপাতাল তৈরী হচ্ছে তাতে মাত্র ৮০টা বেডের ব্যবস্থা করা হচ্ছে?

**শ্রীননী ভট্টাচার্য:** এটা তো আমরা নূতন প্রোগ্রাম নিয়েছি। আমি আগেই বলেছি যে এ পর্যন্ত যা আছে সেটা হচ্ছে ১৩১টি ডিস্ট্রিক্ট হাসপাতালের শয্যা সংখ্যা, তার উপর অবশ্য অনেক জায়গায় আছে—আর মহকুমা হাসপাতালে শয্যা সংখ্যা এখনও পর্যন্ত যা আমাদের স্যাংসান বেড স্ট্রেংথ দেওয়া হয় সেটা হচ্ছে ৬৮, এই ৬৮টা বাড়িয়ে আমরা ১২৫টা করতে চাচ্ছি এবং অল রেডি আমরা স্টেপস নিচ্ছি।

**Mr. Speaker:** More important questions of great public interest are there and I will go to the next question.

## Malaria Control Programme

***19.** (Admitted question No. *111.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে ম্যালেরিয়া নিরোধের জন্য কোন কার্যসূচী চালু আছে কিনা;

(খ) সরকার কি অবগত আছেন যে ম্যালেরিয়ার প্রাদুর্ভাব আবার দেখা যাইতেছে; এবং

(গ) অবগত থাকিলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**Shri Nani Bhattacharyya:**

(ক) হ্যাঁ আছে। ১৯৫৮ সাল হইতে এই রাজ্যে ম্যালেরিয়া উচ্ছেদ করিবার জন্য ন্যাশনাল ম্যালেরিয়া এরেডিকেসন প্রোগ্রাম চালু আছে।

(খ) হ্যাঁ, সরকার অবগত আছেন যে এই রাজ্যে কিছু কিছু অঞ্চলে (সীমাবদ্ধ এলাকায়) ম্যালেরিয়ার প্রাদুর্ভাব দেখা দিয়েছে।

(গ) এই সকল অঞ্চলে ম্যালেরিয়ার প্রাদুর্ভাব দূর করিবার জন্য নিম্নোক্ত ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে।

(১) রোগাক্রান্ত এলাকার প্রত্যেক বাড়ীতে ডি ডি টি ছড়ানো হইতেছে।

(২) রোগাক্রান্ত ব্যক্তির উপযুক্ত চিকিৎসা করা হইতেছে এবং প্রত্যেক মাসে তাহার রক্ত ইত্যাদি পরীক্ষা করিয়া রক্তে ম্যালেরিয়ার জীবাণুর অস্তিত্ব আছে কি না তাহা পর্যবেক্ষণ করা হইতেছে।

(৩) রোগাক্রান্ত এলাকায় সারভেলেন্স্ অপারেশন চালু করা হইতেছে যাহাতে ঐ এলাকায় আরও ম্যালেরিয়া রোগ আছে কি না তাহা দ্রুত নির্ণয় করা যায়; এবং

(৪) ম্যালেরিয়া রোগের কেন্দ্রস্থল নির্ণয় করিয়া উহাকে যাহাতে নির্মূল করা যায় তাহার জন্য এপিডেমিউলজিকেল গবেষণা চালান হইতেছে।

**শ্রীঅশ্বিনী রায়:** আপনি বললেন 'গ' প্রশ্নের উত্তরে যে স্টেপস নেয়া হচ্ছে। প্র্যাকটিক্যালী কখন থেকে এগুলি ইমপ্লিমেন্ট করবেন?

**শ্রীননী ভট্টাচার্য:** হচ্ছে মানে চলছে এবং এই যে কাজগুলির কথা আমি বললাম 'গ'-তে চলছে এবং এগুলি ৩টি ফেজে ভাগ করা হবে— একটা ফেজ হচ্ছে অ্যাটাক ফেজ, আর একটা কনসলিডেসন ফেজ, আর একটা হচ্ছে মেন্টেন্যান্স, কোথাও কোথাও অ্যাটাক ফেজের কাজ হচ্ছে যেখানে যেখানে ম্যালেরিয়া দেখা যাচ্ছে, সেই রকম জায়গায় সেই কাজগুলি চালু আছে, আবার কতকগুলি জায়গায় কনসলিডেসন ফেজের কাজ চলছে, আবার মেন্টেন্যান্স ফেজের কাজও বিভিন্ন জায়গায় চলছে।

[1-30—1-40 p.m.]

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** আপনি কি জানাবেন কোন কোন এলাকায় ম্যালেরিয়ার বীজানু বেশী করে ছড়ান আছে? কারণ আমরা খবর পেয়েছিলাম পাকিস্তানে ম্যালেরিয়া ইরাডিকেশন স্কীম সম্পূর্ণভাবে সফল হয় নি বলে সেখানকার মশা এসে ওয়েস্ট বেংগলকে আক্রমণ করছে এবং বিহার থেকে কিছু রুগী কোলকাতায় মেডিক্যাল কলেজ-এ ট্রিটেড হচ্ছে।

**শ্রীননী ভট্টাচার্যঃ** আপনি যেভাবে বলেছেন তাতে হাঁসির উদ্রেক হয়, কিন্তু ঘটনা হচ্ছে তাই। ম্যালেরিয়া যেখানে কিছু কিছু দেখা দিয়েছে এই রকম জায়গা হচ্ছে ২৪-পরগনা, পুরুলিয়া, বর্ধমান এবং কোলকাতার সেন্ট্রাল রিজিয়ন, বিশেষ করে বড়বাজারের কিছু জায়গা।

**শ্রীসাধন গুপ্তঃ** আমি জানতে চাই সর্বাধিক সংখ্যক রোগাক্রান্ত কোন এলাকা হয়েছে।

**শ্রীননী ভট্টাচার্যঃ** পপুলেশান ইনভলভ্‌ড এবং রোগাক্রান্তের সংখ্যা বললে বোঝা যাবে। এতে কোলকাতায় যে এলাকায় পপুলেসান ২৫ লাখ, বড়বাজার এলাকা সেখানে ৮৪০টি ম্যালেরিয়া কেস পেয়েছে; পুরুলিয়ার ঝালদা, বাগমুণ্ডি, আর্সন ও বলরামপুরে যেখানে ৩½ লক্ষ লোকের বাস তার মধ্যে ৭৮টি কেস হয়েছে; বর্ধমানের রানীগঞ্জে যেখানে ১৫ হাজার লোকের বাস সেখানে ৪৫টি কেস হয়েছে, ২৪-পরগনার সন্দেশখালি এলাকায় যেখানে ৪৪ হাজার লোকের বাস সেখানে ৪৪টি কেস রোগাক্রান্ত হয়েছে। সোনারপুর, যাদবপুর, ক্যানিং ইত্যাদি এলাকায় যেখানে ৪৫ হাজার লোকের বাস সেখানে তার মধ্যে ৪৫টি কেস পেয়েছে।

**শ্রীনিতাইপদ সরকারঃ** আপনি কি জানেন, নদীয়ায় গত ২ বছর ধরে কোন রকম ডি ডি টি স্প্রে করা হচ্ছে না?

**শ্রীননী ভট্টাচার্যঃ** নোটিশ চাই।

**শ্রীআবদুল লতিফঃ** "গ" প্রশ্নের উত্তরে বলেছেন একটা কর্মসূচী চালু আছে, কিন্তু ঐ কর্মসূচীর মধ্যে কি করা উচিত এবং বর্তমানে কি কি করা হচ্ছে জানাবেন কি?

**শ্রীননী ভট্টাচার্যঃ** আমি বলেছি যে কি কি কাজ করা হয়।

**শ্রীআবদুল লতিফঃ** আপনি বলেছেন যে কর্মসূচী একটা চালু আছে ১৯৫৬ সাল থেকে এবং প্রাদুর্ভাব সম্বন্ধে বলেছেন কি কি করা হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে সেই কর্মসূচীর মধ্যে কি কি কাজ করবার কথা বলা হয়েছে এবং সেগুলি কতখানি করা হয়েছে?

**শ্রীননী ভট্টাচার্যঃ** আমি এ সম্বন্ধে বলেছি যে, এই কর্মসূচীকে ৩টি ফেজে ভাগ করা হয়েছে। একটি অ্যাটাক ফেজ, একটি কনসোলিডেসন ফেজ এবং আর একটি হচ্ছে মেনটেনেন্স ফেজ। আমি এটাকে ফেজ, কনসোলিডেসন ফেজ এবং মেনটেনেন্স ফেজ অর্থাৎ ওই ৩টি ফেজের কাজের কথা বলেছি।

**শ্রীদেব নারায়ণ চক্রবর্তীঃ** পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে দাগ দেবার জন্য যে কর্মচারীদের রেখেছেন অর্থাৎ দেওয়ালের গায়ে দাগ দেবার জন্য যে কর্মচারীদের রেখেছেন তাদের সংখ্যা কত জানাবেন কি?

**মিঃ স্পীকারঃ** এটা কি কোন প্রশ্ন হোল?

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** কোলকাতার জোড়াবাগান এলাকায় অর্থাৎ নেপালবাবুর এলাকায় মশার প্রাদুর্ভাব কতখানি জানাবেন কি?

**শ্রীননী ভট্টাচার্যঃ** জোড়াবাগান এলাকা আমার হিসেবের মধ্যে পড়েনি। সেখানে আলাদা মশা থাকতে পারে।

**শ্রীসরোজ রায়ঃ** মন্ত্রিমহাশয়ের স্টেটমেণ্টে দেখা গেল কিছু কিছু জায়গায় ম্যালেরিয়া বাড়ছে গত ২ বছর আগে যে সমস্ত এ্যান্টি-ম্যালেরিয়াল স্কোয়াড গ্রামে কাজ করত সেই সমস্ত কর্মচারীদের সরিয়ে নেওয়া হয়েছে এবং অনেক জায়গা থেকে এ্যান্টি-ম্যালেরিয়াল স্কোয়াড তুলে নেওয়া হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে এখন যখন আবার ম্যালেরিয়া বাড়ছে তখন ওই এ্যান্টি-ম্যালেরিয়াল স্কোয়াডগুলো চালু করবার কথা চিন্তা করছেন কিনা এবং যাদের বাদ দেওয়া হয়েছে তাদের পুনর রিক্রুট করবার কথা বিবেচনা করছেন কিনা?

**শ্রীননী ভট্টাচার্যঃ** এটা এই প্রশ্নের সঙ্গে সম্পর্কিত নয়। তবে এ্যাটাক ফেজের কথা বলেছি যে সেখানে নুতন কর্মচারী পাঠাতে হচ্ছে। আর মেন্টেনেন্স ফেজ এবং কনসলিডেসন ফেজ সম্বন্ধে বলেছি যে প্রয়োজন হচ্ছে না বলে সেই কাজ গুটিয়ে ফেলতে হচ্ছে। তবে আবার যখন নুতন করে দেখা দিয়েছে তখন টিম বাড়াবার কথা বিবেচনা করতে হচ্ছে।

**শ্রীপীযুষকান্তি মুখার্জীঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে ম্যালেরিয়ার প্রাদুর্ভাব দেখা দিয়েছে এটা কেন্দ্রীয় সরকারের ষড়যন্ত্রের ফলে কিনা?

(নো রিপ্লাই)

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** যে সমস্ত জায়গায় ম্যালেরিয়া দেখা দিয়েছে মন্ত্রিমহাশয় তার একটা লিস্ট এখানে দিয়েছেন। আমার প্রশ্ন হচ্ছে এই লিস্ট দেখে আপনি এই জিনিস অনুসন্ধান করেছেন কি না বা করবেন কিনা যে, যে সমস্ত জায়গায় অর্থনৈতিকভাবে দুর্গত শ্রেণী বাস করে অর্থাৎ যেখানে তারা কনসেনট্রেটেড হয়ে আছে সেই সমস্ত ভালনারেবেল পয়েন্টে ম্যালেরিয়া ঘটছে কিনা?

**শ্রীননী ভট্টাচার্যঃ** আমাকে খোঁজ নিতে হবে এবং যদি অনুসন্ধান না করা হয়ে থাকে তাহলে আমি মনে করি এই ধরনের অনুসন্ধান করা উচিত।

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** রক্ত নেওয়ার যে পদ্ধতি আছে [illegible] লোক রক্ত দিতে চায় না, এরা স্কুলের ভাল ভাল ছেলেদের ভুলিয়ে ভালিয়ে রক্ত নেয় এমন কি এরা ছাগলের রক্ত পর্যন্ত নেয়, তাই প্রশ্ন করছি এই রক্ত ভালভাবে পরীক্ষার ব্যবস্থা করবেন কি?

**শ্রীননী ভট্টাচার্যঃ** ব্লাড স্পীয়ার প্রোগ্রাম(?) আছে, যদি এই রকম ধরণের দুর্নীতির খবর থাকে যে মানুষের রক্ত না নিয়ে গরু ছাগলের রক্ত নিয়ে থাকে এবং এই ধরনের অভিযোগ সদস্য মহাশয়ের থাকে, তাহলে তা জানালে তদন্ত করে দেখব।

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** আমার কথা হচ্ছে রক্তের যে স্লাইড তা ঠিকমত পরীক্ষা হয় না, তার কি ব্যবস্থা করবেন?

**শ্রীননী ভট্টাচার্যঃ** যদি অব্যবস্থার কোন খবর পেয়ে থাকেন সেগুলি নিশ্চয়ই অনুসন্ধান করার ব্যবস্থা করা হবে।

**Development of Lalbagh into a centre of tourism**

***20.** (Admitted question No. *316.) **Shri Kashi Kanta Maitra:** Will the Minister-in-charge of the Home (Tourism) Department be pleased to state if the Government has any plan—

(a) to develop the town of Lalbagh into a centre of tourism; and

(b) to build rest places and rest houses for the tourists at Lalbagh?

[1-40—1-50 p.m.]

**Shri Barada Mukutmani:** (a) The Government has a proposal to provide facilities for tourists visiting Lalbagh.

(b) Yes. As soon as suitable sites are found for which action is being taken.

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** আমি এটা এখানে জানাতে চাচ্ছি যে লালবাগের নবাব প্যালেস পরিত্যক্ত হয়ে পড়ে আছে, ব্যবহৃত হচ্ছে না, এখানকার স্থানীয় অধিবাসীরা বিশিষ্ট নাগরিকেরা বর্তমানে বলছেন যে মালিক রাজী আছেন এটাকে দিতে গভর্ণমেন্টকে রেস্ট হাউস হিসাবে ব্যবহার করতে তিনি লীজ বেসিসে দিতে রাজী আছেন, সেজন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি তিনি যখন একটা গুরুত্বপূর্ণ কাজে হাত দিয়েছেন তখন এই প্রস্তাব বিবেচনা করবেন কিনা এটাকে এ্যাট লিস্ট লীজ সিস্টেমে বন্দোবস্ত করে নিতে, তাহলে তো এই সেসন থেকেই কাজ আরম্ভ হতে পারে।

**শ্রীবরদা মুকুটমণি ঃ** এই ধরণের প্রপোজাল আসে নি, যদি আসে তাহলে বিবেচনা করব।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী ঃ** ছাত্রদের বিশেষ করে বাঙলা দেশের মধ্যবিত্ত ছাত্রদের [illegible] ট্যুরিং সেন্টারে নিয়ে গিয়ে তাদের অভিজ্ঞতা সঞ্চয়ের সুবিধার জন্য আপনার ডিপার্টমেন্ট থেকে কোন পরিকল্পনা গ্রহণ করবেন কিনা যাতে তারা ট্যুরিং-এর মাধ্যমে সহজে জ্ঞান এবং অভিজ্ঞতা সঞ্চয় করতে পারে?

**শ্রীবরদা মুকুটমণি ঃ** এটা এই প্রশ্নের সঙ্গে সম্পর্কিত নয়, তাহলেও আমার ডিপার্টমেন্ট থেকে এটা বিবেচনা করবে এই আশ্বাস আমি দিতে পারি।

**শ্রীমহম্মদ ইদ্রিস আলি ঃ** লালবাগে ট্যুরিস্ট লজ করার পরিকল্পনা আছে, সাইট সিলেকশন কি হয়ে গেছে?

**শ্রীবরদা মুকুটমণি ঃ** এখনও সাইট সিলেকশন হয় নি, কতকগুলি জায়গা সম্বন্ধে আলোচনা হচ্ছে, বিবেচনা করে বন্দোবস্ত করার চেষ্টা হচ্ছে।

**শ্রীমহম্মদ ইদ্রিস আলী ঃ** কোন কোন জায়গা সরকারী ট্যুরিস্ট লজের জন্য বিবেচনা করছেন?

**শ্রীবরদা মুকুটমণি ঃ** এই সম্বন্ধে পরিষ্কারভাবে বলা মুস্কিল, অনেকগুলি জায়গা সম্বন্ধে আলোচনা হচ্ছে।

**[illegible] নহার ঃ** এই যে ট্যুরিস্ট লজের কথা ভাবছেন, সেখানে যদি ইন্‌ডোর গেমের ক[illegible] হলে না [illegible] মানুষ সন্তুষ্ট থাকতে পারে। এই সম্বন্ধে বিবেচনা করবেন কি?

**শ্রীবরদা মুকুটমণি ঃ** বিবেচনা করা যেতে পারে যদি প্রস্তাব আসে।

## Primary health centre at Brindabanpur

***21.** (Admittel question No. *323.)

**শ্রীকালিপদ মণ্ডল ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উলুবেড়িয়া ২নং ব্লকের বৃন্দাবনপুরে প্রাথমিক চিকিৎসালয় (প্রাইমারী হস্পিটাল) স্থাপন করার কোন পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) পরিকল্পনা থাকিলে, এ পর্যন্ত এ বিষয়ে সরকার কতদূর অগ্রসর হইয়াছে; এবং

(গ) কতদিনের মধ্যে উক্ত চিকিৎসালয় চালু হইবে বলিয়া আশা করা যায়?

**Shri Nani Bhattacharya:**

(ক) হ্যাঁ আছে।

(খ) ১৯৬৪ সালে বৃন্দাবনপুরে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের প্রশাসনিক অনুমোদন দেওয়া হয়। যে ঠিকাদার ঐ কার্য গ্রহণ করিয়াছিলেন তিনি স্বাস্থ্য কেন্দ্রের কর্মচারীগণের বাসগৃহের ভিত্তি পর্যন্ত সম্পন্ন করিয়া চলিয়া যান। ইতিমধ্যে দ্রব্যমূল্য এবং মজুরির

হার বৃদ্ধির জন্য কার্যটির নূতন করিয়া অনুমোদন দিতে হইবে। কারণ অতিরিক্ত মঞ্জুরীর ব্যাপার এখানে এসে গেছে। সেই জন্য দেরী হচ্ছে। ইহা বর্তমানে সরকারের বিবেচনাধীন রহিয়াছে।

(গ) সঠিক এখনই বলা সম্ভব নহে।

**Shri Kali Pada Mandal:**

যে ঠিকাদার কাজ করতে করতে বন্ধ রেখে চলে গেছেন, তাঁর কি পেমেন্ট মিটিয়ে দেওয়া হয়েছে?

**Shri Nani Bhattacharyya:**

এটা পি ডবলিউ ডিপার্টমেন্ট-এর ব্যাপার—আমি কিছু বলতে পারবো না।

**Shri Kali Pada Mandal:**

পরিকল্পনা যখন রয়েছে ওখানে হেল্থ সেন্টারের, তখন এই কাজটা পুনরায় কতদিনের মধ্যে আরম্ভ করবার সম্ভাবনা রয়েছে।

**Shri Nani Bhattacharya:**

আমি তো বলে দিয়েছি—ওটা পি ডবলিউ ডিপার্টমেন্ট-এর ব্যাপার, রিভাইজড এস্টিমেট দিচ্ছি, প্রোপোজাল দিয়েছি, এস্টিমেট পেলেই অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাপ্রুভাল দিয়ে দেব।

**Shri Kali Pada Mandal:**

এই স্বাস্থ্যকেন্দ্রে কতগুলি শয্যা থাকবে?

**Shri Nani Bhattacharyya:**

প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে যেমন থাকে,—১০টি শয্যা বিশিষ্ট হওয়াই স্বাভাবিক।

**Shri Kali Pada Mandal:**

সমস্ত পশ্চিমবঙ্গে প্রাথমিক চিকিৎসালয়ের কত সংখ্যা স্থির করেছেন নূতন করা যেতে পারে এবং তার বেডসংখ্যা কত হবে?

**Mr. Speaker:**

এটা হবে না এর সঙ্গে।

## Utilisation of development funds, etc., of municipalities towards payment of staff salary

***22.** (Admitted question No. *331.) **Shri Gyan Singh Sohanpal:** Will the Minister-in-charge of the Local Self-Government Department be pleased to state—

(a) how many municipalities in the State had utilised development funds, etc., towards payment of staff salary during the last five years with names;

(b) what was the amount thus involved in each case;

(c) whether it was done with the prior approval of the Government; and

(d) if not, what action the Government has taken or proposes to take against those municipalities?

**Shri Somnath Lahiri:**

স্যার, এই প্রশ্নটাকে হেল্ড ওভার করতে অনুরোধ করছি। কারণ এটা সম্বন্ধে নেসেসারি মেটি-রিয়েল যোগাড় করতে পারি নাই।

**Mr. Speaker:**

তাহলে এটাও হেল্ড ওভার রইল।

**Non-Government bodies receiving Government aids**

*23. (Admitted question No. *338.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** গত ১৮ই মার্চ, ১৯৬৯ তারিখে প্রদত্ত অতারকিত প্রশ্ন নং ৮ (অনুমোদিত প্রশ্ন নং ৩২) প্রশ্নোত্তর পরম্পরায় তপশীলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যে সকল বেসরকারী সংস্থা সরকারী সাহায্য পায় সেগুলির হেড অফিস কোনটির কোথায় অবস্থিত, এবং

(খ) উক্ত বেসরকারী সংস্থাগুলি সরকারের দেওয়া টাকা যথাযথভাবে খরচ করেন কিনা তাহা দেখার জন্য সরকারের কোন ব্যবস্থা আছে কিনা এবং থাকিলে তাহা কি?

**Shri Deo Prakash Rai:** Sir, as I cannot speak fluently in Bengali I request the honourable member to agree to my replying in English.

(a) A statement has been kept on the library table.

(b) Yes. In cases of the organisations located at Calcutta the departmental officers, and in cases of those situated in the districts the D.M.s and the District Officers of this department often pay visit to supervise the proper functioning of these organisations.

[1-50—2 p.m.]

**Shri Birendra Narayan Ray:** From the answer of the Hon'ble Minister we have observed that most of the head offices of these non-official agencies are in Calcutta excepting three or four. Will the Hon'ble Minister be pleased to state if he is aware of the fact that these agencies are spending more money for the establishment of their head offices than for the welfare of the scheduled caste and scheduled tribe people of different districts?

**Shri Deo Prakash Rai:** The number of voluntary agencies which exist at present are as follows:—

24-Parganas—2,
Howrah—3,
Birbhum—2,
Midnapore—2,
Bankura—1,
Malda—1,
Calcutta—8, and
Darjeeling—2.

Sir, during the year 1967 we stopped paying grants to many of these voluntary organisations. In the year 1967-68 i.e. during the PDF regime they again revived the system of payment grants to voluntary organisations without any screening.

**Shri Birendra Narayan Ray:** Sir, my question is that will the Hon'bl Minister-in-charge please enquire about the fact that these agencies ar spending more money for the establishment of their head offices than for th welfare of the scheduled caste and scheduled tribe people in the differen districts.

**Shri Deo Prakash Rai:** The government has already decided to look int the matter.

**Shri Birendra Narayan Ray:** Can the Hon'ble Minister assure us that h will thoroughly enquire into the affairs of these agencies and inform u accordingly?

**Shri Deo Prakash Rai:** I have already answered this question that th Government has already decided to look into this matter.

**Primary health centres in Murshidabad district**

***24.** (Admitted question No. *11.)

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় এ পর্যন্ত কয়টি প্রাইমারী হেল্থ সেন্টার খোলা হইয়াছে এবং কয়টি নির্মাণ হইবার পর এখনও খোলা হয় নাই;

(খ) ইহা কি সত্য যে রাণীনগর থানার দুইটি ব্লকে দুইটি হেল্থ সেন্টার খুলিবার জন্য স্থানীয় জনসাধারণ সরকারের নিকট টাকা জমা দিয়াছিলেন;

(গ) সত্য হইলে কবে দিয়াছিলেন এবং সেই টাকা বর্তমানে কাহার নিকট কিভাবে আছে; এবং

(ঘ) ইসলামপুরে গোয়াসে হাসপাতাল স্থাপনের বিষয় সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

**Shri Somnath Lahiri:**

স্যার সমস্ত তথ্য সংগ্রহ ক'রে পরে উত্তর দেব।

**Mr. Speaker:** The question No. *24 is held over.

**Berhampore Sadar and General Hospitals**

***25.** (Admitted question No. *112.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বহরমপুর সদর ও জেনারেল হাসপাতালে আউটডোর রোগীদের ঔষধ দেওয়া হয় না।

(খ) অবগত থাকিলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন; এবং

(গ) এই দুটি হাসপাতালে অস্ত্রোপচারের জন্য সর্বাধুনিক যন্ত্রপাতি আছে কিনা?

**শ্রীননী ভট্টাচার্য:** প্রশ্নটা যেভাবে করা হয়েছে তাতে উত্তর হচ্ছে (ক) এরূপ সংবাদ সরকার অবগত নহেন। তবুও মাঝে মাঝে কোন কোন ক্ষেত্রে রোগীদের আউট ডোর পেসেন্টদের ঔষধ দেওয়া সম্ভব হয় না, বাজার থেকে কিনে নিতে হয়েছে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) আছে।

**শ্রীঅশ্বিনী রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় 'গ'এর জবাবে স্বীকার করলেন যে যন্ত্রপাতির অভাব আছে। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, তার প্রতিকারের কোন ব্যবস্থা করা হয়েছে কি?

**শ্রীননী ভট্টাচার্য:** সর্বাধুনিক যন্ত্রপাতি আছে এটা বলা হয়েছে, অভাব আছে একথা বলি নি।

**শ্রীআবদুস সাত্তার:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে বহরমপুরে যে নতুন হাসপাতাল খোলা হয়েছে সেখানে আউট ডোরে রোগীদের ঔষধ দেওয়া হয় কি না?

**শ্রীননী ভট্টাচার্য:** বহরমপুরে আউট ডোর আছে পুরানো হাসপাতালে।

**শ্রীআবদুস সাত্তার:** আমি নতুন হাসপাতালের কথা জিজ্ঞাসা করছি।

**শ্রীননী ভট্টাচার্য:** না।

**শ্রীমহম্মদ ইদ্রিস আলি:** বহরমপুরে আইসোলেটেড ওয়ার্ডে যেখানে ডিপথিরিয়া পেসেন্ট থাকে উপর তলায় তার নীচে ২ জন টিটেনাস রোগীকে রাখা হয়েছে এই খবর মন্ত্রিমহাশয় জানেন কি?

**শ্রীননী ভট্টাচার্য:** আমি যখন বহরমপুরে ভিজিট করতে গিয়েছি তখন দেখেছি। এরকম ঘটনা হয় মাঝে মাঝে।

**শ্রীমহম্মদ ইদ্রিস আলি:** এরকম ঘটনা রেগুলার হয়।

**শ্রীননী ভট্টাচার্য:** সেটা আমি বলতে পারবো না।

### Scarcity of X-ray films

***26.** (Admitted question No. *209.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, প্রায়ই এক্স-রে ফিল্মের অভাবে বেশির ভাগ হাসপাতালে ও ক্লিনিকে কাজকর্ম ব্যাহত হয়; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**Shri Nani Bhattacharya:**

(ক) হ্যাঁ, মাঝে মাঝে হয়।

(খ) পশ্চিমবঙ্গে এক্স-রে ফিল্মের কোটা বাড়াইবার জন্য ভারত সরকারকে অনুরোধ করা হইয়াছে। হালে কিছু ভারতে প্রস্তুত এক্স-রে ফিল্মের সরবরাহ পাওয়া গিয়াছে। বিদেশী কোম্পানীগুলির ভারতীয় এজেন্টগণ তাহাদের কোটা পাইবেন। শীঘ্রই অবস্থার উন্নতি হইবে বলিয়া আশা করা যায়।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** এই এক্স-রে ফিল্ম নিয়ে রীতিমত চোরা কারবার চলে, এটা আপনি জানেন কি?

**শ্রীননী ভট্টাচার্য:** চোরা কারবার বলে এখন কোন অভিযোগ বা এই ধরনের কোন রিপোর্ট আমার কাছে আসে নি। তবে যখন এক্স-রে সংকট দেখা দিয়েছে তখন এক্স-রে ফিল্ম সরবরাহ-কারী কোম্পানী যারা, তারা এক্স-রে ফিল্ম বেশী দামে বিক্রী করেছেন বলে এই ধরনের অভিযোগ ব্যক্তিগতভাবে আমার কাছে বহু এসেছে।

**শ্রীসরোজ রায়:** কিছুদিন আগে স্যানাটোরিয়ামে এক্স-রে ফিল্মের অভাব হয়েছিল, বর্তমানে সেই অভাব কি এখনও রয়েছে, না অভাব মিটে গেছে?

**শ্রীননী ভট্টাচার্য:** আমি এটুকু বলছি যে এটা খুব বিশেষ দরকার বলে এখন বলা মুসকিল, নোটিশ দিলে বলতে পারব। তবে সাধারণভাবে প্রায় হাসপাতালেই ভীষণ ফিল্মের অভাব ঘটেছে এবং কখন কখন সেখানে ফিল্মের অভাব মেটানোর জন্য আমাদের স্টোরে যে ফিল্ম আছে সেগুলি যত তাড়াতাড়ি পারা যায় ডিস্ট্রিবিউট করা হচ্ছে। আপনারা জানেন যে কলকাতার হাসপাতাল-গুলিতে ফিল্ম সরবরাহ দেওয়ার ব্যবস্থা আছে বা তারা নিজেরা পেতে পারে। যদি এমন হয় যে কোথাও স্টক বেশী আছে বা কোন হাসপাতালে স্টক নেই, সেই স্টক থেকে অন্য হাসপাতালে দেবার ব্যবস্থা হয়েছে। এইভাবে সংকট চলছিল সেটা আমরা একদিকে কাটিয়ে উঠবার চেষ্টা করেছি এবং অন্যদিকে আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সেখানে কোটা বাড়িয়ে অবিলম্বে যাতে ফিল্ম পাওয়া যায় তার জন্য টেলিপ্রিন্টারের মাধ্যমে জানাই ও চিঠিপত্র লিখি। সেখান থেকে কিছু ফিল্ম ইতিমধ্যেই আমরা অন্ততঃ আনতে পেরেছি এবং এখানে যারা ফিল্ম সরবরাহ-কারী প্রতিষ্ঠান তাদের স্টক থেকে যাতে আমরা আরো বেশী কিছু ফিল্ম পেতে পারি সেই ধরনের ব্যবস্থা করতে পারি।

**শ্রীসরোজ রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে মাঝে মাঝে এক্স-রে ফিল্মের অভাব দেখা যায়, খবরের কাগজ এবং সরকারী দপ্তর থেকে যেটুকু খবর পাওয়া যায় তাতে দেখা যাচ্ছে এর পিছনে ব্যবসায়ীদের হাত থাকে। সেই জন্য আমার প্রশ্ন হচ্ছে সরকার থেকে এমন কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা, যে ব্যবসায়ীরা নিজেদের লাভের জন্য এইভাবে এক্স-রে ফিল্ম-এর সংকট ঘটাবার চেষ্টা করছেন, সেটা যাতে ভবিষ্যতে আর না করতে পারে এমন কোন ব্যবস্থা করছেন কি?

**শ্রীননী ভট্টাচার্য:** মাননীয় সদস্য যেটা বলেছেন সেটার মধ্যে আংশিক সত্য আছে। হিন্দুস্থান ফটো ফিল্মস লিমিটেড আমাদের ভারতবর্ষে যে ফিল্ম তৈরী করে—তারা মোট রিকোয়ার-মেন্টের ৫০ ভাগের বেশী তৈরী করতে পারে না। দ্বিতীয়তঃ আমাদের এখানে প্রধানতঃ ইমপোর্টেড ফিল্মের উপরই নির্ভর করতে হয়। কাজেই এই ইম্পোর্টেড ফিল্মের উপর যে পরিমাণে নির্ভর করতে হয় সেই পরিমাণে শুধু বাংলাদেশেই নয়, সব জায়গাতেই ফিল্ম সরবরাহ সংক্রান্ত ব্যাপারে অনিশ্চয়তা দেখা দেয়। এই একটা কারণ শুধু বাংলাদেশেই নয়, ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে—এমন কি শুধু রাজ্যসরকারের হাসপাতালগুলিতেই নয়, রেলওয়ে হাসপাতাল-গুলিতেও এটা ঘটে থাকে। আর একটি দিকে আমাদের যে অসুবিধা আছে সেগুলি দূর করবার চেষ্টা করছি সেটা হচ্ছে আমাদের স্টোরিং ক্যাপাসিটি, অর্থাৎ আমরা যে ফিল্ম এক মাসে নিতে পারি সেটা তিন মাসে নিতে পেরেছি, আমাদের প্রধান কোম্পানীর কাছ থেকে। কাজেই সেই কোম্পানী এই নেওয়ার ব্যাপারে সুবিধা পেয়ে যেতে পারে। এখন সে প্রশ্নে যাচ্ছি না। গত ৬ মাসে ১ বছরের রিকোয়ারমেন্ট স্টক রাখতে পেরেছি। কিন্তু তাদের যেরকম ধরনের স্টক রাখার ব্যবস্থা আছে আমাদের সেই ধরনের স্টক রাখার ব্যবস্থা নেই। আমাদের স্টোরেজের ব্যবস্থা নেই, কোল্ড স্টোরেজ ছোট আছে। সিরাম প্রভৃতি ওষুধ আমরা তিন মাসের স্টক রাখতে পারি না। সেই জন্য আমরা বিশেষ করে ক্রাইসিসের সময় দেখলাম—ফিল্ম সংকটের সময় আমরা অনুসন্ধান করে দেখলাম যে আমাদের মধ্যে দুর্বলতা আছে, সরকারী দুর্বলতা যেখানে ২২ বছর ধরে হতে পারল, সেখানে যদি সফিস্টিকেটেড ড্রাগস রাখার ব্যবস্থা হত—সেজন্য আমরা এটা তৈরী করার কাজে হাত দিয়েছি।

**Mr. Speaker:** The question hour is over.

## STARRED QUESTIONS

### to whcih answers were laid on the table

### Kharagpur Municipality

***27.** (Admitted question No. *334.) **Shri Gyan Singh Sohanpal: Will the** Minister-in-charge of the Local Self-Government Department be pleased to state—

(a) what was the total income of Kharagpur municipality from all kinds of taxes during the year 1968-69; and

(b) what portion of this amount was spent on development of roads and drains during the same year?

**The Minister for Local Self-Government:** (a) Rs. 4,24,641.56.

(b) Rs. 135.00 on roads and Rs. 4,840.50 on drains.

### Scheduled Castes and Tribes people in Howrah district

***28.** (Admitted question No. *356.)

**শ্রীকালীপদ মণ্ডল:** তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হাওড়া জেলায় বর্তমানে তফসিলী ও আদিবাসী সম্প্রদায়ের মোট লোকসংখ্যা কত?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare:**

বর্তমান সংখ্যা জানা নাই। তবে ১৯৬১ সালের লোকগণনা অনুযায়ী সংখ্যা ছিল—

আদিবাসী—৬,১১১

তপসিলী—২৯,৭৯১

### Eye department of Berhampore General Hospital

***29.** (Admitted question No. *113.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বহরমপুর জেনারেল হাসপাতালে চক্ষু চিকিৎসার জন্য বর্তমানে কোনও বিশেষজ্ঞ ও শয্যার ব্যবস্থা আছে কিনা?

**The Minister for Health:** না।

### Monetary help to the Scheduled Caste people of Murshidabad district

***30.** (Admitted question No. *259.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** তফসিলী ও উপজাতি কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালে মুর্শিদাবাদ জেলায় তফসিল জাতির ছাত্রছাত্রীদের জন্য (১) পুস্তক ক্রয়, (২) ছাত্রাবাস খরচ, (৩) পরীক্ষা ফি, (৪) বেতন, (৫) মাধ্যমিক স্তর পরবর্তীকালীন বৃত্তি খাতে কত টাকা খরচ করা হইয়াছিল; এবং

(খ) ঐ সময়ের মধ্যে ঐ জেলায় তফসিল জাতিভুক্ত কাহাকেও (১) বাস্তু বা চাষের জমি ক্রয়, (২) পতিত জমি উদ্ধার, (৩) ছোটখাট সেচ, (৪) কাঠের সাঁকো বা পাকা কালভার্ট নির্মাণ, (৫) গ্রাম্য কাঁচা রাস্তা উন্নয়ন, (৬) প্রাথমিক বিদ্যালয়সমূহ নির্মাণ, (৭) কৃষি সরঞ্জাম খরিদ খাতে কোন্ সালে কত অর্থ সাহায্য করা হইয়াছিল?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare:**

| | | ১৯৬৭-৬৮ | ১৯৬৮-৬৯ |
|---|---|---|---|
| | | টাঃ | টাঃ |
| (ক) (১) পুস্তক ক্রয় | ... | ৮,১৮০ | ৮,৮৪৫ |
| (২) ছাত্রাবাস খরচ | ... | ২৭,১৮০ | ৪০,৮৫০ |
| (৩) পরীক্ষা ফি | ... | ২৯০ | ১,৩৮৫ |
| (৪) বেতন | ... | ৬৩,৩৫৭ | ৭৩,৩৯৬ |
| (৫) মাধ্যমিক স্তরের পরবর্তীকালীন বৃত্তি | ... | ২,০৪,২৭৪ | ২,১২,৬৪৮ |
| (খ) (১) বাস্তু বা চাষের জমি ক্রয় | ... | ৭,৫০০ | — |
| (২) পতিত জমি উদ্ধার | ... | — | — |
| (৩) ছোটখাট সেচ | ... | — | — |
| (৪) কাঠের সাঁকো বা পাকা কালভার্ট নির্মাণ | | — | — |
| (৫) গ্রামে কাঁচা রাস্তা উন্নয়ন | ... | — | — |
| (৬) প্রাথমিক বিদ্যালয় গৃহ নির্মাণ | ... | — | — |
| (৭) কৃষি সরঞ্জাম খরিদ | ... | ৭৫০ | — |

**Income and expenditure of Kharagpur municipality**

***31.** (Admitted question No. *335.) **Shri Gyan Singh Sohanpal:** Will the Minister-in-charge of the Local Self-Government Department be pleased to state—

(a) what was the total income of the Kharagpur municipality from all kinds of taxes during the year 1964-65, 1965-66, 1966-67 and 1967-68; and

(b) what was the total expenditure of this municipality during the above four years towards payment of staff salary?

**The Minister for Local Self-Government:** (a) 1964-65, 1965-66 and 1966-67, figures are not available as relevant documents are lying seized with the police in connection with a criminal case.

1967-68—Rs. 2,30,625.29.

(b) Rs. 3,59,826.59 (for the period from 5th July, 1967 to 31st March, 1968). Other figures are not available for the reasons stated above.

**House-building grant to the Scheduled Castes and Tribes people**

***32.** (Admitted question No. *360.)

**শ্রীকালিপদ মণ্ডল:** তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তফসিলী ও আদিবাসীদের হাউস বিল্ডিং গ্র্যান্ট দিবার কোন সরকারী ব্যবস্থা আছে কি;

(খ) থাকিলে ঐ বাবত উর্ধ্বপক্ষে কত টাকা এবং কাহার মাধ্যমে দেওয়া হয়; এবং

(গ) উলুবেড়িয়া ২নং ব্লক এলাকায় এই বাবত ১৯৬৮-৬৯ সালে কোনও টাকা দেওয়া হইয়াছে কিনা এবং দেওয়া হইয়া থাকিলে তাহা কত?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare:**

(ক) সাধারণভাবে কোন ব্যবস্থা নাই।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

## UNSTARRED QUESTIONS

**to which written answers were laid on the Table**

**6.** (Admitted question No. 1.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭ সালের মার্চ মাস হইতে ১৯৬৭ সালের নভেম্বর পর্যন্ত কলিকাতা ও শহরতলী এলাকায় বেসরকারী বাস পারমিটের জন্য মোট কতগুলি আবেদনপত্র পাইয়াছিলেন;

(খ) উক্ত দরখাস্তকারীদিগের নাম ও ঠিকানা;

(গ) উক্ত দরখাস্তকারীদিগের মধ্যে মোট কতজনকে বাস পারমিট দেওয়া হইয়াছিল;

(ঘ) উক্ত পারমিটপ্রাপ্ত ব্যক্তি ও সংস্থাগুলির মধ্যে যদি ব্যক্তিগত মালিক হয়, তাহা হইলে তাঁহারা বা তাঁহাদের নাম এবং যৌথ কারবারী বা পার্টনারশীপ উদ্যোগ হইলে, সেইসব সংস্থার নাম ও পার্টনারদের নাম ও ঠিকানা; এবং

(ঙ) কি কি গুণের ভিত্তিতে ও বিচারে পারমিট দেওয়া হইয়া থাকে?

**The Minister for Home (Transport):**

(ক) ১,১৫১টি।

(খ) লাইব্রেরী টেবিলে রক্ষিত তালিকা ("এ" এবং "বি") দ্রষ্টব্য।

(গ) ৩৮৪ জনকে।

(ঘ) কলিকাতা আঞ্চলিক পরিবহণ কংস্থা যৌথ কারবারী বা পার্টনারশিপ উদ্যোগ সংস্থার পার্টনারদের নাম ও ঠিকানা আবেদনপত্রে উল্লেখ করিতে বলেন নাই। এজন্য এক্ষেত্রে পৃথকভাবে ঐরূপ নাম ও ঠিকানা দাখিল করা যায় নাই।

(ঙ) তালিকা ("সি") দ্রষ্টব্য।

Statement 'C' referred to in reply to clause ঙ of unstarred question No. 6

ANNEXURE 'C'

Extract from the minutes of regional Authority, Calcutta Region, held on the 27th June, 1967.

** ** ** **

2. In respense to the advertisement issued in terms of R.T.A. Resolution No. 12, dated 19th June, 1967, 1,151 applications have been, the Secretary, Regional Transport Authority, Calcutta Region informs, received for empanelment for grant of temporary permits under this authority.

The applications are being registered and scrutinised with reference to Permit Registers and other points; all this, the Secretary, R.T.A., explains, will take quite some time and meanwhile some arrangement, it is felt, has to be made for maintaining the transport service as far as possible on the different city routes so long served by the private operators on the strength of authorisations issued by the Government.

Having regard to the need for maintaining effective service as far as possible and keeping also in view the general principle that concentration of transport business should be discouraged and that it would be undesirable to grant temporary permits in the following categories of persons :

(a) those who hold one or more public carrier permit,

(b) those who hold more than one taxi permit,

(c) those who hold a stage carriage permit either on a substantive route or on a temporary footing.

(d) some of their relations, say father, husband, son, etc., hold one or more public service vehicle permit, and

(e) persons having sufficient income already.

it is decided purely on an ad hoc basis, that temporary permits for a period of two months with effect from the 1st of July, 1967, will be granted to owners of 147 stage carriages already plying on different city routes as indicated in Annexure A to this resolution.

---

Extract from the Minutes of the meeting of the R.T.A., Calcutta Region, held on 2nd August, 1967

** ** ** **

2. The Chairman pointed out that inadequate wording of Resolution No. 2, dated 27th June, 1967, required amendment. It was resolved that the corrigendum to the resolution, dated 27th June, 1967, be recorded (as enclosed) and the corrigendum should be deemed to have been effective from the date of the original resolution.

### Corrigendum to Resolution, dated 27th June, 1967

Resolution No. 2, dated 27th June, 1967, appears to have been inadequately worded, inasmuch as applicants have not been selected where their relations, e.g., father, husband, son, etc., hold one or more public carrier permits, two or more taxi permits, one or more stage carriage permit and not merely whether they hold one or more public service vehicle permit. The wordings should, therefore, be modified and the reason (d) should be modified to make the item (d) of the resolution read as follows :

> "Some of their relations say father, husband, son, etc., hold one or more public carrier permit, two or more taxi permits and one or more stage carriage pemit" in place of "some of their relations say father, husband, son, etc., hold one or more public service vehicle permit".

In this connection the resolution should also clarify, it is felt, that the public carrier permit should not be taken to include for the purpose of selection, vans (light motor vehicle). This resolution should be deemed to have been effective on and from 27th June, 1967.

### Lockout and strikes in factories

**7.** (Admitted question No. 6.)

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী :** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৭-৬৮ এবং ১৯৬৮-৬৯ সালে বিভিন্ন কারখানায় (১) লক-আউট এবং (২) ধর্মঘট কতগুলি ক্ষেত্রে হইয়াছিল ?

(খ) বৃহৎ শিল্প, মাঝার শিল্প ও ক্ষুদ্র শিল্পগুলির কোন্ গোষ্ঠীতে উক্ত সময়ে লক-আউটের সংখ্যা কত ; এবং

(গ) শ্রমিক-মালিক সম্পর্কের উন্নতি বিধানে সরকার বর্তমানে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**The Minister for Labour :**

(ক) (১) সাল—লক-আউট আরম্ভের সংখ্যা

১৯৬৭-৬৮—১৯০

১৯৬৮-৬৯—১১৮

(২) সাল—ধর্মঘট শুরু হওয়ার সংখ্যা

১৯৬৭-৬৮—২২১

১৯৬৮-৬৯—২১৮

(খ) ১৯৬৭-৬৮ সালে বৃহৎ শিল্পে (অর্থাৎ যেসকল শিল্পে ২৫০ অথবা তার বেশি লোক কাজ করে সেখানে) ৪১টি, মাঝারি শিল্পে (অর্থাৎ যেসকল শিল্পে ৫০ থেকে ২৪৯ জন লোক কাজ করে সেখানে), ৭২টি এবং ক্ষুদ্র শিল্পে (অর্থাৎ যেসকল শিল্পে ৫০ জনের কম লোক কাজ করে সেখানে) ৭৭টি ক্ষেত্রে লক-আউট হইয়াছিল।

১৯৬৮-৬৯ সালে উক্ত বৃহৎ, মাঝারি এবং ক্ষুদ্র শিল্পগোষ্ঠীতে লক-আউটের সংখ্যা যথাক্রমে ৫২, ৩৪ এবং ৩২।

(গ) *শ্রমিক-মালিক সম্পর্কের উন্নতির জন্য সরকার দুইটি বিল আনিতেছেন*—উহার একটি বিলে ট্রেড ইউনিয়ন আইনের সংশোধন করিয়া শ্রমিক ইউনিয়নকে বাধ্যতামূলক স্বীকৃতি দানের ব্যবস্থা করা হইতেছে। অথবা বিলটিতে সাস্‌পেন্সনকালে ভাতা দেওয়ার ব্যবস্থা করা হইতেছে। ত্রিপাক্ষিক আলোচনার দ্বারা শ্রমসংক্রান্ত বিরোধের নিষ্পত্তির জন্য শ্রমদপ্তর এবং বিশেষতঃ শ্রম অধিকারের সম্প্রসারণ করা হইয়াছে। উপরন্তু চা, ইঞ্জিনিয়ারিং এবং পাট শিল্পের ন্যায় বৃহৎ শিল্পে যে সমস্ত শিল্পবিরোধ রহিয়াছে তাহার মীমাংসার জন্য মন্ত্রীপর্যায়ে ত্রিপাক্ষিক আলোচনা করা হইয়াছে এবং চা শিল্পের কতগুলি গুরুত্বপূর্ণ বিরোধের নিষ্পত্তি করা হইয়াছে। ইঞ্জিনিয়ারিং শিল্পে বেতন সংশোধনের জন্য সংশ্লিষ্ট পক্ষগুলি দ্বিপাক্ষিক আলোচনায় রাজী হইয়াছেন।

শিল্পে শ্রমিক-মালিক সম্পর্কের উন্নতির জন্য সরকারের সালিশী ব্যবস্থার সহায়তায় দ্বিপাক্ষিক আলোচনায় উৎসাহ দান করা হইতেছে। বিপুলহারে ছাঁটাইয়ের বিষয় পর্যালোচনার জন্য হাইকোর্টের একজন অবসরপ্রাপ্ত বিচারক, মালিক সংস্থার ৩ জন এবং শ্রমিক সংস্থার ৩ জন করিয়া লোক লইয়া সরকার একটি কমিটি গঠনের বিষয় বিবেচনা করিতেছেন।

**Thefts of cattle and dacoities in the Nadia border areas**

**8.** (Admitted question No. 39.) **Dr. Nalinaksha Sanyal:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) if he is aware that thefts of cattle and even dacoities have been going on unabated in the border thana areas of Nadia district generally and in Karimpur Block area in particular;

(b) if so, the measures taken to enlist public co-operation in checking the marauders and theives and if any equipments are supplied to village resistance parties for patrolling at night and combating the miscreants; and

(c) what other measures the Government are contemplating to provide security to the border areas of West Bengal?

**The Minister for Home (Police):** (a) There were some cases of cattle theft and dacoity in the border thana areas of Nadia district during the past few months. Number of such incidents for the period from 1st January, 1969 to 31st May, 1969, is given below thanawise:

| | | | |
|---|---|---|---|
| Karimpur P.S. | .. | Cattle theft. | Dacoity. |
| Chapra P.S. | .. | 17 | 1 |
| Tehatta P.S. | .. | 4 | 1 |
| Hanshkhali P.S. | .. | Nil | 2 |
| Krishnaganj P.S. | .. | Nil | 2 |
| Ranaghat P.S. | .. | 4 | 1 |
| Total | .. | 1 | Nil |
| | | 26 | 7 |

(b) New R.G. parties are being formed in the affected area and frequent meetings are held with the R.G. parties and local people to enlist their active co-operation for checking the activities of the criminals. Intensive patrol has been introduced with Thana Police, Home Guards and R.G. parties and the resistance parties are supplied with electrict torches, spears and lathis for the above purpose.

(c) Strict vigilance in the border areas is being kept by the Border Security Force who are in overall charge of maintaing security of the border.

**Arrangements for training of Basic Health workers**

9. (Admitted question No. 118.) **Shri Sanat Kumar Raha:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if there is any arrangement for training the Basic Health workers;

(b) if so, what kind of training is given; and

(c) where these training centres are?

**The Minister for Health:** (a) Yes.

(b) A short term training for two months based on actual duties to be performed is imparted to Basic Health workers. Both vocational and practical training on the following subjects are provided:

(1) conception of health and disease;

(2) Public Health Administration and Basic Health Services;

(3) Causation, spread and prevention of—

(a) Malaria,
(b) Smallpox,
(c) Tuberculosis;
(d) Cholera and other communicable diseases.

(4) Family Planning;

(5) Elementary environmental sanitation;

(6) First Aid and Nursing;

(7) Vital statistics and recording of vital events;

(8) Health Intelligence Services.

(c) There is only one training centre at Kalyani, i.e., Rural Training Centre, Kalyani, P.O. Saguna, district Nadia.

**Factories**

**10.** (Admitted question No. 185.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী মার্চ, ১৯৬৯ পর্যন্ত কলিকাতা, হাওড়া, হুগলী ও ২৪-পরগনা জিলায় মোট কারখানা ও শ্রমিক কর্মচারীর সংখ্যা কত;

(খ) উক্ত সময়ে পশ্চিমবঙ্গে মোট কারখানা ও শ্রমিক কর্মচারীর সংখ্যা কত;

(গ) কোন্ জেলায় কয়টি কারখানা বর্তমানে চালু আছে এবং কয়টি বন্ধ আছে; এবং

(ঘ) মে মাসে, ১৯৬৯ পর্যন্ত কয়টি নূতন কারখানার লাইসেন্স দেওয়া হইয়াছে?

**The Minister for Labour:**

(ক) ১৯৬৯ সালের মার্চ মাস পর্যন্ত উক্ত চারিটি জেলায় রেজিস্ট্রীকৃত মোট কারখানার সংখ্যা (উহাদের বন্ধ ইউনিট সমেত) এবং ৩১শে ডিসেম্বর ১৯৬৮ পর্যন্ত উহাদের দৈনিক উপস্থিতির গড় নিম্নে দেওয়া হইল—

| কারখানার সংখ্যা (১৯৬৯ সালের মার্চ মাস পর্যন্ত) | দৈনিক উপস্থিতির গড় (৩১শে ডিসেম্বর ১৯৬৮ পর্যন্ত) |
|---|---|
| কলিকাতা—৬৯১ | ২১,৮৮০ |
| হাওড়া—১,২৫৭ | ১,৪৬,৭৫২ |
| হুগলী—২২৪ | ৯০,৭৫২ |
| ২৪-পরগনা—২,৭৬৩ | ৪,১২,৬৫৬ |

১৯৬৯ সালের মার্চ মাস পর্যন্ত শ্রমিকের সংখ্যা এখনও তৈয়ারি হয় নাই—ঐ সংখ্যা ষাণ্মাসিক ভিত্তিতে তৈয়ারি হয়।

(খ) পশ্চিমবঙ্গে মোট কারখানার সংখ্যা ও শ্রমিকের গড় সংখ্যা (৩১শে ডিসেম্বর ১৯৬৮ পর্যন্ত)—৬,১৫১ ও ৮,৫০,২৮৭।

(গ) উপরোক্ত চারিটি জিলায় বন্ধ কারখানার সংখ্যা নিম্নরূপ; বাকি কারখানাগুলি চালু আছে ঃ—

কলিকাতা—৭৩।

হাওড়া—৫৭।

হুগলী—১২।

২৪-পরগনা—৫২।

(ঘ) ১৯৬৯ সালের জানুয়ারী হইতে মে পর্যন্ত ৫৭টি কারখানাকে লাইসেন্স দেওয়া হইয়াছে।

### Trade Unions

**11.** (Admitted question No. 188.) **Shri Sanat Kumar Raha:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state the total number of Registered Trade Unions in West Bengal under each of the following categories :

(i) Mills and Factories—Engineering Workshops, etc.;
(ii) Transport, But, Truck, automobile vehicles, taxi, etc.;
(iii) Trades, shops, mercantile office and Government Sales Depot;
(iv) Rickshaw, Tanga pullers;
(v) Bidi workers;
(vi) Hawkers, Power House, Cinema Film Studios;
(vii) Agri-workers under farm; and
(viii) Any other classes of workers who are permitted to have Trade Unions, showing the nature of their work, separately?

**The Minister for Labour:** (i) 1,893.

(ii) 144.
(iii) 548.
(iv) 29.
(v) 75.
(vi) 64.
(vii) 7.
(viii) 965.

A separate sheet showing the nature of work is attached.

Statement referred to in reply to clause (viii) of unstarred question No. 11 Item No. 8 includes workers under the following categories :

Plantation, Fisheries, Forestry, Mining, River Transport, Municipality, Printing Press, Insurance, Hospitals, Railways, Ocean Transport, Air Transport, Dairy Farm, Confectioneries, Wood and Cork Industries, Furniture, Paper Construction, Restaurants, etc.

### Border Roads

**12.** (Admitted question No. 229.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কোন্ কোন্ বর্ডার রোড মেরামতের কাজ বর্তমানে লওয়া হইয়াছে; এবং

(খ) এই রাস্তাগুলির কোন্‌টি কত দীর্ঘ এবং কোন্‌টির জন্য কত টাকা বরাদ্দ করা হইয়াছে?

**The Minister for Public Works:**

(ক) এমন কোন কাজ হাতে লওয়া হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

[2—2-10 p.m.]

## Adjournment motion

**Mr. Speaker:** I have received notice of an adjournment motion from Shri Tarun Kanti Ghosh on the subject of a clash between students belonging to Chhatra Parishad and Democratic Youth Federation before the Scottish Church College School on 3rd July, 1969. I have withheld consent. The motion is not in order but I allow Shri Ghosh to read his motion.

**Shri Tarun Kanti Ghosh:** Sir, my motion runs thus: This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, the heinous attack on the members of the Chhatra Parishad on Thursday, resulting in injury to a student, indicative of the general trend of lawlessness in the State. Hooligans belonging to the Democratic Youth Federation attacked the members of the Chhatra Parishad with bombs and brickbats before the Scottish Church Collegiate School and injured Shri Bhabataran Sanyal, a student of the School.

## Calling Attention to matters of urgent public importance

**Mr. Speaker:** I have received eight notices of calling attention on the following subjects, namely :—

(1) Withdrawal of Mohammedan Sporting Club from I.F.A. League—from Shri Kalipada Mandal.

(2) Disruption of loading and unloading operations at Calcutta Port—from Shri Kalipada Mandal.

(3) Lockout of Texmaco Factory—from Shri Sanat Kumar Raha.

(4) Resignation of Shri J. N. Mallick, President of the West Bengal Board of Secondary Education—from Shri Kalipada Mandal.

(5) Resignation of Shri J. Mallick, President of the Board of Secondary Education, West Bengal—from Kumar Jagadish Chandra Sinha.

(6) Establishment of a police camp at village Najarana under Raninagar P.S. and consequent repercussions on the people of the minority community—from Shri Azizur Rahman.

(7) Resignation of Shri J. N. Mallick, President, West Bengal Board of Secondary Education—from Shri Suresh Chandra Sinha and Shri Amarendra Nath Roy Prodhan.

(8) Re-examination of answer papers in Mathematics of plucked students in the Higher Secondary Examination—from Shri Suresh Chandra Sinha and Shri Amarendra Nath Roy Prodhan.

I have selected the notice on the subject of resignation of Shri J. N. Mallick, President, Board of Secondary Education, West Bengal, from Kumar Jagadish Chandra Sinha, Shri Kalipada Mandal, Shri Suresh Chandra Sinha and Shri Amarendra Nath Roy Prodhan. The Hon'ble Minister-in-charge may please make a statement today, if possible, or give a date, touching on all the points raised in the notice.

**Shri Satya Priya Roy:**

বুধবার দিন আমি উত্তর দেবো, অবশ্য সভাপতি মহাশয় যদি বলেন তাহলে সংক্ষেপে এখনই উত্তর দিতে পারি।

**Mr. Speaker:**

এখনই বলুন না, তাহলে তো ভালই হয়।

**Shri Satya Priya Roy:**

আচ্ছা, আমি বুধবার দিনই উত্তর দেবো।

**Dr. Nalinaksha Sanyal:** On a point of order, Sir. The rules provide that questions to which oral answers are proposed to be given but which are not reached on the day would be placed on the table and available to members. Accordingly, I find that some of yesterday's questions not reached are in the library but some others are not there. For example, admitted question Nos. 26 and 37—serial Nos. 10 and 11 of yesterday's question are not there. May I know what the position is. Office said that they did not receive questions from the department. If that is so, should we take it that the questions will again be repeated and an opportunity will be given for oral answer and supplementary questions on them?

**Mr. Speaker:** I will look into the matter and let you know.

**শ্রীঅরুণকুমার সেন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১৫ই মে তারিখে বিড়লা পরিচালিত টেক্সম্যাকো কারখানায় লকআউট করা হয়েছে। লকআউট করে দিয়েছেন তখন যখন সরকার পক্ষের সাথে বসে শ্রমিক এবং মালিক পক্ষ এর মিটমাটের ব্যবস্থা হচ্ছিল। সেখানে শ্রমিকদের পয়সা কাটা হয়েছে এবং আলোচনা চলাকালীন এটা করা হয়েছে। এতে চার হাজার শ্রমিক বেকার হয়েছে এবং আরও আট হাজার শ্রমিক বেকার হতে পারে। এই সম্পর্কে সরকারের তরফ থেকে কি হস্তক্ষেপ করা হয়েছে এবং লকআউট বেআইনী করা সম্পর্কে সরকার চিন্তা করছেন কিনা আমি জানতে চাই।

**নদীয়া জেলায় কৃষকদের কৃষিঋণ পাওয়ার অসুবিধার বিষয় দৃষ্টি আকর্ষণ**

**শ্রীনিতাইপদ সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, নদীয়া জেলার কৃষকরা কৃষিঋণের অভাবে হাহাকার করছেন। সেখানে কৃষিঋণ দেওয়া হয় নি। স্টেট ব্যাঙ্ক থেকে বিভিন্ন জায়গায় ঋণ দেওয়া হয়েছে, কিন্তু নদীয়া জেলায় দেওয়া হয় নি। আমরা অনেক ঘোরাঘুরি করেছি, অনেক অফিসারের কাছে গিয়েছি, কিন্তু আজ পর্যন্ত কোন ঋণের ব্যবস্থা হয় নি। দু মাস আড়াই মাস আমরা এইভাবে ঘুরছি। কৃষিঋণ গো-ঋণ ইত্যাদি দরুন অভাব থাকা সত্ত্বেও কৃষকরা আজ পর্যন্ত পায় নি। অথচ যুক্তফ্রন্ট সরকার হওয়ার ফলে কৃষকদের মধ্যে উৎসাহ উদ্দীপনা এখনও রয়েছে। আমি আশা করি সরকার কৃষিঋণের ব্যবস্থা করবেন, গ্রুপ লোন ইত্যাদি দেওয়ারও ব্যবস্থা করবেন এবং স্টেট ব্যাঙ্কের মাধ্যমে যে-কোন উপায়ে অল্প সুখে দীর্ঘমেয়াদী ঋণ দেওয়ার ব্যবস্থা করার জন্য আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীঅনাদী দাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এর আগের দিন আমাদের আসন পরিবর্তনের বিরুদ্ধে প্রতিবাদ করেছি। আজকে আমি আপনার কাছে একটা লিখিত বক্তব্য রাখতে চাইছি।

সবর্বস্তরের দুস্থ মানুষের যে সব সংগ্রামের ফলে দুর্নীতিগ্রস্থ স্বেচ্ছাচারী কংগ্রেস আজ গদিচ্যুত এবং যুক্তফ্রন্ট ক্ষমতায় আসীন, তার প্রত্যেকটিতে আমি ও কমরেড মকসেদ আলী সামনের সারিতে ছিলাম।

আমরা দুইজন যুক্তফ্রন্টের ৩২ দফা কর্ম্মসূচীর অকুণ্ঠ সমর্থক এবং আমরা আর, সি, পি, আই দলের এম, এল, এ বলে বার বার ঘোষিত হয়েছে।

গত অধিবেশনেও আমরা যুক্তফ্রন্টের আসনেই বসেছি। তবুও আজ আমাদের যুক্তফ্রন্টের সংসদীয় দল থেকে এবং আমাদের নিজ নিজ আসন থেকে অপসারিত করা হল, তার আমরা তীব্র প্রতিবাদ করি।

আমরা যুক্তফ্রন্টের বিরোধী কোন কাজ করার জন্য এঅবস্থার সৃষ্টি হয়নি। সুধীন কুমারের ব্যক্তিগত উচ্চাকাংখা পূরণের হাতিয়ার হিসাবে পদত্যাগ করতে অসম্মত হওয়াতেই এই অবস্থার সৃষ্ঠি। আমরা যদি তার অনুকুলে পদত্যাগ কোরতাম তাহলে আমাদের গলায় মালা দিয়ে বলা হোত দেখ এরা কত ত্যাগী। লোভের ও দম্ভের ও দুর্নীতির কাছে মাথা নত করাকেই ত্যাগ ও উচিত কর্ম্ম বলে শিক্ষা দেওয়ার চেষ্টা হোত। দেশের লোককে অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করার সাহস থেকে বঞ্চিত করা হোত।

জনসাধারণও যুক্তফ্রন্টকে জানতে না দিয়ে নির্ব্বাট মন্ত্রীত্বের লোভে খাদ্যমূল্য বৃদ্ধির ব্যাপারে খাদ্যমন্ত্রী কেন্দ্রের কাছে যে মাথা নত করেছেন, যে সময় থেকে দ্রব্যমূল্য অগ্নিমূল্য হতে থাকে আমরা তারই প্রতিবাদ করেছি। আজ তো একথা সকলেই বলছেন। ফলে সারা পশ্চিমবঙ্গে যে চাঞ্চল্যের সৃষ্টি হয়, তার ফলে বিধিবন্ধ ও মডিফায়েড রেশনে খাদ্যের পরিমাণ বৃদ্ধি করা হয়েছে, তার আগে নয়। আমাদের মূল্যে হলেও খাদ্য ও দ্রব্য মূল্য পরিস্থিতির প্রতি প্রথম দৃষ্টি আকর্ষণ করতে পারার জন্য আমরা গর্বিত। কিন্তু তবুও আমরা যুক্তফ্রন্টের বসার আসনে অধিকারী নই। আপনি এই সভার প্রত্যেকের স্বাধীনতা ও সম্মান রক্ষার প্রতিভু। আপনার কাছে আমাদের বিশেষ ভাবে নিবেদন, আমরা আর, সি, পি, আই দলের সদস্য। সুধীন কুমার এই সভা থেকে আর, সি, পি, আই দলের নাম মুছিয়া দিবার চেষ্টা করেছেন তা আপনি অনুগ্রহ করে প্রতিরোধ করবেন। আমরাই আর, সি, পি, আই দল এবং আপনি আমাদের আর, সি, পি, আই বলে গণ্য করবেন নির্দ্দলীয় বলিয়া নহে।

সুধীন কুমারের বহু দুর্নীতির কথা আমাদের জানা আছে। তার মধ্যে ২ টির বিচার আমরা চেয়েছি। তা এখনও পাই নাই। আপনি জানেন আপনার কাছেই ১২-৪-৬৯ তারিখে আমি নিজে দেখা করে খাদ্যমন্ত্রী সুধীন কুমারের জোর পূর্ব্বক আমার পদত্যাগ পত্র লিখিয়া নেওয়ার কথা বিশদভাবে বলি, এবং সেই সঙ্গে উহা স্বেচ্ছা প্রণোদিত নয় বলিয়া অগ্রাহ্য করার জন্য পত্র দিয়া আসি।

আমার ব্যাপারে ব্যর্থ হয়ে কমরেড মকসেদ আলীর চরিত্র হননের ষড়যন্ত্র করে খাদ্যমন্ত্রী সুধীন কুমার পদত্যাগ পত্র আদায় করার জন্য চাপ দেন। স্বরাষ্ট্র দপ্তরের গোপন ফাইল বলে কথিত একটি ফাইল আমাদের দলের বহু কমরেডকে দেখিয়ে মকসেদ আলীর বিরুদ্ধে বিভ্রান্তির চেষ্টা হয়। এবং তারই ফটো-ষ্টাট কপি বলে কথিত একটি ফিল্ম দেখিয়ে কমরেড আলীকে আতঙ্ক গ্রস্থ করার চেষ্টা হয়। সবই সুধীন কুমার করেছেন। মূল উদ্দেশ্য আমাদের যে কোন একজনের সদস্যপদ খালি করে সে জায়গায় নির্ব্বাচিত হয়ে মন্ত্রীত্ব পদ বজায় রাখা।

যুক্তফ্রন্টের নেতৃস্থানীয় অন্যান্য দলের সহযোদ্ধাদের অনেকের কাছ থেকে এব্যাপারে আমাদের নির্ভীক ও বলিষ্ঠ অভিযোগের জন্য অভিনন্দন পেলেও—যুক্তফ্রন্ট নেহাতই সুধীন কুমারের কথার ভিত্তিতে আর, সি, পি, আই হতে বিতাড়নের মিথ্যা অজুহাতে অন্য কোন কারণে নয় আমাদের ইউ,এফ পরিষদীয় দল ও আমাদের নিজ নিজ আসন থেকে সরিয়ে দেওয়া হয়েছে। ইহা সুধীন কুমারের প্রতিহিংসার প্রবৃত্তির প্রকাশ মাত্র।

আমরা আপনার কাছে এবং যুক্তফ্রন্ট সরকারকে জানাই যুক্তফ্রন্টের কর্ম্মসূচির ২নং ধারা অনুযায়ী সুধীন কুমারের প্রকাশ্য তদন্তের ব্যবস্থা হোক এবং অবিলম্বে তাঁকে মন্ত্রীর আসন থেকে সাসপেন্ড করা হোক। এতে যুক্তফ্রন্টের মর্যাদা বাড়বে।

যিনি দুর্নিতীর দায়ে অভিযুক্ত, গত ৭ই/৮ই জুন হাওড়ায় অনুষ্ঠিত আমাদের দলের প্রাদেশিক সম্মেলনে যাকে বহিষ্কৃত করা হয়েছে. দুর্নীতির বাস্তু ঘুঘু সেই সুধীন কুমার এখনও মন্ত্রীত্যের আসনে বসার অধিকারী। আর আমরা যুক্তফ্রন্টের বিরোধী কোন কাজ না করেও, সাধারণ মানুষের চিরদিনের সাথী হয়েও, উক্ত সম্মেলনে দলের নেতা নির্বাচিত হওয়া সত্বেও যুক্তফ্রন্টের সাথে বসার সুযোগ থেকে বঞ্চিত। সার্থক সুধীন কুমার "তুমি মহারাজ সাধু হলে আজ, আমি আজ চোর বটে" দেশের মানুষ আমাদের চেনেন, ইতিহাস আমাদের বিচারক।

কোথায় বসলাম সেটা বড় কথা নয়। বড় কথা হোল, কোথায় চলেছি সামনে না পিছনে। যেখানেই বসি, আমরা যুক্তফ্রন্টকে সমর্থন করে চলবো এবং যতদিন ৩২ দফা কর্মসূচী রূপায়নে সংগ্রাম করে চলবে ততদিন এর সাথে থাকবো। যুক্তফ্রন্টকে আমরা সংগ্রামের হাতিয়ার বলে মনে করি। নির্ঝঞ্ঝাটে মন্ত্রীত্বের হাতিয়ার নয়। নিবেদন ইতি

ভবদীয়

১। অনাদি দাস, এম, এল, এ

২। এম, মকসেদ আলী, এম, এল, এ

তাঁরিখ—
৩-৭-৬৯

[2-10—2-20 p.m.]

## LEGISLATION

### The West Bengal Panchayat (Amendment) Bill, 1969.

**Shri Ramkrishna Saraogi:**

माननीय स्पीकर महोदय, पंचायत मंत्री ने जो बील कल इस सदन में रखा है, उसके अन्तर्गत उन्होंने ग्राम या अंचल पंचायत को २ वर्ष के स्थान पर ४ वर्ष तक सुपरसीड करने का अधिकार मांगा है। सुपरसेशन का अधिकार वहां मिलता है, जहां पर किसी प्रकार की अव्यवस्था हो और सुपरसेशन के द्वारा अव्यवस्था को मिटाया जा सके तथा इस सिलसिले में अन्य आवश्यक कार्यवाई आरम्भ की जाय।

लेकिन हम देखते है कि इस बील के माध्यम से हमारे पंचायत मंत्री जो फण्डामेन्टल राइट्स बुनियादी हक, हमारे कान्स्टिटयूशन आफ इण्डिया के अन्तर्गत दिया गया है, उसे मिटाने की चेष्टा कर रहे है। कांस्टिटयूशन आफ इण्डिया के आर्टिकिल ४० के अन्तर्गत यह स्पष्ट लिखा है कि—The State shall take steps to organise village panchayat and endow them with such powers and authority as may be necessary to enable them to function as units of Self-Government.

मैं सदन का ध्यान इस वाक्य पर विशेषतया आकर्षित करना चाहूँगा—"To enable them to function." संविधान कहता है कि स्टेट ग्राम पञ्चायत को ऐसे अधिकार देवे जिससे वह स्वायत्त शासन—सत्ता के रूप में काम कर सके लेकिन अधिकार देने के वजाय जो अधिकार दिए गए हैं, उन अधिकारों को मिटाने के लिए यहां पर यह बील प्रस्तावित है। इसलिए हम कह सकते है कि जो बील माननीय मन्त्री ने इस सदन में रखा है वह बील भारतीय संविधान का उल्लंघन है।

*हमारे देश की आत्मा गाँवों के भीतर रहती है। इस देश की ७५-८० प्रतिशत आबादी गाँवों में निवास करती है। और इसके साथही जो लोग गाँवों में रहते हैं, उन लोगों की दैनिक आमदनी—लोकसभा के एक सम्मानीय सदस्य तथा समाजवादी नेता स्वर्गीय डा० राम* मनोहर लोहिया के अनुसार केवल दो आना मात्र है। कलकत्ता, बम्बई या दिल्ली में बैठकर उनकी माली हालत में सुधार नहीं किया जा सकता। इसके लिए गाँवों की ओर जाना पड़ेगा और वहाँ ग्राम पंचायत के माध्यम से उनकी सर्वाङ्गीन उन्नति की व्यवस्था करनी होगी। संविधान में ग्राम पंचायत के उल्लेख का यही आशय है।

लेकिन हमने देखा कि मंत्री महोदय ने जो कदम उठाया है, वह कदम ग्रामवासियों की सर्वाङ्गीन उन्नति के लिए नही है, वह कदम तो उनके प्राप्त अधिकारों को मिटाने के लिए है। एक तरफ तो संयुक्त मोर्चा कहता है कि लाल फीताशाही को खत्म करना होगा और दूसरी तरफ ग्राम पञ्चायत सम्बन्धी आर्डिनेन्स बनाकर लाल फीताशाही—रेड टेपिज्म को आगे बढ़ाया जा रहा है। इसलिए माननीय स्पीकर महोदय, मैं आपके माध्यम के द्वारा इस प्रकार के बील का कड़ा विरोध करता हूँ।

अभी हमारे कुछ माननीय सदस्यों ने कहा और कल भी हमने सुना कि पंचायत राज्य के बारे में कांग्रेस ने कुछ नही किया। यह उनकी अपनी राय हो सकती है। मैं इन बातों में नहीं जाना चाहता कि कांग्रेस ने क्या क्या किया और क्या क्या नही किया है। लेकिन एक बात मैं सरकारी बेन्चों के सदस्यों से और पंचायत मंत्री महोदय से पूछूँगा कि एक तरफ तो आप कहते है कि कांग्रेस ने कुछ नहीं किया—हो सकता है कांग्रेस ने कुछ किया हो या न किया हो, लेकिन आज इस प्रकार का जो बील यहाँ रखा गया है, उससे क्या पंचायत राज्य की स्थापना और गरीब ग्रामवासियों का कल्याण हो सकेगा? क्या सुपरसेशन के अधिकार को दो वर्ष के बदले में चार वर्ष बढ़ाकर आप समझते है, पश्चिम बंगाल के गाँवों के भीतर पंचायत राज्य जिन्दा रह सकेगा? मैं समझता हूँ कि आप पंचायती राज्य की स्थापना की ओर कदम नहीं बढ़ा रहे है, बल्कि राजनैतिक उद्देश्य की पूर्ति के लिए इस प्रकार का कदम उठा रहे हैं। साफ शब्दों में यह पञ्चायती राज्य की हत्या है।

मैं आपको कह देना चाहता हूँ कि आप चाहे भले ही इस प्रकार के बील के विरोध का मजाक उड़ावें, लेकिन एक दिन ऐसा आयेगा जब आपके द्वारा लाया गया बील आपके लिए ही घातक होगा। और जनता आपसे इसकी कैफियत मागेगी। सरकारी बेञ्च सदा चिन्तित रहती है कि हमारे संविधान में राष्ट्रपति शासन प्रणाली का जो विधान है, उसे कैसे खत्म किया जाय। अभी पिछले दिनों जब पश्चिम बगाल में राष्ट्रपति शासन लागू था और उसकी मियाद ६ महीने रखी गई थी, मिस्टर स्पीकर सर, वह मियाद ६ महीने के लिए और बढ़ाई गई थी। तब आप जानते है सारे बंगाल से हमारे उन सरकारी बेञ्च पर बैठनेवाले दोस्तो की ओर से एक ही आवाज उठी थी कि राष्ट्रपति शासन की मियाद न बढ़ाई जाय। आप एक तरफ राष्ट्रपति शासन बढ़ाने का विरोध करते है और दूसरी तरफ ग्राम पंचायत तथा अंचल पंचायत को सुपरसीड रखने के लिए १ वर्ष के स्थान पर दो वर्ष और उसके बाद अतिरिक्त एक्स-टेन्सन २ वर्ष के लिए करना चाहते है, यह आपका कैसा चरित्र है? कैसा प्रजातन्त्र आप चाहते है? क्या यही आपकी ईमानदारी और नेकनियती है? इसलिए माननीय स्पीकर महोदय, मै इस बील का विरोध करता हूँ और आप से अर्ज करूंगा कि आप माननीय मिनिस्टर साहबा मे कहें कि वे आपने बील पर पुनः विचार करें।

**শ্রীব্রজগোপাল নিয়োগী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত মন্ত্রী মহাশয় যে পঞ্চায়েত অ্যামেন্ডমেন্ট বিল এখানে এনেছেন আমি তাকে সমর্থন করতে গিয়ে ২-৪টা কথা বলতে চাই। গতকাল মাননীয় বিরোধী সদস্যরা এই বিলের সমালোচনা করেছেন এবং করতে গিয়ে বলেছেন গণতন্ত্রের বিকেন্দ্রীকরণ, পঞ্চায়েত রাজ এবং সর্বশেষে মন্ত্রিমহাশয় যে রূপরেখা প্রচার করেছিলেন বিধানসভার সদস্যদের কাছে তার সমালোচনা করেছেন কিন্তু ঘটনা হচ্ছে এই যে ১৯৪৭ সালে দেশ স্বাধীন হলেও বাংলাদেশে পঞ্চায়েত প্রবর্তন করার ব্যাপারে সব থেকে বেশী দেরী হয়েছে। সারা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে যেদিন পঞ্চায়েত প্রবর্তন হয়েছিল তার ১২ বছর পরে ১৯৪৭

সাল থেকে ১২ বছর পরে ১৯৫৯ সালে পঞ্চায়েত নির্বাচন হয়েছিল বাংলাদেশে। তাদের ঐ পঞ্চায়েত সম্পর্কে সিদ্ধান্ত নিতে আলোচনা করতে ১২ বছর সময় গিয়েছিল এবং শুধু তাই নয় ১৯৫৯ সালে যে পঞ্চায়েত নির্বাচন হয়েছিল বাংলাদেশে প্রথম তারপর আজও নূতন করে আর নির্বাচন হয় নি ১০ বছর পরেও এটাই আমাদের অভিজ্ঞতা এবং ১৯৫৯ সালে আমি প্রধান নির্বাচিত হয়েছিলাম এবং আজকে বিধানসভায় নির্বাচিত হয়ে আসার দিন পর্যন্ত আমি প্রধান ছিলাম। ৪ বছর অন্তর নির্বাচনের কথা আছে পঞ্চায়েত আইনে, কিন্তু ১০ বছর হয়ে গেল তাঁরা নির্বাচন করলেন না এবং তাঁরা বিভিন্ন রকম কারণ দেখিয়ে কোন সময় পাকিস্তানের যুদ্ধ, কোন সময়ে চীনের যুদ্ধ, কোন সময়ে সাধারণ নির্বাচন এইরকম বিভিন্ন কারণ দেখিয়ে নির্বাচন পিছিয়ে দিচ্ছেন।

[2-20—2-30 p.m.]

এমন কি বাই ইলেকশন পর্যন্ত করেন নি। অন্য দিকে এঁরা বলছেন যে, এই দু বছর সময় নাকি বিরাট বড় সময়। নূতন আইন করার ক্ষেত্রে বা সুপারসিড করার ক্ষেত্রে অনেক বেশী সময়। এখানে একটা ঘটনা রাখতে চাই। হুগলী জেলার সদর মহকুমার প্রায় ৬-৭টা থানার মধ্যে একটি মাত্র বিরোধী অঞ্চল ছিল। সেটা হচ্ছে আমার এলাকার আমনান। কংগ্রেসী আমলে জোর করে এই পঞ্চায়েতটি সুপারিসিড করা হয়। এক বছরের জন্য সুপারসিড করার পর নির্বাচন করতে গিয়ে ২ বছর সময় লেগেছিল। সেজন্য আমাদের অভিজ্ঞতা হচ্ছে এই যে সুপারসিড করলে পর দুর্নীতির বিরুদ্ধে বা অন্য যে কোন অভিযোগ থাক না কেন সেখানে নির্বাচন করতে গেলে ২ বছর সময় লাগে। ২ বছর সময় এমন কিছু সেখানে বড় সময় নয়। যাঁরা আজ গণ-তন্ত্রের কথা বলছেন। প্রাপ্তবয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচনের কথা বলছেন তাঁরা ভুলে গেছেন যে, কারা নির্বাচিত করেছিল ঐ অঞ্চল প্রধান, অঞ্চল পঞ্চায়েতের সভ্যদের? আইনে ন্যায় পঞ্চায়েতের ধারা আছে কিন্তু আজ পর্যন্ত বাংলাদেশে ন্যায় পঞ্চায়েত গঠিত হল না। ইউনিয়ন বোর্ড আমলে যেখানে বেঞ্চ কোর্ট ছিল—সেখানে সুনামের সঙ্গে বিচার হোত, আজ সেসব বন্ধ করে দেওয়া হয়েছে। আজ কোন বিচার বিভাগ নেই, অথচ ন্যায় পঞ্চায়েত গঠিত হয় নি। এর ফলে সেখানকার মোড়লদের ডিউটি হচ্ছে মামলার দালালী করার অন্য দিকে আমরা দেখছি পঞ্চায়েত আইনে যে গ্রাম পঞ্চায়েত গঠিত হয়েছে সেই গ্রাম পঞ্চায়েতের অনেক কিছু করার কথা আছে। রাজ্য সরকারের যা কিছু কাজ প্রায় সমস্ত কাজ এদের দেওয়া হয়েছে কিন্তু সেইসব কাজ করতে গেলে যে টাকার উৎস দরকার সেসব বন্ধ করে দেওয়া হয়েছে যার ফলে সমস্ত গ্রাম পঞ্চায়েতগুলি আজ নিষ্ক্রিয়। অঞ্চল প্রধানরা সব দুর্নীতির দায়ে অভিযুক্ত। কংগ্রেসী আমলে এঁরা সব তদবীর করে বেচে ছিলেন। আমার এলাকায় মহানাদ অঞ্চলের অঞ্চল প্রধান দুর্নীতির দায়ে অভিযুক্ত হয়েছিলেন। তিনি ট্যাক্সের বোঝা জনসাধারণের উপর চাপাতে তাদের আপত্তির ফলে বি ডি ও, এস ডি ও সেখানে যান এনকোয়ারী করতে। সেখানে ১০ বছরের মধ্যে তৈরী নূতন ইউনিয়ন বোর্ড অফিস, পঞ্চায়েতের ডিসপেনসারী বিল্ডিং পাকা বিল্ডিং ভেঙ্গে চুরমার হয়েছে। ফলে ভাড়া নিয়ে অফিস ও ডিসপেনসারী চালাতে হচ্ছে এবং অঞ্চল পঞ্চায়েতের তহবিলের ১২ হাজার টাকা নিজের হাতে রেখে নিজ ব্যবসায় খাটিয়েছেন। শেষ পর্যন্ত তিনি পদত্যাগ করেছেন। এইভাবে যদি প্রত্যেকটি এলাকার তদন্ত করা যায় তাহলে দেখা যাবে সেখানে পঞ্চায়েত আইন ভঙ্গ করে দুর্নীতি চলছে। সেজন্য আজ তাঁরা নির্বাচনে ভয় খাচ্ছেন এবং তাই তাঁরা বলছেন যে, এই বিলের খসড়া প্রচার করতে হবে ও আরও সময় চাই। অর্থাৎ প্রাপ্তবয়স্ক ভোটাধিকার ভিত্তিতে যদি নির্বাচন হয় তাহলে মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে যেমন হয়েছে তেমনি অঞ্চল পঞ্চায়েত জেলা পরিষদের ক্ষেত্রেও তাই হবে। গণতন্ত্রের মর্যাদা জন-সাধারণ দেবে। বাংলাদেশে মিউনিসিপ্যালিটি নির্বাচনে যে ফল হয়েছে আগামী দিনে পঞ্চায়েতের নির্বাচনে বাংলাদেশের গ্রামাঞ্চলের সেই ফল হবে। অর্থাৎ কংগ্রেসের শোচনীয় পরাজয় হবে এবং সেজন্য প্রাপ্তবয়স্ক ভোটাধিকার ভিত্তিতে সমস্ত নির্বাচন তাঁরা চাচ্ছেন না।

**শ্রীখান নাসিরুদ্দিন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত বিলের সপক্ষে এবং বিপক্ষে আমার যে বক্তব্য আছে আমি সেটা বলছি। আমি নিজে সুদীর্ঘকাল থেকে অর্থাৎ ১৯৫২ সাল থেকে

প্রেসিডেন্ট এবং অঞ্চল প্রধান আছি। কাজেই এ সম্পর্কে মোটামুটি অভিজ্ঞতা আছে। গান্ধীজীর আদর্শ প্রতিষ্ঠা করবার জন্য বিকেন্দ্রীকরণ করা হয়েছে অর্থাৎ পাওয়ার ডিসেন্ট্রালাইজ করা হয়েছে এবং প্রতিটি গ্রামাঞ্চল থেকে শতকরা একজন সদস্য করা হয়েছে। এতে আমরা দেখছি লিটিগেসনটা বেড়েই গেছে কমেনি। স্যার, আমরা দেখছি ৩ বা ৪ স্তরে ইউনিয়ন বোর্ডকে তিন ভাগে ভাগ করে প্রতি অংশ হতে তিন বা চারজন করে সদস্য নির্বাচিত করে মোট ৯ জন সদস্য হতেন এবং সেই ৯ জন সদস্য দ্বারা ইউনিয়ন বোর্ডের সুষ্ঠুভাবে কাজ চলত। কিন্তু এখন দেখা যাচ্ছে মারামারি, দলাদলি বেশী করে হচ্ছে। পাওয়ার ডিসেন্ট্রালাইজের ভাল উদ্দেশ্য ছিল কিন্তু সেটা সময় উপযোগী ব্যবহার করা হয় নি, প্রয়োগ করা হয় নি। মানুষ নিজের হাতে শাসন ক্ষমতা নিক এটা ভাল কথা। কিন্তু সেই শাসন ক্ষমতা চালাবার মত বুদ্ধি বিবেচনা যতক্ষণ পর্যন্ত না হয় ততক্ষণ পর্যন্ত তাদের হাতে শাসন ক্ষমতা তুলে দেওয়া উচিত নয়। স্যার, একটা জিনিস আমরা দেখছি যে, যখনকার সরকার যেটা করবেন পরবর্তী সরকার এসে সেটা ভেঙ্গে চুরমার করে দেবেন। সেটা ভালই হোক আর মন্দই হোক। ব্রিটিশ আমলে যা ছিল পরবর্তী সরকার এসে সেটা ভেঙ্গে অন্য রকম করলেন। আমরা দেখছি কোন কোন জায়গায় ইউনিয়ন বোর্ডকে ভেঙ্গে অঞ্চল পঞ্চায়েত করা হয়েছে এবং বলা হয়েছে এতে মানুষের সুযোগ সুবিধা হবে এবং প্রতিটি মানুষ কেন্দ্রে গিয়ে সহযোগিতা করতে পারবে। কিন্তু এক একটা ইউনিয়নের দূরত্ব যখন তিন থেকে সাড়ে তিন মাইল, তখন এটা কি করে সম্ভবপর হতে পারে? ছোট ছোট আকারে মানুষকে সুবিধা দিতে হবে এগুলি সব কন্ট্রাডিকটারি কথা। কোথাও আবার দেখছি ২৫ হাজারের উপর করা হবে যেটা প্রতিটি গ্রামে করা সম্ভবপর নয়। তারপর আবার দেখছি কমান হোল অর্থাৎ একই পঞ্চায়েতের ভিতর দুরকম কথা। আমি অনুরোধ করছি আপনরা এগুলো বিবেচনা করুন এবং আমি আমার প্র্যাকটিক্যাল এক্সপেরিয়েন্স থেকে বলছি আপনাদের এগুলো চিন্তা করবার প্রশ্ন আছে। বিরোধী পক্ষের ডেপুটি লিডার মাননীয় সত্তার সাহেব বলেছেন যে এত সদস্য হবে যে এই অ্যাসেম্বলী হাউসের মত হাউসের প্রয়োজন হবে। এ'দের একজন সদস্য বললেন দরকার হলে আমরা মাঠে গিয়ে সভা করব। সত্যি সত্যিই কি গড়ের মাঠে বসে পরিষদ চালাতে পারবেন? একথা কি ফ্রন্টের লোকেরা চিন্তা করেছেন? গ্রামের লোকেরা হয়ত মাঠে বসে চালাতে পারবে। আমার প্রশ্ন হচ্ছে এই যে ৪০০-৫০০ সদস্য হবে তাঁদের দিয়ে সুষ্ঠুভাবে কাজ চলবে তো? আমি মনে করি পুরান কাঠামোতেই ফিরে আসা উচিত এবং ইউনিয়ন বোর্ড সিস্টেম করা উচিত। সেই কাঠামো যদি হয় তাহলে অ্যাসেম্বলীর কনস্টিটিউয়েন্সী আরও ছোট আকারে করতে হবে। স্যার, কোলকাতার সঙ্গে পাড়াগাঁয়ের তুলনা যদি করি তাহলে দেখব সেখানে যোগাযোগের প্রশ্ন কঠিন।

[2-30—2-40 p.m.]

**শ্রীমৃত্যুঞ্জয় মণ্ডল:** শ্রদ্ধেয় সভাপতি মহাশয়, আজকে আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় যে পঞ্চায়েত বিল এনেছেন, আমি তা পূর্ণ সমর্থন করি। আজ আমরা দেখতে পাচ্ছি বিরোধী পক্ষের সদস্যরা এই পঞ্চায়েত বিলে আতঙ্কিত হয়ে পড়েছেন। কিন্তু স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে তাঁদের একথা জানিয়ে দিতে চাই তাঁরা যেভাবে পঞ্চায়েত আইন করেছিলেন, পঞ্চায়েত সংগঠন করেছিলেন, সেই সংগঠনের মূল চিন্তাধারা এসেছিল তাঁদের নেতা মহাত্মা গান্ধী চেয়েছিলেন গ্রামকে কেন্দ্র করে দেশের শাসন ব্যবস্থা গড়ে তুলতে হবে, গণতন্ত্রকে ছড়িয়ে দিতে হবে গ্রাম থেকে গ্রামান্তরে, সাধারণ মানুষের কাছে গণতন্ত্রকে পেঁৗছে দিতে হবে। কিন্তু গান্ধীজী একথা জানতেন না যে তাঁর পাশে যে অনুচরগোষ্ঠী রয়েছে তাঁরা আপন আপন স্বার্থ চিন্তায় মগ্ন হয়ে আছে। তাই দীর্ঘ ২০ বছর ধরে আমরা দেখেছি কংগ্রেস যে সমস্ত আইন প্রণয়ন করেছে, কংগ্রেস যে সমস্ত ব্যবস্থাপনার মাধ্যমে সাধারণ মানুষের উপকার করতে চেয়েছে, ঠিক তাদের আইন ও ব্যবস্থাপনার মধ্যে এমন কতকগুলি চোরাপথ আছে যে চোরা পথের মধ্য দিয়ে, তাঁরা নিজেরা আপন আপন স্বার্থকে পুষিয়ে নিতে পারে।

দ্বিতীয়তঃ, আমরা দেখেছি দীর্ঘ ২০ বছর ধরে ও'রা বিরোধী পক্ষের বন্ধুরা যে সমস্ত পরিকল্পনা করেছিলেন, সেই বিরাট বিরাট পরিকল্পনার অবয়ব নীল আকাশের অনেক দূর পর্যন্ত উঠে গিয়েছে কিন্তু একটা পরিকল্পনায় পা-ও মাটিতে ঠেকে নি। প্রত্যেকটি পরিকল্পনার

ফলশ্রুতি হিসাবে আমরা দেখছি মুষ্টিমেয় কতকগুলি লোক তাদের স্বার্থকে পুষিয়ে নিচ্ছে। গ্রামের মানুষ মাঠের মানুষ, কলকারখানার স্বল্প আয়ের শ্রমজীবী মানুষের কোন উপকার হয় নি। আমি এই প্রসঙ্গে একটি গল্পের কথা বলি, নাবিক অন্ধকারে নৌকা চালায় কিন্তু নোঙ্গর তুলতে ভুলে যায়। বিরোধী পক্ষের সদস্য বন্ধুরাও সেই অন্ধকারে নাবিকের মত, তাঁরা সারা রাত ধরে হাল চালিয়েছেন কিন্তু নৌকার নোঙ্গর তুলতে ভুলে গেছেন। তাঁরা সাধারণ মানুষকে বিভ্রান্ত করেছেন, তাঁরা বাংলা দেশের মানুষকে অনেক প্ররোচনা দিয়েছেন, তাদের সমাজতন্ত্রের বুলি শিখিয়েছেন, তাদের বলেছেন সাধারণ মানুষের স্বার্থই আমাদের একমাত্র চিন্তাধারা কিন্তু আমরা দেখতে পাচ্ছি সারা রাত হাল চালিয়েও তারা এক জায়গায়ই দাঁড়িয়ে আছেন। এইভাবে আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা বাংলাদেশের মানুষের সামনে নিদর্শন তুলে ধরেছেন, কিন্তু বিশ্বাসঘাতকতার ইতিহাস হচ্ছে এই পঞ্চায়েত আইন তাদের তৈরী করা, এটা তাঁদের ষড়যন্ত্রের একটা নিদর্শন। গ্রাম পঞ্চায়েত গঠন করেছিলেন প্রত্যেক ভোটের মাধ্যমে কিন্তু গ্রাম পঞ্চায়েতের পরের স্তরগুলিতে কোন প্রত্যক্ষ ভোটের সুযোগ ছিল না। সেখানে সাধারণ মানুষের ইচ্ছা অনিচ্ছা প্রকাশের সুযোগ নাই। আমাদের মন্ত্রিমহাশয় নূতন পঞ্চায়েত ব্যবস্থার রূপরেখা দিয়ে আমাদের সব বন্ধুদের এবং বিরোধী পক্ষের প্রত্যেককে জানিয়ে দিয়েছেন, এটা সত্যই একটা আদর্শ পঞ্চায়েত ব্যবস্থা। অর্থাৎ মহাত্মা গান্ধী যেটা চেয়েছিলেন গণতান্ত্রিক চেতনা সাধারণ মানুষের মধ্যে ছড়িয়ে দিতে হবে, গ্রামের মানুষ মাঠের মজুর এদের কাছে ছড়িয়ে দিতে হবে, এটা বাস্তবে হয় নি, কিন্তু এই সরকার নূতন পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে সেটা গ্রহণ করতে পেরেছেন। আমরা বেশী সময় চাই নি, মাত্র ৩।৪ বৎসর সময়, এতে আতঙ্কিত হবার প্রশ্ন নয়, সমস্ত জনতা জেগে উঠেছে এতে ওদের সমস্ত অস্তিত্ব নিঃশেষ হয়ে যাবে। আমি এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Bibhuti Bhusan Das Gupta that the West Bengal Panchayat (Amendment) Bill, 1969, be taken into consideration was then put and agreed to.

Clause 1.

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2.

**Mr. Speaker:** There are 4 amendments to clause 2 of which amendments No. 1 and 3 are out of order. The rest are in order.

**Dr. Nalinaksha Sanyal:**

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলের মধ্যে ক্লজ টু যেটা আছে সেটা আদৌ গ্রহণযোগ্য নয় বলে আমি এটার পুরোপুরি প্রতিবাদ ও বিরোধিতা করছি এবং সেটা গ্রহণযোগ্য নয় বলে এই অ্যাসেমব্লী যাতে সেটা গ্রহণ না করেন তার জন্য অনুরোধ করছি। আমি এটাকে একটু সংশোধন দিয়ে গ্রহণযোগ্য করবার চেষ্টা করেছিলাম, কিন্তু আপনার আদেশে যখন সেই অ্যামেন্ডমেন্ট আপনি মুভ করতে দিলেন না, তখন তার টোটাল রিজেকশন ছাড়া আর কোন উপায় নাই, এবং এর উপর এখন কিছু বক্তব্য পেশ করছি।

পঞ্চায়েত আইনের ৬৭ ধারায় লেখা রয়েছে—যদি স্টেট গভর্নমেন্ট স্যাটিসফায়েড হন

on the report of the prescribed authority that an Anchal Panchayat or a Gram Panchayat is not competent to perform or is persistently making default in performing duties imposed on it by or under any law or is exceeding or abusing its power, it may by notification direct...........

দুটি অলটারনেটিভ ডাইরেক্ট করবার ব্যবস্থা ছিল—

*সেখানে দ্বটি অলটারনেটিভ দেওয়া ছিল একটা অলটারনেটিভ হচ্ছে গ্রাম পঞ্চায়েত এব অঞ্চল পঞ্চায়েত অ্যাজ দি কেস মে বি।*

*দ্বিতীয় অলটারনেটিভ হচ্ছে গ্রাম পঞ্চায়েত এবং অঞ্চল পঞ্চায়েত বি রিকনস্টিটিউটেড অল্টারনেটিভটা কি?*

that the Gram Panchayat or the Anchal Panchayat be superseded for a specified period of not exceeding one year...............

এই স্পিরিটটা দেখুন—জনসাধারণের প্রতিনিধিত্বমূলক যে প্রতিষ্ঠান গ্রাম পঞ্চায়েত ও অঞ্চল পঞ্চায়েত সেগুলি যাতে কাজ করে এবং জনপ্রতিনিধিদের উপর নির্ভর করে গ্রামের কাজকর্ম পরিচালিত হয়, সেই উদ্দেশ্য ও আদর্শ নিয়ে আইনটা করা হয়েছে।

কিন্তু বর্তমানে মন্ত্রিমহাশয় যে অ্যামেন্ডমেন্ট আমাদের সামনে এনেছেন বিল মারফত তার দ্বিতীয় পর্যায়টাকে অর্থাৎ সুপারসেসানটাকে তিনি বড় করে দেখিয়েছেন এবং সুপারসেসান করে অবস্থা আরো বাড়িয়ে দীর্ঘতর করার জন্য আমাদের কাছে অনুরোধ জানিয়েছেন। স্যার, আমি কালকেও বলেছি, আজকে আবার সেটা রিপিট না করে এই ক্লজটাকে অপোজ করার জন্য উঠেছি। এই ক্লজ গণতন্ত্র বিরোধী এবং এতে আমরা যে বিকেন্দ্রীত জনসাধারণের নির্বাচিত সদস্যদের নিয়ে গ্রামসভা, গ্রামের পঞ্চায়েত এবং অঞ্চল পঞ্চায়েতের পরিকল্পনা করেছিলাম তার মূলে কুঠারাঘাত করা হচ্ছে। সেইজন্য আমি টোটাল রিজেকসান অব দিস ক্লজ অর্থাৎ আমি এই ক্লজটাকে গ্রহণ না করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রীআবদুস সাত্তার:** মাননীয় স্পীকার মহাশয়, এই ক্লজ ২-এর উপর আমার দুটি অ্যামেন্ডমেন্ট আছে। একটা "ক্লজ টু বি অমিটেড" আর একটা হচ্ছে "টু ইয়ার্সের" জায়গায় "৬ মাস"। আমি যেটা আমার পরের অ্যামেন্ডমেন্ট সেটা উইথড্র করছি। এই যে বিল আনা হয়েছে আমরা আগেও শুনেছি এখনও শুনছি যে পঞ্চায়েতের ব্যাপারে একটা কমপ্রিহেনসিভ বিল আসবে এবং এই সেসানেই আসবে। যখন এই সেসানেই আসার কথা এবং মন্ত্রিমহাশয় যখন ৬৭ সাল থেকে এই পুনর্গঠন রূপরেখাব কথা চিন্তা করে আসছেন তখন যে সমস্ত গ্রাম পঞ্চায়েত এবং অঞ্চল পঞ্চায়েত সুপারসিডেড হয়ে আছে সেগুলির এভাবে মেয়াদ বৃদ্ধি করার কোন কারণ নেই। যেগুলি সুপারসিডেড হয়েছে—এগুলি প্রতিনিধিত্বমূলক প্রতিষ্ঠান, ভোটে হয়, সেগুলিতে যদি একটি করে ব্যক্তিকে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয় এবং সে যদি যা ইচ্ছা তাই করে তাহলে আমার মনে হয় গণতন্ত্রবিরোধী কাজ করা হবে। আগে যে এক বছর দেওয়া ছিল —হয় এক বছর সুপারসিডেড কিম্বা তার পুনর্গঠন আমার মনে হয় সাফিসিয়েন্ট ফর দি পারপাস। সেই এক বছরের জায়গায় দু বছব করাটা বাঞ্ছনীয় হবে না। তাই আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে আপনি যদি সত্যিকারের গণতন্ত্রে বিশ্বাস করেন এবং যদি এই সেসানেই এই বিলটা আনতে চান তাহলে যে সমস্ত গ্রাম পঞ্চায়েত, অঞ্চল পঞ্চায়েত সুপারসিডেড হয়ে আছে তাদের আর মেয়াদ বৃদ্ধি না করে ঐ আপনার পার্টির হাতে বা আমাদের হাতে না রেখে তাড়াতাড়ি বিল এনে যাতে নির্বাচন হয় তার ব্যবস্থা করুন। সরকার পক্ষের মাননীয় সভারা বলছেন যে আমরা নাকি নির্বাচন চাচ্ছি না। আমরা নির্বাচন চাচ্ছি না বলছি না, এখনই নির্বাচন চাচ্ছি, নির্বাচন দেরি করে করবেন বলে ঐ সুপারসেসান ২ বছর ৪ বছর বাড়িয়ে দিচ্ছেন। এটা যাতে না বাড়ে সেই হিসাবে আগে সেকসান ৬৭ যে এক বছর ছিল সেখানে ২ বছর করছেন, আমি আপনাকে বলছি এই ক্লজ যা রেখেছেন এই ক্লজ বি অমিটেড, এই লিস্ট যখন আপনার মনে আছে যে এই সেসানেই বিল আসবে।

**মিঃ স্পীকার:** এই ক্লজটা অমিট করা যায় না, এটা আউট অফ অর্ডার হয়ে যাবে।

**শ্রীআবদুস সাত্তার:** যে ফর্ম সাপ্লাই করা হয়েছে তাতে বলা হয়েছে ক্লজ বি অমিটেড। এটা ছাপা আছে, যে ফর্ম সাপ্লাই দেওয়া হয়েছে সেটা দেখুন। তা না হলে ফর্মটা ডিফেকটিভ।

[2-40—2-50 p.m.]

**Shri Muhammed Khuda Buksh:** Mr. Speaker, Sir,

(এ ভয়েস—'বাংলায় বলুন')

Sir, yesterday I enlightened the House by speaking in Bengali. But today I do not propose to do so. I would rather speak in English because I am speaking on a Bill which has necessarily certain legal connotations and therefore, Sir, I think it should be preferable for me to address this House in the language of my choice.

**Mr. Speaker:**

ঠিক আছে আপনি তাই বলুন, কিন্তু তাড়াতাড়ি করুন।

**Shri Muhammed Khuda Buksh:** Sir, I beg to move that in clause 2, line 3, for the words "two years" the words "one year and six months" be substituted.

Sir, you will notice that this is just to emphasise the fact that has been emphasised by all honourable members from this side that there will be no delay in introducing the legislation that is sought to be introduced, which will be comprehensive and shall embrace all aspects and facts and shall also record the advances that the people of West Bengal have made in democratic decentralisation. Sir, you will notice that this is just a token amendment. They have sought two years. I have tried to shorten the period by only six months. It is immaterial, Sir, whether they take two years or they finish work by one year and six months and since the Hon'ble Minister wants to introduce the Bill in the current session, there will be no objection on the part of the Government to accept my amendment. Sir, I have spoken exhaustively yesterday about what I feel about the Bill and therefore, Sir, I commend this amendment so that the Government can establish its bona fides to this House.

Thank you, Sir.

[2-50—3 p.m.]

**শ্রীবিভূতিভূষণ দাশগুপ্তঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে যেসমস্ত সংবিধান পণ্ডিতদের পাণ্ডিত্য দেখলাম, শুনলাম, তাতে আমি বিশেষ কিছু আর বলার মত উৎসাহ পাচ্ছি না। তার কারণ হচ্ছে এই যে অ্যামেন্ডমেন্ট বিলটা—অর্ডিন্যান্স বিল যা আনা হল, সেটা সামান্য এবং অত্যন্ত আনইম্পর্ট্যান্ট জিনিস। ও'রা কেউ এটা হয় পড়েন নি, না হয় বোঝেন না, না হয় বুঝে এটার অপপ্রচার করেছেন। তার কারণ, এখানে যেসমস্ত কথা আনা হয়েছে, অনেক বড় বড় কথা আনা হয়েছে, কনস্টিটিউশন, ডেমোক্রাসি, ফান্ডামেন্টাল রাইটস ইত্যাদি।

আমি আগে এটার একটু পরিচয় দিয়ে নিই যে ব্যাপারটা কি। অ্যামেন্ডমেন্টটির উত্তর দেবার দরকার ছিল না কিন্তু যে সব পাণ্ডিত্ব দেখছি তাতে এটা দেবার দরকার হয়ে পড়েছে। বিলটা হচ্ছে এই

**in clause (b) of section 6 of the West Bengal Panchayat Act, 1957, hereinafter referred to as the said Act, for the words "one year" the words "two years" shall be substituted.**

আর একটা হচ্ছে

in clause (1) of sub-section (3) of section 68 of the said Act, for the words "one year", the words "two years" shall be substituted.

আমি সদস্যগণের অবগতির জন্য একটু বলে নিই যে কংগ্রেস সরকারের আমলে কতকগুলো পঞ্চায়েত সুপারসিডেড করা হয়েছিল, আমাদের সময় নয়। এখন পঞ্চায়েত যদি সুপারসিডেড করা হয় তাহলে তার কতকগুলো কারণ নিহিত থাকবে। পঞ্চায়েতগুলো যদি অপকর্ম করে, বিধান অনুযায়ী কাজ না করে তাহলে সুপারসিডেড করা হয়। এ'রা কতকগুলো পঞ্চায়েত সুপারসিডেড করেছিলেন। এখন সেই পঞ্চায়েতগুলো যেগুলো সুপারসিডেড করা হয় সেগুলো সম্বন্ধে আইনে বলা হয়েছে

that the Gram Panchayat or the Anchal Panchayat as the case may be, be superseded for a specified period not exceeding one year.

এ'রা এক বছরের জন্য সেইগুলোকে সুপারসিড করে গেছেন এবং অ্যাডমিনিস্ট্রেটর বসিয়ে গোটা কয়েক পঞ্চায়েতে। তারপর আর একটা সেকশনে বলা হয়েছে যেটা ওরাই করেছেন যে এক বছর পরে

on the expiration of the period of supersession specified in the notification the State government may extend the period of supersession for such further term not exceeding one year as it may be considered necessary.

এখন কথা হচ্ছে এই যে বিষয়টা যে সব পঞ্চায়েতগুলোকে এ'রা সুপারসিড করে গেলেন অঞ্চল পঞ্চায়েত। সেই সব সুপারসিডেড পঞ্চায়েতগুলো সেইগুলো সময় পেরিয়ে যাচ্ছে, আমরা সেইগুলো নির্বাচনের জন্য বাড়িয়ে এক সঙ্গে নির্বাচন করা যাবে, এই তো ব্যাপারটা। কয়েকটা অঞ্চল পঞ্চায়েতের ব্যাপার। এক বছরের জায়গায় আমরা দু বছর বাড়িয়ে দিলাম নির্বাচনের জন্য। নির্বাচনের পরিপ্রেক্ষিতে কেন বাড়ানো হলো তার কারণ হচ্ছে যাঁরা পঞ্চায়েত আইনটাকে জানেন তাঁরা ভাল করে জানেন যে গ্রাম পঞ্চায়েতগুলোর যে অধ্যক্ষ সেই অধ্যক্ষ হচ্ছে

ex-official member of the Anchal Panchayat

আর অঞ্চল পঞ্চায়েতের জন্য একজন মেম্বার নির্বাচন করা হবে কাদের দ্বারা, গ্রাম পঞ্চায়েতের দ্বারা। গ্রাম সভা নির্বাচন করবেন অ্যাসেমব্লীর নির্বাচকমণ্ডলী। আজকে যদি অঞ্চল পঞ্চায়েতের কোন নির্বাচন করা হয় তাহলে যে পঞ্চায়েত ও'রা নির্বাচন করেছিলেন গ্রাম পঞ্চায়েত, সেই পঞ্চায়েত আবার তাদের নির্বাচন বাস্তব পক্ষে যে অপরাধের জন্য ওরা কংগ্রেস গভর্নমেন্টের আমলে বাতিল হয়েছিল সেই অপরাধীগুলোকেই আবার এনে বসানো হবে। সুতরাং সেই ক্ষেত্রে সেইগুলো না বসিয়ে আমরা অর্ডিন্যান্স করে এক্সটেন্ড করে দিলাম। এটা দু বছর পর্যন্ত বাড়ানো যাবে। এখন এই ব্যাপারের উপর এ'রা যে সব পাণ্ডিত্ব দেখালেন তাতে একেবারে অবাক হয়ে যেতে হয়। উনি এর মধ্যে রূপরেখা নিয়ে এলেন। তারপর, বোঝাতে চাইলেন, সমস্ত পঞ্চায়েত বাতিল করে আমরা সব সুপারসিড করছি। এক, দুই, তিন করে সমস্ত পঞ্চায়েত বাতিল করে অ্যাডমিনিস্ট্রেটর করতে যাচ্ছি, সুপারসিড করতে যাচ্ছি। শুধু তাই নয় আরও অনেক অবান্তর কথা বলেছেন যা এর সঙ্গে আসে না। কিন্তু বাধ্য হয়ে সেগুলোর অল্প বিস্তর উত্তর দিতে হচ্ছে, এইজন্য যে এগুলো অপপ্রচারের উদ্দেশ্য নিয়ে ও'রা করেছেন। পণ্ডিত জহরলাল নেহরু একদা পার্লামেন্টে একটা কথা ব্যবহার করেছিলেন উর্দুতে, সেটা হচ্ছে, নামাকুল অর্থাৎ যার আক্কেল নেই। সে-কথাটা আন-পার্লামেন্টারী কিনা, সে প্রশ্ন উঠেছিল। স্পীকার ছিলেন আয়েঙ্গার সাহেব। তিনি বলেছিলেন এটা আন-পার্লামেন্টারী নয়। এখন দেখছি জহরলাল নেহরু থাকলে তাহলে ও'দের দলের এইসব লোকদের নামাকুল বলতেন যে রকমভাবে এই বিলটা ও'রা আলোচনা করেছেন।

**Shri A. K. M. Ishaque:** On a point of order. The Hon'ble Minister was supposed to reply to the discussion raised by the honourable members. Without replying to their points he had been first accusing the members. From his speech it presumed that our late revered Jawaharlal Nehru would have called us "বেকুব" It is very much uncalled for. There was no necessity of saying this.

**Mr. Speaker:** There is no point in your point of order.

**শ্রীবিভূতিভূষণ দাসগুপ্ত:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ও'রা গণতন্ত্রের নাম করেছেন। অবশ্য এই একটা অ্যামেন্ডমেন্টের সংগে গণতন্ত্রের কোন সম্পর্ক নেই। ও'দের ভয় যদি আমরা ওগুলো সুপারসিড করি। এই ২১ বছরের কংগ্রেস শাসনের পর বাংলাদেশের জনসাধারণ এই কংগ্রেসকে এমন সুপারসিড করেছেন যে কংগ্রেসের বাড়ী বাঁধা দিতে হচ্ছে। সুতরাং আমি বলছি, কংগ্রেসের কর্তারা যে পঞ্চায়েত তৈরী করে রেখেছিলেন এ'দের পোষ্যরূপে আমরা জানি তাকে যদি সুপারসিড করি তবে পরে যে নির্বাচন হবে তাতে যে ৫৫ আছে তার জায়গায় জনসাধারণ ৫-ও রাখবে না।

[3—3-10 p.m.]

আমাকে এ'রা তাড়া দিচ্ছে যে ৩টার মধ্যে শেষ করতে হবে। আমি আর ৫ মিনিটের মধ্যে শেষ করছি। আমি ডাক্তার সান্যালের একটি কথা বলছি, ডাক্তার সান্যাল কমিউনিস্ট পার্টির কথা বলেছেন, তখন একথা বলা হয়েছে যে জয়প্রকাশ নারায়ণ কিছুদিন পূর্বে—"তিনি একজন মস্তবড় গান্ধীবাদী এবং মস্তবড় সর্বতবাদী, তিনি নকশালিজমের সমর্থন করেন। তিনি বলেছেন, তাঁকে গিয়ে ধরুন"। এখানে আমি শেষ একটি কথা বলে যাই, গান্ধীজীর কথা। আমার বন্ধুগণ পঞ্চায়েত সম্বন্ধে যত কম বলবার চেষ্টা করবেন ততই তাদের পক্ষে ভাল, এই জেলা পরিষদ অ্যামেন্ডমেন্ট আসছে, এর মধ্যে আরো বলবেন, আরো সমস্ত আমি খুলে দেখাবো যে, পঞ্চায়েতের ব্যাপারটা কি। গান্ধীজীর একটি কথা বলে শেষ করি—গান্ধীজী বলেছেন একথা যে,

"Nature has so made us that we do not see our backs. It is reserved for others to see them. Hence, it is wise to profit by what they see".

এটা আপনাদের ব্লক এই পঞ্চায়েতের পরিপ্রেক্ষিতে যা দেখেছি, আমি জেলা পরিষদ (অ্যামেন্ডমেন্ট) বিল-এ তা বিস্তারিত বলবো। তারপর আমার পঞ্চায়েত বিল আনবো, তখন বিস্তারিত বলবো। বন্ধুগণ, অধ্যক্ষ মহাশয়, আমি এদের বলবো একটু সাবধান হয়ে ও'রা কথাবার্তা বলবেন।

The motion of Shri Muhammed Khuda Buksh that in clause 2, line 3, for the words "two years" the words "one year and six months" be substituted, was then put and lost.

The motion of Shri Abdus Sattar that in clause 2, line 3, for the words "two years" the words "six months" be substituted, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

## Clause 3.

**Mr. Speaker:** There are amendments to clause 3 of which amendments No. 2 and 6 are out of order.

**শ্রীআবদুস সাত্তার:**

I beg to move that in clause 3, line 2, for the words "two years" the words "six months" be substituted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে কারণে ক্লজ ২টা আমি অমিট করার কথা বলেছি সেই কারণেই ক্লজ ৩......

**মিঃ স্পীকার:** ক্লজ ২টা আউট অফ অর্ডার, নেগেটিভ হয় না—৩২১(২) দেখুন।

**শ্রীনলিনাক্ষ সান্যাল:** অন এ পয়েন্ট অফ অর্ডার—আপনি দয়া করে বলবেন কি একটা বিলের ক্লজ যদি আংশিকভাবে কেউ অমিট করতে বলে সেটা কোন রুল অনুসারে আউট অফ অর্ডার হচ্ছে।

**মিঃ স্পীকার:** আংশিকভাবে হলে হবে কিন্তু এন্টায়ার ক্লজ অমিটেড হবে না।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** ক্লজের মধ্যে বলা হচ্ছে এক বছরের জায়গায় দু বছর করা হোক, আমি বলছি দু বছর করার প্রয়োজনীয়তা নেই। আইনের মধ্যে যা প্রভিসন আছে তাতে দু' বছরের ব্যবস্থা রয়েছে, এখন যদি সেটকে দু বছর বলা হয় তাহলে সেটা তিন বছর হয়ে যাচ্ছে।

**মিঃ স্পীকার:** ওটা তো ঠিক আছে।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** আমি যদি বলি একটা অংশ সম্বন্ধে যে এর প্রয়োজনীয়তা নেই তাহলে সেই ক্লজটা উঠে যাবে কি না?

**মিঃ স্পীকার:** এন্টায়ার ক্লজটা হয় না।

**শ্রীআবদুস সাত্তার:** একটু আগে স্যার, আপনি ক্লজ ২ বি অমিটেড এটা নট আউট অফ অর্ডার বলে রুলিং দিলেন। আপনি সেটা অ্যালাউ করেছেন। একই কারণে আমার মনে হয় এটা আউট অফ অর্ডার নয়।

**মিঃ স্পীকার:** এন্টায়ার ক্লজটা অমিটেড হবে কি করে? ইউ ক্যান স্পীক।

**শ্রীআবদুস সাত্তার:** স্যার, মন্ত্রিমহাশয়ের কাছে যে সমস্ত প্রশ্ন তুলেছিলাম তিনি তার উত্তর না দিয়ে বেশ সুন্দর ভাষায় মিষ্টি মিষ্টি কথায় পণ্ডিত নেহেরুর নাম নিয়ে, জয়প্রকাশ নারায়ণের নাম নিয়ে, মহাত্মা গান্ধীর নাম নিয়ে অনেক কথা বলেছেন। তিনি আমাদের বলেছেন যে কংগ্রেস দল নাকি সুপারসিডেড হয়ে চলেছে, আগামীবার ৫ জন থাকবে কিনা সন্দেহ আছে।

আমি আপনাকে বলব যে আপনার মুখে এ সব কথা শোভা পায় না। কারণ আপনাদের অস্তিত্ব মাত্র একটা জেলায় আছে—বাংলার কোন গ্রামে অস্তিত্ব নেই। আপনার দল তো কমিউনিস্ট পার্টির কাছে মর্টগেজ রেখেছেন। সুতরাং এই দল কোন মুখে কংগ্রেসের কথা বলছেন যে কংগ্রেস আগামীবারে থাকছে না। আমরা গণতন্ত্রে বিশ্বাস করি। সেই গণতন্ত্রের বিচারে যদি আমরা সংখ্যায় কমে থাকি তাহলে কিছু যায় আসে না। কংগ্রেস দল এখনও যে পার্সেন্টেজ অফ ভোট পেয়েছেন আর কোন দল সেই ভোট পায় নি। আপনারা তো মাত্র ৩।৪ জন এসেছেন এবং আপনি সেই সুযোগে মন্ত্রিত্ব পেয়েছেন। আপনি এ সব কথা বলেছেন বলেই বলছি। (নয়েজ)

**Mr. Deputy Speaker:** The honourable member is requested to confine himself within the purview of the Bill.

**Shri Abdus Sattar:** Thank you for that. The Hon'ble Minister raised some points and I am to reply to those points.

**Mr. Deputy Speaker:** Please come to the point.

**শ্রীআবদুস সাত্তারঃ** আই অ্যাম কামিং টু দি পয়েন্ট, আপনি এখনই বললেন য কয়েকটি অঞ্চলে আছে সেগুলি সুপারসিড হয়ে আছে—সেগুলির মেয়াদ বৃদ্ধি রা প্রয়োজন। আপনি এই আইনটা আনার জন্য আজ বদ্ধপরিকর। আপনার ক্লজ -তে ২ বছর আছে। সাপ্রেসান হবার পর ২ বছর একটা অ্যাডমিনিস্ট্রেটার-এর ান্ডার-এ রাখা গণতন্ত্রের দিক থেকে অন্যায়। তবে অবস্থার ফলে রাখতে অনেক ময় হয়। কিন্তু সেটাকে আবার ৪ বছর করছেন। অর্থাৎ ৬৭-ও ২ বছর এবং তার পর দি কিছু হয় তাহলে আবার সেকসান ৬৮-এ আরও ২ বছর বাড়িয়ে ৪ **বছর** করেছেন। এই-াবে ৪ বছর একটা প্রতিনিধিত্বমূলক প্রতিষ্ঠানকে সুপারসিডেড রাখা ঠিক হবে না এবং এটা ণতন্ত্র বিরোধী। আপনি যদি গণতন্ত্রে বিশ্বাস করেন, গান্ধীবাদী বলে নিজেকে বিশ্বাস রেন তাহলে বলব আমলাতন্ত্রের হাতে না রেখে ২ বছর থাকা উচিত। দ্যাট সুড বি অ্যাড-মটেড।

**শ্রীবিভূতিভূষণ দাসগুপ্তঃ** স্যার, এ'রা বলেছেন যে সমস্ত পয়েন্টস ও'রা তুলেছেন তার বাব আমি দিই নি। জবাব আমি দিয়েছি। তবে আর যে সমস্ত পয়েন্টস উল্লেখ করেছেন সগুলি জবাব দেবার যোগ্য নয় বলে জবাব দিই নি। অর্থাৎ এক কথা নামাকুল।

3-10—3-20 p.m.]

The motion of Shri Abdus Sattar that in clause 3, line 2, for the words "two ears" the words "six months" be substituted, was then put and lost.

The question that Clause 3 do stand part of the Bill was then put and greed to.

Clause 4.

The question that Clause 4 do stand part of the Bill was then put and greed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put nd agreed to.

**Shri Bibhuti Bhusan Das Gupta:** Sir, I beg to move that the West Bengal anchayat (Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed.

-20—3-40 p.m.]

**ডাঃ নলিনাক্ষ সান্যালঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি মন্ত্রিমহাশয়কে শ্রদ্ধা করি, নি একজন বিশিষ্ট প্রবীণ উকিল এবং গান্ধীবাদী। তবে অঙ্কের হিসেবে তাঁর জ্ঞান বেশী াছে বলে আমি বুঝতে পারছি না। তিনি আমাদের সকলকে বেকুব বলেছেন। বেকুব না হলে ক এই হাউসে আসার দুস্কর্ম কেউ করে? যাহোক, উনি হিসেব দেখালেন যে ৬৭ ক্লজে সুপার-সন ১ বছরের জায়গায় ২ বছর বাড়িয়ে দিলেন এবং ৬৮ ক্লজে আবার ২ বছর মেয়াদ বাড়িয়ে তে চেয়েছেন। আমি মনে করি এইভাবে মোট ৪ বছর উচ্ছেদের ব্যবস্থা করলেন। এটা মোটেই ণতান্ত্রিক নয়। আমি কোথাও একথা বলি নি যে, বাংলাদেশের সব অঞ্চল এবং গ্রামসভাকে াঁরা সুপারসিড করে হাতে নিয়েছেন। কিন্তু অনেকগুলো সুপারসিডেড হয়ে রয়েছে এবং এ'রা য আরও করবেন না তার কোন প্রতিশ্রুতি তাঁরা দেন নি। বস্তুতঃ তাঁরই আমলে বহু অঞ্চল বং জেলা বোর্ডগুলো সব সুপারসিডেড হয়ে বসে রয়েছে। হাইকোর্টে গিয়ে মামলা করে মন্ত্রি-হাশয়কে জ্ঞান দেবার চেষ্টা হচ্ছে, জানি না জ্ঞান লাভ করবেন কিনা। আমার একথা বলার অর্থ

হচ্ছে তাঁর যে নূতন সঙ্গী জুটেছে তার ফল কি হবে আমি জানি না। তবে গান্ধীজীর নাম না করলেই ভাল করতেন। এ যেন ভূতের মুখে রাম নাম। তিনি তাঁর যোগ্য সংসর্গই রাখছেন। একটি কথা আছে, ত্যজ দুর্জন সংসর্গং, ভজ সাধু সমাগমং। তবে তাঁর যে সংসর্গ জুটেছে তাতে তাঁকে অনুকম্পা করা ছাড়া আর উপায় নেই। তারপর মন্ত্রিমহাশয় বলেছেন জয়প্রকাশ নারায়ণ নাকি বলেছেন নকশাল পন্থীরা ভাল লোক, তাদের আদর্শ নিশ্চয়ই চলতে পারে। উনি জয়প্রকাশ নারায়ণের নাম শুনেছেন কিন্তু তাঁর সঙ্গে আলাপ করবার সুযোগ তাঁর হয় নি। জয়প্রকাশ নারায়ণ যে দৃষ্টিতে দেখছেন তাতে বিকেন্দ্রিত পঞ্চায়েতের যে পরিকল্পনা তা থেকে অনেক দূরে চলে গেছেন। তিনি এখন ভূদান, গ্রামদান পরিকল্পনায় রয়েছেন যার মূল কথা হচ্ছে প্রত্যেকের মনের ভিতর জনসমাজের সামাজিক বোধ জাগাতে হবে যাতে তারা ব্যক্তিগত স্বার্থের জন্য উৎসুক না হয়। কিন্তু যতক্ষণ পর্যন্ত সেই মনোভাব সাধারণ মানুষের মনের মধ্যে গাঁথা না হবে ততক্ষণ পর্যন্ত জয়প্রকাশ নারায়ণের বক্তব্য কার্যকরী হওয়া মুস্কিল হবে। বিনোবাজী যে আদর্শ নিয়ে প্রচার করে বেড়াচ্ছেন তার সঙ্গে এই বিলের সঙ্গতি নাই। এই বিলে মন্ত্রিমহোদয় গ্রামে গ্রামে ঝগড়া লাগিয়ে দিয়ে, দলাদলি করে পার্টি ওয়াইজ ইলেকসন করবেন। একে ব্লকে, গ্রামে গ্রামে পার্লামেন্টে, বিধানসভায় পার্লামেন্টে, কেন্দ্রে পার্লামেন্টে, প্রত্যেক জায়গায় ক্যাবিনেট মন্ত্রিমণ্ডলী এবং জনসমাজের নির্বাচিত প্রতিনিধি এটা জয়প্রকাশ নারায়ণের পরিকল্পনা নয়। কনসেন্সাস বলে একটা কথা আছে। কাজেই তিনি যেকথা বলেছেন তার সঙ্গে এর অনেক তফাত রয়েছে। যদি কখনও সময় হয় তাহলে তাঁর সঙ্গে এই নিয়ে আলোচনা করতে প্রস্তুত আছি। তিনি বর্তমান আইন সম্বন্ধে কিছু না বলে সুপারসেসনের অধিকার যেটা সরকারের হাতে ৪ বছর রাখতে চাচ্ছেন সেটার যৌক্তিকতা আমার কাছে পরিষ্কার হোল না। কাজেই আমি এর বিবোধিতা করছি এবং বিরোধিতা করবার সময় তাঁকে আবার বলছি তিনি এই জিনিসটা বিবেচনা করে দেখুন যে অধিকার তিনি আজ নিজের হাতে নিচ্ছেন সেটা তো ঘটনাচক্রে এমনও হতে পারে যে সেই শক্তি তাঁর হাত থেকে সরে গিয়ে তার পক্ষে সেটা শেল হয়ে উঠতে পারে, যেমন কংগ্রেসের পক্ষে হয়েছিল। গণতান্ত্রিক উপায়ে যে সমস্ত নির্বাচিত প্রতিনিধি রয়েছেন তাঁদের সরিয়ে দিয়ে মন্ত্রিমহাশয় সুপারসেসন করবার অধিকার দীর্ঘদিন করতে ব্যগ্র কেন আমি সেটা বুঝতে পারছি না। কাজেই আমি তাঁর প্রস্তাব সম্পূর্ণভাবে বিরোধিতা করছি।

The motion of Shri Bibhuti Bhusan Das Gupta that the West Bengal Panchayat (Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

(At this stage the House was adjourned for fifteen minutes.)

(After Adjournment.)

[3-40—3-50 p.m.]

**Mr. Deputy Speaker:** The Hon'ble Minister-in-charge of Agriculture Department will make a statement now.

**Dr. Kanailal Bhattacharya:** Sir, I would like to make a statement regarding the minimum price fixation of raw jute.

Sir, the jute industry is one of the major industries in West Bengal. Being an agro-based industry it is......

**Dr. Nalinaksha Sanyal:** Under what rule or rules the statement is made. Has he taken earlier permission of the Speaker?

**Mr. Deputy Speaker:** Yes. He has approached me and I have given my consent to make a statement, as per rule 346 of the Rules of Procedure of our House.

**Dr. Nalinaksha Sanyal:** In this matter I do not think Speaker's power has been devolved upon the Deputy Speaker.

**Mr. Deputy Speaker:** Dr. Sanyal may look to rule 10 that a presiding officer when so presiding have the same powers as the Speaker. I have given my ruling that I have given my consent to make a statement. The Hon'ble Minister may now make the statement.

**Dr. Kanailal Bhattacharya:** Sir, Jute Industry is one of the major industries in West Bengal. Being an agro-based industry it is dependent upon the production of raw jute. The major economic benefit of this industry is generally taken away by the capitalist class of the State, who are the owners and major share-holders of the Jute Mills. The workmen and peasants who are responsible for production of raw jute in the field and production of finished jute goods in the factory do not get their due shares. Since the inception of the industry, demand from both the peasantry and the workers to get their due shares have always been raised. Demand for fixing up the minimum prices for raw jute though conceded but never seriously acted upon. No price support machinery ever worked in West Bengal for buying raw jute from the peasants and thus giving the minimum price fixed to the peasants. United Front after coming to the power is trying hard to look to the interest of the peasantry and the workers who are dependant in this industry. No question of enthusiasm, but a determined policy which has been followed by the Left Political Parties of West Bengal since last 20 years, has only been given effect to. Proper appreciation of the economics of the industry has always been made and it has been found that every year the scale was in the side of the employers and the traders. United Front Government is determined to change the scale to the side of the down-trodden masses who have so long been exploited. With this end in view, at the very outset when the United Front came to the power, we represented before the Central Government for fixing up the price of the raw jute to at least Rs. 50 in Calcutta and Rs. 45 in Muffasil. In our farm-grown jute we had calculated that Rs. 33/- to Rs. 35/- becomes the minimum expenditure to produce one maund of raw jute. To give a little incentive to the farmers we suggested the price above, but to our utter surprise, the Central Government have fixed up the minimum price of Rs. 40/- in Calcutta in spite of the fact the same price they are fixing for the last 5 years when prices of all commodities have gone up. The prices of seeds and manures have considerably been increased, hence we do not find any reason why the prices of raw jute should not be increased. This had been done only to serve the interest of the employers and traders and this year when the bumper crop in jute is expected, if the farmers do not get the prices which may give some incentive to them, the United Front Government does not take any responsibility if the acreage in jute reduces considerably in next year.

Regarding the procurement of the jute at the minimum price fixed, our representation before the Central Government was that the State Trading Corporation should come forward and buy jute from the villages so that the minimum price fixed may go to the coffer of the poor peasantry. The Central Government assured us that the State Trading Corporation will buy jute in co-operation with the Food Corporation of India. Hence we appeal to the Peasants' Organisations and Political Parties in West Bengal to take the advantage of this machinery which shall be set up in every nook and corner of West Bengal and see that there is no distress sale and the middle men and unscrupulous traders may not buy jute from the peasants at a much lower price than the minimum price fixed taking advantage of the poverty of the peasants. We hope, if this machinery i.e. buying of raw jute by the State Trading Corporation is properly utilised this year for the first time in West Bengal, we shall be able to do justice to the jute growers of West Bengal, which has been so long denied to them.

**Dr. Nalinaksha Sanyal:** Sir, may we expect that copies of the statement will be circulated to the members?

**Mr. Deputy Speaker:** I request the Hon'ble Minister that if possible the statement may be circulated to the members, and I hope it will be circulated.

**Dr. Nalinaksha Sanyal:** Sir, we have every sympathy for the statement made here. But unfortunately many things have been said which should not have been brought to this House at all. For example, this youngman does not know that late C. R. Das practically fought tooth and nail for maintaining a minimum price for cultivators (Noice and interruptions) and this is not true when this youngman says that this was not done by the Congress. If anything was done for fixation of minimum price it was done by the Congress.

**Mr. Deputy Speaker:** Please take your seat, Dr. Sanyal. There is no scope for any discussion.

**Shri Jatin Chakravorty:** We do not want to listen to the voice of the I.J.M.A.

**Dr. Kanai Lal Bhattacharya:**

মাননীয় ডেপ্‌টি স্পীকার মহোদয় আমি মাননীয় সদস্যকে বলতে চাই, আমি এই স্টেটমেন্টটা খবরের কাগজে দিতে পারতাম এবং দেব বলে ঠিকও করেছিলাম। সাধারণতঃ আমাদের হাউসের কনভেনসান আছে, হাউস বা অ্যাসেম্বলী চলাকালীন অবস্থার বাইরে কোন বিবৃতি দেওয়া ঠিক হয় না—তাই আমি এই স্টেটমেন্টটা ফার্স্ট এখানে প্লেস করছি। এতে আপত্তি হবার কি আছে, আমি বুঝতে পারছি না।

**Shri Bibhuti Bhusan Ghosh:**

মাননীয় ডেপ্‌টি স্পীকার মহাশয়, আপনি মন্ত্রিমহাশয়কে বলে দেবেন যাতে ঐ বিবৃতির অনুলিপি বাংলায় এখানে সারকুলেট্ করা হয়।

**Shri Jatin Chakravarty:**

মাননীয় ডেপ্‌টি স্পীকার মহাশয়, বাংলায় কপি দেওয়া আজকে হবে না। এটা এখন প্রেসকে দিতে হবে এবং এখানে সারকুলেট্ করতে হবে। বাংলা কপি পরে দেব, একদিন হয়তো দেরি হবে।

**The Bengal Co-operative Societies (Amendment) Bill, 1969**

**Shrimati Renu Chakravartty:** Sir, I beg to introduce the Bengal Co-operative Societies (Amendment) Bill, 1969, and place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

**Shrimati Renu Chakravarty:**

মাননীয় সভাপাল মহাশয়, আমি এই কো-অপারেটিভ ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্কের উপর যে সংশোধনী এনেছি তার প্রধান কারণ হচ্ছে যে অতীতে যে সমস্ত কৃষক এই ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্ক থেকে ঋণ পাবার চেষ্টা করতেন তাতে তাদের অনেকগুলি অসুবিধা ছিল। খুব বিলম্ব হত ঋণগুলি পেতে, কেন না নিয়ম ছিল ২৪ বছরের সার্চ করাতে হবে রেজিস্ট্রেশন অফিস থেকে। তা ছাড়া আরো নিয়মাবলী ছিল যার দরুন বছর কেটে যেত কিন্তু ঋণ পেত না। এই বিলম্বের

জন্য অনেকদিন ধরে আমাদের কাছে রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, গভর্নমেন্ট অফ ইন্ডিয়া এবং ওয়েস্ট বেঙ্গল সেন্ট্রাল ল্যান্ড কো-অপারেটিভ মর্টগেজ ব্যাঙ্ক আমাদের কাছে চাপ দিচ্ছিলেন যে আপনারা এই নিয়মাবলী সহজ করুন যাতে এত দেরী না হয়। তা ছাড়া কো-অপারেটিভ ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্কের ঋণ যাতে তাড়াতাড়ি পাওয়া যায় এবং কৃষক যে সমস্ত উৎপাদনের ব্যবস্থা করতে চায়, জমির উন্নতি করতে চায় তার জন্য তাড়াতাড়ি যাতে ঋণ পাওয়া যায় বিশেষ করে এই কারণেই আমাদের অর্ডিন্যান্স করতে হয়েছিল। এখন কৃষির সময় উপস্থিত হয়েছে এবং বিশেষ করে এই বৎসর আমরা এগ্রিকালচারাল রি-ফাইনান্স কর্পোরেশনের সহযোগিতায় কয়েকটি বিশেষ স্কীম নিয়ে কার্যকরী করতে চাই। আপনারা জানেন যে একটা স্কীম আমরা নিয়েছি আমাদের কৃষি বিভাগ, সমবায় বিভাগ, এগ্রো ইন্ডাস্ট্রিজ বিভাগ সবাই মিলে কংসাবতী কমান্ড এরিয়া বিভাগে বড় স্কীম নিয়েছি। তার জন্য যে ঋণ দেওয়া প্রয়োজন সেটা আমরা করতে চাইছি এই ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্ক মারফত যেহেতু বিশেষ সময় ছিল না, আমাদের অ্যাসেম্বলী বসতে দেরী ছিল সেই জন্য আমরা কয়েকটা সংশোধন করেছিলাম অর্ডিন্যান্স মারফত। এই সেকশান ৪৭(এ), (সি), (ই) দুটো নতুন সেকশান ৫২(এ) এবং ৯৫(এ) ও সেকশান ৯৮ বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটি অ্যাক্ট এগুলি আমরা অর্ডিন্যান্স দ্বারা সংশোধন করেছিলাম। তা বাদে আপনারা দেখবেন অফিসারের যে ডেফিনেসান সেটা আমরা একজিকিউটিভ অফিসারকে ইনক্লুড করেছি এই অফিসারের ডেফিনেসানের মধ্যে। আমরা এই জন্য ইনক্লুড করতে চেয়েছি যে বিরোধ যদি আসে সেকশান ৮৬এ, সেই বিরোধের উপর যদি আলোচনা হয় তখন অ্যাডমিনিস্ট্রেটার বা একজিকিউটিভ অফিসার সে বিরোধের নিষ্পত্তি করতে পারেন না এগুলি আলোচনা করতে পারেন না। বহু জায়গায় একজিকিউটিভ অফিসার দেওয়া হচ্ছে, অ্যাডমিনিস্ট্রেটার দেওয়া হচ্ছে কাজেই আমাদের খুব প্রয়োজন ছিল এই দুটি অফিসারের নাম, অফিসারের ডেফিনেসানের মধ্যে আমরা ইনক্লুড করতে পারি। এটা নিয়ে দুটো ছোট্ট সংশোধনী করতে চেয়েছি, এবং সেই জন্যই আমরা আমাদের এই অর্ডিন্যান্স বিশেষ করে আজ আপনাদের সামনে উপস্থিত করছি যাতে আপনারা আইনতঃ এটাকে রূপ দিয়ে দেন এবং চাষীকে তাড়াতাড়ি ঋণ দিতে পারি। বিশেষ করে সেচের জন্য ছোট পাম্প এবং ল্যান্ড রিক্লামেশন ইত্যাদি কৃষিকাজের যে প্রয়োজনীয় জিনিস আছে তার জন্য আমরা এই অর্ডিন্যান্স জারী করে আজ বিল আকারে আপনাদের সামনে উপস্থিত করেছি। আশা করি আপনারা এটা গ্রহণ করবেন।

**Mr. Deputy Speaker:** The Hon'ble Minister may now move the motion for consideration of the Bill.

**Shrimati Renu Chakravartty:** Sir, I beg to move that the Bengal Co-operative Societies (Amendment) Bill, 1969, be taken into consideration.

**Mr. Deputy Speaker:** There is motion for reference of the Bill to the Select Committee by Dr. Nalinaksha Sanyal. There is also motion for circulation of the Bill from Shri Santosh Kumar Roy. I now call upon Shri Santosh Roy to make his submission.

[3-50 to 4 p.m.]

**Shri Santosh Kumar Roy:** Sir, I beg to move that the Bengal Co-operative Societies (Amendment) Bill, 1969, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st August, 1969.

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয়া মন্ত্রিমহাশয়া এই বিল যে উদ্দেশ্য নিয়ে এই সভায় উপস্থাপিত করেছেন—চাষীরা যাতে সেচের টাকা তাড়াতাড়ি পেতে পারে সেই উদ্দেশ্যের জন্য বাংলাদেশের জমি বন্ধকী ব্যাঙ্ক এবং সমবায়ীরা দীর্ঘদিন ধরে সরকারের কাছে আবেদন নিবেদন করেছিলেন। সুতরাং আজকে এই বিল সভায় পেশ করার জন্য আগেই তাকে ধন্যবাদ না জানিয়ে আমার উপায় নেই। কিন্তু সঙ্গে সঙ্গে আমি এই কথা

বলবো যে সেকসান ৯৮ ক্লজ ৬-এ যে ব্যবস্থা তিনি করেছেন—আমি জানি না আইনের দিক থেকে কতটা সিদ্ধ হবে। কিন্তু যদি ধরেও নেওয়া যায় যে আইনের দিকে এটা সিদ্ধ হলেও আজকে জমি বন্ধকী ব্যাঙ্ক কৃষির উন্নয়নের জন্য যে টাকার ব্যবস্থা করেন তা ছাড়া বাংলাদেশের চাষীর অন্যান্য প্রয়োজনে যেমন তার পরিবারের চিকিৎসা, কোন দুর্ঘটনা বা মেয়ের বিয়ের জন্য অর্থ সংগ্রহের প্রয়োজন হয় এবং চাষীর সেই অর্থ সংগ্রহ করার একমাত্র উপায় হচ্ছে জমি বন্ধক দেওয়া। আজকে সেকসান ৯৮-এ যে ব্যবস্থা রাখা হয়েছে, এই ব্যবস্থায় সমবায় বন্ধকী ব্যাঙ্কের দাবী অগ্রাধিকার পাবে। এই ব্যবস্থায় আজকে জমি বন্ধকী ব্যাঙ্ক প্রয়োজনে চাষী যদি আসেন তাহলে তাদের পক্ষে অন্যভাবে টাকা সংগ্রহ করা অত্যন্ত মুসকিল হবে। আজকে সারা ভারতবর্ষে কৃষি বিপ্লব চলেছে, আজকে চাষীর মূলধনের প্রয়োজন অনেক বেড়ে গেছে, সুতরাং আজকে বন্ধকী ব্যাঙ্ক থেকে টাকা পাওয়ার সুবিধা করবার জন্য আইনের সংস্কার করা প্রয়োজন। কিন্তু এই আইনের দ্বারা তা কতটা সফল হবে সে সম্বন্ধে আমাদের আশংকা থেকে যাচ্ছে। সুতরাং আমি সেই জন্য মন্ত্রিমহোদয়ার কাছে অনুরোধ করছি যে এই বিলটা জনমত সংগ্রহের জন্য সার্কুলেসানে দিন এবং তারপর এই বিল সভায় পেশ করবার জন্য তিনি যেন উপস্থাপিত করেন।

**শ্রীপান্নালাল মাজী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয়া মন্ত্রী যে বিল এনেছেন কো-অপারেটিভের ব্যাপারে, আমি সেই বিলকে স্বাগত জানাচ্ছি। কারণ, আজকে বাংলাদেশের গরীব চাষীদের ঋণ পেতে গেলে যে পথ রয়েছে, উদ্দেশ্যমূলকভাবে যে বাধা সৃষ্টি করে রাখা হয়েছে, সেই পথ আমাদের এই যুক্তফ্রন্ট গভর্নমেন্টের সমবায় মন্ত্রী উপলব্ধি করে যে প্রতিকারের ব্যবস্থা করতে চলেছেন এতে বাংলাদেশের গরীব কৃষকরা যেমন উপকৃত হবেন তেমনি তাঁকে ধন্যবাদ দেবেন। কারণ, আমরা জানি যে এই সমবায় নামটা থাকলেও আসলে এটা ছিল ২২ বছর ধরে যে কংগ্রেস পার্টি গভর্নমেন্ট চালিয়েছিল, তাদের দালাল পোষার একটা বিভাগ। যতগুলি কো-অপারেটিভ বিভাগ আছে, ক্রেডিট ল্যান্ড মর্টগেজ, কনজিউমার্স, ট্রান্সপোর্ট, উইভার্স, কোল্ড স্টোরেজ, রাইস মিল, পাওয়ার লুম ইত্যাদি সব জায়গায় দেখবেন যে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা এই বিভাগে খরচ হয়েছে এবং বিশেষ বিশেষ ব্যক্তি ও বিশেষ বিশেষ গ্রুপ সেই সমস্ত কুক্ষীগত করেছেন এবং জনসাধারণের ভোগে বা তাদের কোন কাজে লাগে নি। তেমনি এই স্বল্প মেয়াদী, মধ্য মেয়াদী এবং দীর্ঘ মেয়াদী যে কর্জ, এই কর্জ দেবার ব্যবস্থা থাকা সত্ত্বেও এই আইনের নিয়ম এমনভাবে করা ছিল যে আঙ্গুর ফল টকের মত কৃষককে ধারে কাছে যেতে হতো না। আমি আগেও বলেছি যে এটা উদ্দেশ্য প্রণোদিতভাবে এমনভাবে করা হয়েছিল যে জোতদার এবং মহাজনরা আজকে বাংলাদেশে কৃষকদের শত্রু হয়ে দাঁড়িয়েছে। কৃষকদের শোষণ করেই তারা তাদের জোতদারী এবং মহাজনী করে। ঐ কংগ্রেস পক্ষের বড় বড় মাতব্বররা যদি সমবায় প্রথায় ঋণ দেবার ব্যবস্থা করতো তাহলে তাদের ঐ কারবার ফাঁপিয়ে তোলা যেত না। গ্রামে সমবায় করে ঋণ পাবার কথা বলে এমনভাবে আইনের বেড়াজাল সৃষ্টি করা হয়েছিল যে ঋণ তাকে পেতে হতো না এবং শেষ পর্যন্ত যেতে হতো মহাজনের কাছে এবং সেই জোতদার, জমিদার, মহাজন, তারা আবার সেই আইনের সুযোগ নিয়ে মোটা টাকা স্বনামে, বেনামে কর্জ নিয়ে সেটা আবার মহাজন কারবারে খাটাতো এবং সুদ ইত্যাদি করে গরীব চাষীদের কুক্ষিগত করে রাখতো। এই রকম করে মাঝারী চাষী, জোতদার, জমিদারে পরিণত হয়েছে এবং সেইভাবে আজকে বাংলাদেশের অধিকাংশ জমি সেই জোতদারদের ঘরে পৌঁচেছে এবং সেই গরীব ঋণ পাবার পথ থাকা সত্ত্বেও তারা ঋণ পায় নি, তাদের ঘরবাড়ী বিক্রি করতে হয়েছে। সেই জন্য যে আইনের কড়াকড়ি ছিল সেটা আজকে শিথিল করা খুবই দরকার। বিশেষ করে ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্কে দীর্ঘ মেয়াদী কর্জ—এই কর্জ কথাটা কৃষকদের মুখে শোনা ছিল এবং প্রচারে জানা ছিল। কিন্ত সুবিধা পাচ্ছিল না। এই যে সার্চের ব্যাপার, যেটা ২৪ বছরের সার্চ, মিউটেশন এবং রেজিস্ট্রেশন, এই ব্যাপারে এত বিলম্ব হতো, আমরা জানি প্রায় এক বছর দেড় বছর পর্যন্ত হয়েছে, সার্চ করার পর দেখা গেল ইতিমধ্যে তার একটা জমি বিক্রি হয়ে গেছে ঋণ পাবার আগেই। পেতে পেতে, সার্চ করতে করতে সেই জমি বিক্রি হয়ে গেছে। সেই জন্য এইগুলি করা খুবই আবশ্যক। আজকে এটা করার ফলে দীর্ঘ মেয়াদী ঋণ পাবার সুবিধা কৃষকরা যেমন পাবে তেমনি আর একদিকে যারা এতদিন মহাজনী কারবার

করে ভুঁড়ি মোটা করতো, কৃষকদের শোষণ করতো তাদের স্বার্থে আঘাত লাগবে। সেই জন্য আজকে এমন একটা আইন আনা হয়েছে যেটা গরীব চাষীদের কাজে লাগবে এবং সেই জন্য এটা অবিলম্বে দরকার এবং এটা আগের সরকার উপলব্ধি করা সত্ত্বেও তারা করে নি এবং আজকে সেটা যখন উপলব্ধি করে পরিবর্তন করার জন্য বিল আনা হয়েছে, তখন ওনারা বলছেন যে এটাকে জনমত সংগ্রহের জন্য পাঠানো হোক। অর্থাৎ যত বিলম্ব হয় ততই ভালো, যতদিন কামিয়ে নিয়ে যাওয়া যায় ততই ভাল। এটা সেই জন্য বিলম্ব করার জন্য বলছেন। কিন্তু এটা যত তাড়াতাড়ি কার্যকরী করা যায় ততই মঙ্গল এবং এর দ্বারা আজকের যা চাহিদা নলকূপ, শ্যালো টিউবওয়েল গ্রামের দিকে যা দরকার সেচের ব্যবস্থা বৃহৎ সেচ এখন বিশেষ করা যাচ্ছে না, নদী নালা, খালবিল সংস্কার করা যাচ্ছে না, কারণ কেন্দ্র বিমাতৃসুলভ ব্যবহার করছে। আজকে তারা বাংলাদেশের যুক্তফ্রন্টের মন্ত্রিসভাকে নানাদিক থেকে অসুবিধায় ফেলবার চেষ্টা করছে। সেই সমস্ত বৃহৎ সেচ পরিকল্পনাগুলো যখন কার্যকরী করা যাচ্ছে না, তখন এই ছোট ছোট সেচ পরিকল্পনা পাম্প, শ্যালো টিউবওয়েল এবং নদীর সেচ পরিকল্পনা যেসব আছে সেই-গুলো কার্যকরী করা দরকার এবং চাষীদের নিজ চেষ্টায় যেটুকু করা যায়, যেমন পাম্প, শ্যালো টিউবওয়েল, এইগুলো গরীব কৃষকরা এতদিন পাচ্ছিল না, কেন না এই দীর্ঘমেয়াদী কর্জ পাওয়ার ব্যাপারে তাদের অসুবিধা ছিল। গ্রামের কৃষক, কো-অপারেটিভ তারা বোঝে, সেখানে তারা যেতে পারে, এখানে যদি তাদের পাবার পথ পরিষ্কার হয় তাহলে এটা তাদের কাজে লাগতে পারে, আগে প্রচুর সেই পথে বাধা ছিল। এটা করার ফলে আজকে আমরা দেখবো লক্ষ লক্ষ কৃষক যারা ঋণ পেতে চাচ্ছিল, তাদের সেই বাধা অপসারিত হবে এবং প্রকৃত পক্ষে তাদের এটা কাজে লাগবে। সেই জন্য মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই জিনিসটাকে আমি স্বাগত জানাচ্ছি। আজকে কৃষকরা উপলব্ধি করছে যে দীর্ঘ ২০ বছর ধরে জনগণের কাছে যারা গণতন্ত্রের কথা বলে এসেছেন, তারা শুধু পুঁজিপতি, মিলের মালিক, ধনী, জমিদার, তাদের ঋণ দিতে শিখেছেন সমবায়ের মাধ্যমে এবং তাদের ভূঁড়ি মোটা করতে শিখেছেন, কিন্তু গরীবদের ঋণ পাবার পথ তারা কোনদিন রাখেন নি।

[4—4-10 p.m.]

আমরা জানি যে স্বল্প মেয়াদী কর্জে যে নিয়ম ছিল যে দুশ' টাকা পর্যন্ত যারা ভূমিহীন তারা পাবেন, কিন্তু আমরা যতটুকু জানি তাতে বলতে পারি কেউ এই ঋণ পায় নি, কোনদিন গরীব চাষীরা ঋণ পায় নি। তাছাড়া যারা ঋণ নেয় তাদের শতকরা ৭০ ভাগকে শোধ দিতে হবে এবং বাকি ৩০ জন টাকা দিতে পারল না তার জন্য কেস ফাইল করে দিতে হবে। তবেই গরীব কৃষকরা ঋণ পাবে। আর বন্যাপীড়িত বা খরা কবলিত হলে তবে পাবে। কিন্তু কংগ্রেসী আমলে বন্যাপীড়িত অঞ্চল বা খরা কবলিত অঞ্চল বলে ঘোষণা করা কি শক্ত ব্যাপার ছিল, কি ভীষণ ব্যাপার ছিল, তা আমরা সকলেই জানি। কিছুতেই ঘোষণা হত না, পাছে ঘোষণা করলে যদি গরীব চাষীদের দু-এক টাকা খাজনা মুকুব হয় তাতে গভর্নমেন্টের দারুণ ক্ষতি। এদিকে যারা কোটি কোটি টাকার ইনকাম ট্যাক্স ফাঁকি দিচ্ছে তাদের কিছু করা হয় না, যেহেতু তারা কংগ্রেস পার্টির লোক, কংগ্রেস পার্টির মাতব্বর। সেইজন্য তাদের ছেড়ে দেওয়া হয়। অর্থাৎ গরীব চাষীদের সুখ-সুবিধার জন্য সামান্য মাত্র টাকা তার জন্য সেই সমস্ত ঘোষণা করা হত না। ফলে স্বাভাবিকভাবে চাষীরা ঋণ পরিশোধ করতে পারতেন না। ফলে বেশিরভাগ জায়গায়ই ঋণ পেত না। আজকে যুক্তফ্রন্ট গভর্নমেন্ট সেই সমস্ত অসুবিধা উপলব্ধি করতে পেরে ঘোষণা করেছে এবং ব্যবস্থা করেছে সোসাইটির যে সমস্ত মেম্বাররা টাকা শোধ করবে তারা কর্জ পাবেন। এটাকে বাস্তবিকই শুভসূচনা বলা যেতে পারে। আজকে কো-অপারেটিভ বা সমবায় আন্দোলনের ক্ষেত্রে এটাকে দৃঢ় পদক্ষেপ বলা যেতে পারে। তিন চার বছর আগে পর্যন্ত গ্রামের কৃষকরা কো-অপারেটিভের নাম শুনতে পারত না। সেখান থেকে ঋণ পেয়েছে কংগ্রেসের বড় বড় জোত-দার এবং তারা কো-অপারেটিভের সমস্ত টাকা মেরে দিয়েছে এবং কো-অপারেটিভকে ডকে তুলে দিয়েছে। আজকে কনজিউমার কো-অপারেটিভকে নিয়ে তারা কি করেছে। অবশ্য কনজিউমার কো-অপারেটিভ টিকবে কি না সে বিষয়ে আমার যথেষ্ট সন্দেহ আছে। টেকা অসম্ভব। সেই

কনজিউমার কো-অপারেটিভে কৃষক মাল কিনতে গিয়েছে, পায় নি। তাকে বলা হয়েছে জোতদারের গোলায় যেতে, সেখানে গিয়ে সে মাল কিনেছে বেশি দামে। সেই জোতদারই হচ্ছে কো-অপারেটিভের সেক্রেটারী, না হয় চেয়ারম্যান। এই আইনটা গ্রহণ করার ফলে গরীব কৃষকদের সুবিধা হবে। কংগ্রেসী জোতদার জমিদাররা কো-অপারেটিভকে ব্যবহার করে লক্ষ লক্ষ টাকা করেছে। এবং এইভাবে তারা কো-অপারেটিভ আন্দোলনের সর্বনাশ করেছে। প্রোকিওরমেন্টের ব্যাপারেও আমরা দেখেছি তার পরিচালক হচ্ছে কংগ্রেসী জোতদার। কো-অপারেটিভের নাম করে বহু খারাপ কাজ এরা করেছে। কো-অপারেটিভে ধান বেচতে গেলে বলবে টাকা নেই বা দেখবে যেয়ে বন্ধ আছে। মহাজনের কাছে গেলে ওজনে কম দেবে এবং ধানের দামও বেশি নেবে। সেই মহাজনই হচ্ছে কো-অপারেটিভের চেয়ারম্যান বা সেক্রেটারী। তিনি সস্তা দামে কিনে বিক্রি করবে চড়া দরে। এইসব জন্যে আজকে মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটিগুলো ফেল করছে।

তার কারণ কি, এটা ভেবে দেখতে হবে। মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে আমি অনুরোধ করবো যে যুক্তফ্রন্ট সরকার এই ধরণের অবস্থায় একটা নুতন দৃষ্টিভঙ্গী নিয়ে কো-অপারেটিভ-কে দেখেন। তাদের যে সব অসুবিধা আছে, যে সমস্ত বিবাদ আছে সেগুলি সম্পর্কে তাদের সচেতন হতে হবে, তার প্রতিকারের জন্য আজকে ব্যবস্থা করতে হবে এবং এই জিনিষ করতে গেলে অনেক রাঘব বোয়ালের স্বার্থে আঘাত লাগবে। সুতরাং দৃঢ় হাতে তার প্রতিকার না করলে এটা হবে না। আজকে যেমন মার্কেটিং ফেল হতে চলেছে, তার মুভমেন্ট ফেল করছে, তার কারণ কি? আমরা জানি গরীব কৃষকরা ফসল মর্টগেজ রেখে টাকা নিয়ে যাতে কম দামে বিক্রয় করতে না হয় সে জন্য মর্টগেজ ব্যাঙ্ক করে টাকা নিয়ে ক্রেডিট সোসাইটিতে টাকা পরিশোধ করবে এবং অন্যান্য কাজ করবে। কিন্তু সেখানে দেখেছি কি? সেখানে ফসল বন্ধক রেখে গরীব চাষীরা ঋণ পায় না। কিন্তু তার যে সেক্রেটারী, চেয়ারম্যান তারা স্বনামে, বেনামে ফসল কেনে। সেখানে কো-অপারেটিভের তিনি মেম্বার, ১০০ শত টাকার মাল ৭৫ টাকায় কিনছেন, আবার সেটা বন্ধক রেখে টাকা নিয়ে আবার কিনছেন। এই রকম করে কো-অপারেটিভের লক্ষ লক্ষ টাকা তারা গ্যাঁড়াকল করছে। আজকে গরীব চাষীরা সুযোগ পাচ্ছে না। এরাই এই খাদ্য-শস্য সংকটের জন্য দায়ী। আজকে কংগ্রেসের যে ষড়যন্ত্র, চোরাকারবারী, জমিদার, জোতদার এবং মুনাফাখোরদের যে ষড়যন্ত্র তাকে মার্কেটিং সোসাইটিতে তারা এইভাবে কাজে লাগাচ্ছে। সে জন্য আজকে মাননীয় মন্ত্রিমহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ করবো যে কড়া হাতে এগুলির প্রতিকার করুন। কো-অপারেটিভ মুভমেন্ট এখনও দীর্ঘ পথে, সবে মাত্র ছুঁয়েছে, এই ছোঁয়ার ফলে বাংলা দেশের গরীব জনসাধারণের মনে আশার সঞ্চার হয়েছে। এরা প্রত্যেকে ঐ জমি কাজে লাগাবে, সে জন্য আরো কড়া হাতে আপনাকে পরিষ্কারভাবে এগিয়ে যেতে হবে। হয়ত, এতে অনেক রাঘব বোয়ালের গায়ে হাত লাগবে। আপনি জানেন, ১৯৬৪ সালে যুক্তফ্রন্ট সরকার যে আইন তৈরী করলেন যে একেবারে মৌরসী পাট্টা হিসাবে কোন লোক কো-অপারেটিভের ডাইরেক্টর, চেয়ারম্যান, সেক্রেটারী হয়ে থাকতে পারবে না। ২০টা কো-অপারেটিভের এক একটা ডিপার্টমেন্ট ভাগ করে দিয়েছে, এক একটা অ্যাপেন্ডিক্স কো-অপারেটিভ মার্কেটিং, স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক, স্টেট হ্যান্ডলুম বোর্ড, হোলসেল কনজিউমার, অমুক-তমুক ইত্যাদি এ সব ভাগ করে দিয়েছে এক একটা গ্রুপে। কংগ্রেস এই গ্রুপ পাবে, এই কো-অপারেটিভের যা কিছু মার এতে তুমি মার। এই স্টেট কো-অপারেটিভ তুমি পাবে, এখানে যত পার তুমি মেরে খাও। এটা অমুকে পাবে যত পার তুমি মেরে খাও। সে জন্য সেখানে মৌরসী পাট্টাকে তুলে নুতন আইন কানুন প্রণয়ন করা হয়েছিল যে, ৩ বছরের বেশী কেউ ডিরেক্টর থাকতে পারবে না এবং তাকে পার্মিশান দেওয়া হবে না। আমরা জানি, সেই রাঘব বোয়ালদের স্বার্থে আঘাত লেগেছিল তারা হাইকোর্টে সেটা বন্ধ করে রেখেছে। যুক্তফ্রন্টের আইন থাকা সত্ত্বেও তাদের সেখান থেকে হটান যায় নি এবং সেখানে তারা মৌরসী পাট্টা করে বসে আছে। বাংলাদেশের অধিকাংশ কো-অপারেটিভকে তারা কুক্ষিগত করে চলেছে। সেজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আপনার মাধ্যমে অনুরোধ করবো, যদিও আমি জানি সেদিন আলোচনা হয়েছে যে আমাদের কাগজ-পত্র, দলিল যা আছে যারা কোর্ট-কাছারীর উকিল রয়েছে তারা আগের ঐ যে জমিদার, জোতদার, ঐ যে কংগ্রেস পার্টির নিয়োজিত তাদের স্বার্থ রক্ষা করে জনসাধারণের স্বার্থের দিকে তারা নজর

দেয় না। আজকে এটা জনসাধারণের স্বার্থের সঙ্গে জড়িত এতবড় একটা কেস তাকে তারা ঠিকমত পরিচালনা করছেন না। আজ পর্যন্ত তার ব্যবস্থা হল না। আমি মাননীয় মন্ত্রি-মহাশয়কে অনুরোধ করবো অবিলম্বে যত তাড়াতাড়ি হয় কোর্টে মুভ করে সেই আইনটা যাতে পাশ হয়ে আসে, বাধা যাতে অপসারিত হয়, এই সব রাঘব বোয়াল যারা কো-অপারেটিভকে গ্রাস করে রেখেছে তাদের হাত থেকে রাহু মুক্ত করে, বাংলা দেশের গরীব যে কৃষক তাদের স্বার্থের সাথে জড়িত যে কা-অপারেটিভ তা যেন তাদের ভোগে লাগে এবং তাকে রাহু মুক্ত করে কাজে লাগান, এই টুকু আমি তাকে অনুরোধ করবো এবং যে বিল তিনি এনেছেন তাকে সমর্থন করছি এবং তাকে ধন্যবাদ জানিয়ে এই বিলকে স্বাগত জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker:** There is a motion for reference of the Bill to the Select Committee by Dr. Nalinaksha Sanyal. May I know whether consent of the members whose names have been proposed on the Committee has been obtained?

**Dr. Nalinaksha Sanyal:** Mr. Deputy Speaker, Sir, perhaps you are aware that this Bill was made available to us only yesterday and we were asked to submit our amendments by 11-30 this morning. Of the various names suggested by me I have tried to contact some and out of 9 of them I have got consent from 5 and from 4 I have not. And I hope that according to the convention followed earlier it should be permissible to obtain their permission in case the Select Committee motion is accepted by the House. There is nothing wrong in moving the Select Committee motion with five members' consent with me.

[4-10—4-20 p.m.]

**Mr. Deputy Speaker:** I find that in the motion there is name of Shrimati Renu Chakravarty, the Minister-in-charge of Co-operation Department and there are other names also. According to the admission of the honourable member it seems that he has consent of some of the members and not all of them. Before the motion can be moved the consent of all the persons named in the Committee ought to have ben obtained. So I think that this motion is out of order, however, I call upon the honourable member Dr. Nalinaksha Sanyal to speak generally on the principle of the Bill.

**Dr. Nalinaksha Sanyal:** Mr. Deputy Speaker Sir, I am grateful to you for having me the opportunity to make my humble submission in regard to this very important piece of legislation.. I will not emulate the manners of my previous speaker who has brought in many irrelevant matters which are not covered by this piece of legislation. But as in your wisdom you have allowed it, therefore, it has got to be swallowed by us.

Sir, the question of a comprehensive legislation, as has been referred to by my previous friend, must engage the attention of the government at this stage, and, I have every sympathy with him for pressing his party Minister to come forward with a comprehensive piece of legislation, not trying to tinker with this small piece of legislation now we are required to give our consent to. Sir, my difficulty is that the very object for which this Bill and the earlier ordinance were promulgated in this connection appears to me to have been frustrated by the Bill, and, therefore, I would request Shrimati Renu Chakravarty to consider the entire position carefully before she asks us to give this Bill our support. The first thing that strikes me is that she has stated that for Co-operative Land Mortgage Banks lengthy procedures require search in the Registration Offices for 24 years and so forth. I do not understand wherefrom she had obtained this piece of valuable information on which the entire structure of her Bill rests. So far as the lending of amounts to Co-operative Societies is concerned

there are two very useful sections of the Co-operative Societies set which govern the procedure—Section 47 and Section 47(a). Section 47 lays down that "Notwithstanding anything contained in Sections 60 and 61 of the Code of Civil Procedure etc. etc............subject to any claim of the State Government in respect of land revenue, or any sum recoverable as land revenue, or as a public demand, or of a landlord in respect of rent or any sum recoverable as rent, any debt or otstanding demand due to a Co-operative Society by any member, past member or the estate of the deceased member shall be a first charge." That being the position all the loans that are given out by certain types of Co-operative Societies enjoy the priority of charge in point of time when the loans are given. As there was some little doubt in regard to the position of these advances in the wisdom of this House a few years ago Section 47A was adopted where it was further made clear that a member belonging to as co-operative society where the majority of the members are agriculturists in profession, can obtain loans on furnishing a certain prescribed form, and this form thereby creates a charge upon such land or such interest, or such portion thereof, as may be specified in the declaration for the re-payment of the loan which the society may advance to the member on the application and of future loans. With some difficulty I have come across a copy of that form. This declaration under Section 47A clearly states that the person who is a borrower declares that I so and so, age so and so, residing at so and village having been a member of so and so society and being desirous of borrowing loan from the society make this declaration as required under Section 47A of the Bengal Co-operative Societies Act that I own, and have interest as a tenant, a land specified in the schedule as the case may be, and I hereby create a charge on the said land in favour of the society for the payment of the amount of the loan which the society may make and for all future advances if any, which the society may make to me subject to a maximum amount of rupees so and so together with interest on such amount of the loans and advances. This declaration is of the form of making an overdraft agreement with commercial banks and the banks make an agreement on the basis of which a loan agreement is executed and from time to time more money is drawn and the sum may be returned and the upper limit of the credit is provided. Under Section 47A this declaration is enough, and there is no further requirement of legislation because that part also has been taken out by a relevant section of the Act and in this a schedule is attached where the name of the village, the name of the thana, district, and the Khatian No., Plot No etc. north, south, east, etc., boundaries and the area of land offered for the security and the assessment value, the approximate value and encumbrances if any—have to be furnished. All that has been scheduled and this declaration gives enough opportunity for the borrower to obtain the money, and I cannot understand why a further measure is now felt necessary which, I find, is fraught with serious constitutional difficulty. In the previous piece of legislation, i.e., 47A a loan contracted on a particular day creates first charge but no retrospective effect in that was provided enjoining that in spite of subsisting earlier loan, this loan will supersede all the other loans and obtain first charge.

[4-20—4-30 p.m.]

Now, this unfortunately is likely to happen in Shrimati Chakravarty's present Bill. You will find that in clause 6 it is suggested that "Notwithstanding anything contained in the Transfer of Property Act, or in any other law for the time being in force, a mortgage executed in favour of a Co-operative land mortgage bank in respect of any land after the commencement of the Bengal Co-operative (Amendment) Ordinance, 1969, shall have priority over other mortgages or charges created by the mortgagor or his predecessor-in-interest in respect of such land before the execution of such mortgage.". Now,

Sir, I need not bring to your notice the absurdity of this position. Say, a commercial bank or a credit institution has advanced to a particular person a certain sum of money charging his property. Now, the land mortgage bank comes after some time and this man obtains some loan from the land mortgage bank and the land mortgage bank is immediately placed in a prior position with the right to realise their loan earlier than the previous one. Sir, a mortgage right is a right which is also a property. Can you take away that property right of a previous mortgage-holder by a subsequent piece of legislation without infringing article 31 of our Constitution? If you take away this right, you have got to provide for compensation. You cannot in this manner, by a subsequent piece of legislation, throw out the rights of others who had previously obtained certain privileges and rights, and I respectfully request the Hon'ble Minister to see how she can encourage this piece of legislation which is contrary to our own Constitution. Sir, apart from that I don't want to be too legalistic—I have been associated with the commercial field and I have some idea of the reactions of credit institutions. I must respectfully submit that rural credit in West Bengal has been very rudely shaken, if not completely devastated, due to various measures that we have taken and where clever local Mahajans particularly have reduced the position of borrowers to extremely difficult one. I had earlier pointed out on the floor of this House and requested the Hon'ble Ministers-in-charge of the Agriculture and Land Revenue to find out how to save the poor peasantry in the rural areas who are now faced with the problem that in order to get even a small amount of Rs. 200 by way of Temporary loan a peasant has got to execute a sale deed of the entire land that he has got and for a sum not exactly commensurate with the figure of the cash money that he is getting but two to three times, and he has to pay the registration charges for both sides—for borrowing as also when he repays—and the amount of interest that works out on the basis of 4 to 6 per cent. per month is colossal—about 75 to 80 per cent per year. In this manner, small peasants, poorer peasants are normally getting systematically thrown out of land and reduced to landless agriculturists specially during lean years. If I was convinced that this Bill would enable better financial provisions for rural economy, I would have most gladly welcomed it.

I am aware that when we had passed the Money-lenders' Bill years ago—I was one of the protagonists—many of our friends opposite perhaps did not see the light of the day. That was in 1939-40. In fact I had my hunble contribution to the drafting of the first Co-operative Societies Act of 1940. I realise that when we thought of providing necessary relief to the cultivators we could not substitute that old village credit system with something positive and new so that such usurious methods could be checked. We were eager to see the co-operative societies come forward to help in this matter of supplying rural credit. As has been rightly pointed out by my friends on the other side. these co-operative societies have been abused and it is no use putting the blame on the Congress party or somebody else. It is not a political matter It is the question of character of ourselves for which we feel ashamed. Valuable institutions have not been permitted to function in the service of the people as they should have been permitted. Today the main problem. particularly for West Bengal, is, wherefrom shall we get the money and how can we improve the credit system of our rural areas. Shrimati Chakrabarti might be knowing, and if she does not probably know directly she may find it out from her colleagues, that the position is that if we want to improve the credit system we have to obtain financial resourcess from all sides as may be available and who are prepared to go into the rural areas now and come to the aid of the cultivators, the agriculturists, in suitable ways, without recourse to usurious methods. The commercial banks, the State Bank of India and the

as to how they can come to the field of rural credit. Shrimati Chakrabarti has mentioned about Agro-Industries Corporation and the various measures the Industries and the Agricultural Departments have been trying to improve financial help to agriculturists. I am afraid that as soon as this legislation is passed the commercial banks will get scared. Other credit institutions will have to think twice when they find that any loan subsequently given by the land mortgage banks will have priority and their claims will be thrown out then they they will not be coming forward to help agriculturists in rural areas In fact, I had my personal experience in my remote rural constituency of Karimpur. Some villagers approached me for advice. The Co-operative Department during the last year, in the difficult times, did not propose to extend help to the primary societies that failed to pay up at least 60 per cent or 75 per cent. of their old loans. I approached some commercial banks proposing that if any particular cultivator can show that he has got sufficient property to provide ample security not only for the earlier loan he has taken from the co-operative primary society but also for the further loan that is proposed to be given to him by the Commercial Banks, they should come forward and help. I personally negotiated the matter with the United Bank of India the Managing Director of which made an announcement in the Press and there was a Press Conference where some of the commercial banks here collectively proposed to take up some districts and try to find out how to help the agriculturists in those districts. In fact, in the Burdwan district some help had been extended and when I tried to get similar help for Karimpur the bank said that they could advance not to individual cultivators because that would be difficult for them to supervise and to set up a machinery for collection but they could make advance to the primary societies who may advance to individual members with necessary caution.

[4-30—4-40 p.m.]

But the primary society that had earlier obtained money from the Central Co-operative Bank of Nadia must obtain necessary assurance from the Nadia Central Co-operative Bank to the Commercial Bank that they will not press for repayment of their previous loan as the first charge before the Commercial Bank now advancing money get their amount collected. This assurance could not be obtained. The Co-operative Society's present position is—according to their present legal position, —that they cannot forego their demand and they have already obtained first charge. Sir, this was a society with 100 members and they wanted at the rate of Rs. 300 each—a total of 30 thousand rupees only. The Bank could easily give the money and they were prepared to but only one assurance was needed from the Co-operative Central Bank of Nadia that they would not press for repayment of their money in preference over the other amount which is now being given, and the Bank—even now the negotiation is there—says that they cannot advance money unless they are at least given equal position. If the person had earlier taken 200 rupees and if 300 rupees is given now the total amount of debt would be 500 rupees and if from his next crop he can be in a position to pay the same up they do not mind. But that was not possible. I am afraid, if this piece of legislation is pushed through then further shrinking away of the money that was coming from various other independent financial institution will take place, and knowing as we do the financial limitation of the Government and the limited amount of resources of the land mortgage banks who cannot cover the entire field or provide necessary finance for everybody, I am afraid, if this is insisted upon, then rural credit will get further shy and the woes of the cultivators will mount up.

Further, Sir, we are facing difficulties because of the various other agencies that are now being thought of who would come forward to help the agriculturists in providing machinery, tools and other things, viz, the Agro-industries Corporation, etc. They will have to take some security and that security will be on the basis of the land of the cultivators and if these get lower priority in connection with the land mortgage Banks or Co-operative Society's loan then who is the fool of the managing Director of the Agro-Industries Corporation to advance money, which will be again public money? For Tanks improvement we are aware that loans are being given by Government themselves through the B.D.Os.—so also crop purchase and cattle purchase and others. Some of these loans are even of the category of such that can be recovered under the Public Demand Recovery Act. Even then we find that the present legislation as such is couched in language that it will affect the people, as, while we try to look to the interest of one type of financier we are bound to scare away a good number of others, and so this will not bring about the desired result that is stated in the objects of the Bill. And I am not sure whether the difficulties that have been mentioned about prolonged negotiation is re[illegible] [illegible] case there is no necessity for 24 years' search—that is all I think a misdirection given to the Hon'ble Minister.

I request the Hon'ble Minister to pause and to allow this matter to be further examined. Therefore, I proposed to refer this Bill to a Select Committee, but if it is not permissible, Sir, under your orders, then I support my friend's motion for eliciting public opinion on the Bill.

**শ্রীযামিনীরঞ্জন সেন:** মাননীয় সভাপাল মহাশয়, আজকে এখানে সমবায় সংশোধনী বিল যেটা এসেছে তার জন্য আমাদের সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহোদয়াকে বাংলাদেশের সমস্ত গরীব কৃষক ও মধ্যবিত্ত কৃষকদের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। গ্রামীণ অর্থনীতিতে সমবায়ের যে অবদান সে অবদান আজকে বাংলাদেশের অর্থনীতিকে বাংলার কৃষক শ্রেণীকে যে উন্নত করতে পারত সমবায় আইনের মধ্যে, সমবায় ব্যাংকগুলির ব্যবস্থার মধ্যে কিন্তু দুষ্ট চক্র তাদের কুক্ষিগত করে রেখেছিল গত ২০ বছর ধরে, তাদের প্রচেষ্টার মধ্যে দিয়ে সেটা ব্যাহত হয়েছিল। সাধারণ কৃষকের জন্য যে ব্যবস্থার প্রয়োজন এসেছে সেটা আমরা উপলব্ধি করতে পারছি এবং আমাদের মাননীয় মন্ত্রিমহোদয়া সেটা পরিপূর্ণভাবে উপলব্ধি করে যে দুস্তর বাধা সেটাকে অতিক্রম করার জন্য এবং কৃষকদের অর্থনীতিকে বাড়িয়ে দেবার জন্য প্রথম ধাপ হিসাবে এটাকে এনেছেন। আরো অনেক কিছু করবার প্রয়োজনীয়তা রয়েছে। আজকে আমরা দেখছি বাংলাদেশের কৃষক তারা ঋণের জন্য প্রতি বছর নানা ভাবে ব্যতিব্যস্ত হয়েছে। ঐ মহাজনরা যদিও মহাজনী ব্যবস্থা আজকে বে-আইনী হয়ে গিয়েছে কিন্তু পরোক্ষভাবে আরো উগ্রভাবে, আরো কঠোর ভাবে নিষ্পেষণের যন্ত্র হিসাবে বাংলাদেশে মহাজনী ব্যবস্থা চালু হয়ে রয়েছে। আজকে বাংলাদেশে গরীব কৃষক যখন কোথাও ঋণ পায় না তখন বন্ধকের নামে তাদের জমি বিক্রী করতে হচ্ছে। জমি রাখছেন ৫০০ টাকাতে লিখতে হচ্ছে ২ হাজার টাকা, মৌখিক চুক্তি, একরারনামা করে যে ৫ বছরের মধ্যে শোধ দেব। এইভাবে ঋণ সংগ্রহ করতে হয়েছে। ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্ক ছিল কিন্তু তাদের কাছে বছরের পর বছর চাষীরা গিয়েছে অর্থব্যয় করেছে, ঘুষ দিয়েছে, নানা ভাবে নানা চক্রের মধ্যে পড়ে ২/৩ শো টাকার প্রাথমিক ব্যবস্থা করার জন্য ঘুষ দিতে হয়েছে কিন্তু ঋণ পায় নি। ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্ক থেকে যা সহজে পাবার কথা ছিল তাতে যেভাবে ব্যবস্থা ছিল, যে আইনের ব্যবস্থা ছিল সেই আইনের ব্যবস্থার মধ্যে তাকে ভেদ করে দিয়ে ঋণ পাবার সুযোগ [illegible] পায় নি। এটাই হচ্ছে বাস্তব অবস্থা। বাংলাদেশের কৃষক, মধ্যবিত্ত কৃষক তাদের প্রয়োজনের সঙ্গে সংগতি রেখে আইনটা এমনভাবে সরল করা দরকার যার মধ্যে দিয়ে সহজে তারা ঋণ পেতে পারে, ফসল ফলাতে পারে, জমির উন্নতি করতে পারে, সেচের ব্যবস্থা করতে পারে এবং বাংলাদেশের খাদ্য সমস্যার দিক থেকে, কৃষির উন্নতির দিক থেকে আজকে ব্যবস্থা করতে পারে তার জন্য আজকে এই সরলীকরণ, সহজ করে যাতে কৃষকরা ঋণ পেতে পারে তার জন্য ব্যবস্থা করার প্রয়োজন রয়েছে। মাননীয় নলিনাক্ষ সান্যাল মহাশয় নানা ধূম্রজাল সৃষ্টি করেছেন, ওকালতির প্যাঁচ কষেছেন, তিনি বলেছেন এটা করা হলে আর কোথাও থেকে

অর্থ আসবে না। মহাজনদের কাছে দ্বারস্থ হবার জন্য বলছি না, আমরা চাচ্ছি বাংলাদেশের গ্রামের কৃষক তাদের কৃষির উন্নতির জন্য যা কিছু প্রয়োজন সেই অর্থ সরবরাহ করতে হবে সমবায়ের মারফত।

সেই ব্যবস্থা আজকে হচ্ছে। তার প্রাথমিক ধাপ আজকে সুরু হয়েছে। আজকে যে কথা মাননীয় ডঃ নলিনাক্ষ সান্যাল মহাশয় বলেছেন যে গত বছর তিনি কমার্সিয়াল ব্যাঙ্কের কাছে গিয়েছিলেন, ইত্যাদি এই সমস্ত নানারকম প্যাঁচ কষেছেন। কিন্তু আসল কথা হচ্ছে যে আইন ছিল সেই আইনের মধ্য দিয়ে যদি ৭০ পার্সেন্ট শোধ করতে না পারতো তাহলে গ্রামের সাধারণ গরীব কৃষকরা তার থেকে আর ঋণ পেত না। এই আইনের সংশোধন প্রয়োজন ছিল, এই ব্যবস্থা সংশোধন করবার প্রয়োজন ছিল। কারণ, আমরা দেখেছি আজকে গ্রামে যেসমস্ত সুদ-খোর মহাজন আছে, বড় বড় জোতদার আছে, ঐ সমবায় কারবার তাদের কুক্ষীগত হয়ে রয়েছে। তারা বিরাট বিরাট ঋণ নিয়ে ভাগচাষী এবং ক্ষেতমজুরদের ঋণ দিয়েছে এবং ঐ টাকা থেকে তারা আয় করছে। তারা ঋণ শোধ করেনি,, গরীব সদস্য যারা ছিল, তারাই শোধ করেছে। এদের অপরাধে আজকে গরীবরা ঋণ পাওয়া থেকে বঞ্চিত হয়েছে। আজকে যুক্তফ্রন্টের সমবায় মন্ত্রী যে ব্যবস্থা চালু করেছেন যে ইনডিভিজুয়াল মেম্বার—একজন সদস্য যে শোধ করেছে সে আজকে ঋণ পাবে। এই ব্যবস্থার মাধ্যমে আজকে বাংলাদেশের গরীব কৃষক যারা ঋণ শোধ করেছিল, তারা ঋণ পেয়েছে, যদিও ৭০ পারসেন্ট শোধ করতে পারে নি ঐ প্রাইমারী সোসাইটির টাকা, তবুও ঋণ পেয়েছে। এই ব্যবস্থা আজকে হয়েছে। যার ফলে আজকে বাংলাদেশের গ্রামাঞ্চলে সমবায়-গুলির মধ্যে সদস্য সংখ্যা অনেক বৃদ্ধি পেয়েছে। তারা আজকে ঋণ পাচ্ছে। সুতরাং আরো অনেক কিছু প্রয়োজন রয়েছে। এই প্রয়োজনের দিক থেকে আজকে আমি পরিপূর্ণভাবে বাংলাদেশের গ্রামীণ অর্থনীতিতে সমবায়ের যে প্রয়োজন আছে এবং গ্রামের চাষীরা ঋণ পেয়ে কৃষিতে যাতে উন্নতি করতে পারে তাদের ব্যবস্থার প্রয়োজনে আজকে যে অ্যামেন্ডমেন্ট বিল এসেছে সেই বিলকে আমি সমর্থন জানাচ্ছি।

[4-40—4-50 p.m.]

**শ্রীকুমুদরঞ্জন মণ্ডল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি চীফ মিনিস্টারের কাছে একটা মেমো-র‍্যানডাম দিয়েছিলাম, তার জবাব এখনও পাইনি।

**শ্রীশশবিন্দু বেরা:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয়া সমবায় মন্ত্রী আজ যে সংশোধনী বিলটা এনেছেন তার পিছনে আমাদের দেশের দরিদ্র কৃষক সমাজ, যারা অর্থাভাবে বার বার অন্যত্র ঋণের জন্য দ্বারস্থ হবার চেষ্টা করেন, তাদের প্রতি যে সহানুভূতির মনোভাব ফুটে উঠেছে তার জন্য আমি তাঁকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি এবং সেই সঙ্গে তাঁর এই বিলটিকে সমর্থন জানাচ্ছি। বিলের ৩/৪/৫ এবং ৬ এই কটি ক্লজে পুরাতন আইনের উপর কিছু সংশোধনী, মৌলিক কিছু পরিবর্তন এনেছে। অন্যগুলি কনসিকোয়েন্সিয়াল বা আনু-ষঙ্গিক মাত্র ৩ নম্বর ক্লজে এই বিধান করা হয়েছে যে যখন কোন ল্যান্ড মর্টগেজ ব্যাংক থেকে কোন ভূমি উন্নয়নের জন্য বা ভূমি খরিদ করবার জন্য ঋণ দেওয়া হয় সেই ঋণ আংশিকভাবে—যদি ঋণ গ্রাহক পরিশোধ করতে পারেন তাহলে ঋণের জন্য তাঁর আবদ্ধ জমি আংশিকভাবে মুক্ত করতে দেওয়া যেতে পারে, এই ব্যবস্থা নিঃসন্দেহে ভাল। এর মধ্যে দিয়ে আংশিকভাবে ঋণ পরিশোধ করবার সুযোগ ও প্রচেষ্টা বাড়বে। ঋণ গ্রাহকদের এই আবদ্ধ ভূমিকে ঋণ থেকে মুক্ত করবার যে সুযোগ এতে দেওয়া হচ্ছে তার জন্য এই বিলটা অধিনন্দন যোগ্য। চার নং ক্লজে এই ব্যবস্থা রয়েছে যে ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্ক থেকে ঋণ দেওয়ার পূর্বে দীর্ঘকাল মর্টগেজ দেওয়ায় সম্পত্তি বিষয়ে তদন্ত ইত্যাদি করতে হয়, ২৪ বছরের মধ্যে ঐ সম্পত্তির রেজিস্ট্রেশন কিছু হয়েছে কি না তার অনুসন্ধান করতে হয়, সেই মর্টগেজ দলিলটাকে রেজিস্ট্রি করতে হয় তার

জন্য যে সময় যায় এবং শুধু সময় নয় এর জন্য ঋণেচ্ছু ব্যক্তিকে যে হয়রান হতে হয়, অনেক সময় অন্যায় পথে অর্থ ব্যয় করতে হয়, তা থেকে মুক্তি দেবার ব্যবস্থা করা হয়েছে। চার নং ক্লজে এটা ব্যবস্থা করা হয়েছে যে এটাকে বাধ্যতামূলক ভাবে রেজিস্ট্রি করবার দরকার হবে না। যথা সময়ে ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্ক অথবা সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক রেজিস্ট্রি অফিসে মর্টগেজ দলিলটি পাঠিয়ে দিলে সেটা রেজিস্ট্রির সামিল হয়ে যাবে। পাঁচ নং ক্লজে এই ব্যবস্থা রয়েছে যে যখন কোন লোন অ্যাপ্লিকেশন আসবে তখন একটা নির্দিষ্ট সময়ের জন্য সেটা প্রকাশিত করা হবে পাবলিকের সামনে এবং তারপর যদি কোন অভিযোগ থাকে মর্টগেজ দেওয়া জমির উপর ভিত করে, সেই অভিযোগ শোনার পর ঋণ দেওয়া হবে। ঋণ দ্রুত যাতে বিতরণ করা যায় সেই ব্যবস্থা করা হবে মোটামুটি এটাই এই ক্লজের বিধান, ঋণ গ্রহিতাকে যেভাবে সুযোগ কিছুটা দেওয়া হচ্ছে, আংশিক ভাবে ঋণ পরিশোধ করবার সুযোগ এবং নিজের আবদ্ধ জমিকে মুক্ত করে নেবার, আংশিক ভাবে—ধীরে ধীরে, যে পর্যন্ত না সবটুকু মুক্ত করে নিতে পারে এবং মর্টগেজ রেজিস্ট্রি করবার ব্যাপারে যে সুবিধাগুলোর ব্যবস্থা করা হয়েছে তার জন্য এই বিলটা অভিনন্দন যোগ্য। কিন্তু ৬নং ক্লজে যে বিধান রয়েছে, যে সম্বন্ধে বিরোধী পক্ষ থেকে বক্তব্য উঠেছে, সে সম্বন্ধে আমারও কিছু সন্দেহ থেকে গেছে। অবশ্য এখানে সেই প্রশংসনায় মনোভাব প্রকাশ পেয়েছে মাননীয়া মন্ত্রিমহাশয়ার যে, এই ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্কের কাছ থেকে যে ঋণ দেওয়া হবে সেই ঋণ সব চেয়ে নির্ভর যোগ্য ঋণ হবে, আমাদের দেশের কৃষক সমাজের বা ঋণ গ্রহিতাদের। কিন্তু এখানে এই ঋণ গ্রহণ করবার পূর্বে যে জমি মর্টগেজ রাখা হবে ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্কের কাছে, তার পূর্বেও যদি কোন ঋণ গ্রহণ করা থাকে, তার জন্য যদি এই জমি আবদ্ধ হয়ে থাকে এবং তাতে ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্কের কাছে পরে সেই জমি আবদ্ধ থাকার ফলে পূর্ববর্তী মর্টগেজ যদি বাতিল হয়ে যায়, তাহলে আমার মনে হয় যে আইনগত এবং সংবিধানগত কিছু সংকটের সৃষ্টি হবে এবং শুধু তাই নয়, আমরা যতক্ষণ না পর্যন্ত সেই অবস্থায় আসতে পারছি যে, আমাদের দেশের কৃষক, এবং শুধু কৃষক নয় দরিদ্র ও মধ্যবিত্ত মানুষেরা, যাদের নানা কারণে ঋণের জন্য অন্যের দ্বারস্থ হতে হয় যতদিন না পর্যন্ত আমাদের ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্কগুলো, আমাদের কো-অপারেটিভ সোসাইটিগুলো তাদের সর্বপ্রকার ঋণের চাহিদা মেটাবার জন্য সক্ষম হচ্ছে, ততদিন পর্যন্ত এই রকম বিধান ক্ষতিকর হবে বলে আমি মনে করি। আমরা জানি আজও ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্ক এবং কো-অপারেটিভ সোসাইটিগুলো আমাদের দেশের চাষীদের, দরিদ্র এবং মধ্যবিত্ত মানুষেদের ঋণের চাহিদা মেটাতে সক্ষম নয়। তাদের অর্থের প্রচুর অভাব রয়েছে। শুধু তাই নয়, তাদের সদিচ্ছার অভাবও নেই, কিন্তু এই ঋণ দেওয়ার জন্য কেন্দ্রীয় সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কগুলোতে ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্কগুলো টাকা সরবরাহ পাবার ব্যাপারে বহুবিধ বাধা-নিষেধ, বহুবিধ সংকটের সম্মুখীন হতে হয়। তার জন্য তাদের ইচ্ছামত, প্রয়োজন মত যেখানে নিশ্চিত নির্ভরতার সঙ্গে আমাদের দেশের প্রাথমিক সোসাইটিগুলোকে অথবা কৃষকদের ঋণ দেওয়া যেতে পারে, তার জন্য এই সমস্ত সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কগুলো এবং ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্কগুলো যথেষ্ট অর্থ সরবরাহ পান না। আজকাল দেখা যাচ্ছে রিজার্ভ ব্যাঙ্ক-এর পক্ষ থেকে বেশ কিছু কড়াকড়ি করা হচ্ছে এদের টাকা সরবরাহ ইত্যাদির ব্যাপারে। যার জন্য এদের অসুবিধা হয়, টাকা সরবরাহ পেতে পারে না। কাজেই ৬ নম্বর ক্লজে যে ব্যবস্থা রয়েছে এই বিধানে তাতে অনেক সময় যখন আমাদের দেশের কৃষকদের নিতান্ত তাগিদে বা প্রয়োজনে ব্যক্তি বিশেষের কাছে ঋণ সংগ্রহের চেষ্টা করতে হয় সেরূপ ক্ষেত্রে এই ক্লজ একটা দারুণ অন্তরায় হয়ে দাঁড়াচ্ছে। এই বিষয়ে সতর্ক হওয়ার প্রয়োজন আছে বলে মনে করি। এ ছাড়া অন্যান্য বিষয়ে এই বিলটা আমাদের দেশের কো-অপারেটিভের ক্ষেত্রে কৃষকদের এবং অন্যান্য ক্ষেত্রেও অনেকেরই দৃষ্টি আকর্ষণে সমর্থ হয়েছে। এই বিলটা পাস হয়ে গেলে অনেকেরই ঋণ পাওয়ার পথ সুগম হবে। আমি বলব আরও যে সব সমস্যা রয়েছে কো-অপারেটিভের ক্ষেত্রে, যাতে কৃষকদের এবং অন্যান্য মানুষদের প্রয়োজনীয় ঋণ পাওয়ার ক্ষেত্রে অসুবিধা সৃষ্টি করছে সেদিকে দৃষ্টি দেওয়া দরকার। এই বলে আমি এই বিলটা সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-50—5 p.m.]

**শ্রীকুমারীশচন্দ্র মৌলিকঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই বিলকে সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলছি। এই বিল সম্বন্ধে অনেকে অনেক কথা বলেছেন। শুধু ঋণের ব্যাপার নয়। এই বিল পাস হয়ে গেলে এর থেকে পল্লী অঞ্চলের অনেক সুযোগ সুবিধা হবে। কো-অপারেটিভের মাধ্যমে যে সমস্ত রেশন সমবায় ছিল তারা উঠে যাবার উপক্রম হয়েছে। পূর্বেকার অনেক কো-অপারেটিভ, কংগ্রেস আমলের অনেক কো-অপারেটিভ ধ্বংসম্মুখ হয়েছে। পল্লী অঞ্চলে কো-অপারেটিভ অনেক কাজ করবে এবং সেখানে এর দ্বারা অনেকটা বেকার সমস্যার সমাধান করবে। এই ঋণের জন্য আগে বারে বারে শহরে যেতে হত ঋণ নিতে। সেটা যে সহজে পাওয়া যাবে এটা শুনে আমি খুব সুখী হলাম এবং এই সমবায় বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রীধনঞ্জয় করঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের সমবায় মন্ত্রিমহোদয়া যে সংশোধনী প্রস্তাব এনেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি। এই ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্ক থেকে টাকা পাওয়া চাষীদের একটা বিষম ব্যাপার ছিল। তার বহু বাধা নিষেধ ছিল, সেগুলো অতিক্রম করে অতি অল্প সময়ের মধ্যে টাকা পেতে পারে তার সুযোগ ছিল না। সেই অসুবিধাগুলো দূর করে তিনি যে সংশোধনী এনেছেন তাতে বাংলার অভাবী চাষীরা বিশেষ উপকৃত হবে এবং তারা অভাব থেকে মুক্তি পাবে। এর জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। এর আগে ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্ক থেকে টাকা পাওয়ার বহু অসুবিধা ছিল। তারা ২৪ বছরের কাগজপত্র প্রথমে দেখবে এবং তারপর তারা মঞ্জুরী দেবে। এই ২৪ বছরের কাগজপত্র দেখতে তারা এত দীর্ঘ সময় নিত যার ফলে চাষীরা হয়রাণ হয়ে যেত। চাষীদের যখন প্রয়োজন থাকত কৃষির জন্য বা জমির উন্নতির জন্য টাকা, তখন সময়মত টাকা পেত না। তার জন্য চাষীদের বহু সমস্যার সম্মুখীন হতে হত। বহু অসুবিধার মধ্যে পড়তে হত। সেইজন্য আমাদের মন্ত্রিমহোদয়া যে সংশোধনী এনেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু এই সঙ্গে একটা অনুরোধ করব—কো-অপারেটিভের যে অসুবিধা আছে, আইনে যে ত্রুটি আছে সেগুলি তিনি অচিরে যেন সংশোধনের ব্যবস্থা করেন। তাহলে বাংলার চাষীদের সর্বপ্রকার উপকার করা হবে। ঋণদান সমিতির বর্তমান নিয়মের ফলে এক জোটে বহু চাষীকে ঋণ নিতে হয়। কিন্তু একজন ঋণ না দিলে সকলকে বহু সময় কষ্ট পেতে হয়। সোসাইটির ক্ষেত্রে যে সমস্ত ত্রুটি আছে সেগুলি দূর করবার চেষ্টা করুন। সোসাইটির যারা সুপারভাইজার ঋণের টাকা দিতে চান, তাঁরা অনেকে সময় টাকা না দিয়ে জমা দিয়ে আসেন এবং যাদের হাতে দেন তারা চাষীদের না দিয়ে সেগুলো নিজেরা আত্মসাৎ করে তাদের নামে লিখে দেন। তারপর দেখা যায় বৎসরের শেষে আদায়ের জন্য সার্টিফিকেট আসছে। আমাদের ঝাড়গ্রামে এই রকম বহু ঘটনা হয়েছে। মন্ত্রিমহোদয়াকে অনুরোধ করবো, কৃষকদের উন্নতির জন্য, কৃষকদের রক্ষার জন্য হস্তক্ষেপ করুন। তাদের স্বার্থ যাতে রক্ষিত হয়, সেজন্য আপ্রাণ চেষ্টা করুন, তার ব্যবস্থা করুন এইটুকু তাঁর কাছে অনুরোধ জানাচ্ছি। এই সঙ্গে সোসাইটির নামে বিভিন্ন প্রকার যে দুর্নীতি চলছে সেগুলি যদি বন্ধ হয় তাহলে সমবায়ের প্রতি জনসাধারণের আস্থা আসবে এবং সমবায় আন্দোলন খুব জোরদার হবে এবং তার দ্বারা দেশের যারা গরীব লোক, অভাবী লোক, মধ্যবিত্ত সম্প্রদায়ের লোক তাদের সকলেরই উপকার হবে। তা না হলে যদি কো-অপারেটিভের মধ্যে এই রকম দুর্নীতি থাকে, যারা এর কর্মকর্তা তারা যদি টাকা আত্মসাৎ করেন তাহলে লোকের আস্থা কমে যাবে। সে জন্য তাঁর কাছে একটি ঘটনার উল্লেখ করছি এবং তার প্রতিকারের জন্য দৃষ্টি আকর্ষণ করছি। বাসগড় সেবা সর্বার্থে সমবায় নামে একটা সমিতি হয়েছে। খেড়িয়া সম্প্রদায়ের উন্নতির জন্য এই সমিতি গঠিত হয়েছিল। সরকারের কাছ থেকে বহু অর্থ নিয়েছেন, সেখানে খেড়িয়া সমিতির যিনি চেয়ারম্যান শ্রীযুক্ত শৈলেনবাবু ফলস ভাউচার দিয়ে বহু টাকা আত্মসাৎ করেছেন। তৎকালীন যিনি এস ডি ও ছিলেন মিঃ চৌধুরী মহাশয় তার সঙ্গে জড়িত ছিলেন। অভিযোগে এই ফসল ভাউচার ধরা পড়েছে এবং বহু টাকা আত্মসাৎ করেছেন সেই খেড়িয়া সম্প্রদায়ের নামে যে সমবায় সমিতি গঠিত হয়েছিল। তিনি এই আত্মসাৎ থেকে অব্যাহতি পাবার জন্য দুর্নীতি থেকে অব্যাহতি পাবার জন্য বাঁশ, খড় ইত্যাদি অনেক টাকার জিনিষ নিয়েছিলেন, সেগুলিতে

তিনি আগুন ধরিয়ে দিলেন, এই যে দুর্নীতিপূর্ণ সমবায় কর্তৃপক্ষ তাদেরকে যদি শাস্তি দেবার ব্যবস্থা না হয়, তাদেরকে যদি এই রকম ভাবে লুণ্ঠনের সুযোগ দেওয়া হয় তাহলে সমবায়ের প্রতি লোকের আস্তা থাকবে না এবং সমবায় মানুষের মধ্যে প্রসার লাভ করলে যে উন্নতি হত তাতে যে [illegible] সে সুযোগ [illegible] নিতে পারবে না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজ সমবায় মন্ত্রিমহাশয় যে অ্যামেন্ডমেন্ট বিল এখানে উপস্থিত করেছেন তাকে আমি সমর্থন করছি। একটা জিনিস আজকে লক্ষ্য করার বিষয়, একটা সমবায়মূলক কথা হচ্ছে, 'সবার উপর মানুষ সত্য তাহার উপরে নাই' এবং এটা এমন একটা সময়ে আমরা আলোচনা করছি যে সময়ে বাইরে অর্থাৎ এই বিধানসভার বাইরে আর একটি জায়গা সেখানে রাজ্যসভার ভোট গণনা হচ্ছে এবং কংগ্রেসের যে সমস্ত পুরাতন স্তম্ভগুলি ছিল তারা গণনার মধ্যেও ধ্বসে পড়ছে অন্ততঃ হিসাবে সেই ভাবেই কথা বলছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই যে বিলটা আজকে উত্থাপন হয়েছে এই বিলের মধ্যে কয়েকটি নূতন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে যেমন "সেন্ট্রাল ব্যাঙ্ক" মিনস এ কো-অপারেটিভ সোসাইটি। এই কথাটা যে, ১৯৪০ সালে যে সমবায় আইন গ্রহণ করা হয়েছিল তাতে সেন্ট্রাল ব্যাঙ্কের কোন সংজ্ঞা ছিল না। আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে একটা কথা বিবেচনার জন্য রাখবো যে 'সেন্ট্রাল ব্যাঙ্ক' যে শব্দটি ব্যবহার করেছেন সেখানে সেন্ট্রাল ব্যাঙ্ক মিনস এ কো-অপারেটিভ সোসাইটি এই কথাটা বলা যেতে পারে কি না? তিনি সেটা একটু চিন্তা করবেন। এর পর প্রথমে যে ক্লজ আনা হয়েছে, কো-অপারেটিভ সোসাইটির যেখানে অফিসারদের সংখ্যা আছে সেখানে সেই কংগ্রেস সরকার থাকা কালীন তারা যে সমস্ত রুলস্ তৈরী করেছিলেন সেই রুলে একজিকিউটিভ অফিসারদের অ্যাডমিনিস্ট্রেটরদের যে সমস্ত পাওয়ার রেখেছেন সেই সমস্ত পাওয়ার, অফিসারদের সমস্ত পাওয়ার কি কি সেই সংজ্ঞা রেখে গেলেন। কিন্তু সেই অফিসার্স ইনক্লুডে ম্যানেজিং কমিটির চেয়ারম্যান, সেক্রেটারী, ম্যানেজার, অডিটর এই সমস্ত হয়েছিল। কিন্তু একজিকিউটিভ অফিসার এবং অ্যাডমিনিস্ট্রেটর তার মধ্যে ছিল না।

[5—5-10 p.m.]

কাজেই এই সংশোধনী আনার প্রয়োজন ছিল এটা আমি মনে করি। ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্ক-এর ক্ষেত্রে মন্ত্রিমহাশয় বলেছেন যে তাদের আরো তাড়াতাড়ি ঋণ পাওয়া উচিত এবং সেজন্য এটা করা হয়েছে আমি বিশ্বাস করি। ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্কের দিক থেকে আমাদের অভিজ্ঞতায় আমরা জানি যে ১২ বছর, ২০ বছর ২৪ বছরের রসিদ দরকার হয় রেন্ট রিসিট এবং মিউটেসন ইত্যাদি ব্যাপারে সেন্ট্রাল ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্ক এবং প্রাইমারী ল্যান্ড মর্টগেজ বাঙ্ক-এ লোকেরা কি অসুবিধায় পড়ে। আমি একটা প্রাইমারী ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্কে সরকারী নমিনেটেড ডাইরেক্টর আছি—আমি দেখেছি যে আইন রয়েছে তার বলে ঋণ পাওয়া যায় না; লোকেরা ঘুরে বেড়ায় এবং আমি উদাহরণ দিয়ে বলতে পারি যে গত ২০ বছর ধরে এই কংগ্রেস পক্ষ যাঁরা সরকারে ছিলেন, ঐ নলিনাক্ষবাবুর দল তাঁরা এমন সমস্ত জিনিস রেখে গেছেন যার ফলে মানুষ লোন চাইলে পায় না এবং লোন যখন তাঁদের নামে মঞ্জুর হয় তখন সেই সমস্ত মানুষ ইহধাম ছেড়ে চলে যান। এই ব্যবস্থা আর কতদিন চলবে? তাই যুক্তফ্রন্ট সরকারের মন্ত্রি এই ল্যান্ড মর্টগেজ [illegible] লোন নেবার পদ্ধতি সরলীকরণ করছেন এবং তার জন্য একটা ধারা এখানে সন্নিবেশিত [illegible]। আমরা আশা করেছিলাম যে ১৯৬৭ সালের মার খাওয়ার পর ১৯৬৯ সালের মার খাওয়ার পর পরাজয়ের গ্লানি কিছুটা হজম করে নেওয়ার পর তাদের শিক্ষা হওয়া দরকার যে সাধারণ মানুষ আজকে যাতে মহাজনের কাছে না গিয়ে ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্ক বা এই সমবায় সমিতিগুলি থেকে যাতে তাড়াতাড়ি ঋণ পায় তার জন্য নলিনাক্ষবাবু এবং তাঁর দল এই অ্যামেন্ডমেন্ট বিলকে সমর্থন করবেন এবং মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানাবেন কিন্তু তা আমরা দেখতে পেলাম না। কাজেই একটা কথা এর মাঝখানে আমি যেতে চাই যে পশ্চিমবাংলায় সমস্ত কো-অপারেটিভের যে মূলধন ফাইনান্স তা কণ্ট্রোল করে পশ্চিমবঙ্গ স্টেট কো-অপারেটিভ [illegible] সেদিকে মন্ত্রিমহাশয় নজর দিন। সেখানে ব্যোমকেশবাবু প্রমুখ লোকেরা যে [illegible] করে আছেন তার দিকে তাকান। এটা দুঃখের বিষয় যে যুক্তফ্রন্ট সরকার আসার পরেও [illegible] অ্যাডিসনাল ডাইরেক্টর হিসাবে ব্যোমকেশবাবু হুগলী ব্যাঙ্কের প্রতিনিধি থাকবেন এবং সেখানে

**সেই রেজিস্ট্রার নমিনেটেড ডাইরেক্টর থাকবেন। আমি আজকে মন্ত্রিমহাশয়াকে অনুরোধ জানাই যে পশ্চিমবঙ্গের কৃষকরা আরো বেশী লোন পাবেন, তাঁদের আরো বেশী সুবিধা হবে লোন পাওয়ার পক্ষে যদি সেই স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কে একজিকিউটিভ অফিসার অথবা অ্যাডমিনিস্ট্রেটর বসান বা হাই পাওয়ার কমিশন বসান—কমিশন বসিয়ে তাদের সমস্ত দুর্নীতির বিষয়ে তদন্ত করেন। সময় লাগবে জানি কিন্তু তাহলেও পশ্চিমবাংলার যুক্তফ্রন্ট সরকার এই** কাজ পারবেন এ বিশ্বাস আমার আছে। **এই বলে আমি মন্ত্রিমহাশয়াকে ধন্যবাদ জানিয়ে এবং এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।**

**শ্রীমোকসেদ আলী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের সমবায় বিভাগের মন্ত্রি-মহাশয় যে অ্যামেন্ডমেন্ট বিল নিয়ে এসেছেন আমি সেই বিলকে সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে আমি এই কথা বলব যে সমবায় বিভাগে যে সমস্ত বাধাবিপত্তি রয়েছে তার মধ্যে সামান্য একটু আমরা অতিক্রম করতে পেরেছি, তার জন্য আমি মন্ত্রিমহাশয়াকে আমার আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।

আমি ইতিপূর্বে এই হাউসএ বলেছিলাম যে বাংলাদেশে কো-অপারেটিভগুলির কেন ডেভেলপমেন্ট হচ্ছে না তা আমাদের ভাবতে হবে। কোটি কোটি টাকা কো-অপারেটিভ-এর নাম করে সাম্রাজ্যবাদের আমল থেকে কংগ্রেস সরকার পর্যন্ত তছরূপ হয়েছে। আমি তাকে অনুরোধ করব তিনি অনুগ্রহ করে একটা কমিশন বসিয়ে দুর্নীতি বের করুন। শুধু এগ্রিকালচার নয়, উইভারস, ফিসারম্যান এবং অন্যান্য সোসাইটি সম্পর্কে আমাদের চিন্তা করার বিষয় আছে এবং এ সম্পর্কে নূতন করে আইন প্রণয়ন করতে হবে। আমি বলব আমার এলাকা শান্তিপুরে ২৬টা উইভারস কো-অপারেটিভ-এর মধ্যে মাত্র ৩টা আজ সজীব আছে এবং বাকি। যেগুলো কংগ্রেস আমলে হয়েছিল তারা লক্ষ লক্ষ টাকা সেখান থেকে আত্মসাৎ করেছে। এদের মধ্যে অনেকে জেলেও গেছেন। উদ্বাস্তুদের নাম করে কয়েক লক্ষ টাকা আত্মসাৎ করা হয়েছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহোদয়াকে অনুরোধ করব এ সম্পর্কে নূতনভাবে চিন্তা করুন এবং বাংলাদেশে কো-অপারেটিভ ডেভেলপমেন্ট-এর জন্য একটা কো-অপারেটিভ মুভমেন্ট সুরু করুন। এই বলে আমি বিল সমর্থন করছি।

**Shrimati Renu Chakravarty:**

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, অনেক সদস্য এই বিলটা সমর্থন করেছেন, এমন কি আমি বলব বিরোধী পক্ষের যাঁরা বলেছেন তাঁরা ঢোকগিলে খানিকটা সমর্থন না করে যেতে পারেন নি। কেন না ২০ বছর ধরে যেখানে কৃষিঋণ পাবার কোন অসুবিধা ছিল না, আমাদের পরিকল্পনার বাহিরে পর্যাপ্ত টাকা আমরা পেতে পারি। রিজার্ভ ব্যাঙ্ক থেকে সেই টাকা পাবার একমাত্র উপায় ছিল। কো-অপারেটিভ সোসাইটি ডিস্ট্রিক্ট সেন্ট্রাল ব্যাঙ্ক, ও স্টেট ব্যাঙ্ক মারফৎ যে ঋণ নেওয়া হয়েছে সেই ঋণ শোধ করে দেওয়া এবং প্রচুর অর্থ আমরা দিতে পারতাম আমাদের কৃষকদের। কিন্তু এই ২০ বছর ধরে আমাদের যে ক্রেডিট লোন ছিল রিজার্ভ ব্যাঙ্ক-এর তাই আমরা টানতে পারিনি। কারণ যাঁরা মাতব্বর ছিলেন তাঁরাই টাকা নিয়েছেন, নিজেরাও নিয়েছেন। এগুলো শোধ করার দিকে একটুও এগোন নি, বরং বলতে পারেন গত বছর যে ঋণ দেওয়া গেছে সেগুলি যাতে আদায় না হয় তার দিকে তাঁরা নজর দিয়েছেন। এখানে নলিনাক্ষবাবু নদীয়া সম্পর্কে বলতে গিয়ে বললেন কমার্সিয়েল ব্যাঙ্ক-এর কাজে গিয়েছিলেন। কিন্তু তার দরকার ছিল না। তিনি পর্যাপ্ত টাকা পেতে পারতেন নদীয়া সেন্ট্রাল ব্যাঙ্ক থেকে। সেই সেন্ট্রাল ব্যাঙ্ক সম্পূর্ণভাবে তাঁর দলের দ্বারা কুক্ষিগত। সেখানে রিজার্ভ ব্যাঙ্ক-এর যে রিপোর্ট—আমার রিপোর্ট নয়—তাতে তাঁরা বলছেন

overdue for one year or more amounted to 19.13 lakhs and formed 49 per cent. of the total overdue in July, 1968. The total overdue shot up to 88.30 lakhs on the 31st May, 1969.

অর্থাৎ চিন্তা করুন ১৯:১৩ থেকে ৮৮:৩০ লাখে জাম্প করল।

[5-10—5-20 p.m.]

আরও যদি ডিটেলস দেখেন তাহলে দেখবেন যে সোসাইটি ডিফল্ট করছে তাকে এক্সটেনসন দিচ্ছে। ইনকরেক্ট ওভারডিউ কভার সার্টিফিকেট কন্টিনিউয়াসলী ফ্রম জানুয়ারী টু জুন ১৯৬৮। স্যার, তাঁরা অনেক কিছু করেছেন যেগুলো সময় অভাবে আমি দেখতে পারছি না। ২৪-পরগনায় নর্থ সেন্ট্রাল ব্যাঙ্ক যেখানে অশোক কৃষ্ণ দত্ত রয়েছেন। তিনি অত্যন্ত রাগান্বিত হয়ে রয়েছেন, কারণ আমি একটা বিবৃতিতে বলেছিলাম যে, ব্যাঙ্কগুলি কুক্ষিগত হয়ে রয়েছে এবং গরীব চাষীরা টাকা পায়নি। ২৪-পরগনার ব্যাঙ্ক যদি দেখেন তাহলে দেখবেন সেখানে বলছে,

Bank's overdue position as on 30th April, 1969, was alarming out of 118.04 lakhs outstanding 118.26 lakhs were overdue.

ভবে দেখুন ১১৮ লক্ষের মধ্যে ১১১ লক্ষ ওভারডিউ। তারপর যে ফ্রেস লোন নিয়েছে ২৭-১-৬৯ তারিখে তার পরিমাণ হোল ১২ হাজার টাকা এবং ওই একই দিনে তাঁরা লোন রিপেমেন্ট করেছেন ২ হাজার ৩১৮ টাকা। অথচ এর আগে লোন রিপেমেন্ট-এর কোন ফিগার নেই। এর মানে কি? এর মানে হচ্ছে নূতন লোন নিয়ে পুরান লোন দিয়ে দিয়ে বুক অ্যাডজাস্টমেন্ট করেছে এবং দেখিয়েছে ১০, হাজার টাকা যেখানে তাঁদের ১ পয়সা পাবার অধিকার নেই। আমাদের রিজার্ভ ব্যাঙ্কের থ্রি কম্পোনেন্ট ফরমুলা আছে—ক্যাস, কাইন্ড, ফার্টিলাইজার। ফার্টিলাইজারে নিতে হবে ফার্টিলাইজার ব্যবহার করবার পর এবং তারপর একটা ক্যাস কম্পোনেন্ট আছে। এখানে দেখুন কিভাবে তাঁরা লোন ডিসবার্সমেন্ট করেছেন। তাঁরা ৮৪ পয়েন্ট ৭২ লক্ষ টাকা দিয়েছেন ১৯৬৮ সালের খারিপে, কিন্তু কাইন্ড কম্পোনেন্ট বিলি করেছেন মাত্র ১ লক্ষ টাকা। অর্থাৎ বাদ বাকী টাকা নিয়ে বেশ মজা লুটেছেন। এগুলি সব রিজার্ভ ব্যাঙ্কের রিপোর্ট। পাম্প সেট দেবার জন্য টাকা ক্যাসে দেওয়া হচ্ছে এবং আমরা সবসময়ই বলি পাম্প সেট যদি দিতে হয় তাহলে ইন কাইন্ড দিন। অর্থাৎ আমরা টাকা দিয়ে দিচ্ছি যে কোম্পানী থেকে আপনি চান নিয়ে নিন। কিন্তু তাঁরা তা না করে টাকা দিয়েছেন এবং আমরা দেখছি মিডিয়াম টার্ম লোন নিয়েছে ৩৫ লক্ষ টাকা। তারপর দেখছি স্বল্প মেয়াদী যেটা আউটস্ট্যান্ডিং ছিল ৭ হাজার ৮০০ টাকা তাঁরা সেটা পেমেন্ট করে দিয়েছেন ওই একই দিনে। যেখানে পাম্প সেট নেবার কথা সেই পাম্প সেট তাঁরা কিনেছেন কি কেনেন নি জানি না এবং অধিকাংশ জায়গায় দেখা যাচ্ছে কেনেন নি। তবে এগুলো তারা আবার লাগিয়েছে মহাজনী কারবারে এবং যেটা স্বল্প মেয়াদী ঋণ ছিল সেটা বুক অ্যাডজাস্টমেন্ট করে দেখিয়ে দিয়েছে যে আমরা এটা পেমেন্ট করেছি। ভাইস চেয়ারম্যান অব দি ব্যাঙ্ক একটি মধ্য মেয়াদী ঋণ নিয়েছেন পাম্প সেট কেনবার জন্য। তিনি পাম্প সেট কেনেন নি এবং টাকাও ফেরত দেন নি যেটা ইন্সপেকশন রিপোর্টে দেখা গেছে। এই হোল উত্তর ২৪-পরগনার ব্যাঙ্কের অবস্থা। তারপর সাইন্ড ব্যাঙ্ক চেক সম্বন্ধে দেখা যাচ্ছে বসিরহাট ব্যাঙ্কের যিনি সুপারভাইজার তিনি একবার ৪০ হাজার এবং আর একবার ৭৫ হাজার টাকা ক্যাস করবার চেষ্টা করেছিলেন কিন্তু টাকা ছিল না বলে নিতে পারেন নি। অতএব দেখছি সুপারভাইজাররা লোন নিয়েছে, লোন আদায় করেছে কিন্ত জমা দেয় নি। অশিক্ষিত চাষীদের কাছ থেকে টাকা নিয়েছে এবং বলেছে এগুলো কাঁচা ভাউচার আমরা ডিপার্টমেন্টাল অডিটরকে দেব ইত্যাদি সব বুঝিয়ে তাদের কাছ থেকে টাকা নিয়ে গায়েব করেছে। আজকে কমারশিয়াল ব্যাঙ্কের দোহাই দিয়ে আমার সংশোধনী উড়িয়ে দেওয়া অত্যন্ত অন্যায় বলে মনে করি।

এখন কথা হচ্ছে যে ঘটনা নিয়ে এত তর্ক উঠেছে অর্থাৎ কি না ৯৮ সেকশন নিয়ে এখানে নলিনাক্ষবাবু এবং আরও কয়েকজন বলেছেন কিন্তু তাঁরা একটু ভুলে গিয়েছেন যে কো-অপারেটিভ সোসাইটি অ্যাক্টের যে ৪৭ ধারার উধৃতি দিয়েছেন সেটা কি? একটা স্বল্প মেয়াদী ঋণ নিতে হলে পর একটা জমির উপর কি হয়? মর্টগেজ হয় না চার্জ হয়, যদি আমি এটা না

দিই তাহলে এটা হবে চার্জড্। যখন মর্টগেজ করা যাবে তখন যে অংশ চার্জড্ না সেই অংশই মর্টগেজড হবে, এ বাদে মর্টগেজ হবে না। মর্টগেজ যখন হবে তখন

uncharged portion of the land.

সেটা মর্টগেজ হতে পারে। তবে আমরা কি চেষ্টা করছি? ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্কে গেলে টাকা পাওয়া যাবে না, মানুষ মরে যায়, তার সেই জমি বিক্রী হয়ে যায়। দীর্ঘ মেয়াদী ঋণের জন্যই সে টাকা পেত না, এখন আমরা এটুকু করছি যে ২৪ বছরের সার্চ করতে হবে না এবং নোটিশ দিতে হবে, আর সেই নোটিশ টাঙ্গান থাকবে এক মাস। যদি কোন অংশ চার্জড থাকে, মর্টগেজড থাকে কি অন্য কোন রকম বিরোধ থাকে, সেই সময় উপস্থিত করতে পারবে, সেটা আমাদের গভর্ণমেন্ট থেকে পাওয়ার্স দেওয়া আছে তাঁরা সেগুলি হিয়ারিং করবেন, সেগুলি শুনবেন মর্টগেজ হবে কি হবে না। তারপর ২৪ বছরের সার্চ মানে কি? আমাদের রেজিস্ট্রি অফিসে এক একটা অ্যাপ্লিকেশন কত নম্বর? ১০২৫ নম্বর অ্যাপ্লিকেশন, সমস্ত সার্চ শেষ হবে তারপর ১০২৫ নম্বর আসবে। জীবদ্দশায় পাবেন কিনা কোন ঠিক-ঠিকানা ছিল না। সেইজন্যই এটাকে বিশেষ জরুরী ভেবে আপনার সামনে উপস্থিত করেছি। এটা করছি কেন? আউটসাইড দি প্ল্যান পরিকল্পনার মধ্যে টাকা নিয়ে টানাটানি, আপনি জানেন কেন্দ্রীয় সরকার যে অল্প টাকা দিচ্ছেন তা দিয়ে না শিক্ষা, না স্বাস্থ্য, না হচ্ছে আমাদের বিভিন্ন প্রয়োজনীয় যে সমস্ত জিনিষ, সেই টাকা নিয়ে পরিপূরণ করতে পারি না। কিন্তু কৃষিঋণ একমাত্র হাতিয়ার কো-অপারেটিভ-এর ক্ষেত্রে দীর্ঘমেয়াদী ঋণ হিসাবে সেচের জন্য আমরা ল্যান্ড মর্টগেজ ব্যাংকগুলিকে ব্যবহার করতে চাই, পদ্ধতি সরলীকরণ করে দিতে চাই, তার জন্য এই সংশোধনী রাখতে চাইছি।

আর একটা বলি, সেটা মর্টগেজের ব্যাপার, এজমালী জমি মর্টগেজ নিতে ভীষণ দেরী হয়, সেখানেও অবস্থাকে সরলীকরণ করার জন্য ল্যান্ড রেভিনিউ বিভাগকে, ভূমিরাজস্ব বিভাগকে আমরা প্রস্তাব দিয়েছি, তাঁরা আলোচনা করছেন, এখনও পর্যন্ত সিদ্ধান্ত হয় নি। কিন্তু তাঁরা একটা নোটিশ দিয়েছেন যে কোন মিউটেশন করতে হলে পর ১৫ দিনের মধ্যে, যদি সেচের জন্য কোন পাম্প সেট জমির উন্নতির জন্য কোন মিউটেশন করতে চান তাহলে মিউটেশন ১৫ দিনের মধ্যে করে দিতে হবে। সম্প্রতি বাঁকুড়ায় গিয়ে অত্যন্ত অনুন্নত এবং গরীব কৃষি এলাকা দেখে এসেছি, ১৫·৮২ লক্ষ টাকা কো-অপারেটিভ ল্যান্ড মর্টগেজ ব্যাংক দিয়েছেন জুন মাস পর্যন্ত, তার মধ্যে ১১·৭০ লক্ষ টাকা ছোট ছোট সেচ পরিকল্পনার জন্য, যেমন ইরিগেশন টিউব ওয়েল, স্যালো টিউবওয়েল, তারপর পাম্প, পার্শিয়ান ওয়েল আমি নিজে দেখে এসেছি ছোট ছোট চাষী ব্যক্তিগতভাবে আড়াই তিন হাজার চার হাজার টাকা খরচ করে বিভিন্নভাবে এগুলি বসিয়েছে। ঐরকম শুকনো জায়গায় যেভাবে সেচ করে তাই সার আট ফলিয়েছে, সেটা দেখে সত্যি আশা হয়। যদি আমরা ল্যান্ড মর্টগেজ ব্যাংককে ব্যবহার করতে পারি যেমন মহারাষ্ট্র করেছে, যেমন করেছে আমাদের গুজরাট এবং আর একটা প্রদেশ সেটা বোধ হয় মাদ্রাজ, লক্ষ লক্ষ কোটি কোটি টাকা যেভাবে ব্যবহার করেছে .

[5-20—5-30 p.m.]

তারা ৪০ কোটি ৮০ কোটি টাকা ব্যবহার করেছে, করে তাঁরা তাঁদের দেশকে উর্বর করে ফেলেছে। আমরা কেন তা করতে পারবো না? এটা কিছু লোক কুক্ষিগত করে রেখেছে অন্যায় করে গাফিলতি করবো না, চুরি করে তারা সমবায়গুলিকে একেবারে ফাঁক করে দিয়েছে। আমরা এই [illegible] দুর্নীতি দমন করতে পারবো—এবং নিশ্চয় আমাদের দেশেও ৩০ কোটি ৬০ কোটি টাকা [illegible] কৃষির উন্নতির জন্য—এগ্রিকালচারাল প্রজেক্ট সাবকমিটি হয়েছে। এই প্রথম কৃষি এগ্রো ইন্ডাস্ট্রী, সমস্ত ইন্ডাস্ট্রী এক সঙ্গে করে বিভিন্ন জায়গায় বড় বড় প্রোজেক্ট করবো। কেন এই প্রোজেক্ট করবো? এই কারণে করবো যে ছোট ছোট চাষী একযোগে চাষ করে—একটা আমরা ১০।১২ জনে মিলে ব্যবহার করতে পারবো। তার জন্য চাই সমবায়ের মনোভাব। তার জন্য চাই আন্দোলন যা সৃষ্টি করবার জন্য আমাদের অনেক বন্ধু বলেছেন। সেই আন্দোলন সফল হোক এই কামনা করবো।

এখন ৯৮ ধারা সম্বন্ধে যে কথা উঠেছে, নলিনাক্ষবাবু তা তুলেছেন, যা চার্জ হয়েছে সর্ট টার্ম লোনের জন্য সেটা মর্টগেজ টিকবে না। মর্টগেজ করে দেবে যেখানে সেখানে অন্য প্রশ্ন আসছে। মর্টগেজ যখন হবে—জমির উন্নয়ন, সেচের উন্নয়নে সেটা ব্যবহার করতে পারবো টাকা দিয়ে সেটা হচ্ছে প্রধান কথা। তার জন্য এই সংশোধন চেয়েছি।

তারপর অন্যান্য যে সমস্ত কথা তিনি বলেছেন—কমার্শিয়াল ব্যাঙ্ক ভয় পেয়ে যাবে—অমুক তমুক। তারা কোন দিন আসে নি—বিত্তবান চাষী। আমরা চাই—আমাদের দৃষ্টিভঙ্গী হচ্ছে গরীব চাষী একযোগে হয়ে ঐ জমি চাষ করাবো। সেই জন্য এই সংশোধন চেয়েছি এবং কমার্শিয়াল ব্যাঙ্ক ভয় পেয়ে যাবে বলে আমরা ভয় পেয়ে যাব—তা নয়। কমার্শিয়াল ব্যাঙ্ক এসেছেন। যখন আসছে শুনছি, আসুক না বিত্তবানরা। আমরা যুক্তফ্রন্ট গরীবের জন্য কাজ করে যাব। তার জন্য তো এই বিল এনেছি—ল্যান্ড মর্টগেজ ব্যাংক যদি ফার্স্ট চান্স না পায়, আমরা কৃষিঋণগুলিকে যদি রক্ষা করতে না পারি, তাহলে অসুবিধা হবে। আমাদের দেশের সমবায় ব্যাঙ্কের অবস্থা অত্যন্ত শোচনীয়, ওরা সব লুটেপুটে সাবাড় করে দিয়েছে। সেটা যাতে আর না হয় তার জন্য এই ফার্স্ট চার্জ রেখেছি ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্ককে সুরক্ষিত করে রাখতে চাই বলে। আমাদের অনেক উকিল-মোক্তার, ল-ইয়ার আছেন, তাঁরা হর্দম যাচ্ছেন কোর্টে। তাঁরা অনেকে কোর্টে কেস করছেন, তাঁরা ইনজাংশান করছেন। তা যদি হয়, আমরা মামলা লড়বো। এতদিন এক্সপার্টি ডিসিসান হয়ে যেত, এখন তা হতে দেব না।

আর একটা কথা আমি বলব --অনেকেই আমাকে বলেছেন, আমাদের সমবায়ের আইনগুলি বহুদিন আগে তৈরী হয়েছে এবং নানা রকম ভেস্টেড ইন্টারেস্ট তার মধ্যে ঢুকে তাকে কুক্ষিগত করেছে। সেইজন্য এই সমবায়ের আইনটাকে সমূহ পরিবর্তন করবার জন্য, আমূল পরিবর্তন করার জন্য দাবী এসেছে, আমি তাতে খুশী হয়েছি। তবে এই দাবী ওঠার আগেই একটা 'ল' কমিটি আমরা তৈরি করেছি। সেই 'ল' কমিটির চেয়ারম্যান শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী এই হাউসের সদস্য, তার মেম্বার শ্রীগোপাল ব্যানার্জী ইত্যাদি অনেকে এবং আমাদের সরকারী কর্মচারীরা তাতে আছেন। আপনারা যারা বিভিন্ন ভাবে সংশোধনী প্রস্তাব দিয়েছেন সেগুলি নিশ্চয় আপনারা দেবেন তবে একটা জিনিষ বলি যে মহাজনী যারা করে সেই মহাজনীরা যদি ডিবার্ট হয়ে যায় সেটা তো নিশ্চিত একটা থাকবে আমাদের প্রভিসান, প্রায় প্রতিটি ক্ষেত্রে সেখানে আমাদের সংশোধন করতে হবে এবং আমি আশা করি এই সেশানে না হলেও এর পরে যে সেশান আসবে সেখানে এটা পুরোপুরি সংশোধন হবে ও প্রায় নতুন আকার নিয়ে আমরা এই অ্যাক্ট ও রুল আপনাদের সামনে নিয়ে আসতে পারবো। যুক্তফ্রন্ট সরকারের দুটি দৃষ্টি। প্রথম দৃষ্টি মহাজনী প্রথাকে আমাদের আঘাত হানতে হবে, তাকে সম্পূর্ণভাবে আমাদের পরাস্ত করতে হবে এবং গরিব চাষীকে আমাদের সাহায্য করতে হবে। যার জন্য আপনারা দেখবেন আমাদের যুক্তফ্রন্ট সরকারের নীতি হিসাবে বলেছি যে লোন দেবে সে লোন পাবে এবং গরিব চাষী বিশেষ করে যদি লোন পায় নিশ্চিন্তভাবে [illegible] লেন দেন সেইজন্য আমরা বলেছি বর্গাদের এবং গরীব চাষীকে প্রথম লোন দিতে হবে। পাঁচশো টাকার কম যারা লোন নিয়েছেন তাদের প্রথম আমরা দেব। পাঁচশো টাকার ঊর্ধ্বে যারা লোন নিয়েছেন তাদের আমরা বলেছি যে যারা লোন রি-পেমেন্ট করেন নি তাদের আমরা কম [illegible] দেব এবং আমরা সার্টিফিকেট করবো। একজন মাননীয় সদস্য বলেছেন যে কৃষকদের অসুবিধা হচ্ছে। যারা বড় চাষী এবং গরিব চাষী তারা নিশ্চয় ভাবে [illegible] বারংবার বলব যে আপনারা যদি টাকাটা এখন না দেন তাহলে আউস উঠলে দিন না পারলে পাট, আলু বা তামাক উঠলে দিন কিন্তু দিতে হবে। না দিলে [illegible] ব্যাঙ্কের কাছ থেকে এই যে রিবেট অন্যের টাকা এটা বেশীদিন আমরা টানতে পারবো না। এই জিনিসটা যদি আন্দোলনরূপে নেন আমি বিশ্বাস করি আমাদের ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্ক এবং স্বল্প মেয়াদী ঋণ দেবার যে ব্যাঙ্কগুলি রয়েছে আমরা তাদের দুরবস্থার মধ্যে থেকেও টেনে তুলতে পারবো। সেই জন্য আবার আমি বলি এটা আন্দোলনরূপে নিতে হবে তবেই আমাদের এই আইন সংশোধন সার্থক হবে।

The motion that the Bengal Co-operative Societies (Amendment) Bill, 1969, be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and lost.

The motion Shrimati Renu Chakravarty that the Bengal Co-operative Societies (Amendment) Bill, 1969, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2 and 3

The question that clauses 1, 2 and 3 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 4

**Shrimati Renu Chakravarty:** Sir, I beg to move that in clause 4, in the proposed Section 52A, in the proviso for the words "the manager of" occuring at two places the words "the manager of, or any officer of the Government deputed by the State Government under Section 24 to" be substituted.

The motion was then put and agreed to.

[5-30—5-40 p.m.]

The question that Clause 4 as amended do stand part of the Bill was then put and agreed to.

Clause 5

The question that Clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Clause 6

**Mr. Deputy Speaker:** There is one amendment to Clause 6. Dr. Nalinaksha Sanyal may kindly move.

**Shri Saral Deb:**

দালালী তো অনেক করেছেন, আপনার মত টাকা খেয়ে বেইমানী করিনি।

**Dr. Nalinaksha Sanyal:** Sir, I do not know on whom reflections are being made. Honourable members must know that I am here by virture of some authority as some of them are here and this type of statement cannot be allowed to go unchallenged, and if any personal reflection is made I know how to reply to that.

**Mr. Deputy Speaker:** There should not be any personal reflection. Dr. Sanyal, you please move your amendment.

**Dr. Nalinaksha Sanyal:** Sir, I beg to move that in clause 6, in proposed sub-section (2) in line 9, after the words "such mortgage" the words "save and except mortgage or charges created in favour of Commercial Banks, Agro-Industries Corporation and such financing institutions as may be notified by Government from time to time" be inserted.

ইতিপূর্বে আমার বক্তব্যের মধ্যে আমি আশঙ্কা করেছিলাম যে এই আইনে বর্তমানে যে অবস্থা রয়েছে যদি তাই পাস করা হয় তাহলে রুরাল ক্রেডিটে আরো অভাব দাঁড়িয়ে যাবে। কেন না, এখন আমি দেখতে পাচ্ছি কমার্শিয়াল ব্যাঙ্ক এবং অন্যান্য ক্রেডিট ইনস্টিটিউশন পল্লীগ্রামে

টাকা খাটানোর জন্য নানা দিক থেকে বুঝতে পেরেছে যে সেটা তাদের দরকার সমাজ কল্যাণের জন্য এবং তারা এগিয়ে আসছে। আজ তারা তাদের ভয়ে স্নিম্ক দেখা দেওয়ায় তাদের যেসব মর্টগেজ হবে সেটা অগ্রাধিকার পাবে না। তাহলে স্বভাবতঃই তারা পরে সেখানে টাকা লগ্নী করতে ভয় পাবেন। কাজেই যেখানে বলা হচ্ছে

ordinance shall have priority over other mortgages or charges created by the mortgagor

আমি এইটা এক্সক্লুড করে রাখছি। যেগুলি কমার্সিয়াল ব্যাঙ্কের কাছে মর্টগেজ দিয়েছি কিম্বা অ্যাগ্রো ইন্ডাস্ট্রিজ করপোরেশনের কাছ থেকে টাকা মর্টগেজ দিয়েছে কিম্বা এমন অন্য কোন ক্রেডিট ইনস্টিটিউশন—গভর্নমেন্ট যদি মনে করেন ন্যায্যভাবে টাকা ইউজিরিয়াস লোন করেনি তাহলে তাদের মর্টগেজের অগ্রাধিকার হরণ করবেন না—এটাকে মোটামুটি আমি এই বক্তব্যের মধ্যে রেখেছি। ইতিপূর্বে আমার প্রথম বক্তৃতার মধ্যেও আমি এই কথাই জানিয়েছিলাম, কিন্তু তার জবাব আমি পাই নি।

আমাদের যে রাইট, মর্টগেজ একটা রাইট, যদি সেই অধিকার কেড়ে নেবার চেষ্টা করা হয় তাহলে ভারতের সংবিধানের আর্টিকল ৩১কে ইনফ্রিঞ্জ করা হবে এবং তার জন্য কমপেনসেসন দেওয়ার প্রভিসান করতে হবে, যখন সেই প্রভিসান নেই। আর একটা জিনিস চিন্তা করবার আছে এখানে বলা হয়েছে ইন্ডিয়ান রেজিস্ট্রেন্স অ্যাক্টে যে প্রভিসান আছে সেই অনুযায়ী এই সব ল্যান্ডের প্রায়ার রেজিস্ট্রেসন করতে হবে না, তা যদি হয় তাহলে সেন্ট্রালের লেজিসলেশনকেও ইনফ্রিঞ্জ করা হবে। আমি জানি না বর্তমান মন্ত্রিসভা এরকম অবস্থায় আইনে যে প্রভিসন আছে অর্থাৎ আইনে আছে প্রেসিডেণ্টের প্রায়ার কনসেণ্ট এই বিলে আছে কি না, যদি প্রেসিডেন্টের প্রায়ার কনসেন্টটা থাকে এবং সেন্ট্রাল লেজিসলেশনকে যদি এটা ইনফ্রিঞ্জ করে তাহলে রেসপেক্টফুলি আপনার কাছে নিবেদন করবো আপনার কাছে যে এই বিল পাস করতে দেবেন না। কেন না সেটা বেআইনী হবে। আমাদের হাউসের নিয়ম আছে যে তাতে এটা হতে পারে না। এখন অবশ্য আইন করে নিজেদের বিদ্যা জাহির করতে গিয়ে তারপর হাইকোর্টের কাছে থাপ্পড় খাওয়া এই মন্ত্রিমণ্ডলীর একটা অভ্যাস হয়ে গেছে। এটা আমাদের হাউসের পক্ষে খুব ভাল দৃষ্টান্ত হবে বলবো না। সুতরাং দুটি আইনগত যে প্রশ্ন আছে তা আমি লক্ষ্য করতে বলবো। আর বলবো যে যে কটি সংশোধনী প্রস্তাব করলাম যাতে ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্ক ছাড়াও অন্যান্য যে ক্রেডিট ইনস্টিটিউশন আছে সেইগুলো যেন অব্যাহত থাকে। সেইজন্য আমি আবার সংশোধনী প্রস্তাব উত্থাপন করেছি এবং আশা করবো সেইগুলো গৃহীত হবে।

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** সব কথার জবাব দিয়েছিলাম কিন্তু মাননীয় সদস্য হাউসে ছিলেন না, অতএব আবার তাঁকে বুঝিয়ে বলতে হবে। সেটা হচ্ছে তিনি যে কমার্শিয়াল ব্যাঙ্ক কমার্শিয়াল ব্যাঙ্ক করে একেবারে উদভ্রান্ত হয়ে যাচ্ছেন, তার জবাবে বলতে চাই উনি তো অনেকদিনের লোক, ১৯৪০ সালে আমাদের এখানে কো-অপারেটিভ অ্যাক্ট তৈরী করেছিল—এটা যে খুব ভাল অ্যাক্ট তা নয়, তবে বলবো তাঁর নিশ্চয়ই জ্ঞান আছে যে আনএনকামবার্ড জমি ছাড়া তো মর্টগেজ হবে। অতএব যদি সেখানে কোন এনকামব্রেন্স থাকে তাহলে স্বভাবতঃই সেটা হবে না। উনি ৪৭এ যেটা পড়েছেন সেখানে অ্যাকচুয়ালী আছে যে সরকার শর্ট টার্ম লোনের চার্জ, সেই চার্জ সম্পর্কে যদি কিছু চার্জ থাকে, চার্জ আর মর্টগেজ-এর মধ্যে তফাৎ আছে। সেইজন্য এই ৯২ সম্পর্কে আমি বার বার বলেছি যে এই ব্যাপারে কমার্শিয়াল ব্যাঙ্কের কাছে যদি মর্টগেজ থাকেও, আমরা বলেছি প্রথম কথা যে এই মর্টগেজ হবে না, আর যদি হয়, লুকিয়ে চুরিয়ে যদি হয়ে থাকে তাহলে দিস উইল বি দি ফার্স্ট চার্জ। আজ পর্যন্ত আমি একবারও কনসার্ন নই যে আমাদের কমার্শিয়াল ব্যাঙ্ক কোথায় আসছে, আসছেই না, খালি রব শুনেছি, চোখে দেখিনি, খালি বাঁশি শুনেছি। এখন এই অবস্থায় আমরা খুব বেশী চিন্তান্বিত নই। এখন আমার বক্তব্য হচ্ছে যদি আমরা ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্কে নিই, সেচ পরিকল্পনায় যদি সাহায্য করি, তাহলে যেখানে পাঁচ মণ ধান হতো সেই জায়গায় ২০।২৫ মণ ধান [illegible]

এই যে একটা ডায়নামিক ভিউ একটা গতিশীল দৃষ্টিভংগী সেটা বোধ হয় ডঃ সান্যালের পক্ষে গ্রহণ করা মুশকিল এবং সেটা যদি থাকত উনি ভয় করতেন না। কিন্তু ও'রা মনে করছেন পাঁচ মণ ধানই থাকবে। আমরা দিচ্ছি এটা প্রডাকটিভিটি বলেই দিচ্ছি এবং এর প্রডাকটিভিটি আছে বলেই একে অগ্রাধিকার দেব। আমরা খাদ্য উৎপাদন চালু করবার জন্য এই টাকা দিয়েছি অমুকের মেয়ের বিয়ে, কি অমুকের ছেলের বিয়ের জন্য দিই নি। এই আনপ্রডাকটিভ পারপাসে ব্যবহার বন্ধ করতে চাই। এর ফলে কৃষির উন্নতি হবে, ভালো হবে।

[5-40—5-54 p.m.]

একটা কথা আপনাদের জিজ্ঞাসা করি। আপনারা কি মনে করেন প্রেসিডেন্টের অ্যাসেন্ট না হয়েই অর্ডিন্যান্স হয়। এখন এই অর্ডিন্যান্স যাবে বিল হয়ে সেখানে প্রেসিডেন্টের অ্যাসেন্ট নিশ্চয় পাবে এবং যদি এই অর্ডিন্যান্সে সার্টিফিকেট হয়ে থাকে, প্রেসিডেন্টের কনসেন্ট নিশ্চয় বিলের ক্ষেত্রেও পাওয়া যাবে। অনেক সময় কনস্টিটিউশনের ৩১ ধারা অন্যায়ভাবে প্রয়োগ হয় আমার মনে হয় একটা কথা বললে জল হয়ে যাবে। এই রকম ধারা মহারাষ্ট্র অ্যাক্টে আছে কংগ্রেস গভর্নমেন্টের অ্যাক্ট হলে ভাল হবে, আর আমরা সেই অ্যাক্ট আনতে পারব না। এটা কেমন কথা? এখানকার কংগ্রেসীরা ২০।২২ বছরেও একটা অ্যাক্ট আনতে পারেন নি। আজকে এটা পরিস্কার হয়ে গিয়েছে।

The motion of Dr. Nalinaksha Sanyal that in clause 6, in proposed sub-section (2) in line 9, after the words "such mortgage" the words "save and except mortgage or charges created in favour of Commercial Banks, Agro Industries Corporation and such financing institutions as may be notified by Government from time to time" be inserted, was then put and lost.

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 7, 8 and Preamble

The question that clauses 7, 8 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shrimati Renu Chakravarty:** Sir, I beg to move that the Bengal Co-operative Societies (Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**The West Bengal Utilisation of Land for Production of Food Crops Bill, 1969**

**Shri Hare Krishna Konar:** I beg to introduced the West Bengal Utilisation of Land for Production of Food Crops Bill, 1969.

(Secretary read the title of the Bill)

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিল সম্বন্ধে বেশি আলোচনায় যেতে চাই না। শুধু এই বিলের প্রয়োজন কেন হল, সেইটা বলতে চাই। পতিত জমি থাকলে তার জন্য অন্য আইন আছে, এই জরুরী আইনের কেন প্রয়োজন হল, সেইটা আমি বলতে চাই আমাদের অভিজ্ঞতায় দেখেছিলাম এবং এখনও দেখছি এমন কিছু চাষের জমি আছে, চাষের জমি মানে এমনি থেকে উঠতি জমি চাষ করা যায় যাতে, ফেলে রাখা হচ্ছে, চাষের সিজন আরম্ভ হওয়া সত্ত্বেও দেখা যাচ্ছে চাষের কোন চেষ্টা হচ্ছে না। সেগুলো যাতে পড়ে না থাকে, সেগুলোতে যাতে খাদ্য উৎপাদন করা যায়

সেজন্য জরুরী ব্যবস্থা করা হয়েছে। আর দ্বিতীয় হচ্ছে, এই রকম চাষের উপযুক্ত জমি যদি ফেলে রেখে দেওয়া হয় স্বাভাবিকভাবে সেই নিয়ে অশান্তির সৃষ্টি হতে পারে, তাও বন্ধ করা প্রয়োজন। বলা যায় আমরা দেখেছিলাম এই ২৪-পরগনার যাদবপুরের দক্ষিণে একটা জমি, প্রায় হাজার খানেক বিঘা জমি, রেকর্ড করা হয়েছে ফিসারী বলে, অর্থাৎ সেটাকে নানাভাবে, নানা পদ্ধতিতে বে-আইনী করে ঐ রকমভাবে রেকর্ড করে রাখা হয়েছে। মজার কথা হচ্ছে যে, সেখানে জলও উঠে না আর ফিসারীও নেই, সোজা চাষের জমি কিন্তু মালিকরা ঐ জমিটাকে বর্গাদার দিয়ে চাষ করান নি। ২৪-পরগনার বর্গাদার একটু চালাক-চতুর, সংগঠিত, কারণ বর্গাদার দিয়ে চাষ করায় তাহলে ঐ বর্গাদার হয়ত ভাগ কোর্টে চলে গিয়ে বর্গাদার বলে প্রমাণিত হবে, যেমনি বর্গাদার বলে প্রমাণিত হবে সেই মুহূর্তে জমিটা চাষের জমি বলে প্রমাণিত হয়ে যাবে, সেই মুহূর্তে ফিসারী বলে রেকর্ড করে ঐ যে অফুরন্ত রাখা যায় সেটা আর রাখা যাবে না। এই-ভাবে জমিটাকে ফেলে রাখা হয়েছিল, ১৯৬৭ সালে অনেক কৃষক গিয়ে সেই জমিটাকে দখল করেছে। সুতরাং দখল করার পর আমাদের কাছে প্রশ্ন এল কি করা যায়। নীতিগতভাবে দেখতে গেলে কৃষকরা খুব ন্যায়সংগত কাজই করেছে অথচ রেকর্ডটি রয়ে গেছে ফিসারী বলে, মালিক বা অন্য, এই অবস্থায় কেমন করে সমাধান করা যাবে। তখন আমাদের মাথায় এটা এসেছিল যে এই রকম ক্ষেত্রে জমিগুলিকে গভর্নমেন্ট অন্ততঃ তাড়াতাড়ি রিকুইজিশন করে নিয়ে এই লোকেদের দিয়ে চাষ করান দরকার আছে। আমাদের হাওড়ায় এই রকম ২টি কেস আছে। গত যুদ্ধের সময়ে বিরলা কোঃ কয়েক শত একর জমি নিলেন তারা নাকি কারখানা টারখানা করবেন ইত্যাদি বলে এবং গত যুদ্ধের পর থেকে সেই জমিকে ফেলে রেখে দেওয়া হয়েছে। ভাল এক্কেবারে চাষের জমি এবং জঞ্জালও সাফ করতে হবে না অথচ সেখানে ফেলে রেখে দেওয়া হয়েছে। সম্ভবত তারা মনে করেছেন বর্গাদারদের দিলে যদি তাড়ান না যায় অথবা অন্য কিছু বললে মুস্কিল হয় সেই কারণে তারা জমিটাকে ফেলে রেখে দিয়েছেন। কি করা যাবে, কৃষকরা নিশ্চয়ই সেই জমি ফেলে রাখা হবে না, তারা সেখানে দখল নিয়ে চাষ করবে। যদি তারা তা করে তাহলে এটাকে অন্যায় বলা যাবে না, ন্যায়সঙ্গত বলতে হবে। তবে আইনের দিক থেকে হয়ত কিছু ত্রুটি হতে পারে। এসব জমিকে ফেলে রাখা যায় না। এই রকম আরো অনেক জমি আছে, চাবাগানে অনেক বেশী জমি আইনত রাখতে দেওয়া হয়েছে। পড়ে আছে, ভাল চাষের জমি। তারাও ব্যবহার করছেন না। অথচ সেই জমিগুলি থাকলে লোকে চাষ করবেই। এইরকম জিনিষগুলিকে অর্থাৎ একদিকে বড় বড় মিলমালিকরা জমিগুলিকে এই রকমভাবে ফেলে রেখে দিয়ে ফসলের উৎপাদনে ক্ষতি করতে যাতে না পারে, অন্যদিকে যে কৃষকরা ন্যায়সঙ্গত অনুভূতি নিয়ে, ন্যায়সঙ্গত আগ্রহ নিয়ে সেগুলিকে চাষ করতে যাবে, তারা যাতে আইনের বেকায়দায় না পড়ে যায়, আইনের দিক দিয়ে তাদের রক্ষা করা প্রয়োজন আছে। এই কর্তব্য বিবেচনা করে এই আইনটি আমাদের আনতে হয়েছিল। এটা ১৯৬৭ সালে হয়েছিল তারপর এখন আবার দরকার হয়েছে। এটা জেনে রেখে দিন ১৯৬৭ সালে এই অর্ডিন্যান্স পাশ করা হয়েছিল। কিন্তু যখন যুক্তফ্রন্টের গভর্নমেন্টকে বাতিল করে দেওয়া হয়েছিল, পরবর্তী কালের গভর্নমেন্ট এই আইনকে রাখা প্রয়োজন মনে করলেন না, কারণ তাঁরা ভেবেছিলেন যে এটাতে মিলমালিকদের একটু গায়ে লাগবে তো, তাই তারা আইনটাকে বাতিল করে দিলেন। আমাদের আবার সেই আইনটা করতে হ'ল ঠিক বর্ষার আগে দরকার হয়েছে, আমরা মনে করছি যে এই আইনটাকে স্থায়ীভাবে রাখার দরকার আছে। এর বিধানগুলি দেখেছেন, বেশী কিছু বলার নেই। এই বিধান হচ্ছে এই—অন্য কোন জমি নয়, যে জমি মালিকরা বর্গাদার দিয়ে হোক, আর নিজেরাই হোক চাষ করাচ্ছেন অথবা ধরুন আষাঢ় মাসের আগে লাঙ্গল ইত্যাদি দিয়েছেন সেসব জমি নয়। এক মাত্র সেই জমিগুলি যেটা চাষের উপযুক্ত অথচ মালিকরা চাষ করেনি। এই রকম ক্ষেত্রে জেলার কালেক্টর অথবা কালেক্টরের অনুমোদিত অফিসার তিনি সেই জমিকে অত্যন্ত অল্প সময়ের নোটিশ দিয়ে সেই জমিকে রিকুইজিশন করবেন।

এবং রিকুইজিশন করে সেই জমি অতি দ্রুত যারা চাষ করতে পারবেন তাদের কাছে দেবেন এই হ'ল আইনের মূল বিধান। এবং ঐ জমির মালিক যদি পজেসন না ছাড়েন তাহলে প্রয়োজন হলে শক্তি প্রয়োগ করে তা নিয়ে নেওয়া হবে এবং তাকে কোন টাইম দেওয়া হবে না। আসল

কথা হচ্ছে আষাঢ় মাসে হয়ত আমরা চাষ আরম্ভ করব, জ্যৈষ্ঠ মাসে হয়ত বুঝলাম সে চাষ করছে না, জ্যৈষ্ঠ মাসে ম্যাজিস্ট্রেট অর্ডার দিলেন—এবার যদি সে বলে আমাকে ৩ মাস টাইম দাও, হেয়ারিং দাও, তাহলে দেখা যাবে আমরা যখন জমি নেব তখন হয়ত চাষের সিজন পেরিয়ে গেছে। এই কারণে জমিটা অত্যন্ত তাড়াতাড়ি আমরা নিয়ে নিচ্ছি, কিন্তু যাতে মালিকের কোন অসুবিধা না হয় সেজন্য আমরা একটা এগ্রিকলচারাল সিজনের জন্য নিয়েছি। মালিক হয়ত বলতে পারে আমি কারখানার জন্য নিয়েছি, এখন সেই কারখানা করতে পারছি না, জিনিসপত্র যোগাড়যন্ত্র করতে এক বছর সময় লাগবে—সেজন্য আমরা বলছি এক বছরের জন্য রিকুইজিশন করব এবং সঙ্গে সঙ্গে মালিক যদি চান সেই জমিকে অন্যভাবে ব্যবহার করতে তাহলে তিনি তা করতে পারেন। এটা শুধু হচ্ছে অন্যায় অবিচার করে জব্দ করার জন্য, দেশের ক্ষতি করার জন্য যাতে জমি না ফেলে রাখতে পারে সেজন্য এক বছরের জন্য করা হয়েছে এবং গভর্নমেন্ট প্রয়োজন মনে করলে ওটাকে আরো দু' বছর কন্টিনিউ করাতে পারেন কিন্তু তিন বছরের বেশী নয়, এই কারণেই এই আইনের বিধানগুলি করা হয়েছে। ফসল ভাগের দিক দিয়ে যদি বলেন —অবশ্য আরো ভাল করতে পারলে ভাল হ'ত—কিন্তু যিনি চাষ করবেন তাকে শতকরা ৬৫ ভাগ দেওয়া হবে, আর ৩৫ ভাগের মধ্যে ম্যানেজমেন্টের খরচ বাবদ গভর্নমেন্টকে ১০ ভাগ দেওয়া হবে এবং আর ২৫ ভাগ অথবা তার টাকার যা ভ্যালু হবে সেটা মালিককে দিয়ে দেওয়া হবে- এই হল আইনের মূল প্রভিশন, এছাড়া আর অন্য কিছু নেই। আমার মনে হয়েছে আইনটা স্থায়ীভাবে থাকা দরকার এবং এটা কত জায়গায় প্রয়োগ হবে বলতে পারি না। তবে এই আইনটা যদি থাকে তাহলে এর ভয়ে কেউ আর জমি ফেলে রাখবে না, জমিতে চাষ করবে। আমরা ইতিমধ্যে হাওড়াতে এই আইন প্রয়োগের ব্যবস্থা করেছি যাতে জমিগুলি পড়ে না থাকে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই কয়টি কথা বলে এই গুরুত্বপূর্ণ আইনটা যাতে কারো ন্যায্য অধিকারের উপর হস্তক্ষেপ করা হচ্ছে না- এটা বিনা প্রতিবাদে মাননীয় সদস্যরা গ্রহণ করবেন এটা আশা করি। এই বলে আমি এই বিলটা পেশ করছি।

**Mr. Deputy Speaker:** The Minister-in-charge may now move the motion for consideration of the Bill.

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to move that the West Bengal Utilisation of Land for Production of Food Crops Bill, 1969, be taken into consideration.

**Mr. Deputy Speaker:** The House stands adjourned till 1p.m. on Monday, the 7th July, 1969.

## Adjournment

The Assembly was accordingly adjourned at 5-54 p.m. till 1 p.m. on Monday, the 7th July, 1969, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 7th July 1969, at 1 p.m.

**Present**

Mr. Speaker (Shri Bejoy Kumar Banerjee) in the Chair, 19 Ministers, 1 Ministers of State and 206 Members.

### STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

**Powerloom Factories**

*33. (Admitted question No. *18.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে এই রাজ্যের কোন্ জেলায় কয়টি পাওয়ার লুম ফ্যাক্টরী চালু আছে এবং কয়টি বন্ধ আছে; এবং

(খ) বর্তমানে কোন জেলায় আর কোনও পাওয়ার লুম ফ্যাক্টরী স্থাপনের প্রস্তাব বিবেচনাধীন আছে কি?

[1 to 1-10 p.m.]

**Shri Sambhu Charan Ghose:**

(ক) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(খ) হ্যাঁ, আছে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** হিসাবে দেখা যাচ্ছে ৯০টি পাওয়ার লুম সোসাইটি চালু আছে এবং ১০টি বন্ধ আছে। এই ১০টির নাম কি কি?

**শ্রীশম্ভুচরণ ঘোষ:** ১০টি বন্ধ সমবায় সমিতির মধ্যে ৩টি সমবায় সমিতি আজ পর্যন্ত তাদের পাওয়ার লুম চালু করতে পারে নি। নাম হচ্ছে—

(১) বটতলা কো-অপারেটিভ সোসাইটি;

(২) উলুবেড়িয়া পাওয়ার লুম কো-অপারেটিভ সোসাইটি;

(৩) খানাকুল পাওয়ার লুম কো-অপারেটিভ সোসাইটি লিঃ;

(৪) গোবিন্দপুর পাওয়ার লুম কো-অপারেটিভ সোসাইটি লিঃ;

(৫) পূর্ব কোনা পাওয়ার লুম কো-অপারেটিভ সোসাইটি লিঃ;

(৬) ন্যাশনাল কো-অপারেটিভ উইভার্স সোসাইটি লিঃ;

(৭) বারাসত ইন্ডাস্ট্রিয়াল কো-অপারেটিভ সোসাইটি লিঃ;

(৮) কাকদ্বীপ পাওয়ার লুম কো-অপারেটিভ সোসাইটি লিঃ;

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** খানাকুল পাওয়ার লুম সোসাইটির নাম করলেন, এটা বোধ হয় সেকেন্ড অ্যালটমেন্ট চালু হবার কথা ছিল এবং পাওয়ার লুম সোসাইটির সংগে বোধ হয় শ্রীপ্রফুল্লচন্দ্র সেন জড়িত ছিলেন। এই পাওয়ার লুম সোসাইটি সেকেন্ড অ্যালটমেন্ট-এর পর চালু হয় নি কেন—কারণ কি?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** শুধুমাত্র খানাকুল সোসাইটিই নয় আমি বলছি ৩টি পাওয়ার লুম সোসাইটি চালু হয় নি—বটতলা পাওয়ার লুম কো-অপারেটিভ সোসাইটি, উলুবেড়িয়া পাওয়ার লুম কো-অপারেটিভ সোসাইটি, এবং খানাকুল পাওয়ার লুম কো-অপারেটিভ সোসাইটি, এইগুলি কেন হয় নি তার জন্য অনুসন্ধান করা হচ্ছে।

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** আপনি যে তালিকা দিয়েছেন তাতে দেখা যাচ্ছে মুর্শিদাবাদ জেলায় একটা সোসাইটি চালু আছে—মানে ১৬টা তাঁতের। কিন্তু দেখতে পাচ্ছি যে পাওয়ার লুম এনকোয়ারী কমিশন-এর রিপোর্টে যে, এই জেলায় ২টি অ্যাপ্লিক্যান্ট রিমাইন্ড করা হয় নি, সেকেন্ড অ্যালটমেন্ট এই ২টাই সিলেকশন কমিটি গ্রাহ্য করেছিল। অতএব ২টি পাওয়ার লুম সোসাইটি থাকার কথা। কিন্তু এখানে হিসাবে দেখা যাচ্ছে একটা—এটা কেন জানাবেন কি?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** এ সম্বন্ধে অনুসন্ধান করে জানাব।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** খানাকুল পাওয়ার লুম সোসাইটির ডাইরেক্টারদের নাম কি এবং তাতে প্রফুল্ল সেনের নাম আছে কি?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** নোটিশ চাই।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** আপনি কি জানাবেন, মন্ত্রী থাকাকালীন কেন পাওয়ার লুম বা ঐ রকম সোসাইটির ডাইরেক্টর হওয়া যায় না?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** এ প্রশ্ন ওঠে না।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** অমলেন্দু রায়মহাশয় একটু আগে প্রশ্ন করেছেন প্রফুল্লচন্দ্র সেন মহাশয়ের নাম জড়িত আছে কিনা, উঁার হয়ত ধারণা আছে মন্ত্রী থাকা কালীন পাওয়ার লুমের ডিরেক্টার থাকতে পারেন, এটা ঠিক কি?

(কোন উত্তর দেওয়া হয় নি)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** ফোর্থ ফাইভ-ইয়ার প্ল্যানে ৬ হাজার তাঁত বসাবার কথা আছে, পাওয়ার লুম সোসাইটি মারফত সেগুলি কিভাবে বিলি করা হবে? আগে যেভাবে বিলি করা হয়েছে দেখেছি তাতে সিলেকশন কমিটি সেকেন্ড অ্যালটমেন্ট ৫০টি সোসাইটি বিলি করার কথা, তার মধ্যে ৮টি সোসাইটি সরকার নিজে বিলি করেছেন নর্থ বেংগলে খুঁজে পাওয়া যয় না। সিলেকশন কমিটিতে তো আপনার অফিসাররাই ছিলেন, মন্ত্রীর সুপারিশে বিলি হয়েছিল, এখনও কি এইভাবেই কাজ হবে না সেন্ট্রাল সিলেকশন কমিটি যে ক্রাইটেরিয়ান ঠিক করেছে সেই ক্রাইটেরিয়ানের ভিত্তিতে বিলি করা হবে?

**শ্রীশম্ভুচরণ ঘোষ:** মাননীয় সদস্য প্রশ্ন করেছেন ৪র্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে ৬ হাজার পাওয়ার লুম বিতরণ করার ব্যবস্থা হয়েছে সেটা কিভাবে বণ্টন করা হবে। একথা ঠিক যে পাওয়ার লুম এনকোয়ারী কমিশন রিপোর্ট থেকে এটা জানতে পেরেছি যে আগে পাওয়ার লুম যা বিলি করা হয়েছে তা ঠিকভাবে হয় নি, তাতে দুর্নীতি প্রশ্রয় পেয়েছে, যেকথা বলছেন যে উত্তর বঙ্গে বিলি করা হয়েছিল সেগুলি কলকাতায় প্রতিষ্ঠিত হয়েছিল। সেটা জানা যায় যে তখন নাকি চীনা আক্রমণের জন্য সেখানে না করতে পারাতে এখানে করা হয়েছিল এবং তাতে একটা সর্ত ছিল যে সরকার যদি নির্দেশ দেন তাহলে এক বছরের মধ্যে যথাস্থানে ফিরিয়ে নিয়ে যাবে। এ সম্পর্কে পূর্বতন সরকার কোন নির্দেশ দেন নি। এই যে ৬ হাজার পাওয়ার লুম বণ্টন করা হবে তা পূর্বেকার নিয়মের ব্যতিক্রম, বিভিন্ন জেলায় একটা করে কমিটি গঠন করা হবে, তদের অনুমেদন এবং সুপারিশে কেন্দ্রীয় কমিটি গঠন করা হবে এবং তার মারফত সেগুলি বণ্টন করার ব্যবস্থা অবলম্বন করা হবে।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি পাওয়ার লুমের ব্যাপারে অশোক মেটা কমিটি যে ব্যবস্থা করবার সুপারিশ করেছে এবং সেন্ট্রাল গভর্নমেন্ট যেটা অ্যাকসেপ্ট করেছে সেইভাবেই আমাদের পরিকল্পনা গ্রহণ করা হবে কিনা নাকি ডেভিয়েট করা হবে?

**শ্রীশম্ভুচরণ ঘোষ:** সেই সুপারিশের উপর ভিত্তি করেই জেলা কমিটি গঠন করা হবে এবং জেলা কমিটির সুপারিশে কেন্দ্রীয় কমিটি চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

**শ্রীঅমলেন্দুলাল রায়:** আমি জানতে চাই আগের মতই বিলি হবে কিনা, আপনি জানেন মন্ত্রিমহাশয় কয়েকটি ফ্যামিলি কো-অপারেটিভ করে নিয়েছে, ফ্যামিলী মেম্বার্স দ্বারা, যেমন কুচবিহার পাওয়ার লুম, মায়া ব্যানার্জি ফ্যামিলী কো-অপারেটিভ, এই রকম করে করে এনকোয়ারী কমিশন রিপোর্টে দেখছি অসংখ্য ফ্যামিলী কো-অপারেটিভ করে নিয়েছে, এর পরে যাতে এই রকম ফ্যামিলী কো-অপারেটিভ না হয় সেই রকম বন্দোবস্ত করবেন কি?

**শ্রীশম্ভুচরণ ঘোষ:** যে জেলা কমিটি করা হবে তাতে বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিরা থাকবে, সরকারী অফিসাররা থাকবে। তাঁরা যেভাবে সুপারিশ করবেন সেইভাবে বিলি ব্যবস্থা করা হবে। সুতরাং মাননীয় সদস্য মহাশয় যে আশংকা করছেন যে পুনরায় ফ্যামিলী কো-অপারেটিভ প্রতিষ্ঠিত হবে, সেটা অমূলক বলে প্রতিপন্ন হবে।

[1-10 to 1-20 p.m.]

**Shri Pannalal Majhi:**

যে তিনটি পাওয়ার লুম চালু হয় নাই—সেই তিনটি পাওয়ার লুম-এর পেছনে বিশেষ করে খানাকুল পাওয়ার লুম সোসাইটির পেছনে কত টাকা খরচ করা হয়েছে—মন্ত্রিমহাশয় বলবেন কি?

**Shri Sambhu Charan Ghosh:**

মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি আমাদের দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার সময় ৫০টি পাওয়ার লুম দেওয়া হয়েছে এবং ৩য় পঞ্চবার্ষিক পরিকল্পনার সময় আরো ৫০টি পাওয়ার লুম দেওয়া হয়েছে, তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় ৫০টি পাওয়ার লুম-এর প্রত্যেকটির ক্ষেত্রে ঋণ দেওয়া হয়েছে ৫৫,৫৭৫ টাকা ও অনুদান দেওয়া হয়েছে ২,৪৮৫ টাকা। আর দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় ৫০টি পাওয়ার লুম-এর প্রত্যেকটির ক্ষেত্রে ঋণ বাবদ ৪৮,২০০ টাকা ও অনুদান হিসাবে ৪,৫৬০ টাকা দেওয়া হয়েছে।

**Shri Santosh Kumar Roy:**

মন্ত্রিমহাশয় জানাবেন কি, উত্তরবঙ্গের জন্য নির্দিষ্ট যে পাওয়ার লুম কো-অপারেটিভ সোসাইটি-গুলি আছে—যারা বর্তমানে কলকাতায় কাজ করছে, তাদের যারা বর্তমান কর্মী তাদের সদস্যের অন্তর্ভুক্ত করবার জন্য যে আবেদন করা হয়েছে সরকারের কাছে দীর্ঘদিন আগে, এখনো তাদের মঞ্জুরী দেওয়া হয় নাই—এ সম্বন্ধে সেই কর্মীদের অনুমোদন সরকার তাড়াতাড়ি দেবেন কি?

**Shri Sambhu Charan Ghosh:**

সে সম্পর্কে বিবেচনা করা হবে।

**Schools without elected managing committees**

*34. (Admitted question No. *80.)

**শ্রীসনৎকুমার রাহা:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্তমানে পশ্চিমবঙ্গে কতগুলি উচ্চতর মাধ্যমিক ও কতগুলি উচ্চ বিদ্যালয়ের নির্বাচিত ম্যানেজিং কমিটি নাই?

**Shri Satyapriya Roy:**

মধ্যশিক্ষা পর্ষদ হইতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে দেখা যায় যে, গত মে মাস পর্যন্ত পশ্চিম বঙ্গে ১৬০টি মাধ্যমিক বিদ্যালয়ে (উচ্চতম মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক) নির্বাচিত ম্যানেজিং কমিটি নাই।

**Shri Sanat Kumar Raha:**

এই স্কুলগুলোর যে ম্যানেজিং কমিটি নাই, তা কি কারণে নাই?

**Shri Satyapriya Roy:**

নানা রকম দুর্নীতির এবং অব্যবস্থার অভিযোগ এই সব ম্যানেজিং কমিটির বিরুদ্ধে ছিল এবং তা ছাড়া কিছু কিছু ম্যানেজিং কমিটির কার্যকাল উত্তীর্ণ হয়ে যাবার পরে তারা পুনর্নির্বাচিত করেন নাই—এই রকম নানা কারণে পরিচালক সমিতি বাতিল করে অ্যাডমিনিস্ট্রেটর বা অ্যাড-হক্ কমিটি করা হয়েছে।

**Shri Sanat Kumar Raha:**

যে সমস্ত কমিটির বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ নাই অথচ ৫।৭ বছর একই কমিটি চালু আছে, তার পুনর্নির্বাচন কেন হয় নাই।

**Shri Satyapriya Roy:**

এর দায়িত্ব মধ্যশিক্ষা পর্ষতের।

**Shri Sanat Kumar Raha:**

গত ২০শে মে কলকাতা গেজেটে যে প্রণালীর কথা প্রকাশিত হয়েছে সেই প্রণালীতে মত হবে কি?

**Shri Satyapriya Roy:**

হ্যাঁ, সেই প্রণালী মত হবে। নূতন রুলস ইত্যাদি মত হবে।

**Shri Sanat Kumar Raha:**

নূতন কমিটি নির্বাচন করবার কী পদ্ধতি হবে?

**Shri Satyapriya Roy:**

কমিটি কিভাবে গঠিত হবে, তাদের কি কর্তব্য ও অধিকার থাকবে সেগুলি তাতে দেওয়া হয়েছে --বিশেষতঃ কতদিনের নোটীশ দিয়ে, এর নিয়ম কানুন তৈরী করবে মধ্যশিক্ষা বোর্ড।

**শ্রীসনৎকুমার রাহা:** আমার প্রশ্ন হচ্ছে, ম্যানেজিং কমিটিতে কোন কনস্টিটিউয়েন্সী থেকে মেম্বার আসবে, গার্জেন, ডাক্তার, পারসেন ইন্টারেষ্টেড ইন এডুকেশন ইত্যাদি আগে যে রকম ব্যবস্থা ছিল সেই রকম থাকবে না তার কোন ব্যতিক্রম হবে।

**শ্রীসত্যপ্রিয় রায়:** যদিও এ প্রশ্ন থেকে এটা আসে না তবুও মাননীয় সদস্য জানতে চেয়েছেন বলে বলে দিচ্ছি। পুরানো যা ছিল তার মধ্যে অভিভাবকদের সংখ্যা, শিক্ষকদের সংখ্যা বাড়ানো হয়েছে। তা ছাড়া মেডিক্যাল প্র্যাকটিশনার ও বেনিফ্যাক্টর্স এদের রাখা হয় নি। এ ছাড়া আগে যারা ছিলেন ডোনার, ফাউন্ডার ইত্যাদি তাদেরও নানা রকম নিয়ম কানুনের মধ্যে দিয়ে তাদের যে কেউ ঐ ডোনার ও ফাউন্ডারের দাবি নিয়ে ম্যানেজিং কমিটিতে আসতে না পারেন সে রকমভাবে নিয়ম তৈরি হয়েছে।

**শ্রীসনৎকুমার রাহা:** অভিভাবকদের মধ্যে থেকে যে সংখ্যক ম্যানেজিং কমিটির সদস্য থাকতেন সেই সদস্য সংখ্যা থাকবে, না কমানো হবে?

**শ্রীসত্যপ্রিয় রায়:** আমি আগেই বলেছি যে বাড়ানো হবে, আগে তিনজন থাকতে পারতেন এখন সেই জায়গায় ৪ জন করা হয়েছে।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** শিক্ষকদের মধ্যে থেকে আগের মত নেবার ব্যবস্থা হয়েছে, না শিক্ষক কাউন্সিল থেকে নেওয়া হবে, না, আরো কিছু শিক্ষক তারা সিলেক্ট করে দেবেন এরকম ব্যবস্থা হয়েছে?

**শ্রীসত্যপ্রিয় রায়:** যদিও এ প্রশ্ন থেকে এটা আসে না তবুও বলছি টিচার্স ইলেকটেড হবেন আগে যে রকম ছিল সেই রকম, আগে ২ জন হতেন, এখন তিনজন হবেন। এই তিনজনের মধ্যে একজন এখানে একটা ফাইনান্স সাব কমিটি করা হয়েছে যাতে বিদ্যালয়ের টাকা পয়সা সেক্রেটারী ইচ্ছামত অপচয় করতে না পারেন, সেইজন্য যে ফিনান্স সাব কমিটি করা হয়েছে তাতে একজন মেম্বার হবেন শিক্ষকদের দ্বারা নির্বাচিত প্রতিনিধি। কাজেই তিনজন দুজনের জায়গায় করা হয়েছে, তা ছাড়া এক্স অফিসিও হিসাবে হেড মাস্টার মহাশয় থাকবেন।

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলী:** আপনি বললেন ১৬৭টি স্কুলে কমিটি নেই অ্যাডমিনিস্ট্রেটর রয়েছেন। আমার জিজ্ঞাস্য এখানে কোন টাইম লিমিট করে দিয়েছেন কিনা যে উইদিন থ্রি মান্থস অর ফোর মান্থস এটা হবে। কারণ হয়ত দেখা গেল ১০ বছর ধরে থাকছে, কোন টাইম লিমিট থাকছে কিনা?

**শ্রীসত্যপ্রিয় রায়:** পুরানো নিয়মে টাইম লিমিট ছিল না। নতুন নিয়মে পরিষ্কারভাবে বলা আছে যে ৬ মাসের মধ্যে এই নিয়ম চালু হবার ঐ সমস্ত কমিটিগুলি নিয়ম অনুযায়ী নির্বাচন করে গঠন করে নিতে হবে।

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলী:** অ্যাডমিনিস্ট্রেটরদের ক্রাইটেরিয়ান কি? কিভাবে অ্যাডমিনিস্ট্রেটর অ্যাপয়েন্ট করা হয়?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** মধ্যশিক্ষা পর্ষদ এটা করেন। এরকম কোন নিয়ম নেই যে এরাই অ্যাড-মিনিস্ট্রেটর হতে পারবেন।

**Shri Muhammed Khuda Buksh:** Sir, the Hon'ble Minister has made certain modification to restrict the abuse that the donors used to enjoy, I mean the abuse regarding representation of the donors in the school managing committee. Will he be more precise and tell exactly what modification he has introduced?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** নোটিশ চাই।

**শ্রীঅনিমেষ মুখার্জীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে বিগত চার মাসে পশ্চিম বাংলার কতগুলি হাই এবং হায়ার সেকেন্ডারী স্কুলে ইলেকটেড ম্যানেজিং কমিটি বাতিল করে দিয়ে সে জায়গায় সি, পি,(এম)-এর কমরেডদের অ্যাডমিনিস্ট্রেটর করা হয়েছে?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** ৪ মাসের পরিসংখ্যান চাইলে নোটিশ দিতে হবে।

**শ্রীঅনিমেষ মুখার্জীঃ** মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয় জানেন কি যে বামনহাট জুনিয়ার হাই স্কুলের প্রধান শিক্ষক শ্রীফকরুদ্দিন মিয়াকে এ, বি, টি, এ,-এর লোকেরা জোর করে ছুরি-ছোরা দেখিয়ে রেজিগনিশান লেটার লিখিয়ে নিয়েছে, যদি জানা থাকে তাহলে তিনি এ সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** এ প্রশ্ন আসে না।

**শ্রীসুরেশচন্দ্র সিনহাঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে ম্যানেজিং কমিটিগুলি ডিজলভড হয়ে গিয়েছে এবং যে সব স্কুলে অ্যাডমিনিস্ট্রেটর বা অ্যাড হক কমিটি করা হয়েছে এর মধ্যে কি কোন ডিসক্রিসান আছে যে কোনটাতে অ্যাড হক কমিটি হবে বা কোনটাতে অ্যাডমিনিস্ট্রেটর থাকবে, যদি তা হয় তাহলে এর কারণ কি, কিসের সব ভিত্তিতে করা হচ্ছে?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** মধ্যশিক্ষা পর্ষদের যে বিধি তাতে সেখানে দু'টি ব্যবস্থা আছে। কোন বিদ্যালয়ে ইচ্ছা করলে অ্যাডমিনিস্ট্রেটর বা অ্যাড হক কমিটি করা যায়। এটা মধ্যশিক্ষা পর্ষদের বিবেচনার ব্যাপার, এতে আমাদের কিছু বলবার নেই সরকারের পক্ষ থেকে।

**Daily earnings of Tramways**

*35. (Admitted question No. *192) **Shri Gyan Singh Sohanpal:** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) if there has been any fall in the average daily earnings of tramways with the recent reduction of tram fares by the present Government; and

(b) if so, what is the amount thus involved?

[1-20 to 1-30 p.m.]

**Shri Md. Abdullah Rasul:** (a) Yes. But the fall in earnings is due to lesser number of cars run on the average per day after the reduction of tram fares.

(b) A statement is laid on library table.

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় মন্ত্রিমহোদয় বলবেন কি, এই ট্রাম কোম্পানীর আয় যতটা কমে যাচ্ছে সেটা বাড়াবার জন্য কি চেষ্টা করছেন?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুল:** গাড়ী বাড়াবার চেষ্টা করছি, যাতে গাড়ী রিপেয়ার ও রিনিউয়্যাল করে গাড়ীর সংখ্যা বাড়িয়ে রাস্তায় নামাতে পারি তার ব্যবস্থা করছি। দ্বিতীয়তঃ কালেকসান যদি ঠিকমত হয়—কিছু কিছু ত্রুটি থাকতে পারে, সেগুলি যাতে ভাল হয় তার চেষ্টা করছি এবং ইতিমধ্যেই কিছু ফল আমরা পেয়ে গেছি।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মন্ত্রিমহাশয় জানাবেন কি, তিনি যে মেজারসের কথা বললেন, এতে ট্রামকারের পূর্ব ঘাটতি সম্পূর্ণভাবে পূরণ করা যাবে কি?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুল:** এখন সে আশ্বাস দিতে পারব না।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, ইতিপূর্বে ট্রাম কোম্পানীর ভাড়া বাড়াবার সম্পর্কে যে ট্রাইব্যুনালের কাছে পাঠানো হয়েছিল তারা কি মত দিয়েছিল এবং ট্রাম-কারের আয় ব্যয় হিসাবের সামঞ্জস্য আনতে হলে কি করতে হবে?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুল:** সেসব কথা বললে, তার মধ্যে একটা ছিল ভাড়া বাড়াবার কথা।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মন্ত্রিমহাশয় জানাবেন কি, গ্রামের লোকের অর্থ নিয়ে এসে ট্রাম কোম্পানীর ঘাটতি মেটাবার জন্য সরকারী ভরতুকি না দিয়ে যারা ট্রাম-কারের উপর চড়ে তাদের স্বল্প ভাড়া বাড়িয়ে দেবার নীতি গ্রহণ করবেন কি ?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুল:** সে সম্বন্ধে এখন কিছু বলতে পারব না, নোটিশ দিলে তবে বলতে পারবো।

**Shri Muhammed Khuda Buksh:** Will the Hon'ble Minister be pleased to state whether the fall in the earnings is due to the paucity of tram cars or directly due to the reduction of tram fares by the Government.

**Shri Md. Abdullah Rasul:** It is due to the reduced number of cars that are being run.

**শ্রীনিখিল দাস:** মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে ট্রাম গাড়ী কমে যাওয়ায় আয় কমে গিয়েছে। পূর্বে এক একটি ট্রাম গাড়ীতে যে আয় হত, বর্তমানে ট্রাম গাড়ীতে সে আয় কমেছে, না বেড়েছে?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুল:** সেটার জন্য নোটিশ দরকার হবে।

**শ্রীনিখিল দাস:** যখন বাড়তি ভাড়া ছিল, অর্থাৎ ১৫ পয়সা আর ২০ পয়সা, যুক্তফ্রন্ট আসার পর তার থেকে ২ পয়সা করে কমিয়েছেন, তখন যে ভাড়া ছিল তার চেয়ে আয় বেড়েছে, না কমেছে?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুল:** সেটা আমরা জানিয়েছি—লাইব্রেরীতে যেটা দিয়েছি তার মধ্যে সেটা আছে। যদি বলেন তাহলে আমি হিসাব দিয়ে দিতে পারি। জানুয়ারীতে গড়ে ছিল ৯৪ হাজার ২৯৯ টাকা দৈনিক, ২রা জানুয়ারীতে ভাড়া বাড়ানো হয়েছিল, ফেব্রুয়ারীতে গড়ে দৈনিক ছিল ৯৩ হাজার ৮২৬ টাকা, মার্চ মাসে ৯২ হাজার ৩০৬ টাকা, এপ্রিল মাসে ৮৮ হাজার ৪৯৭ টাকা, মে মাসে ৮৬ হাজার ১৩০ টাকা, জুন মাসে ৮৯ হাজার ১৭০ টাকা।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, ১৯৬৯ সালে মন্ত্রিসভা গঠনের পূর্বে কতগুলি ট্রাম-কার রাস্তায় চলত এবং এর পরে কতগুলি ট্রাম-কার চলছে?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুলঃ** নোটিশ দিলে জানিয়ে দেব।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** আপনি বললেন যে ট্রাম কমে গেছে—কিভাবে কমে গেছে সেটা জানাবেন কি?

**শ্রীমহম্মদ অবাদুল্লা রসুলঃ** নোটিশ দিলে জানাতে পারি। তবে সংক্ষেপে বলতে পারি যে একটি সময়ে গড়ে ৩৬০টি থেকে কমে ৩০২-এ নেমেছিল এবং পরে সেটা রিপেয়ার করার ফলে এখন সেটা ৩৩০, ৩৩৫, ৩৪০-এ পর্যন্ত উঠেছে এবং আরো ওঠাবার চেষ্টা করছি।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে কলকাতা শহরের এই ট্রাম লাইনগুলোর শতকরা ৯০ ভাগ খারাপ হয়ে আছে, কবে থেকে এগুলো খারাপ হয়ে আছে এবং কবে নাগাদ এইগুলো সারাতে আরম্ভ করবেন এবং কোথায় কোথায় আরম্ভ করেছেন জানাবেন কি?

**শ্রীআবদুল্লা রসুলঃ** বহুদিনের সঞ্চিত অবহেলার ফলে আজকে ট্রাম লাইনগুলো এত বেশী খারাপ হয়ে আছে। আমরা ট্রাম লানগুলো যাতে ভালভাবে থাকে, ভালভাবে ট্রাম চলে তার জন্য চেষ্টা করছি এবং সব সময় চেষ্টা চলছে, তবে কবে নাগাত সমস্ত কাজ শেষ করতে পারবো সেই কথা বলা এখন সম্ভব নয়, কিন্তু আমাদের যেমন যেমন সামর্থ্য তেমনি আমরা লাইন মেরামত করছি।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, জানাবেন কি যে কোন জায়গা থেকে ট্রাম লাইন মেরামত করতে আরম্ভ করছেন—কোন জায়গায় হচ্ছে না।

**শ্রীআবদুল্লা রসুলঃ** কলকাতা সহরে যদি একটু ঘোরেন তাহলেই বুঝতে পারবেন।

**Shri Gyan Singh Sohanpal :** Will the Hon'ble Minister kindly state whether he remembers to have made a public statement some time ago that unless the tram fares are raised, the deficit cannot be met?

**Shri Md. Abdullah Rasul :** I did not make any such statement.

### Introduction of correspondence course in B.T.

***36.** (Admitted question No. *241.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—**

(ক) ইহা কি সত্য যে, বর্তমান সরকার বি টি-তে করেসপন্ডেন্স কোর্স চালু করার সিদ্ধান্ত লইয়াছেন; এবং

(খ) সত্য হইলে কবে নাগাদ উক্ত কোর্স চালু হইবে বলিয়া আশা করা যায়?

**Shri Satya Priya Roy :**

(ক) না। তবে মাধ্যমিক শিক্ষকদের জন্য প্রাইভেট বি, টি, পরীক্ষা লইবার ব্যবস্থা কলিকাতা বিশ্ববিদ্যালয় করিতেছে।

(খ) আগামী বছরেই যাহাতে কলিকাতা বিশ্ববিদ্যালয় উক্ত প্রাইভেট পরীক্ষা লইতে পারে তাহার চেষ্টা করা হইতেছে।

**শ্রীসনৎকুমার রাহাঃ** অন্যান্য বি, টি, কলেজে ট্রেনিং কোর্স যে চালু আছে সেখানে স্পনসর্ড স্কিম যেটা আপনারা নূতন ভাবে চালু করতে যাচ্ছেন করেসপন্ডেন্স কোর্স মারফত, সেই চালু করার কথা সরকার বিবেচনা করছেন কি?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** এই সম্পর্কে কলকাতা বিশ্ববিদ্যালয়ে প্রথমে আরম্ভ করা হচ্ছে এবং উত্তরবঙ্গ ও বর্ধমান বিশ্ববিদ্যালয়ে এই প্রাইভেট পরীক্ষা নেবার ব্যবস্থা করা হয়েছে, কলেজ-গুলোর সঙ্গে এর কোন যোগ নেই।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** এই সাজেসন কি কলকাতা বিশ্ববিদ্যালয় গ্রহণ করেছে?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সঙ্গে আমাদের কথা হয়েছে এবং তিনি বলেছেন যে ইতিমধ্যে তিনি নিয়ম কানুন তৈরী করেছেন দু-একদিনের মধ্যে তা আমরা পাবো।

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলীঃ** এই যে বললেন ইউনিভার্সিটি এই ব্যবস্থা করছে, আমরা তো চাচ্ছি ট্রেন্ড টিচার্সরা যাতে সুযোগ পায়, এটাই তো আমাদের আউট লুক। কিন্তু আদার বি, টি, কলেজেস-এ কি এই রকম কোন ব্যবস্থা করছে? না ইউনিভার্সিটিতেই এটা লিমিটেড থাকবে?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** আমাদের স্কীমটা হচ্ছে যে গ্রীষ্মকালের বন্ধে বা তার কাছাকাছি সময়ে এক মাস বা দেড় মাস শিক্ষকরা এসে তাদের ট্রেনিং সম্পর্কে বক্তৃতা শুনে যাবেন এবং আবার পূজোর সময় এক মাস বা দেড় মাস কলেজগুলিতে পড়াশুনা করে যাবেন, তারপর নিজেদের স্কুলে বসে বি, টি, পরীক্ষার জন্য প্রস্তুত হবেন এবং সেখান থেকে এসে প্রাইভেট বি, টি, পরীক্ষা দেবেন। এই বছর প্রথম আরম্ভ হচ্ছে, এই বছর কলকাতার টিচার্সরা যাতে পরীক্ষা দিতে পারেন তার ব্যবস্থা হচ্ছে। তারপর আগামী বছর থেকে যাতে সকলেই প্রাইভেট পড়তে পারে তার জন্য ব্যবস্থা করা হবে।

[1-30 to 1-40 p.m.]

**শ্রীঅমলেশ মজুমদারঃ** প্রাকটিশ ট্রেনিংএর ব্যবস্থা কি হবে? নিজেদের স্কুলে হবে কি? কে গাইড করবেন?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** নিজেদের স্কুলেই হবে। গাইড করবার জন্য ইউনিভার্সিটি রেগুলেশন করবেন। তাঁর স্কুলের ট্রেইন্ড হেড মাস্টার বা সিনিয়র ট্রেন্ড মাস্টার বা অন্য কলেজ থেকে প্রফেসরদের প্রাকটিশ ট্রেনিং দেবার জন্য ডাকা হবে। তবে বলে রাখছি সমস্ত টীচারের জন্য এই ব্যবস্থা হবে না, ৭ বছর ধরে যাঁরা টীচার তাঁদের জন্য এই রকম ব্যবস্থা করা হচ্ছে।

**শ্রীসনৎকুমার রাহাঃ** তাহলে এই যে দুরকম ট্রেন্ড টীচার হবে তাঁদের মধ্যে কি ক্যাটাগরীর তফাৎ থাকবে এবং পে, অ্যালাউন্সের কি তফাৎ থাকবে?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** তফাৎ হতে পারে না। দুটোই বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা। বেতন একই থাকবে।

**শ্রীসনৎকুমার রাহাঃ** তাহলে নূতন বি, টি, কলেজ রেজিস্ট্রেশন পাবে কিনা?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** সাধারণভাবে বি, টি, কলেজ প্রতিষ্ঠিত হচ্ছে এক ভীষণ চাহিদা থাকার দরুন। কারণ বি, টি, পাস না হলে বেতন বৃদ্ধি হয় না এবং সেইজন্য ট্রেনিং কলেজে নানা রকম দুর্নীতি দেখা দিয়েছে। ইতিমধ্যে আমার কাছে খবর এসেছে একাধিক কলেজে ৪।৫শ টাকা নিয়ে তবে শিক্ষকদের ভর্তি করা হচ্ছে। কাজেই এই রকম অবস্থায় আমরা দুটো দিক থেকে ভাবছি। একদিকে প্রাইভেট পরীক্ষা দেওয়ার ব্যবস্থা করা এবং অপরটি ১০ বছরের উপর

যাঁরা কাজ করছেন তাঁদের যাতে বি, টি,-র ইকুইভ্যালেন্ট ধরে নেওয়া হয়। তাহলে এই ভীড় থাকবে না। আমরা দেখছি পশ্চিমবঙ্গের মধ্যে দুটি জেলাতে কোন ট্রেনিং কলেজ নেই। সে দুটি জেলা হল—বাঁকুড়া এবং পশ্চিম দিনাজপুর। এই দুটি জেলাতে ট্রেনিং কলেজের কথা ভাবা হচ্ছে। অন্য জায়গায় ট্রেনিং কলেজ সম্পর্কে উৎসাহ না দেওয়াই সরকারী নীতি হিসাবে ঠিক হয়েছে।

**শ্রীবিভূতিভূষণ পাহাড়ীঃ** আপনি যে বললেন ৪।৫শ টাকা নিয়ে ছাত্র ভর্তি করছে, তা সেই কলেজগুলোর নাম কি?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** তদন্ত করি নি এখনও। তাই তদন্ত যখন হয় নি তখন নামগুলো বলতে চাইছি না।

**শ্রীবিভূতিভূষণ পাহাড়ীঃ** আপনি বলেছেন অভিযোগ এসেছে। কোন কোন কলেজ সম্পর্কে অভিযোগ এসেছে দয়া করে বলবেন কি?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** অন্তত একটা নাম এখনই বলতে পারি। অন্য নামের জন্য নোটিশ চাই। একটা নাম হচ্ছে মেদিনীপুরের বিদ্যাসাগর বিদ্যাপীঠ। সে কলেজ সম্পর্কে একশ জন শিক্ষকের অভিযোগ পত্রে পেয়েছি তাতে তাঁরা বলেছেন যে, সেখানে তাঁদের ভর্তি করতে প্রত্যেকের কাছে ৪।৫শ টাকা নেওয়া হয়েছে।

**শ্রীবিভূতিভূষণ পাহাড়ীঃ** এই যে মেদিনীপুরের বিদ্যাসাগর বিদ্যাপীঠের কথা বলছেন এর অধ্যক্ষের নাম কি?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** নোটিশ চাই।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** যদি কোন জায়গায় বি, টি, কলেজ প্রতিষ্ঠার জন্য চেষ্টা করা হয় এবং সরকারের কোন সাহায্য না নেওয়া হয় তাতে নো-অবজেকশন না দেওয়ার কি কারণ থাকতে পারে বলবেন কি?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** একটা কলেজ করতে গিয়ে সেটা শুধু ১ বছর, ২ বছর, ৩ বছর হিসাব করে দেখা উচিত নয়। দেখতে হবে যে এই কলেজের প্রয়োজন চিরকালের জন্য থাকবে কি না। সেদিকে লক্ষ্য রেখে প্রতি জেলায় একটি করে ট্রেনিং কলেজ-এর কথা ভাবা হচ্ছে। এখন যা আছে সেটা ছাড়াও যদি কলেজ করা হয় তাহলে এই সমস্ত ব্যবস্থা করে তারপর পে কমিশনের সামনে যে স্কুলগুলি করেছেন যে বি, টি,-দের ইনক্রিমেন্ট যেমন দেওয়া হয়, বি, টি, না হলে ইনক্রিমেন্ট-দেবার ব্যবস্থা থাকবে। সেগুলি যদি গৃহীত হয় তাহলে যে ট্রেনিং কলেজগুলি গড়ে উঠেছে তাদের অস্তিত্ব রাখা বিপন্ন হবে এবং নূতন ট্রেনিং কলেজগুলি দাঁড়াতে পারবে না। কাজেই কলেজ গোড়াতেই আবার ধ্বংস হয়ে যাবে সেটা সরকারের শিক্ষানীতি হতে পারে না।

**শ্রীঅনিলকুমার মুখার্জিঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, পশ্চিম দিনাজপুর এবং বাঁকুড়ায় ২টো বি, টি, কলেজ খোলার কথা আছে। আমার প্রশ্ন হচ্ছে, এটা কোন জায়গায় হচ্ছে সেটা জানাবেন কি?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** এখনও এই সম্পর্কে চূড়ান্ত কোন সিদ্ধান্ত নেওয়া হয় নি। তবে ওখানকার টিচার্সদের পক্ষ থেকে যে প্রস্তাব এসেছে, সেটা হচ্ছে বাঁকুড়া ও বিষ্ণুপুর মহকুমায় তারা ২৫ বিঘা জমি পেয়েছে। সেই ২৫ বিঘা জমি তারা দিতে রাজি হয়েছে এবং ১২ হাজার টাকায় দেবে বলে প্রস্তাব করেছেন। কাজেই আমরা তদন্ত করছি যে সেখানে ট্রেনিং কলেজ করা সম্ভবপর কি না।

**শ্রীহরিপদ মুখার্জী:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, কলকাতা বিশ্ববিদ্যালয়ে যে প্রাইভেট পরীক্ষা নেবার ব্যবস্থা আছে, এই ব্যবস্থা বর্ধমান বিশ্ববিদ্যালয়ে চালু হবে কি না?

**শ্রীসত্যপ্রিয় রায়:** বর্ধমান এবং উত্তরবঙ্গ এই দুটো বিশ্ববিদ্যালয়েই তা চালু করা হবে।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে নদীয়া জেলায় কোথায় কোথায় বি. টি কলেজ করবার ব্যবস্থা করার জন্য দরখাস্ত এসেছে এবং সে সম্পর্কে আপনি কি সিদ্ধান্ত নিয়েছেন?

**শ্রীসত্যপ্রিয় রায়:** কল্যাণীতে ট্রেনিং কলেজ আছে, সেটা মাননীয় সদস্য মহাশয় নিশ্চয়ই অবগত আছেন।

### Provident Fund money of the teachers of Bahara Adarsha Vidyapith

*37. (Admitted question No. *252.)

**শ্রীমতী নন্দরাণী দল:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার কান্দী মহকুমার বহড়াতে অবস্থিত বহড়া আদর্শ বিদ্যাপীঠের শিক্ষকদের প্রভিডেন্ট ফান্ডের জমা টাকার হিসাব পোস্ট অফিসের পাস বহির সহিত ক্যাশ বুক-এর কোন মিল নেই;

(খ) সত্য হইলে (১) কত টাকা গরমিল আছে; এবং

(২) উক্ত গরমিলের কারণ কি; এবং

(গ) এ বিষয়ে সরকারের করণীয় কি আছে?

**শ্রীসত্যপ্রিয় রায়:**

(ক) হ্যাঁ।

(খ) (১) আনুমানিক ১২,৫০০ টাকার মত।

(২) পরীক্ষিত হিসাবের ভিত্তিতে জানা গিয়েছে যে, অর্থাভাব বশতঃ বিদ্যালয়ের কর্তৃপক্ষ প্রভিডেন্ট ফান্ড-এ দেয় টাকা হইতে শিক্ষদের বেতন দিয়াছেন। ইহাই আপাতদৃষ্টিতে গরমিলের কারণ।

(গ) ১৯৬৮ সালে স্কুল কর্তৃপক্ষ এই প্রতিশ্রুতি দিয়াছিলেন যে সরকারী অনুমোদন পাওয়ার পর তাঁহারা যতদূর সম্ভব এই ঘাটতি পূরণ করিতে চেষ্টা করিবেন। এই সম্বন্ধে যথাযথ নির্দেশ পাঠানো হয়েছে।

[1-40 to 1-50 p.m.]

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** এখানে বলা হয়েছে যে সরকারী সাহায্য ঠিকমত না পাওয়ার জন্য প্রভিডেন্ট ফান্ড থেকে তারা টাকা খরচ করেছেন--এই স্কুলকে কি সরকারী সাহায্য ঠিক ঠিক মত দেওয়া হয় নি এবং কোন পিরিয়ডে নির্দিষ্টভাবে তারা এই প্রভিডেন্ট ফান্ড থেকে টাকা খরচ করেছিলেন?

**শ্রীসত্যপ্রিয় রায়:** মোটামুটিভাবে এটা বলতে পারি যে এতকাল ধরে দেখা যাচ্ছে নিয়মিত সরকারী সাহায্য পাঠানো হয় নি কোন দিনই এবং সরকারী হিসাবে দেখা যাচ্ছে যে ৭॥ কোটি টাকা এই বাবদ বকেয়া রয়ে গেছে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** নির্দিষ্টভাবে কোন সময়ে এই টাকা প্রভিডেন্ট ফান্ড থেকে তারা নিয়েছে?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** এসম্পর্কে তদন্ত হয়েছে, পুরো তথ্য চাইলে আমাকে নোটিশ দেবেন।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** যে প্রভিডেন্ট ফান্ড কমিটি থাকার কথা নিয়ম অনুযায়ী যাতে শিক্ষকদের প্রতিনিধি থাকবেন, হেড মাস্টার মহাশয় ইত্যাদি থাকবেন এখানে সেই রকম প্রভিডেন্ট ফান্ড কমিটি ছিল কি না এবং সেই কমিটির মঞ্জুরী অনুযায়ী এই টাকা খরচ করা হয়েছে কি না?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** প্রভিডেন্ট ফান্ড কমিটি বলে বাধ্যবাধকতা হিসাবে কোন স্কুলে থাকবার কোন নিয়ম আজ পর্যন্ত করা হয় নি। আপনি যে কমিটির কথা বলছেন সেটা বিশ্ববিদ্যালয় একটা মডেল রুলস করে বলেছিলেন যে এই রকমভাবে প্রভিডেন্ট ফান্ড কমিটি হওয়া উচিত। তবে এখানে আমি যতদূর পাচ্ছি তাতে কোন রকম কারো সম্মতি নিয়ে যে খরচ করা হয়েছিল তার কোন তথ্য এখানে নেই।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** এটা শুধু একটা স্কুলের কথা নয়—বাংলা দেশের বহু স্কুল কলেজ প্রভিডেন্ট ফান্ড ভেঙ্গে এইভাবে শিক্ষকদের মাহিনা দেওয়া হয়ে থাকে এ বিষয়ে সরকারের কিছু করণীয় আছে কি?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** করণীয় আছে যাতে প্রভিডেন্ট ফান্ড ভাঙ্গতে না পারে সেজন্য নিয়ম করতে হবে এবং যাতে করে সরকারের কাছ থেকে দেয় টাকা তারা নিয়মিত পেয়ে শিক্ষকদের বেতন দিতে পারে—এই দুই দিক থেকে ব্যবস্থা করলে সমস্যার সমাধান হতে পারে।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** যে সমস্ত স্কুল এবং কলেজ এই ধরনের প্রভিডেন্ট ফান্ডের টাকা ভেঙ্গেছেন তাঁদের বিরুদ্ধে তদন্ত কবা যেতে পারে কি?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** নিশ্চয়ই করা যেতে পারে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** শিক্ষা মন্ত্রিমহাশয় বোধ হয় জানেন যে এই বহরা আদর্শ বিদ্যাপীঠ এটা কংগ্রেসের বাস্তঘুঘুদের আড্ডা এবং অন্যান্য স্কুল যা টাকা পয়সা পেয়েছে তার চেয়ে বহু বেশী টাকা পয়সা এদের দেওয়া হয়েছে—তারপরেও এরা যে কারবার চালাচ্ছে এটা একটা দিক। এছাড়া এর ভেতর বহু গলদ 'আছে টাকাপয়সার গোলমাল ইত্যাদি—এগুলির ব্যাপারে তদন্ত করার ব্যবস্থা শিক্ষামন্ত্রী মহাশয় করবেন কি?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** এই রকম অভিযোগ বহু বিদ্যালয় সম্পর্কে পাওয়া গেছে এবং সেই তদন্ত নিশ্চয়ই হবে, তবে সময় সাপেক্ষ কিন্তু এগুলি যাতে না হতে পারে সেজন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সেজন্য নূতন ম্যানেজিং কমিটি রুলসে ফাইনান্স কমিটি বলে একটা সাব-কমিটি করে দেওয়া হয়েছে যেখানে শিক্ষক থাকবেন, সেক্রেটারী থাকবেন এবং হেড মাস্টার মহাশয় থাকবেন, এই ৩ জনের সহি ছাড়া যাতে খরচ হতে না পারে সেই ব্যবস্থা করা হয়েছে।

**শ্রীসমরকুমার রুদ্রঃ** এই টাকা ভেঙ্গে অন্য খাতে খরচ করা আইনে দন্ডনীয় এবং সেজন্য ফৌজদারী দন্ডবিধির ধারা প্রয়োগ করা যায়। মন্ত্রিমহাশয় জানাবেন কি যে যদি দেখা যায় যে এইভাবে ব্যাপকভাবে প্রভিডেন্ট ফান্ডের টাকা অন্য খাতে খরচ করা হচ্ছে তাহলে সেখানে ক্রিমিনাল প্রসিকিউশন করা হয় নি কেন এবং করা হবে না কেন?

**শ্রীসত্যপ্রিয় রায়:** করা হয় নি কেন, এই কয়দিনের মধ্যে এসে সে কথা বলতে পারব না, তবে উনি আইনজীবী হিসাবে যা বললেন সে সম্পর্কে বলে নিই, আমাদের স্কুলের প্রভিডেন্ট ফান্ডের কোন রুলস নেই এবং গভর্নমেন্টের প্রভিডেন্ট ফান্ড রুলসের মধ্যে এটা আসে না। কয়েকটা লাইন লিখে যা ব্যবস্থা করা হয়েছিল সেই হিসাবে চলছে। সেটাকে রেগুলেট করবার জন্য নূতন বিধি তৈরী করার প্রয়োজনীয়তা আছে।

**Shri Muhammed Khuda Buksh:** Will the Hon'ble Minister be pleased to state if the Provident Fund Cimmissioner does or does not come into the picture in respect of teachers' provident fund?

**Shri Satya Priya Roy:** No. He does not come into the picture.

**Proposal for an Industrial Estate at Chanditala, Hooghly**

*38. (Admitted question No. *299.) **Shri Mohamed Abdul Latif:** Will the Minister-in-charge of the Cottage and Small-Scale Industries Department be pleased to state—

(a) if Government is considering the desirability of starting any industrial estate in the Chanditala area of the Hooghly district to relieve the acute unemployment pressure; and

(b) if so, whether any scheme for the purpose has been framed?

**শ্রীশম্ভুচরণ ঘোষ:** (ক) না। (খ) প্রশ্ন ওঠে না।

**শ্রীমহম্মদ আবদুল লতিফ:** কি ভিত্তিতে সরকার বিভিন্ন জায়গায় ইন্ডাস্ট্রিয়াল এস্টেট খোলেন?

**শ্রীশম্ভুচরণ ঘোষ:** এতদিন ধরে কোন বিশেষ নীতির ভিত্তিতে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট গড়ে তোলা হয় নি। কতকগুলো জায়গায় শিল্পাঞ্চল নূতনভাবে গড়ে তোলার উদ্দেশ্যে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট করা হয়েছিল। কিন্তু দেখা গেছে সেগুলি সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে। যেমন শক্তিগড়, কল্যাণী, বারাইপুর এই সব অঞ্চলে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট ঠিকভাবে চালু করা সম্ভব হয় নি। কিন্তু বর্তমান সরকার লক্ষ্য রেখেছেন যাতে করে আমরা বাংলাদেশের অন্যান্য অঞ্চলে নূতনভাবে শিল্পাঞ্চল সৃষ্টি করতে পারি এবং তার জন্য আমরা কিছু কিছু ইনসেনটিভ দেবার কথা চিন্তা করছি।

**শ্রীমহম্মদ আবদুল লতিফ:** এই সব বিভিন্ন স্থানে যে ইন্ডাস্ট্রিয়াল সেন্টার ব্যর্থ হয়েছে তার কারণ কি?

**শ্রীশম্ভুচরণ ঘোষ:** কারণ সম্পর্কে অনুসন্ধান করা হবে।

**শ্রীমহম্মদ আবদুল লতিফ:** এই রকম যে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট আরম্ভ করবেন তাতে চণ্ডীতলায় কি একটা ইন্ডাস্ট্রিয়াল এস্টেট গড়ে তুলবেন?

**শ্রীশম্ভুচরণ ঘোষ:** যখন হুগলী জেলার কথা চিন্তা করব তখন নিশ্চয় এটা মনে রাখব।

**শ্রীমহম্মদ আবদুল লতিফ:** হুগলী জেলায় কবে নাগাদ করবেন?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** এখন পর্যন্ত পশ্চিম বাংলায় ৮টি ইন্ডাস্ট্রিয়াল এস্টেট আছে, এ ছাড়া ৪র্থ পরিকল্পনায় আরও ২টি ইন্ডাস্ট্রিয়াল এস্টেট করার জন্য আমাদের টাকা ধরা আছে ১৫ এবং ২০ লক্ষ টাকা এবং এ ছাড়া ৩৬ লক্ষ ৫০ হাজার টাকা আমরা ধরেছি পশ্চিম বাংলার বিভিন্ন অঞ্চলের জন্য যাতে করে আমরা সেই এরিয়ার ডেভেলপমেন্ট করতে পারি। অর্থাৎ এস্টেট না করে এরিয়া ডেভেলপমেন্ট করে ছোট ছোট শিল্প করার কথা আমরা চিন্তা করছি। সেই হিসাবে ৬টা জেলা বেছে নিয়েছি—দার্জিলিং, পুরুলিয়া, বীরভুম, হুগলী এবং কুচবিহার।

[1.50 to 2 p.m.]

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি হাওড়া ইন্ডাস্ট্রিয়াল এস্টেট যাদের শেড দেওয়া হয়েছে তারা কি সকলেই ক্ষুদ্র শিল্পের অন্তর্গত?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** নোটিশ চাই।

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন একথা কি সত্য যে যারা ক্ষুদ্র শিল্প-এর অন্তর্গত তাদের না দিয়ে যারা বৃহত শিল্পপতি কংগ্রেসীদের যোগসাজসে এই শেড দেওয়া হয়েছে?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** এটা আমরা অনুসন্ধান করব।

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** এই যে শেড আপনারা দেন তার আয়ু কত বছর? মাদ্রাজে পাঁচ বছর পর্যন্ত থাকতে পারে, এই স্টেট শেডের আয়ু কত দিনের।

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** মাদ্রাজে যে নিয়ম আছে তাতে ইন্ডিস্ট্রিয়াল এস্টেট বসে পাঁচ বছর সরকারী প্রদত্ত ইনসেনটিভগুলি ভোগ করতে পারে, সেই রকম ইনসেনটিভ এখনও এখানে চালু হয় নি। আমাদের পশ্চিম বঙ্গ সরকার ১০ লক্ষ টাকা বরাদ্দ করে রেখেছে যাতে করে এই রকম ইনসেনটিভ দিতে পারে, এবং মাদ্রাজে যে নিয়ম চালু আছে সেটাও এখানে চালু করা যায় কিনা সেটাও আমরা পরীক্ষা করে দেখতে পারি।

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** পশ্চিমবঙ্গে আর কোন জায়গায় ইন্ডাস্ট্রিয়াল এস্টেট তৈরী করবার কথা চিন্তা করছেন কি?

(নো রিপ্লাই)

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** এই যে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট-এর পরিকল্পনা করেছেন সেটা আমাদের দেশের বিভিন্ন জায়গায় যে ডি-সেন্ট্রালাইজড ইকনমির কথা সামনে রেখে করেছেন, না কি যেখানে মনে হয়েছে আপনাদের, সেখানেই করেছেন? ডি-সেন্ট্রালাইজড ইকনমি, আনএমপ্লয়মেন্ট প্রবলেম সলিউশন, রুরাল ইকনমিকে ইম্পিটাস দেওয়ার জন্য এই পরিকল্পনা করছেন কি না?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** পশ্চিমবাংলার অনগ্রসর জেলাগুলিকে অর্থনৈতিক দিক দিয়ে যাতে সমৃদ্ধ করে তুলতে পারি, সেদিকে দৃষ্টি রেখে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট ডেভেলপ করার পরিকল্পনা গ্রহণ করেছি।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** বাঁকুড়া জেলা অনগ্রসর জেলা, সেখানে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট হচ্ছে না কেন?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** বিবেচনা করে দেখব।

**Telinipara communal disturbances**

***39.** (Admitted question No. *310.) **Shri Kashi Kanta Maitra:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the facts relating to the Telinipara communal disturbances that took place in March last and the measures adopted to quell such communal disturbances and punish the riotous elements and ensure peace and amity.

(b) total number of persons killed and injured in the said disturbances and the number of people killed and injured in police firing.

(c) if any searches were made to revolver, bombs, crackers, lethal and deadly weapons reported to be used in such disturbances and if foreign bullets were used in this disturbance; and

(d) what were the reasons of the transfer of the District Magistrate and Superintendent of Police, Hooghly?

**Shri Sailendra Nath Adhikari:**

মন্ত্রিমহাশয় কি একথা জানেন যে ওখানকার মাইনরিটি কমিউনিটি এবার যুক্তফ্রন্টকে ভোট দিয়েছিল বলে তাদের সায়েস্তা করবার জন্য যে প্রকাশ্য থ্রেট ছিল তারই কালমিনেশান-এ ওখানে এই রায়ট সুরু হয়েছিল এটা কি তিনি মনে করেন?

**Shri Jyoti Basu:**

এইরকম অভিযোগ ছিল তা সঠিকভাবে আমি বলতে পারবো না। সেটা প্রমাণিত হয় নাই।

**Shri Deb Narayan Chakraborty:**

ইহা কি সত্য—ওখানে যে দাঙ্গা হাঙ্গামার ষড়যন্ত্র চলছিল, সেই সম্পর্কে সরকার সংবাদ পেয়েছিলেন?

**Shri Jyoti Basu:**

পুলিশের কাছে এইরকম কোন খবর ছিল না।

**Shri Deb Narayan Chakraborty:**

তেলিনীপাড়ায় মুসলিম মহল্লায় ভিক্টোরিয়া লাইন থেকে বোমা পড়েছিল, গুলি ছোড়া হয়েছিল ও রুটিতে পেট্রল মাখিয়ে তাদের উপর ফেলে দেওয়া হয়েছিল ইহা কি সত্য?

**Shri Jyoti Basu:**

হ্যাঁ, আমরা সেইরকম খবর পেয়েছি।

**Shri Kalimuddin Shams:**

এই সম্পর্কে কোন কমিউনিটির কত লোক অ্যারেস্ট হয়েছিল।

**Shri Jyoti Basu:**

প্রায় সমান সমান অ্যারেস্ট হয়েছিল উভয় কমিউনিটির।

**Shri Huhammed Khuda Buksh:** The Hon'ble Deputy Chief Minister has told us that he made the transfer in public interest and he has also said that he did that in order to strengthen the administration. Has he got evidence in his possession to show that the administration had weakened?

**Shri Jyoti Basu :** I did have and therefore I made the changes.

**Shri Muhammed Khuda Buksh:** Will he kindly state before the House what kind of evidence he has got

**Shri Jyoti Basu:** I am afraid, in the public interest I cannot say that.

**Shri Kalimuddin Shams:**

গভর্নমেন্ট কি মনে করছেন এই যে রায়ট হয়েছে এর মধ্যে ডি, এম এবং এস, পি-র হাত আছে? তা না হলে তাদের ট্রান্সফার হলো কেন? কি কারণে?

**Shri Jyoti Basu:**

কি কারণ আছে তা আমি আগেই বলেছি। জেলা শাসক ও এস, পি এই রায়ট-এর পেছনে ছিল এরকম কোন খবর আমাদের কাছে নাই।

**Shri Amritendu Mukherjee:**

এই তেলিনীপাড়া রায়ট-এর পেছনে বড় রাজনৈতিক দল যেমন কংগ্রেসের কোন উস্কানি ছিল কিনা?

**Shri Jyoti Basu:**

আমি শুধু বলতে পারি কংগ্রেস পার্টির কথা বলছি না—কংগ্রেস পক্ষের কিছু লোকের উস্কানি ছিল। এইরকম কিছু প্রমাণ আমার কাছে ছিল।

**Shri Nepal Chandra Roy:**

যে ১৫ জনের মৃত্যু হয়েছে রায়ট-এ, তার মধ্যে কতজন মাইনরিটি কমিউনিটির এবং কয়জন অন্য কমিউনিটির?

**Shri Jyoti Basu:**

নোটিশ চাই।

**Mr. Speaker:** Question hour is over.

## STARRED QUESTIONS

### (to which written answers were laid on the table)

### Facilities enjoyed by the primary and secondary school teachers

***40.** (Admitted question No. *325.)

**শ্রীকালীপদ মণ্ডল:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষক শিক্ষিকাগণ কি কি সরকার প্রদত্ত সুযোগ সুবিধা পাইয়া থাকেন?

**The Minister for Education:—**

মাধ্যমিক শিক্ষক শিক্ষিকাগণ নিম্নলিখিত সুযোগ সুবিধা পাইয়া থাকেন—

(১) সরকারী সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ের অনুমোদিত শিক্ষক শিক্ষিকাগণ সরকারের মঞ্জুরীকৃত বেতনক্রম অনুযায়ী বেতন ও ভাতা পাইয়া থাকেন এবং যথাযথ হার অনুযায়ী প্রভিডেন্ট ফাণ্ডের সুযোগ পাইয়া থাকেন।

(২) সকল অনুমোদিত বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাগণ সরকারের মঞ্জুরীকৃত হারে মহার্ঘ ভাতা পাইয়া থাকেন।

(৩) শিক্ষক-শিক্ষণপ্রাপ্ত স্নাতক অথবা এম, এ/এম, এস, সি/এম কম শিক্ষক শিক্ষিকাগণ, যাঁহারা গ্রামাঞ্চলে (রুরাল এরিয়া) অবস্থিত সাহায্যপ্রাপ্ত অনুমোদিত বিদ্যালয়ে শিক্ষকতা করেন, এবং গ্রামাঞ্চলে বাস করেন তাঁহারা সরকারের মঞ্জুরীকৃত হারে বিশেষ ভাতা (স্পেশাল এলাউন্স) পাইয়া থাকেন।

(৪) অনুমোদিত বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাগণের সন্তান সন্ততিরা বিনা বেতনে মাধ্যমিক স্তর পর্যন্ত শিক্ষার সুযোগ পাইয়া থাকেন।

(৫) ১লা এপ্রিল ১৯৬৬ সাল হইতে যে সকল শিক্ষক শিক্ষিকাগণ অবসর গ্রহণ করিতেছেন তাঁহাদের জন্য অবসরকালীন ভাতার (পেনসন) ব্যবস্থা করা হইয়াছে। বিশেষ ক্ষেত্রে রিটায়ারিং গ্র্যাচুইটি, ডেথ গ্র্যাচুইটি এবং ফ্যামিলি পেনসন।

প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাগণ নিম্নলিখিত সুযোগ সুবিধা পাইয়া থাকেন—

প্রচলিত নিয়মানুযায়ী যোগ্যতা অনুসারে বেতন, নির্ধারিত হারে মহার্ঘ ভাতা এবং প্রভিডেন্ট ফান্ড (কনট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড); ১লা এপ্রিল ১৯৬৮ তারিখ হইতে অবসরপ্রাপ্ত শিক্ষকগণের ইচ্ছানুযায়ী গ্র্যাচুইটি অথবা পেনসন ও পারিবারিক পেনসন দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। তাহাদের পুত্র কন্যাগণের বিনা বেতনে মাধ্যমিক স্তরে শিক্ষার সুযোগ দেওয়া হয়।

**Transfer of gazetted and non-gazetted Government employees**

***43.** (Admitted question No. *479.)

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলীঃ** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গেজেটেড ও নন-গেজেটেড সরকারী কর্মচারীদের বদলীর ব্যাপারে কোন নির্ধারিত সরকারী নিয়ম বা নীতি আছে কি; এবং

(খ) থাকিলে সাধারণতঃ কয় বৎসর অন্তর বদলী করা হয়?

**The Minister for Home (Police):**

(ক) হ্যাঁ, আছে।

(খ) সাধারণ নিয়মে তিন বৎসর অন্তর বদলী করা হয়, যদিচ জনস্বার্থে ইহার ব্যতিক্রম হইতে পারে।

**Post of Librarian in Government aided Higher Secondary Schools**

***44.** (Admitted question No. *84.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী সাহায্যপ্রাপ্ত উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের জন্য গ্রন্থাগারিক (লাইব্রেরিয়ান) নিয়োগের কোন ব্যবস্থা আছে কিনা; এবং

(খ) ব্যবস্থা থাকিলে কত সংখ্যক এইরূপ বিদ্যালয়ে লাইব্রেরিয়ান আছেন এবং তাঁহাদের বেতনক্রম কিরূপ?

**The Minister for Education:**

(ক) আছে।

(খ) ৩১টি বিদ্যালয়ে।

(গ) বেতনক্রম নিম্নরূপ—

(১) যে সমস্ত বিদ্যালয়ের গ্রন্থাগারে দশ হাজার বা তাহার বেশী পুস্তক আছে এ লাইব্রেরিয়ান গ্র্যাজুয়েট ও ডিপ্লোমা-ইন-লাইব্রেরিয়ানশীপ পাশ সেই ক্ষেত্রে বেতন টাঃ ২০০—১০—৪০০।

(২) দশ হাজারের কম পুস্তকযুক্ত গ্রন্থাগারে লাইব্রেরিয়ানের বেতন—

(ক) গ্র্যাজুয়েট ও ডিপ্লোমা-ইন-লাইব্রেরিয়ানশিপ পাশ—টাঃ ১৬০—৭—২২৩—৮—২৯৫

(খ) ইন্টারমিডিয়েট ও লাইব্রেরিয়ানশিপ সার্টিফিকেট পাশ—টাঃ ১১৫—৩—১৩৩-৪—১৮৫।

## Clashes on May Day

***45.** (Admitted question No. *193.) **Shri Gyan Singh Sohanpal:** Wi the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) how many persons were injured in connection with the last May Da celebrations in Calcutta;

(b) what were the causes; and

(c) how many persons were arrested

**The Minister for Home (Police):** (a) Over 100 persons.

(b) Some people known as Naxalites attacked a procession which wa proceeding to attend a rally of the Rastriya Sangram Samity.

(c) None was arrested.

## Persons and Societies condemned by the Powerloom Enquiry Commission

***46.** (Admitted question No. *207.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব জানাইবেন কি—প্রথম যুক্তফ্রন্ট সরকার কর্তৃক নিযুক্ত পাওয়ারলুম এনকোয়ারী কমিশন যেসক সোসাইটি ও ব্যক্তিবর্গ সম্পর্কে দুর্নীতি বা অসঙ্গত কার্যকলাপের নির্দিষ্ট অভিযোগ করিয়াছে সেইসকল সোসাইটি ও ব্যক্তিবর্গের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**The Minister for Cottage and Small Scale Industries:**

সমবায় সমিতি ও তদসংশ্লিষ্ট কর্মচারীদের অভিযোগের ব্যাপারে সমবায় মন্ত্রী ব্যবস্থা অবলম্ব করছেন। কুটিরশিল্প বিভাগে পাওয়ারলুম অ্যাডভাইসার-এর সম্পর্কে ভিজিলেন্স কমিশনকে বিশেষ তদন্ত করতে অনুরোধ করা হচ্ছে।

**Sadachar Samiti**

***48.** (Admitted question No. *249.)

**শ্রীমতী নন্দরাণী দল এবং শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রি-মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সদাচার সমিতি এখনও চালু আছে কি; এবং

(খ) থাকিলে ১৯৬৯ সালের মে মাস পর্যন্ত ঐ সমিতির কাছে (১) কয়টি অভিযোগ আসিয়াছে এবং (২) কয়টি অভিযোগের তদন্ত চূড়ান্তভাবে শেষ করিয়াছেন?

**The Minister for Home (General Administration):**

(ক) হ্যাঁ, আছে।

(খ) (১) এবং (২) ১৯৬৯ সালের মে মাস পর্যন্ত সদাচার সমিতি ১,৮৫২টি অভিযোগ পাইয়াছেন। তন্মধ্যে ৬৩৫টি অভিযোগ আপাতদৃষ্টিতে অনুসন্ধানযোগ্য বিবেচিত হওয়ায় সমিতি ঐগুলি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর নিকট পাঠাইয়াছেন। ঐগুলি উপযুক্ত কর্তৃপক্ষের নিকট যথাযোগ্য ব্যবস্থা অবলম্বনের নিমিত্ত প্রেরিত হইয়াছে। অনুসন্ধানের ফলে ২৮টি ক্ষেত্রে অভিযোগ প্রমাণিত হয় নাই এবং ১৩টি ক্ষেত্রে অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযুক্তদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে। বাকী অভিযোগগুলির অনুসন্ধানের ফলাফল এখনও জানা যায় নাই।

**Status of Government-sponsored Colleges**

***49.** (Admitted question No. *317.) **Shri Kashi Kanta Maitra:** Will the Minister-in-charge of the Education Department be please to state—

(a) whether it is a fact that the Government has decided to change the status of Government-sponsored colleges and convert them into private colleges, and

(b) if so, the reasons thereof?

**The Minister for Education:** (a) No.

(b) Does not arise.

**Reservation of seats in Government Colleges for the Scheduled Castes and Tribes students**

***50.** (Admitted question No. *317.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী কলেজগুলিতে তপশিলী ও আদিবাসী ছাত্র-ছাত্রীদের ভর্তির জন্য কোনও সংরক্ষণ (রিজারভেশন) ব্যবস্থা আছে কি; এবং

(খ) থাকিলে কোন্ শ্রেণীর জন্য শতকরা কত হারে সংরক্ষণ ব্যবস্থা আছে?

**The Minister for Education:**

(ক) বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজ, শিবপুর এবং গভর্নমেন্ট কলেজ অব আর্ট এন্ড ক্রাফ্‌ট এই দুইটি মহাবিদ্যালয়গুলিতে, অন্যান্য সরকারী মহাবিদ্যালয়গুলিতে তপশিলী ও আদিবাসী ছাত্র-ছাত্রীদের ভর্তির জন্য কোনও সংরক্ষণ (রিজার্ভেশন)এর ব্যবস্থা নাই।

(খ) বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজে মোট আসন সংখ্যার শতকরা ১৫ ভাগ তপশিলী ছাত্রছাত্রী এবং শতকরা ৫ ভাগ আদিবাসী ছাত্রছাত্রীদের জন্য সংরক্ষণের ব্যবস্থা আছে এবং গভর্নমেন্ট কলেজ অব আর্ট এন্ড ক্রাফ্‌ট কলেজে তপশিলী ও আদিবাসী ছাত্রছাত্রীদের জন্য মোট আসন সংখ্যার শতকরা ৫ ভাগ সংরক্ষণের ব্যবস্থা আছে।

**Reconstitution of R.T.A.'s in different districts**

***51.** (Admitted question No. *460.) **Dr. Zainal Abedin:** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) if it is a fact that the R.T.A.'s in different districts have been re-constituted recently

(b) if so, the reasons thereof; and

(c) the principle adopted in selecting the members of R.T.A. in different districts?

**The Minister for Home (Transport):** (a) Yes.

(b) The officials having an intimate knowledge of road conditions and transport requirements of a district viz., District Magistrate and Executive Engineer P.W.D. have found place in the R.T.A. During the President's Rule, the Chairman of the Zilla Parishad was taken in as the only non-official member of the R.T.A. This was done to give an impression that Government during the President's Rule did not favour any particular political party. With the restoration of democratic rule, this consideration no longer existed. The re-constitution of the R.T.A.s with more non-official members so as to make them more representative in nature, is in keeping with past practices and should held to supplement the knowledge of officials on transport needs and requirements of each region.

Generally the member of non-officials in the R.T.A. has been increased to 4 though in Calcutta the number is somewhat higher as the area of the region and the density of traffic is much greater than any other region. As regards Darjeeling, where communication is difficult due to its being a predominently hilly area, proper representation in the R.T.A. of all important areas, has been ensured, as far as practicable.

In selecting non-official members of a R.T.A., due care has been taken to see that prominent political parties of the region are represented.

**Proposed B.T. College at Jiagunj**

***52.** (Admitted question No. *85.) **Shri Sanat Kumar Raha:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if it is a fact that he Jiagunj B.T. College is ready to start even without any financial help from the Government; and

(b) if so, whether the Government is considering to recognise the same?

**The Minister for Education:** (a) Government have no such information.

(b) Does not arise.

## Reconstitution of Murshidabad District School Board

***54.** (Admitted question No. *211.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কবে নাগাদ মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড পুনর্গঠন করা হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Education:**

**সরকার শীঘ্রই প্রাথমিক শিক্ষা বিষয়ে** একটি নূতন বিল আনিতে মনস্থ করিয়াছেন। উক্ত বিলটি বিধিবদ্ধ হইলে, তদনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হইবে।

## Allegations against one ex-Member, R.T.A., Murshidabad

***55.** (Admitted question No. *251.) **Sm. Nanda Rani Dal and Shri Birendra Narayan Ray:** (a) Will the Deputy Chief Minister-in-charge of the Home (Police) Department be pleased to state whether he has received any letter, dated the 7th May, 1969, regarding some serious allegations against one ex-Member, Murshidabad District R.T.A.. who also happens to be an ex-President, Murshidabad District Zilla Parishad and ex-President, Murshidabad District School Board?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) what is the subject-matter of those allegations;

(ii) whether any enquiry has been made so far into these allegations; and

(iii) what is the finding of the enquiry?

**The Minister for Home (Police):** (a) No.

(b) (i), (ii) and (iii) Does not arise.

## Sports Stadium

***56.** (Admitted question No. *339.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ জেলায় কোন্ কোন্ জায়গায় স্পোর্টস স্টেডিয়াম আছে;

(খ) কোন্‌টি কোন্ বৎসর চালু হইয়াছিল, কোন্‌টিতে কি কি খেলা হয় এবং কোন্‌টি নির্মাণ করিতে কত টাকা খরচ হইয়াছে; এবং

(গ) উক্ত স্টেডিয়ামগুলির কোন্‌টিতে কতসংখ্যক দর্শক বসিবার ব্যবস্থা আছে?

**The Minister of States for Education (Sports):**

(ক) (১) বেলঘরিয়া, (২) বাঁকুড়া, (৩) বর্ধমান, (৪) লেবং, (৫) কালিম্পং, (৬) কুচবিহার, (দার্জিলিং), (৭) মালদা, (৮) জলপাইগুড়ি, (৯) শ্রীরামপুর, (১০) কৃষ্ণনগর, (১১) মেদিনীপুর, (১২) খড়্গপুর, (১৩) ঝাড়গ্রাম।

(খ)

| | ষ্টেডিয়ামের নাম | কোন বছরে চালু হইয়াছিল | কি কি খেলা হয় | কোনটি করিতে কত টাকা খরচ হইয়াছে |
|---|---|---|---|---|
| | | | | টাকা |
| ১। | বেলঘরিয়া .. | ১৯৫৮ .. | ফুটবল, হকি, ক্রিকেট, এ্যাথলেটিকস্ ইত্যাদি | ৬৭,৩৭৪ |
| ২। | বাঁকুড়া .. | ১৯৫৮ .. | ঐ .. | ৮০,৭৪২ |
| ৩। | বর্ধমান .. | ১৯৬৪ .. | ঐ .. | ৯৯,৯০০ |
| ৪। | লেবং .. .. | ১৯৬২ .. | ঐ .. | ২,৪১,৬৫০ |
| ৫। | কালিম্পং .. | ১৯৬১ .. | ঐ .. | ১,০১,৪২০ |
| ৬। | কুচবিহার .. | ১৯৫৯ .. | ঐ .. | ৬৫,০০০ |
| ৭। | মালদা .. .. | ১৯৫৯ .. | ঐ .. | ৬৭,১২৮ |
| ৮। | জলপাইগুড়ি .. | ১৯৬১ .. | ঐ .. | ১,২৫,০০০ |
| ৯। | শ্রীরামপুর .. | ১৯৬৪ .. | ঐ .. | ১,০০,০০০ |
| ১০। | কৃষ্ণনগর .. | ১৯৬৫ .. | ঐ .. | ১,১৪,০৯২ |
| ১১। | মেদিনীপুর .. | ১৯৫৮ .. | ঐ .. | তথ্য নাই |
| ১২। | খড়গপুর .. | ১৯৫২-৬২ | ঐ .. | ৫,০০,০০০ দক্ষিণ-পূর্ব রেলওয়ে কর্তৃক নির্মিত |
| ১৩। | ঝাড়গ্রাম .. | ১৯৪৭ .. | ঐ .. | ৭ ০০০ |

| (গ) | ষ্টেডিয়ামের নাম | দর্শকের সংখ্যা |
|---|---|---|
| ১। | বেলঘরিয়া .. .. .. .. | ১০,০০০ |
| ২। | বাঁকুড়া .. .. .. .. | ১০,০০০ |
| ৩। | বর্ধমান .. .. .. .. | ১৫,০০০ |
| ৪। | লেবং .. .. .. .. | ২০,০০০ |
| ৫। | কালিম্পং .. .. .. .. | ১০,০০০ |
| ৬। | কুচবিহার .. .. .. .. | ১০,০০০ |
| ৭। | মালদা .. .. .. .. | ১০,০০০ |
| ৮। | জলপাইগুড়ি .. .. .. .. | ১০,০০০ |
| ৯। | শ্রীরামপুর .. .. .. .. | ১৫,০০০ |
| ১০। | কৃষ্ণনগর .. . .. .. | ২০,০০০ |
| ১১। | মেদিনীপুর .. . .. .. | ৮,০০০ |
| ১২। | খড়গপুর .. .. .. .. | ১৫,০০০ |
| ১৩। | ঝাড়গ্রাম .. .. .. .. | ৭,০০০ |

## UNSTARRED QUESTIONS

**(to which written answers were laid on the table)**

### Recognition of 2-class and 4-class Junior High Schools

**13.** (Admitted question No. 29.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যেসকল দুই বা চার শ্রেণীর জুনিয়ার হাই স্কুল নবপ্রতিষ্ঠিত এবং অননুমোদিত সেগুলিকে মঞ্জুরী দেওয়া সম্পর্কে সরকারের নীতি কি; এবং

(খ) মুর্শিদাবাদ জেলার কোন্ থানা হইতে কয়টি এরূপ নবপ্রতিষ্ঠিত স্কুল সরকারের নিকট মঞ্জুরীর জন্য আবেদন করিয়াছে এবং সেইসকল আবেদন সম্পর্কে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**The Minister for Education:**

(ক) দুই বা চার শ্রেণীর জুনিয়ার হাই স্কুলের কর্তৃপক্ষের নিকট হইতে যেসকল আবেদন-পত্র শিক্ষাধিকারে পাওয়া যায়, সেগুলি সংশ্লিষ্ট জেলা স্কুল পরিদর্শকের নিকট যথারীতি পরিদর্শনান্তে রিপোর্ট দাখিল করিতে বলা হয়। ঐ সমস্ত রিপোর্টে প্রদত্ত শর্তাবলী বিবেচনা করিয়া শিক্ষাধিকারের সুপারিশসহ ঐগুলি পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের নিকট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হয়।

(খ) যেসমস্ত আবেদনপত্র শিক্ষাধিকারে এযাবৎ পাওয়া গিয়াছে, তাহার সব কয়টি সংশ্লিষ্ট জেলা পরিদর্শকের নিকট পরিদর্শন ও রিপোর্ট দাখিলের জন্য পাঠানো হইয়াছে।

যেসমস্ত জুনিয়ার হাই স্কুল ১লা জানুয়ারী, ১৯৬৮ হইতে বোর্ড কর্তৃক অনুমোদিত হইয়াছে এবং যেসমস্ত জুনিয়ার হাই স্কুল ১লা জানুয়ারী, ১৯৬৮ হইতে অনুমোদনের জন্য বোর্ডে পাঠানো হইয়াছে তাহাদের তালিকা দেওয়া হইল। যেসমস্ত জুনিয়ার হাই স্কুল ১লা জানুয়ারী, ১৯৬৯ হইতে মঞ্জুরীর জন্য আবেদন করিয়াছে তাহারও একটি তালিকা দেওয়া হইল।

Statement referred to in reply to clause (ধ) of unstarred question No. 1:

## STATEMENT A

### Junior High (Boys') recognised by Board from 1st January 1968

| Serial No. | Name of the school with P.S. and P.O. | Board's letter No. and date. | Remarks. |
|---|---|---|---|
| 1 | Jibantitala Jr. High School, P. O. Rainda, P.S. Nabagram. | 3269/Jr. 2, dated 4th February 1969. | As 4-class. |
| 2 | Nayagram Kumar Bimal Chandra Singha Jr. High School, P. O. Hazarpur Nabagram, P.S. Kandi. | 1363/Jr. 2, dated 20th November, 1958. | As 2-class. |
| 3. | Gobardhandanga Dasturhat J. D. Jr. High School, P. O. Dasturhat, P.S. Sagardighi. | 3266/Jr. 2, dated 3rd February, 1968. | As 4-class. |
| 4 | Biharia Jr. High School, P.O. Biharia, P. S. Hariharpara. | 3271/Jr. 2, dated 4th February, 1969. | Do. |
| 5 | Chanak Vivekananda Jr. High School, P.O. Chanak, P.S. Nabagram. | 231/69/Jr.-2, dated 4th February, 1969. | Do. |
| 6 | Kamal Kr. High School, P.O. Par Raghunathpur, P.S. Domkal. | 3272/Jr.-2, dated 4th February, 1969. | Do. |
| 7 | Nimtala Jr. High School, P.O. Cossimbazar Raj, P.S. Berhampore. | 3270/Jr.-2, dated 9th February, 1969. | Do. |
| 8 | Kamnagar Kazipara Jr. High School, P. O. Kamnagar, P. S. Beldanga. | 2323/Jr.-2, dated 9th June, 1969 | As 2-class. |
| 9 | Natungram Jr. High School, P. O. Talgachi, P.S. Murshidabad. | 2039/Jr.-2, dated 8th January, 1969. | Do. |

## STATEMENT B

### Junior High (Girls') recognised by the Board from 1st January 1968

Schools recognised for the first time.

| Serial No. | Name of school. | 4-class/2-class. | P.S. in which located. |
|---|---|---|---|
| 1 | Balutungi Girls' Jr. High School, P. O. Bajupur Madhupur, District Murshidabad. | 4-class .. | Lalgola. |
| 2 | Saktipur K. M. C. Girls' School, P. O. Saktipur, District Murshidabad. | 4-class .. | Beldhanga. |
| 3 | Bhagabangola Balika Vidyalaya, P. O. Bhagabangola, District Murshidabad. | 4-class .. | Bhagabangola. |

## STATEMENT C

**Junior High (Boys') recommended to the Board for recognition from 1st January 1968**

| Serial No. | Name of the School. | D.I.'s No. and date, Report of the D.I.S., Murshidabad. | Remarks. |
|---|---|---|---|
| 1 | Hitampur Jr. High School, P. O. Hatinagar, P.S. Berhampore. | 944-H., dated 25th November, 1968. | 2-class. |
| 2 | Kashipur Tarinisundar Jr. High School, P. O. Kashipur P. S. Beldanga. | 107-H., dated 30th January, 1969. | Do. |
| 3 | Lalnagar, Jr. High School, P. O. Noapara Simulia, P.S. Hariharpara | 946-H., dated 25th November, 1968. | Do. |
| 4 | Tenkaraipur Jr. High School, P. O. Tenkaraipur, P.S. Raninagar. | 545-H., dated 19th June 1969, 917-H., dated 11th November, 1968. | 4-class. |
| 5 | Purandarpur Junior High School, P O. Purandarpur, P.S. Kandi. | 912-H., dated 13th November, 1968. | 2-class. |
| 6 | Khalilpur Rahaman Vidyaniketan, P.O. Babultali, P.S. Raninagar. | 879-H , dated 26th September, 1968. | 4-class. |
| 7 | Begunbari Jr. High School, P. O. Begunbari, P.S. Beldanga. | 854-H., dated 15th October, 1968. | Do. |
| 8 | Sree Guru Pathasla Jr. High School, P.O. Chaltia, P.S. Berhampore. | 855-H., dated 15th October, 1968. 30-H , dated 13th January 1969. | Do. |
| 9 | Durlavpur Jr. High School, P. O. Madhupur, P.S. Nowda. | 968-H , dated 2nd December, 1968. | 2-class. |
| 10 | Tikarbaria, K N. Jr. High School, P.O. Faridpur, P.S. Jalangi. | 943-H., dated 25th November, 1968. 438-H , dated 19th May 1969 | 4-class. |
| 11 | Taritananda Adibasi (Chanok) Jr High School, P.O. Chanak P S. Nabagram. | 736-H., dated 3rd July 1968 109-H., dated 31st January, 1969. | Do. |
| 12 | Khairanati Jr. High School, P. O. Khairanati, P.S. Jalangi. | 894-H., dated 4th November 1968. 410-H., dated 3rd May 1969. | 2-class. |
| 13 | Gobindatala N. B. Pande Jr. High School, P.O. Jiaganj, P.S. Jiaganj | 409-H , dated 14th June 1968 7-H., dated 6th January 1969. | 4-class |
| 14 | Noada Panur Jr. High School, P.O. Noada Panur, P.S. Berhampore. | 967-H , dated 2nd December 1968. | 2-class. |
| 15 | Bazarsahu Jr. High School, P. O. Saktipur, P.S. Beldanga. | 945-H., dated 25th November, 1968. | 4-class. |
| 16 | Rampara Maganpara Jr. High School, P. O. Rampara, P. S. Beldanga. | 942-H., dated 25th November, 1968, awaiting further insturetion. | Do. |
| 17 | Pauli Jr. High School (Recognised as 2-class) P. O. Kheruru, P. S. Sagardighi. | 880-H., dated 26th October, 1968. | Do. |
| 18 | Doulatabad Jr. High School (Recognised 2 -class), P. O. Doulatabad, P.S. Berhampore. | 829-H., dated 7th October 1968 | Do. |
| 19 | Sarmastapur Jr. High School, P.O. Sarmastapur, P. S. Bharatpur (Recognised 2-class). | 659-H., dated 13th August, 1968 | Do. |
| 20 | Cossimbazar Mahajan Samity Jr. High School, P. O. Cossimbazar Raj, P. S. Berhampore (Recognised 2-class). | 1050-H., dated 18t December, 1968. | Do. |

## STATEMENT D

### Junior High (Boys') seeking recognition from 1st January, 1969.

### These cases are pending

| Names of 2-class/4-class Junior High Schools seeking recognition from 1st January 1969 with the name of P.S | No. and date of inspection report submitted to the D.P.I., West Bengal, in connection with the recognition for the first time. | Remarks. |
|---|---|---|
| 1 | 2 | 3 |
| 1. Rabindra Vidyaniketan Junior High School, 2-class, P. S. Raninagar. | Report has not yet been submitted. Instruction for inspection has been issued by D.P.I. in his Memo No. 125 Sc/S(III), dated the 27th June, 1969. | |
| 2. Choapara Dulaverpara Junior High School, 2-class, P. S. Jalangi. | Report has not yet been submitted. Instruction for inspection has been issued under D.P.I.'s Memo No. 126Sc/S(III), dated the 27th June, 1969. | |
| 3. Digri Junior High School 2 class, P. S. Samserganj. | Report has not yet been submitted. Instruction for inspection has been issued under D.P.I.'s Memo. No. 127 Sc/S(III), dated the 27th June, 1969. | |
| 4. Charmunshipara Junionr High School (Recognised 2-class), P. S. Raninagar. | Report has not yet been submitted. Instruction for inspection has been issued under D.P.I.'s Memo. No. 128 Sc/S(III), dated the 27th June, 1969. | |
| 5. Salar Saleh Memorial Junior High School, 2-class, P. S. Bharatpur. | Report has not yet been submitted. Instruction for inspection has been issued under D.P.I.'s Memo No. 129 Sc/S(III), dated the 27th June 1969. | |
| 6. Kuli Chowrasta Sadaraner Vidyapith, 4-class, P. S. Barwan. | Report has not yet been submitted. Instruction for inspection has been issued under D.P.I.'s Memo. No. 130 Sc/S(III), dated the 27th June, 1969. | |
| 7. Natchna Asram Vidyalaya, 4-class, P. S. Sagardighi. | Report has not yet been submitted. Isntruction for inspection has been issued under D.P.I.'s Memo. No. 133 Sc/S(III), dated the 27th June, 1969. | |
| 8. Mandra Aswini Kumar Junior High School, 4-class, P. S. Burdwan. | Report has not yet been submitted. Instruction for inspection has been issued under D.P.I.'s Memo. No. 134 Sc/S(III), dated the 27th June, 1969. | |
| 9. Gurupada Junior High School, 4-class, P. S. Kandi. | Report has not yet been submitted, Instruction for inspection has been issued under D.P.I.'s Memo. No. 136 Sc/S(III), dated the 27th June, 1969. | |
| 10. Bagore Jr. High School, 4-class, P. S. Nabagram. | Report hs not yet been submitted. Instruction for inspection has been issued under D.P.I.'s Memo. No. 137 Sc/S(III), dated the 27th June, 1969. | |
| 11. Nazirpur Eserpara Junior High School, 4-class, P.S. Raninagar. | Report has not yet been submitted. Instruction for inspection has been issued under D.P.I.'s Memo. No. 138 Sc/S(III), dated the 27th June 1969. | |
| 12. Natungram Jr. High School (Recognised 2-class), P. S. Murshidabad. | Report has not yet been submitted. Instruction for inspection has been issued under D.P.I.'s Memo. No. 132 Sc/S(III), dated the 27th June, 1969. | |
| 13. Sahajadpur Omrapur Jr. High School (Recognised 2-class), P. S. Suti. | Report has not yet been submitted. Instruction for inspection has been issued under D.P.I.'s Memo. No. 135 Sc/S(III), dated the 27th June, 1969. | |
| 14. Tildanga Junior High School, (Recognised 2-class), P. S. Farakka. | Report has not yet been submitted. Instruction for inspection has been issued under D.P.I.'s Memo. No. 131 Sc/S(III), dated the 27th June, 1969. | |

## New Primary Schools for Murshidabad district

**14.** (Admitted question No. 32.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ১৯৬৯ সালের মে মাস পর্যন্ত মুর্শিদাবাদ জেলার থানাওয়ারী কয়টি প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের প্রস্তাব রাজ্যসরকারের হাতে আছে;

(২) এসকল প্রস্তাবের (ক) শেষটি ও (খ) প্রথমটি কবে রাজ্য সরকারের হস্তগত হইয়াছে; এবং

(৩) এসকল প্রস্তাবের মধ্যে কোন্ থানায় কয়টিকে মঞ্জুরী দানের সিদ্ধান্ত করা হইয়াছে?

**The Minister for Education:**

(১) মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড ঐ জেলায় মোট ৯৬টি নূতন প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদনের প্রস্তাব শিক্ষা অধিকারে পাঠাইয়াছেন।

উক্ত ৯৬টি প্রস্তাবিত নূতন প্রাথমিক বিদ্যালয়ের থানাওয়ারী সংখ্যা নিম্নরূপঃ—

১। বেলডাঙ্গা—৭
২। রানীনগর—৩
৩। ডোমকল—১২
৪। জলঙ্গী—১
৫। নবগ্রাম—১১
৬। ভরতপুর—৫
৭। জিয়াগঞ্জ—১
৮। মুর্শিদাবাদ—২
৯। বহরমপুর—৯
১০। লালগোলা—২
১১। ভগবানগোলা—৪
১২। সমসেরগঞ্জ—২
১৩। হরিহরপুর—৯
১৪। নওদা—১
১৫। রঘুনাথগঞ্জ—৮
১৬। সাগরদিঘী—৪
১৭। কান্দী—৩
১৮। খড়গ্রাম—১২

মোট—৯৬

(২) উক্ত ৯৬টি বিদ্যালয়েরই নামসম্বলিত একটি তালিকা মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড ১৯৬৮ খৃস্টাব্দের সেপ্টেম্বর মাসে শিক্ষা অধিকারে পাঠাইয়াছেন।

(৩) ইহা চূড়ান্তভাবে স্থির হয় নাই। পশ্চিমবঙ্গের অন্যান্য জেলার প্রস্তাবিত নূতন প্রাথমিক বিদ্যালয়গুলির সহিত মুর্শিদাবাদ জেলায় উক্ত ৯৬টি বিদ্যালয়ের অনুমোদনের বিষয় বর্তমানে পশ্চিমবঙ্গ সরকারের বিবেচনাধীন আছে।

**Supply of drinking water in rural areas**

**15.** (Admitted question No. 36.) **Dr. Nalinaksha Sanyal:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the steps taken to improve the supply of drinking water in the rural areas since the assumption of office by the present Ministry in 1969 in West Bengal;

(b) how many derelict tubewells and inoperative wells have been repaired or resunk and how many new tubewells have been sunk in Karimpur Block area of Nadia district during the said period; and

(c) whether representations were received by the B.D.O., Karimpur, as also by the Assistant Engineer, Rural Water Supply Scheme of the Public Health Department at Krishnagar, from Dr. Nalinaksha Sanyal proposing repairs and resinking of a number of inoperative or derelict tubewells in Karimpur Block area during the last six months and what action has been taken thereon?

**The Minister for Health:** (a) To improve the supply of drinking water in the rural areas it has been decided for the present by the Government in the Health Department to provide 4 tubewells (2 new sinking and 2 resinking) (or 2 wells in the alternative in non-tubewell areas) for each Assembly Constituency covering rural areas—the pinpointed sites being selected by the M.L.A.'s concerned.

(b) Only 2 derelict tubewells were resunk through the agency of Nadia Zilla Parishad in Karimpur Block. No new tubewell could be sunk in the said Block for want of funds. Two hundred and sixty-six tubewells in the said Block requiring normal repairs have been repaired during 1969.

(c) Just before the last General Election Dr. Nalinaksha Sanyal made personal contact with the Assistant Engineer, Rural Water Supply, Nadia Subdivision, Public Health Engineering, and requested him for necessary repair of tubewells in the Block specially 15 tubewells in the following 11 villages:

(1) Barbakpur—1 No.
(2) Khempur—1 No.
(3) Gopalerpara—1 No.
(4) Teipur—1 No.
(5) Rasikpur—1 No.
(6) Char Muktarpur—1 No.
(7) Andia—2 Nos.
(8) Nandanpore—3 Nos.
(9) Ratanpur—1 No.
(10) Gopalpur—1 No.
(11) Kanthalia—2 Nos.

Out of these 15 tubewells, 12 tubewells had been repaired but 3 Nos. tubewells (one in each of Ratanpur, Gopalpur and Kanthalia) being derelict could not be repaired.

It is not known if the Block Development Officer, Karimpur, has received any representation from Dr. Sanyal in this connection. An enquiry has been made of him in this respect.

**Khas lands in Beharia mauza**

**16.** (Admitted question No. 69.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হরিহরপাড়া থানা বেহারিয়া মৌজা ২৭নং তৌজিতে খাস জমি কত আছে; এবং

(খ) এই তৌজির জমি বিলি করা হইয়াছে কি না?

**The Minister for Land and Land Revenue:**

(ক) খাস কৃষি জমির পরিমাণ ১৪১·৩০ একর।

(খ) হ্যাঁ।

**New Primary Schools for Murshidabad district**

**17.** (Admitted question No. 81.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৯-৭০ সালে মুর্শিদাবাদ জেলায় মহকুমাওয়ারী পল্লী অঞ্চলে কতগুলি প্রাথমিক বিদ্যালয় খোলা হইবে?

**The Minister for Education:**

মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড পল্লী অঞ্চলে ৯৬টি নূতন প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদনের প্রস্তাব পশ্চিমবঙ্গ শিক্ষা-অধিকারে পাঠাইয়াছিল। প্রস্তাবিত প্রাথমিক বিদ্যালয়গুলির অনুমোদনের বিষয় বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

মুর্শিদাবাদ জেলার প্রস্তাবিত ৯৬টি নূতন প্রাথমিক বিদ্যালয়ের মহকুমাওয়ারী সংখ্যা নিম্নরূপঃ—

সদর—৩৯

লালবাগ—২৩

কান্দি—২০

যঙ্গীপুর—১৪

মোট—৯৬

**Introduction of Free and Compulsory Primary Education in Urban and Rural areas**

**18.** (Admitted question No. 82.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা দিবার জন্য সরকার গ্রামে ও শহরে কি কি ব্যবস্থা লওয়ার কথা চিন্তা করিতেছেন; এবং

(খ) ১৯৬৯-৭০ সালে বিভিন্ন জেলায় কতগুলি প্রাথমিক বিদ্যালয় খোলা হইবে?

**The Minister for Education:**

(ক) সারা পশ্চিমবঙ্গের পল্লী অঞ্চলে সর্বত্র বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষা প্রবর্তিত হইয়াছে। শহরাঞ্চলে ৮৯টি মিউনিসিপ্যালিটির মধ্যে ১৭টিতে এ পর্যন্ত বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা মঞ্জুর হইয়াছে। অন্যান্য মিউনিসিপ্যালিটিতে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রবর্তনের প্রস্তুতি চলিতেছে। প্রাথমিক শিক্ষা সম্পর্কিত একটি সামগ্রিক (গ্রাম্য ও শহরাঞ্চল) আইন প্রণয়ন করা হইতেছে।

৬ হইতে ১১ বৎসর বয়সের প্রত্যেকটি ছেলেমেয়ে যাহাতে প্রাথমিক বিদ্যালয়ে যাওয়ার সুযোগ পায় সেজন্য অনূর্ধ্ব এক মাইল দূরত্বে প্রাথমিক বিদ্যালয় স্থাপনের নীতি চালু আছে। এখনও যেখানে যেখানে প্রাথমিক বিদ্যালয়ের প্রয়োজনীয়তা রহিয়াছে সেই সমস্ত স্থানে আরও নূতন প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের ব্যবস্থা করা হইতেছে।

এতদ্ব্যতীত প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে ছাত্রছাত্রীগণকে বিনামূল্যে পাঠ্য-পুস্তক বিতরণের বিষয় বিবেচনা করা হইতেছে। তৃতীয় ও চতুর্থ শ্রেণীতে অনেক ছাত্রছাত্রীকে বিনামূল্যে পাঠ্যপুস্তক সাধারণতঃ দেওয়া হয়।

(খ) ইহা চূড়ান্তভাবে এখনও স্থিরীকৃত হয় নাই।

### Majherpara Primary School, Berhampore

**19.** (Admitted question No. 95.)

**শ্রীসনৎকুমার রাহা:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর থানার মাঝেরপাড়া প্রাথমিক বিদ্যালয়ের নিজস্ব কোন স্কুল গৃহ আছে কি না;

(খ) গত দশ বছরের মধ্যে উক্ত বিদ্যালয়ের জন্য সরকার গৃহ নির্মাণের জন্য কোন অর্থ সাহায্য করিয়াছেন কি না; এবং

(গ) করিয়া থাকিলে কোন্ বৎসরে কত টাকা সাহায্য করিয়াছেন?

**The Minister for Education:**

(ক) নাই।

(খ) না।

(গ) এই প্রশ্ন উঠে না।

### Eye Department of Berhampore Sadar Hospital

**20.** (Admitted question No. 116.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর সদর হাসপাতালে চক্ষু চিকিৎসার জন্য শয্যা-সংখ্যা কত; এবং

(খ) বর্তমান সংখ্যা বর্ধিত করিবার কোন পরিকল্পনা আছে কি না?

**The Minister for Health:**

(ক) ৪৫টি।

(খ) আপাততঃ না।

### Morgue of the Berhampore Sadar Hospital

**21.** (Admitted question No. 234.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বহরমপুর শহরের অভ্যন্তরে ঘনবসতিপূর্ণ জনবহুল এলাকায় সদর হাসপাতালের শবব্যবচ্ছেদ আগারটি অবস্থিত থাকায় ঐ এলাকার বাসিন্দাদের বিশেষ অসুবিধা ভোগ করিতে হয়; এবং

(খ) অবগত থাকিলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Health:**

(ক) হ্যাঁ।

(খ) সকল সদর এবং মহকুমা সংলগ্ন মর্গগুলিকে (শবব্যবচ্ছেদ আগারগুলি) পর্যায়ক্রমে শীতাতপনিয়ন্ত্রিত করিবার কার্যক্রম অনুসারে আলোচ্য বহরমপুর সদর হাসপাতালের মর্গটিকেও শীতাতপনিয়ন্ত্রিত করিবার প্রস্তাব সরকারের বিশেষভাবে বিবেচনাধীন আছে। অর্থসংস্থান করিতে পারিলেই আলোচ্য মর্গটিকে শীতাতপনিয়ন্ত্রিত করা হইবে।

### Installation of new monuments in memory of martyrs

**22.** (Admitted question No. 264.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** পূর্তদপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খ্যাতনামা সাহিত্যিক, শিল্পী, বৈজ্ঞানিক, সমাজ সংস্কারক, রাষ্ট্রনেতা ও শহীদদের প্রতিমূর্তি গড়িয়া তাহা কলিকাতা মহানগরীর উপযুক্ত স্থানে সংস্থাপন করিবার কোন পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কি, এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে কলিকাতার কোন্ কোন্ স্থানে কোন্ কোন্ মনীষীর প্রতিমূর্তি সংস্থাপন করা হইবে?

**The Minister for Public Works:**

(ক) হ্যাঁ।

(খ) সরকার সম্প্রতি ক্ষুদিরাম বসু ও সূর্য সেন এই দুই শহীদ এবং প্রখ্যাত সাহিত্যিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের মূর্তি নির্মাণের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। উল্লিখিত মূর্তিসমূহ সংস্থাপনের স্থান সম্পর্কে এখনও সিদ্ধান্ত গ্রহণ করা হয় নাই, তবে কলিকাতা ময়দান হইতে বিদেশী শাসকবর্গের প্রতিমূর্তি অপসারণের ফলে লভ্য স্থানসমূহে এই সকল মূর্তি সংস্থাপনের সম্ভাবনা আছে।

### Distribution of gratuitous relief in Barwan police-station

**23.** (Admitted question No. 224.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** ত্রাণ ও সমাজ কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বড়ঞা থানার কোন্ কোন্ অঞ্চলে কতজন ব্যক্তিকে বর্তমানে খয়রাতী সাহায্য দেওয়া হইতেছে; এবং

(খ) ১৯৬৬-৬৭ ও ১৯৬৭-৬৮ সালে কতজন করিয়া উক্ত সাহায্য পাইয়াছিল?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

— (ক) ও (খ) এতৎসহ একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

[2 to 2-10 p.m.]

**Dr. Zainal Abedin:** Sir, answer to the next question was not given in the library table.

**Mr. Speaker:** You must first take your seat.

**Shri Nepal Chandra Roy:**

অন এ পয়েন্ট অব প্রিভিলেজ স্যার, হাউস চলাকালীন সময়ে আমরা দেখেছি যে যদি কোন গুরুতর সিদ্ধান্ত মন্ত্রী নেন তাহলে সেটা আগে হাউসের সামনে প্লেস করেন। কিন্তু স্যার, আমাদের পায়ে ধরা মন্ত্রী শ্রীসুধীন কুমার তিনি সিদ্ধান্ত নিয়ে আটার দাম পাঁচ পয়সা বাড়িয়ে দিলেন এবং কন্ট্রোল করলেন, তিনি সেটা আগে হাউসের সামনে না রেখে বাইরে বললেন।

**Mr. Speaker:** We have got a privilege motion to that effect. I am going to place that before the House. I will not allow any question to be raised now. For your information I let you know that starred question Nos. 41, 42, 47, 53 and 57 stand postponed as replies have not yet been received.

## Motion of Privilege

Now, the privilege motion tabled by Muhammed Khuda Buksh.

**Shri Muhammed Khuda Buksh:** Sir, I am afraid I have not got a copy of motion that I had given to the office. With your permission may I be furnished with a copy of that? My motion is given under rule 224 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly currently in force to raise a question involving a breach of privilege of the House, namely, the Hon'ble Food Minister's decision to reintroduce control of atta and flour with effect from 5th July, 1969 without first informing the Legislative Assembly, which is now in session, on this important policy decision thus treating this August Assembly with contempt and denying it of its rightful privilege. The Minister has shown discourtesy to the House and his conduct has been improper and readily deserve censure.

## Ruling on Motion of Privilege

**Mr. Speaker:** I have heard your privilege motion and I have got something to say. Your contention is that there has been breach of privilege of the House because of the Hon'ble Food Minister having furnished to the Press Government policy on decontrol of wheat products without informing the House beforehand.

In this connection I would cite a ruling given on the 19th December, 1963 by the Speaker, Iok Sabha:

> "I have studied all rulings upto this time not only in India but also in the United Kingdom. They are all uniform in this respect that statements my Ministers outside the House in regard to their policy matters or some such things do not constitute a breach of privilege of the House, though it is a matter of propriety, and courtesy also demands, that they should be made in the House when the House is in session."

*That view of Lok Sabha was reiterated in the observation of the Speaker.* Lok Sabha, on the 8th December, 1964 when he conformed that there was nothing to show that such release of information to the Press would constitute a breach of privilege of the House.

I can also cite a ruling of Lok Sabha, dated the 14th April, 1965, to this effect:

"I have already held and told the members that there is no breach of privilege. Even if a Minister makes any statement outside, I have held it so many times that there is no question of any breach of privilege at all. It is only a courtesy that must be shown to the House. There may be some impropriety about that but there is no question of any breach of privilege."

Having cited the above, I would hold that no breach of privilege is involved in the matter though I would urge that such a statement should have been made in the House, as it is in session now.

**Shri Muhammed Khuda Buksh:** Sir, I am deeply grateful to you for your kind ruling.

**Shri Sudhin Kumar:** Mr. Speaker, Sir, I did not intend to any way offend the members of this House. I thought that in reply to a question in this House I had clearly indicated that it was the policy of the Government to impose a control on 'atta' very soon and I also thought that it was understood as a clear statement of policy. The Press was informed only of the Government's decision (Noise and interruptions). There was no question of policy. So, there was no question of disrespect to this House.

**Kumar Jagadish Chandra Sinha:** Sir, the Hon'ble member who is not a member of this House cannot offer any personal explanation. He is an outsider so to say.

**Mr. Speaker:** He can make a personal explanation because the privilege motion has been brought against him and he is also a full-fledged Minister now.

I have received another notice of privilege motion from Dr. Nalinaksha Sanyal regarding alleged incorrect information supplied by the Minister for Labour in reply to question No. 3.

**Dr. Nalinaksha Sanyal:** Sir, I have sought your permission to move a privilege motion on the conduct of the Minister-in-charge of Labour in misleading the Assembly by giving factually incorrect reply to starred question No. 3, Admitted question No. 35 on labour relations in the State, on Thursday, the 3rd July, in which he stated that Government were not aware of such misgivings in the mind of industrialists in this State on labour relations and of any deterioration in the employment potential, although in a joint deputation to the Deputy Chief Minister the Presidents of four leading Chambers of Commerce namely the Indian Chamber of Commerce, the Bengal National Chamber of Commerce, the Bengal Chamber of Commerce and the Bharat Chamber of Commerce, submitted their representation dated the 23rd May, 1969 together with a Note specifically recording their concern on the prevailing industrial situation adversely affecting employment opportunities in the State directly or indirectly resulting from mounting incidents of labour

indiscipline in the forms of gherao, slow-down, shop floor disturbances, coercion and violence on Supervisory and Managerial staff and this was followed by personal discussion between the Deputy Chief Minister and the Presidents of the four Chambers of Commerce on Saturday, the 14th June, 1969,—be referred to the Committee of Privileges for examination and report at an early date so as to ensure more responsible treatment to members' rights to obtain fair and factually correct answers to their questions put the Government in the discharge of their duties.

[2-10 to 2-30 p.m.]

**Mr. Speaker:** I have received your notice regarding alleged incorrect information supplied by the Minister for Labour in reply to question No. 3.

I have ascertained the practice of Lok Sabha that if any statement is made on the floor of the House by a member or a Minister which another member believes to be untrue, incomplete or incorrect, it does not constitute a breach of privilege. In this case I do not find that there is any question of breach of privilege involved.

## Adjournment Motion

**Mr. Speaker:** I have received......

**Dr. Nalinaksha Sanyal:** On a point of order Sir. According to the rules of the Assembly the Speaker is only called upon to declare the admissibility of the motion in the House. My motion is for referring a particular matter to the Committee of Privileges.

Sir, under the rules even the Speaker can suo motu on his motion refer any matter to the Committee of Privileges. Under rule 226 a member moves to seek your permission to move the motion of privilege in the House. Sir, I do not quite follow your observation quoting some practice from Lok Sabha and then giving your personal opinion as to whether it constitutes a breach of privilege or not. If a Minister does not give a factually correct statement in the House, it has been held,—and I will show you from May's Parliamentary Practice,—

**Mr. Speaker:** I am not going to hear any argument against the ruling of the Chair.

**Dr. Nalinaksha Sanyal:** Sir, I am not questioning your ruling.

**Mr. Speaker:** I have given my ruling and the ruling of the Chair is final. It may be right or wrong but it is the Speaker's ruling.

I have received seven notices of Adjournment Motion. All of them are on the subject of reported attack on a band of students by C.P.I. (M) workers in village Ethra in the district of Burdwan. The notices are from Kumar Jagadish Chandra Sinha, Shri Siddhartha Shankar Ray, Shri Tarun Kanti Ghosh, Shrimati Abha Maity, Shri Muhammed Khuda Buksh and Shri Nepal Chandra Roy. I have withheld consent. But without prejudice to its claim of urgency or otherwise I hold that this may await information as to facts. I would request the Home (Police) Minister to make a statement on the matter.

**শ্রীজ্যোতি বসু:** মাননীয় স্পীকার, আমি শুধু বলতে পারি আজকের দিনটা সময় দিতে হবে, ওখানে লোক পাঠিয়েছি, ফিরে এলে আমি তার ভিত্তিতে উত্তর দেবো। তবে আমি এটাই বলতে চাই যে ওখানে খুব ভয়ঙ্কর একটা ঘটনা ঘটেছে এবং সেই কারণে তার মামলা হবে, মার্ডারের চার্জ নিশ্চয়ই হবে, কাজেই সেই হিসাবে সমস্ত বিষয়ে এখানে আলোচনা করা সম্ভবপর হবে না।

আমি সেই জন্য বলতে চাই আপনি যখন এটা বললেন, এটা গুরুত্বপূর্ণ বিষয় এবং জবাব দেবার জন্য, সেই জবাব আমি কালকে দেব।

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)

**Shri Siddhartha Shankar Ray:**

গুরুত্বপূর্ণ বিষয় এবং এত গুরুত্বপূর্ণ যদি হয়ে থাকে আপনি স্বরাষ্ট্র মন্ত্রীকে জবাব দিতে বললেন, তবে আমাদের অ্যাডজর্নমেন্ট মোশনটা এ্যাডমিট করা হল, না কোন এরকম হলো কি করে চলবে। আমাদের পয়েন্টগুলো সব মেনে নিলেন, নিয়ে বললেন, না অ্যাডজর্নমেন্ট মোশন চলবে না। প্রত্যেকটা

condition precedent to the admissibility of the adjournment motion has been accepted by you.

সেটা অ্যাডমিট করার পর আপনি বলছেন, না ডিসকাস করতে দিতে পারি না। এ কি রকম কথা, আমরা প্রতিবাদ করলেই বলবেন আপনারা অগণতান্ত্রিক ব্যবহার করছেন। আবার প্রতিবাদ করলেই বলবেন চক্রান্ত করতে আসছে। আজকে বাংলাদেশের ছাত্ররা সব ধর্মঘট ডেকেছে। কালকে যা ঘটেছে তার প্রতিবাদে সব স্কুল-কলেজ আজ বন্ধ। আজকে আমরা আলোচনা চাই। আলোচনা হতে হবে—এই আমাদের দাবী।

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)

**Mr. Speaker:** Mr. Roy যা বললেন, আমি মে'জ পার্লিয়ামেন্টারী প্র্যাকটিস-এ যা লেখা আছে পড়ছি।

**Shri Siddhartha Shankar Ray:**

May's parliamentary practice.

ছুঁড়ে ফেলে দিন। মে'র নিয়ম অনুযায়ী যখন পার্লিয়ামেন্ট বসে তখন খুন হয় না। পার্লিয়ামেন্ট যখন বসে তখন শ্রমিকদের নিয়ে গিয়ে মেম্বারদের খুন করা হয় না, পুলিশ দিয়ে ছাত্রদের খুন করা হয় না। মে'র বই ছুঁড়ে ফেলে দিন, মে'র বই মানব না। আমি দেখে এসেছি মাতার ক্রন্দন, শ্মশানে গিয়েছি, গ্রামে গিয়েছি, দেখেছি কি শ্মশান তৈরী করে দেওয়া হয়েছে আজকে। বৃদ্ধ প্রপিতামহ তাঁদের কান্না শুনে এসেছি। আমি শুনব না কোন কথা। আলোচনা চাই।

(গোলমাল এবং বাধাদান)

**Shri Jamini Bhusan Saha:**

তিনটে বাড়ীতে পর পর মেয়েদের উপর আক্রমণ করা হয়। মেয়েদের টেনে বার করা হয় এবং তাদের মারা হয়। আগুন লাগান হয়েছে। সমস্ত গুন্ডা নিয়ে যাওয়া হয়েছে ছাত্র পরিষদের নাম নিয়ে। কালকে স্যার আমি ঘুরে এসেছি।

(গোলমাল ও বাধাদান)

**Shri Tarun Kanti Ghosh:** The Assembly do now adjourn the business for the purpose of discussing a definite matter of urgent public importance and of recent happenings, i.e. on July 5 last when a meeting of Chatra Parishad workers was being held in the village of Ethora near Asansol. They were attacked by some persons led by C.P.M. workers resulting in the death of Shri Bhabani Prasad Sarma and serious injury to Shri Pranab Mukherjee and later a number of factory workers also led by C.P.M. swooped on the village ...(Noise and interruptions) Sir, I am reading my statement. Why are they shouting?......

(noise and interruptions)......brutally killing the Headmaster of the school and injuring many others including Shri Mihir Upadhyay, an ex-M.L.A. The Headmaster of the school was murdered in the very presence of the police (noise and interruptions)......the entire village is seized with terror providing another instance of signal failure of law and order in the State and the failure of the Government to protect the life and property of the people. We also saw 14 injured persons rushed to hospital......(noise and interruptions)......
[2-20 to 2-30 p.m.]

**মিঃ স্পীকারঃ** তরুন বাবু, আপনি একজন মন্ত্রী ছিলেন। আপনি বসুন, আপনার লেকচার দেবার দরকার নেই।

**শ্রীতরুণকান্তি ঘোষঃ** স্যার, আমি বলতে চাই আজকে যখন আমরা গিয়েছিলাম........ .... (গোলমাল) ...... আমরা দেখেছিলাম ...... (গোলমাল) ...... (গোলমাল) ...... গ্রামের অধিকাংশ ...... (গোলমাল) ...... সেই ভবানীর মায়ের কান্না, ভবানীর বুড়ো বাপের কান্না, তার ঠাকুর্দার কান্না ...... (গোলমাল) ...... তাহলে বুঝতে পারতেন যে কি অবস্থার সৃষ্টি হয়েছে . (গোলমাল) ......

**Mr. Speaker:** Mr. Ghosh, you were a Minister but you are deliberately flouting the rules of this House. You have got to sit down, please take your seat. (Noise and interruptions)...Shrimati Abha Maiti, please read your motion.

**Shrimati Abha Maiti:** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, the horrible incidents of 5-7-69 leading to the brutal murder of a student, Headmaster of the local High School and another person and injury to several persons at Ethora village, Asansol, Burdwan district. Shri Bhabani Prasad Sharma, a member of Chhatra Parishad, was stabbed to death in a peaceful meeting......(noise and interruption)...

**মিঃ স্পীকারঃ** আপনি মোশানটা পড়েন, আপনার স্টেটমেন্ট পড়বার অধিকার নেই।

**Shrimati Abha Maiti:** There are brutal murders. I want to draw your attention to that. (Noise and interruptions)

এই গুরুত্বপূর্ণ বিষয়টা এখনই আলোচনা না করা হলে এর গুরুত্ব সারা বাংলাদেশের লোক জানতে পারবে না।

(তুমুল হট্টগোল)

**Mr. Speaker:** I am not going to hear you. Please take your seat. You are disrupting the proceedings of the House.

Now, I have received another notice of adjournment motion from Shri Muhammed Khuda Buksh on the subject of looting of military stores from a military special train near Asansol. I have withheld consent.

......(noise and interruptions). ....

[At this stage Shri Nepal Chandra Roy was seen standing and reading someing but his voice was drowned amidst noise and interruptions.]

**Mr. Speaker:** Without the permission of the Speaker whatever has been said or read before the House, that should be expunged from the proceedings of the House. It is the rule that you have got to abide by.

[2-30 to 2-40 p.m.]

**Shri Tarun Kanti Ghosh:** On a point of order, Sir. You just now said that all that has been stated here should be expunged. May I know under which rule you have directed to expunge that?

**Mr. Speaker:** All right, I shall look into that.

(Noise and interruptions)

**Shri Tarun Kanti Ghosh:** We have got every respect for the chair but you must cite the rule. Kindly show us the rule.

**Shri Jatin Chakravorty:**

আপনার উপরে আবার কেন বলতে দিচ্ছেন ?

(Noise and interruptions)

**Shri A. H. Besterwitch:** On a point of order, Sir. You have given a ruling just now that members are allowed to read the adjournment motion only and there should not be any debate. But, Sir, what is going on? By violating that ruling they are, in fact, insulting the Chair. Those members should be taken to task for that.

**Mr. Speaker:** Regarding your point of order I wanted that those who tabled the adjournment motion—even if no consent is given—would be allowed to read the text of the motion and it was agreed to. Only two days back it was done like that. But you wanted to read the entire adjournment motion to which I never agreed and so I wanted to stop you. But you did not care and went on reading and reading. I shall have to see if there be anything which I never permitted. Nobody can speak on that subject without my authority. I asked you to take your seat even then you went on lecturing although I made it perfectly clear that the text of the adjournment motion would be allowed to be read by any one tabling the adjournment motion. The concerned papers which are not before me now will be considered later. But unless I enforce some sort of order in this House it is not possible to continue.

**Shri Siddhartha Shankar Ray:** But tell the C.P.I. (M) to stop murders...

(Noise and interruptions)

Every political party stands in danger of extinction at the hands of the C.P.I. (M)—these murderers—and the Deputy Chief Minister is sitting here quietly......

(Noise and interruptions)

Sir, each and every political party is in the danger of being annihilated at the hands of these C.P.I. (M) goondas...

(Noise and interruptions)

**Shri Muhammed Khuda Buksh:** Sir, I am reading the text of my adjournment motion and this is very important because......

(Noise and interruptions)

**Mr. Speaker:** Mr. Khuda Buksh, you read the text only.

**Shri Muhammed Khuda Buksh:** Sir, my motion runs thus: The House do now adjourn to discuss an urgent matter of public importance and of recent occurrence namely the death of a High School Headmaster and two others and grave injuries to 18 others including an Ex-Member of this Hon'ble House in Ethora village near Asansol on 5th July, 1969 and the complete breakdown of machinery of law and order in the area and the most disturbing of all the failure of the police to effect any arrests thus heightening the sense of insecurity among the people. Sir, as I have said. ....

(noise)

**Mr. Speaker:** Now Mr. Jagadish Sinha.

**Kumar Jagadish Chandra Sinha:** Sir, I have given notice of an adjournment motion which runs thus: That the business of the House do now stand adjourned to discuss a definite matter of recent occurrence and urgent public importance namely armed attack on a section of students by members of C.P. (M) resulting death of one Headmaster and one student and three others in village Ethora in the Burdwan district and also an armed gang forced a military special train to stop and looted a few wagons at Baktarnagar gate three miles from Andal also in the Burdwan district. In both cases the State Police failed to give protection to life and property.

The matters are of very serious nature and it seems that law of anarchy is now prevailing in the State of West Bengal and the State Government is a party to this.

[2-40 to 3-15 p.m. including adjournment.]

**Mr. Speaker:** The Minister-in-charge of Agriculture and Community Development will please make a statement.

**Shri Siddhartha Shankar Ray:** Sir, I have got an adjournment motion. I beg to move......

(Noise and interruptions)

**Shri Rabin Mukherjee:**

আমরা প্রত্যেককে আপনাদের এক কপি করে টাইপ করে দেব—৫৫ জনের ৫৫টা অ্যাডজর্নমেন্ট মোশন আছে একই সাবজেক্টএর উপর, তাহ'লে আমরা ঘুরে আসি।

(Noise and interruptions)

**Shri Siddhartha Shankar Ray:**

তাই ঘুরে আসুন, আমরা বাধিত হব।

Mr. Speaker, Sir, I move that this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence. namely, the dastardly and brutal murders of a student and a Head Master in the Village of Ethora near Asansol and the heinous attacks on numerous other innocent villagers causing serious injuries to many violent C.P.I. (M) supporters. This is the text of my statement.

(Noise and interruptions)

**Shri Samar Kumar Rudra:** On a point of order, Sir.

আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে যে, আমাদের এই বিধানসভার কার্য পরিচালনার যে বিধি আছে তার ৬১ নম্বর আছে......

**Dr. Nalinaksha Sanyal:**

আপনাকে বলছি স্যার, যে অবস্থার সৃষ্টি হয়েছে তাতে এই হাউস চালানো সম্ভব হবে না।

**Mr. Speaker:**

আপনি বসুন, আপনার কথা শুনব না।

Please sit down.

**Shri Samar Kumar Rudra:** The right to move the adjournment of the House for the purpose of discussing a definite matter of urgent public importance shall be subject to the following restrictions, namely:—

(i) not more than one such motion shall be made at the same sitting.

অর্থাৎ একটি নির্দিষ্ট বিষয়—সেটা সাধারণের খুব গুরুত্বপূর্ণ, সেটা বলবার বিষয় হবে এই স্থগিত প্রস্তাব বলিবার জন্য। তারপরে—কিছু বাধা-নিষেধ আছে, যেমন এক বিষয়ে একটার বেশী সেই রকম প্রস্তাব একই সভায় করা যাবে না। বিরোধী পক্ষের বিভিন্ন বক্তা প্রত্যেকে একই বিষয়ে স্থগিত প্রস্তাব তুলেছেন। কাজেই ৬১ নম্বর ধারায় ঐ স্থগিত প্রস্তাব একটার বেশী আর উঠতে পারে না। সিদ্ধার্থবাবুর ওটা অবৈধ প্রস্তাব, আপনি ওটাকে নাকচ করে দিন।

(গোলমাল)

**Dr. Nalinaksha Sanyal:**

উনি যা বললেন তার কোন ভিত্তি নাই

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** স্যার, আমাকে মাইক দেওয়া হোক বা না হোক আমি এমনই বলে যাবো যে আজকে যে অবস্থার সৃষ্টি হয়েছে ঘরে এবং বাইরে তাতে হাউস চালানো সম্ভব নয়। আপনার কাছে আমার বিনীত অনুরোধ এই যে আপনি দয়া করে আমাদের এটা আলোচনা করার সুযোগ দিন।

**মিঃ স্পীকার:** আপনারা যদি এরকম করেন তাহলে হাউস কি করে চলবে, আপনি বসুন আমি আপনার কথা শুনবো না।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** স্যার, একটু আগে যে কথা এখানে বলা হল তার কোন ভিত্তি নেই। আমরা সকলেই জানি যে একটা বিষয়েই এখানে আলোচনা হচ্ছে।

**মিঃ স্পীকার:** আমি পয়েট অব অর্ডারের জবাব দেব, আপনি দয়া করে বসুন।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** এর জবাব দেবার কোন প্রয়োজন রাখা হয় নি। আমরা জানি উনি শুধু গোলমাল করার জন্যই উঠেছিলেন। উনি ভালোভাবেই জানেন যে এই আইনের বাইরে আমরা যাই নি।

(তুমুল হট্টগোল)

**শ্রীযতীন চক্রবর্তী:** স্যার, বিজয়বাবু আর তরুনবাবুকে বার করে দিন তাহলেই ওরা ওয়াক আউট করবেন।

(তুমুল হট্টগোল)

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** স্যার, আপনি এটা আমাদের আলোচনা করার সুযোগ দিন, কারণ হাউসের যে মেজাজ তাতে বিলের আলোচনা হতে পারে না। ঘরে এবং বাইরে চারিদিকে অশান্তি, অরাজকতা, খুনজখম ইত্যাদি চলেছে। এমন কি সরলা অবলা মেয়েদের যাদের আমরা শ্রদ্ধা করি......

(তুমুল হট্টগোল)

একজন বৃদ্ধ হেডমাস্টারকে বল্লম দিয়ে খুঁচিয়ে মারা হয়েছে। এতে আমরা একেবারে স্তম্ভিত হয়ে গিয়েছি। রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে মানুষ অনেক রকম করে বটে কিন্তু মানুষ এরকম করতে পারে তা আমরা......(গোলমাল)

**শ্রীযতীন চক্রবর্তী:** স্যার, আপনি নেপাল রায়, বিজয় সিং নাহার, ডঃ নলিনাক্ষ সান্যাল, তরুনকান্তি ঘোষকে বার করে দিন তাহলেই ওরা ওয়াক আউট করবেন।

(তুমুল হট্টগোল)

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** স্যার, এটা ছেলেমানুষের ব্যাপার নয়, অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার, আপনি এটা চিন্তা করে দেখুন, আপনি নিজের বাড়ীর কথা ভাবুন। স্যার, আপনি গ্রামের কথা জানেন না, গ্রামে গিয়ে যদি দেখেন তাহলে দেখবেন যে গ্রামের ভেতর এমন অবস্থার সৃষ্টি হয়েছে যে, লোকে বাড়ী থেকে বেরুতে পারছে না। এরকম ভীতির সঞ্চার শুধু মাত্র বর্ধমানের একটা গ্রামেই সীমাবদ্ধ থাকবে না এটা সমস্ত বাংলাদেশে ছড়িয়ে যাবে। আজকে যে অবস্থার সৃষ্টি হয়েছে তাতে এই উস্কানি ও গুন্ডামির যদি প্রতিকার না হয় তাহলে বাংলাদেশের মানুষ আর সুখে শান্তিতে বাস করতে পারবে না। এখানকার লোকের উন্নতির কোন রাস্তা থাকবে না, এখানে কোন ডেভালপমেন্ট প্রোজেক্ট হতে পারবে না এবং সর্বোপরি যা দেখেছি তা হল পুলিশের উপরও সরকারের নিয়ন্ত্রণের কোন ক্ষমতা নেই। পুলিশ কথা শোনে না, পুলিশ যখন দরকার মনে করে ...

(গোলমাল)

**Mr. Speaker:** Dr. Sanyal, do you want to obstruct the business of the House, please tell me. If you want to obstruct the business of the House then I shall have no other course but to adjourn the House. You cannot force me to take my seat.

(Noise)

(Dr. Nalinaksha Sanyal was speaking amidst noise and interruptions, so his voice was not audible).

**Shri Jatin Chakraborty:**

স্যার, আপনি অ্যাডজর্ন করবেন কেন, আপনার কথা যখন শুনছে না তখন আপনি ওকে বের করে দিন।

**Mr. Speaker:** Dr. Sanyal, you are flouting the orders of the Chair. Do you want to obstruct the business of the House as you are doing?

(Noise)

[At this stage Dr. Nalinaksha Sanyal was seen reading something but his voice was drawned amidst noise and interruptions.]

[2-50 to 3 p.m.]

**Mr. Speaker:** Dr. Sanyal, may I know what are you reading. Have you got permission from the Chair? Do you want to obstruct the business of the House? If you do not, say so. Will you kindly take your seat? You are there, I think, for more than half an hour.

[Dr. Nalinaksha Sanyal was still continuing reading.]

## Calling Attention to matter of Urgent Public Importance

I now call upon the Hon'ble Minister-in-charge of Home Department to make a statement on the subject of squatting of class II and IV staff before the office of the S.D.O., Katwa, called attention by Shri Aswini Roy.

**Shri Jyoti Basu:** Sir, in response to the notice received by me from Shri Aswini Roy, an Hon'ble Member of this House, calling my attention to an urgent matter of public importance, namely, squatting of the class III and IV staff before the office of the Subdivisional Officer (Civil), Katwa since 26th June against the transfer order of a clerk in the office of the Block Development officer, Katwa at Srikhanda, I beg to make the following statement:—

The Agricultural and Community Development Department took a decision in November, 1968 for the transfer of all personnel who have been in any particular C.D. Block for more than 4 years. In pursuance of this decision the District Magistrate, Burdwan, issued orders for the transfer of certain correspondence clerks of seven Blocks. In March, 1969 the Agricultural and C. D. Department revised their earlier decision and said that such of the orders for the transfer of personnel as were not implemented should be kept in abeyance. By that time, however, the clerks of five Blocks had moved. The fifth clerk arrived at the Katwa I Block and the clerk who was to have

left that Block had drawn advance of pay and T.A. in order to go to his new station. On coming to know of the second decision of the Agricultural and C.D. Department the outgoing clerk of Katwa I Block refused to move out with the result that in that Block there were 2 correspondence clerks and in the Ranigunge Block there was no correspondence clerk. Obviously this situation could not continue. The revised decision of the Agri. and C.D Department did not mean that the clerks who had moved should go back to their original Block. Therefore, there was no alternative but to ask the clerk of Katwa I Block to proceed to his new Block which was Ketugram I. That could not be done unless the clerk of Ketugram I Block also moved to his new Block which was Ranigunge. The later had submitted a representation for a posting in his native district of 24-Parganas. It was not within the competence of the District Magistrate to arrange that. Accordingly, the District Magistrate ordered the clerk of Katwa I Block to proceed to Ketugram and the clerk of the latter Block to proceed to Ranigunge. In protest against this order of the District Magistrate a section of the staff of the offices of the S.D.O. Katwa and other local offices ceased work from 27-6-69. That staff was in no way affected by the order of the district Magistrate. They do not even belong to the Agri and C.D. Department. However, as a result of their action the salary of the Subdivisional staff could not be disbursed on the 1st July, 1969. The District Magistrate, Burdwan, however, deputed some clerks from his own office to the office of the S.D.O., Katwa, for running the local treasury. Disbursement of the salary of the Subdivisional staff began on the 4th July, 1969. Thereafter, the Agri. and C.D. Department issued an order that the unexecuted orders of transfer will be kept in abeyance pending examination of the matter by them. It is reported that in pursuance of this decision the Subdivisional staff decided to resume work on 5th July, 1969.

**Mr. Speaker:** I have received 10 notices of Calling Attention on the following subjects, namely:—

1. Robbery in a Military Special train near Bukhtiapur Halt—from Shri Kripa Sindhu Saha.

2. Looting of Government seed store—from Shri Kalipada Mondal,

3. Violent clash between the C.P.I. (M) and Bangla Congress workers and supporters over the possession of some vested land in a village under Toofanganj P.S. of Cooch Behar district—from Shri Prasenjit Barman,

4. Deteriorating law and order situation in tea garden areas of western Dooars—from Shri Prasenjit Barman,

5. Arrest of one Shri Kedar Ghosh, a local Social Worker of Serampore —from Shri Panchu Gopal Bhaduri.

6. Flood in Teesta—from Shri Amarendra Nath Ray Prodhan and Shri Suresh Chandra Sinha.

7. Dacoity in a Military Special—from Shri Amarendra Nath Ray Prodhan and Shri Suresh Chandra Sinha.

8. Dacoity in a Military Special—from Shri Santosh Kumar Ray.

9. Dacoity in a Military Special—from Shri Gyan Singh Sohanpal

10. Clash near Asansol on 5th July 1969 resulting in death of a Head Master and two others—from Shri Amarendra Nath Ray Prodhan and Shri Suresh Chandra Sinha.

(Noise and interruptions)

(At this the House adjourned for 15 minutes)

(After adjournment)

[3-15 to 3-25 p.m.]

**Shri Siddhartha Shankar Ray:** Mr. Speaker, sir, I want to make a statement .....

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশনস)

**Shrimati Geeta Mukhopadhyaya:**

ও'কে সাসপেন্ড করে দিন।

**Mr. Speaker:** I am very sorry that I have to make a statement. Shri Animesh Mukherjee, your conduct in the House have been grossly disorderly. Before action is taken under the rules (viz. rules 347 and 248) I would request you to make amends.

**Shri Siddhartha Shankar Ray:** Sir, I was going to make the statement...

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশনস)

**Mr. Speaker:** I am prepared to hear you. But are you prepared to make amends for what you have done.

**Shri Animesh Mukherjee:** I am very sorry for what I have done.

**Shri Siddhartha Shankar Ray:**

স্যার, ও'র কথা সকলে শুনতে পান নি।

because the mike was not there.—

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশনস)

**Mr. Speaker:** I will hear the Leader of the Opposition. Please take your seat.

**Shri Animesh Mukherjee:** Sir, I am very sorry for my conduct.

**Mr. Speaker:** Do you express regret for what you have done?

**Shri Animesh Mukherjee:** Yes.

**Mr. Speaker:** I am only concerned with this.

**Shri Siddhartha Shankar Ray:** Sir, you have granted me leave to make a statement. I was making......

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশনস)

**Mr. Speaker:** Let us carry on with the business. I will allow everyone of you to have your say but please see that order is restored in the House.

**Shri Siddhartha Shankar Ray:** Sir, there was great excitement......

(Noise)

**Mr. Speaker:** Please make a statement as short as possible.

**Shri Siddhartha Shankar Ray:** Sir, I shall be speaking as briefly as possible and I shall be finishing as quickly as possible and that will be possible only if my friends opposite keep quiet. There was a great excitement. It is natural, Sir, having regard to what happened last Saturday. Mr. Animesh Mukherjee is a new and very young member of this House. In the heat and excitement he had done something for which he has expressed regret and I am thankful to you for having accepted his apology. (Noise and interruptions). After that people came and assaulted him. Will you ask them for apology for causing damage to the property of the House? We have apologised on our part. Sir, they have damaged the property of the House and they must apologise. Will not they apologise? (Noise and interruptions) Will they not apologise for what they have done? They have damaged the Assembly property. Who is going to pay for this—the poor taxpayers for this damage?

**Mr. Speaker:** I was not in the House then. I shall make an enquiry. Please sit down.

**Shri Siddhartha Shankar Ray:** I take it that there is no justice in this House.

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশনস)

**Shri Jatin Chakraborty:** Expel him from the House.

**Mr. Speaker:** Mr. Ray, you are obstructing the business of the House. Please take your seat.

**Shri Siddhartha Shankar Ray:** Sir, you have just said that I am obstructing the proceedings of this House. (Noise and interruptions) I do not see how we are obstructing. You have asked us to apoligise but you have not asked the other side to apoligise. As a protest of this, Sir, we go out from this House.

(At this stage the Congress Members left the chamber)

**Mr. Speaker:** I have selected the notice on the subject of robbery in a Military Special Train—

from Shri Kripa Sindhu Saha,

Shri Amarendra Nath Roy Prodhan,

Shri Suresh Chandra Sinha,

Shri Santosh Kumar Ray and

Shri Gyan Singh Sohan Pal.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a suitable date.

**Shri Jyoti Basu:** A statement will be made tomorrow.

[3-25 to 3-35 p.m.]

**Shri Muhammed Khuda Buksh:** Mr. Speaker, Sir........

(Noise and interruptions)

Sir, may I be permitted to make my submission.

(Noise)

**Mr. Speaker:** Mr. Khuda Buksh, what do you want to say? You cannot obstruct the business of the House. Please take your seat.

Now, we take up mention cases of matters of urgent public importance. Shri Sailen Adhikary.

(Shri Muhammad Khuda Buksh rose to speak)

(Noise and interruptions)

**Mr. Speaker:** Why are you standing? (Noise) Honourable members, please keep quiet, don't get excited. What do you want to say Mr. Khuda Buksh?

**Shri Muhammad Khuda Buksh:** Sir, I wanted to say that I had another adjournment motion but in the din and tumult and the pandemonium that was prevailing in the House, what you said about it was completely inaudible. I do not know......

**Mr. Speaker:** Your second adjournment motion is covered by the calling attention notice which has been allowed by me and you will get your reply from the Minister in proper time. (Noise.)

**Shri Muhammad Khuda Buksh:** What has been accepted, Sir?

**Mr. Speaker:** Calling attention notice given by other honourable members on the same subject as your adjournment motion has been accepted and the Hon'ble Minister-in-charge has agreed to give a reply tomorrow.

**Shri Muhammad Khuda Buksh:** Now, Sir, the point that remains to be settled is—will the Hon'ble Minister-in-charge of law and order agree to a discussion on these two motions of adjournment?

**Mr. Speaker:** No discussion please. Now, Shri Sailen Adhikary.

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ স্যার, আমার একটা অনুরোধ আপনার কাছে যে এই ভদ্রলোক (শ্রীখোদা বক্সের দিকে অঙ্গুলী নির্দেশ করিয়া) আমাদের সঙ্গে বসে থাকার দরুন আমরা মনে করি আমাদের অসুবিধা হচ্ছে। ও'কে এখান থেকে সরিয়ে অপর জায়গায় বসিয়ে দেওয়া হোক।

**মিঃ স্পীকার:** দ্যাট ক্যান নট বি ডান।

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** এটা স্যার, আমাদের প্রিভিলেজ। আমরা ও'কে অ্যালাও করবো না এখানে বসতে দিতে।

**মিঃ স্পীকার:**

Please, Please, we shall discuss the matter some other time. Now, Shri Sailen Adhikary.

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটা বিষয়ের প্রতি যে কলকাতায় আমরা যে চাল খাচ্ছি তাতে দেখা যাচ্ছে যে সেই প্রফুল্ল সেনের আমলের মত কাঁকরগুলি যা ছিল ঠিক সেই রকমই আছে। আপনি আমাদের যুক্তফ্রন্টের খাদ্যমন্ত্রী—আপনি অন্যান্য বিষয়ে যেভাবে স্টেপ নিয়েছেন এ বিষয়েও সেইভাবে স্টেপ নিয়ে যাতে লোকের দাঁত টাঁত না ভাঙ্গে সেই ব্যবস্থার জন্য এগুবেন এই আশা করব।

**Shri A. H. Besterwitch:** Sir, I want to draw the attention of the Transport Minister to one thing. We find that taxis are plying on the road but unfortunately these are not available. In my district you will get taxis immediately you need it but here we stand for hours together for a taxi. Taxis are going with meters up in front of you but they do not stop. I learn a deputation on behalf of the taxi assocaion is going to meet the Hon'ble Minister. I request the Minister to put this question to them so that some sort of arrangement is made so that people can avail themselves of the taxis. If there is any trouble they go on strike. I have got a lot of taxi numbers with me. Today I had a very important business at the Writers' Buildings regarding some tribal welfare matters in the Tribal Welfare Department. I was standing on the road seeing taxis plying on the road but not stopping in spite of directing them to do so. I hope the Hon'ble Minister-in-charge of Transport Department will see to that and call for an explanation from the association.

**Shri Kripasindhu Saha:**

স্যার আমি আজ যে কলিং অ্যাটেনশন যেটা দিয়েছিলাম সেটা বক্তিয়ারপুর এবং এতোপুরের ঘটনা সম্পর্কে। আমি কিছুক্ষণ আগে শুনেছি আমাদের মন্ত্রিমহাশয় আগামীকাল তাঁর বক্তব্য রাখবেন। কিন্তু আপনার কাছে নিবেদন করছি মন্ত্রিমহাশয় যদি আজকে ২টি ঘটনা যেটুকুন সরকারের পক্ষে আছে সেটুকুন যদি আমাদের কাছে রাখেন তাহলে আমাদের পক্ষে সুবিধা হয়।

**শ্রীআবদুল মনসুর হাবিবুল্লাঃ** স্যার, আপনার মাধ্যমে একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আজকে সংবাদপত্রে দেখেছেন গতকাল দিলখুসা স্ট্রীটের উপর আমার বাড়ীর কাছে একটা অগ্নিকাণ্ড ঘটনা ঘটে। আমি ১০-১০ মিঃ থেকে ১০-৪৫ মিঃ পর্যন্ত ১০১ এবং ২৪-২২২২ ফায়ার সার্ভিসের দুটো ফোন নম্বর ধরার চেষ্টা করি। কিন্তু এই ফোন কন্টাক্ট করা যায় নি। শেষ পর্যন্ত লালবাজার ফায়ার ব্রিগেডএ কন্টাক্ট করি। কিন্তু তারা যখন যায় তখন পাড়ার ছেলেরা আগুন নিভিয়ে দিয়েছিল। ফায়ার সার্ভিস আসার পর তারা খুব বিক্ষুব্ধ হয় যে এতক্ষণ বাদে তারা কেন এল? কথা হচ্ছে যে ফায়ার সার্ভিসএ যে ফোন নং দেওয়া আছে তার কোনটাই কাজ করে না, অর্থাৎ ১০১ ও ২৭-২২২২ এই দুটো নং কাজ করে না। ফায়ার সার্ভিসএর লোকেরা বলল যে লালবাজার থেকে তারা ইনফরমেশন পেয়েছে এবং তারা ৩ মিনিটের মধ্যে এসে পৌঁচেছেন। এই অবস্থার পরিবর্তন হওয়া দরকার। অবশ্য এটা মিনিস্ট্রির ব্যাপার নয়, কারণ এটা ক্যালকাটা টেলিফোনের সঙ্গে যোগাযোগ করা দরকার। এই রকম দুঃখজনক ঘটনা প্রায় হতে পারে এবং পাড়ার ছেলেরা যদি না আসত তাহলে অবস্থা আরও খারাপ হোত।

**শ্রীরাধানাথ চট্টরাজ:** মাননীয় স্পীকার মহাশয়, বীরভূম লাভপুর শম্ভুনাথ কলেজ আজ প্রায় এক বছর যাবত এখানকার প্রাক্তন কংগ্রেসী এম এল এ-এর সেক্রেটারী স্টাফ এবং ছাত্রদের সামান্য গোলমালের জন্য বন্ধ হয়ে আছে। সেজন্য বহু ছাত্র সেখানে ভর্তি হতে পাচ্ছে না এবং

অনেক দিন থেকে ছাত্রদের পড়াশুনা বন্ধ হয়ে গিয়েছে। বীরভূম অনগ্রসর অঞ্চল, সেখানকার কলেজ এভাবে হুইমসিক্যালী বন্ধ করে দেওয়া আমি অন্যায় বলে মনে করি। আমি আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই কলেজ অতি সত্বর খোলা হয়। তিনি যেন তার জন্য যাথারীতি ব্যবস্থা করেন এই অনুরোধ করছি।

## The West Bengal Utilisation of Land for Production of Food Crops Bill, 1969.

[3-35 to 3-45 p.m.]

**শ্রীজয়কেশ মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই যে বিলটা আমাদের রাজস্ব মন্ত্রিমহাশয় এনেছেন

West Bengal Utilisation of land for production of food crop Bill, 1969.

এই বিলকে আমি সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে রাজস্ব মন্ত্রীকে অভিনন্দন জানাই, কারণ এই বিল অত্যন্ত প্রয়োজনীয় ছিল। অনেক আগেই এই বিল আসা উচিত ছিল এবং এটা আইনে পরিণত হওয়া উচিত ছিল। কেন তা আমি পরে বলছি। এই সঙ্গে আমি বিরোধী পক্ষের যাঁরা এখানে নেই তাঁদেরও ধন্যবাদ দিচ্ছি। কেন না এই বিল সংশোধন করতে গিয়ে তাঁরা যে সমস্ত সংশোধনী চিন্তা করেছেন, তার মধ্যে তাঁদের যে চরিত্র সেটা খুব চটপট বিদ্যুৎগতিতে প্রকাশ হয়ে পড়েছে। আপনি জানেন যে ১৯৬৭ সালের নির্বাচনে বিধানসভায় কংগ্রেসীরা সংখ্যালঘু হয়ে পড়েছিল, বিরোধীদলের নেতা সেখানে বলেছিলেন তাঁরা নিয়মতান্ত্রিক বিরোধী দল হিসাবে কাজ করবেন। কি রকম নিয়মতান্ত্রিক বিরোধী দল হিসাবে কাজ করবেন আমরা সকলেই জানি। বর্তমান বিরোধী দলের নেতা নিয়মতান্ত্রিক এই সমস্ত কথা বাদ দিয়ে গত অধিবেশনে বলেছিলেন আমাদের সঙ্গে তাঁরা পুরোপুরি সহযোগিতা করেও চলবেন, এবং সেই সহযোগিতা যা আমরা বুঝতে পারছি। আজকের ঘটনাই সেই সহযোগিতার প্রমাণ। গত কয়েক দিনে যে কয়েকটি বিল আলোচনা হয়েছে সেই বিলেও যে দৃষ্টান্ত তাঁরা দেখিয়েছেন সেই দৃষ্টান্ত যে সহযোগিতার নয় তা যেকোন লোকই বুঝতে পারে। এই বিলেও তাঁরা যে সব সংশোধনী চিন্তা করেছিলেন তা থেকে তাঁদের যে চরিত্র তা পরিস্কার হয়ে উঠেছে। আজ ভারতবর্ষে প্রায় ৬ কোটি একর আবাদযোগ্য জমি পতিত হিসাবে পড়ে রয়েছে। এই সমস্ত জমিতে যদি ফসল উৎপাদনের ব্যবস্থা হত, তাহলে অ্যামেরিকা থেকে পি এল ৪২০ মারফত আমাদের ঋণ করে ভারতবর্ষকে খাদ্যের জন্য মর্টগেজ দেবার দরকার হত না। কিন্তু জমিদার রাজা মহারাজাদের স্বার্থে সেই সমস্ত জমিগুলি মেহেনতি কৃষকদের মধ্যে বিলি বন্টন করে দিয়ে চাষের ব্যবস্থা করা হয়নি এবং দেখা যাচ্ছে বাংলাদেশে এই রকম লক্ষ লক্ষ একর জমি চারদিকে পড়ে রয়েছে যার খবর আমরা কিছু কিছু জানি, আর সন্ধান জানি না এমন জমিও বহু পড়ে আছে। এক দিকে জমিগুলি পড়ে রয়েছে, অন্য দিকে দেশে খাদ্যসংকট বছরের পর বছর চলছে, এটা সমাধানের কোন লক্ষণ দেখা যাচ্ছে না।

অন্যদিকে দেখতে পাচ্ছি, বাহু নিয়ে পরিশ্রমের শক্তি নিয়ে আমাদের অসংখ্য ভূমিহীন কৃষক সব রয়েছে, তাদের যদি এই জমি দেওয়া হোত, তাদের শ্রমশক্তি এই জমির উপর নিয়োগ করবার বন্দোবস্ত করে দেওয়া হোত—তাহলে পরে দেখা যেত বাংলাদেশের চিরস্থায়ী খাদ্য সংকটকে দূর করে দিয়ে বাংলাদেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করা সম্ভব হয়ে উঠতো। কিন্তু দেখা যাচ্ছে সে ব্যবস্থা করা হয় নাই। উপরন্তু আবার নূতনভাবে দেখা যাচ্ছে নতুন করে এই সমস্ত জমিকে দখল করে নিয়ে নতুন কায়দায় দখল করে নিয়ে সেই জমি পতিত রাখার বন্দোবস্ত করা হচ্ছে। গতদিন রাজস্ব মন্ত্রী হাওড়ার একটা ঘটনার কথা উল্লেখ করেছেন, জগাছা থানার সাঁতরাগাছিতে বিড়লাদের চারশো বিঘা জমি—এক্সপ্লোসিভ কারখানা তৈরী করবার নাম করে গত ১৯৪৫ সাল থেকে দখল করে নিয়ে পতিত ফেলে রাখা হয়েছে। সেখানে চাষের কোন ব্যবস্থা হয় নাই। যদি এই অর্ডিন্যান্স না হতো, তাহলে সেই জমি আজও পতিত পড়ে থাকতো। যেখানে বহু ফসল হতে পারতো—গত বহু বছর ধরে তা হয় নাই। তেমনিভাবে বিড়লা সাহেবদের সাঁকরাইলে সাড়ে চারশো বিঘা জমি পতিত পড়ে আছে। সেখানে নাকি তাঁরা কারখানা করবেন। অসংখ্য

ভূমিহীন কৃষক সেখানে আছে, তাদের সেই জমিতে নামতে দেওয়া হয় নাই। এমনিভাবে উলুবেড়িয়ায় চারশো বিঘা জমি, বাউড়িয়াতেও চারশো বিঘা বাঙ্গুরদের পতিত জমি পড়ে আছে তেমনিভাবে বালি থানায় এই বাঙ্গুর কোম্পানির আড়াইশো বিঘা জমি পতিত পড়ে রয়েছে। সেখানেও কোন দিন কোন কারখানা হবে বলে ভরসা নাই। রেলের বহু জমি লাইনের দুধারে পড়ে রয়েছে। হঠাৎ দেখা যাচ্ছে আমাদের দেশে শিল্প গড়ে তোলবার সঙ্গে সঙ্গে বিভিন্ন জমির দাম বেড়ে গেছে এবং জমির দাম বেড়ে যাওয়ার সঙ্গে সঙ্গে যারা ল্যান্ড স্পেকুলেটার্স তারা বিভিন্ন জায়গায় জমি কিনছে—কারখানা করবে বলে বা অন্য কিছু করবার নাম করে। শিল্প-পতিরাও নেমেছেন, রেল কোম্পানীর লক্ষ লক্ষ বিঘা জমি দুধারে পতিত পড়ে আছে। অথচ বাংলাদেশে দুর্ভিক্ষ। বাংলাদেশের ক্ষেতমজুর ও ভূমিহীন কৃষকদের চার-পাঁচ মাসের বেশি কাজ থাকে না বা কাজ পায় না। এই অবস্থার প্রতিবিধান করা আগেই প্রয়োজন ছিল। আমরা জানি বিরোধী পক্ষ থেকে এই সমস্ত কথা বলা হয়েছিল, যখন কংগ্রেস গভর্নমেন্ট ছিল। তখন এই সব পতিত জমি আবাদ করার কোন চেষ্টা করা হয় নাই। এই অবস্থায় দীর্ঘকাল জমি পতিত পড়ে রয়েছে। আপনি জানেন ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট গভর্নমেন্ট একটা আইন করেছিলেন। কিন্তু পি ডি এফ গভর্নমেন্ট হবার সঙ্গে সঙ্গে সেই আইনকে বাতিল করে দেওয়া হয়েছে।

[3-45 to 3-55 p.m.]

তাই এই ২ বছর আগে চেষ্টা হলেও এই ২ বছর ধরে সেই সমস্ত পতিত থাকছে এবং বাংলাদেশে খাদ্যসঙ্কট চলেছে। আজকে যখন এই বিল আনা হয়েছে এবং যখন এই বিলকে কার্যকরী করার সুযোগ রয়েছে, চারিদিকে কৃষক—ভূমিহীন কৃষকরা আন্দোলন করছে এই সমস্ত জমি পাবার জন্য সেই সময় এই বিল আনা হয়েছে এবং এই বিলের মধ্যে দিয়ে যেটুকু চেষ্টা হয়েছে জানি এটা সম্পূর্ণভাবে পূর্ণাঙ্গ প্রচেষ্টা নয় কিন্তু তা সত্ত্বেও যেটুকু চেষ্টা হয়েছে সেটাকেও কি করে বাধা দেবার চেষ্টা করা হয়েছে, চিন্তা করা হয়েছে কংগ্রেস পক্ষ থেকে তাদের যে অ্যামেন্ডমেন্ট আমাদের কাছে সার্কুলেট করা হয়েছে তা থেকেই আমরা তা বুঝতে পারবো। আজকেও যখন লক্ষ লক্ষ বিঘা উদ্বৃত্ত জমি যেগুলি জমিদাররা আজও ক্ষতিপূরণ নেবার পরেও দখলে রেখেছেন, তার উপস্বত্ব ভোগ করছেন সেই জমি যখন আজকে সরকার দখল করছে তাতে কি প্রচণ্ড বাধা, সে বাধা আমরা সকলেই জানি। তার জন্য জোতদাররা আজকে যখন পুলিশের সাহায্য পাচ্ছে না তখন নিজেরা দল বাধছে, তাদের বন্দুক গুলি একযোগ করছে, এক একটা দল কৃষকদের উপর ঝাঁপিয়ে পড়ছে। এমনি ধরনের ঘটনা কিছুদিন আগে ঘটেছিল বর্ধমান, ২৪-পরগনার ক্যানিংএ। তারা দলবদ্ধ হয়ে সেই জমি রক্ষা করবার জন্য এমন কি সরকারের আইন থাকা সত্ত্বেও কৃষকদের উপর ঝাঁপিয়ে পড়েছে কৃষকরা যাতে সেই জমি দখল করতে না পারে। আজকে যখন সেই পতিত জমি তাব স্বত্ব থেকে যাচ্ছে. সেই পতিত জমি যখন দখল করার কথা, চাষ করে ফসল ফলাবার কথা যখন চিন্তা করা হচ্ছে সেই সময় এই অবস্থা এখানে দেখা যাচ্ছে। ওখানে যখন বলা হচ্ছে যদি প্রয়োজন হয় ক্ষমতা ব্যবহার করা হবে এবং এইভাবে জমি দখল করে বিলি করা হবে তখন দেখা যাচ্ছে কংগ্রেস পক্ষ থেকে বলা হচ্ছে ঐ ক্ষমতা কথাটা বা ফোর্স কথাটা বাতিল করা হোক। অর্থাৎ যেন স্বইচ্ছায় জমির মালিকরা জমি ছেড়ে দেবেন। তারপরে বলা হচ্ছে যে তাদের সঙ্গে কনসাল্ট করা হোক তারা রাজি কি না, তারা স্বেচ্ছায় দিয়ে দেবেন গভর্নমেন্টের ফোর্সের দরকার হবে না। স্বেচ্ছায় তারা দেবেন এই ধরনের যে প্রস্তাব যে সংশোধনী এটা কোথায় নিয়ে যায়, অর্থাৎ বিছেটি হবে কিন্তু তার হুল হবে না, বোলতা হবে কিন্তু তার হুল হবে না, সাপ থাকবে কিন্তু তার বিষ থাকবে না এই রকম যদি হয় তাহলে সেটাই হচ্ছে সবচেয়ে ভাল। এমনি করে জমি দখল করে ফসল ফলাবার জন্য আইন হবে কিন্তু ফসল যাতে ফলানো না যায়, দখল যাতে না করা যায় তারও ব্যবস্থা সঙ্গে সঙ্গে রাখতে হবে। এই হচ্ছে তাদের সংশোধনী, তাদের চিন্তা, তাদের সহযোগিতা, এই হচ্ছে তার রূপ। স্যার, এই বিলকে আমি সরাসরি সমর্থন করি এবং একে যদি আরো বেশী দিনের জন্য আরো বেশী শক্তিশালী করার প্রয়োজন হয় তাহলে সে সম্বন্ধে মন্ত্রিমহাশয়কে চিন্তা করার অনুরোধ করে আমি শেষ করছি।

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলী:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এর আগে ২০ বছর ধরে কংগ্রেস খাদ্য নিয়ে যে ছিনিমিনি করেছেন, আপনার তা জানা আছে। তাঁদের কাছে একটি মাত্র বলার ছিল বহুদিন ধরে তা প্রফুল্লচন্দ্র সেনের মুখ থেকে শুনেছেন—অনেকের অনেক জমি চলে গেছে বাস্তুহারারা এসে, আমাদের খাদ্যের টানাটানি পড়ে গেছে। সিদ্ধার্থবাবু এখানে নেই, তিনি এখানে দাঁড়িয়ে বলেছিলেন ঐ 'চোর'—আজকে তাঁকে জিজ্ঞাসা করতাম এখানে কি বলেছেন। এখন প্রশ্ন হচ্ছে বাংলাদেশকে খাওয়াবার জন্য তাঁদের মাথায় কিছু ছিল না, শুধু ছিল মিলিটারি ব্রেনে। যুক্তফ্রন্ট আসার সাথে সাথে ১৯৬৭ সালে আপনি জানেন আমাদের ভূমিরাজস্ব মন্ত্রী খুব সাহসের সাথে এই জিনিসের সম্মুখীন হয়েছিলেন এবং আমরা মনে করি সেই জন্য তিনি বাংলাদেশের মানুষের কাছে ধন্যবাদ পাওয়ার যোগ্য। কারণ, আমরা যারা যুক্তফ্রন্টের পক্ষে আছি তারা জানি সমস্ত সমাধানের মনোপলি নিয়ে বসে নেই, সংকট আছে, বাধা আছে, কিন্তু যারা সাধারণের পক্ষে, তারা সাহসের সাথে সমাধানের জন্য এগোবে, ধনিক শ্রেণীর স্বার্থ রক্ষার জন্য কিছু কিছু কথা তুলে বাধা সৃষ্টি তারা কখনও করে না। তাই আমরা এই বিলে দেখতে পাচ্ছি যে সাহসের সাথে সমস্ত বাধাবিঘ্নকে অতিক্রম করবার যে চেষ্টা তিনি করছেন সেদিক থেকে এই বিলটা অভিনন্দনযোগ্য। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে একটা অনুরোধ করি আমি কোন সংশোধনী আনি নি, কিন্তু যদি একটু ভেবে দেখেন এগুলি করার প্রয়োজনীয়তা আছে কি না তাহলে আমি খুব বাধিত হব। যেমন আপনি জানেন ঐ পুরানো দিনের আমরা জমির মালিকদের সাহায্য করার চেষ্টা করে, ক্লজ ৩-তে যেখানে বলা আছে ফুড ক্রপস প্রোডাকসনের জন্য—আমি মনে করি এটা উল্লেখ করে দেওয়া ভাল, কারণ ফুড ক্রপ বলতে ঐ ম্যাজিস্ট্রেটদের মাথায় ধান, গম ছাড়া আব কিছু নেই। এছাড়া আরো অনেক ধরনের খাদ্য আছে বা আরো অনেক ধরনের খাদ্য করা যায়, সেগুলিকে একটু ক্যাটিগোরাইজ করতে পারলে ভাল হয়। যেমন বলতে পারি পালসেসের জন্য ভেজিটেবলস ইভেন, এমনও বলা চলে যে হয়ত যেখানে ধান হয় না, গম হয় না, কিন্তু সেখানে শাক সব্জী হয়। অতএব মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে এগুলোকে একটা ক্যাটিগোরাইজ করার কথা ভাববেন কি না দেখবেন। সেকেন্ড হচ্ছে, যে জমির কথা রেখেছেন আমি বলব বোধ হয় কনস্টিটিউসনে মন্ত্রিমহাশয়ের বাধা আছে বলেই এটা দিয়েছেন বারিয়াল গ্রাউন্ডের জন্য প্লেস অব ওয়ারসিপ, এই সব জমি নেওয়া যাবে না। কিন্তু আমরা জানি ধর্মের নামে কি খেলা ও'রা খেলে এবং আপনিও তা ভালভাবেই জানেন। কারণ, আপনাদের বর্ধমানে প্রচুর ধর্মের নামে জমি রাখা হয়েছে। এখানে যদি কনস্টিটিউসনে না বাধা হয় তাহলে একটু বলে দেওয়া উচিত যে কোন মন্দিরের নামে ৫০।৬০ বিঘা জমি, দুর্গাপূজো বা পাথর প্রতিমা ইত্যাদির নাম করে ২০০ বিঘা জমি রাখে—তাতে হাত দিতে পারব না তাহলে তো মুসকিল হয়ে যায়। মন্ত্রিমহাশয়কে আমি এখানে একটি কথা বলছি, আমি যশোর জেলার লোক। আমি দেখেছি পাকিস্তানে যুদ্ধের সময় বাড়ী রিকুইজেসন করতেন। শশাঙ্ক মজুমদার নামে একজন লোক তিনি তাঁর বাড়ীর সামনে একটা চতুর্ভুজ মূর্তি রেখেছিলেন। তারপর যখন রিকুইজিসন হচ্ছে তখন সাহেব এসে বললেন এতো প্লেস অব ওয়ারসিপ, এখানে চতুর্ভুজ মূর্তি বসানো রয়েছে। তাঁরা শিখে এসেছেন, মিলিটারিরা শিখে এসেছেন যে প্লেস অব ওয়ারসিপে হাত দেওয়া যাবে না। পরে তাদের বলেছিলেন তোমাদের সিনেমা দেখার অসুবিধা হচ্ছে, আমার বাড়ী রয়েছে, সেখানে সিনেমা করতে পার। কাজেই তাঁর বাড়ী প্লেস অব ওয়ারসিপ বলে রিকুইজিসন করতে পারে নি। এখানে ধর্মের নামে এই কথা ঠিক যে তাদের অনেক জমি ছিল কিন্তু ধর্ম—মন্দিরের জন্য বারিয়াল গ্রাউন্ডে এত জমি রেখে দেবেন কি না সেটা ভাবা উচিত এই বিলের মধ্যে একটাও উল্লেখ নেই উইদিন ইট কভার্স মিউনিসিপ্যাল ল্যান্ডস অ্যাজ ওয়েল। সেটা এর মধ্যে কোথাও দেখা যাচ্ছে না। মিউনিসিপ্যালিটিতে বহু জমি, বাগানবাড়ী বলে আছে মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন, বিশেষ করে আমাদের উপাধ্যক্ষ মহাশয়ের পূর্বদিকে যাঁরা বসেছেন তাঁরা যদি বারাসতের দিকে যান, দমদমের দিকে যান, মুর্শিদাবাদের দিকে যান বা ২।১ জন যাঁরা এখানে বসে আছেন, যাঁদের বাড়ীতে প্রচুর জমি, খোলা জায়গা আছে। এটা একেবারে নেওয়া হচ্ছে না ফুড ক্রপের জন্য। সব থেকে যেটা আসল জিনিস সেটা মন্ত্রিমহাশয় লক্ষ্য করেছেন।

এই সব জমিতে যাতে খাদ্য ফসল ফলাতে পারে সে জন্য ঠিক করেছেন সিজন্যাল ইয়ার বলে যাই হোক আমি মনে করি সেদিক থেকে তিনি একটু ভেবে দেখবেন। এই সম্বন্ধে খাদ্য ফলাবা উদ্যোগ নিয়েছেন যুক্তফ্রন্ট সরকার, সেখানে যাতে বাধা সৃষ্টি না হতে পারে সেটা দেখতে হবে এখানে কেন উনি করেছেন জানিনা, অবশ্য অ্যামেন্ডমেন্ট দেন নি। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে এদের এত কমপেনসেশন কেন—যাদের জমি পেল, তারা তো ইচ্ছায় দিল না। দেশের সাধারণ মানুষের কাছে প্রশ্ন করলে এরা দেশদ্রোহিতা করল বলা যায়। ন্যাশনাল ইন্টারেস্টকে যারা ক্ষতিগ্রস্ত করে, তারা দেশদ্রোহী ছাড়া আর কিছু নয়। বাগানের নামে ব

[3-55 to 4-05 p.m.]

কারখানা করবো বলে যাদের দীর্ঘদিন জমি পড়ে রয়েছে, সেটা কি অ্যান্টি ন্যাশনাল কাজ নয় তাদের এত কমপেনসেশন দেওয়ার প্রয়োজন আছে বলে মনে করি না। এবং মাননীয় মন্ত্রিমহাশ একটু ভেবে দেখবেন যে যারা জমি ফেলে রেখেছিল তাদের ফাইভ পার্সেন্ট অব দি গ্রস প্রোডাক শন দিলেই যথেষ্ট। পড়েছিল ঘাস জঙ্গল হয়ে, তাদের এত দেবার দরকার কি, বরঞ্চ কৃষকদে আর একটু বাড়ানো যায় কি না সেটা দেখুন। এইটটি ফাইভ অব দি প্রডাকশন যারা প্রডিউস করলো—জয়দেববাবু যেটা বলেছেন যে দুই বাহুর শক্তি সেই বাহুর শক্তি দিয়ে, মাথার ঘাম পায়ে ফেলে যারা উৎপাদন করলো তারা ৮৫ ভাগ নিন এবং গভর্নমেন্ট হেল্প করুন, কারণ জানেন জমি নেই, গরু নেই, লাঙ্গল নেই, আমি মনে করি গভর্নমেন্ট থেকে এখনই জমি নেওয়ার সঙ্গে সঙ্গে সরকারী প্রচেষ্টায় তাদের চাষের ব্যবস্থার প্রাথমিক স্তরে তাদের সাহায্য করুন এবং তার জন্য আমাদের খরচ হবে, সেই খরচ বহন করবার জন্য সেই উৎপাদকদের বলি যে তুমি আমাদের টেন পারসেন্ট দাও আর ফাইভ পারসেন্ট অব দি গ্রস প্রডিউস দাও, সেই ভদ্রলোকদের যাদের জমি আমরা নিচ্ছি, সেই পড়ে পাওয়া চৌদ্দ আনা যা পায় তাই লাভ এবং ক্ষতিটা কি না দিলে আমাদের সংবিধানে বাধা আছে কারোর জিনিস নিলে ক্ষতিপূরণ দিতে হবে, খেসারত দিতে হবে সেই ক্ষতিপূরণ টোকেন হিসাবে, নমুনা হিসাবে দেওয়া উচিত। আমি মনে করি এর বেশী ওনার অব দি ল্যান্ড-এর পাওয়া উচিত নয়। আর একটা জিনিস মাননীয় মন্ত্রিমহাশয়ের আইনের বাধা হচ্ছে—আমি তাঁকে অনুরোধ করবো যে পরবর্তীকালে একটা আইন আনবেন যে যারা এইরকম জমি ফেলে রাখে—এই রকম অনেক অসুবিধা পরবর্তীকালে আসবে যে ঠিক কাছে কাছে এ ধরনের ভূমিহীন কৃষক বা এমনি কৃষক শহরের কাছে যে আমরা জমি পাচ্ছি সেই জমি ইউটি লাইজ হয়তো করতে পারবো না, তখন এই লোকগুলোকে ঘাড় ধরিয়ে চাষ করানো যাবে কি না —এখন যে আইন আছে উই কান্ট ফোর্স এনি বডি, সেটা পারা যাচ্ছে না বলেই এই বাধা আমাদের আসছে। আমরা এটা করতে পারবো কি না সেটা আপনার দপ্তরকে দেখতে বলবো আর ঐ যে থ্রি পারসেন্ট বলছেন, যদি নপ্রোডাকশন না হয় তাহলে থ্রি পারসেন্ট ওনারকে দেওয়া যাবে কি করে। আমি বলবো যে লোকটা মাথার ঘাম পায়ে ফেলে চাষ করে ফসল করতে গিয়ে কিছু হলো না, পরিশ্রম করে কিছু আনতে পারলো না, আর যে ব্যাটার জমি পড়েছিল গভর্ন মেন্ট থেকে সে ওনার হিসাবে থ্রি পারসেন্ট কেন পাবে, সেখানে আইনে যদি সাংবিধানিক বাধা না থাকে তাহলে বলবো যে কিছু দেওয়া হবে না। যে কৃষক উৎপাদন করতে গিয়ে কিছু পেল না কিছু ন্যাচারাল ক্যালামিটির জন্য তখন যার জমি পড়েছিল সে পাবে কেন। এ সম্বন্ধে আইনে যদি কোন বাধা না থাকে সাংবিধানিক, তাহলে ওয়ান পারসেন্ট-এর বেশী কেন দেবে, নট মোর দ্যান দ্যাট। এটা আপনাকে ভেবে দেখতে বলবো। সেই সঙ্গে একটা কথা আপনার কাছে রাখবো, সেটা হচ্ছে এই যে আজকে যে জিনিস ঘটছে, জমি শুধু ঐভাবে পড়ে থাকে দেখলে হবে না, অনেক জায়গায় আমরা দেখতে পাচ্ছি নদীর ধারে যারা ট্যাঙ্ক ফিশারীর নামে জমি রেখেছে, পুকুর অথবা বড় বড় দীঘি, তার ধারে জমি আছে, সেই সব জমিগুলো আপনাদের আওতায় আনতে হবে। সেই জন্য আপনাদের ডেফিনিশনটা আর একটু ব্রডার করার দিকে নজর দেবেন, এই অনুরোধ জানিয়ে আমি আপনার বিলটাকে সম্পূর্ণভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশশাঙ্ক শেখর মণ্ডল:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই বিলটা যেটা আমাদের মাননীয় রাজস্বমন্ত্রী এনেছেন তাকে সমর্থন করতে উঠেছি। আজকে আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয় এবং যুক্তফ্রন্ট সরকার যে সময়োপযোগী বিল এনেছেন তার জন্য তাঁকে এবং সরকারকে ধন্যবাদ জানাচ্ছি। আজকে যদিও আমাদের উদ্দেশ্যমত অর্থাৎ ল্যান্ড টু দি টিলার্স করবার যে সদিচ্ছা ও প্রচেষ্টা আছে তাকে রূপায়িত করতে নানা রকম সংবিধানগত বাধা, বিপত্তি আছে যার জন্য পেরে উঠছি না, কিন্তু তবু একে সমর্থন করতে উঠে আমি বলব এই যে সমস্ত অনাবাদী জমি আজকে অনেক বিলাসী ধনীরা তাদের বিলাসের জন্য ফেলে রেখেছে সেই সমস্ত জমি গ্রহণ করবার জন্য আজকে যে বিল তিনি এখানে এনেছেন তার জন্য তিনি এবং মন্ত্রিসভা ধন্যবাদের যোগ্য। যদিও এই বিল অনেক আগেই আসা উচিত ছিল। কংগ্রেস আমলে ল্যান্ড রিফর্মসের নামে ধাপ্পাবাজি চালান হয়েছে, দরিদ্র মানুষকে জমি দেবার নাম করে ধাপ্পা দেওয়া হয়েছে। আজকে যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে আমাদের রাজস্বমন্ত্রী সেই বিল এনে আমাদের হাউসে দেশের মেহনতী মানুষ, ভূমিহারা মানুষ, অন্নহারা মানুষ আছে তাদের নিশ্চয় একটু আশা এবং ভরসা দিয়েছেন। আমি মনে করি যে এই সমস্ত জমি যারা রেখে দিয়েছে নানাভাবে তারা খুবই অন্যায় কাজ করেছে। ১৯৫৫-৫৬ সালে ল্যান্ড রিফর্মস অ্যাক্টের যে ধারায় ঐ ২০ বিঘা না ২০ একর জমি তাদের বাগান এবং তাদের গাছপালা লাগানর জন্য রাখা হয়েছে এবং ২৫ একর জমি তাদেরকে ছেড়ে দেওয়া হয়েছে, সেই আইনের মাধ্যমে সত্যই ল্যান্ড রিফর্মসের নামে আমাদের দেশের ভূমিহীন মানুষকে রিপ্রেসন করা হয়েছে। এটা রিফর্মসের নামে রিগ্রেট করা হয়েছে। সেই জন্য আজকে এই বিলকে সমর্থন করছি। যদিও আমাদের প্রকৃত উদ্দেশ্যের পথে বাধা অনেক, আমাদের লক্ষ্য এখনও অনেক দূরে। তবু বলব যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে মাননীয় রাজস্বমন্ত্রী যে বিলটি এনেছেন আজকে আপনারা বাঁদিকে যাঁরা বসেন তাঁরা নেই, তাঁরা আজকে সামান্য ছুতো করে চলে গিয়েছে, আমাদের দেশে বিশেষ করে বাংলাদেশে ভূমি এবং ভূমি সংস্কারের সম্পর্কে যদি কোন বিল আসে, যারা কৃষক, যারা দরিদ্র, যারা গান্ধীজীর মন্ত্রশিষ্য বলে নিজেদের জাহির করে, এতদিন যারা মানুষকে খাওয়া পরার কথা বলে উপহাস করে এসেছে তাদের নিশ্চয় এখানে বসা উচিত ছিল। আজকে যখন ল্যান্ড রিফর্মস অ্যাক্ট এসেছে, অ্যাকুইজিসন এবং রিকুইজিসনএর প্রশ্ন উঠেছে, তখন দেখছি ওঁদের যিনি অ্যামেন্ড বিশারদ আছেন, যিনি হচ্ছেন কালাপাহাড়, ডঃ নলিনাক্ষ সান্যাল মহাশয় তিনি কতকগুলো সংশোধনী প্রস্তাব দিয়েছেন। আমার পূর্ববর্তী বক্তা যে কথা বলেছেন যে ওঁদের সংশোধনীর মধ্যেই ওঁদের চরিত্র ফুটে উঠেছে, এটা ঠিক কথা।

[4-05 to 4-15 p.m.]

যে সমস্ত আনুষকে অন্নহারা করে, গৃহহারা শ্রমিকশ্রেণী তাদের প্রকৃত দাবী থেকে বঞ্চিত করে যে ঐতিহাসিক ঘটনা গত ২০ বৎসর ধরে ওরা করেছে, এই সংশোধনীর মধ্য দিয়ে তাদের চরিত্রের প্রতিফলন অসম্ভব। এর কতটুকুই বা প্রতিফলিত হয়েছে, অনেক বাকী আছে, ১৫ আনা ৩ পয়সারও বেশী বাকী আছে। আমি একজন কৃষকের মধ্যে কাজ করা সামান্য সদস্য হিসাবে আপনার মাধ্যমে একথা বলতে চাই, এই বিধান সভার সামনে যখন পূর্ণাঙ্গ বিল আসবে এই বিল সামান্য অংশ মাত্র, একটা কম্প্রিহেন্সিভ অ্যামেন্ডমেন্ট বিল নিশ্চয়ই, ১৯৫৫।৫৬ সালের তারা দরিদ্র কৃষককে, ভূমিহীন কৃষককে ঠকানোর জন্য যে ল্যান্ড রিফর্মস অ্যাক্ট করেছেন তাকে বাতিল করে নিজেদের দর্শনের ভিত্তিতে মাননীয় মন্ত্রিমহাশয় একটা পূর্ণাঙ্গ বিল এখানে আনবেন। সেজন্য একথা বলা দরকার বলে আমি মনে করি, কারণ এর সঙ্গে জড়িত যে সমস্ত ভূমিহীনদের, যে সমস্ত শ্রমিকদের ও কৃষক শ্রমিকদের সুযোগ-সুবিধার কথা ল্যান্ড অ্যাকুই-জিশনে এবং ল্যান্ড রিফর্ম বিলে বর্গাদারদের যে অধিকার তিনি যেটুকু দিয়েছেন, সত্যি সত্যি এই ধরনের নিপীড়িত বর্গাদারদের উপর যে ধরনের ঐ জমিদার মালিকরা অত্যাচার করেছেন, দীর্ঘদিন ধরে, আজও তারা সেই সব সহ্য করে তাদের জমি চাষ করছে, আজ যে সেই সমস্ত মালিকের কাছ থেকে তারা জোর করে ছিনিয়ে নিয়ে চাষ করেনি এটা ভারতবর্ষের সহনশীলতার ইতিহাসের একটা নমুনা। অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই বিধান সভার সদস্যদের

কাছে একথা জানাতে চাই যে, আজকের দিনে যদি আমাদের পক্ষ থেকে এই ধরনের পূর্ণাঙ্গ বিল না আনতে পারা যায় তাহলে মাননীয় মন্ত্রিমহাশয়কে নিবেদন করবো যে অতীতদিনের ঐ কংগ্রেসীরা যে কাজ করে গেছে, আমাদেরও দেশের মানুষ ক্ষমা করবে না। কেন না, এই ভারতবর্ষের মত কৃষিপ্রধান দেশে ল্যান্ড রিফর্ম বিল একটা বিরাট জিনিষ। গত ১৫০ বৎসরের সময় থেকে কংগ্রেস আমলের শেষ পর্যন্ত যেভাবে জমির উপর নানা রকম অত্যাচার, অনাচার এবং দেশের গ্রামীণ মানুষের উন্নতি, গ্রামের সাধারণ মানুষের উন্নতি ব্যাহত করেছে, এই অন্যায়, সামাজিক পাপকে অবিলম্বে আমাদের নির্বাসিত করা উচিত এবং এমন একটা ল্যান্ড রিফর্ম বিল আনা উচিত যার দ্বারা আমাদের সমস্ত মেহনতী মানুষের জীবনের দিকে তাকিয়ে, তাদের আশা-আকাঙ্ক্ষার দিকে তাকিয়ে এই বিলকে রূপায়িত করার জন্য মাননীয় রাজস্বমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এবং এই সঙ্গে তাঁকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তৃতা শেষ করছি।

**Mr. Deputy Speaker:** The motion is for consideration of the West Bengal Utilisation of Land for Production of Food Crops Bill, 1969. We are now discussing the West Bengal Land Reforms Bill, 1969. I now call upon the honourable member Shri Ashoke Chaudhuri to speak.

**Shri Ashoke Chaudhuri:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড ইউটিলাইজেশন বিল যেটা আনা হয়েছে সেটা আমি সমর্থন করছি। এই বিল-এর মধ্যে মোটামুটিভাবে বাংলাদেশের বিভিন্ন জেলায় যে পতিত জমি পড়ে আছে নানান ভাবে সেটাকে লুকিয়ে রাখা হয়েছে, চাষের বাইরে রাখা হয়েছে এবং রেখে গ্রামাঞ্চলের অর্থনীতির যে সংকট সৃষ্টি হয়েছে, গ্রামাঞ্চলে যে বেকার আছে, ভূমিহীন আছে তাদের মধ্যে এই জমি বণ্টন করে, ফসল ফলিয়ে জমিকে সদ্ব্যবহার করে, কার্যকরীভাবে অর্থনীতির ক্ষেত্রে পরিবর্তন ঘটানোর জন্য সময় উপযোগী বিল হয়েছে। এই বিলের মধ্যে একটা জিনিষ খুব পরিষ্কার হয়ে গেছে যে বাংলাদেশের গ্রামাঞ্চলে বিশেষকরে জলপাইগুড়ি, দার্জিলিং জেলার কিছু অঞ্চলে, ২৪ পরগনা, মেদিনীপুর, বীরভূম প্রভৃতি জেলায় নানা জমি আছে যেগুলিকে পতিত বলে বলা হয়েছে।

অথচ সেগুলিতে চাষ করে ফসল ফলাবার বন্দোবস্ত যদি করা যায় তাহলে পর গ্রামাঞ্চলের অর্থনীতিতে একটা পরিবর্তন আসবে, গ্রামাঞ্চলের লোকের রুজি রোজগার বাড়বে এবং ফসল উৎপাদনের দিক থেকে ফসলের ঘাটতি পূরণ হবে। তার চেয়ে একটা মস্ত বড় আশার কথা হল এই বিলকে কেন্দ্র করে আমরা দেখতে পাচ্ছি যে গ্রামে সাধারণ মানুষের মধ্যে যে কাজের উদ্দিপনা পরিশ্রম করে বাঁচবার যে চেষ্টা, পরিশ্রম করে সৎভাবে বেঁচে থাকবার এবং দেশকে গড়ে তোলবার চেষ্টা যার মানুষের মধ্যে এতদিন কোন সুযোগ ছিল না সেই সুযোগকে সার্থকভাবে প্রয়োগ করবার জন্য এই বিল আনা হয়েছে। কিছুক্ষণ আগে একটা মিছিল যাদবপুর থানা অঞ্চল থেকে এসেছে, সেখানে কয়েক হাজার বিঘা জমিকে পতিত বলে ফেলে রাখা হয়েছে এবং সেটেলমেন্টের সময় সেই জমির যে ক্লাসিফিকেসন সেই ক্লাসিফিকেসনের মধ্যে সেগুলিকে ভেড়ি ফিসারী বলে দেখিয়ে রাখা হয়েছে, আসলে সেখানে কোন মাছের চাষ বা ভেড়ি বিভিন্ন জায়গায় নেই, কিছু কিছু জায়গায় হয়ত আছে কিন্তু বিস্তীর্ণ জায়গায় সেই জমিগুলি পতিত বলে রেখে দেওয়া হয়েছে অথচ সেগুলিতে ফসল হতে পারে। তেমনি ২৪-পরগনা জেলার বিশেষ করে সুন্দরবন অঞ্চলের মধ্যে এইভাবে বহু জমিকে জঙ্গল বলে দেখানো হয়েছে অথচ সেগুলিকে পরিষ্কার করে নিয়ে যদি চাষ করা যায় তাহলে পর বহু কৃষকের কর্মসংস্থান হতে পারে এবং গ্রামের অর্থনীতিতে একটা ভারসাম্য আসতে পারে। তাছাড়া জলপাইগুড়ি জেলার চা বাগান অঞ্চলে বহু জমি চা বাগানের জন্য নেয়া হয়েছে কিন্তু আজকে ৫০ বছরের মধ্যেও সেই জমিতে কোন চায়ের চাষ হয় নি। উপরন্তু সেই জমিগুলিকে ফেলে রাখার ফলে সেখানে প্রকৃত যারা কৃষক আছে তারা জমির ধারে বাস করেও জমির দিকে চেয়ে থেকেও নিজেদের পরিশ্রম করে সেই জমিতে চাষ করে ফসল ফলাবার সুযোগ পাচ্ছে না এবং দেশকে বাঁচাবার এবং দেশের অর্থনীতি গড়ে তোলবার সুযোগ

পাচ্ছে না—এই বিলের সাহায্যে তাঁরা সেই সুযোগ পাবেন। সবচেয়ে আশার কথা হল এই যে, আমাদের বাংলাদেশের মানুষ পরিশ্রম করে বেঁচে থাকতে চায়, খেটে খেয়ে বেঁচে থাকতে চায়—তারই সুযোগ এই বিলের মধ্যে রয়েছে। এই বিলের পরিধি কতটুকু হবে তা জানি না, তবে এই বিলের দ্বারা বাংলাদেশের মানুষের খেটে খাওয়ার সুযোগ করে দেয়ার জন্য যে একটা চেষ্টা যুক্তফ্রন্ট সরকারের তরফ থেকে হয়েছে সেজন্য সরকারকে এবং মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে এই বিলের প্রতি আমার পূর্ণ সমর্থন জানাচ্ছি।

**Shri Prabodh Purkait :**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভূমিরাজস্ব মন্ত্রী আজকে এই সভায় যে ওয়েস্ট বেঙ্গল ইউটিলাইজেসন অফ ল্যান্ড ফর প্রোডাকসন অফ ফুড ক্রপস বিল উত্থাপন করেছেন সেটাকে আমি সমর্থন করছি। আজকে এই যে বিল আনা হয়েছে আমি মনে করি বর্তমানে বাংলাদেশের যে অবস্থা সাধারণ মানুষ, সাধারণ চাষী, ভূমিহীন ক্ষেত মজুরদের মধ্যে ভূমি পাবার প্রচুর আকাঙ্খা রয়েছে যার ফলে আমরা দেখছি গোটা বাংলাদেশ জুড়ে এই ভূমিহীন এবং কৃষকদের মাঝখানে ভূমি পাবার লড়াই দীর্ঘদিন ধরে চলছে। আমরা দেখেছি কংগ্রেসের আমল থেকেই বৃহৎ বৃহৎ জমির মালিকরা জমিদারী প্রথা উচ্ছেদের নামে কায়েমী স্বার্থকে রক্ষা করেছেন এবং আজও পর্যন্ত হাজার হাজার বিঘা জমি তারা বিভিন্নভাবে লুকিয়ে রেখেছেন এবং এই জমিদারী প্রথা উচ্ছেদ আইনকে ফাঁকি দেয়ার জন্য তারা কোন কোন জায়গায় বৃহৎ বৃহৎ ভেড়ির নামে জমিকে রেকর্ড করিয়েছে এবং রেকর্ড করিয়ে দেখা যাচ্ছে যে অনেক জায়গায় সেই সমস্ত ভেড়িগুলিতে মাছ চাষ হচ্ছে, আবার এমন জায়গাও আছে যেখানে জমিগুলি এমনিভাবে পতিত পড়ে আছে—আবার অনেক জায়গায় দেখছি যে বাগানবাড়ী হিসাবে জমিগুলিকে ফেলে রাখা হয়েছে।

এবং আরও অন্যান্যভাবে কারখানা গড়ে তোলার জন্য জমিকে নিয়ে সেখানে কারখানা গড়া হচ্ছে না অথচ জমিকে ফেলে রাখা হয়েছে। ইট তৈরীর জন্য জমি নিয়ে সেখানে বহু জমি পতিত আছে। কাজেই এই যে বিল তিনি এনেছেন এটা অত্যন্ত প্রয়োজনীয় এবং সময় উপযোগী। এর মধ্য দিয়ে আমরা যেসব ভূমিহীন চাষীরা কিছু পরিমাণ জমি পাবে এবং অন্য দিকে যে খাদ্য সংকট আছে, খাদ্যের জন্য সাধারণ মানুষ যে অসহনীয় অবস্থায় পড়ে আছে ও দীর্ঘদিন ধরে বাংলা যে খাদ্যে নির্ভরশীলতা হতে পারছে না তা এই বিলের দ্বারা সেসমস্ত পতিত জমিগুলিকে উদ্ধার করে ভূমিহীন চাষীদের হাতে দিলে কৃষিক্ষেত্রে খাদ্যসঙ্কট অনেকখানি দূর হবে। তাই আজ যে বিল আনা হয়েছে সে বিল খুব প্রয়োজনীয় এবং সময়মাফিক। ফেলে রাখা জমিগুলির মালিকদের কিছু অংশ দেবার কথা এই বিলের মধ্যে উল্লেখ আছে। আমি মনে করি এই জমিগুলির জন্য মালিকরা যে পরিমাণ খাজনা সরকারকে দেয় সে পরিমাণটুকু মালিকদের কেবলমাত্র দেওয়া উচিত এবং বাকী অংশটুকু চাষীদের দেওয়া দরকার। কারণ এই সমস্ত জমি মালিকরা তাদের চাষের উদ্দেশ্যে রাখেনি; তারা নিজেদের কুক্ষিগত করে রাখার জন্য মিথ্যা রেকর্ড করে সরকারকে ফাঁকি দিয়েছে। এমন কি অপর দিকে কংগ্রেসের দ্বারা এ সমস্ত জমিদাররা নানান অন্যায়ভাবে এই জমিগুলিকে ফেলে রেখে দিয়েছে। তাই কেবলমাত্র যেটুকু পরিমাণ খাজনা সেটুকু তাদের দেওয়া উচিত। এই যে বিল তিনি এনেছেন এটা ঠিক সময়মাফিক হয়েছে এবং বাংলাদেশের অনেক ভূমিহীন চাষী জমি পাবে। তাই মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব আরও ব্যাপকভাবে যাতে এই সমস্ত বিল আনা যেতে পারে সে ব্যবস্থা করুন। অর্থাৎ স্বনামে, বেনামে এবং পতিত জমিগুলি যাতে সরকারের হাতে এনে ভূমিহীন চাষীদের দেওয়া যেতে পারে তার জন্য ব্যাপক বিল আনবেন এবং এই সমস্ত জমিগুলি যাতে উদ্ধার করা যায় তার জন্য ব্যবস্থা অবলম্বন করবেন। এই কথা বলে আমি এই বিলকে সমর্থন করে শেষ করছি।

[4-15 to 4-25 p.m.]

**Shri Bibhuti Pahari:**

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে মন্ত্রিমহাশয় যে বিল আমাদের সামনে পেশ করেছেন সেই বিলটা একটা নাম দেওয়া যেতে পারে অহল্যা উদ্ধার বিল—ল্যান্ড ইউটিলাইজেসন বিল। যে জমিতে ফসল ফলবে সেই জমিতে ফসল না ফলিয়ে ফেলে রাখা হয়েছে, অথচ বাংলাদেশের মানুষ দুটো খাবার পাবার জন্য বছরের পর বছর বাংলাদেশের সরকার কেন্দ্রের কাছে বারবার হাত পাতছে, বাংলাদেশের মানুষ বারবার আন্দোলন করেছে। আমরা দেখেছি বাংলাদেশের মানুষ খাদ্য আন্দোলন করে কংগ্রেস আমলে হাজার হাজার লোক জেলে গেছে।

কংগ্রেস সরকার সাধারণ মানুষের বুকে খাদ্যের পরিবর্তে বুলেট নিক্ষেপ করছে। যেখানে মানুষ আওয়াজ তুলেছে আমরা খাদ্য চাই, আমরা বাঁচতে চাই সেখানেই কংগ্রেস বুলেট ফিরিয়ে দিয়েছে। ২০ বছর শাসন করা সত্ত্বেও তাঁরা বাংলাদেশের পতিত জমি উদ্ধার করার কোন চেষ্টাই তাঁরা করেন নি। কিন্তু যুক্তফ্রন্ট সরকার আসার কয়েক মাস পরেই বাংলাদেশের নিরন্ন মানুষ-এর দিকে তাকিয়ে সেই সমস্ত ক্ষুধার্ত মানুষের দিকে তাকিয়ে, কৃষকের দিকে তাকিয়ে এই বিল এনেছেন। যে মন্ত্রিমহাশয় এই বিল এনেছেন তাঁকে আমি ধন্যবাদ জানাই। আমি বিশ্বাস করি একটা জিনিষ নিশ্চয়ই করা হবে এবং এটা আপনি বিচার করবেন—যখন দেশে কোন আ-কাল আসবে, যখন দেশে কোন বন্যা আসবে তখন যদি কোন গরীব চাষী সে জমি চাষ না করতে পারে তাহলে সেই গরীব কৃষকের জমি নিশ্চয়ই নিয়ে নেওয়া হবে না। কিন্তু সেই সঙ্গে এটাও আবার বলা যায় যে যিনি চাষ করতে পারে, সেই তার দিকে গরীব কৃষকের লক্ষ্য রাখতে হবে যেন তাঁর সাহায্য পান। আর একটা কথা আমি আপনার মাধ্যমে আমি মন্ত্রি-মহাশয়কে জানিয়ে রাখতে চাই। যার বেশী আছে, যে ফেলে রাখবে, যখন সেই জমি দখল নেওয়া হবে সরকার থেকে, সেই জমির খাজনা যতটা ছিল তার চেয়ে বেশী খাজনা দেওয়া উচিত নয়। যে জমি পতিত জমি উদ্ধার করবেন, সেই জমিতে যে ফসল ফলাবে, সন্তানকে যেমন মানুষ লালন-পালন করে ঠিক তেমনি করে যত্ন করে সেই জমিতে সে ফসল ফলাবে। এখানে দুটি দিক আছে। বাংলাদেশে যেখানে ১১ লক্ষ একর জমিতে পাট চাষ হয়, যে পাট নিয়ে ভারতবর্ষের ডলার কিনতে হয়, সেই ডলার কেন্দ্রীয় সরকার ভারতবর্ষের সর্বত্র বিভিন্ন কাজে লাগান, আর একদিকে বাংলাদেশে যখন খাদ্যের দাবীতে কেন্দ্রের কাছে বারবার কোটা বাড়ানোর জন্য বলেন তখন কেন্দ্রীয় সরকার তা দেন না। আমি বিশ্বাস করি এই হাজার হাজার লক্ষ লক্ষ একর জমি দখল নিয়ে তা ভূমিহীন গরীব কৃষকের মধ্যে যদি বিলি করা হয় এবং নিশ্চয়ই বিলি করা হবে এবং বিলি করলে পর বাংলাদেশের খাদ্য সমস্যা কিছুটা ঘুচবে, এই বলে এই যে ওয়েস্ট বেঙ্গল ইউটিলাইজেসন অফ ল্যান্ড ফর প্রোডাকসন অফ ফুড ক্রপস বিল এটা আমি সমর্থন করছি।

**শ্রীমহম্মদ আবদুল লতিফঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই যে বিল আনা হয়েছে এই হাউসে, সে বিলের প্রয়োজনীয়তা বা যৌক্তিকতা সম্বন্ধে বিশেষ কিছু বলার প্রয়োজন রাখে না। আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় যে বিবরণ আমাদের সামনে রেখেছেন, তা থেকে আমরা দেখবো বাংলাদেশে যে কাল্টিভেবল ল্যান্ড আছে, সেখানে বহু জমি পতিত রেখে দেওয়া হয়েছে। সুতরাং সেদিক থেকে এই বিলে জাস্টিফিকেশন আছে, এবং আমি স্বভাবতঃই এই বিল সমর্থন করছি। কিন্তু যেহেতু এই বিল-এর প্রয়োজন অত্যন্ত বেশী, সেজন্য আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি যে, যে সাবধানতার সঙ্গে এই বিলের ড্রাফট করা উচিত ছিল, আমার মনে হয়, বোধ হয় তাড়াহুড়ার জন্য সেই সাবধানতা অবলম্বন করা হয় নি। প্রথমতঃ তিন নম্বর ধারার কথা বলি, সেখানে আছে—ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের সাবজেক্ট টু স্যাটিসফ্যাকশন-এ রিকুই-জিশন অর্ডার পাশ করার ব্যবস্থা করা হয়েছে। আমি জানি না এটা আইনের চোখে কতখানি টিকবে।

[4-25—4-35 p.m.]

আমাদের ধরে নিতে হবে যে যেসমস্ত ভেস্টেড ইন্টারেস্টস কায়েমী স্বার্থ তারা সমস্ত রকম বাধা সৃষ্টি করবার জন্য চেষ্টা করবে এবং তাদের আইনের দিক থেকে যে বাধা সে বাধারও পূর্ণ সুযোগ তারা গ্রহণ করবে। সুতরাং এই জন্য এই ধরনের সাবজেক্টিভ স্যাটিসফ্যাকসন —একটা ডিসিসান নাকি প্রিভি কাউন্সিলে হয়েছে—সেই ডিসিসান দেখিনি যে লেটেস্ট ডিসিসান প্রিভি কাউন্সিল-এর যেটা আমাদের দেশের লোকসমাজে প্রভাব বিস্তার করবার সম্ভাবনা—সাবজেক্টিভ স্যাটিসফ্যাকসন আগেকার দিনে কোর্ট তা মেনে নিয়েছিলেন। সেটা সাফিসিয়েন্ট মেটিরিয়াল সাফিসিয়েন্সি অফ স্যাটিসফ্যাকসন আছে কিনা বিচার করে না—প্রিভি কাউন্সিলের যে রায়ের কথা বলছি—ঐ যে হয়েছে—ডি এম যখন ডিসিসান নিলেন তার যথেষ্ট মেটিরিয়ালস আছে, আইনের দিক থেকে বাঁচানোর কি ব্যবস্থা করা হয় তা লিটিগেসান-এর সংখ্যা কমে যাবে। ক্লজ ৩ যেটা—যাতে করে আপনাদের সাবজেক্টিভ স্যাটিসফ্যাকসন আরবিটারি বলে চ্যালেঞ্জ না হয়, সেদিকে যদি ড্রাফট-এ নজর দেওয়া হয় তাহলে ভাল হয়। দ্বিতীয়তঃ, এই বিলের যে ক্লজের উপর আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে ক্লজ ৭—বিশেষ করে এর প্রোভাইসো, সেই প্রোভাইসো সম্বন্ধে আবার আইনের দিক থেকে বলতে গেলে একটু আশঙ্কা হয়, কোর্ট শুধু এই প্রোভাইসোকে নয়, হয়ত এই প্রোভাইসোর সঙ্গে সঙ্গে সমগ্র অ্যাক্টকে বাতিল করে না দেন—এই রকম একটা সম্ভাবনা এতে রয়ে গেছে। এই প্রোভাইসোতে যা বলা হয়েছে তা হচ্ছে এই ক্লজ ৭-তে যেখানে কমপেনসেসান-এর ব্যবস্থা করা হয়েছে—যেমন এই প্রোভাইসোতে বলা হয়েছে

"Provided that if there is a total failure of crop from such land or for any reason such land has not really been utilised the amount of compensation per annum shall be at the rate of 3 per cent. of the market value of such land on the date of the order of requisition."

প্রথম যে অ্যাসপেক্টের প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই, তা হচ্ছে এই প্রোভাইসো অনুসারে এই ধরনের ব্যবস্থা করা হয়েছে যেন ল্যান্ডকে নিয়ে সরকার ফেলে রাখবেন। ঐ যে কমপেনসেসান ৩ পারসেন্ট বলা হয়েছে ঐটা দিয়ে দিলে যেন সব দায়-দায়িত্ব চুকে গেল। যে কারণে ল্যান্ড নেওয়া হচ্ছে,কোন কারণে যদি সেই ল্যান্ড ইউটিলাইজেসন না হয়, সেই কারণ কি কি—তা এখানে স্পেসিফিক করে যদি না দেওয়া হয়, তাহলে ভেগ বলে এই ক্লজটা শুধু নয়, সমগ্র অ্যাক্টকে বাতিল বলে ঘোষণা করে দিতে পারেন কোর্ট। রিজনস-এ বলে দেওয়া হয় ল্যান্ড ইউটিলাইজেসন কি কি কারণে হতে পারবে না, তাহলে অ্যাক্টকে বিপদ থেকে বাঁচানো সম্ভব হয়ে উঠবে।

দ্বিতীয়তঃ এই প্রোভাইসো এই ক্লজের মধ্যে রেট অফ কমপেনসেসন যখন ফুড ক্রপ তৈরী হচ্ছে রেট অফ কমপেনসেসন ঠিক করে দেওয়া হয়েছে ৩৫ পারসেন্ট, ৬৫ পারসেন্ট সরকারের। ফুড ক্রপ তৈরী করতে না পারলে টোটাল ফেলিওর যদি হয়, তাহলে ৩ পারসেন্ট অ্যানাম, এটা পরিষ্কার হচ্ছে না প্রভিসনএ আছে অ্যাক্টএর সরকার ইচ্ছা করলে একটি সিজনএর জন্য, একটি সিজনকে যদি তিন মাস ধরে নিই তাহলে তিন মাসের জন্য এই জমি সরকার রিকুইজেশন করে নিতে পারেন।

সেই জমি তাহলে তিন মাস থাকলো। তিন মাস পরে রিকুইজেসন হয়ে গেল। এই তিন মাসের যে ল্যান্ড নেওয়া হল তাতে কোন ফুড ক্রপ করা গেল না। তাহলে তখন এই প্রোভাইসো-তে কি কনটেমপ্লেট করা হচ্ছে যে থ্রি পারসেন্ট যে ল্যান্ড ভ্যালু, যে মার্কেট ভ্যালু তার থ্রি পারসেন্ট সারা বছরের জন্য দেওয়া হবে না প্রোটাস্টো যে তিন মাস জমি রিকুইজিসন করা ছিল সেই প্রোটাস্টোটাকে দেওয়া হবে, এই জিনিষটা এই প্রভিসানে প্ররিষ্কার করা হয় নি। এটার মধ্যে কনফিউসান রয়ে গিয়েছে। আমার মনে হয় এটা আবার লিটিগেসানের পক্ষে ভীষণভাবে

কাজ করবে। এই ধরনের আনসার্টেনটি, ইনডেফিনিটনেস লিটিগেসানের পক্ষে ভীষণভাবে কাজ করবে। সুতরাং এই জিনিষটা ড্রাফটে যদি পরিষ্কার করে দেওয়া হয় তাহলে আমার মনে হয় অনেকগুলি লিটিগেসানের হাত থেকে সরকার এবং জনসাধারণ বাঁচতে পারবেন। এই দুটোই হচ্ছে আমার মুখ্য কথা, তা ছাড়া আমি বিলকে সম্পূর্ণভাবে সমর্থন জানাচ্ছি। এই বিল শুধু পাশ করা নয়, একে কার্যকরী করা একান্ত প্রয়োজন বলে আমি মনে করি। তা ছাড়া যে সমস্ত জমি এখনও পড়ে রয়েছে, এইভাবে তাদের অবিলম্বে নিয়ে বাংলাদেশে যে খাদ্যের অভাব, যে চাহিদা সেটা পূরণ করা দরকার। আজ আমাদের ভিক্ষুকের মত হাত পাততে হচ্ছে বাইরের কাছে, এই অবস্থা থেকে বাংলাদেশকে স্বয়ংসম্পূর্ণ করে তোলার জন্য এই যে স্টেপ নেওয়া হয়েছে এজন্য আমি যুক্তফ্রন্ট সরকারকে অভিনন্দন জানাচ্ছি। এই বলে এই বিলের পেছনে আমার সমর্থন জানিয়ে আমি শেষ করছি।

**শ্রীঅনাদি দাস:** মাননীয় সভাপাল মহাশয়, ওয়েস্ট বেঙ্গল ইউটিলাইজেসন অফ ল্যান্ড ফর প্রোডাকশন অফ ফুড ক্রপস বিল বলে যে বিল আনা হয়েছে সেই বিলকে আমি সম্পূর্ণরূপে সমর্থন করছি। স্যার, আমি আমার বক্তব্যকে সংক্ষিপ্ত করার জন্য আমার আগে যে সমস্ত বক্তা এই বিলকে সমর্থন করে বলেছেন সেগুলি সমর্থন করে এবং সেগুলি পুনরুল্লেখ না করে আমি কয়েকটি কথা বলতে চাই। যেসব জমি চাষ হয় না, সেগুলির কথা বলা হয়েছে কিন্তু এমন অনেক মালিক আছেন, যারা প্রকৃতই চাষ করেন না, অথচ জমি চাষ হয়েছে বলে দেখাবার চেষ্টা করেন, হাওড়া জেলা এবং হাওড়া জেলার আশপাশে এমন অনেক জমি দেখতে পাওয়া যায় যাদের মালিকরা কলকারখানা তৈরী করেছে, টাকা পয়সা ব্যবসা-বাণিজ্য ইত্যাদি মারফত যোগাড় করেছে। তারা বহু জমি কিনেছেন, তাদের কাছে জমি বৈভব প্রকাশের উপায়। এই জমি রাখার ব্যাপারে তারা একটু সাবধান। তারা করে কি, জমি সামান্য মাত্র চাষ করে বা চাষ করা দেখায় কিন্তু পুরোপুরি ভাবে তারা সেটা ব্যবহার করার মত ব্যবস্থা করে না। কোন প্রকারে খরচ উঠে গেলেই হল এবং আইনটা বাঁচিয়ে রাখলেই হল; এইভাবে তাদের জমিটা থেকে গেল। অথচ প্রকৃত চাষীর হাতে পড়লে, এই জমি থেকে প্রচুর ফসল পাওয়া যেতে পারতো। এগুলি সম্পর্কে কিভাবে ব্যবস্থা করা যেতে পারে, সেটা এই আইনে নেই, আমি আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় এ বিষয়ে বিবেচনা করবেন। তারপরে এমন অনেক জমি দেখা যায় যেগুলিতে ২।৩ বার ফসল হতে পারে কিন্তু সেখানে যাদের অভাব নেই তারা ঐ একটি মাত্র ফসল তৈরী করে বাকিটার জন্য নজর দেয় না। অথচ প্রয়োজন হচ্ছে আমাদের দেশের প্রত্যেক ইঞ্চি জমিকে পরিপূর্ণভাবে ব্যবহার করার। এই সকল জমি কিভাবে আইনের মধ্যে এনে পুরো ব্যবহার করা যায় তার ব্যবস্থা দরকার। মাননীয় মন্ত্রিমহাশয়কে সেদিকে দৃষ্টি রাখবার জন্য আমি অনুরোধ করছি। তারপরে আমরা আইন করতে চাচ্ছি চাষ যোগ্য অনাবাদি জমি ১ বছরের জন্য চাষীকে চাষ করতে দেওয়া হবে। এক বছরের জন্য, তারপরে আবার জমিটা চলে যাবে, পর বছর পুনরায় ব্যবস্থা করা হবে। এখন জমিতে সার প্রভৃতি দিতে হয়, দিতে গেলে সে সারের পূর্ণ ফল এক বছরের মধ্যে আসে না। ফলে এক বছরের জন্য যদি কোন জমি চাষীকে দেওয়া হয় তাহলে সেই জমিতে সে সার প্রভৃতি ইনপুট দেবার যে আগ্রহ তা চাষীর থাকবে না। অথচ এগুলি না করলে ফসল ভাল হয় না। ফলে জমির পূর্ণ ব্যবহার হবে না।

[4-35—4-45 p.m.]

কাজেই এটা অন্ততঃ পক্ষে ৩ বছর করা উচিত বলে আমি মনে করি। মাননীয় মন্ত্রিমহাশয় একটু ভেবে দেখবেন। এর সংগে আরো অনেকগুলি জমি আছে। যেমন পি ডবলিউ ডি-র রাস্তার ধারে ধারে অনেক জমি আছে, সেগুলি এমনি পড়ে আছে। সেগুলি দেওয়া হবে কিনা সেটা পরিষ্কার হওয়া দরকার। রেল লাইনের ধারে ধারে প্রচুর জমি পড়ে থাকতে দেখি। আমরা যারা রেলে করে গ্রামে যাই, প্রায়ই দেখি যে রেল লাইনের ধারে কেন্দ্রীয় সরকারের প্রচুর জমি পড়ে আছে। এই জমিগুলি যদৃচ্ছ ভাবে ব্যবহার হয়। শুধু যে পড়ে আছে তা নয়, রেল রাস্তা তৈরী করার জন্য যেভাবে মাটি কাটা হয় এবং যে খানা ডোবা তৈরী হয়ে থাকে তাতে কেবল জমিগুলি নষ্ট হয়। তাছাড়া দেশের স্বাস্থ্যও নষ্ট হয়। আমাদের যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে

অথরিটির সঙ্গে কথা বলে কিছু করা যায় কিনা দেখা দরকার। রোডের জন্য মাটি দরকার হচ্ছে। সেই মাটি একটা প্ল্যান মাফিক যদি দেওয়া হয় তাহলে এক-একটি জায়গায় ভালভাবে দীঘি তৈরী হতে পারে এবং সেই দীঘি থেকে আমাদের খাদ্য মাছের চাষ ভালভাবে হতে পারে, এতে পয়সা খরচ নেই, কেবল যদি একটু প্ল্যান মাফিক কাজ করা হয় তাহলেই হয়। ঐ রেলের ধারে ধারে যে ডোবা তৈরী করা হয় তাতে কচুরি পানা ইত্যাদি হয়, অথচ সেগুলিকে জল নিকাশের ব্যবস্থা হিসাবে করা যেতে পারে একই খরচে। আইনের মধ্যে সেটা নেই। কেন্দ্রীয় সরকারের কাজ বলে আইনের মধ্যে সেটা হয়ত করা যায় না, কিন্তু এই প্রসঙ্গে আমি সেদিকে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এখানে আমি আর একটি কথার উল্লেখ করছি। এমন কিছু কিছু কারখানা আছে, যে সব কারখানার ভিতরে অনেক জমি আছে। যেমন হাওড়া ইন্দো-জাপানিজ ফ্যাক্ট্রি—এই ইন্দো জাপানিজ ফ্যাক্ট্রির মধ্যে অন্ততঃ ৫০।৬০ বিঘা জমি পতিত পড়ে আছে, সেগুলি চাষযোগ্য, অথচ সেখানে চাষ হচ্ছে না, কলকারখানা বাড়াবার কোন লক্ষণও নেই। কাজেই এই জমিগুলিকে চাষের জন্য ব্যবস্থা করা যায়। আমরা কর্তৃপক্ষের কাছে এই জমিগুলি চাষের জন্য লিখি, কিন্তু তার কোনো উত্তর নাই। বালটিকারী ই. এস. আই হসপিটালগুলোর মধ্যে প্রচুর জমি আছে। আমরা বারে বারে বলাতে হাসপাতাল কর্তৃপক্ষ কিছু কিছু জমিতে চাষ করতে আরম্ভ করেছেন। কিন্তু এখনও অনেক জমি আছে। এই ভাবে যদি আমরা সমস্ত জমিগুলিকে ব্যবহার করতে পারি বাংলাদেশে তাহলে নিশ্চয়ই আমাদের যে জমির ক্ষুধা তা যেমন কিছু অংশে মিটবে, সম্পূর্ণ না হলেও, তেমনি আমাদের খাদ্যেরও সামান্য সুরাহা হতে পারে এবং আমরা আরো এগিয়ে যাবার দিকে পদক্ষেপ করতে পারি। এই কয়েকটি কথা বলে সংক্ষেপে আমি আমার বক্তব্য এইখানে শেষ করছি এবং বিলকে আমি পূর্ণরূপে সমর্থন করছি।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তীঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ পশ্চিম বাংলার অনাবাদী জমিতে চাষ করে আমাদের দেশের খাদ্য সংকটের মোকাবিলা করার জন্য এই বিধানসভায় যে বিল আনা হয়েছে তাকে আমি বাংলা দেশের খেটে খাওয়া গরীব ভাগচাষী এবং ক্ষেত মজুরদের তরফ থেকে অভিনন্দন জানাচ্ছি। বাংলা দেশের গ্রামগুলিতে যখন আমি ঘুরে দেখি তখন দেখতে পাই যে বহু পতিত জমি পড়ে রয়েছে—যে জমি সত্যিই বাংলাদেশের বেকার জমি। আমাদের বেকার কৃষক, ভাগচাষী ও ক্ষেতমজুরদের বাহুতে বিপুল শক্তি আছে, তারা সেটা এই বেকার জমিতে খাটালে আমাদের দেশে প্রচুর সোনার ফসল ফলাতে পারে। কিন্তু তাদের সেই শ্রমশক্তির অপচয় ঘটছে একদিকে, আর একদিকে আমাদের এই জাতীয় সম্পদ জমিগুলিতে ভালভাবে চাষ করতে পারলে ফসল ভাল হতে পারে। অথচ এই সব জমি পতিত পড়ে থাকছে। এর বিরুদ্ধে বহুদিন থেকে ইংরেজ গভর্নমেন্টের কাছে অনেক সুপারিশ করে এসেছিলেন যাতে প্রতিরোধ করা যায়। যাতে দুর্ভিক্ষ প্রতিরোধ করা যায়, সেই যুগ থেকে বর্তমান যুগেও ঐ আবাদযোগ্য জমিকে যারা প্রভাবিত করে রেখে দিয়েছে তার জন্য ঐ খেটে খাওয়া মানুষ, সংগ্রামী কৃষক, তারা বলছে যে আমাদের দেশের জমিকে পতিত করে রেখে দিয়ে ঐ পি এল ৪৮০-র গম দিয়ে অ্যামেরিকা আমাদের দেশকে যে বেঁধে রেখে দিয়েছে, মাথাপিছু এক শত টাকা করে বাঁধা, এই চিরন্তন শোষণের অবসান করে কৃষির মুক্তি ঘটিয়ে দেবার যে পথ এবং তার জন্য যে একটা নূতন স্কীম আজকে বিধানসভায় নিয়ে আসা হয়েছে, এই আইনকে আমরা মনে করি যে, বাংলা দেশের যুগোপযোগী প্রগতিশীল এবং সম্যক আইনের খুঁটিনাটি দিক থেকে দেখতে গেলে যে একটা সর্বশ্রেণীর স্বার্থকে যাতে রাখা যায় তার জন্য আমাদের মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী বিশেষভাবে চেষ্টা করছেন। আমি এখানে ইতিহাসের কয়েকটা ছেঁড়া পাতা এখানে তুলে ধরতে চাই। আর মুখার্জীর ফুড প্ল্যানিং ফর ফোর হান্ড্রেড মিলিয়নস—১৯৩৯-৪০ সালে এখানে যে তথ্য দেখানো হয়েছিল তাতে দেখানো হয়েছিল ১৫ কোটি ১৫ লক্ষ একর জমি ভাগচাষীদের মধ্যে আছে এবং তাতে ফসল ফলে ৫৯ ভাগের মত। আর ১৩·২ ভাগ জমি পতিত পড়ে থাকে। তার মধ্যে শতকরা ২৭·৩ ভাগ জমি আবাদযোগ্য হওয়া সত্ত্বেও বন্ধ্যা হয়ে পড়ে রয়েছে। আর একটা রিপোর্ট আমি এখানে রাখতে চাচ্ছি যেটা হচ্ছে জেম্‌স ওয়ার্ড ১৮৭৯ সালে ভারত সচিবের নিকট দুর্ভিক্ষ কমিশন সম্পর্কে সেখানে বলা হয়েছিল যে ভারতবর্ষে ভাল জমি যতটা পাওয়া যায় তার প্রায় সবই দখল করা হয়েছে অবশ্য দেশের বিভিন্ন অংশে বন-জঙ্গল থাকায় আবাদযোগ্য প্রচুর জমি পড়ে রয়েছে। এই বিশাল জমি উদ্ধার কার্য সাধিত হলে চাষের উপযোগী

হতে পারে। এই কাজ হওয়া আবশ্যক কিন্তু জনসাধারণের হাতে উদ্বৃত্ত অর্থ নেই, নিঃশেষিত হয়ে গেছে। যে ক্ষেত মজুরের আগে ঘরবাড়ী জমি ছিল, তাদের সেই জমি এবং ঘরবাড়ী থেকে উৎখাত করা হয়েছে। দুটো তালপাতা কেটে নিজে কোনরকমে থাকে তাও সেই জমির মালিক তাকে বার বার তাগাদা দিয়ে গলায় গামছা দিয়ে তার জমিতে খাটিয়ে নেয়। সুতরাং কোথায় তাদের পুঁজি কোথায় চাষ করবে আর গরু কেনবার পয়সাই বা তার কোথায়। যার গরু আছে, যদি লাঙ্গল বাঁধে তার ওঠবার ক্ষমতা থাকে না। যে জমি অনাবাদী করে ফেলে রেখে দেওয়া হয়েছে সেই জমিকে আবাদযোগ্য করার জন্য যে আইন এসেছে সেই আইনকে দ্রুত কাজে লাগাতে হবে। আমরা দেখেছি আমাদের হুগলী জেলার কয়েকটা ক্ষেত্রে হুগলী জেলার চুঁচড়ার মাঠে সেখানে বালীগঞ্জের একটা ট্রাস্টি আছে। তারা প্রায় ২৫০ বিঘা জমি দখল করে রেখে দিয়েছে। তারা ফসল ফলায় না তারা করে কি, মাঝে মাঝে তাদের খেয়ালখুসী মত ভাগে দেয়, মর্জি হলো ভাগে দিল মর্জি হলো না, ফেলে রেখে দিল। মাঝে মাঝে দু-একটা লাঙ্গল ঘোরে কিন্তু ঐ পর্যন্ত জমি পতিত পড়ে থাকে। আমরা আরও দেখেছি ব্যান্ডেলের মাঠে এখানে প্রায় ১৫০ বিঘা জমি, চাষযোগ্য জমি পতিত হয়ে পড়ে রয়েছে। ক্যাওটার মাঠে সেখানে ৮০ বিঘা জমি বিড়লা ব্রাদার্স-এর নামে আছে। ঐ জমি বিড়লা ব্রাদার্স একচেটিয়াভাবে কেনেনি, ঐ মৌজায় এখানে সেখানে এক বিঘা দু বিঘা করে জমি কিনেছে। গতবার এই গ্রামের কৃষকরা যখন তাদের মাঠে খাল কেটে জল নিয়ে যাবার চেষ্টা করেছিল তখন ঐ বিড়লা ব্রাদার্স কৃষকদের বিরুদ্ধে ১৪৪ ধারা জারী করে কৃষকদের অন্যান্য জমিতে জল নিয়ে যেতে দেয় নি এবং সমস্ত মাঠটা একেবারে পতিত করবার চেষ্টা করেছিল। এবারে ঐ কৃষক সমিতি বিড়লার ঐ ৮০ বিঘা জমি চাষ করবার জন্য দখল করতে চেষ্টা করছে। এ ছাড়া আমরা দেখেছি পান্ডুয়া থানার ইটাখোলাতে ২০০ বিঘা জমি সেখানে পড়ে রয়েছে, সেই সমস্ত জমি জমিদাররা চাষ করেন না, পতিত করে ফেলে রাখা হয়েছে।

ডি ভি সি-র খালের ধারে প্রচুর জমি দখল করে আছে। এই সমস্ত জমির তথ্য এখনও দেওয়া সম্ভব নয়, এটা আমি জানি। তবে আমি মাননীয় রাজস্বমন্ত্রীকে অনুরোধ করব যে জমি বাংলাদেশের কৃষকরা খেটে খাওয়া মানুষরা তাদের প্রচুর পরিশ্রম ও মেহনত করে ফসল ফলাবে সেই জমি তিন বছর মাত্র নিয়ে আবার জোতদার জমিদারদের হাতে যেন ফিরিয়ে দেওয়া না হয়। যে জমি কৃষকরা প্রচুর পরিশ্রম করে ফসল ফলাবে যে ভূমিহীন কৃষকের হাতে থাকে তাকে যে রেটে ফসল দেওয়ার কথা হয়েছে সেই রেটে যেন দেওয়া হয় এবং বাংলাদেশের মানুষের জমির লড়াইকে এগিয়ে নিয়ে যেতে হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-45—4-55 p.m.]

**Shri A. H. Besterwitch:** Sir, in supporting the West Bengal Utilisation of Land for Production of Food Crops Bill, 1969, I have not much to say as already many of the honourable members have said on this Bill. I only want to say something regarding the tea gardens. There are lot of fellow lands in the tea gardens which the Government can take over and distribute. In between the tea gardens there are lot of lands which the tea gardens show as 'tea cultivation' lands. But actually in those areas—there are some thousands and thousands of areas of such lands—they have grown maize, rice and paddy. How is that going to be accounted for? Who is going to be the owner of the crops? How is people going to be benefited by that crop? Here there is a snag. So far as tea gardens are concerned, they say that they are putting revenue but actually instead of cultivating tea they are cultivating various agricultural produce like food grains, various banana fruits, jack fruit trees, apple trees and all these things. They are not cultivating tea in those areas. Still they are not depositing the money into the pocket of the company. That amount is going into the pockets of the managers. In those areas we can get huge amount of paddy. So I think we should avail ourselves of the opportunity of cultivating foodcrops in those areas of tea gardens and distribute them amongst the poor cultivators so that the Government will be benefited, and the poor cultivators will be benefited too. My friend has said about one

year's lease. It is true that when you cultivate a barren land it requires a lot of manure and it requires a lot of amount on that account. If within one year, a cultivator takes over land and then hands it over the cost of production becomes very high. So three years' time should be given for that. It is said that 25 yer cent. of the total produce has got to be paid to the owner of the land. I think the tea gardens pay not even 2 per cent of the actual revenue to the Government whereas they will now be getting the benefit of having 25 per cent. of the total produce. Sir, there should be at least some differential treatment between the tea gardens and other lands.

With these words, I support this Bill and I hope the Hon'ble Minister will consider my suggestion.

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বেশী কিছু বলার নেই। তবে আমার মনে হচ্ছে যে কিছু কিছু মাননীয় সদস্য হয়ত এই বিলটাতে যেন ভূমি সমস্যার অনেক কিছু সমাধান করে দেবে এই রকমভাবে কিছু দেখবার চেষ্টা করেছেন। মোটেই তা নয়, যেগুলি চাষের জমি, জমিদাররা বেনামি করে ধরে রেখেছে কিম্বা চা বাগানের মালিকরা আইনকে ফাঁকি দিয়ে বলুন বা সরকারী যন্ত্রের সুযোগ গ্রহণ করেই বলুন হাজার হাজার একর জমি মেরে রেখে দিয়েছে, আবার তা করে যারা পারেনি তারা কথায় কথায় হাই কোর্টে ইনজাংশন জারি করে রেখে দিয়েছেন। আমি আপনার কাছে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কয়েকদিন পরে দেবো। আজকে যেভাবে জোতদাররা, যেভাবে চা বাগানের মালিকরা যতদূর পারল তারা জমিটাকে চুরি করে রাখল আর যদি না পারলো, চুরি করতে ব্যর্থ হল তখন একটা ব্যারিস্টারকে দিয়ে হাই কোর্টে দরখাস্ত করে দিল এবং এক্সপার্টি ইনজাংশান নিয়ে সমস্ত কিছু আটকে রেখে দিলো, এসব সমস্যা আছে। তার সমাধান তো এই বিলে হবে না। তার সমাধানের জন্য এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট সংশোধন করতে হবে, ল্যান্ড রিফর্ম অ্যাক্টকে সংশোধন করতে হবে, এগুলি করা যেতে পারে, তাছাড়া করা যাবে না। কারণ এর পরিধিটা খুবই কম। সেটা হচ্ছে এই যে জমিগুলিকে পতিত জমি বলে রাখা হয়েছে অথচ ঠিক আইনের মাঝখানে পাওয়া যাচ্ছে না। যেমন ধরুন, বিড়লা কারখানার নাম করে যে জমিটা রেখে দিয়েছে, সেই জায়গাটা কিনেছে এই বলে যে কারখানা করবো। কারখানা করতে আমার ৫ বছর দেরী হচ্ছে। এই জমিকে একোয়ার করা মুসকিল। অর্থাৎ যে সংবিধান আছে, যে ব্যবস্থা আছে তাতে ওই জমিকে অ্যাকোয়ার করা মুসকিল। ঐ জমি এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্টে পড়বে না। ঐ জমিকে ফেলে রেখে দেওয়া হয়েছে। ঐ রকম ভাবে চাষের জমিকে মেছো ভেড়ী বলে রেকর্ড করা হয়েছে। কিন্তু চাষের জমি ফেলে রেখে দিয়েছে। চা বাগানে এমন জমি থাকতে পারে যেটা ধরুন চা বাগান তাকে রাখতে দেওয়া হল, চা বাগান বলল যে, আমার ভবিষ্যতে আগামী ১০ বৎসরের এক্সটেনশন দরকার। নিশ্চয়ই, জাতীয় স্বার্থে চা বাগান যদিও সেটা ব্যক্তিগত মালিক, যদিও ওরা মুনাফা করে তবুও এটা আপনি করতে দেবেন ভবিষ্যতের জন্য যেটুকু এক্সটেনশন তার প্রয়োজন আছে। কারণ, ভবিষ্যৎতো এখনও ৫ বছর, ৭ বছর, ১০ বছর বাদে করবে কিন্তু এখন হয়ত সেখানে ভুট্টার চাষ হতে পারতো। দরকার হলে সেই জমিকে নেওয়া যেতে পারে। ১৯৬৭ সালেই আমরা ভেবেছিলাম যে তিরানা চা বাগানের কিছু অংশ নিতে হবে। আমরা ভেবেছিলাম অর্থাৎ চা বাগানের ক্ষেত্রে যে জমি ফেলে রাখা হয়েছে তাতে এটা প্রয়োগ করা যায়। অর্থাৎ এই আইন হচ্ছে মূলতঃ যে জমিগুলিতে এখনই চাষ হতে পারে অথচ মালিকরা কোন না কোন উদ্দেশ্য নিয়ে জমিটাকে ফেলে রেখে দিয়েছে, সেটাকে নেওয়া যাবে কি না, সেই উদ্দেশ্য নিয়েই এই আইনটা করা হয়েছে। কেউ কেউ বলেছেন, যে ৩ বছর করছেন কেন ১ বছর করে করবেন, ৩ বছর করবেন না। আমাদের আইনটা জরুরী ভিত্তিতে করতে হচ্ছে। ঐ রকম একটা আইন আছে যে, পতিত জমিকে উদ্ধার করে চাষের উপযোগী করার জন্য অতীতের একটা আইন আছে। সেই রকম যদি আপনি পারমানেন্ট নিতে চান, যদি দীর্ঘমেয়াদীতে নিতে চান তাহলে আবার ন্যাচারাল জাস্টিস বলে একটা কথা আছে, কোটকাছারি আছে, সংবিধানের কথা আছে, এই কথার মাঝখানে অনেককিছু আটকে দেওয়া যায়। অর্থাৎ নোটিশ দাও, হিয়ারিং দাও, ৩ মাসের নোটিশ

নাও তা না হলে হবে না। ফলে হচ্ছে কি? একবার করে ৩ মাসের নোটিশ দিলেন এই ৩ মাসের মধ্যে সে ৩ বার হাইকোর্টে চলে যাবে, ৩ বার অন্য কোর্টে চলে যাবে। অথচ যদি আপনি দীর্ঘ-দিনের জন্য নিতে চান তাহলে কিন্তু অটোমেটিক্যালি ঐ অধিকার দিতে হবে। একটা মানুষকে পর্যাপ্ত হিয়ারিং দেবেন না। তাকে সুযোগ দেবেন না। ন্যাচারাল জাস্টিস থেকে বঞ্চিত করবেন? সেই আইনটাতো টিকবে না, সুপ্রিম কোর্টেও টিকবে না, হাইকোর্টেও আটকে দেবে। স্বভাবতই এইটুকু করতে হয়েছে আমাদের জরুরী অবস্থার জন্য অর্থাৎ জমিটা পড়ে রয়েছে, আকাশে বৃষ্টি নেমেছে, মালিকরা কিছুই করছে না। এখনই আমরা নিয়ে ১৫ দিনের মধ্যেই চাষ করাতে পারি। আমাদের লোক তৈরী থাকা দরকার। এখানে চাষ করবার মত লোক রয়েছে, জমি রয়েছে, শুধু নেওয়া যাচ্ছে না। জরুরী অবস্থায় নিতে গেলে আপনার ৫ বছর, ৭ বছর নিতে পারি না, কারণ এটা টিকবে না। সে জন্য আমাকে ১ বছরের জায়গায় ঐটাকে ৩ বছর পর্যন্ত করা ছাড়া কোন গত্যন্তর ছিল না।

[4-55—5-05 p.m.]

তারপরে ভবিষ্যতে দেখা যাবে অভিজ্ঞতা কি হয়, না হয়। কেউ কেউ বলেছেন ঐ রেলের জমি, রাস্তার জমি, হাসপাতালের জমির কথা—এগুলি তো আইনের মধ্যে আসে না। রেলের জমি সেন্ট্রাল গভর্নমেন্টের জমি, আমরা অ্যাকোয়ার করে নিতে পারি না, তেমনি ধরুন রাস্তার জমি গভর্নমেন্টের জমি, হাসপাতালের জমি গভর্নমেন্টের জমি, প্রটোটাইপ জাপানীজ কারখানার জমি গভর্নমেন্টের জমি—এগুলি তো আইনের মধ্যে পড়ে না, এগুলি গভর্নমেন্টের পর্যায়ে আলোচনা করতে হবে কি ব্যবস্থা করা যায়। দুর্গাপুর কারখানা সেন্ট্রাল গভর্নমেন্টের। ওখান থেকে প্রায় ৪ হাজার একর জমি আমরা কাজে লাগাচ্ছি, তারা সেটা আমাদের হাতে দিয়ে দিয়ে-ছিলেন—আমরা কথাবার্তা বলে ৪/৪॥ হাজার একর জমি আমাদের নিয়ম অনুযায়ী বিলি করছি এই সর্তে যে কারখানার দরকার হলে তারা নিয়ে নেবেন এবং আমরাও রাজী হয়েছি আমরা এই জমিগুলি কারখানার জন্য দিয়ে দেব—এগুলি আইনের মধ্যে পড়ে না। অজিতবাবু বলেছেন খাদ্যশস্য বলতে তার মাঝখানে গম হবে, না ধান হবে, না কলাই হবে—এত লেখার তো দরকার নেই, পরে কোন গোলমাল হলে আমরা নির্দেশ দিয়ে দেব কিন্তু আইনের মাঝখানে প্রত্যেকটা ফসলের নাম দেয়া উচিত হবে না। উনি আর একটা কথা বলেছেন, প্লেস অব অয়ারসিপ, দেবোত্তর অনেক থাকতে পারে—আমরা সেটা মিন করিনি, যদি বিশেষ প্রয়োজন হয় তাহলে সংশোধন করতে অসুবিধা কি আছে, আবার তো নভেম্বরে অধিবেশন হবে। যদি কার্যক্ষেত্রে প্রয়োগ করতে গিয়ে দেখা যায় যে ফাঁকি দিয়ে জমি বেরিয়ে যাচ্ছে তাহলে আমরা পরে সংশোধন করে নেব। তারপর অজিতবাবু ভাগের ব্যাপারে বলেছেন। আমিও ভাবছিলাম যে ওটা হয়ত আমাদের পুনর্বিবেচনা করার দরকার যে, যে চাষ করবে সে শুধু ৬৫ ভাগ পাবে কেন, আর যে মালিক সে তো জমি ফেলেই রেখেছিল, সে ২৫ ভাগ পাবে কেন, আর চাষ না হলে ৩ ভাগ পাবে কেন—তার চেয়ে কম করা দরকার। এটা সত্যই বিবেচ্য বিষয়। আমি এটা আপনাদের স্মরণ করতে বলব যে এই আইনটা আমরা রচনা করেছিলাম ১৯৬৭ সালে, তখনকার শক্তি সমাবেশ তখনকার অবস্থাগুলি আমাদের বিবেচনা করার দরকার আছে। আমরা চাই না এটা নিয়ে আইনটা আটকে যাবে—ওটা শতকরা ৩৫ ভাগ হবে, না শতকরা ২৫ ভাগ মালিক পাবে, না ওটা ১৫ ভাগ হবে আমরা এসব নিয়ে আইনটা আবার ২/৪ দিন দেরী হোক এটা চাই না। আপনাদের এটা জানা উচিত যে এই আইনটাতে কেন্দ্রীয় সরকারের অনুমতির প্রয়োজন আছে, কেন্দ্রীয় সরকার অনুমতি দিতে ৫ মাস দেরী করলেও তো মুস্কিল। গতবারে আপনারা জানেন আমরা বাস্তুভিটার যে অর্ডিন্যান্স করেছিলাম সেই অর্ডিন্যান্স তো আমরা এখানে পাশ করেছিলাম কিন্তু আমরা বেঁচে থাকতে থাকতে সেটা আর প্রয়োগ করতে পারলাম না, কারণ কেন্দ্রীয় গভর্নমেন্ট সেটা ৩ মাসেরও বেশী আটকে রেখে দিলেন, তারপরে আমাদের হত্যা করার পর সেই অনুমতি দেয়া হল এবং তখন অনুমতির প্রয়োজন হয় নি, তখন প্রফুল্ল ঘোষ মহাশয় বললেন যে ওটাকে আমরা মেরে দিলাম। কাজেই ৩/৪ মাস ফেলে রেখে অনেক অসুবিধা বাধতে পারে এবং আমি পরে বলব হোমস্টেড বিল যখন আলোচনা হবে তখন

যে এমন কি সহি করে দিলেও দিল্লী গভর্নমেন্ট পুনর্বিবেচনার জন্য পাঠিয়েছেন যে কমপেন-সেশন আরো বেশী করা হবে কি না, অমুক আরো করা হবে কি না ইত্যাদি—এগুলিও খেয়াল রাখার প্রয়োজন আছে। সেই কারণে এই আইনটাকে আমরা দ্রুত করতে চাচ্ছি এবং সেটা করতে যাওয়ার জন্য যেগুলি নিয়ে এখন হিচ্ হতে পারে আমার কাছে সেটা বড় নয়, আমার কাছে বড় হচ্ছে পতিত জমিগুলি এখনই গভর্নমেন্টের অধিকারে নিয়ে বিলিয়ে দেয়া। হাওড়ায় এই প্রশ্ন উঠেছে—সেখানে চাষ করার লোক রেডি, চাষ করতে যাচ্ছে অথচ মালিক গিয়ে আটকে দিচ্ছে এবং তাই নিয়ে পুলিশ হাঙ্গামা হচ্ছে। তারপরে ভাগটা কম হবে, না বেশী হবে এটা পরে বিবেচনা করা যাবে।

আমার মনে হয় এই সব বিবেচনা করে আমরা ঐভাবে ড্রাফট্ করেছিলাম। এবার তাড়াতাড়ি বর্ষা নাবার ফলে আমাদের এটা তাড়াতাড়ি করতে হয়েছে। সুতরাং আমরা সবটা পুনর্বিবেচনা করিনি। কিন্তু এই সেসনে করা যাবে না। তবে আমার অভিজ্ঞতায় যদি কিছু দেখি তাহলে প্রয়োজন হলে অভিজ্ঞতার ভিত্তিতে নভেম্বর সেসন কি পরের বারে আমরা সংশোধন করতে পারবো। এখন তাই অনুরোধ করব মাননীয় সদস্যদের যে তাঁরা ঐ প্রশ্ন যেন না তোলেন। পরিশেষে, আমি সেদিন খবরের কাগজে রিপোর্টে দেখলাম অনেক ভুল বেরিয়েছে। তাতে তাঁরা বলছেন মালিক পাবে ৩৬ ভাগ, চাষী পাবে ২৫ ভাগ। আমি আপনার মাধ্যমে অনুরোধ করব খবরের কাগজে এগুলো যেন ঠিকভাবে বের হয়। অর্থাৎ যিনি চাষ করবেন সে ৬৫ ভাগ পাবে, গভর্নমেন্টের হাতে থাকবে ১০ ভাগ এবং মালিক পাবে ২৫ ভাগ এবং এটা সে ধানেও পেতে পারে বা তার যা মূল্য হয় যেটা গভর্নমেন্ট বিবেচনা করবেন সেটা সে টাকায় পেতে পারে। আমি সকলের সমর্থনের জন্য এটা রাখছি।

The motion of Shri Hare Krishna Konar that the West Bengal Utilisation of Land for Production of Food Crops Bill, 1969, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 and 2

**Mr. Deputy Speaker:** There are no amendments to clauses 1 and 2.

The question that clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

**Mr. Deputy Speaker:** There are amendments to clause 3 by Dr. Nalinaksha Sanyal and they are not moved.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

**Mr. Deputy Speaker:** The amendment of Dr. Nalinaksha Sanyal is not moved.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5

**Mr. Deputy Speaker:** The amendments of Dr. Nalinaksha Sanyal are not moved.

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Clause 6

**Mr. Deputy Speaker:** Amendments are not moved.

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

Clause 7

**Mr. Deputy Speaker:** The amendments of Dr. Nalinaksha Sanyal are not moved.

The question that clause 7 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 8 and 9

**Mr. Deputy Speaker:** There are no amendments to clause 8 and the amendment of clause 9 is not moved.

The question that clauses 8 and 9 do stand part of the Bill was then put and agreed to.

[5-05—5-18 p.m.]

Clause 10

**Mr. Deputy Speaker:** There is one amendment to clause 10 by Dr. Nalinaksha Sanyal. The amendment is not moved. So I put the clause.

The question that clause 10 do stand part of the Bill was then put and agreed to.

Clause 11

**Mr. Deputy Speaker:** There is one amendment to clause 11 by Dr. Nalinaksha Sanyal, which is not moved. So I put the clause.

The question that clause 11 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 12 and 13, and Preamble

The question that clauses 12 and 13 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to move that the West Bengal Utilisation of Land for Production of Food Crops Bill, 1969, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## The West Bengal Land Reforms (Amendment) Bill, 1969.

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to introduce the West Bengal Land Reforms (Amendment) Bill, 1969.

(Secretary then read the title of the Bill)

Sir, I beg to move that the West Bengal Land Reforms (Amendment) Bill, 1969, be taken into consideration.

মাননীর উপাধ্যক্ষ মহোদয়, এই বিল সম্বন্ধে বেশী কিছু বলার নেই। এই বিল হল সমস্ত রকম বর্গাদার উচ্ছেদ বন্ধ করার জন্য। এবার বর্ষার আগে আমাদের অর্ডিন্যান্স করতে হয়েছিল। কেন প্রয়োজন হল সেটা আপনার কাছে রাখছি। আমাদের যে ভূমি সংস্কার আইন আছে তাতে বিধান আছে যে বর্গাদার আইনে নিম্নলিখিত কয়েকটি কারণ ছাড়া উচ্ছেদ করা যায় না এবং ভাগ কোর্টের অনুমতি ছাড়া উচ্ছেদ করা যায় না। কিন্তু কার্যক্ষেত্রে দেখা যায় এই ফাঁক খুব ক্ষুদ্র হলেও এই ফাঁক দিয়ে অনেক উচ্ছেদ হয়। সব চেয়ে মারাত্মক হল এই উচ্ছেদের অধিকার থাকার ফলে জমির মালিকরা এই উচ্ছেদ দীর্ঘদিন ধরে করে আসছে। স্বভাবতঃই এই অবস্থার প্রতিকার করার প্রয়োজন আছে। সেই প্রতিকার যদি করতে হয়, তাহলে ভূমি সংস্কার আইন সংশোধন প্রয়োজন এবং সেই সংশোধন একটু ভেবে চিন্তে করতে হবে। কারণ বাংলাদেশে গ্রামাঞ্চলে যে অবস্থা উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, বর্গাদারদের অবস্থা যেমন খারাপ তাদের নিরাপত্তা দেওয়া দরকার। ১৯৬৭ সালে এই বিধানসভায় সবাই মিলে একমত হয়ে এক প্রস্তাব পাশ করে বলেছিলাম উত্তরাধিকারসূত্রে চাষীর অধিকার পাওয়া উচিত। এই অধিকার বর্গাদার-দের দেওয়া প্রয়োজন আছে। কিন্তু সংগে সংগে এই প্রশ্ন আছে যাঁরা জমি বাংলাদেশে ভাগে দেন তাঁরা সকলেই বড় বড় জোতদার নন, অবস্থাপন্ন লোক নন।

বাংলাদেশের গ্রামাঞ্চলে ছোট্ট ছোট্ট জমির মালিক অসংখ্য আছে। তাঁরা যে-কোন কারণেই হোক অবস্থার চাপে পড়ে জমি ভাগে দেন। শোষণ পদ্ধতির দিক থেকে দেখতে গেলে বলা যায় তাঁরাও এক রকম শোষক। কিন্তু এদের অবস্থা খারাপ, এরা গরিব বা নিম্ন মধ্যবিত্ত। সামাজিক ন্যায়বিচারের দিক থেকে দেখতে গেলে এদেরও রক্ষার প্রয়োজন আছে। বর্গাদারদেরও রক্ষার প্রয়োজন। এখন এই দুয়ের সমস্যার সমাধান কিভাবে হতে পারে—তা ভেবে দেখার প্রয়োজন আছে। আমাদের দেশের অর্থনৈতিক অবস্থার পটভূমিকায় যদি স্বাধীনতা প্রথম থেকে গোটা দেশকে দ্রুত শিল্পায়ন করতে পারতাম, যদি গ্রামাঞ্চলে জমিদার মহাজনদের মূলোৎপাটন করে গ্রামাঞ্চলের উৎসমুখ খুলে দিতে পারতাম, যদি জমি নিয়ে, জমির দখল নিয়ে লক্ষ লক্ষ লোকের মুনাফা লুটবার পথ বন্ধ করতে পারতাম এবং এইভাবে সামগ্রিক উন্নয়নের ব্যবস্থা করতে পারতাম, যদি আমরা দেশে দ্রুত শিল্পের জাল বিস্তার করতে পারতাম—যার ফলে গ্রামাঞ্চলের ও সহরের ছোট জমির মালিকদের জীবিকার ব্যবস্থা করতে পারতাম, গ্রামের জমির উপর যদি চাপ কমাতে পারতাম, তাহলে সেই রকম ব্যবস্থার ফলে এই সব সমস্যার সমাধান অনেকখানি সহজতর হতে পারতো। আমরা যদি তাদের নিশ্চিত করতে পারতাম যে তারা মারা গেলেও তাদের পরিবার পরিজন পথে বসবে না, তাহলে খুব সহজেই এই জমিগুলো চেষ্টা করে তাদের হাতে দিয়ে দিলে গ্রামাঞ্চলের অবস্থা সহজ করে তুলতে পারতাম। কিন্তু দুর্ভাগ্যক্রমে গত ২০ বছর ধরে যেমন চালে চলা হচ্ছে, তাতে ধাপে ধাপে গোটা দেশের অর্থনৈতিক জীবন ভেংগে পড়েছে। এখন আর অত সহজে সমস্যার সমাধান সম্ভব নয়। এই রকম পটভূমিকায় এইভাবেই ভাবা উচিত—আমরা ভূমিসংস্কার আইনের সংশোধন করবো, বর্গাদারদের রক্ষা করবার জন্য ব্যবস্থা করতে হবে। যাতে তাকে জমি থেকে উচ্ছেদ না করা যায়, উত্তরাধিকারসূত্রে তারা চাষের অধিকার পায়। আর সংগে সংগে এটাও দেখা দরকার—যারা ছোট ছোট জমির মালিক, ঐটুকু জমির আয় ছাড়া যাদের জীবিকার ব্যবস্থা হতে পারে না, তাদের যদি সংসার চালাবার জন্য বোনাফাইড নিড—সংসার চালাবার জন্য একান্ত প্রয়োজন হয়, ঐ জমি নিজে চাষ করার, যদি তিনি নিজে চাষ করতে পারেন, সেখানে সুযোগ রাখা হয়তো উচিত হবে—আমি "হয়ত" বলছি এই জন্য যে পরবর্তীকালে বিধানসভায় তা নিয়ে আলোচনা হবে। কিন্তু অন্যদের ক্ষেত্রে—যেখানে ঐ জমির আয় বেশী নাই, অন্য আয় বেশী আছে, হয়ত তাঁরা ব্যবসা-বাণিজ্য ইত্যাদি করেন, অবস্থা ভাল, তাঁদের ক্ষেত্রে বর্গাদার উচ্ছেদ চিরতরে বন্ধ করে দেওয়া উচিত। যারা জমির উপর খানিকটা নির্ভরশীল তাদের জন্য কিছু সুযোগ রাখতে হবে। এ সম্বন্ধে ভাবতে হবে। তার জন্যই ভূমিসংস্কার আইন ভেবে চিন্তে করতে হবে। কাজেই একটু সময় লাগবে। আমি চেষ্টা করবো এই বাজেট অধিবেশনের মাঝখানে তার খসড়া তৈরী করে এখানে উপস্থিত করবার জন্য। আইন করতে দেরী হবে—ঠিকই; কিন্তু দেখলাম ইতিমধ্যে এর ফাঁক দিয়ে সব বেরিয়ে যাবার চেষ্টা করছে। যুক্তফ্রন্ট জিতেছে ভোটে। কাজেই তারা এই জমির সিলিং ইত্যাদি বদলাবে।

মনে হয়েছিল কিছু উচ্ছেদের ফাঁকে ছোট মালিকের নাম করে ঐ বড় বড় সব রুই-কাতলারা বেরিয়ে যাবে।

সেই জন্য মনে করেছিলাম এটা অস্থায়ী ব্যবস্থা, এক বছরের জন্য, এই বছরের জন্য, আমি বিশ্বাস করি এই বছরের মধ্যে, এই সেসনে না পারলে এই সেসানে বিল নিয়ে এসে আমরা নভেম্বর সেসানে পাশ করাতে পারবো। এক বছরের জন্য সমস্ত রকমের উচ্ছেদ আমরা বন্ধ করতে চাই। এর দুটো ফল হবে। একটা হচ্ছে মালিকরা বুঝবেন সমস্ত পথ বন্ধ হয়ে গেল, তারা চমৎকার বেআইনী কাজ করছেন এই জন্য বুঝবেন, অন্যদিকে বর্গাদাররা বুঝবেন এটা বেআইনী কাজ হয়ে গেল, একটা সাইকোলজিক্যালি মনোভাব তাদের মধ্যে সৃষ্টি হবে। অর্থাৎ উচ্ছেদের বিরুদ্ধে রুখে দাঁড়ানো। কারণ প্রত্যেক গ্রামে আমরা পুলিশ পাঠিয়ে উচ্ছেদ বন্ধ করতে পারবো না। যদি প্রত্যেক গ্রামের গরিব কৃষকরা ঐক্যবদ্ধভাবে নিজের অধিকারকে কায়েম করতে না পারেন তাহলে গ্রামে গ্রামে পুলিশ পাঠিয়ে জমিদার জোতদারদের কাছে লেঠেল পুলিশ পাঠিয়ে কিছু করা যাবে না। আমরা তাই ভাবছিলাম যদি আমরা অর্ডিন্যান্স করে উচ্ছেদ বন্ধ করে দিই এবং সেটা অস্থায়ী আইন করে রাখি তাহলে উচ্ছেদ আমরা বন্ধ করতে পারবো। এই উপলক্ষে মাননীয় সভাপাল মহাশয়, আপনার মাধ্যমে বলতে চাই যে আমরা চাই এটা বাংলার জনসাধারণ জানুক যে ছোট ছোট মালিক যারা তাদের আমরা আশ্বস্ত করতে চাই কারণ বড় বড় জোতদার জমিদার যারা তারা নিজেরা ঘোঁট পাকাবার জন্য গ্রামে একটা মিথ্যা প্রচার করছে যে ঐ উচ্ছেদ বন্ধ করে দিচ্ছে, এবারে তোমাদের জমিগুলো কেড়ে নেবে। স্যার, চিরদিন তারা আমাদের বিরুদ্ধে এই মিথ্যা প্রচার করেছে যে আমরা মধ্যবিত্ত ও গরিব কৃষকদের জমি কেড়ে নেব। স্যার, আমি আজকে একথা পরিষ্কার করে বলতে চাই যে এই আইনটা হল সম্পূর্ণ অস্থায়ী একটি আইন, এই আইনটি করা হচ্ছে

Pending comprehensive amendment of the Land Reforms Act.

ঐ আইনের সংশোধন সাপেক্ষে। সেইজন্য আমি এইটুকু আপনার মাধ্যমে বলব যে ছোট মালিকদের ভয় পাবার কিছু নেই। কিন্তু আমি তাদের কাছে কি এই অনুরোধ করতে পারি না যে বড় বড় জোতদারদের পাল্লায় আপনারাই বা পড়বেন কেন? তারা চক্রান্ত করছে, তারা মুনাফা করছে, তারা বড়লোক সেজে হাজার হাজার বিঘা জমি চুরি করেছে, এখন চুরি ধরা পড়ছে তাই তাদের গায়ে জ্বালা ধরছে। এইভাবে প্রচুর ধরা পড়ছে, আমি পরে তার হিসাব দেব যে কত চুরি ধরা পড়ছে এবং আরো ধরা পড়বে। তাই স্বভাবতঃই তারা চেষ্টা করছে গরিব মালিকদের দলে টানার জন্য। মাননীয় সদস্যরা যাঁরা এখানে আছেন তাদের আমি বলব যে আমার বিলটা খুব ছোট, একটি মাত্র ধারা তাতে আছে সেটা হল এই আইনের মধ্যে নটউইথ-স্ট্যান্ডিং এনিথিং ভূমি সংস্কার আইনে যাই থাকুক না কেন এক বছরের জন্য উচ্ছেদ বন্ধ থাকবে। এই আইনটা ছোট হলেও এই আইনের গুরুত্ব অত্যন্ত বেশী। সেইজন্য আমি মাননীয় সদস্যদের বলব যে আপনারা যেমন এর তাৎপর্য গ্রামের সাধারণ ভাগচাষীদের বোঝাবেন তেমনি ছোট ছোট মালিক যারা আছেন, যাদের বন্ধু হিসাবে আমরা রাখতে চাই, যাদের আমরা শত্রু বলে মনে করি না তাদেরও এর তাৎপর্য বোঝাবেন। তার কারণ জোতদার বা চক্রান্তকারীরা বা যুক্ত ফ্রন্টের বিরোধী শক্তি যারা তারা যেন এর সুযোগ গ্রহণ করে গ্রামাঞ্চলে কোন রকম বিভেদ সৃষ্টি করতে না পারে। মাননীয় সভাপাল মহাশয়, এই অনুরোধ আমি সকলের কাছে আপনার মাধ্যমে রেখে এই বিল বিবেচনার জন্য রাখছি।

**Mr. Deputy Speaker:** The House stands adjourned till 1 p.m. on Tuesday the 8th July, 1969.

**Adjournment**

The House was accordingly adjourned at 5-18 p.m. till 1 p.m. on Tuesday, the 8th July, 1969, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 8th July, 1969, at 1 p.m.

**Present**

Mr. Speaker (Shri Bejoy Kumar Banerjee) in the Chair, 23 Minister, 1 Minister of State and 211 Members.

## Starred Questions to which (Oral answers were given)

### Service Rules for the staff of Government-sponsored Libraries

*57. (Admitted question No. *354.)

**শ্রীকালীপদ মন্ডল:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গভর্নমেন্ট-স্পনসর্ড লাইব্রেরীগুলির কর্মচারীদের জন্য কোনও সার্ভিস রুল চালু আছে কিনা; এবং

(খ) উক্ত লাইব্রেরী কর্মচারীরা বর্তমানে কি কি সুযোগ-সুবিধা ভোগ করিয়া থাকেন?

[1—1-10 p.m.]

**Shri Ajoy Kumar Mukhopadhyaya:**

(ক) সরকারের বিবেচনাধীন আছে।

(খ) পদগত যোগ্যতা অনুযায়ী উক্ত লাইব্রেরী কর্মচারীগণ বেতন ও ভাতা পেয়ে থাকেন।

**শ্রীকালিপদ মন্ডল:** এই সব গভর্নমেন্ট লাইব্রেরীর কর্মচারীরা ৪ মাস যাবত বেতন এবং অন্যান্য প্রাপ্য কিছু পাচ্ছে না, এই সম্পর্কে কি কিছু জানেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** আমি খোঁজ নেব।

**শ্রীকাশিকান্ত মৈত্র:** এই যে লাইব্রেরী—মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে গভর্নমেন্ট-স্পনসর্ড রুরাল লাইব্রেরীজ আছে তাদের কর্মচারীদের কন্ডিসানস অব সার্ভিস, পে ইত্যাদি এই সমস্ত ব্যাপার নিয়ে কোন স্ট্যাটুটরি রুলস, রেগুলেসনস করার কথা সরকার কি বিবেচনা করছেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** রুলস তৈরী হচ্ছে এবং সরকারের বিবেচনাধীন আছে।

### Transfer of the office of Archaelogical Survey of India

*58. (Admitted question No. *375.)

**শ্রীঅমলেন্দুলাল রায়:** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কলিকাতার আর্কিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ার অধীন মিউজিয়াম শাখার পাঠাগার সমেত দপ্তরটি কলকাতা থেকে নয়াদিল্লীতে স্থানান্তরের জন্য কেন্দ্রীয় সরকার চেষ্টা করিতেছেন; এবং

(খ) অবগত থাকিলে রাজ্য সরকার এই স্থানান্তর রদ করিবার জন্য কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** (ক) ইহার সমর্থনযোগ্য কোন সংবাদ রাজ্যসরকারের নিকট নাই।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** তাহলে কি বুঝতে হবে যে খবরের কাগজে যেসব সংবাদ বেরোয় সেগুলি সব সময় সত্য হয় না?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** এতে কি আপনার সন্দেহ আছে নাকি ?

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন সরকারের কাছে এখন খবর আসে নি। কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এই কথা কি শুনেছেন যে শুধু এই আর্চো-লজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া নয়, ইন্ডিয়া গভর্নমেন্ট আরো কয়েকটি অফিস এরই মধ্যে উঠিয়ে নেওয়ার জন্য চেষ্টা করছেন এবং ইন্ডিয়া গভর্নমেন্ট আরো সরাবার জন্য বহু চেষ্টা করছেন, যার জন্য আপনারা মাঝে মাঝে সেটাতে বাধা দিচ্ছেন, এটা কি জানেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** তার মধ্যে আপনাদের এই আর্কিওলজিক্যাল ডিপার্টমেন্ট নেই।

## Peace Corps

***59.** (Admitted question No. *4.)

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার পীস কোর (Peace Corps) সম্বন্ধে কি নূতন নীতি গ্রহণ করিয়াছেন; এবং

(খ) উত্তর "হ্যাঁ" হইলে কারণ কি ?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** (ক) হ্যাঁ।

(খ) দেশের কাজ যতদূর সম্ভব নিজের দেশের লোক দ্বারা করানোর উদ্দেশ্য।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এই পিসকোরকে প্রথমে এখানে আনবার পারমিশন ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট কবে দিয়েছিলেন ?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** ১৯৬৪ সালের সেপ্টেম্বর মাসে প্রথমে ২২ জন ভলেন্টিয়ার এসেছিলেন।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** সেই সময় কি কারণে এসেছিলেন বলতে পারবেন কি ?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** লেখা আছে
They are engaged in poultry development work in different places.

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** এই কথা কি পশ্চিমবঙ্গ সরকারের কাছে রিপোর্টেড হয়েছিল যে এই পিসকোরে যারা থাকেন তাদের মাধ্যমে গোয়েন্দাগিরি করা হয়েছিল ?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** না, এমন খবর নেই।

**শ্রীসনৎকুমার রাহা:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে প্রশ্নতে বলছেন পিসকোর অথচ তাদের ফাংশান বলছেন পোল্ট্রি ডেভেলপমেন্ট, এর কি যৌক্তিকতা আছে বলবেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** পিসকোর পোল্ট্রি করেন, এগ্রিকালচার করেন, সব কিছু করেন, লড়াই করেন না।

**শ্রীসনৎকুমার রাহা:** এই যে পিসকোর, এটা কি আমাদের দেশীয় প্রতিষ্ঠান না বিদেশী প্রতিষ্ঠান?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** বাইরে থেকে এসেছে।

**শ্রীসনৎকুমার রাহা:** বাইরে থেকে যদি এসে থাকে পিসকোর তাহলে ফান্ডামেন্টালি কি উদ্দেশ্যে এসেছিল এবং তাদের কাজ করতে দেওয়া হচ্ছে না কেন? বিদেশী প্রতিষ্ঠান বাইরে থেকে এসে শান্তি প্রতিষ্ঠার জন্য, তাহলে শান্তি প্রতিষ্ঠার জন্য যদি এগ্রিকালচার, পোল্ট্রি প্রভৃতি করে, তাতে আমাদের অসুবিধা কি, এবং আমরা বাধা দিচ্ছি কেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** শান্তি প্রতিষ্ঠা নয়,

to provide technical help through American Volunteers requesting such help to promote a better understanding of Philosophies and way of life of the citizens of the host country.

**শ্রীসনৎকুমার রাহা:** পিসকোরের ফাইনান্স কারা সাপ্লাই করে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** ওরাই দেয়।

**শ্রীসনৎকুমার রাহা:** আমেরিকান ভলেন্টিয়ার ছাড়া কি পিসকোর সংগঠিত হতে পারে না, এরকম কি কনস্টিটিউশন আছে, যে ওরা ব্যতিরেকে পিসকোরের ফাংশান চালাবে না, এমন কোন কিছু আছে কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** এটা আমেরিকান পিসকোর এসেছে আমাদের দেশে সেবা করবার জন্য।

**শ্রীসনৎকুমার রাহা:** ১৯৬৪ সালে যে ২২ জন এসেছিলেন, তারা কি এখনও আছেন, এবং তারা কি কি কাজ করেছেন ১৯৬৪ সাল থেকে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** এরা ১৯৬৬ সালের জুন মাস পর্যন্ত ছিল, চলে গেছে।

**শ্রীরবীন মুখার্জী:** পিসকোরের ফাংশান যা বুঝলাম সেটা হচ্ছে পোল্ট্রি, এগ্রিকালচার ইত্যাদি করা, দেশে যুদ্ধ লাগলে কোন কোর আসতে পারে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** লাগার পর বলবো।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** ১৯৬৪ সালের পিসকোর-এর ২২ জন যে এখানে কাজ করে গেলেন, মাননীয় মুখ্যমন্ত্রী কি এই হাউসের মধ্যে রাখবেন যে কি ধরনের কাজ তারা করেছে এবং কি তার রিপোর্ট?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** এটা আগেই বলেছি পোল্ট্রি ডেভেলপমেন্ট ওয়ার্ক, তার মধ্যে আছে টালিগঞ্জ, হাবড়া, গোবরডাঙ্গা, চিনসুরা, দুর্গাপুর, বোলপুর, মেদিনীপুর, রানাঘাট, ফুলিয়া, জলপাইগুড়ি।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** আমার প্রশ্ন তা ছিল না, যেটা বলেছেন তা আমি শুনেছি, আমার প্রশ্ন ছিল যে তারা এই কাজগুলো করতে এসেছিলেন, ১৯৬৬ সালে যাওয়ার আগে পর্যন্ত তারা কি কাজ করে গেলেন, তার কংক্রিট আউটপুটটা কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** সেটা নোটিশ দিলে বলতে পারবো।

**শ্রীকানাই ভৌমিক:** এই পিসকোর এসেছিল, তারা কোন গোয়েন্দাগিরি করেছে কিনা সেই বিষয়ে স্বরাষ্ট্র দপ্তরের রাজনৈতিক বিভাগ কোন খোঁজ রেখেছিলেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** না আমার কাছে সেই রকম কোন খবর নেই।

[1-10—1-20 p.m.]

**Shri Samar Kumar Rudra:**

এদের নির্দিষ্ট কার্যাবলী সম্বন্ধে সরকারের সন্দেহ আছে কি?

**Shri Ajoy Kumar Mukhopadhyaya:**

কার্যাবলী তো আগেই বলেছি।

**Shri Sailendra Nath Adhikary:**

এই পিসকোর কি এডুকেশনও কিছু কিছু পেনিট্রেট করেছিল?

**Shri Ajoy Kumar Mukhopadhyaya:**

এমন খবর আমার কাছে নেই।

**Shri Sailendra Nath Adhikary:**

এটা কি সত্য যে আমার কনস্টিটিউয়েন্সীতে পুঁটিরামপুর বলে যে একটি জায়গা আছে তাতে পিস কোর-এর সাহায্যে একটি জুনিয়ার হাই স্কুল হয়েছিল এবং সেই জুনিয়ার স্কুল সম্বন্ধে সরকারকে আমরা বলেছিলাম আমেরিকার টাকায় হয়েছে এবং এটা যাতে আপাততঃ বন্ধ থাকে—এটা কি একটা সাংঘাতিক ঘটনা নয়?

**Shri Ajoy Kumar Mukhopadhyaya:**

এই তথ্য তো আপনিই জানেন, আমায় জিজ্ঞাসা করছেন কেন?

**Shri Sailendra Nath Adhikary:**

আপনি জানেন কিনা?

**Shri Ajoy Kumar Mukhopadhyaya:**

আমি জানি না।

**Shri Nepal Chandra Ray:**

তিন বছর আগে পিস কোর ভলানটিয়াররা এখান থেকে চলে গিয়েছে, তাদের ভূত এখনও ও'দের মাথায় রয়েছে কেন?

(No Answer.)

## State Social Welfare Home

***60.** (Admitted question No. *90.)

**শ্রীসনৎকুমার রাহা:** শিক্ষা (সমাজ শিক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গে রাষ্ট্রীয় সমাজ কল্যাণ ভবন মোট (১) কয়টি; (২) তাহাদের নাম কি?

**Shrimati Renu Chakrabartee:** Mr. Speaker, Sir, this question may be held over because the details have not been obtained.

**Mr. Speaker:** The question is held over.

(c) A scheme for night-shelter for 201 pavement dwellers has been approved and money sanctioned.

**Footpath-dwellers in Calcutta**

***61.** (Admitted question No. *330.) **Shri Gyan Singh Sohanpal:** Will the Minister-in-charge of the Relief and Social Welfare (Social Welfare) Department be pleased to state—

(a) if the Government has any record regarding the people who sleep on footpaths and pavements in the city of Calcutta;

(b) if so, the number thereof; and

(c) whether the Government has any scheme for providing shelter for these homeless people?

**Shrimati Renu Chakrabortee :** (a) Though this is a common feature in Calcutta, no statistical record has ever been undertaken.

(b) Does not arise.

(c) A scheme for night shelter for 201 pavement dwellers has been approved and money sanctioned.

**Shri Nepal Chandra Ray:**

কলকাতা পুলিশের একটা হিসাব আছে বোধ হয় আপনি খেয়াল করেন নি। প্রায় ৪০ থেকে ৫০ হাজার লোক ফুটপাথ-এ বাস করে এবং তারা বেশিরভাগ কাগজ কুড়িয়ে কলকাতা শহরে জীবনধারণ করে—এই খবর রাখেন কি?

**শ্রীমতী রেণু চক্রবর্তীঃ** আপনি বোধ হয় ভুল করছেন যে স্ট্যাটিসটিক্যাল সার্ভে আছে সেটা হচ্ছে ভিক্ষুকদের অর্থাৎ বেগার যাদের বলে। তাদের আছে ৩০ হাজার। কিন্তু নাইট পেভমেন্ট ডুয়েলার্স অর্থাৎ রাত্রে যারা ফুটপাথ-এ শুয়ে থাকে তারা অনেকেই কাজ করেন। তাদের হোল লিস্ট কোনদিন স্ট্যাটিসটিক্যালী সার্ভে করা হয় নি।

**Shri Sailendra Nath Adhikary:**

মন্ত্রিমহোদয় বললেন যে ফুটপাথ-এ যারা বাস করে তাদের কোন হিসাব বা রেকর্ড নেই। রেকর্ড থাকা উচিত ছিল। কিন্তু এরা একটা সংসার পেতেছে ফুটপাথ-এর উপর। আপনি দেখেন। আমি পথে হেটে ঘুরে বেড়াই। তাতে দেখি যে গ্রামের লোকও ভীড় করে এইভাবে। আপনার ডিপার্টমেন্ট থেকে কোন তথ্য নেওয়া হবে কিনা যে, এতে কত লোক আছে? কি তারা করে? তাদের জন্য কিছু করার চিন্তা করছেন কিনা?

**শ্রীমতী রেণু চক্রবর্তীঃ** না, আমার দপ্তরের টাকাকড়ির খুবই অভাব। এটা একটা বিরাট সমস্যা। আমরা এখনও পর্যন্ত স্ট্যাটিসটিক্যাল সার্ভে নেবার কোন পরিকল্পনা নিই নি তবে একটা জিনিস—অ্যাড হক একটা নাইট সেলটার করবার পরিকল্পনা নেওয়া হয়েছে ৬৭নং শশিভূষণ দে স্ট্রীট-এ ২০১ জন পেভমেন্ট ডোয়েলার-এর জন্য এটা স্যাংশন হয়েছে মাত্র। এখানে ৪ তলা একটি বাড়ী করা হবে এবং সেখানে নাইট সেলটার-এর ব্যবস্থা থাকবে এবং ২০১ জনের জন্য। এই নাইট সেলটারটি করবার জন্য যে খরচ হবে তা হচ্ছে ২ লক্ষ ৮৭ হাজার ৭০০ টাকা এবং এটা হবে আমাদের সমাজ কল্যাণ দপ্তর থেকে এবং কেন্দ্রীয় সরকারের কিছু সাবসিডি পাব, কিছু লোন পাব এবং পশ্চিমবঙ্গ সরকারের গৃহনির্মাণ বিভাগ থেকেও আমরা কিছু টাকা পেয়ে এটা করব। আমাদের সমাজ কল্যাণ দপ্তরের দেয় টাকা সি আই টি-কে দিয়ে দিয়েছি ৩০শে মার্চ, ১৯৬৮ সালে এবং তাদেরকে এই বাড়ীটা তৈরী করবার জন্য বলে দিয়েছি। আমাদের সি আই টি বলেছেন যে এই কাজ সত্বর সুরু হবে। চিফ ইঞ্জিনীয়ার সি আই টি আমাদের জানিয়েছেন তাঁদের ২৬-৬-৬৯ সালের চিঠিতে তাঁদের প্ল্যানগুলি ফাইনাল হয়ে গিয়েছে এবং তাঁরা টেনডার পেপার ডেকেছেন।

**শ্রীমতী ইলা মিত্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, এটা খুবই লজ্জার কথা যে, স্বাধীনতার ২০ বছর পরে এখনও প্রায় ২৫।৩০ হাজারের মত মানুষ রাতে ফুটপাথে বাস করে। আমার জিজ্ঞাসা হচ্ছে তার কাছে যে, সরকারের কি এই ধরনের কোন পরিকল্পনা আছে যে শহরে যাদের দশের বাড়ী, ৩ খানা, ৪ খানা, ১০ খানা, ১৫ খানা, ২০ খানা করে বাড়ী আছে। গ্রামাঞ্চলে যেমন জমি ৭৫

*বিঘা করে বেঁধে দেওয়া হয়েছে, তেমনি শহরের সম্পত্তিতেও এই ধরনের কোন সিলিং বেঁধে দিয়ে যে একখানা বাসযোগ্য বাড়ী ছাড়া আর বাড়ীগুলি সরকার নিয়ে, যারা রাস্তায় বা ফুটপাথে শোয় তাদের ঘরে শোবার ব্যবস্থা করবেন?*

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** এটা সাজেশান ফর অ্যাকশন। এটা নিশ্চয়ই খুব উদার মনোভাব নিয়ে করেছেন এবং এটা যদি পাশ করতে হয়, আপনাদের সকলের সামনে আসবে। একজিকিউটিভ অ্যাকশনে হবে না। এটা করা নিশ্চয়ই উচিত। তবে এটা জেনে রাখুন যে যখন এটা পাশ করবো, সংগে সংগে হাই কোর্টে মামলা হয়ে বন্ধ হয়ে যাবে।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয়া সদস্যা অধ্যাপিকা ইলা মিত্র, যে অতিরিক্ত প্রশ্ন করলেন তার সংগে এটা বলছি এবং আপনাকে জিজ্ঞাসা করছি, গভর্নমেন্টের কোন লেজিসলেশনের দরকার হয় না। আপনার যে এক্জিকিউটিভ পাওয়ার আছে তাতে যদি কলকাতা শহরের এই ধরনের ভ্যাকান্ট হাউস বা পার্টলি ভ্যাকান্ট হাউস পান, সেটা আপনার আইন অনুযায়ী রিকুইজিশন করতে পারেন। তারপর হাইকোর্ট কি করবে না করবে পরের কথা। বাড়ী তৈরী করে সেলটারলেস পিপলকে, পেভমেন্ট ডোয়েলার্স—এদের অ্যাকোমডেট করা লং ড্রন প্রসেসের ব্যাপার। কিন্তু সরকারের যে এক্জিকিউটিভ পাওয়ারস আছে তাতে কলকাতা শহরের অনেক বাড়ী রয়েছে, যেটা পার্টলি ভ্যাকান্ট বা কমপ্লিটলি ভ্যাকান্ট আছে, সেগুলিকে এক্জিকিউটিভ অর্ডার দিয়ে, রিকুইজিশনিং অর্ডার দিয়ে, রিকুইজিশান করতে পারেন। এটা কি সত্য?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** নিশ্চয়ই, রিকুইজিশন করা যেতে পারে। কিন্তু কথা হচ্ছে, আমাদের দপ্তরের যে সীমাবদ্ধ ক্ষমতা তাতে আমরা এই প্ল্যানটা এখনই নিতে পারছি না। আরো বহু পরিকল্পনা রয়েছে, সেটাও আমরা করতে পারছি না। আমাদের অর্থের খুবই অভাব।

**শ্রীনেপালচন্দ্র রায়:** মাননীয় মন্ত্রিমহাশয়, এই যে ২০১ জনের থাকার যে পরিকল্পনা করেছেন সেটা বিনা পয়সায় না পয়সা দিয়ে তাদের থাকতে হবে, এটা জানাবেন কি?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** স্বভাবতঃই এই পরিকল্পনা যা করা হয়েছিল তাতে যারা নাইট ডোয়েলারস, তাদের বিনা পয়সাতেই থাকতে দেওয়া হবে।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** মাননীয় মন্ত্রিমহাশয়া কি জানাবেন যে যারা ফুটপাথে থাকে, তাদের অধিকাংশ বাইরে থেকে আসে অথবা কাজ করে। এদের ছাড়াও আরো প্রায় ৩০ হাজার ফুটপাথের বেগারস আছে যারা কাজ করে না। এই ৩০ হাজার প্লাস এদের সংখ্যা, এই সমস্ত মিলিয়ে যারা কাজ করে না, যারা ভিক্ষুক, তাদের কর্মসংস্থানের কথা চিন্তা করছেন কি?

[1-20—1-30 p.m.]

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** এটা এই প্রশ্ন থেকে ওঠে না, এটা হচ্ছে নাইট শেলটারের ব্যাপার। আপনি আরো মৌলিক প্রশ্ন তুলেছেন যে এই যে বিরাট সংখ্যক ভিক্ষুক অথবা যাদের কোন আশ্রয় নেই তাদের জন্য আমরা চাকরী বাকরী দিতে পারি কিনা—এখন এই মৌলিক প্রশ্নের উত্তর দেয়া বোধ হয় ঠিক ওঠে না।

**শ্রীসমরকুমার রুদ্র:** মন্ত্রিমহোদয়া বললেন যে সরকারের সীমিত যে পাওয়ার্স রয়েছে তার মধ্যে এগুলি করা সম্ভবপর হচ্ছে না। তাহলে পশ্চিমবঙ্গ সরকার কলকাতা সহরে কতগুলি খালি বাড়ী বা কতগুলি অব্যবহৃত বাড়ী আছে তার একটা তালিকা করেছেন কি এবং রিকুইজিসান করলে পর কত ভাড়া বা কত খরচ পড়তে পারে সেটা দেখেছেন কি এবং সেই অনুযায়ী আংশি[illegible] যারা ফুটপাথে বাস করছে তাদের একটা [illegible] ব্যবস্থা করা যায় কিনা এ সম্বন্ধে দৃষ্টি দিয়েছেন কি?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** এ তথ্য আমরা কেন, কোন দপ্তরই করেন নি এখনও পর্যন্ত। কাজেই মোট কোন সংখ্যা আমি বলতে পারি না।

**শ্রীসুন্দরকুমার নস্কর:** মন্ত্রিমহাশয়া বলবেন কি কত ক্ষেতমজুর এই ২২ বৎসর কংগ্রেসী শাসনে গ্রাম ছেড়ে ফুটপাথে এসে বসেছে?

**মিঃ স্পীকার:** এ প্রশ্ন এর থেকে ওঠে না।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** আমি মন্ত্রিমহাশয়াকে জিজ্ঞাসা করছি প্রশ্নে বলা হয়েছে

if the Government has any record regarding the people who sleep on footpaths.

আমি বলছি যে আপনার দপ্তর থেকে যদি এ সম্বন্ধে একটা সার্ভে করেন—কেন না এই আলোচনার মধ্য থেকে প্রশ্ন থেকে এটা পরিষ্কার হয়েছে যে এটা করা উচিত, যদি একটা সার্ভে ওয়ার্ক সুরু করেন তাহলে কলকাতা সহরের সার্ভে ওয়ার্কের মধ্য দিয়ে অনেক শিক্ষিত বেকার যুবককে পার্ট টাইমার হিসাবে এমপ্লয়মেন্ট দিতে পারেন এবং যুক্তফ্রন্ট সরকার এ সম্বন্ধে শিক্ষিত বেকার যুবকদের সাময়িকভাবে পার্টটাইম কাজের পদ্ধতি এবং মাধ্যম হিসাবে এই ধরনের সার্ভে ওয়ার্কের পরিকল্পনা গ্রহণ করবেন কি?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** এটা চাকরী দেওয়ার প্রশ্ন নয়—এটার খুব প্রয়োজন আছে একটা সার্ভে করে টোটাল প্রবলেমটাকে জানা এবং সেদিক থেকে মাননীয় সদস্যরা যেকথা তুলেছেন নিশ্চয় আমি সেটা চিন্তা করে দেখবো।

**শ্রীকৃষ্ণগোপাল চক্রবর্তী:** মন্ত্রিমহাশয়া বলবেন কি আপনারা স্থির করেছেন যে ২০১ জন লোক সেখানে থাকবে—এখন যদি স্বামী স্ত্রী ওখানে থাকতে চায় তাদের কি আলাদা ঘরের ব্যবস্থা করা সম্ভব হবে, না সব একসঙ্গে থাকবে?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** এই যে পরিকল্পনা এটা শুধু আমাদের দপ্তরের নয়, এটা ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট, সেন্ট্রাল গভর্নমেন্ট, সি আই টি সবাই মিলে হয়েছে। কাজেই ডিটেল্ড পরিকল্পনাটা আমার কাছে নেই। যদি আপনি আলাদা প্রশ্ন দেন তাহলে আমি নিশ্চয় বলব।

**শ্রীবিজয় সিং নাহার:** মন্ত্রিমহাশয়া জানেন কি কিছুদিন আগে এখানে কিছু টুরিস্ট এসেছিলেন বিদেশ থেকে এবং তারা সেখানে গিয়ে কলকাতা সহর সম্বন্ধে একটা আর্টিকেল লিখেছিলেন, যাতে তারা বলেছিলেন যে কলকাতায় আর্লি মর্নিং-এ সকালবেলায় বহু মৃতদেহ পড়ে থাকে এবং সকালবেলায় কর্পোরেশনের ধাঙডরা সেই মৃতদেহ পরিষ্কার করে দেয়। এই সমস্ত নাইট ডোয়েলার্স ফুটপাথ ডোয়েলার্স সম্বন্ধে তারা এই সমস্ত আর্টিকেল লিখেছেন—আপনি সেগুলি দেখেছেন কি?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** সেই আর্টিকেল দেখিনি তবে টাইম ম্যাগাজিন এবং অন্যান্য আমেরিকান ম্যাগাজিনে খুব বিশেষভাবে তারা ছবি তুলে অনেকবার ছাপিয়েছে এবং আমেরিকা বিশেষ করে ইংলন্ডও বটে, তারা আমাদের দেশ সম্পর্কে অত্যন্ত অজ্ঞ, শুধু অজ্ঞই নয়—তারা অনেক সময় বিকৃত আকারে এই সমস্ত বের করেন এটা আমরা জানি।

**শ্রীবিজয় সিং নাহার:** এ সম্বন্ধে যখন আপনি জানেন তখন বিদেশে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে কলকাতা সহর সম্বন্ধে প্রচারের ব্যবস্থা করছেন কি?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** আমরা তো মাত্র ৪ মাস এসেছি। আমাদের এ ব্যাপারে বিশেষ মনোযোগ দেবার টাইম হয় নি।

**শ্রীবিজয় সিং নাহার:** কতদিন টাইম লাগবে বলতে পারবেন কি?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** না।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** ২০১ জনের রাত্রি বাসের জন্য একটা ধর্মশালা করবেন। কাশীবাবু যে রিকুইজিশন করার কথা বললেন সেই পরিপ্রেক্ষিতে বলছি, শ্রীবিজয় সিং নাহারের কুমার সিং হলটা রিকুইজিশন করা যায় কি না?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:**

It is request for action.

**Representation of minority communities in public services of the State**

***62.** (Admitted question No. *351.)

**শ্রীব[illegible] রায়ঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে যুক্তফ্রন্ট সরকার সরকারী কাজে নিয়োগের সময় সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত ব্যক্তিদের প্রতি বিবেচনা করার জন্য নির্দেশ দিয়াছেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** হাঁ, সরকারী কাজে নিয়োগের সময় সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত ব্যক্তিদের প্রতি বিবেচনা করার জন্য যুক্তফ্রন্ট সরকার নির্দেশ দিয়াছেন।

**শ্রীপীযূষকান্তি মুখার্জিঃ** ইউ এফ গভর্নমেন্ট আসার আগে সংখ্যালঘুদের অ্যাপয়েন্টমেন্ট দেওয়া সম্বন্ধে কি নির্দেশ দেওয়া ছিল?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** সিডিউল কাস্ট অ্যান্ড ট্রাইব অ্যাপয়েন্টমেন্ট-এর জন্য কোন বিশেষ সার্কুলার ছিল বলে জানা নেই। তবে আমরা একটা সার্কুলার দিয়েছি।

**শ্রীআবদুস সাত্তারঃ** এই যে সার্কুলার দিয়েছেন তাতে কোন পার্সেন্টেজ আছে কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** আমি একটু পড়ে দিচ্ছি—

As a result of the recent survey undertaken in connection with Parliament Question it has come to the Government notice that there is scope of greater representation of the minority communities in various services and posts under the State Government although there is no Constitutional provision for reservation of service and posts for the members of the minority communities other than the scheduled castes and scheduled tribes. The Government accordingly desired that consistently with the need for maintenance of efficiency of administration, all appointing authorities under the Government should ensure that no prejudice works against them and every opportunity is offered to the members of the minority communities as well as to the socially and educationally backward classes in the matter of recruitment to the services and posts under the State Government except where recruitment is made through the Public Service Commission. The undersigned is directed by order of the Governor to request that the aforesaid instructions be brought to the notice of all appointing authorities excepting those coming under the administrative control of the High Court.

**শ্রী এ এম ও গনিঃ** এই জাতীয়

circular higher education, technical institution
যেমন মেডিকেল কলেজ এবং ইঞ্জিনীয়ারিং কলেজ-এর বেলায় ইসু করবেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** এটা চাকুরীর প্রশ্ন।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** আপনি বললেন পার্লিয়ামেন্টারী কমিশন রিপোর্ট দেবার পর সরকার কতকগুলি কথা জানতে পারলেন। পার্লিয়ামেন্টারী কমিশন-এর যে রিপোর্ট দেওয়া হয়েছিল সেটা কেন্দ্রীয় পার্লামেন্টারী কমিশনএর, তার অধিকাংশ সদস্য কংগ্রেস ছিলেন—এটা কি জানেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** ২২ বছরের মধ্যে এই প্রথম তাঁরা করলেন।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** আপনিও তো ২২ বছর কংগ্রেসী মন্ত্রী ছিলেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** তা ছিলাম।

[1-30—1-40 p.m.]

**শ্রীআবদুস সাত্তার:** মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই সার্কুলার দেবার পর কয়জন গেজেটেড মুসলিম আফিসারকে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** নোটিশ চাই।

**শ্রীআবদুল কোয়াইয়ুম মোল্লা:** মন্ত্রিমহাশয় জানাবেন কি, দীর্ঘ ২০ বছরের কংগ্রেসী রাজত্বে কয়জন গেজেটেড অফিসার মাইনরিটি কমিউনিটি থেকে নেওয়া হয়েছে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** নোটিশ চাই।

**শ্রীমতী ইলা মিত্র:** মাননীয় মুখ্যমন্ত্রীকে এই সার্কুলারের জন্য ধন্যবাদ দিচ্ছি। আমাদের দেশে বৈষম্যমূলক ব্যবস্থা যেটা ছিল আশা করি সেই বৈষম্য দূর হবে। আমার প্রশ্ন হচ্ছে ১৬।১৮ বছর ধরে মুসলমান টিচাররা কাজ করছেন অথচ তাঁদের কনফার্ম করা হয় নি এর প্রতি দৃষ্টি দেবেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** মুসলমান বলে নয়, আমরা সকল কর্মচারীদের সম্বন্ধেই বলেছি। যাঁরা বেশী দিন চাকুরী করছেন তাঁদের কোয়াসী পার্মানেন্ট বিভিন্ন স্তরে করা হয়েছে।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** মুখ্যমন্ত্রিমহাশয় জানাবেন কি, সংখ্যালঘু সম্প্রদায়কে চাকুরীর ক্ষেত্রে যে সুযোগের ব্যবস্থা করলেন সেটা একটা পার্সেন্টেজ ভিত্তিক না করলে কিভাবে সম্ভব হবে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** আমাদের কনস্টিটিউসনে পার্সেন্টেজ বাঁধা আছে সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইবদের সম্বন্ধে। এ'দের সম্বন্ধে কিছু নেই। যুক্তিসংগত যাতে হয় সেটা বলা আছে।

**শ্রীআবদুস সাত্তার:** এই যে সার্কুলার দিয়েছেন তাতে আজ পর্যন্ত কোন অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয় নি এটা কি আপনি ডিনাই করতে পারেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** নোটিশ চাই। নোটিশ দিলে বলব কয়টা করেছি।

**শ্রীনেপালচন্দ্র রায়:** মুখ্যমন্ত্রী জানাবেন কি, এই পার্মানেন্ট এবং কোয়াসি পার্মানেন্ট কত-দিনের মধ্যে করবেন—অর্থাৎ কয় বছর চাকুরী করবার পর করবেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** ৩ বছর টেম্পোরারী কাজ করলে তাকে কোয়াসী পার্মানেন্ট করা হচ্ছে এবং ৫ বছর কাজ করলে পর তাকে পার্মানেন্ট করা হচ্ছে।

**শ্রীনেপালচন্দ্র রায়:** মুখ্যমন্ত্রিমহাশয় জানাবেন কি, এই ধরনের কোয়াসী পার্মানেন্ট এবং পার্মানেন্ট পশ্চিমবঙ্গ সরকারের কয়জন কর্মচারী হয়েছেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** নোটিশ চাই।

**Estimate of expenditure in connection with Gandhi Centenary celebration**

*63. (Admitted question No. *352.) **Shri Mohamed Abdul Latif:** Will the Chief Minister be pleased to state—

(a) whether Government has made any estimate of expenditure in connection with the official observance of Gandhi Centenary celebration in West Bengal; and

(b) if so, whether the Government proposes to bear the whole expenditure partly by Government and partly by public subscription?

**Shri Ajoy Kumar Mukhopadhyaya:** (a) No. (b) Partly by Government.

(i) The State Government have sanctioned a grant of Rs. 4 lakhs to the Gandhi Centenary Committee, West Bengal.

(ii) Government intend to spend Rs. 3.30 lakhs for Gandhi Darshan Exhibition in Delhi and in different districts of West Bengal.

**শ্রীমহম্মদ আবদুল লতিফঃ** গান্ধী সেন্টিনারী সেলিব্রেসন অবজার্ভ করবার ডিসিসন তাঁদের জানাবেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** সেন্টার থেকে রাষ্ট্রপতি একটা গান্ধী সেন্টিনারী কমিটি করেছেন এবং পশ্চিম বাংলার রাজ্যপাল একটা গান্ধী সেন্টিনারী কমিটি করেছেন। আমাদের গভর্নমেন্ট তাঁদের সাহায্য দিচ্ছেন।

**শ্রীমহম্মদ আবদুল লতিফঃ** আমার প্রশ্ন হচ্ছে এই যে গান্ধী সেন্টিনারী সেলিব্রেশন হবে এর ডিসিসন কারা নিচ্ছেন।

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** যাঁরা কমিটি করেছেন তাঁরাই নিয়েছেন। রাষ্ট্রপতি দিল্লীতে এবং রাজ্যপাল পশ্চিমবাংলায়।

**শ্রীমহম্মদ আবদুল লতিফঃ** তাহলে কি এটা বুঝব যে রাষ্ট্রপতি তাঁর নিজের দায়িত্বে গান্ধী সেন্টিনারী সেলিব্রেশন অবজার্ভ করবার নির্দেশ বা ডিসিসন নিচ্ছেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** আপনি কি বুঝবেন সেটা আপনি নিজে ভেবে দেখুন।

**শ্রীমহম্মদ আবদুল লতিফঃ** মুখ্যমন্ত্রীমহাশয় জানাবেন কি, স্টেট গভর্নমেন্টকে এই ডিসিসনের ব্যাপারে কোন রকম যোগাযোগ করা হয়েছিল কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** তখন স্টেট গভর্নমেন্টের হেড-এ ছিলেন রাজ্যপাল, তখন তাঁর শাসন চলছিল, তিনি নিজে কমিটি করেছেন। আমরা তখন কোথায়।

**শ্রীকালীপদ মন্ডলঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি, গান্ধী সেন্টিনারী উপলক্ষে হরিজনদের কর্মের জন্য কোন ব্যবস্থা হবে কিনা?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** সেন্টিনারী কমিটিকে জিজ্ঞাসা করবেন—এটা গভর্নমেন্টের কমিটি নয়।

**শ্রীসমরকুমার রুদ্রঃ** এইরূপ শতবার্ষিকী উদ্‌যাপন যেখানে হয় সেখানে সরকারী নীতি কিছু আছে নাকি যদি.. ...

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** যদি দিয়ে কোন প্রশ্ন হয় না. সেরকম যখন হবে, তখন বিবেচনা করব।

**শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ** বিভিন্ন সাব-ডিভিশনে, ব্লক অফিসে গান্ধী সেন্টেনারী কমিটি-র ব্যাপারে যে সার্কুলার গিয়েছে সেটা ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট থেকে ইস্যু করা হয়েছে কিনা?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** আমাদের রাজ্যে যেটা হয়েছে তার নীচে জেলায় এবং মহকুমার ভিত্তিতে সেন্টেনারী কমিটি হয়েছে।

**শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ** গভর্নমেন্ট সার্কুলার রয়েছে যে এই ভিত্তিতে করা হোক. তার জন্য টাকা পয়সা কি গভর্নমেন্ট থেকে দেবে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** আমরা দিচ্ছি, বাকী টাকা তাঁরা তুলে নেবেন এবং খরচ করবেন।

**শ্রীসরল দেবঃ** তৎকালীন রাজ্যপাল যে গান্ধী সেন্টেনারী করে গেলেন আমাদের সেটাকে মানতে হবে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** না মেনে কি করবেন?

**শ্রীমহম্মদ আবদুল লতিফঃ** ব্লকে যে কমিটি রয়েছে কর্মসূচী তাদের কিছু আছে কিনা?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** বিভিন্ন সেন্টেনারী কমিটি রয়েছে, সেন্টার থেকে সেই কমিটিকে ইনস্ট্রাকশন দেবে।

**শ্রীঅশ্বিনীকুমার রায়ঃ** রাজ্যপাল যে কমিটি করে দিয়েছেন তাতে কারা কারা আছেন, তাঁদের নাম কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** নোটিশ দিলে বলতে পারি, আমার কাছে নাই।

**শ্রীঅনিলকুমার মুখার্জিঃ** গান্ধী সেন্টিনারী কমিটি যা হয়েছে তার সঙ্গে স্টেট এবং কমিটির রিলেশন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** হেড অফ দি স্টেট নমিনেট করে দেন, স্টেটের কাছে টাকা চাইলে আমরা দিয়ে থাকি।

**শ্রীগোপাল বসুঃ** এই যে রাজ্যপাল কমিটি করে দিলেন ইনি কোন্ রাজ্যপাল? কাজের রাজ্যপাল না কি ছুটির রাজ্যপাল?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** তখন যিনি ছিলেন, এখন চলে গেছেন।

**শ্রীমহম্মদ আবদুল লতিফঃ** সেন্টিনারী কমিটি টাকা চাইলে স্টেট গভর্নমেণ্ট কি শুধু টাকা দেবে কিন্তু সেখানে কি হচ্ছে না হচ্ছে সে সম্বন্ধে কোন তদারক করবার স্টেটের ক্ষমতা বা ইচ্ছা আছে কি না?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** তদারক করার কথা নাই, কিন্তু হিসাব চাইব।

### Test relief works in Itahar Development Block

**64.** (Admitted question No. *454.) **Dr. Zainal Abedin:** Will the Minister-in-charge of the Relief and Social Welfare (Relief) Department be pleased to state—

(a) what is the total expenditure on test relief works in the development block of Itahar in the district of West Dinajpur both in cash and kind in the year 1969 up to date;

(b) the nature of works done by such test relief works in the above block;

(c) how the kind of test relief works to be executed is determined;

(d) who is the final authority in sanctioning such works; and

(e) whether Government has received any petition for considering the need of test relief works in Itahar Block this year?

**Shri Abdur Rezzaque Khan:** (a) Rs. 9,025 in cash and 317 quintals 1 K.G. and 500 grammes in foodgrains.

(b) Repair of important roads and road-cum-embankments damaged by last floods.

(c) The kind of relief works is determined by the District Magistrate in consultation with the Food and Relief Advisory Committee, priority being given to production-oriented schemes.

(d) The District Magistrate up to a ceiling of Rs. 5,000. In special cases the ceiling may be raised to Rs. 20,000 under special order of Government. In cases exceeding the prescribed ceiling, Government is the final sanctioning authority.

(e) No.

[1-40—1-50 p.m.]

**Dr. Zainal Abedin:**

যে পরিমাণ কাজ টেস্ট রিলিফ হয়েছে ঐ সময় বেকারদের কাজ দেবার পক্ষে তা যথেষ্ট ছিল কি ?

**Shri Abdul Rezzak Khan:**

তা যথেষ্ট বলা যায় না একথা ঠিক। কিন্তু যেটা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট করেছেন, সেটা আমাদের মঞ্জুর করতে হয়েছে।

**Shri Jainal Abedin:**

আপনি বললেন স্যাংশনিং অথরিটি হচ্ছে ফুড রিলিফ কমিটি, তখন তো আর ঐ ফুড রিলিফ কমিটি ছিল না, তখন কে করেছেন ?

**Shri Abdul Razzak Khan :** District Magistrate.

**Amritendu Mukherjee :**

এখন পর্যন্ত ফুড রিলিফ কমিটির সঙ্গে পরামর্শ করে টেস্ট রিলিফের কাজ নির্ধারণ করা হয় নাই -একথা কি সত্য ?

**Shri Abdul Rezzak Khan:**

কোথায় কি হয়েছে বা হয় নাই-- তার যদি কোন কমপ্লেন্ট পাওয়া যায় তাহলে সে সম্বন্ধে বলা যায়। সর্বত্র এক রকম ব্যবস্থা নাই।

**Shri Gopal Basu:**

পশ্চিম দিনাজপুর সহরে এখনো কোন ফুড রিলিফ কমিটি গঠিত হয় নাই ?

**Shri Abdul Rezzak Khan:**

সংবাদ পেলে জানান যাবে।

**Shri Debabrata Dutta:**

যে গম দেওয়া হচ্ছে টেস্ট রিলিফের কাজ চালান কঠিন হয়। কারণ গম থেকে আটা করবার যন্ত্র গ্রামাঞ্চলে নাই। কাজেই সেখানে গমের পরিবর্তে আটা দেবার কোন ব্যবস্থা হবে কিনা ?

**Shri Abdul Rezzak Khan:**

প্রয়োজন হলে সম্ভব করা যেতে পারে। এরকম কোন চাহিদা এখনো আসে নাই।

**Shri Deb Narayan Chakrabarty:**

পশ্চিম বাংলায় যে টেস্ট রিলিফের কাজ সুরু হয়েছে প্রোডাকটিভ স্কীমে এবং রাস্তা ও অন্যান্য স্কীমে কত টাকা এ পর্যন্ত খরচ করা হয়েছে ?

**Shri Abdul Rezzak Khan:**

এর সংগে এই প্রশ্ন আসে না। তবে নোটিশ দিলে বলতে পারব।

**Shri Kali Pada Mandal:**

এই রাজ্যে টেস্ট রিলিফের কাজ বন্ধ করবার কোন আদেশ দিয়েছেন কি ?

**Shri Abdul Rezzak Khan:**

এরকম কোন সার্কুলার সাধারণভাবে দেওয়া হয় নাই।

**Shri Kali Pada Mandal:**

ওয়েস্ট দিনাজপুর কেয়ারের মাধ্যমে কোন কাজ হচ্ছে কি না?

(কোন উত্তর নাই)

**Shri Gour Chandra Kundu:**

টেস্ট রিলিফের জন্য যে পরিমাণ গম প্রয়োজন তা ডিপার্টমেন্ট থেকে পাঠান হয় না, লোকে বেকার থাকে?

**Shri Abdul Rezzak Khan:**

কোন কমপ্লেন্ট এ ব্যাপারে থাকলে জানাতে পারেন। এইরকম সাধারণ প্রশ্নের জবাব দেওয়া যায় না।

**Shri Anil Kumar Mukherjee:**

টেস্ট রিলিফের কাজ কি আমেরিকান কেয়ারের মাধ্যমে হচ্ছে?

**Shri Abdul Rezzak Khan:**

কেয়ারের মাধ্যমে কিছু কিছু কাজ কাজ হয় বৈকি।

**Shri Anil Kumar Mukherjee:**

একথা কি আপনি জানেন, টেস্ট রিলিফের কাজের জন্য যে গম দেওয়া হয় তা পচা ও মানুষের অখাদ্য?

**Shri Abdul Rezzak Khan:**

নোটিশ চাই।

**Shri Gour Chandra Kundu:**

এই যে আপনি বললেন টেস্ট রিলিফের ওয়ার্ক হয় জেনারেলী ফুড অ্যান্ড রিলিফ কমিটির স্যাংশন অনুযায়ী, আপনি কি এ সম্বন্ধে কোন সার্কুলার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-এর কাছে পাঠিয়েছেন?

**শ্রীআবদুল রেজ্জাক খান:** সার্কুলারের মানে তাই-ই। যদি কোথাও ব্যতিক্রম হয়ে থাকে সেটা জানতে চাইলে জানানো হবে।

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী:** মাননীয় মন্ত্রিমহাশয় যে সার্কুলারের কথা উল্লেখ করলেন ফুড রিলিফ কমিটি সম্পর্কে তিনি কি অবগত আছেন যে সে সার্কুলার এখনও পর্যন্ত নদীয়া জেলায় বা অন্যান্য জেলায় পৌঁছায়নি?

**শ্রীআবদুল রেজ্জাক খান:** না, অবগত নই।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** টেস্ট রিলিফের কাজে আপনারা যে পারিশ্রমিক দেন তা ছাড়া গম দেন এক [illegible] সেখানে ভট্টা দেন না, সেটা কেয়ারের গম। মাননীয় সদস্যরা অতিরিক্ত প্রশ্ন করেছেন যে কেয়ারের গম টেস্ট রিলিফের কাজের মধ্যে দিয়ে দেওয়া হয় পারিশ্রমিক ছাড়া। টেস্ট রিলিফে যেখানে পারিশ্রমিক দেন এক টাকা করে সেখানে কেয়ারের গম যেটা চ্যারিটি ইনস্টিটিউশনের গম, তার জন্য দাম নেবার কথা নয়, কিন্তু একথা কি সত্য যে টেস্ট রিলিফের কাজ যারা করছে তাদের এক টাকা পারিশ্রমিক দেওয়া হচ্ছে এবং কেয়ারের মত চ্যারিটি অর্গানাইজেশনের গম তা খাদ্যই হোক আর অখাদ্যই হোক তার জন্য মজুরি আট আনা ধরে দেড়

**শ্রীআবদ্দুল রেজ্জাক খানঃ** এরকম সংবাদ জানা নাই।

**শ্রীগোবর্ধন ডিংগলঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে সুন্দরবন অঞ্চলে এই ব্যাপারে গোলমাল হচ্ছে এবং সেখানে লিমিটেড ওয়ার্ক হচ্ছে। মাননীয় মন্ত্রিমহাশয় এবং সংশ্লিষ্ট ডি এম ও এস ডি ও-কে জানানো সত্ত্বেও পে মাস্টাররা টাকা পাচ্ছেন না, একসেস ওয়ার্ক করে চারিদিকে ঝামেলা ভোগ করতে হচ্ছে, এদিকে মন্ত্রিমহাশয় নজর দেবেন কি?

**শ্রীআবদ্দুল রেজ্জাক খানঃ** কোনরকম গোলমালের সংবাদ জানানো হলে তার প্রতিকারের ব্যবস্থা করা হবে এইটুকু আমি বলতে পারি।

**ডঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে ৫ হাজার ২৫৩ ও ৩১৭ কুইন্টাল গমের কথা বললেন এতে কত লোককে কতদিনের কাজ দেওয়া হয়েছে এবং যে রোড ও এমব্যাঙ্কমেন্টের কথা বললেন কি কি কাজ হয়েছে তার নাম বলতে পারেন কি?

**শ্রীআবদ্দুল রেজ্জাক খানঃ** নোটিশ চাই।

**শ্রীঅমৃতেন্দু মুখার্জীঃ** আগের বারে যুক্তফ্রন্ট সরকার ২ টাকা করে টেস্ট রিলিফের মজুরি নির্ধারণ করেছিলেন। এবারে তারা কি এই নীতি ঠিক করেছেন যে এক টাকা মজুরি দেবেন, এক কে জি করে গম দেবেন। তা যদি হয় তাহলে কি এটা মনে করছেন যে ঐ গমের দরুন প্রত্যেক স্টেটে রিলিফের কর্মী তারা ১৪ পয়সার গম পাচ্ছে ঐ দু' টাকার তুলনায়?

**শ্রীআবদ্দুল রেজ্জাক খানঃ** মনে করার প্রশ্ন নয়। গমের দাম কমে যাওয়ায় অসুবিধা হয়েছে, এটাই চলছে, সত্যিকারের ব্যবস্থা করার চেষ্টা হচ্ছে।

**State Government offices in rented houses in Banagram subdivision**

***65.** (Admitted question No. *469.)

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলীঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বনগাঁ মহকুমায় পশ্চিমবঙ্গ সরকারের অধীনে কতগুলি সরকারী অফিস ভাড়া বাড়ীতে অবস্থিত; এবং

(খ) সর্বমোট ইহার জন্য মাসিক কত ব্যয় বহন করিতে হয়?

[1-50—2 p.m.]

**Shri Ajoy Kumar Mukhopadhyaya :**

(ক) বনগাঁ মহকুমায় পশ্চিমবঙ্গ সরকারের অধীনে ৩২টি সরকারী অফিস ভাড়া বাড়ীতে অবস্থিত।

(খ) ইহার জন্য মাসিক সর্বমোট ২,২৫৪ টাকা (দু' হাজার দুইশত চুয়ান্ন টাকা) মাত্র ব্যয়-ভার বহন করিতে হয়।

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলীঃ** এই যে বিভিন্ন অফিসের কথা বললেন—কেন্দ্রীয় যে এস ডি ও অফিস, যেটাকে মহকুমা কেন্দ্রীয় অফিস বলা হয়, তার থেকে অফিসগুলি কত দূরে অবস্থিত বলতে পারেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** না, এটা মেপে দেখিনি।

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলীঃ** এই যে অফিসগুলি ভাড়া নেওয়া হয়েছে, এই বাড়ীগুলি কংগ্রেসী লোকেদের, এটা কি জানেন?

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলী:** এই বাড়ীগুলির জন্য রেকারিং আমরা দিয়েই চলেছি, অথচ আপনি জানেন যে বনগাঁ মহকুমা অফিসের সামনে অনেকখানি জায়গা আছে, সেখানে যদি অফিসগুলিকে কনসেনট্রেট করি তাহলে সরকারের বছরে ৩০।৩২ হাজার টাকা বাঁচে। এই টাকা বাঁচাবার জন্য মন্ত্রিমহাশয় কি ওখানে একটা চার তলা বাড়ী করে সমস্ত অফিস আনবার পরিকল্পনা নেবেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** আমাদের মোট খরচ হচ্ছে ২ হাজার ৫৫৪ টাকা। এখন যদি ওখানে বাড়ী করতে হয় তাহলে বহু টাকা খরচ হবে এবং সে বাড়ী মেরামত অর্থাৎ মেন্টেনেন্স-এর জন্য ২ হাজার টাকা লাগবে।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই বাড়ীগুলি যখন ভাড়া নেওয়া হল তখন তার রেট কিভাবে নির্ধারিত হয়েছিল, স্কোয়ার ফুট হিসাবে এবং কতটা স্কোয়ার ফুটে কত টাকা হবে, এই হিসাবে কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** তা আমার জানা নেই। অনেক দিন আগে নেওয়া হয়েছে। মোট ভাড়া কত তা আমার কাছে লেখা আছে।

**শ্রীকৃপাসিন্ধু সাহা:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন গত কয়েক বছর আগে যেসমস্ত সরকারী কাজের জন্য বাড়ী ভাড়া নেওয়া হয়েছে, সেগুলিকে সাধারণ বাড়ী ভাড়ার চেয়ে অনেক বেশী ভাড়া দেওয়া হয়, এই বাড়ীগুলি অধিকাংশই নাকি কংগ্রেসী লোকেদের, সেই জন্যই কি বেশী ভাড়া দেওয়া হয়?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** সে সময় কত টাকায়, কেন ভাড়া নিয়েছিলেন তা আমরা বলতে পারব না। তবে আমরা দেখছি ৪০।৪৫ ও ৫০ টাকা এই রকম ভাড়া আছে, আবার ১০০ টাকা, ১২৫ টাকা পর্যন্ত ভাড়াও আছে।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, কংগ্রেস সরকারের আমলে যে নীতিতে বাড়ী ভাড়া নেওয়া হত, বর্তমান সরকারও কি সেই নীতি অনুযায়ী সেই বাড়ীগুলি ভাড়া নিয়ে চলেছেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** যে সর্তে বাড়ী ভাড়া নেওয়া হয়েছিল, সেই সর্তেই ভাড়া দিয়ে চলেছি।

**শ্রীআবদুল কোয়ায়ুম মোল্লা:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যে ভাড়া বাড়ীর পরিবর্তনের কোন নূতন পরিকল্পনা আছে কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** এখুনি তো জবাব দিলাম, আপনি বোধ হয় সেটা শোনেন নি।

### Invitation to Khan Abdul Gafur Khan

***66.** (Admitted question No. *198.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি খাঁন আবদুল গফুর খাঁন ভারতীয় গভর্নমেন্টের আমন্ত্রণে যখন ভারতে আসিবেন তখন পশ্চিমবঙ্গ সরকার তাঁহাকে পৃথকভাবে পশ্চিমবঙ্গ 'সফর' করিবার জন্য নিমন্ত্রণ করার কোন সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন কিনা?

**Shri Ajoy Kumar Mukhopadhyaya:**

খান আবদুল গোফুর খানকে পশ্চিমবঙ্গ 'সফর' করিবার জন্য আমন্ত্রণ জানানর ব্যাপারে রাজ্য-সরকার এযাবত কাল কোন সিদ্ধান্ত গ্রহণ করেন নাই।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** এই সম্বন্ধে রাজ্যসরকার তাড়াতাড়ি কোন সিদ্ধান্ত নেবেন কিনা, সেটা দয়া করে জানাবেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** আমি যতদূর শুনেছি পশ্চিম বাংলার গান্ধী শতবার্ষিকী কমিটি তাঁকে আহ্বান জানিয়েছেন।

**অমলেন্দ্রলাল রায়ঃ** আমি জানতে চাচ্ছি যখন তিনি এখানে আসবেন সেই সময় আমাদের রাজ্য সরকারের তরফ থেকে তাঁর জন্য কোন রকম সম্বর্ধনার ব্যবস্থা করবেন কিনা?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** তাঁর প্রোগ্রাম জানলে, তখন সেটা বিবেচনা করা হবে।

**Berhampore State Welfare Home**

***67.** (Admitted question No. *92.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর স্টেট ওয়েলফেয়ার হোমের বালকদের জন্য মাসিক খাদ্য বাবদ বরাদ্দ কত;

(খ) বর্তমানে উক্ত হোমের ছাত্র-সংখ্যা কত;

(গ) তাহাদের জন্য শিক্ষা-ব্যবস্থা কি কি আছে; এবং

(ঘ) এই হোমের জন্য স্কুল ঘর কয়টি, ক্লাস কয়টি ও শিক্ষক কয়জন?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** (ক) মাথা পিছু ৩২ টাকা।

(খ) ১৪৯।

(গ) তাহাদের শিক্ষাদানের জন্য উক্ত হোমের মধ্যেই অষ্টম শ্রেণী পর্যন্ত (চারি শ্রেণী বিশিষ্ট) নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ও তৎসংলগ্ন একটি প্রাথমিক বিদ্যালয় আছে।

অষ্টম শ্রেণী হইতে উত্তীর্ণ ছাত্রদিগকে যোগ্যতানুযায়ী উচ্চতর মাধ্যমিক শিক্ষা অথবা কারিগরী শিক্ষাদানের জন্য যথাক্রমে বাণীপুরে স্টেট ওয়েলফেয়ার হোমে বা রহড়া রামকৃষ্ণ মিশন বালকাশ্রমে বদলী করা হইয়া থাকে।

(ঘ) উক্ত হোমে প্রশস্ত আবাসকক্ষ ব্যতীত চারিটি শ্রেণীকক্ষ আছে। আবাসকক্ষের কিয়দংশ দিবাভাগে শ্রেণীকক্ষ হিসাবে ব্যবহার করা হয়।

নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে চারিটি শ্রেণী ও প্রাথমিক বিদ্যালয়ে চারিটি শ্রেণী।

শিক্ষক সংখ্যা ৭। ইহা ছাড়া সুপারিন্টেন্ডেন্ট ও অ্যাসিস্ট্যান্ট সুপারিন্টেন্ডেন্টও শিক্ষকতা করেন।

**শ্রীসনৎকুমার রাহাঃ** এই বহরমপুর স্টেট ওয়েলফেয়ার হোমের ওয়েলফেয়ার তো কিছুই হয় না এবং আমি মনে করি এই ৩২ টাকা বহুকাল ধরে চলে আসছে, অন্য সোস্যাল ওয়েলফেয়ার হোমে, সেখানে তাদের খরচ বেশী। বোর্স্টাল্যে একরকম, অন্য জায়গায় আর একরকম একই ধরনের ব্যবস্থায়, দু-জায়গায় দু-রকম খরচ করা হচ্ছে কেন?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** এদের জন্য ৩৮ টাকা খরচ করা হয়, খাদ্যের জন্য ৩২ টাকা খরচ হয়, আর অন্য যা খরচ হয় তার মধ্যে বস্ত্র দু টাকা, শিক্ষা, স্বাস্থ্য, খেলাধুলা দু টাকা কন্টিজেন্সি হয় মোট ৩৮ টাকা। বোর্স্টালের সংগে কোন পার্থক্য আছে কি না আমি সেটা দেখবো এবং থাকলে সে সম্বন্ধে ব্যবস্থা করার চেষ্টা করবো।

**শ্রীসনৎকুমার রাহাঃ** এই যে স্কুল ঘরটির কথা বলেছেন, এটা এককালে মহারাজা মণীন্দ্রচন্দ্রের চ্যাংগাড়ি ছিল, একটি বিরাট হল আর ১০০।২০০ জন ছেলে, চেঁচামেচি করে, এত আওয়াজ হয় যে পড়াশুনা সম্ভব হয় না, এই ব্যবস্থা বহুকাল ধরে চলে আসছে এবং এই সম্পর্কে আপনার কাছে বহু স্মারকলিপি এসেছে, সেগুলি সম্পর্কে যদি আপনি ব্যবস্থা নেন তাহলে ওয়েলফেয়ার হোম সম্পর্কে আমাদের যুক্তফ্রন্ট সরকারের প্রশংসার একটা সুযোগ আসবে। এই ওয়েলফেয়ার হোমটা স্ক্যানডেল হয়ে আছে। দ্বিতীয়তঃ ওখানে শিক্ষকদের কোন কোয়াটার্স নেই, সুপারিন্টেন্ডেন্ট থেকে আরম্ভ করে যারা থাকেন তাদের বাথরুম নেই, এইসব নানা রকম বিশৃংখলা সৃষ্টি হয়ে আছে, আমি বলছিলাম যে এই সম্পর্কে আপনার কাছে স্মারকলিপি এসেছে ডিটেলসে, আপনি অনুগ্রহ করে সেই স্মারকলিপি দেখে সোস্যাল ওয়েলফেয়ার হোম সম্পর্কে দৃষ্টি দেবেন কি?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** এইগুলো সবই দুরবস্থার সৃষ্টি করে রেখে গেছেন এই ২০ বছরের কংগ্রেসী শাসন এবং তার জন্য আমরা নিজেরা যেসব উন্নতি বিধান করা সম্ভবপর তার জন্য আপ্রাণ চেষ্টা করবো, এটা বলাই বাহুল্য।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন ওখানে ক্লাস এইট পর্যন্ত পড়াবার ব্যবস্থা আছে এবং শিক্ষকের সংখ্যা বললেন ৭ জন এবং ঐ সুপারিন্টেন্ডেন্ট উনি নিশ্চয়ই পড়ান না, ওটা নামেই পড়াতেন। সেইজন্য সাত জনে আটটি ক্লাস কি করে সম্ভব হয়, সেটা জানাবেন কি?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** এটা তো জানিয়েই দিয়েছি যে শিক্ষা গলদ শুধু ওখানেই নয় প্রাথমিক বিদ্যালয়গুলো যেখানে চার শ্রেণী আছে সেখানে আমাদের তিন জন শিক্ষক পড়াতে বাধ্য হচ্ছে বর্তমান আর্থিক অবস্থার মধ্যে এবং সেখানেও সাত জন নিশ্চয়ই যথেষ্ট নয়, আর একজনের ব্যবস্থা করতে পারলে ভাল হোত, কিন্তু তা সত্বেও এটা আমাদের চেষ্টা করতে হবে যে সুপারিন্টেন্ডেন্ট এবং অ্যাসিস্টেন্ট সুপারিন্টেন্ডেন্টকে কোন কোন সময়ে পড়ানোর দায়িত্ব গ্রহণ করা উচিত, এ সম্পর্কে কোন অভিযোগ থাকলে নিশ্চয়ই তদন্ত করবো।

**Mr. Speaker :** Question hour is over.

**Commercial relation between West Bengal and East Pakistan**

***68.** (Admitted question No. *199.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** স্বরাষ্ট্র (রাজনীতি) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের অর্থনৈতিক ও বৈষয়িক অগ্রগতি তথা ভোগ্যপণ্যের সরবরাহের পরিমাণ বৃদ্ধির জন্য পশ্চিমবাংলা ও পূর্ব পাকিস্তানের মধ্যে বাণিজ্যিক সম্পর্কের উন্নতিবিধানের উদ্দেশ্যে রাজ্যসরকার কেন্দ্রীয় সরকারকে ব্যবস্থা গ্রহণ করিতে অনুরোধ করিয়াছেন কিনা; এবং

(খ) করিয়া থাকিলে, এ পর্যন্ত তাহার ফলাফল কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী কি জানাবেন যে এ সম্পর্কে ভারত সরকারের সঙ্গে কোন আলাপ আলোচনা রাজ্য সরকারের তরফ থেকে করা হবে কি না?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** হবে কি না সেটা পরে বলতে পারি।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** রাজ্য সরকার কি এটা স্বীকার করেন যে পাকিস্তানের সঙ্গে আমাদের বাণিজ্যিক এবং অর্থনৈতিক সম্পর্ক যদি উন্নত হয় তাহলে বিভিন্ন দিক থেকে যেগুলো এখানে বলার কোন দরকার করে না, সেগুলো অনেক সহজ হয়ে যাবে অর্থনৈতিক সম্পর্কের দিক থেকে এবং বাণিজ্যিক সম্পর্কের দিক থেকে। আজকে সম্পর্ক ভাল করার জন্য চেষ্টা করা হবে কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** এটা মতামতের কথা।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এ সম্পর্কে রাজ্য সরকারের মত কি? তারা দিল্লীর সরকারের সঙ্গে এই ব্যাপারে আদৌ কোন আলোচনা করতে রাজী আছেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** ভেবে দেখা যাবে।

## UNSTARRED QUESTION

**((to which written answers were laid down on the table)**

### Sinking of new tubewells.

**24.** (Admitted question No. 60.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** তফসিলী ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৬-৬৭ সালে এবং ১৯৬৭-৬৮ সালে মুর্শিদাবাদ জেলার কোন্ এলাকায় তাঁহার দপ্তর হইতে কয়টি নূতন নলকূপ বসানো হইয়াছিল এবং উক্ত সময়ে কয়টির মেরামতি কার্য করা হইয়াছিল;

(খ) এই নলকূপগুলি বসানোর বিষয়ে কোন শর্ত আরোপ করা হইয়া থাকে কি না; এবং

(গ) এই নলকূপগুলির তদারকি ও মেরামতির কি ব্যবস্থা আছে?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare:**

(ক) ১৯৬৬-৬৭ সালে ৩০টি এবং ১৯৬৭-৬৮ সালে ১০টি। এই সময়ের মধ্যে এই বিভাগ হইতে কেন মেরামতি কার্য করা হয় নাই।

(খ) হাঁ।

(গ) তদারকি ও মেরামতির দায়িত্ব জনস্বাস্থ্য (কারিগরি) বিভাগকে দেওয়া হয়।

### Sinking of tubewells under Flood Relief Scheme.

**25.** (Admitted question No. 25.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় গত ১৯৬৬-৬৭ এবং ১৯৬৭-৬৮ সালে কোন্ থানায় কয়টি ফ্লাড রিলিফ খাতে টিউবওয়েল বসানো হইয়াছিল; এবং

(খ) এই টিউবওয়েলগুলি তদারকি ও মেরামতি করিবার কি ব্যবস্থা আছে?

**The Minister for Health :**

(ক) ১৯৬৬-৬৭ সালে মুর্শিদাবাদ জেলায় নবগ্রাম থানায় ফ্লাড রিলিফ খাতে ১০টি নলকূপ বসানো হইয়াছে এবং ১৯৬৭-৬৮ সালে উক্ত জেলায় কোন থানায় ফ্লাড রিলিফ খাতে কোন নলকূপ বসানো হয় নাই।

(খ) এই নলকূপগুলির তদারকি ও মেরামতির জন্য স্বাস্থ্যবিভাগের অধীনে প্রতি থানায় নিম্নলিখিত কর্মচারিগণ আছেন—

(১) একজন মেকানিক,

(২) একজন অ্যাসিস্টান্ট ফিটার, ও

(৩) দুইজন হেল্পার।

ইহা ছাড়া প্রতি সাব-ডিভিসনে পাবলিক হেল্থ ইঞ্জিনীয়ারিং সংস্থার সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনীয়ারের অফিস আছে এবং জেলা সদরে পাবলিক হেল্থ ইঞ্জিনীয়ারিং সংস্থার অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনীয়ারের অফিস আছে।

## Want of Amins in Kandi Subdivision.

**26.** (Admitted question No. 45.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে আমিনের অভাবে কান্দী মহকুমার বহু জমি যাহা খাস তাহা সনাক্ত ও সীমানা নির্ধারণ করা হইতেছে না; এবং

(খ) সত্য হইলে কান্দী মহকুমার কোন্ থানায় কত এইরূপ খাস জমি আছে যাহা অদ্যাবধি সনাক্ত করা হয় নাই এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ?

**The Minister for Land and Land Revenue:**

(ক) প্রয়োজনীয় সংখ্যক আমিনের অভাবে কাজ কিছুটা ব্যাহত হইতেছে।

(খ) কান্দী—৩৬৭·৭৪ একর, খড়গ্রাম—৭৪২·৯৮ একর, বড়এতা—৫৯২·২৭ একর এবং ভরতপুর—৭১৬·৬৪ একর। সেটেলমেন্ট বিভাগের কিছু সংখ্যক আমিনকে এই কাজে নিযুক্ত করা যায় কিনা সে বিষয়ে বিবেচনা করা হইতেছে।

## Khas lands in Joychand Khagra Mouza.

**27.** (Admitted question No. 47.)

**শ্রীসনৎকুমার রাহা :** ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর সহরের মধ্যে জয়চাঁদ খাগড়া মৌজায় কত সরকারী খাস জমি আছে; এবং

(খ) উক্ত জমি কৃষিযোগ্য কিনা ?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ২·৪৫ একর।

(খ) না।

## "Agri-co" at Cossimbazar.

**28.** (Admitted question No. 48.)

**শ্রীসনৎকুমার রাহা :** ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি কাশীমবাজার এগ্রি-কো নামে কোন প্রতিষ্ঠনের অধিকারে বানজেঠিয়া ১০৫ নং মৌজায় কত জমি চাষযোগ্য অছে

**The Minister for Land and Land Revenue :**

৯১·৬০ একর।

## Lands under the Hizole area.

**29.** (Admitted question No. 51.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) মুর্শিদাবাদ জেলার হিজোল এলাকায় কত জমি আছে;

(খ) উত্তর ও দক্ষিণ হিজোল মৌজায় খাস জমি কত; এবং

(গ) এই হিজোল এলাকায় সেটেলমেন্ট পুনরায় বসান হইবে কিনা?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ৯,০৫৭·৭২ একর।

(খ) উত্তর ও দক্ষিণ হিজোল মৌজায় মোট খাস জমি যথাক্রমে ১০৬·০৪ একর এবং ২·৩৩ একর।

(গ) পুনরায় জরিপ করার পরিকল্পনা সরকারের এখন নাই।

### Vested lands.

**30.** (Admitted question No. 59.)

**শ্রীসনৎকুমার রাহা:** ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম থানায় নৃসিংহপুর মৌজায় কত বিঘা জমি সরকারে ন্যস্ত;

(খ) সরকার এই জমি দখল ও বন্দোবস্ত করিয়াছেন কিনা এবং করিয়া থাকিলে তাহা কত; এবং

(গ) উক্ত মৌজায় বেনামী কোন জমি ধরা পড়িয়াছে কিনা এবং পড়িলে তাহা কত ?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ১৯০ বিঘা।

(খ) এ পর্যন্ত ১৬৫·৬০ বিঘা জমির দখল লওয়া হইয়াছে এবং ১৪৪·২৪ বিঘা জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছে।

(গ) হ্যাঁ, ১৯০ বিঘা।

### Distribution of vested lands.

**31.** (Admitted question No. 62.)

**শ্রীসনৎকুমার রাহা:** ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কোন্ সার্কেলে কত জমি সরকারে ন্যস্ত;

(খ) উক্ত জমির মধ্যে এ পর্যন্ত সরকার কত দখল লইয়াছেন ও কত বিলি করিয়াছেন;

(গ) এই জেলায় সংশ্লিষ্ট আইনের ৫(ক) ধারামতে কত জমি মামলাধীন রহিয়াছে; এবং

(ঘ) মেছোঘেরী ও বাগিচা বলিয়া বর্ণিত কত জমি কোন্ সার্কেলে ব্যক্তিগত অধিকারে রহিয়াছে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ও (খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) ১৯৬৯ সালের মে মাস পর্যন্ত ৫(ক) ধারামতে কোন জমি মামলাধীন নাই।

(ঘ) এইরূপ তথ্য সংগ্রহ করা সময় সাপেক্ষ। তবে সমগ্র জেলায় খতিয়ান অনুযায়ী আনুমানিক ১৯,৬৭২·৭৫ একর বাগান এবং ২৩,৩৩২·৩৭ একর পুকুর ও বিল ব্যক্তিগত অধিকারে রহিয়াছে।

**Khas lands.**

**32.** (Admitted question No. 72.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রঘুনাথগঞ্জ থানায় খং নং ৪১৮, ৪১৯।১ এবং খং নং ১২৮, ৭০, ৬০, ১৮০১, ১৯৪, ৬৫ যথাক্রমে মৌজা সিধোরী, গোপালনগর, অমরপুর, বারালা, তালাই, আকমুবা এই সকল স্থলে খাস জমি আছে কিনা;

(খ) উক্ত মৌজায় কোন বেনামী জমি ধরা পড়িয়াছে কিনা; এবং

(গ) ধরা পড়িলে এই জমি বিলি বন্দোবস্ত হইয়াছে কিনা?

**The Minister for Land and Land Revenue:**

(ক) বারালা ও তালাই মৌজাদ্বয় রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত এবং ঐ মৌজাদ্বয়ের বর্ণিত খতিয়ানে কোন খাস জমি নাই। অন্যান্য মৌজাগুলি সুতী থানার অন্তর্গত এবং ঐ মৌজাগুলির বর্ণিত খতিয়ানসমূহেও কোন খাস জমি নাই।

(খ) হ্যাঁ।

(গ) বেনামী জমির তালিকা সম্প্রতি পাওয়া গিয়াছে, কাজেই বিলি বন্দোবস্ত করা এখনও সম্ভব হয় নাই।

**Botany Honours Course in K. N. College, Berhampore**

**33.** (Admitted question No. 93.) **Shri Sanat Kumar Raha:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether K. N. College of Berhampore has got affiliation in Botany Honours Course;

(b) if the answer to (a) be in the affirmative, when this affiliation was accorded; and

(c) if in the negative the reason thereof?

**The Minister for Education:**

(a) The University of Calcutta has been requested to grant affiliation in Botany Honours Course this year.

(b) Does not arise in view of (a) above.

(c) Does not arise.

**Development of colonies in Berhampore P.S.**

**34.** (Admitted question No. 173.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর থানার অন্তর্গত গোয়ালজান কলোনী, হরিদাসঘাটী কলোনী, কৃষ্ণঘাটী কলোনী, মনীন্দ্রনগর কলোনী, হাতীনগর কলোনী, বিষ্ণুপুর কলোনী, বৈরগাছি কলোনীর জন্য রাজ্য-সরকার কলোনীর উন্নয়নের জন্য অদ্যাবধি কত টাকা ব্যয় করিয়াছেন; এবং

(খ) উক্ত কলোনীগুলির জন্য কি কি উন্নয়ন পরিকল্পনা আছে?

**The Minister for Refugee Relief and Rehabilitation:**

(ক) অদ্যাবধি ব্যয়ের পরিমাণ কত তাহা আপাততঃ সঠিক জানা নাই। রাজ্য-সরকার গোয়ালজান কলোনীর উন্নয়নের জন্য ২ লক্ষ ১৩ হাজার ৫ শত ৪০ টাকা এবং বৈরগাছি ৩ নম্বর-এর জন্য ১ লক্ষ ১৬ হাজার ১ শত ৫৯ টাকা মঞ্জুর করিয়াছেন।

রাস্তা নির্মাণ, জলনিকাশী ব্যবস্থা, জলসরবরাহ, মাটি ভরাট ইত্যাদি বিষয় উক্ত কলোনী-গুলির উন্নয়ন পরিকল্পনাভুক্ত।

(খ) উল্লিখিত কলোনীগুলির কিছু সরকারী এবং কিছু বেসরকারী উদ্যোগে স্থাপিত।

বেসরকারী উদ্যোগে স্থাপিত হরিদাসঘাটী, কৃষ্ণঘাটী, বলরামপুর ও মনীন্দ্রনগর কলোনীর উন্নয়ন, জলসরবরাহ ও জলনিকাশী ব্যবস্থা ভারত-সরকার নিযুক্ত "কমিটি অব রিভিউ"-এর সুপারিশ সাপেক্ষ। এতজ্জন্য প্রয়োজনীয় তথ্য উক্ত কমিটির নিকট দাখিল করা হইতেছে। সরকারী কলোনীগুলির মধ্যে বৈরগাছি নম্বর ২-এর জন্য ১ লক্ষ ২৫ হাজার ৮ শত ৭২ টাকার প্রাক্কলন এবং বিষ্ণুপুর কলোনীর জন্য ১ লক্ষ ১৫ হাজার ১ শত ৬৯ টাকার প্রাক্কলন সরকারের বিবেচনাধীন। বানজেঠিয়া ১নং, বৈরগাছি ১নং এবং হাতীনগর কৃষিপ্রধান কলোনী হওয়ায় তথায় কোন উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয় নাই।

### Electrification of Health Centres

**35.** (Admitted question No. 208.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বড়ঞা থানা হেল্থ সেন্টার ও পাঁচথুপী সাবসিডিয়ারী হেল্থ সেন্টার বিদ্যুতালোকিত করার বিষয় সরকার কি ব্যবস্থা করিতেছেন; এবং

(খ) ঐ দুটি হেল্থ সেন্টার কবে নাগাদ বিদ্যুতালোকিত করা হইবে আশা করা যায়?

**The Minister for Health:**

(ক) ও (খ) বর্তমানে দশ অথবা ততোধিকশয্যাবিশিষ্ট স্বাস্থ্যকেন্দ্রগুলি যেগুলির ½ মাইল দূরত্বের মধ্যে বৈদ্যুতিক স্তম্ভ আছে, সেইগুলির বিদ্যুতীকরণ করা হইতেছে। বড়ঞা প্রাথমির স্বাস্থকেন্দ্র হইতে নিকটতম বৈদ্যুতিক স্তম্ভটি প্রায় ½ মাইল দূরে। পাঁচথুপী উপস্বাস্থ্যকেন্দ্রটি দুইটি পথ্যবিহীন প্রসূতি শয্যাবিশিষ্ট। ঐ জন্য বর্তমানে ঐ দুইটি স্বাস্থ্য-কেন্দ্র বিদ্যুতালোকিত করা হইতেছে না। বড়ঞা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের নিকট বিদ্যুৎ স্তম্ভ স্থাপিত হইলে ঐ স্বাস্থকেন্দ্রের বিদ্যুতীকরণ করা হইবে। দশ শয্যা ও ততোধিক শয্যাবিশিষ্ট স্বাস্থকেন্দ্রগুলির বিদ্যুতীকরণ সম্পূর্ণ হওয়ার পরে কম শয্যাবিশিষ্ট স্বাস্থ্যকেন্দ্রগুলি বিদ্যুতীকরণের প্রস্তাব বিবেচনা করা হইবে।

### Family Planning Centre

**36.** (Admitted question No. 210.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার পাঁচথুপী মাতৃমঙ্গল ও শিশুকল্যাণ কেন্দ্রে কবে হইতে ফ্যামিলি প্ল্যানিং সেন্টার চালু করা হইয়াছিল;

(খ) এই ফ্যামিলি প্লানিং সেন্টারটির জন্য এ যাবৎ মোট কত টাকা সরকারী সাহায্য দেওয়া হইয়াছে;

(গ) ইহা কি সত্য যে এই ফ্যামিলি প্লানিং সেন্টারটি মাঝে মাঝে বন্ধ রাখা হয়; এবং

(ঘ) সত্য হইলে ইহার কারণ কি?

**The Minister for Health:**

(ক) কেন্দ্রীয় সরকারের ১০ই এপ্রিল, ১৯৬৩ তারিখের 7WB-26/62 FP II নম্বর আদেশনামায় মঞ্জুরীকৃত অনুদান ৯,২৬১ টাকা (২,০০০ টাকা অনাবর্তক এবং ৭,২৬১ টাকা আবর্তক) বলে ১৪ই নভেম্বর, ১৯৬৩ তারিখ হইতে পরিবার কল্যাণ পরিকল্পনাকেন্দ্রে কাজ সুরু করে।

(খ) এই পরিবার কল্যাণ পরিকল্পনা কেন্দ্রটি খুলিবার এবং চালু রাখিবার জন্য এ যাবৎ মোট ২১,৩২২ টাকা (একুশ হাজার তিন শত বাইশ টাকা) অনুদান মঞ্জুর করা হইয়াছে।

(গ) এই প্রকার কোন সংবাদ পাওয়া যায় নাই।

(ঘ) তবে, এই কেন্দ্রের কাজকর্ম নৈরাশ্যজনক হওয়ায় এই কেন্দ্রটিকে ১লা জুন, ১৯৬৯ তারিখ হইতে বন্ধ করিয়া দেওয়ার জন্য প্রতিষ্ঠানকে নির্দেশ দেওয়া হইয়াছে।

## Stadiums

37. (Admitted question No. 216.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোন্ কোন্ জেলায় এ পর্যন্ত সরকারী পৃষ্ঠপোষকতায় ও সাহায্যে স্টেডিয়াম তৈয়ারী হইয়াছে, এবং

(খ) বহরমপুরে একটি স্টেডিয়াম নির্মাণের যে প্রস্তাব ছিল সে বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister of State for Education (Sports):**

(ক) নিম্নলিখিত স্থানে স্টেডিয়াম নির্মাণের জন্য আর্থিক সাহায্য মঞ্জুর করা হইয়াছে—

জিলা ও স্থান

দার্জিলিং—লেবং ও কালিম্পং।

কোচবিহার—কোচবিহার।

মালদহ—মালদহ।

নদীয়া—কৃষ্ণনগর।

বর্ধমান—বর্ধমান (বর্নবিহারী)।

হুগলি—শ্রীরামপুর।

বাঁকুড়া—বাঁকুড়া।

২৪-পরগণা—বেলঘরিয়া।

(খ) প্রস্তাবটি এখনও বিবেচনাধীন আছে।

## Test relief works in Murshidabad district

38. (Admitted question No. 225.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯-৭০ সালে এপ্রিল হইতে এ পর্যন্ত মুর্শিদাবাদ জেলার কোন্ কোন্ জায়গায় টেস্ট রিলিফের কাজ চালু হইয়াছে; এবং

(খ) ঐ সকল স্কীমের প্রত্যেকটির জন্য কত টাকা বরাদ্দ ছিল?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

(ক) এবং (খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে রাখা হইল।

**Distribution of gratuitous relief in Chanditala P.S.**

**39.** (Admitted question No. 254.) **Shri Mohamed Abdul Latif:** Will the Minister-in-charge of the Relief and Social Welfare (Relief) Department be pleased to state—

(a) the total number with Anchalwise break-up of people receiving gratuitous relief in the Chanditala P.S. of the Hooghly district in the first week of June, 1969; and

(b) the total number with Anchalwise break-up of applicants for such relief in the said area for the period from 1st March, 1969 to 15th June, 1969?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

(a) A statement is laid on the Table.

(b) A statement is laid on the Table.

Statement referred to in reply to clause (a) of unstarred question No. 39

STATEMENT

**Anchalwise break-up of persons received G.R. during first week of June 1969**

| Serial No. and name of Anchal. | Number of persons received G.R. |
|---|---|
| Chanditala Block I | |
| 1. Sheakhala Anchal | 98 |
| 2. Krishnarampore Anchal | 61 |
| 3. Nawabpur Anchal | 72 |
| 4. Haripore Anchal | 58 |
| 5. Gangadharpur Anchal | 59 |
| 6. Moshat Anchal | 110 |
| 7. Bhagabatipur Anchal | 54 |
| 8. Kumirmorah Anchal | 53 |
| 9. Aniya Anchal | 64 |
| | 629 |
| Chanditala Block II | |
| 10. Dankuni Anchal | 94 |
| 11. Mrigala Anchal | 111 |
| 12. Garalgacha Anchal | 16 |
| 13. Barijhati Anchal | 30 |
| 14. Chanditala Anchal | 60 |
| 15. Naiti Anchal | 120 |
| 16. Panchghora Anchal | 87 |
| 17. Kapasharia Anchal | 68 |
| 18. Begampore Anchal | 145 |
| 19. Janai Anchal | 46 |
| 20. Baksha Anchal | 114 |
| | 891 |
| Grand Total | 1,520 |

Statement referred to in reply to clause (b) of unstarred question No. 39

## STATEMENT

**Anchal-wise break-up of number of applicants praying for gratuitous relief from 1st March 1969 to 15th June 1969 in Chanditala P.S.**

| Serial number and name of Anchal. | Number of Applicants prayed for G.R. |
|---|---|
| Chanditala Block I | |
| 1. Sheakhala Anchal | ... 261 |
| 2. Krishnarampore Anchal | ... 61 |
| 3. Nawabpore Anchal | ... 84 |
| 4. Haripore Anchal | ... 57 |
| 5. Gangadharpur Anchal | ... 173 |
| 6. Moshat Anchal | ... 209 |
| 7. Bhagabatipore Anchal | ... 110 |
| 8. Kumirmorah Anchal | ... 61 |
| 9. Aniya Anchal | ... 110 |
| Total | ... 1,126 |

The above figure of 1,126 is the number of persons enlisted in the approved priority list. The distressed persons have bee enlisted in the priority list by the Relief Committees on the merit of each individual case. The list was, however, subjected to addition, deletion and modification from time to time as and when persons approached for gratuitous relief.

| | |
|---|---|
| Chanditala Block II | |
| 10. Dankuni Anchal | ... 22 |
| 11. Mrigala Anchal | ... 7 |
| 12. Garalgacha Anchal | ... 14 |
| 13. Barijhati Anchal | ... 15 |
| 14. Chanditala Anchal | ... 17 |
| 15. Janai Anchal | ... 14 |
| 16. Baksha Anchal | ... 16 |
| 17. Panchghara Anchal | ... 18 |
| 18. Naiti Anchal | ... 18 |
| 19. Kapasharia Anchal | ... 21 |
| 20. Begampore Anchal | ... 7 |
| Total | ... 169 |

The above 169 individual petitions have been treated on the merit of each case. Besides the abovementioned applicants, gratuitous relief was also distributed in this Block on the basis of the approved priority lists prepared by the different Relief Committees and hence the number of recipients in this Block stands at 891 persons.

### Excavation of rivers

**40.** (Admitted question No. 257.) **Shri Md. Abdul Latif:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) whether the Government has any scheme for excavation of rivers Kausiki, Kana and Metekhal particularly in their course through the Chanditala P.S. area of the Hooghly district; and

(b) if so, what are they and by what time the schemes are likely to be implemented?

**The Minister for Irrigation and Waterways:** (a) Yes, there are provisions for improvement of tail portion of the river Kausiki and renovation of Metiakhal which have been included in the Damodar Valley Corporation Extension and Improvement Scheme. There is no provision for re-excavation of Kananadi in the D.V.C. Extension and Improvement Scheme.

(b) The schemes are improvement of tail portion of the river Kausiki and renovation of Metiakhal. The detailed field investigation for these two schemes will be undertaken during the next winter season.

### Excavation of river Saraswati

**41.** (Admitted question No. 258.) **Shri Mohamed Abdul Latif:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) whether the Government is aware that there has been a long and persistent demand for the thorough excavation of the river Saraswati to link its watercourse with the Ganges to ensure an all-the-year-round flow of water for irrigation purposes; and

(b) if so, what action has been taken or is proposed to be taken in this regard?

**The Minister for Irrigation and Waterways:** (a) The portion of the river Saraswati from Nosibpur to its outfall at the Bhagarathi is known locally as South Saraswati. It is known to the Government that there is a local demand for irrigation from the portion of this river from Nosibpur to Chanditala.

(b) For extending irrigation facilities from the portion of the river South Saraswati a regulator has been proposed for construction which when constructed might extend irrigation benefit to an area of 1,500 acres. By construction of network of the channels irrigation benefit by gravity flow may further be extended in an area 8,500 acres. Detailed surveys for construction of network of channels are to be undertaken.

Drainage aspect of the South Saraswati below Chanditala up to Sankrail is under active consideration of Government. Necessary field surveys have been completed.

### Enquiry into the death of Shri Sunil Dasgupta, ex-M.L.A.

**42.** (Admitted question No. 295.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিধানসভার প্রাক্তন সদস্য শ্রীসুশীল দাশগুপ্তের শেঠ সুখলাল কারনানী হাসপাতালে মৃত্যু-ঘটিত ব্যাপারের তদন্ত শেষ হইয়াছে কি;

(খ) তদন্ত শেষ হইয়া থাকিলে তাহার ফলাফল কি;

(গ) ঐ তদন্তের ফলাফলের ভিত্তিতে সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি?

**The Minister for Health:**

(ক) হাঁ।

(খ) তদন্তের ফলে দেখা যায় যে রোগীর মৃত্যুর কারণ

"Toxoemia causing sudden acute myocardial failure", সংশ্লিষ্ট চিকিৎসকদের কোন কর্তব্যের গাফিলতি পরিলক্ষিত হয় নাই।

(গ) প্রশ্ন উঠে না।

### Sinking and repairing of tubewells

**43.** (Admitted question No. 24.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৬-৬৭ এবং ১৯৬৭-৬৮ সালে মুর্শিদাবাদ জেলার কোন্ এলাকায় তাঁহার দপ্তর হইতে কয়টি নতুন নলকূপ বসানো হইয়াছিল এবং কয়টি মেরামত করা হইয়াছিল;

(খ) কি কি শর্তে এই নলকূপগুলি বসানো হইয়া থাকে; এবং

(গ) এই নলকূপগুলির তদারকির ও মেরামতির কি ব্যবস্থা আছে?

**The Minister for Health:**

(ক) ১৯৬৬-৬৭ সালে টিউবওয়েল স্থাপন ও পুনঃস্থাপনের কাজ মুর্শিদাবাদ জেলা পরিষদের মধ্যমে সম্পন্ন হইয়াছিল। মোট সম্পন্ন কাজের সংখ্যা ঃ নতুন নলকুপ স্থাপন—১৩০ এবং অকেজো নলকূপ পুনঃস্থাপন—৪৬। ইহাদের অঞ্চলওয়ারী বিবরণ লাইব্রেরী টেবিলে রক্ষিত বিবরণীতে দেওয়া হইল।

১৯৬৭-৬৮ সালে স্বাস্থ্য বিভাগের পাবলিক হেল্থ ইঞ্জিনীয়ারিং সংস্থার মাধ্যমে নিম্নোক্ত নলকূপগুলি স্থাপন, পুনঃস্থাপন ও মেরামত করা হইয়াছিলঃ নতুন নলকূপ স্থাপন—৫৫, অকেজো নলকূপ পুনঃস্থাপন—২৬; এবং সাধারণ মেরামত—৬,৩০০। ইহাদের অঞ্চলওয়ারী বিবরণ আপাতত দেওয়া যাইতেছে না।

(খ) প্রতি ৪০০ জনে একটি করিয়া ও প্রতি গ্রামে অন্তত একটি করিয়া জল-উৎস (নলকূপাদি) স্থাপন ও পুনঃস্থাপন করিবার নীতি অনুযায়ী কাজ করা হইয়া থাকে।

(গ) নলকূপগুলির তদারক ও মেরামতির জন্য প্রতি থানায় নিম্নলিখিত সরকারী কর্মচারিগণ আছেনঃ (১) একজন মেকানিক, (২) একজন অ্যাসিস্টান্ট ফিটার, ও (৩) দু'জন হেল্পার। এ ছাড়া প্রতি মহকুমার সদর শহরে সাব-অ্যাসিস্টান্ট ইঞ্জিনীয়ারের অফিস আছে এবং জেলা সদরে অ্যাসিস্টান্ট ইঞ্জিনীয়ারের অফিস আছে।

### Sale of Opium, Siddhi, Pachwai, etc.

**44.** (Admitted question No. 250.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় ও শ্রীমতী নন্দরাণী দলঃ** আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী ১৯৬৭ এবং ১৯৬৮ সালের কোন্ সালে জেলাওয়ারী পরিমাণে (১) আফিম, (২) সিদ্ধি, (৩) পচুই, (৪) দেশী মদ, ও (৫) বিলাতী মদ বিক্রয় হইয়াছে; এবং

(খ) উহার দরুন কোন্‌টির জন্য কোন্ বৎসর কত টাকা ট্যাক্স হিসাবে সরকার পাইয়াছেন?

**The Minister for Excise:**

(ক) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে রক্ষিত হইল।

(খ) এতৎসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 44

STATEMENT

| Name of excisable articles (1) | | Receipts 1967-68. (In thousands of Rupees) (2) | | Receipts 1968-69. (In thousands of Rupees) (3) |
|---|---|---|---|---|
| A. Opium | .. | 7,95 | .. | 7,88 |
| B. Bhang | .. | 36,94 | .. | 3,53 |
| C. Pachwai | .. | 47,59 | .. | 29,76 |
| D. Country Spirit | .. | 7,63,34 | .. | 6,56,09 |
| E. Foreign Liquor | .. | | | |
| (1) Wines & Spirits | .. | 3,04,62 | .. | 2,76,09 |
| (2) Beer | .. | 51,18 | .. | 55,47 |

In column (3) collection figures for 11 months during the financial year 1968-69 have been shown as complete figure for the whole year is not available, as yet.

[2 —2-10 p.m.]

**Mr. Speaker:** Now, privilege motion.

**Shri Amalendralal Ray:**

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার অনুমতি নিয়ে একটা স্বাধিকারের প্রশ্ন এখানে রাখছি। গতকাল এখানে যে ঘটনা ঘটেছে সেই ঘটনা সম্পর্কে বিশেষ করে আকাশবাণীর গতকালকের সন্ধ্যেবেলার নিউজ বুলেটিনে যে সংবাদ প্রচারিত হয়েছে সেই সংবাদের ভিতর দিয়ে গুরুতর মিস-রিপ্রেজেনটেশন অফ ফ্যাক্টস হয়েছে বলে মনে করি। আমার অধিকারগত প্রশ্ন আমি এখানে পেশ করছি:—

গতকাল ৭ই জুলাই সন্ধ্যাবেলায় আকাশবাণী হইতে প্রচারিত বাংলা সংবাদ ও স্থানীয় সংবাদে বিধানসভার গতকালকার কয়েকটি ঘটনা সম্পর্কে যেভাবে সংবাদের বয়ান রচিত ও প্রচারিত হইয়াছে তাহাতে বিধানসভা তথা সভার সদস্যদের মর্যাদা ক্ষুণ্ণ হইয়াছে।

প্রথমতঃ, ঐ সংবাদের বয়ানটি এমনভাবে রচিত হইয়াছিল যে, উহা শুনিয়া মনে হইতেছিল যে, অধ্যক্ষের সভাপতিত্বে বিধানসভার অধিবেশন চলাকালীন সভার ভিতরে সদস্যদের মধ্যে হাতাহাতি চলিতেছিল, একজন সদস্যকে প্রহার করা হইয়াছিল, তাহার জামা ছিঁড়িয়া দেওয়া হইয়াছিল এবং বিধানসভার সম্পত্তি নষ্ট করা হইয়াছিল এবং ঐ সব ঘটনা ঘটিবার পর অধ্যক্ষ সভা মুলতুবী ঘোষণা করিয়াছিলেন।

কিন্তু প্রকৃত ঘটনা তাহা ছিল না। অধ্যক্ষ মহাশয় যখন কলিং অ্যাটেনসান মোশানগুলি পড়িতেছিলেন তখন কংগ্রেস সদস্য শ্রীঅনিমেশ মুখার্জি তাঁহার হাত হইতে ঐ কাগজপত্রগুলি ছিনাইয়া লইয়াছিলেন। সঙ্গে সঙ্গে তুমুল হট্টগোল আরম্ভ হইয়া যায় এবং অধ্যক্ষ মহাশয় সঙ্গে সঙ্গেই সভা মুলতুবী ঘোষণা করিয়া চলিয়া যান।

দ্বিতীয়তঃ, যে সংবাদটি প্রচারিত হইয়াছিল উহার বয়ানটি এমন বিকৃতভাবে লিখিত ছিল যে, উহা শুনিয়া মনে হইতেছিল যে, বিধানসভার সদস্যরা সকলেই হাতাহাতিতে যোগদান করিয়াছিলেন।

তৃতীয়তঃ, কংগ্রেস দলের ওয়াক আউটের ঘটনাটিও সঠিকভাবে বর্ণিত হয় নাই। প্রচারিত সংবাদ শুনিয়া মনে হইতেছিল যে, সভার অধিবেশন আবার শুরু হইতে কংগ্রেস সদস্যটি দোষ স্বীকার করিয়া ক্ষমা প্রার্থনা করিবার পর বিরোধী কংগ্রেস দলের নেতা দাবী করেন যে, যাহারা কংগ্রেস সদস্যকে লাঞ্ছিত করিয়াছে ও বিধানসভার সম্পত্তি নষ্ট করিয়াছে তাহাদেরও ক্ষমা চাহিতে হইবে এবং দাবী পূরণ না হওয়ায় সদলে সভা ত্যাগ করিয়া যান।

কিন্তু এক্ষেত্রেও ঘটনা অন্যরূপ ছিল। বিরোধী দলের নেতা তাহার বক্তব্য উত্থাপন করিবার সঙ্গে সঙ্গে এবং কংগ্রেস দল ওয়াক আউট করিবার পূর্বে আপনি পরিষ্কার ভাষায় বলিয়াছিলেন যে, সভা মুলতুবী করিয়া দিয়া চলিয়া যাইবার পর আপনার অনুপস্থিতিতে কি ঘটিয়াছে তাহা আপনি জানেন না। বিরোধী দলের ওয়াক আউট আপনার বা অধ্যক্ষের এই ঘোষণার পর ঘটিয়াছিল।

অতএব বিকৃতভাবে সংবাদের বয়ান রচনা ও প্রচার করিয়া আকাশবাণী বিধানসভা ও সভার সদস্যদের মর্যাদাহানি ঘটাইয়াছে ও স্বাধিকার ক্ষুণ্ণ করিয়াছে।

## Ruling

**Mr. Speaker:** I have heard the Honourable members of his privilege motion regarding the distorted version of the happenings in the House yesterday given by the All India Radio. But considering the confused state of affairs of yesterdays business, it is quite natural that some distorted account might have been given or at any rate, full and correct account was not available by the All India Radio. But I think it was quite bona fide and there was no evil intention of giving that news in the Radio. In view of this I think the House should be generous enough to ignore the account. I hold that no further action is called for in this connection.

**Shri Siddhartha Shankar Ray:** Are you holding that the All India Radio had said something false?

**Mr. Speaker:** I have not said so. I only said that in the state of affairs it might be that they could not get a full and correct information.

## Adjournment Motions

**Mr. Speaker:** I have received three notices of adjournment motions on the following subjects:

(1) Reported attack on Chhatra Parishad supporters by supporters of C.P.I.(M) at different places from Shri Siddhartha Shankar Ray;

(2) Breakdown of democratic and parliamentary processes in the State from Md. Khuda Buksh; and

(3) Reported asault on students by C.P.I.(M) supporters from Dr. Zainal Abedin.

I have withheld consent to them but members may read the texts of the motions only.

**Shri Siddhartha Shankar Ray:** This Assembly do now adjourn to discuss a matter of urgent public importance and of recent occurrence, namely, attacks on "Chhatra Parishad" supporters and members of various C.P.I.(M) groups and supporters in Calcutta, Howrah, Hooghly, Burdwan and other places resulting in the murder of "Chhatra Parishad" student in Katwa and injuries to many.

**Shri Muhammed Khuda Buksh:** This House do now adjourn to discuss a matter of urgent public importance and of recent occurrence, namely, the breakdown of democratic and parliamentary processes and throwing to the four cardinal winds of the parliamentary conventions and the ettiquette by some honourable members in a sitting of this Hon'ble House held on the 7th July 1969 creating a situation where the Hon'ble Speaker found himself helpless in regulating the proceedings. of the House which assaulted the very concept of democracy enshrined in our Constitution. In the pandemonium that followed some honourable members received injuries and there was destruction of public property.

**Dr. Zainal Abedin:** Sir, my motion states about the brutal murder of one Jayanta Singh, a student who appeared in the Part II examination of the B.Com. Course and the serious injury of one Biraj Singh, nephew of the deceased belonging to the town of Katwa in the district of Burdwan on 7-7-69 by the supporters and members of the Marxist Communist Party.

**Shri Sailendra Nath Adhikary:**

মাননীয় স্পীকার মহাশয়, আমি রোজই দেখছি যে, কংগ্রেস পক্ষ থেকে প্রত্যেক দিন এই রকম অ্যাডজর্নমেন্ট মোশান করতে চাচ্ছেন। তাহলে ওরা কি হাউসের কাজ করতে দেবেন না?

**মিঃ স্পীকার:** আপনি বসুন।

**কুমার জগদীশচন্দ্র সিনহা:** স্যার, আমি এক মিনিট বলবো। আপনি অ্যাডজর্নমেন্ট মোশানগুলি ডিসঅ্যালাউড করেছেন, সম্ভবতঃ যে বাজেট সেসনে আমরা সুযোগ পাব, সেজন্য মনে হয় ডিসঅ্যালাউড করেছেন। স্যার, আপনার সামনে একটা নজীর তুলে ধরবো। ১৯৬৪ সালে ১১ই ফেব্রুয়ারী তারিখে মাননীয় সদস্য শ্রীজ্যোতি বসু মহাশয় একটা অ্যাডজর্নমেন্ট মোশান এই হাউসে নিয়ে আসেন। ১৯৬৪ সালে স্পীকার সেটা অ্যাডমিট করলেন এবং পরের দিন ১২ই ফেব্রুয়ারী যখন সেই অ্যাডজর্নমেন্ট মোশানটা আলোচনা হয়, আপনি সেই মোশান-এর স্বপক্ষে আলোচনায় যোগদান করেছিলেন, সেই ডিবেট-এ এবং আমাদের কাছে অ্যাসেম্বলী প্রসিডিংস যেটা দেওয়া হয়েছে তার ভিতরে সেটা রয়েছে। শুনুন স্যার, বাজেট সেসনে এগুলি অ্যালাউ করা চলে না, এটা বলেছেন। কাজেই এটা যদি আপনি পুনরায় বিবেচনা করেন তাহলে আমরা বাধিত হব।

**মিঃ স্পীকার:** আপনি যেটা বললেন মাননীয় সদস্য, আমি এই যে অ্যাডজর্নমেন্ট মোশান-এ কনসেন্ট দিচ্ছি না একটা ধারণা যেন আমি ইচ্ছা করেই দিচ্ছি না, কিন্তু তা নয়। আমি অ্যাডজর্নমেন্ট মোশান যা দেখেছি, বহু বৎসর ধরে অ্যাডজর্নমেন্ট মোশান অ্যালাউ করা হয়নি, সাকসেসিভ স্পীকার, তাঁরা এটাকে ডিসকারেজ করেছেন। তাঁদের রুলিং এখানে রয়েছে, লোক-সভাতেও ঐ একই হাল আমি দেখেছি। যাইহোক

I am, however, thankful to you. I shall look into this.

[2-10—2-20 p.m.]

### Point of order

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, আমরা যারা এখানে সভ্য আছি আমাদের অধিকার কি সেটা আমাদের জানা দরকার। কালকে স্যার, আপনি এক্সপাঞ্জড করে দিলেন, ২।৩ দিন আগেও আপনি একটা এক্সপাঞ্জ করার অর্ডার দিয়েছিলেন। কাজেই ২।৩ দিনের ভেতর আপনি দুবার এক্সপাঞ্জ করার অর্ডার দিলেন। এখন এই এক্সপাঞ্জ করার পাওয়ার রুলের ভেতর এসে গেছে, এখানে জেনারেল পাওয়ার কিছু নেই। আপনি জানেন স্যার, আপনি আইনজ্ঞ, যে স্পেশাল প্রভিসন থাকলে জেনারেল প্রভিসন থাকে না। এখানে দুটো পাওয়ার আছে স্পীকারের ক্ষমতা এক্সপাঞ্জ করার আর হাউসের ক্ষমতা এক্সপাঞ্জ করার। স্পীকারের ক্ষমতাটা একবার আপনি দেখুন ৩৫৫(১) ধারায়। সেখানে বলা হচ্ছে,

If the Speaker is of opinion that words have been used in a debate which are vulgar or indecent, he may, in his discretion, order that such words be expunged from the proceedings of the House. Words ordered to be so expunged shall not be printed in the proceedings etc. etc.

অর্থাৎ স্পীকারের পাওয়ার সীমাবদ্ধ করে দেওয়া হয়েছে খালি ভালগার বা ইনডিসেন্ট হলে স্পীকার করবেন, তা ছাড়া অন্য কোন জিনিষ যদি থাকে উপধারা ২

Any defamatory, unparliamentary or undignified expression may be ordered to be expunged by the House.

সেখানে ডিফামেটরী, আনপার্লামেন্টারী এবং আনডিগনিফায়েড যদি হয় অর্থাৎ আপনার অনুমতি না থাকা সত্ত্বেও যদি আমি বলে থাকি সেটা আনপার্লামেন্টারী সেটা ইউ উইল বি এক্সপাঞ্জড বাই দি হাউস, আর হাউস ডিসিসন কিভাবে নেবে সেটা রুল ২৩৩-তে বলা আছে

"A matter requiring the decision of the House shall be decided by means of a question put by the Speaker on a motion by a member".

অর্থাৎ কিনা স্পীকারের ক্ষমতা এক্সপাঞ্জ করার খালি ভালগার, ইনডিসেন্ট এসব ক্ষেত্রে তাছাড়া আর কোন ক্ষমতা নেই। এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়। ধরুন আজকে আপনি বলবেন আপনি জনসাধারণের মানুষ এসেছেন, কালকে আমি হয়ত খুব খারাপ মানুষ, আমি স্পীকার হয়ে যেই শ্রীবিজয় ব্যানার্জী বক্তৃতা দিলেন আমি বল্লাম সব এক্সপাঞ্জড করে দাও। তাই জন্য আমি বলছিলাম যে আপনার ঘরে একটা আলোচনা ডাকুন আপনার এক্সপাঞ্জড করার পাওয়ার কতটা আছে সেটা বিবেচনা করা দরকার। ধরুন বিরোধিপক্ষ থেকে একটা ভাল বক্তৃতা দেয়া হল, আপনি বললেন সমস্ত এক্সপাঞ্জড করে দাও—তা তো হতে পারে না। তাই স্পীকারের ক্ষমতা কি, হাউসের ক্ষমতা কি এটা জানা দরকার। আর একটা কথা হচ্ছে এটা জেনারেল পাওয়ারের ভেতর আসে কিনা সেটাও আমাদের আলোচনা করতে হবে। আমি আগেই বলেছি যে স্পেসিফিক প্রভিসন থাকলে জেনারেল প্রভিসন সেখানে থাকতে পারে না। এখানে স্পেসিফিক প্রভিসনে স্পীকারের পাওয়ার কমপ্লিটলি রেস্ট্রিক্ট করে দিচ্ছে কিন্তু হাউসের পাওয়ার আছে যদি ডিফামেটরী, আনপার্লামেন্টারী কিম্বা আনডিগনিফায়েড এক্সপ্রেসন হয় তবে হাউস এক্সপাঞ্জ করতে পারে কিন্তু আপনি ভালগার বা ইনডিসেন্ট ছাড়া অন্য কোন কিছু পারেন না। আপনি যদি মনে করেন যে কেউ আপনার ডিসিপ্লিন মানছে না তাহলে সে ব্যাপারে আপনার যথেষ্ট ক্ষমতা আছে। যেমন কাল আপনি আমাদের একজন সদস্যকে বললেন তুমি এই করেছ, তুমি কি বল—যদিও আপনি ও'দের কাছ থেকে কিছু চান নি—যাহোক তার এক্সপ্লানেসন আমরা দিয়েছি। এই রকম ক্ষমতা আপনার অনেক আছে কিন্তু এক্সপাঞ্জ করার ক্ষমতা আমার মনে হয় আপনার নেই। তাই আমি আপনাকে অনুরোধ করছি বিরোধী পক্ষের নেতা হিসাবে আপনি পার্লামেন্টারী অ্যাফেয়ারসের মন্ত্রিমহাশয়কে ডাকুন, অন্যান্য দলের যাঁরা হুইপ আছেন তাঁদের ডাকুন—লেট আস হ্যাভ এ ডিসকাসান অন দিস, ডেপুটি স্পীকারকে ডাকুন, ডেকে আমরা একটা হেলদি কনভেনসন তৈরী করব যাতে একটা ডিক্টেটরিয়াল স্পীকার আমরা না তৈরী করি ভবিষ্যতে।

**শ্রীযতীন চক্রবর্তীঃ** স্যার, বিরোধী দলের নেতা যে প্রস্তাব করেছেন সে সম্পর্কে বলছি। অ্যাডজর্নমেন্ট মোশান সম্পর্কে যদি কনসেন্ট না দেন, উইথহেল্ড করেন তাহলে সেই মোশান না পড়ে স্টেটমেন্ট পড়তে আরম্ভ করেন এবং মোশান-এর মধ্যে এমন সব দেওয়া থাকে যা থাকা উচিত নয়। আমাদের রুলস্ কমিটি আছে, সুতরাং রুলস্ কমিটির একটা সভা ডাকুন এবং রুলস্ কমিটি এই ব্যাপারে ঠিক করবে। আজ যা রুলস্ আছে সেটা অ্যাবিউজড হচ্ছে। আমাদের অ্যাডজর্নমেন্ট মোশান রিজেক্ট হলে কনসেন্ট না দিলে মোশানটা পড়তে পারব এই যে

কন্‌ভেনশান গড়ে তোলা হয়েছে সেটা নানারকমভাবে অ্যাবিউজড হচ্ছে। সেজন্য বিরোধী দলের নেতা যেকথা বলেছেন সেটা আমি সমর্থন করছি। সুতরাং এ বিষয়ে রুলস্‌ কমিটির মিটিং ডাকা দরকার বলে আমি মনে করি।

**Mr. Speaker:** I am replying to Hon'ble Shri Siddhartha Shankar Ray's points সিদ্ধার্থবাবু একটা পয়েন্ট অফ অর্ডার হাউস-এ করেছেন তার উত্তর দিচ্ছি। একজন অনারেবল মেম্বার বলবেন এবং সেটা যদি তাঁর উইদিন্‌ দি রাইটস্‌ হয় তাহলে সেটা আমাকে দিতে হবে। কিন্তু যদি ৬।৭ জন দাঁড়িয়ে লেকচারের পর লেকচার দিতে থাকেন, স্পীকার-এর পারমিশান নিলেন না এরকম ক্ষেত্রে এক্সপাঞ্জ করার অধিকার স্পীকার-এর আছে কিনা সেটা ভেবে দেখতে হবে। আমি যে এক্সপাঞ্জ করার কথা বলেছি সেটা আমি উইদিন্‌ দি রাইটস্‌ বলেই বলেছি। আপনারা অনেক আইনজ্ঞ আছেন এই রুলস্‌টা বিচার করবেন।

In exercise of my legal rights.

অনুযায়ী আমি করেছি এবং তার এগেনস্ট-এ বলার কিছু নেই বিকজ ইট ইজ স্পীকারর্স রুলিং।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** ইওর ডিসিসান ইজ রং। কোন্‌ রুল-এ আপনার পাওয়ার আছে। একটা রুল-এর নাম তো করতে পারছেন না।

**মিঃ স্পীকার:** আমার কোন রুল-এ পাওয়ার আছে না আছে I am not going to be cross-examined by anybody.

**Shri Siddhartha Shankar Ray:** You have refused the co-operation of the Opposition. We wanted to settle this matter but you have refused. You could not quote any rule in support of your dictatorial decision.

**Mr. Speaker:** Yesterday when I quoted to from May's Parliamentary Practice you being the Leader of the Opposition wanted to throw away that book.

### Calling attention to matters of urgent public importance

[2-20—2-30 p.m.]

**Mr. Speaker:** The Minister-in-charge of the Educatioin Department will please make a statement on the subject of resignation of Shri J. N. Mallik, President, West Bengal Board of Secondary Education, called attention by Shri Kalipada Mondal, Kumar Jagish Chandra Sinha, Shri Suresh Chandra Singha and Shri Amarendra Nath Roy Pradhan on 4th July 1969.

**Shri Nepal Chandra Roy:** On a point of order, Sir.

**Mr. Speaker:** Please take your seat. You can raise that after I finish. Please do not obstruct the business of the House. Please take your seat.

**Shri Satya Priya Ray:** Sir, in reply to the call attention notice my reply is as follows:

Shri J. N. Mallik assumed charge as President of the West Bengal Board of Secondary Education on the 25th of May 1966. He is a retired member of the West Bengal Higher Judicial Service. Subsequently Shri D. Majumdar who is a member of the West Bengal Civil Service was appointed as Secretary. The latter assumed charge on 7th November 1966. Neither the President nor the Secretary had any experience of teaching in educational institutions. They had not direct contact with students or teachers before they joined the Board.

The United Front manifesto emphasises the necessity for cleaning up of administration. There are serious complaints against the administration of the Board of Secondary Education, West Bengal, and a popular demand for enquiry. The United Front has also demanded that an enquiry should be instituted into the maladministration of the Board.

The present Government felt that to tone up the administration, it might be desirable to have an educationist as either President or Secretary of the Board. Accordingly, Dr. Nirmal Kumar Sinha, Assistant Professor of History, Presidency College, was appointed as Secretary in place of Shri Majumdar. It was hoped that with the appointment of a person from an educational institution as Secretary, the Board would have at its disposal someone intimately connected with students. Unfortunately the expectations of the Government were belied as the President and the Secretary did not get on well. There were complaints and countercomplaints. The question of resolving this friction was being seriously considered by the Government and in pursuance of an engagement the President was due to meet the Education Minister on the 2nd July 1969 to settle this problem. But in spite of this, the President sent his letter of resignation on the afternoon of the 1st of July 1969, and released the contents of the letter to the press thereby giving the Goverment no opportunity for resolving the conflict. By refusing to discuss the problems and hurriedly tendering his resignation. Shri Mallik precipitated the matter and left the Government with no choice but to authorise a member of the Board, Dr. Anukul Chandra Banerjee, Deam of the Faculty of Arts, Calcutta University, to exercise the powers and perform the duties of the office of the President which has vacated by Shri Mallik.

It has been alleged that the Government has interfered with the statutory powers of the Board. That is not true. As the powers of the Board have been clearly prescribed and defined by law, the question of their abrogation cannot arise. The Government categorically denies having infringed the statutory powers of the Board. But at the same time the Government would like to make it clear that it cannot abdicate its responsibilities. A people's Government is expected to aid, to advise and to encourage local bodies as it owes a responsibility to the public.

**Mr. Speaker:** The Hon'ble Minister-in-charge of Home (Police) Department will please make a statement on the subject of robbery in a Military Special Train near Bakhtiarpur Halt, called attention by Shri Kripasindhu Saha, Shri Amarendra Nath Roy Prodhan, Shri Suresh Chandra Sinha, Shri Santosh Kumar Roy and Shri Gyan Singh Sohanpal on 7th July 1969.

**Shri Jyoti Basu:** Mr. Speaker, Sir, in response to the notice received from Sarbashri Suresh Sinha and Amar Roy Prodhan, honourable members of this House, calling my attention to a matter of urgent public importance, viz., attack on a Military Special train near Bhaktarnagar gate on the 6th July 1969, I would like to make the following statement:

A special train carrying military stores was despatched from Pulgaon for Katihar. The train arrived at Asansol Railway Station early in the morning of the 6th July 1969. Up to there it was escorted by 2 members of the R.P.F. who were armed with nothing more than lathis. This escorting force withdrew itself at Asansol Railway Station. From Asansol the train proceeded on its journey without any escort. Its next station of halt was Andal. At about 9-30 a.m., shortly after it crossed Ranigunge Railway Station, at a point near Bhaktarnagar it was stopped by a gang of criminals who places sleepers across the railway track. The driver of the engine saw the sleepers being placed and if he had not stopped the train would have been derailed. The criminals opened 3 of the wagons and removed a part of the contents of 2 of the wagons. None of these 2 wagons bore any mark of violence on them.

A full inventory of the contents of the wagons is not available. The Army authorities do not appear to have been able to prepare it as yet. From a preliminary survey it appears that 37 cases containing explosive substances were removed. It is reported that these cases contained explosive substances which are of no use to any one except the Artillery branch of the Army. No fire-arm or weapon of any kind was contained in any of the cases that were removed. Thirty-four of the cases have been recovered by the Police. They were abandoned by the criminals in the bushy fields adjoining the place where the train was intercepted. The contents of the cases have been found to be more or less in tact. It, therefore, appears that the criminals were not interested in the contents of the cases. In other words, they did not have any foreknowledge of what the train was carrying.

The train was intercepted in a section of the Asansol Division of the Eastern Railway which is notorious for wagon breaking. In point of fact, wagon breaking had attained such a dimension that the Railway authorities were compelled to have the section guarded by the R.P.F. round the clock. About a fortnight ago, owing to the increase of their commitments elsewhere, the Railway authorities withdrew the day patrols from the section. The Military train was intercepted during the day, and not during the night, on the 6th July. Furthermore, as has already been indicated, the train was not escorted. Even if the train had been accompanied by the original escort of 2 R.P.F. men armed with lathis, it is extremely doubtful if they would have been able to defend the train effectively. It is for the Railway authorities and for the Ministry of Defence, Government of India, to consider whether they should allow Military trains to go without adequate protection.

The Police have not only recovered 33 out of the 37 boxes of ammunition which were removed from the train, but they have also been able to arrest 5 persons, including a notorious wagon-breaker, who are alleged to have been responsible for the robbery. More arrests are likely to be made in future. The area adjoining the place where the train was interceptd is being thoroughly searched by the Police with a view to recovering the remaining boxes of ammunition.

The State Government have no doubt that the attack on the Military train was organised by habitual wagon-breakers. The wagon-breakers did not have any knowledge of the contents of the wagons of the train. They were not interested in the contents of the boxes that they removed.

**Mr. Speaker:** I have received 17 notices of calling attention on the following subjects, namely:—

(i) Closure of Sambhu Nath College, Labpur, Birbhum—from Dr. Radhanath Chattoraj, and Shri Banamali Das.

(2) Incident at Kultali on 6-7-69—from Shri Krishnagopal Basu.

(3) Clash in Katwa—from Shri Kripa Sindhu Saha.

(4) Dislocation of Power Supply in North Bengal—from Shri Prasenjit Barman.

(5) Clash in village Ethora on 5-7-69—from Shri Ajit Kumar Biswas.

(6) Raid in a Military Special Train on 6-7-69—from Shri Ajit Kumar Biswas.

(7) Incident at village Ethora—from Shri Kripa Sindhu Saha.

(8) Unrest at Kulti on 6-7-69—from Shri Gopal Basu.

(9) Reported hunger strike of police personnel on 15-7-69—from Shri Ajit Kumar Biswas and Shri Anil Kumar Mukherjee.

(10) Flood in Teesta—from Shri Kalipada Mondal.

(11) Police firing at Kultali, 24-Parganas—from Shri Kalipada Mondal.

(12) Alleged exchange of firing between two troups of people at Hizolo Beel area within Kandi P.S. in the district of Mursidabad—from Kumar Jagadish Chandra Sinha.

(13) Reported attack on peaceful students by C.P.I.(M) supporters at Katwa on the 7th July 1969—from Shri Gyan Singh Sohanpal.

(14) Firing upon Bargadars in Murshidabad district—from Shri Amalendra Lal Roy.

(15) Murder at different places by Dr. Zainal Abedin.

(16) Murder at Deshpriya Nagar market near Belghoria—from Dr. Zainal Abedin.

(17) Clash between two groups of workers of a Tea Estate in Dooars area in Jalpaiguri district—from Dr. Zainal Abedin.

I have selected the notice on the subject of incident at Kultali on 6-7-69 from Shri Krishnagopal Basu and Shri Gopal Basu.

The Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date.

[2-30—2-40 p.m.]

**Shri Jyoti Basu:** The statement will be made tomorrow.

**Mr. Speaker:** The Hon'ble Minister-in-charge of Home (Police) Department is requested to make a statement regarding the incidents that took place at Ethora within Asansol Subdivision in the district of Burdwan on the 5th July 1969.

**Shri Jyoti Basu:** Mr. Speaker, Sir, yesterday you were pleased to request me that I should make a statement in this House regarding the incidents that took place at Ethora within Asansol Subdivision in the district of Burdwan on the 5th July 1969. I gave you the assurance that I would make a statement on this matter. In fulfilment of that assurance I wish to make the following statement.

In the ufortunate incidents that occurred at Ethora 3 (three) lives were lost. Before I say anything else I wish to epress my heartfelt sympathy for the members of the bereaved families.

The police have registered 8 cases whose investigation they are now pursuing. Sir, as you will no doubt appreciate, it is difficult for me to say anything categorically now with regard to the subject matter of this investigation. It is only after the investigation is completed that we shall have the full details of what actually happened at Ethora on the 5th July. Subject to this limitation I shall mention whatever facts that I have at my disposal on the basis of the preliminary reports received from the police.

The village of Ethora in the Asansol Subdivision has a population of about 6,000 of whom about 500 belong to the Bouri caste. The Bouris are not accepted socially by a large section of the population. They are, however, befriended by a group of persons led by one Manitosh Tarafdar.

On the 4th July 1969, the local J.L.R.O. took possession of about 70 acres of land of the village which had vested in the State. That land will be distributed among the landless people of the village who for the most part are Bouris. Manitosh Tarafdar assisted the J.L.R.O. in identifying the surplus land that vested in the State.

*Shri Tarafdar and his associates, who include one Sushanta Roy, a teacher of the local school, have not been viewed with favour by some of the local people and some students of the school.*

On the 5th July 1969, i.e., on the day following the day on which possession of the vested land had been taken a meeting was organised by certain students of the school and certain other people. While the meeting was in progress Shri Tarafdar passed by. It is reported that the students made hostile remarks against him; they also raised slogans demanding the removal of Sushanta Roy from the school and they also made utterances to the effect that they should attack the local Bouris. It appears that Shri Tarafdar reported this to the local Bouris some of whom came to the venue of the meeting. They might have apprehended that they might not get any land to which they were looking forward. A clash took place between the Bouris and the students. In that clash two students were injured. One student subseuently succumbed to his injuries. As a sequel to this incident about 200/250 villagers attacked the houses of Shri Tarafdar and one of his associates, Shri Swapan Chakraborty. They set fire to the houses and attacked the inmates, who were injured. Shri Tarafdar's father, who was formerly a teacher of the local shool, sustained injuries to which he succumbed. Yesterday I thought that some members from the Opposition benches said that 2 lives were lost at Ethora. Actually three lives were lost and among them was the life of Gajen Tarafdar. Apparently Gajen Tarafdar's life is not important to some people. On receiving information about this incident some people said to belong to a neighbouring township arrived at the village and attacked the school premises. The Headmaster of the school was injured. He later succumbed to his injuries.

The local police arrived at the village. They were followed by the A.D.M., the S.D.O. and the Addl. S.P., Asansol, with an adequate police force. Appropriate measured were adopted for maintaining peace. Eight cases have been instituted regarding the incidents and eight persons have already been arrested. The cases are being investigated.

What I have stated so far is based on preliminary reports received from the police. It is only after the investigation of the police is completed that more details of what actually happened will be available. At present nothing more can be said.

**Shri Siddhartha Shankar Ray:**

এটা আপনার অত্যন্ত অন্যায় হচ্ছে, একটা ফলস্ স্টেটমেন্ট ওঁকে করতে দিলেন আপনি! ওসব মিথ্যা কথা।

(গোলমাল)

**মিঃ স্পীকার:** আপনি আমাকে দেখিয়ে ওরকম করছেন কেন? বসুন।

**শ্রীজ্যোতি বসু:** তুমি মিথ্যা কথা বলেছ, কে শুনবে তোমার কথা?

(গোলমাল)

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** আমি জ্যোতি বসু মহাশয়কে বলব যে এত উত্তেজনা ঐটুকু শরীরে রাখবেন না, ফেটে যাবে।

**শ্রীজ্যোতি বসু:** মাননীয় স্পীকার মহাশয়, কালকে সমস্ত মিথ্যা কথা এখানে বলা হয়েছে, আমি একটা কথাও বলিনি, আমার কাছে স্টেটমেন্ট চাওয়া হয়েছে ইউ হ্যাভ গট দ্যাট স্টেটমেন্ট।

(গোলমাল)

**Mr. Speaker:** I will not allow any discussion on the statement the Home Minister has made. He has made the statement because I wanted it so that people might know the views of the Government.

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** অ্যাকিউজডদের নামগুলি বলুন তাহলেই যথেষ্ট হবে।

**শ্রীযতীন চক্রবর্তী:** মাননীয় স্পীকার মহাশয়, আপনি হোম মিনিস্টারকে স্টেটমেন্ট দেবার জন্য অনুরোধ করেছিলেন, উনি দিয়েছেন। আমি আপনার কাছে গিয়ে বলেছিলাম, বিরোধী সদস্যরা চেয়েছিলেন, আমাদের হোম মিনিস্টার রাজী ছিলেন না স্টেটমেন্ট দেবার জন্য কিন্তু আপনি অনুরোধ করায় তিনি দিয়েছেন। এটা পরিষ্কার কথা হয়েছিল যে এ সম্পর্কে কোন আলোচনা হবে না। অ্যাডজর্নমেন্ট মোশান দিয়েছেন, তার কনসেন্ট উইথহেল্ড করা হয়েছে, আপনি তা সত্বেও স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করেছেন, স্বরাষ্ট্রমন্ত্রী আজকে দেবেন কিনা ইতস্ততঃ করছিলেন কিন্তু যেহেতু আপনার কাছে তাঁর কমিটমেন্ট ছিল তাই আজকে তিনি দিয়েছেন। এখন ও'রা কোন রুল অনুসারে মন্ত্রীর স্টেটমেন্ট নিয়ে.........

(তুমুল গোলমাল)

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** আমি মার্কসবাদী কমিউনিস্ট পার্টি ছাড়া এই হাউসের প্রত্যেকটি দলকে অনুরোধ করবো যে আপনারা এথোরায় গিয়ে দেখে আসুন মন্ত্রীর বক্তব্য সত্য কিনা?

(গোলমাল)

**Shri Jatin Chakravorty:** It is a complete breach of faith on the part of the Leader of the Opposition. On the explicit understanding given by him that there will not be any discussion the statement has been made by the Home Minister.

(গোলমাল)

**শ্রীজ্যোতি বসু:** মাননীয় স্পীকার মহাশয়, আমি স্টেটমেন্ট দিতে চাই নি, সেকথা আমি আপনাকে কালকেই বলেছিলাম যে ম্যাটারটা সাব জুডিস হতে চলেছে, এখনও হয় নি, ভয়ঙ্কর ঘটনা হয়েছে, তিনজন মারা গিয়েছেন তবুও আপনি আমাকে অনুরোধ করেছিলেন এতো গুরুত্বপূর্ণ ঘটনা বলে, ও'রাও কোন আপত্তি করলেন না। কালকে ও'রা এত মিথ্যা কথা বললেন আমি একবারও কথা বলি নি, প্রতিবাদ করি নি, আমি স্টেটমেন্ট দিয়েছি, এখন ও'রা চিৎকার করছেন?

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** আমি জ্যোতি বসু মহাশয়কে জিজ্ঞাসা করছি যে অ্যাকিউজডদের নামগুলি পড়ে দিন তাই যথেষ্ট হবে। কতজনকে গ্রেপ্তার করা হয়েছে, কতজনকে গ্রেপ্তার করতে পারছেন না, সেটা জানিয়ে দিন। আপনাদের দলের লোকেদের গ্রেপ্তার করা হচ্ছে না।

**Mr. Speaker:** Mr. Ray, please sit down. I will not allow any discussion on this statement because it was on my request that the Home Minister has made the statement. I requested him because I considered the matter to be very urgent in public interest. I did not admit your adjournment motion because of long standing conventions in this House, as never in the years past such adjournment motions were allowed.

(A voice 'question' from the Congress bench)

Every member will get the opportunity to say whatever he wants to during the budget discussion which is soon to commence. The Deputy Chief Minister has made a statement for whatever it is worth and I will appeal to you to make your comments on the statement some time later, not now.

[2-40—2-50 p.m.]

**শ্রীবিজয় সিং নাহার:** মিঃ স্পীকার, স্যার, আমার একটি পয়েন্ট অব অর্ডার আছে। হোম মিনিস্টার যে স্টেটমেন্ট দিলেন, সেই স্টেটমেন্টের ম্যাটার অব ফ্যাক্ট সত্য হোক, মিথ্যা হোক—ম্যাটার অব ফ্যাক্ট হয় স্টেটমেন্ট দেবেন। কিন্তু হাউসে কি ঘটেছে সেটা নিয়ে তার মধ্যে কম্যান্ড করা চলে কিনা সেটা আমি জিজ্ঞাসা করছি। উনি স্টেটমেন্ট দেবেন, কিন্তু যে স্টেটমেন্ট উনি হাউসের কাছে করেছেন তা প্রোভোক করতে দেখিয়ে দিয়েছে, কাজেই এই স্টেটমেন্ট চলে কিনা সেটা আমি জিজ্ঞাসা করছি।

**শ্রীজ্যোতি বসু:** স্পীকার মহাশয়, আপনি উত্তর দেবার আগে আমি বলতে চাই, যে সমস্ত নিয়ম যা আছে, সেই নিয়ম অনুযায়ী আমি বিবৃতি দিয়েছি ধরে নিতে পারেন। খালি একটা জিনিস, ও'রা যা ভুল করেছিলেন ইচ্ছাকৃত কিনা জানি না, ওখানে ওদলের বন্ধুরা গিয়েছিলেন, কিন্তু কজন মরেছে সে খবর আনলেন না, সেটা শুধু আমি কারেক্ট করে দিয়েছি।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** অন এ পয়েন্ট অব অর্ডার। স্যার, উনি একটা স্টেটমেন্ট করলেন ভাল কথা, ডিসকাসন অ্যালাও করছেন না। কিন্তু সামান্য একটা প্রশ্ন কি আমি জিজ্ঞাসা করতে পারি না, যে ও'দের দলেব কজনকে অ্যারেস্ট করেছেন এবং অ্যাকিউজডরা সব অ্যারেস্ট হয়েছে কিনা, এই প্রশ্ন ও'নার স্টেটমেন্টের উপর জিজ্ঞাসা করতে পারি কিনা ?

(গোলমাল)

**শ্রীজ্যোতি বসু:** স্পীকার মহাশয়, ও'র নিয়মে আছে। উনি অবশ্য বলেছেন মেস পার্লামেন্টারী প্রাকটিসের সব নিয়ম কানুন ছি'ড়ে ফেলে দিন। কিন্তু তবুও আমি বলছি নিয়ম আছে ও'রা ইচ্ছা করলে প্রশ্ন করতে পারেন, আমি তার জবাব দেব।

**Mr. Speaker:** Now reference on matters of urgent public importance. Do you want to mention anything Mr. Abdul Latif? Please be short.

**শ্রীমহম্মদ আবদুল লতিফ:** মিঃ স্পীকার, স্যার, আজকে দৈনিক বসুমতীতে একটি খবর বেরিয়েছে, যেটা হয়ত অনেকে দেখে থাকবেন, সেটা হচ্ছে যে প্রায় ৭০০ উদ্বাস্তু ব্যক্তি এক অস্বাভাবিক, অমানুসিক জীবনযাত্রার মধ্য দিয়ে চলেছে। এই উদ্বাস্তু ব্যক্তিদের মেদিনীপুর জেলায় নিয়ে যাওয়া হয়েছিল, কিন্তু সেখানে তাদের মানুষের মত বসবাসের কোনরকম আজ পর্যন্ত ব্যবস্থা হয় নাই। এই সমস্ত উদ্বাস্তু মানুষদের নিয়ে আমাদের যারা রাজনীতি খেলছেন, ও'রা সেই রাজনীতি খেলার দাবা আর তারা হচ্ছে পণ। আমরা তাই মনে করি সেই সেই সমস্ত ছিন্নমূল মানুষেরা আজ বাংলাদেশের মানুষের কাছে অভিশাপ হয়ে দাঁড়িয়েছে। যাতে সেই সব অভিশপ্ত ব্যক্তিদের মানুষের মত বসবাসের ব্যবস্থার সুরাহা করা হয়, সেইদিকে আমি আমাদের সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আপনাব মাধ্যমে আকর্ষণ করছি। আজকে যে সংবাদ বেরিয়েছে তার প্রতি আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি এবং এই সমস্ত উদ্বাস্তু ব্যক্তিদের যাতে সুষ্ঠু বসবাসের ব্যবস্থা করা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শিল্প মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি উত্তর বাংলার দিকে। উত্তর বাংলার মানুষ যুক্তফ্রন্ট সরকারের কাছে অনেক আলোর প্রত্যাশী। কিন্তু গত কয়েকদিন ধরে জলঢাকা নদীতে বান ডাকার ফলে জলঢাকা হাইড্রেল প্রোজেক্ট বন্ধ হয়ে আছে, যার ফলে উত্তর বাংলার জলপাইগুড়ি, কোচবিহার, দার্জিলিং জেলার সহরাঞ্চলে আলোর ব্যবস্থা নেই, সেখানে বিদ্যুৎ সরবরাহ সম্পূর্ণরূপে বন্ধ হয়ে গেছে। তাই সেখানকার মানুষদের যথেষ্ট অসুবিধা হয়েছে। সেইজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে সেই এলাকার লোকেদের তাড়াতাড়ি বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা হয় সেদিকে যেন নজর দেন।

**শ্রীপান্নালাল মাঝিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় ভূমি এবং ভূমিরাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে সম্প্রতি রিলিফ ডিপার্টমেন্ট স্টেট রিলিফের কাজগুলো বন্ধ করে দিয়েছে। কিন্তু বিশেষ করে হাওড়া জেলায় একদম বৃষ্টি হয় নি, যার ফলে পাট এবং আউশ ধান সব জ্বলে পুড়ে গেছে। পাটও অনেক জায়গায় শুকিয়ে মরে গেছে, বাকীগুলো শীঘ্র নষ্ট হয়ে যাবে যদি বৃষ্টি না হয়। সরকারী হিসাবে কাগজে কলমে বর্ষার এখন সময়। এর ফলে টেস্ট রিলিফের কাজগুলো বন্ধ করে দেওয়া হয়েছে। তার ফলে যারা টেস্ট রিলিফের কাজ করতো তারা একেবারে বেকার হয়ে পড়ছে, এই টেস্ট রিলিফের কাজ যদি চালু না রাখা হয় তাহলে ওখানকার লোকেরা সমূহ বিপদের মধ্যে পড়বে। সুতরাং নূতন করে আবার সেখানে টেস্ট রিলিফের কাজ যাতে চালু করা হয় তার জন্য আপনার মাধ্যমে আমি মাননীয় ভূমি এবং ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি যে তিনি যেন এই টেস্ট রিলিফ-গুলো বন্ধ না করেন।

**শ্রীবিজয় সিং নাহারঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে যে ঘটনা ঘটেছিল তার জন্য আপনি আমাদের তরফ থেকে ক্ষমা চাইবার জন্য বলেছিলেন এবং আমরা তা করেছিলাম। তারপর আমাদের লিডার অব দি অপোজিসন ওপক্ষের তরফ থেকে যে মাইক ইত্যাদি ভেঙ্গে যে সম্পত্তি নষ্ট করেছেন তার জন্য ক্ষমা চাইবার জন্য বলেছিলেন। যদিও জানি আপনি ও'দের এই অনুরোধ করবেন না তবুও আমি আপনাকে ও'দের এই অনুরোধ করবার জন্য বলছি।

**মিঃ স্পীকারঃ** বিজয়বাবু যা বললেন তা খুবই দুঃখজনক, আমার ইচ্ছা এটা ভবিষ্যতে যেন আর না হয়। কিন্তু আমি তো তখন ছিলাম না, আমি তখন হাউস অ্যাডজোর্ন করে দিয়ে চলে গিয়েছিলাম। সুতরাং এটা আমার অবর্তমানেই হয়েছিল এবং সেটা আমি পরে জেনেছি। আমি আশা করি সরকার পক্ষ থেকে এটা বিবেচনা করছেন। আমি আর কি বলবো যদি ওনারা কিছু না বলেন, কারণ আমি তো দেখিনি।

**শ্রীযতীন চক্রবর্তীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের মাননীয় সদস্য শ্রীবিজয় সিং নাহার মহাশয় আমাদের এখানে গতকাল যে ঘটনা ঘটেছে সেই সম্পর্কে আমাদের পক্ষ থেকে কি মনে করছে সেটা জানবার জন্য আপনার কাছে অনুরোধ জানিয়েছেন। আমরা মনে করি যে গতকাল যে ঘটনা ঘটেছে, সেটা অত্যন্ত দুঃখজনক এবং আমাদের তরফ থেকে আমি চীফ হুইপ হিসাবে বলতে পারি যে আমরা নিশ্চয়ই ভবিষ্যতে চেষ্টা করবো যাতে এই রকম ঘটনা না ঘটে। কিন্তু সঙ্গে সঙ্গে বিরোধী দলের কাছে এই আবেদন জানাচ্ছি যে তাঁরা যাতে আমাদের সঙ্গে সহযোগিতা করে চলেন। যেন ভবিষ্যতে এই রকম ঘটনার আর পুনরাবৃত্তি না ঘটে এবং আমাদের সভার কাজ ঠিকমত চলে, এই জন্য তাঁদের কাছে আবেদন জানাচ্ছি এবং আশা করবো যে তাঁরা আমাদের সাথে সহযোগিতা করবেন ঐ রকম ঘটনার পুনরাবৃত্তি বন্ধ করার জন্য, আমাদের দিক থেকে আমরা যেমন করবো।

## The West Bengal Land Reforms (Amendment) Bill, 1969.

[2-50—3 p.m.]

**শ্রীআবদুস সাত্তারঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফরমর্স (অ্যামেন্ড) বিল ১৯৬৯ যেটা মাননীয় ভূমি এবং ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয় আমাদের সামনে এনেছেন সেটা বাহ্যত যদিও মনে হচ্ছে যে এটা বর্গাদারদের কল্যাণের জন্য আনা হয়েছে কিন্তু একটু যদি তলিয়ে আমরা বিচার বিশ্লেষণ করি তাহলে দেখা যাবে যে এতে বাংলাদেশের বর্গাদার যারা আছে তাদেরও এই অ্যামেন্ডমেন্ট বিলে ক্ষতি করা হয়েছে। প্রশ্ন উঠবে কিভাবে ক্ষতি করা হবে, কারণ বর্গাদাররা যাতে উচ্ছেদ না হয় সেই ভাবেই বিলটা আনা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফরমর্স অ্যাক্টে ১৯৫৫ সালের তাতে বর্গাদারদের সম্বন্ধে যে সমস্ত প্রভিসন আছে সেখানে বর্গাদার জোর করে উচ্ছেদ করা

যাবে না। সেটা পরিস্কার করে বলা আছে। বিশেষ বিশেষ কতকগুলি ক্ষেত্রে তাদের উচ্ছেদের বিধান আছে সেটা সেকসান ১৭-তে আছে এবং একথাও আছে কি কি কারণে উচ্ছেদ করা যাবে তাও বলা আছে। প্রথম কারণ হচ্ছে, বর্গাদার ইতিপূর্বে যদি জমিটা চাষ না করে ফেলে রাখে, তাহলে উচ্ছেদ হবে। তারা যদি নিজে চাষ না করে কিংবা বর্গাদার এগ্রিকালচারাল পারপাসে যদি জমি ব্যবহার না করে তবে উচ্ছেদ করা যাবে। তবে উচ্ছেদ করতে গেলে গায়ের জোরে হবে না। সেটা আগেকার আইনে আছে। সেটা উচ্ছেদ করতে গেলে একজন অফিসারের কাছে নালিশ করতে হবে এবং তারপর এনকোয়ারীর পর উচ্ছেদ করা যাবে। কিন্তু সবচেয়ে যেটা মারাত্মক বর্গাদারের নামে রিভিসন্যাল রেকর্ড না থাকায় জমির মালিক যখন খুসী বর্গাদরকে উচ্ছেদ করার সুযোগ নিচ্ছে। এখন এই প্রভিসনের ফলে অর্থাৎ বর্গাদরকে কোন অবস্থাতেই উচ্ছেদ করা যাবে না এই যদি হয় তবে হবে কি তারা চাষ না করে বা ভাগের ফসল না দেয় তবুও উচ্ছেদ হবে না। ফলে যাদের নাম রেকর্ডে নাই তাদের এখন জমির মালিকরা ছাড়িয়ে দেবে এবং অনেক ক্ষেত্রে দিচ্ছে। এই আইনে যেটা করা হয়েছে তাতে বর্গাদার উচ্ছেদ হবে না। এর ফলে দুটো জিনিস হয়েছে। বর্গাদারদের মনের ধারণা হয়েছে যদি জমি চাষ না করে তবুও উচ্ছেদ হবে না, জমি ফেলে রাখে তবুও উচ্ছেদ হবে না। এখন বর্গাদাররা যে কোন অবস্থাতেই উচ্ছেদ হবে না। সেটা হচ্ছে অ্যামেন্ডমেন্ট। এটা যদিও এক বছরের জন্য করা হয়েছে, এই রকম একটা প্রভিসন তিনি ভবিষ্যতে রাখবেন মনে হচ্ছে। ফলে বর্গাদারদের নাম রেকর্ডে না থাকায় যারা জোতদার, জমির মালিক তারা এই আইন হওয়ার ফলে ঐ সমস্ত বর্গাদারকে উচ্ছেদ আরম্ভ করেছে। এই আইনটি বর্গাদারদের অবস্থার উন্নতি করার জন্য করা হয়েছে না বর্গাদার-জোতদারে একটা গৃহযুদ্ধ বাধুক, গন্ডগোল বাধুক সেইজন্য করা হয়েছে—সে বিষয়ে আমার যথেষ্ট সন্দেহ রয়েছে। আজকে যদি বর্গাদারদের নাম রেকর্ডে থাকত, তাহলে নিশ্চয় উপকার হত। কিন্তু যেহেতু নাম নেই সেইজন্য একজন জমি চাষ করেছে, জমিতে ফসল ফলিয়েছে কিন্তু আর একজন বলছে সে সেই জমি চাষ করেছে। সেই নিয়ে ক্ল্যাস হচ্ছে, মারামারি হচ্ছে। গতকাল মুর্শিদাবাদের খবর জানি হিজলা গ্রামে এই রকম যে সমস্ত বর্গাদার ছিল, আবার নূতন অন্য লোক এসে বলেছে সে সেই জমি চাষ করেছে। এই নিয়ে অশান্তি সৃষ্টি হয়েছে। এই আইনের দ্বারা বর্গাদারদের ক্ষতিসাধন করা হয়েছে। একদিকে যারা বর্গাদার হিসাবে নাম রেকর্ডেড আছে তারা জমি চাষ না করেও ফেলে রাখতে পারবে। কারণ তাদের হাতে বর্গাদার হিসাবে ডকুমেন্ট আছে। তারা ভাবছে বর্গাদার উচ্ছেদ কোন অবস্থাতেই হবে না। এই বদ্ধ ধারণা হয়ে গিয়েছে। আর অন্য দিকে এই আইন আসার আগে গরীব চাষী যাদের নাম রেকর্ডেড নেই তাদের উচ্ছেদের একটা ষড়যন্ত্র চলেছে।

মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি বলবো যে, সত্যিকারের বর্গাদারদের উন্নতির জন্য, তাদের কল্যাণের জন্য আইন করছেন না·ঐ বর্গাদার, ও জমির মালিক, এদের মধ্যে গৃহযুদ্ধ বাধাবার জন্য করছেন। কেননা, আগেকার যে আইন আছে, সেই আইনে, আমার মনে হয়, ভাগচাষ বোর্ড-এর মায় ছাড়া বর্গাদারদের বে-আইনভাবে উচ্ছেদ করার কোন আইন নেই। এখানে জোর করে বর্গাদারদের উচ্ছেদ করা যাবে না। যদি উচ্ছেদ করতে হয় তবে কতকগুলি কারণে উচ্ছেদ করা যাবে, সেটার আইন আছে। সেটা হচ্ছে, কোর্ট অর্থাৎ ভাগচাষ বোর্ড কিম্বা রেভেনিউ অফিসার, তার কাছে দরখাস্ত করলে, আইন অনুসারে এবং যদি প্রমাণ করতে পারে তখন উচ্ছেদ হবে। কিন্তু আজকে যে গরীবের কথা বলছেন, কিন্তু সেই গরীবের অপকার করা হচ্ছে। কেননা, আমি দেখেছি যে এই আইন করার ফলে যে সব গরীব বর্গাদার, যাদের উল্লেখ করেছেন, তাদের উপকারের চেয়ে অপকার করা হচ্ছে। আজকে মাঠে মাঠে গন্ডগোল, বিবাদ, রক্তারক্তি যাকে বলছেন বিপ্লব, এই আইন করার ফলে এনে দিয়েছেন। মাননীয় মন্ত্রিমহাশয়, তিনি জোরগলায় বলেছেন, কংগ্রেস আমলে বর্গাদারদের উন্নতির জন্য কিছু করা হয়নি,। আমি মনে করি যে তারা আজ পর্যন্ত যা করেছেন যে সমস্ত প্রভিশান আগেকার আইনে আছে এবং সেই আগেকার আইনের বলে করেছেন, নূতন কিছু করেননি।

একমাত্র এই আইনটা করেছেন, সেটায় বর্গাদার কোন অবস্থাতেই উচ্ছেদ হবে না। আমার মনে হয় এই আইনে তাদের উন্নতির চেয়েও তাদের কল্যাণের চেয়ে অপকারই করা হয়েছে, তার কারণ, তাদের প্রোটেক্‌শান দেওয়ার কিছু নেই এবং তাদের কাগজপত্রও কিছু নেই। আমার মনে হয় যদি এই রেকর্ড সংশোধন করতে পারতেন, যদি বর্গাদারদের নামে রেকর্ড করতে পারতেন, তাহা হলে বর্গাদারদের মঙ্গল হতো কিন্তু রিভিশান্‌ড রেকর্ড-এ দেখা যাবে ৫ পারসেন্ট বর্গাদারের নামে রেকর্ড হয়নি। এই রেকর্ডটাকে যদি ঠিকমত করতে পারতেন তাহলে আমার মনে হয় এই আইনের দ্বারা বা এই আইন প্রয়োগ করে তাদের উপকার হ'ত। কিন্তু গোড়া ঠিক নেই, আগায় আইন ঠিক করছেন, তার ফলে যে বর্গাদার ২ দিন থাকতে পারতো, বাস করতে পারতো, নিজের জীবিকা নির্বাহ করতে পারতো সেই বর্গাদার, তাদের কাগজপত্র না থাকার ফলে ঐ জোতদারের কবলে পড়ে তাকে আজ উচ্ছেদ হতে হচ্ছে। কেননা, আজকে যারা জমির মালিক তাদের মনে এই অ্যাপ্রিহেন্‌শান জেগেছে যে জমি বর্গাদারদের হয়ে যাবে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে এই নিবেদন করবো আপনার মাধ্যমে যে আপনারা যদি সত্যিকারের কল্যাণের জন্য করে থাকেন তাহলে যে অবস্থায়, যেভাবে এই আইনটা করছেন, আমার মনে হয় সেটা না করলেই পারতেন। কারণ আপনি যখন বলছেন যে জমি সম্বন্ধে একটা লেজিস্‌শান আনবেন, কম্প্রিহেন্সিভ অ্যাক্ট আনবেন। তখন এইভাবে একটা পিস্‌মিল আইন এনে আমার মনে হয় আপনারা দেশের মধ্যে অরাজকতার সৃষ্টি করছেন। আজকে যে অরাজকতার সৃষ্টি হচ্ছে, তার মূলে আমার মনে হয় মন্ত্রিমহাশয়ের উক্তি। আজ কিছুদিন আগে আমরা সুবোধবাবুকে বলতাম যে তিনি ঘেরাও মন্ত্রী। এখন আপনি হচ্ছেন, ভেড়ী দখলের মন্ত্রী। আজকে আপনি জানেন, কতটা ভেড়ী দখল করেছেন, বা কতটা মাছ চুরি করেছেন সেটা আমরা বলতে পারবো না। তবে এটা ঠিক যদি ভেড়ীর দখলের নামে, জমি চুরি করি কেহ রাখেন তাহলে নিশ্চয়ই আপনারা আইন অনুসারে উদ্ধার করবেন। কিন্তু আজকে আপনারা দালাল লাগিয়ে, নিজের লোক লাগিয়ে, বে-আইনী-ভাবে ইল্লিগ্যালভাবে যদি ভেড়ী দখলের নামে মাছ চুরি করেন এবং মন্ত্রী হিসাবে যদি আপনি উস্কানি দেন তাহলে আমার মনে হয় আপনি যে শপথ নিয়েছেন, সংবিধানের নামে, সেই সংবিধানের অবমাননা করছেন। আজ আপনারা সংবিধানের নামে শপথ নিয়েছেন। আপনারা আইন করে, কমিটি করে ইউ ফাইন্ড আউট দি ট্রুথ কোন ভেড়ীতে মাছ চুরি হচ্ছে, কোন জমি লুকিয়ে রাখা হয়েছে, যদি জমি লুকিয়ে রাখা হয় নিশ্চয়ই উদ্ধার করবেন, কিন্তু সেটা আইনসম্মতভাবে। ঐভাবে নিজেদের দলের লোক দিয়ে লুটতরাজ করে, সেখানে আগুন জ্বালিয়ে গৃহযুদ্ধ বাধিয়ে একটা অরাজকতা সৃষ্টি করে চলেছেন। আজকে আপনারা উস্কানি যেভাবে দিচ্ছেন তার ফলে এই সমস্ত ঘটছে। সেদিন আমি দেখলাম যে ২ জন মন্ত্রী, দুই রকম উক্তি করেছেন। একজন বলেছেন যে, মাছ চুরি করেছেন, আর একজন বলছেন যে, না করেনি। কমিউনিষ্ট পার্টির ২ জন মন্ত্রী দুইরকমভাবে কথা বললেন। জানিনা, আপনা-দের মধ্যে যতই বিবাদ হোক, আপনারা এক আছেন, কিন্তু যেভাবে উস্কানি দিচ্ছেন, এই উস্কানি দেবার ফলে অরাজকতা দেখা দিয়েছে। আজকে এই অরাজকতা সৃষ্টিকারী আপনারা এবং ভেড়ী দখলের মূলে, এবং মাছ চুরির মূলে আপনারা আছেন। তাই, আজকে আপনাকে বলছি, যদি আপনারা সত্যিকারের জমি দখল করতে চান এবং আইনসম্মত উপায়ে যদি জমি দখল করতে চান, যে জমি চুরি করে রেখেছে, তা যদি উদ্ধার করতে চান তাহলে আমার মনে হয়, কমিটি করুন, কমিটি করে উদ্ধার করুন।

[3—3-20 p.m. including adjournment.]

এইভাবে আপনার শরিকদের লোকদের লেলিয়ে দিয়ে আমার মনে হয় জমি দখল করাটা অন্যায় হবে। সেজন্য আমি মন্ত্রিমহাশয়কে বলছি তিনি যেটা করতে চাচ্ছেন সেটা আইনসম্মত উপায়ে করুন, সাংবিধানিক উপায়ে করুন, আইন করে করুন, একটা কমিটি করে যেসমস্ত জমি

বে-আইনীভাবে লুকিয়ে রেখেছে তা উম্ধার করুন কিন্তু এইভাবে তাঁর দলের লোকেদের দিয়ে বা শরিকের লোকদের দিয়ে মানুষের মাথা ফাটিয়ে, মানুষকে খুন করে, আগুন লাগিয়ে জমি দখল করার চেষ্টা করবেন না এই বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

(At this stage the House adjourned for 15 minutes)

(After Adjournment)

[3-20—3-30 p.m.]

**Shri Benoy Krishna Chowdhury:**

মিঃ স্পীকার স্যার, এই যে বিলটা আনা হয়েছে এর সম্পর্কে বিরোধী পক্ষের সদস্যরা অনেক আপত্তি তুলেছেন যে, যেহেতু একটা কমপ্রিহেনসিভ বিল আসছে সেজন্য এইরকম পিস্‌মিল বিল আনার কোন সার্থকতা নেই কিন্তু তাঁদের জানা উচিত যে স্টেট অ্যাকুইজিসন অ্যাক্ট এবং ল্যান্ড রিফরমর্স বিল পাশ হওয়ার পর সবচেয়ে বড় সমস্যা বলে যা সকলের কাছ থেকে স্বীকৃত পেয়েছে তা হচ্ছে এই বর্গাদার উচ্ছেদ এবং সেজন্য একটা কমপ্রিহেনসিভ বিল পাশ হবে এবং সেটা কার্যকরী হবে কিন্তু ততদিন পর্যন্ত অপেক্ষা করা চলে না কারণ ইতিমধ্যেই বহু বর্গাদার উচ্ছেদ হয়েছে—সেজন্য একটা সাময়িক ব্যবস্থা হিসাবে যাতে অন্ততঃ এক বছর আর কোন বর্গাদারকে কোন রকমে উচ্ছেদ করা না যায় তার জন্য এর আগে যে অর্ডিন্যান্স আনা হয়েছিল তাকে এই বিল আকারে এখানে আনা হয়েছে। এর প্রয়োজনীয়তা যে কত তা যেকেউ চিন্তাশীল ব্যক্তি স্বীকার করবেন। কারণ এটা সর্বসম্মত ব্যাপার, এমন কি কংগ্রেসের যারা সত্যিকার এইসব সম্পর্কে চিন্তা করেন এবং তাদের যে সমস্ত এ আই সি সি-র ইকনমিক রিভিউ ইত্যাদি বই যা ও'রা অনেকেই পড়েন না—সেখানেও তারা স্বীকার করেছেন যে সবচেয়ে বড় সমস্যা হচ্ছে এই উচ্ছেদ সমস্যা। সেজন্য এই বিলের একটি মাত্র উদ্দেশ্য হচ্ছে যতদিন না একটা কমপ্রিহেনসিভ বিল আনা যায় ততদিন অন্ততঃপক্ষে নানারকমভাবে বর্গাদারদের উচ্ছেদ কিভাবে বন্ধ করা যায় তা করা হচ্ছে এবং সেজন্য এই বিল আনা হয়েছে। বিরোধীপক্ষ অনেক সময় রুল অফ ল-এর কথা বলেন। অর্থাৎ যেন যুক্তফ্রন্টের আমলে রুল অফ ল সম্পূর্ণভাবে নস্যাৎ হয়ে গেছে। আমি প্রশ্ন করছি ২২ বছর ধরে এই রুল অফ ল কোথায় ছিল? যাঁরা আজকে জোতদারদের প্রবক্তা হিসাবে বক্তব্য রাখছেন তাঁদের কাছে প্রশ্ন হচ্ছে জোতদাররা কি আইনতঃ ২৫ একর জমি রেখে বাকী জমি আইনতঃ যা সরকারের হাতে ন্যস্ত হবার কথা ছিল তা কি দিয়েছেন? কে না জানে আইনকে জোতদাররা ফাঁকি দিয়েছেন এবং তার মধ্য দিয়ে যথেষ্ট জমি রেখে দিয়েছেন। অর্থাৎ যা ফাঁকি দিতে পারেন নি সেইটুকু জমি সরকারের হাতে ন্যস্ত হয়েছে। আজ ২২ বছর ধরে যাঁরা আইনকে ফাঁকি দিয়েছেন তাঁরাই আজ আইনের কথা বলছেন। সেজন্য আইনের কথা না বলাই ভাল। কারণ যে শ্রেণীর প্রবক্তা হিসাবে কথা বলছেন ভারতবর্ষে দেখা গেছে সেই শ্রেণীরই সবচেয়ে বেশী আইনের প্রতি উপেক্ষা। এ'রা আইনকে উপেক্ষা করে ইনকাম ট্যাক্স ফাঁকি দেন এবং তার জন্য উকিল, অ্যাকাউনটেন্ট ইত্যাদি আছে। এর জন্য তাঁরা ২০০।৩০০ কোটি টাকা ফাঁকি দিয়েছেন। এইভাবে তাঁরা কৃষকদের বেআইনীভাবে জমি ফাঁকি দিয়ে রাতারাতি ভেড়ী করেছেন এবং জমিতে লোনা জল ঢুকিয়ে দিয়ে ভেড়ী তৈরী করেছেন। সেদিন তাঁদের চোখের জল ছিল না। সেজন্য একটা শ্রেণী স্বার্থের কথা তাঁরা বলছেন। সেজন্য এটার একমাত্র উদ্দেশ্য হচ্ছে যে অন্ততঃ পক্ষে সাময়িকভাবে একটা যাহোক করা হোক যাতে এক বছরের জন্য কোন কারণে কোনরকম উচ্ছেদ না হতে পারে। এই জিনিষটা থাকলে ২২ বছর ধরে কংগ্রেসী শাসনে যে অপরাধ হয়েছে—অর্থাৎ ভূমিহীনদের জমি দেওয়া সবচেয়ে বেশী প্রয়োজন সেখানে হাজার হাজার লক্ষ লক্ষ ভূমিহীনকে উচ্ছেদ করা হয়েছে সেখানে আইনের বড় কথা না বলে প্রথমেই তাদের উচ্ছেদ করা হোক এবং তারপর তাদের সম্বন্ধে কি ব্যবস্থা করা যায় সেব্যবস্থা করা হোক। সেজন্য একটা বিল আনা হয়েছে এবং আশা করি এটা সকলেই সমর্থণ করবে। এই কথা বলেই আমি শেষ করছি।

**ডাঃ নলিনাক্ষ্য সান্যালঃ** অধ্যক্ষমহাশয়, আমার এই আইন সম্পর্কে বলবার বিশেষ কিছু ইচ্ছা ছিল না। কিন্তু আমি দেখছি এই আইনে খসড়ার সুযোগ নিয়ে সরকার পক্ষের কোন কোন সদস্য অযথা পুরাতন কাসুন্দি ঘাটছেন। এই আইনের সমর্থনে বা সংশোধন করার জন্য আমাদের পক্ষ থেকে যাকিছু বলা হয়েছে সেগুলিতে বর্গাদারদের যাতে সুখ সুবিধা বাড়ে, তাদের স্থিতি আরও সুসম্বন্ধ হয় সেই উদ্দেশ্য নিয়েই বলা হয়েছে। এখানে জোতদারদের কারা প্রতিনিধি ? ২০।২২ বছর কংগ্রেসী শাসনের সময় কোথায় কে টাকা নিয়েছিল এসব প্রশ্ন অবান্তর। বস্তুতঃ যে আইনে আজ বর্গাদারদের অধিকার দিচ্ছেন সেই আইন কংগ্রেসী আমলে হয়েছিল এবং সেই আইনের দ্বারা যাতে কাজ করা যায় সেসম্পর্কে এই সংশোধনী প্রস্তাব মন্ত্রীমহাশয় এনেছেন।

ইতিপূর্বে যে আইন উনি করেছেন এবং আজকে যে আইনের খসড়া আমাদের কাছে দিয়েছেন এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ আইন এবং দরকারী আইন বলে মনে করি এবং এই আইনের মূল নীতি আমরা সমর্থন করছি। যদি কোন সংশোধনী প্রস্তাব দেই তাহলে যে উদ্দেশ্যে আইন করা হয়েছে সেটা যাতে পুরাপুরিভাবে সফল হয় সেই কামনা নিয়েই আমি আমার বক্তব্য রাখব। এখানে বলা হয়েছে বর্গাদার আইনের ভেতরে যেসব ব্যবস্থা রয়েছে সেই ব্যবস্থা অনুযায়ী যদি কোন প্রতিকারের চেষ্টা হয়ে থাকে তাহলে সেগুলি ১ বছরের জন্য মুলতুবী থাকবে। ভাল কথা। ইতিপূর্বে মাননীয় মুখ্যমন্ত্রী আমাদের এখানে যাতে খাদ্য উৎপাদনে লোকেরা মন দেয় তার জন্য যথারীতি চেষ্টা করবার আবেদন জানিয়েছেন। আমি তাঁকে জিজ্ঞাসা করতে পারি কি বর্গাদারে উচ্ছেদ বন্ধ করবার সংগে সংগে তিনি এমন কোন সুব্যবস্থা করতে পারবেন কি যে বর্গাদার সেই জমিটি চাষ করবে? চ্যাপটার থ্রি-তে বর্গাদারকে রক্ষণাবেক্ষণ করবার ব্যবস্থা ল্যান্ড রিফর্মস অ্যাক্ট-এ করা আছে। এই চ্যাপটার থ্রি-তে সেকসন সেভেনটিন-এ বলা আছে যে কি অবস্থায় নূতন বর্গাদার নিয়োগ করা যেতে পারবে। অন্যান্য গ্রাউন্ড ছাড়া বলা হচ্ছে

that the land is not cultivated by the bargadar personally and the bargadar has without reason failed to cultivate the land or has neglected to cultivate the land.

আমার বিনীত নিবেদন হচ্ছে এক পক্ষকে দেখতে গিয়ে দেশের বৃহত্তর কল্যাণের কাজ যেন ব্যাহত না হয় সেদিকে দৃষ্টি দেবেন। অর্থাৎ ঘোমটার কাপড় তুলতে গিয়ে পাছার কাপড় যেন উঠে না যায় সেটা দয়া করে লক্ষ্য রাখবেন। মন্ত্রিমহাশয় যেভাবে আইন করতে যাচ্ছেন তাতে বর্গাদারকে স্থায়িত্ব দেবার চেষ্টায় এমনভাবে খসড়া তৈরী করলেন যদি সেই বর্গাদার সেই জমি চাষ নাও করে তাহলেও মালিক কিছু করতে পারবেন না। সেইজন্য আমি দুটি সংশোধনী প্রস্তাব দিয়েছি। ১ বছর যদি চাষ বন্ধ করে দেন তাহলে কার লাভ হোল, ইতিপূর্বে আমার পূর্ববর্তী বক্তা সত্তার সাহেব বলেছেন যে, আমরা যাদের উপকারের জন্য চেষ্টা করছি বহুক্ষেত্রে দেখা যাচ্ছে যে এই আইন হবার আশংকায় তারা আগেই মারা পড়ছেন এবং তাদের সরিয়ে দেওয়া হচ্ছে, তাদের রক্ষা করতে পারবেন না। (শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরীঃ কারা মারছেন?) আপনাদের মধ্যে যারা জোতদার—যারা জোতদারের নামে লাঠিসোটা নিয়ে দখল করে নেয় তারাই জোতদার। বাংলাদেশের শতকরা ৯০ ভাগ জমির মালিক নিজেরা চাষ করে না এবং ভাগচাষের ব্যবস্থা যা সমস্ত অঞ্চল এবং গ্রামের মধ্যে ছড়িয়ে রয়েছে সেটাকে পরিবর্তন করতে গেলে বাংলাদেশের গ্রামীন অর্থনীতির আমূল পরিবর্তন করতে হবে। কিন্ত আপনারা তা করতে যাচ্ছেন না। করলে তখন অন্যরকম অবস্থা দেখতে পাবেন। কিন্তু এটা আমি জানাতে চাই, মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন, গ্রামে নিষ্ঠাবান ভাগীদারদের কোন মালিক ইচ্ছা করে সরায় না। আমরা নিজেরা চাষবাস করি, চাষের সংগে আমার প্রত্যক্ষ সম্পর্ক রয়েছে। (শ্রীনিখিল দাসঃ চাষী এবং শ্রমিকদের সংগে বলুন) নিখিলবাবুর না থাকতে পারে, আমার আছে, শ্রমিকের সংগে নাই, চাষীর সংগে আছে। এখানে যাঁরা চাষী সভ্য আছেন তাঁরাই জানেন কেউ সহজে ইচ্ছা করে তাঁদের ভাগীদারকে সরায় না। এই হল সাধারণ নীতি। আমরা পুরুষানুক্রমে চাষ করি, আমি

গ্রামে দেখেছি লোকে তাদের ভাগীদারদের খোসামোদ করে রাখে। এই হল গ্রামের অর্থনীতি। গ্রামে গেলে দেখবেন একটা ভাগীদারকে বাড়ীর ছেলের মত করে জমির মালিক দেখে এবং অত্যন্ত স্নেহ সহকারে দেখে। দু-চারজন দুষ্ট বুদ্ধির লোক থাকতে পারে যারা সুযোগ পেলে পরস্ব অপহরণ করে, কিন্তু দু-একজনের জন্য সমস্ত দেশটাই অন্যায়কারী অপরাধী বলে ধরবেন না। গ্রামে গেলে এটা দেখবেন শতকরা ৭০।৮০ জনের মুখে শুনবেন যে ভাগীদারদের খোসামোদ করে রাখে কেউ ইচ্ছা করে উচ্ছেদ করে না।

[3-30—3-40 p.m.]

**শ্রীনিখিল দাস:** আপনার কি মনে নাই আপনাদের জয়নাল আবেদীন সাহেব ভাগচাষী উচ্ছেদের রিজোলিউসন এনেছিলেন ?

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** আজকে যে জিনিস দেখতে পাচ্ছি ভাগীদাররা যদি জমি চাষ নাও করে তাহলেও তাকে রাখবেন, ভাগীদার এবং মালিকের চুক্তি আইনসংগত, যখন ভাগীদার মালিককে তার জমির ফসল নাও দেয় তখনও কি রাখবেন তাকে ? তাহলে তো এক পক্ষকে রাখতে গিয়ে আর এক পক্ষকে সম্পূর্ণ নষ্ট করলেন। এটা দেশের অর্থনীতিকে আঘাত করবে। আমি তাই সংযত হতে বলছি। এছাড়া আপনি যে আইন এনেছেন স্টেটমেন্ট অব অবজেক্ট অ্যান্ড রিজনসে যে উদ্দেশ্য ব্যক্ত করেছেন সেটা যাতে পূর্ণভাবে কার্যকরী হয় সেদিকে লক্ষ্য রাখতে অনুরোধ করছি। এরপর আমি সংশোধনী প্রস্তাব আলোচনার সময় বলব। এখন আইনসংগত কাজ এগুতে দিন, কোন জবরদস্তিভাবে উল্টো রাস্তায় যদি যান তাহলে অর্থনীতি ভেংগে পড়বে, দেশের কল্যাণ হবে না, খাদ্য উৎপাদনের ব্যাঘাত ঘটবে। একথা বলে আমি কন্সিডারেশন মোশন-এর বিরোধিতা নিবেদন করছি।

**Shri Balailal Das Mahapatra:**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, ভূমি সংস্কার আইনে বর্গাদার উচ্ছেদ রোধ করবার জন্য মন্ত্রিমহাশয় যে বিল এনেছেন, তাকে আমি পূর্ণ সমর্থন করছি। কংগ্রেস থেকে খুব দরদ দেখাচ্ছেন, চাষী-দের প্রতি দরদ দেখাচ্ছেন, কিন্তু আমি তাঁদের বলবো যে এপ্রিল মাসে অর্ডিন্যান্স জারীর পরে হাজার হাজার বর্গাদার হয়রানির হাত থেকে বেঁচেছে।

আমি জানি না ডাঃ নলিনাক্ষ সান্যাল এবং মাননীয় সাত্তার সাহেব বর্গাদার আইন সম্বন্ধে ও বর্গাদারদের জন্য ভয়ানক দরদ দেখাচ্ছেন, ভূমি সংস্কার আইনের একটা অনুচ্ছেদের উল্লেখ করছেন। আমি বলবো ১৯৫৩ সালে জোতদারদের রক্ষার জন্য ভূমি সংস্কার আইন পাস করা হয়েছে। ১৯৫৭ সালে জোতদারদের রক্ষার জন্য যে আইন পাস হয়েছে তাতে বর্গাদারদের সম্পর্কে একটা অনুচ্ছেদ আছে ঠিকই। কিন্তু সেই বর্গাদারদের যেকোন অজুহাতে জমি থেকে উচ্ছেদ করা যায় সে ব্যবস্থাও সেখানে রয়েছে। সেইজন্য দেখতে পাই বৈশাখ মাস সুরু হলেই বর্গাদার উচ্ছেদ সুরু হয়ে যায়। কত না অজুহাত দেখান হয়। বর্গাদার ভালভাবে ফসল ফলাতে পারে না, ঠিকমত ফসলের ভাগ দেয় না, ঠিক সময় ভাগের ধান দেয় না ইত্যাদি নানা অজুহাতে তাদের উচ্ছেদ করা হয়। ডাঃ সান্যাল জানেন কি ভাগের ধান নিয়েও জোতদাররা রসিদ দেয় না ? তিনি কি জানেন না—দেড় টাকার সাদা স্ট্যাম্পের উপর বর্গাদারদের সই বা টিপসই নিয়ে রাখা হয়। যারা কৃষি মজুর, ভাগচাষী তারা যদি কোন কারণে জমি ছেড়ে না দেয় তাহলে সেই সাদা স্ট্যাম্পের উপর সই করা কগজখানা মহাজনদের কাছে দেড়শো, দুশো, চারশো টাকায় বিক্রী করে দেওয়া হয় এবং বর্গাদারদের জব্দ করবার জন্য কোর্টে নালিশ করা হয়—

অমুক বর্গাদার অমুক মহাজনের কাছ থেকে এত টাকা ধার করেছিল বলে। এইভাবে শেষ পর্যন্ত তাকে বসত বাড়ী থেকেই উচ্ছেদ করা হয়। বাংলাদেশে লক্ষ লক্ষ বর্গাদার আছে তারা রেকর্ড করতে পারে না। তাঁরা জানেন বর্গাদার রেকর্ড করতে পারলে পাছে সেই জমি তার কাছে চলে আসে। এই কারণে বর্গাদাররা রেকর্ড করতে পারে না। প্রতি বছরই [illegible]

কাছ থেকে জমি বদল করা হয়। আপনারা চালাকী করে জোচ্চুরী করে এইসব করে থাকেন—জমিদারী উচ্ছেদ আইন পাস করা হয়েছে অথচ চালাকী জোচ্চুরী করে ছেলে, ছেলের বউ, নাতি নাতনী, তার বউ—তাদের নাম করে, আচার্যের নাম করে, মেছোঘেরীর নাম করে হাজার হাজার একর জমি বেনামী করে রাখা হয়েছে। চা বাগানের নাম করে, দেবোত্তরের নাম করে বিভিন্নভাবে লক্ষ লক্ষ একর জমি আপনারা বেনামী করে রেখেছেন। এর পরে আবার বলেন আপনারা চাষীর হাতে জমি দেবেন। আপনারা আবার অর্থনীতির পণ্ডিত, বাংলাদেশের অর্থনীতির কথা বলেন। এটা কার অর্থনীতি? বাংলাদেশের হচ্ছে কৃষিভিত্তিক অর্থনীতি। প্রকৃত চাষীদের যদি জমি না দেওয়া হয় তাহলে বাংলাদেশের অর্থনৈতিক কোন উন্নতি হতে পারে না বা বাংলাদেশের খাদ্য সমস্যারও সমাধান হবে না, বাংলার অর্থনীতি মজবুত হবে না। আপনারা এযাবৎ শুধু ধোঁকা দেবার চেষ্টাই করেছেন।

এই বিলের দ্বারা ভূমি সংস্কার আইনের ১৮ ধারা, ১৯ ধারা ও ২০ ধারাগুলি সাময়িকভাবে স্থগিত করে রাখা হচ্ছে যে বর্গাদারদের উচ্ছেদ করা যাবে না এক বছরের জন্য। অথবা যে মামলা চলছে এখন সেটা এর দ্বারা বন্ধ করে দেওয়া হচ্ছে একটা বছরের জন্য। দেখুন না এর ফলাফল কি হয়। এতে ভীত হবার কারণ নাই। যদি ভাগচাষীদের জন্য দরদ থাকে তাহলে এই বিলকে আপনাদের সমর্থন করা উচিত। বাংলাদেশে ৬ লক্ষ প্রকৃত চাষী বা বর্গাদার পরিবার রয়েছে। তাদের হাতে জমি দেওয়া যদি না যায় তাহলে বাংলাদেশের এই খাদ্য সমস্যার সমাধান হবে না। আজ ২০ লক্ষ টন থেকে ২২ লক্ষ টন খাদ্য শস্যের ঘাটতি হচ্ছে—যার জন্য কেন্দ্রের উপর আমাদের নির্ভর করতে হয়।

একটা কথা স্মরণ করিয়ে দিয়েই আমি আমার বক্তব্য শেষ করবো। কংগ্রেস পক্ষ থেকে বার বার বলা হয়েছে যে ভূমি সংস্কার আইন করা হয়েছে, ঐ কংগ্রেস আমলেই ক্যালকাটা ইউনিভার্সিটির অধ্যাপক ডঃ সরোজ বসু ও সেখানকার রিডার শ্রী এস, কে ভট্টাচার্যকে নিয়ে একটা কমিটি গঠন করা হয়েছিল। সেই কমিটির উপর ভার ছিল যে কংগ্রেস আমলে যে ভূমি সংস্কার আইন পাশ করা হয়েছে তা কিভাবে কার্যকরী করা হচ্ছে তা জানবার জন্য। এটা হচ্ছে সরকারী কমিটি, এই কমিটি যে রিপোর্ট দিয়েছেন সেই রিপোর্ট পড়ে দিয়েই আমি শেষ করবো। তাঁরা বলেছেন, আমরা একথা উল্লেখ না করে পারি না, আইনগুলির মৌলিক কাঠামোই এমন যে ভূমি সংস্কার আইনের উদ্দেশ্য সম্পূর্ণভাবে সিদ্ধ হবে আশা করা যায় না। দ্বিতীয়তঃ তাঁরা বলেছেন, জমিদারী উচ্ছেদ আইন ফাঁকি দেবার উদ্দেশ্যে ১৯৫২ সাল থেকে ১৯৫৪ সালের মধ্যে পুরুলিয়া এবং দার্জিলিং জেলা বাদে অন্য জেলাগুলিতে কমপক্ষে ১ লক্ষ ৫ হাজার একর জমি বেনামীতে হস্তান্তর করা হয়েছে। এটা আপনাদেরই রিপোর্ট, সেইজন্য আমি আপনাদের বলি যে আপনারা আমাদের সঙ্গে আসুন, আমরা যে বিল এনেছি তাকে সমর্থন করুন তাহলেই বাংলাদেশের স্বার্থ রক্ষা করা যাবে এবং বাংলার চাষী-ভাগচাষীদের স্বার্থ রক্ষা হবে। এই বলে এই বিলকে সমর্থন করে আমি শেষ করছি।

[3-40—3-50 p.m.]

**Shri Nasiruddin Khan:**

মাননীয় স্পীকার মহাশয়, আজকে যে বিল উপস্থাপিত করা হয়েছে সেই বিলকে আমি সম্পূর্ণরূপে সমর্থন করছি। কিন্তু এই সমর্থন করতে গিয়ে আমি যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে যে ঐ ভাগীদারকে এক বছরের গ্যারান্টি না দিয়ে ৫ বছর গ্যারান্টি দেওয়া হোক। এর কারণ হচ্ছে—আমি জানি এবং আমি নিজেও জমি ভাগে দিই এই হিসাবে বলছি যে অনেক সময় জমি কেড়ে নিই বা নেওয়া হয়। কাজেই এতে ভাগীদারদের একটা গ্যারান্টি থাকা দরকার। এক বছরের জন্য গ্যারান্টি দেওয়া হচ্ছে কিন্তু এক বছর বাদে সে জানে যে মালিক জমি কেড়ে নেবে, কাজেই সে জমিতে আবাদ মনঃপুত হবে না, আবাদের ক্ষেত্রে যে সার দেওয়া দরকার সেই সার তারা অ্যাপ্লাই করবে না। কাজেই সেসব দিক দিয়ে আবাদ ফলপ্রসূ হবে না। সেইজন্য আমি মনে করি এই গ্যারান্টি এই বিলেই ৫ বছর করা উচিত এবং ৫ বছর চাষীর হাতে জমি থাকা

উচিত। তা যদি করা হয় তাহলে আমি মনে করি ঠিকমত ফলন হবে। সঙ্গে সঙ্গে এই প্রসঙ্গে আমি এ কথাটাও বলতে চাই যে যারা জমি দেবে তাদের ক্ষেত্রেও একটা গ্যারান্টি থাকা দরকার। ইচ্ছামত জমিতে যা সার দিলাম, না হয় দিলাম না অথচ এক বছর পুরো দমে ভোগ করে গেলাম এটা ঠিক নয়, এটা মন্ত্রিমহাশয় চিন্তা করে দেখবেন। একটা জেলা, সাবডিভিসন অথবা থানাভিত্তিক উৎপন্ন মোতাবেক রেসিও হওয়া উচিত যে এই পরিমাণ শস্য জমি তাকে ভাগ দিতে হবে বা ফলাতে হবে। তারপর স্যার, যে কথা এর আগে হয়েছিল যে বৈশাখে জমি ইচ্ছাধীনভাবে চাষীর হাত থেকে কেড়ে নেওয়া হয়। অবশ্য সে রকম কোন আইন না থাকলে নেওয়া কঠিন নয় কিন্তু দেশে যে সমাজ ব্যবস্থা আছে তাতে চাষীর হাত থেকে জমি উদ্ধার করে এত সহজে কেড়ে নেওয়া সম্ভবপর হয় না। তবে একটা সুষ্ঠু আইন থাকা উচিত, এই কথা আমি মনে করি। কাজেই আপনাদের সকলের আমি এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি যে আপনারা একটা সুষ্ঠু ব্যবস্থা নিন। নিশ্চয়ই উভয়ের মধ্যে একটা গ্যারান্টি থাকা দরকার। কাজেই ভাগচাষীদের ক্ষেত্রে এবং জমির মালিকদের মধ্যে একটা গ্যারান্টি থাকা উচিত—অ্যাসিওরেন্স থাকা উচিত যে আমিও পাবো, কাজেই জমি কাড়ার প্রশ্ন নেই। তবে যদি আমি ৫ বছর ম্যানিওরিং করি তাহলে ৫ বছরের মধ্যে যথেষ্ট ফল ভোগ করতে পারব, কিন্তু এক বছর যদি হয় তাহলে তাতে ঠিকমত ম্যানিওরিং হবে না এবং যে প্রোডাকসনের উদ্দেশ্যে চাষীদের হাতে জমি দেওয়া হচ্ছে তা ব্যাহত হবে বলে আমি মনে করি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**Shri A. H. Besterwitch:** On point of information Sir, You will be surprised to know that only to-day we have received the Assembly Proceedings—official report from 10th February 1964 to 24th March 1964. Sir, if we get the proceedings of 1964 in 1969 when shall we get the proceedings of 1969. During the last 1962-64 session, when you were in the Opposition, we repeatedly pressed that we should get the Preceedings of the Assembly as soon as the Assembly was over or before the commencement of the next Session.

**Mr. Speaker:** I know all about this and I took steps to see that at least all the preceedings of 1969 up to date are printed immediately. About those from 1962 onwards to 1964 and thereafter they are in a terrible mess. I do not know who is responsible for all this. Our Secretary told me that he was almost helpless. I am having correspondence with the Government in the matter. So I think that the arrears may remain as it is for the present but let all the proceedings current be printed and distributed to the members as quickly as possible.

**Shri Deben Das:**

শ্রদ্ধেয় অধ্যক্ষ মহাশয়, অবশ্য এই বিলটি অস্থায়ী ব্যবস্থা, আমাদের মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী সে কথা জানিয়েছেন। এর পরে একটা পরিপূর্ণ বিল আসবে। আজকে বিরোধী পক্ষ থেকে বর্গাদারদের স্বার্থ রক্ষা করার মত ২।১টি কথা যা বললেন, যে মুখোস তারা দেখালেন এটা দেখে শুনে মনে হচ্ছে যে 'মাছের শোকে বকের চোখে জল' এইক্ষেত্রে সেটা ঠিক প্রযোজ্য হবে। বর্গাদারদের যেটুকু আইন কংগ্রেস সরকার করে দিয়েছেন, তাঁরা সেটা ইচ্ছাকৃতভাবে দেন নি, বাংলাদেশের বর্গাদাররা বহু অশ্রু বিসর্জন দিয়েছে, প্রাণ দিয়েছে, তার বিনিময়ে এই আইন হয়েছে। কিন্তু এই আইনের মাধ্যমে দেখা যাচ্ছে যে কিভাবে জমি চুরির সুবিধা দিত, যা বাংলাদেশের বিভিন্ন জেলায় চলে। আজকে যদি তথ্য নিয়ে দেখা যায়, যা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকরা দিয়েছেন যে বর্গাদাররা অবাধে এক অংশ চাষ করে। তাদের মধ্যে ক'জনের নামে রেকর্ড হয়েছে? শতকরা ৯০ ভাগ রেকর্ড করতে পারেনি। আপনারাই বর্গাদারদের নাম রেকর্ড করতে দেননি। বর্গাদাররা সেখানে জমি সেইভাবেই চাষ করছে। আজকে বর্গাদারদের জোতদার তাদের অধীনে রেখেছে। বহু জায়গায় এই জিনিস হয়েছে। আমি মেদিনীপুর জেলার বহু জোতদারকে জানি, যারা এই জিনিস করেছে। এই নিয়ে আমরা বহু আন্দোলন করেছি। বর্গাদারদের সমস্ত কিছুই যেন জোতদারদের, তাই নিরীহ বর্গাদারদের কিছু করার ক্ষমতা নেই। এই নিয়ে বর্গাদাররা দারুন আন্দোলন করেছে জোতদারদের বিরুদ্ধে।

কাঁথি মহকুমার তারা সমস্ত বর্গাদারকে কবলিত করে নিয়েছে। যার ফলে বর্গাদাররা আইনের সাহায্য নিয়েও তাদের প্রমাণ করতে পারে নি যে জমি তারা চাষ করে এবং বহু জায়গা, তারা যা চাষ করে তাও দেয়নি, নাম লিখিয়ে নেওয়া হয়েছে। কাজেই আইনের ধারায় আছে যে বর্গাদারদের স্বার্থ যেন বজায় থাকে। যেমন পাঁজিতে লেখা থাকে যে এই বছর ১৬ আড়া জল হবে, কিন্তু দেখা গেল যে এক ফোঁটাও জল হল না। তেমনি বর্গাদারদের স্বার্থ রক্ষার জন্য আইনে লিখে দিয়েছেন, কিন্তু আইনের ধারায় বর্গাদারদের স্বার্থ রক্ষিত হবে না। বাংলাদেশে যে জমি চাষ হয় প্রকৃত পক্ষে তা বর্গাদাররাই চাষ করে, অথচ ফাল্গুন মাসের পর বর্গাদারদের ঘরে আর ধান থাকে না।

[3-50—4 p.m.]

গ্রমাণ্ডলের ফসল তারাই ফলায়, তারা যে হাতে ফসল ফলায়, সেই হাতেই আজকে দেনার দায়ে ভিক্ষার জন্য, রিলিফের জন্য, ঋণের জন্য খুঁজে ফেরে। কাজেই এখন এই যে বর্গাদারদের অবস্থা এ সম্বন্ধে আমার একটা সাজেসন যে আগামী দিনে যে আইন আসবে, সেই আইনে ১৯৫০ সালের পর থেকে যে সমস্ত বর্গাদাররা উচ্ছেদ হয়েছে সে সম্বন্ধে তদন্ত করে যাদের নাম একবার রেকর্ডভুক্ত হয়েছিল, তাদের নাম এবং কি কারণে তাদের নাম কাটা গেল এবং যে সমস্ত চাষীরা উচ্ছেদ হয়ে গেছে এবং মজুর কবলদ যাদের লিখিয়ে নেওয়া হয়েছে, যাদের ইস্তফানামা লিখিয়ে নেওয়া হয়েছে বা নিজেরা ভাগচাষ বোর্ডে কেস ডিফেন্ড করতে পারেনি তার জন্য একতরফা উচ্ছেদ হয়ে গেছে, সেই সমস্ত কেস রিভিউ করে সেই সমস্ত বর্গাদাররা যাতে আবার সেই জমিতে তাদের অধিকার পায়, তার উপর নিজেদের শ্রম দিয়ে সেখানে ফসল ফলাতে পারে এবং তাদের ছেলে মেয়েদের মুখে ভাত দিতে পারে, জাতীয় খাদ্য উৎপাদন ব্যবস্থাকে আরও সুসংহত করতে পারে, তার জন্য আইনে আরও বিস্তারিতভাবে থাকা প্রয়োজন বলে মনে করি। আজ পর্যন্ত যে বর্বর নীতি চলছিল, অতীত যুগে লাঠি যার মাটি তার, আজও সেখানে বর্গাদারদের উচ্ছেদ অনেক জায়গায় জোতদাররা সেই বর্বর নীতি পরিচালিত করে লাঠি যার মাটি তার, সেই নীতিকে পরিচালিত করছে। কাজেই বর্গাদাররা অসহায়। তারা পুলিসের কাছে বা কোর্টের কাছে যায়, যখন যায় তখন দেখা যায় পুলিস তারই বিরুদ্ধে ১০৭ ধারা করছে, তারই মধ্যে ১৪৪ ধারা করছে। তার মধ্যে মিথ্যা চুরির মামলা করছে। এমনি করে পুলিসের সংগে সহযোগিতা করে জোতদাররা বর্গাদারদের সামান্যতম যে বাঁচার অধিকার, সেই অধিকার—কার্যতঃ, সেই অধিকার তাদের একটুও নেই—এই ক্ষেত্রে এই আইনে যেটুকু হচ্ছে যে আজকে জোতদাররা সেখানে পুলিসকে লাঠি ঘাড়ে দিয়ে, বর্গাদারদের যাতে উচ্ছেদ করতে না পারে তার ব্যবস্থা করার জন্য আইনে আরও সবল ও সুষ্ঠুভাবে বক্তব্য রাখা উচিত ছিল। আমি মনে করি আগামী দিনে যাতে বর্গাদারদের স্বার্থ সম্পূর্ণভাবে রক্ষিত হয় তার ব্যবস্থা যেন হয়। যারা কাজ করবে, তারা সেখানে ফসল পাবে না, যারা কখনও জমিটা চেনে না—সেই নজরুলের ভাষায় "জমিতে যাদের চলে না চরণ জমিদার নামে খ্যাত হন" এই যে-সমস্ত মানুষ এখানে এসে আজকে বর্গাদারদের নামে অনেক কিছু বলছেন নলিনাক্ষবাবু এবং অন্যান্য অনেক বক্তা যাঁরা বর্গাদারদের সম্বন্ধে বলেছেন, আমি তাঁদের জিজ্ঞাসা করতে চাই যে তাঁরা কি বর্গাদারদের নাম রেকর্ডভুক্ত করিয়েছে। কোন বর্গাচাষীদের অধিকার তাঁরা স্বীকার করে নিয়েছেন? নেন নি, কাজেই বর্গাচাষীদের স্বার্থ রক্ষার জন্য এই আইনকে আরও সবল ও সুষ্ঠুভাবে পরিবর্তন করে আনতে হবে। বর্তমানে এই আইনটাতে যাতে আরও সবল পুলিসী সাহায্য এরা পায় সেই জন্য আরও প্রশাসনিক বিভাগের দায়িত্ব বেশী করে দেওয়া যায়, সেই জন্য একটা নিয়ম থাকা উচিত। এখন আমি মনে করি এই বর্গাদাররা অতীতে যারা উচ্ছেদ হয়ে গেছে—আমি অনুরোধ করবো ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয়কে সেইসব বর্গাদারদের পুনর্বাসনের জন্য কোন রকম কিছু করা যায় কিনা। আমি একটা সংশোধনী প্রস্তাব দিয়েছিলাম এই অর্ডিন্যান্সের আওতার মধ্যে সেটা বর্তমানে গ্রহণ করা যাবে না বলে মন্ত্রিমহাশয় জানিয়েছেন। কাজেই সেদিক থেকে আগামী দিনে যাতে বর্গাদারদের স্বার্থ রক্ষিত হয়, অতীতে তারা যে জমি

চাষ করতো, তাদের জমি যাতে রেকর্ডভুক্ত হয় এবং উচ্ছেদ না হয়, এর জন্য স্থায়ী পুরুষানুক্রমে যাতে এরা চাষ করতে পারে, চাষস্বত্ব যাতে পায় তার জন্য পূর্ণ অধিকার তাদের দিতে হবে, এই কথা বলে আমি শেষ করছি।

**Shri Siddhartha Shankar Ray:** On a point of order, Sir. I am sorry the Hon'ble Home Minister is absent. You remember that prior to the adjournment he was pleased to say that we had never stated about the third murder, and in fact, he called us 'liar'. I think the adjournment motions are there that were moved yesterday, and one of them was moved by Shrimati Abha Maiti. There were different adjournment motions—one moved by Shrimati Abha Maiti specifically mentions three deaths and it was stated in the short statement that Shri Tarafdar was murdered by some hooligans and the three murders were mentioned. Therefore, when the Home Minister was pleased to say that he will look into his statement and the statement made by all of us, we would like to know whether this statement was correct or not. I hope tomorrow after going through the adjournment motions you would say that his statement was incorrect in a material sense because one of the adjournment motions did say that there were three murders and that Tarafdar was murdered by some hooligans. This is the protection that we seek from the House.

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি বললেন যে একজন অ্যাডজোর্ন মোশান দিয়েছেন, তিনজনের মৃত্যুর কথা দিয়েছেন। কে দিয়েছেন বড় কথা নয়, ও'র অ্যাডজোর্নমেন্ট মোশানে এটা আছে কি?

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** তিনজনের কথাই বলা হয়েছে কিন্তু উনি গালাগালি দিয়ে গেলেন সকলকে। এর জন্য আমরা আপনার কাছে প্রোটেকসন চাচ্ছি।

**Mr. Speaker:** You are strong enough to protect yourself.

**শ্রীঅশোক চৌধুরী:** মাননীয় স্পীকার মহাশয়, পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার বিলের মধ্যে বর্গাদার উচ্ছেদ সম্পর্কে প্রোসিডিং মামলা মোকদ্দমার দ্বারা যে সমস্ত দরখাস্ত বিভিন্ন আদালতে আছে সেগুলো বন্ধের জন্য একটা অর্ডিন্যান্স করা হয়েছিল এবং এখন সেইটা বিল হিসাবে আনা হচ্ছে। এই বিলটা আমি সম্পূর্ণরূপে সমর্থন করতে উঠে একটা কথা বলতে চাই যে বর্গাদারদের সম্বন্ধে অনেকগুলো কথা এখানে উঠেছে। তার মধ্যে একটা কংগ্রেস পক্ষ থেকে বলা হয়েছে যে এই আইনে বর্গাদারদের কোন উপকার বা কল্যাণ হবে না এবং বর্গাদাররা যেহেতু উচ্ছেদ হবে না, সেইহেতু তারা অলস হয়ে যাবে, চাষ না করে জমি পতিত ফেলে রাখবে, দেশের অর্থনীতি ভেঙ্গে পড়বে। এতদিন যে আইন চলছিল সে আইনের সব ঠিক আছে। সুতরাং উচ্ছেদের বিরুদ্ধে আইনের দরকার নেই। এইভাবে এসেছে এবং একটা সংশোধনীও এর মধ্যে এসেছে এবং সেটা ডঃ সান্যাল দিয়েছেন, সেটা হচ্ছে

Provided that the Bargadar faithfully cultivates the land and meets his obligation to give to the owner his legitimate dues as provided in the West Bengal Land Reforms Act, 1955.

এই সংশোধনী আসে না এখানে। কিন্তু একটা জিনিস খুব পরিস্কার হয়ে যাচ্ছে। আমাদের দেশের যে জমি চাষ হয় তার শতকরা ৩৩ ভাগ ভাগচাষী চাষ করে অর্থাৎ আমাদের দেশে যে ফসল উৎপন্ন হয় তার একটা বিরাট অংশ এই দরিদ্র ভাগচাষীদের দ্বারা উৎপাদিত হয়। সেই ভাগচাষীদের সম্পর্কে, তাদের স্বার্থ রক্ষা করার জন্য, চাষের জমিতে তাদের অধিকার অটুট রাখার জন্য এবং তাদের উপরে যাতে কোন রকম অত্যাচার না হয় তারজন্য আরও ব্যাপক এবং সুনির্দিষ্টভাবে ও বিভিন্নভাবে তাদের সম্পর্কে একটা আইন আসবে একথা ভূমিরাজস্ব মন্ত্রী আমাদের বলেছেন। তাছাড়া ভূমি সংস্কার সংক্রান্ত যে বিস্তৃত বিল আসবে তার মধ্যে নিশ্চয় থাকবে। গত কয়েক বছর আগে যখন জমিদারী উচ্ছেদ আইন এবং সেটেলমেন্ট রেকর্ডস অব রাইট

তৈরী হয় সেই সময় থেকে ব্যাপকভাবে বাংলাদেশের বিভিন্ন জেলা থেকে হাজার হাজার ভাগচাষীকে উচ্ছেদ করা হয়েছিল এবং সেই সময় কংগ্রেস দল বাংলাদেশের শাসন ক্ষমতায় বসেছিল। তখন আমরা দেখেছি জমিদার এবং জমির মালিক কিভাবে পুলিস এবং সরকারের বড় বড় কর্মচারীদের নিয়ে ভাগচাষীদের নিপীড়ন করে উচ্ছেদ করেছে। তার উদাহরণ ভালভাবে আছে। সবচেয়ে বেশি উচ্ছেদ হয়েছিল ২৪-পরগণায় যেখানে বিস্তীর্ণ অঞ্চল ভাগচাষীদের দিয়ে চাষ হয়, জমির মালিক, জমিদাররা কলকাতায় থাকেন এবং সেখানে হাজার হাজার বিঘা জমি ভাগচাষ দ্বারা চাষ হয়। সেখানে ভাগচাষীকে উচ্ছেদ করতে গিয়ে এমন কোন পেনাল কোডের ধারায় অপরাধ নেই তারা করেন নি। মামলা, মোকদ্দমা করেছে, পুলিস দিয়ে পিটিয়েছে, গ্রামের পর গ্রামে আগুন জ্বালিয়েছে। এইভাবে ভাগচাষীদের উচ্ছেদ করা হয়েছে। এই রকম বহু ঘটনা আমাদের জানা আছে। এখন আদালতে যে উচ্ছেদের মামলা মোকদ্দমা রয়েছে তাকে স্থগিত রাখবার জন্য একটা অর্ডিন্যান্স মন্ত্রিমহাশয় এনেছিলেন। জোতদারদের হাত থেকে সাময়িকভাবে রক্ষা করবার জন্য সাময়িকভাবে একটা অর্ডিন্যান্স আমাদের ভূমিরাজস্ব মন্ত্রী এনেছিলেন এবং সেই অর্ডিন্যান্সকে এখন বিল হিসাবে এখানে আনা হয়েছে।

কংগ্রেস পক্ষ থেকে নানা রকম আপত্তি দেওয়া হয়েছে। আপত্তি দিয়ে তারা বক্তব্য রেখেছেন, অর্থাৎ একটা কথা বলতে চেয়েছেন যে, গরীবের জন্য কিছু করো না, তাদের জন্য কিছু করলেই ওদের ভয়ানক আপত্তি। নলিনাক্ষবাবু তার সংশোধনীতে আনেন নি যে জমির মালিকরা তাদের কর্তব্য পালন করবেন, করতে বাধ্য থাকবেন, একথা লেখা থাকলে খুসী হতাম। কিন্তু সেটা নেই। গরীবের বেলায় যত কর্তব্য, তারা তাদের কর্তব্য পালন করে যাবে বড়লোকদের উপর। ভাগচাষী যারা পরিশ্রম করে খায়, সেই দরিদ্র ভাগচাষীরা সমস্ত কর্তব্য পালন করে যাবে। জমির মালিকরা কোন কর্তব্য পালন করবে না। এই এক তরফা সংশোধনী কি করে হয়। এই এক তরফা সংশোধনীতে বোঝা যায় তারা কোন পক্ষে আছেন। দেশের অর্থনীতি ভেঙ্গে পড়বে। যারা খেতে পায় না, যে গরীব লোক তাদের চাষ করে খাওয়াচ্ছে, তাদের [illegible] [illegible] গেলে বলবেন দেশের অর্থনীতি [illegible] এটা কি রকম [illegible] যারা খাটে, যারা পরিশ্রম [illegible] না [illegible] তাদের খেতে দিতে হবে [illegible] স্বার্থ [illegible] হবে। যুক্তফ্রন্টের ঘোষিত নীতি সেই কাজ করতে হবে। আরও ব্যাপকভাবে [illegible] করতে হবে, এটা সামান্য হয়েছে এবং এই সমস্ত ভাগচাষীকে রক্ষা করবার জন্য [illegible] ভাবে [illegible] করতে হবে, এই অ্যাসিওরেন্স তারা দিয়েছেন। যুক্তফ্রন্টের কর্মসূচীর মধ্যে এটা [illegible] বিলের মধ্যে [illegible] মামলা-মোকদ্দমা [illegible] সেই আইনকে [illegible] পূর্ণ সমর্থন [illegible] আমার বক্তব্য শেষ করছি।

[4—4-10 p.m.]

**Shri Kumud Ranjan Mondal:**

মাননীয় [illegible] মন্ত্রী যে বিল এনেছেন [illegible] গতকাল্য যে [illegible] সেটায় এটা খুব পরিষ্কার হয়ে গেছে যে, [illegible] বর্গাদার [illegible] স্বার্থ বিশেষ করে যারা সাধারণ চাষী তাদের স্বার্থ কিভাবে রক্ষা করা হবে এই বিল পেশ করলে সেটা পরিষ্কার হয়ে গেছে। উনি বলেছেন যে পরে একটা পরিপূর্ণ বিল অর্থাৎ একটা কম্প্রিহেনসিভ বিল উনি আনবেন। সেই কম্প্রিহেনসিভ বিলে কি কি করা হবে সংশোধনী সে সম্পর্কে কিছু কিছু উনি বলেছেন। সে সম্পর্কে আমার কয়েকটি সাজেসন আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে রাখতে চাই। অনেক সময় দেখা গেছে যে, ছোট ছোট জমির মালিক যারা আছেন, সেই ছোট ছোট জমির মালিকরা বিভিন্ন কারণে বাধ্য হয়ে বর্গাদারদের চাষ করতে দিয়েছিল, তার কারণগুলি বিবেচনা করে যাতে তারা প্রয়োজন মত জমি পেতে পারে সেই রকম ব্যবস্থা উনি রাখেন। আরও একটা বিষয় লক্ষ্য [illegible] অবশ্য পূর্বে আলোচনা হয়েছে। আমি আবার বলছি যে, বর্গাদার যারা আছেন তারা যেমন

তাদের কর্তব্য পালন করবে, একথা যেমন আমার পূর্ববর্তী বক্তা শ্রীঅশোকবাবু বলেছেন, আমি সেই কথাই বলতে চাই যে বর্গাদার যেমন তাদের ডিউটি পালন করবে, তেমনি ঐ মালিকরাও যেন তাদের কর্তব্য পালন করেন। আমার মনে হয় এই কর্মাপ্রহেনসিভ বিলটা এক বছরের জায়গায় যদি পাঁচ বছর মেয়াদ বাড়িয়ে দেওয়া হয়, তাহলে যেকথা আমার পূর্বে একজন বক্তা তার বক্তব্যে বলেছেন যে তাহলে ভালভাবে ম্যানিওরিং হবে, এবং প্রোডাকসন বেশী হবে এবং খাদ্য সমস্যা সমাধান কিছুটা হবে বলে মনে করি। সেদিকে আপনারা লক্ষ্য রাখবেন। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আর একটি প্রস্তাব রাখতে চাই যে সাব-সেকশান ৪ অব সেকশান১৭-তে আছে যে ২৫ একর পর্যন্ত কোন বর্গাদার জমি চাষ করতে পারবেন। তা না হলে পারবেন না। আমার মনে হয় ওটা একটু কম করে দেওয়ার প্রয়োজন আছে—ওটা একটু চিন্তা করবেন। আর একটা কথা, যারা মালিক আছে তারা কত একর পর্যন্ত জমি থাকলে পরে অবার বর্গাদার হতে পাবে সেটা একটু পরিস্করভাবে বলাব প্রয়োজন আছে, কারণ '৫৫-এ যে আইন করা হয়েছে সেই আইনে পরিস্কারভাবে কিছু লেখা নেই। ওটা যেন পরিস্কার করে লেখা থাকে যে ৩।৪।৫ একর, কত একর পর্যন্ত জমির মালিক হলে সে আবার বর্গাদার হতে পারে এটা পরিস্কার করে বলবেন। তারপর কালেকটিং অ্যান্ড থ্রেসিং সম্বন্ধে মাঝে মাঝে দেখেছি যে অনেক মালিক বলে যে আমার এখানে হবে, অনেক সময় বর্গাদার বলে যে আমার এখানে হবে। এই কালেকটিং অ্যান্ড থ্রেসিং এই কারণে এটা ইমপরট্যান্ট যে প্রডাকসনের যে অংশটা ভাগ হবে সেটা ঐ কালেকটিং অ্যান্ড থ্রেসিং-এর উপর নির্ভর করে অনেক সময়—কতটা কালেকসন হয়েছে এবং কতটা থ্রেসিং হল মোট প্রডাকসন কত হল, ডিভিসন যখন হবে সেটা এর উপর বিশেষভাবে নির্ভর করে। সেজন্য আমার মনে হয় যে একটা তৃতীয় স্থানে যেখানে নাকি মালিক এবং বর্গাদাব উভয়েই এসে জানতে পারে যে কত কালেকসন, কত থ্রেসিং হল এবং মোট কত প্রডাকসন হল এবং সেখান থেকে যাতে করে ভাগ-বাঁটোয়ারা হতে পারে তার জন্য আমি আপনাব কাছে এটা জানাতে চাই। তারপরে আর একটা কথা বলে আমি শেষ করব সেটা হল এই যে সরকারী জমিজমা সম্বন্ধে যে চারিদিকে গন্ডগোল এবং বিশৃঙ্খলা দেখা যাচ্ছে সে বিষযে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। অনেক সময় দেখা যাচ্ছে যে সরকারী জমি বিলি বণ্টনের জন্য বিভিন্ন রাজনৈতিক দল, শরিকি দল সেখানে গিয়ে একটা প্লটের জন্য এসে বিভিন্ন লোককে দিচ্ছে এবং তার ফলে সেখানে নানা রকম শরিকি গণ্ডগোল দেখা যাচ্ছে এবং বিভিন্ন জায়গায় যে শরিকি গণ্ডগোল হচ্ছে তার অনেক গুলি কারণের মধ্যে এটাও একটা কারণ। যেহেতু ভূমিরাজস্ব মন্ত্রী এখানে আছেন সেহেতু ভূমি সম্বন্ধে বলতে গিয়ে আমি আপনার কাছে অনুরোধ করছি যে সরকারের এই জমি বণ্টনকে কেন্দ্র করে যাতে করে এই রকম শরিকি গণ্ডগোল না হয় তার দিকে লক্ষ্য রাখবেন এবং একটা স্পষ্ট নীতি যাতে গৃহীত হয় যার ফলে নাকি এই রকম গণ্ডগোল না হতে পারে সেই রকম ব্যবস্থা অবলম্বন করুন—তাহলে আমি মনে করব যে যুক্তফ্রন্ট সরকার আরও শক্তিশালী এবং দৃঢ়তর হবে, নতুবা শক্তিহীন হয়ে পড়বে এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Rabin Mondal:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি এবং ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয়, ল্যান্ড রিফর্মস অ্যাক্ট-এর যে বিল এনেছেন আমি সেটা সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে আপনার মারফৎ কয়েকটি কথা মাননীয় মন্ত্রিমহাশয়কে ভেবে দেখতে অনুরোধ করছি। আমাদের দেশে ভূমি সংস্কার আইন যেটা বর্তমানে প্রচলিত রয়েছে তাতে এতকাল আইনসম্মত করা বর্গাদার তাদের যে যে ধারায় উচ্ছেদ করা যায় মাননীয় মন্ত্রিমহাশয় সেই উচ্ছেদের হাত থেকে আপাততঃ বন্ধ করার বিষয়ে চিন্তা করেছেন কিন্তু তাছাড়াও আরও কতকগুলি দিক রয়েছে যেটা তিনি এই বিলটার সংস্থাপন দিনে আলোচনা করেছেন, আমার মনে হয় সেগুলিও সহজেই এই আইনের মধ্যে বিধিবদ্ধ করা যেত। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের দেশে যারা ভাগচাষী তারা মারা গেলে তাদের ছেলেরা সেই জমি আর চাষ করতে পারে না এটা তিনিও জানেন, গতদিনে তিনি আলোচনায় রেখেছেন। তা সত্ত্বেও এই আইনের মধ্যে তাদের ছেলেদের সেই স্বার্থ রক্ষিত হয় নি দেখে আমি দুঃখিত। আমি আপনার মারফত মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রীকে অনুরোধ

করব যতে ভাগচাষীরা মারা গেলে তাদের ছেলেরা সেই জমি চাষ করতে পারে তার যেন একটা ব্যবস্থা করেন। কারণ একবার তাকে উচ্ছেদ করলে আজ পর্যন্ত আইনের যা প্রভিসন রয়েছে তাতে তার ছেলে আর ভাগচাষী হতে পারবে না।

[4-10—4-20 p.m.]

ফলে এই ন্যাচারাল এভিকসন রক্ষা করার জন্য আপনাকে ভেবে দেখতে অনুরোধ করছি। দ্বিতীয়তঃ আর এক ধরনের উচ্ছেদ হচ্ছে। ভাগচাষ কোর্টে মালিক না গিয়ে ফৌজদারী কোর্ট বা সিভিল কোর্ট-এর মারফৎ হয় ইনজানকসন না হয় ১৪৪ ধারা জারী করে ভাগচাষীকে জমিতে আসতে দিচ্ছে না। এই রকম আর এক ধরনের এভিকসন হচ্ছে। আইনের প্রভিসন থাকা উচিত যে ভাগচাষীকে উচ্ছেদ করতে গেলে মূলতঃ প্রথম স্তরে ভাগচাষ কোর্টে ছাড়া দেওয়ানী বা ফৌজদারী কোর্টে যাওয়া চলবে না এবং তাদের রায় ভাগচাষী মানতে বাধ্য নয়। আর একটা জিনিস ভাগচাষ কোর্ট ছাড়া অন্যান্য উপায়ে কিভাবে উচ্ছেদ হচ্ছে দেখুন। রেকর্ড অনুযায়ী মালিক রসিদ দেয় না। রেকর্ড যা ছিল তা কাটিয়ে দিয়েছে এবং এর ফলে চাষী উচ্ছেদ হচ্ছে। সে ক্ষেত্রে বর্তমান আইনে এমন কোন প্রভিসন নেই এই চাষী ভাগচাষী বলে স্বীকৃতি লাভ করতে পারে। সেজন্য আমার মনে হয় যদি মালিক তাদের রসিদ না দেন বা রেকর্ড না থাকে তাহলে পাশাপাশি চাষী বা গ্রামের লোক যদি সাক্ষ্য দেয় তাহলে সেই ভাগ-চাষী হিসেবে স্বীকৃতি লাভ করবে। এটা না থাকলে কংগ্রেস সরকার যা করেছেন সেই ডেফিনি-সন ছাড়া আজ পর্যন্ত সে বিষয়ে কিছু হয় নি। দ্বিতীয়তঃ কৃষিমজুর কবুলিয়ত স্ট্যাম্প-এ সই করিয়ে নেয়, ডেমিতে সই করিয়ে নেয়। ভাগচাষের যে অবজেকটিভ কণ্ডিসন তাতে এ সবের প্রোটেকসান-এর ব্যবস্থা থাকা উচিত বলে মনে করি। সেক্ষেত্রে যদি কোন মালিক এইভাবে লিখিয়ে নেন তাহলে আইনে তার পানিসমেন্ট হওয়া দরকার ভাগচাষ কোর্ট ছাড়া এস্তাকানামা লিখিয়ে নিয়েছে। দেওয়ানী ও ফৌজদারী কোর্টে বিভিন্ন মামলা দায়ের করে তাদের বিপদে ফেলছে। সে সব এস্তকনামা নাকচ করতে হবে। ১৯৫৫ সাল থেকে ভাগ চাষ কোর্ট ছাড়া অন্যভাবে যারা এভিকটেড হয়েছে তাদের জমি ফিরিয়ে দিতে হবে। সর্বশেষে, বর্তমান যে আইন রয়েছে তাতে জোতদার, বড় বড় জমির মালিকদের স্বার্থ রক্ষা করা হচ্ছে। আইনের মধ্যে এমন কোন প্রভিসন নেই যাতে ছোট ছোট জমির মালিকদের বর্তমান ল্যান্ড রেভিনিউ অ্যাক্ট-এর রুল ৩ দ্বারা রক্ষা করা যায়। তাই আমি অনুরোধ করব যে কম্প্রিহেনসিভ বিল আনবেন, তাতে যেন এসব বিষয়ে উল্লেখ থাকে। এই বলে যে আইন এনেছেন তাকে সমর্থন করে এবং বিশেষভাবে ভাগচাষীর ছেলেরা যাতে ভাগে জমি চাষ করতে পারে এবং দেওয়ানী বা ফৌজদারী কোর্টের দ্বারা যাতে কোন রকম ইনজানকসন না করতে পারে সেদিকে দৃষ্টি দিতে অনুরোধ করছি। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Ajit Kumar Biswas:**

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি ল্যান্ড রিফর্মস বিলের পক্ষে আমার বক্তব্য উপস্থিত করছি। যুক্তফ্রন্ট একটা প্রগতিশীল ভাবধারায় প্রতিষ্ঠিত। এই ফ্রন্ট-এর ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভিনিউ মিনিস্টার মাননীয় কোনার মহাশয় যে প্রস্তাব আমাদের সামনে উপস্থিত করেছেন এটাই প্রগতিশীল ভাবধারার প্রতিফলন ছাড়া আর কিছু নয়। আমি বিশ্বাস করি এতদিন যদি দেশের শাসনযন্ত্র প্রগতিশীল দলের হাতে থাকত তাহলে সেই দল শাসনযন্ত্র অধিকার করে প্রথমেই বর্গাদারদের সম্পূর্ণভাবে রক্ষা বা নিরাপত্তার ব্যবস্থা করত। কিন্তু যাঁরা এতদিন ছিলেন তাঁরা সেই পথ গ্রহণ না করে জোতদারদের পক্ষ অবলম্বন করে প্রতিক্রিয়াশীলদের পথ গ্রহণ করেছেন। এর ফলে বর্গাদাররা পরিশ্রম করে এবং রক্ত ক্ষয় করে যে ফসল উৎপাদন করেছে সেই ফসল ছিনিয়ে নেবার জন্য তাদের যে ভয় দেখান হয়েছে এবং উচ্ছেদ করা হয়েছে তার শত শত দৃষ্টান্ত আমার কাছে রয়েছে। আমি বিশ্বাস করি আইনের মাধ্যমে বর্গাদারদের নিরাপত্তা যদি আনতে হয় তাহলে ১ বছরের জন্য অর্থাৎ একটা টেম্পোরারী ফেজের জন্য আইন প্রনয়ণ করলে চলবে না এবং সেই জন্যই মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি ভবিষ্যতে নূতন বিল রচনা করে সর্বদিক দিয়ে তাদের স্বার্থ রক্ষা করবার ব্যবস্থা করুন।

এই প্রসঙ্গে আমি আর একটা জিনিস যা জানাচ্ছি সেটা হোল কিছু কিছু ছোটখাট মধ্যবিত্ত চাষী পরিবার আছে যাদের হয়তো অন্য কোন ব্যক্তি নেই যিনি উপার্জন করতে পারেন বা চাষের কাজ করতে পারেন এমন কোন ক্ষমতাবান লোকও হয়তো নেই তাদের সম্পর্কে চিন্তা করতে হবে, বিধবা যাদের অন্য পথ অবলম্বন করবার উপায় নেই তাদের সম্পর্কে চিন্তা করতে হবে, না-বালকদের সম্বন্ধে চিন্তা করতে হবে এবং তাদের রক্ষা করবার জন্য নজর দিতে হবে। এছাড়া আমি মনে করি অর্থনৈতিক দৃষ্টি দিয়ে বিচার করতে গেলে এই সমস্ত বর্গাদারদের অর্থনৈতিক জীবনে যদি গ্যারান্টি দিতে হয় তাহলে শুধু অধিকার পেলেই চলবে না, তারা যাতে জমির মালিকানা স্বত্ত্ব পায় সেই কথা চিন্তা করতে হবে। আমরা উচ্ছেদ বন্ধ করতে পারি ঠিক কথা, কিন্তু তারা যদি মালিকানার অধিকার না পায় তাহলে তাদের জমির ক্ষুধা নিবৃত্ত হতে পারে না। কাজেই যে সমস্ত জমি তারা জোতদারদের কাছ থেকে নিয়ে চাষের কাজ করছে সেখানে ওই জোতদারী ব্যবস্থা খতম করে ওই বর্গাদার যারা চাষ করছে তারা যাতে জমির মালিক হতে পারে সেদিকে আমাদের নজর দিতে হবে। আজকে কংগ্রেস পক্ষ থেকে একটা কথা বলা হয়েছে অর্থাৎ এই বিলের বিরোধিতা প্রসঙ্গে বলেছেন যে এটা ঠিক বিল নয়। হিন্দীতে একটা কথা আছে—"উল্টা চোর কোতোয়াল কো ডাঁটে"। এতদিন পর্যন্ত তাঁরা ওই সমস্ত জোতদারদের পক্ষ অবলম্বন করে বর্গাদারদের উপর আক্রমণ করেছে, পুলিস, গুন্ডা দিয়ে আক্রমণ করেছে এবং শাসনযন্ত্র সম্পূর্ণভাবে তাদের স্বার্থে প্রয়োগ করেছে এবং তারই ফলে জোতদাররা এত শক্তিশালী হতে পেরেছে। শুধু তাই নয়, এই সমস্ত জমি দখলের ব্যাপারে তারা আগ্নেয়াস্ত্র পর্যন্ত ব্যবহার করতে দ্বিধাগ্রস্থ হয় নি। এ'দের এতবড় সাহস কারা জুগিয়েছে? এই সমস্ত প্রতিক্রিয়াশীল শক্তি যারা জোতদারদের হাত মজবুত করেছে, যারা বেআইনী কাজে প্রশ্রয় দিয়েছে সেই কংগ্রেস আজ কুম্ভিরাশ্রু বিসর্জন করছে।

আমি বলি এটা আর কিছু নয় এটা যুক্তফ্রন্টকে হেয় প্রতিপন্ন করার জন্য একটা পদক্ষেপ। সেই কারণে আমি বলি যে তাঁদের মুখে একথা শোভা পায় না। তার জন্য একথা বলি যে এই বিল সামগ্রিকভাবে বিচার করে একথা নিঃসন্দেহে বলতে পারি এটা হল প্রগতিশীল বিলের প্রথম পদক্ষেপ। ভবিষ্যতে আমাদের মন্ত্রিমহাশয় তাঁর সমস্ত প্রগতিশীল চিন্তাধারার মধ্য দিয়ে নূতন বিল রচনা করে ভাগচাষীদের সম্পূর্ণ রক্ষা করবেন।

[4-20—4-30 p.m.]

**Shri Gangadhar Naskar:**

শ্রীগঙ্গাধর নস্কর: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয় ভাগচাষীদের রক্ষা করবার জন্য যে বিল এনেছেন, সেই বিলকে আমি আন্তরিক সমর্থন করছি। সমর্থন করে আমি দু-একটি কথা বলছি। আমি দেখছি ২০।২২ বছরের মধ্য দিয়ে লক্ষ লক্ষ কৃষক জমি থেকে উচ্ছেদ হয়েছে, কংগ্রেসী আমলে যে সমস্ত আইন আনা হয়েছে তা থেকে দেখা গেছে ভাগচাষীদের রক্ষা করবার জন্য একটি আইনও আনা হয় নি যে আইনের মধ্য দিয়ে ভাগচাষীদের উচ্ছেদ বন্ধ হয়। আমরা দেখেছি যে ভাগচাষীকে সাদা কাগজে সই করিয়ে নেওয়া হয়েছে এবং সেই সই নিয়ে পরবর্তী ধাপে তাকে সাধারণ কৃষিমজুর হিসাবে কবুলিয়ত-নামা করে নিয়েছে—হাল আমার, লাংগল আমার, বীজ ধান আমার এ ভাগচাষী ভাগচাষী নয়, আমার চাকর হিসাবে আমার জমিতে কাজ করেছে। এইভাবে সাদা কাগজে সই করিয়ে তাকে ভাগচাষ থেকে বঞ্চিত করা হয়েছে এটাই দেখা গেছে। এই ভাগচাষীকে উচ্ছেদ করে কেন? কি লাভে জমিদাররা জোতদাররা ভাগচাষীকে উচ্ছেদ করে? একটা চাষীকে উচ্ছেদ করে আর একটা চাষীকে বসায় কেন? তার কারণ হচ্ছে ভাগ সেলামী, একটা চাষীকে উচ্ছেদ করে নূতন চাষীকে বন্দোবস্ত করার সময় হয়তো ৫ টাকা নিল, সেই চাষীকে আবার উচ্ছেদ করে যখন নূতন চাষীকে বসায় তখন ১০ টাকা করে ভাগ সেলামী নেয়। সেলামী দিয়ে তবে জমি চাষ করতে হয়। এইভাবে তারা সেলামী নেয় পার্বনী কয়ালী, খামার চাচনী, কাকতাড়ানী নেয় এবং এইভাবে চাষীর সর্বস্ব লুঠ করে নেয়। আমরা দেখেছি সুন্দরবন অঞ্চলে চাষীকে নানা কায়দায় তাদের ধান জমিদাররা জোতদাররা লুঠ করে নেয়। যাই হোক, আমি আর একটা কথা

বলি। মাননীয় সদস্য সাত্তার সাহেব একথা বলেছেন যে রাজস্ব মন্ত্রিমহাশয় ভেড়ী উচ্ছেদের উস্কানি দিচ্ছেন। আমি এই কথা বলবো ভেড়ীর জমির যারা মালিক, যারা যুগ যুগ ধরে এই মৌরশী মোকরারি স্বত্ব ভোগ করছে, চাষীর জমি কেড়ে নিয়ে জোর করে চাষীকে জমি থেকে উৎখাৎ করে জমিতে ময়লা জল ঢুকিয়ে বিদ্যাধরী নদীর জল তুলে হাজার হাজার চাষীকে উৎখাৎ করে সেই জমিতে ফিসারী করেছে, আজকে যদি সেই চাষী তাদের অধিকার প্রতিষ্ঠিত করবার জন্য সেই জমি অধিকার করে, তাহলে অন্যায় কোথায়? চাষী তার নিজের হৃত জমি পুনরুদ্ধার করে স্বাধিকার প্রতিষ্ঠা করেছে মাত্র।

**Shri Hare Krishna Konar:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিতর্কের উত্তরে আমি শুধু একটি কথা দুটি কথা বলবো। মাননীয় কংগ্রেস সদস্যরা যে মনোভাবের পরিচয় দিয়েছেন, আমি তার জবাব দিতে চাই না এবং আমি তাতে আশ্চর্যও হই নি। কারণ তারা যে স্বার্থের প্রতিনিধি, তাদের স্বার্থ তাদের বক্তৃতার মধ্য দিয়ে প্রকাশিত হয়েছে।

আমি একথা যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে বলতে চাই—একদিকে জোতদার, আর একদিকে বর্গাদার উভয়কে আমরা সমান চোখে দেখি না। আমি মনে করি বর্গাদাররা দুর্বল, তারা গরীব। তাদের রক্ষা করা আমাদের কর্তব্য হচ্ছে অত্যন্ত পবিত্র কর্তব্য। সে কর্তব্য আমরা রক্ষা করবো। তাদের সেই অধিকার ও কর্তব্য করতে গিয়ে আমরা ছোট ছোট মালিকের ন্যায়সংগত অধিকারকে নিশ্চয়ই আমরা বিবেচনা করবো। কিন্তু বড় বড় জোতদারদের প্রতি আমাদের কোন দরদ নাই, কোন ক্ষমতা নাই। সেই ক্ষমতা বা দরদ আমাদের কাছ থেকে তারা পাবে না।

ও'রা বলেছেন আমাদের এই আইনের দ্বারা নাকি শ্রেণী সংগ্রাম আরও বাড়িয়ে চলেছে। না, এর দ্বারা কোন শ্রেণী সংগ্রাম বাড়বে না। যে শ্রেণী সংগ্রাম আছে, যা সেখানে চলছে, সেই শ্রেণী সংগ্রামে এতদিন কংগ্রেস গভর্নমেন্ট সহায়তা করেছেন, তাঁরা গরীব চাষীদের এতদিন পিষিয়েছেন। আমরা সেই গরীব চাষীদের হাত-পা সুদৃঢ় করতে চাই, সেই দুর্বল গরীব চাষীদের পাশে গিয়ে আমরা সরকারী যন্ত্র নিয়ে দাঁড়াতে চাই। ও'রা বলেছেন যা কিছু করুন, আইনসংগতভাবে করুন। আইনসংগতভাবে যদি করতে যাই তাতে অনেক অসুবিধা আছে। আইনসংগতভাবে সবকিছু করতে পারছি না যতক্ষণ না ভূমি সংস্কার আইন পরিপূর্ণভাবে সংশোধন করতে পারছি। তবে এও আমরা জানি যে সবই আইনের মাধ্যমে সংশোধন করতে পারা যায় না। যাদের টাকা আছে তারা কোর্ট কাছারীতে গিয়ে মিথ্যা সাক্ষ্য দিতে পারবে, দলিল দেখাতে পারবে, যেখানে সম্ভব নয় সেখানেও অতি সহজে ইনজাংসন জোর করে করতে পারবে। আইনে পথটা কোথায়? তারা যে আইন করলেন সেই আইনের ফাঁক দিয়ে হাজার হাজার বিঘা জমি বেরিয়ে গেল। এই আইনের ফাঁক দিয়েই হাজার হাজার বিঘা জমি তারা চুরি করেছে এবং হাজার হাজার টাকা ফি দিয়ে সিদ্ধার্থবাবুর মত ব্যারিষ্টার রাখতে পারবে। কি করবে গরীব চাষী দুর্বল চাষী। তাদের সামর্থ কোথায়? আমরা জানি গরীব কৃষক তারা যদি সংগঠিত না হয়, আমাদের পাশে যদি না দাঁড়ায়, তাহলে আমরা একা গভর্নমেন্ট তাদের রক্ষা করতে পারবো না। আমরা তাদের উৎসাহ দেব এবং উৎসাহ দিয়েই যাব। এতে কেউ কেউ আতঙ্কিত হয়ে পড়ছে। আমরা এতে আতঙ্কিত নই। ও'রা যখন গাল দেন তখন আমরা মনে করি আমরা সঠিক পথে চলছি। আর জোতদারদের বন্ধুরা যদি আমাদের সমর্থন করেন তখন বুঝতে হবে আমাদের কোন পদস্খলন হচ্ছে। ও'রা যখন গাল দিচ্ছেন তখন বুঝতে পারছি ও'দের গায়ে একটু লেগেছে। পুরো না পারলেও একটু তাদের ন্যাংটা করতে পেরেছি। আমি ডাঃ সান্যালকে বলতে পারি আমরা তাদের ন্যাংটা করতে চাই। আমরা তাদের জনসাধারণের সামনে দাঁড় করাতে চাই। অনেকে জিজ্ঞাসা করেছেন এটা এক বছরের জন্য কেন? আমি তাদের বলবো—সমগ্র আইনটা আমরা এক বছরের মধ্যে সামগ্রিকভাবে ঢেলে সাজাতে পারবো এবং এখানে পেশ করতে পারবো বলেই এক বছরের জন্য এটা করেছি। তা সত্ত্বেও উচ্ছেদ হবে। আইনের জন্য তো হবেই। সাত্তার সাহেব একটা উদ্বেগ প্রকাশ করেছেন এতে নাকি উচ্ছেদের হিড়িক পড়ে যাবে। পাকাপোক্তভাবে চাষী

উচ্ছেদ হবে। মালিক নাকি চাষীদের ভয় দেখাচ্ছে। আমি তাদের আশ্বাস দিতে পারি—মালিকের এই চক্রান্ত আমরা সফল হতে দেব না। আমরা একদিকে ছোট ছোট মালিকদের বোঝাব যে তাদের ভয়ের কোন কারণ নেই, অন্য দিকে গরীব মানুষদের জাগিয়ে তুলবো যে তোমা-দেয় হাতে আইনের দণ্ড তুলে দিচ্ছি, সে দণ্ড তোমরা প্রয়োগ কর এবং কোন জায়গায় যদি উচ্ছেদ হয় আমাদের খবর দিলে আমরা আমাদের পুলিস ও আমাদের অফিসারদের নির্দেশ দেব যে যারা উচ্ছেদ করবে তাদের ধরে যেন জেলে পোরা হয় সে ব্যবস্থা আমরা করবো, আপনারা সেদিকে নিশ্চিন্ত থাকতে পারেন। তারপর শ্রীদেবেন দাস মহাশয় যে সংশোধনী এনেছেন তার বক্তব্যের সঙ্গে আমি একমত হলেও এটা আইনের মধ্যে আসে না। এটা ভূমি সংস্কার আইনের সংশোধনে আসবে। ডাঃ সান্যাল যে অ্যামেন্ডমেন্ট দিয়েছেন সেটা আমাদের সোজা আইনের সম্পূর্ণ বিরোধী। তিনি বলেছেন, যে জমিতে উচ্ছেদের বায় হয়ে গিয়েছে সেগুলি যেন কার্যকরী করা হয়। তাহলে তো অর্ডিন্যান্সের দরকারই হোত না। তিনি বলেছেন উচ্ছেদ বন্ধ হতে পারে যদি এই এইগুলি হয়, একই জিনিস করে দিয়েছেন। কাজেই এগুলির সম্বন্ধে আর বলার প্রয়োজন নেই। আমি এই সবগুলির বিরোধিতা করছি। আমি আশা করবো এই আইনটা সকলে মিলে অনুমোদন করবেন।

[4-30—4-40 p.m.]

The motion of Shri Hare Krishna Konar that the West Bengal Land Reforms (Amendment) Bill, 1969, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

**Mr. Deputy Speaker:** There are amendments to clause 2 given by Dr. Nalinaksha Sanyal and Shri Deben Das. Amendment No. 2 is out of order. I now call upon Dr. Sanyal to move his amendments.

**Dr. Nalinaksha Sanyal:** Sir, I beg to move that in clause 2, in proposed section 21A(c), lines 1 to 2, the words "commenced under sub-section (2) of section 20 for execution of orders" omitted.

স্যার, এর তাৎপর্য অত্যন্ত সহজ। ইতিপূর্বে আমি আমার বক্তব্য রেখেছি। কাজেই আমি আমার বক্তব্যকে দীর্ঘ করে সময় নিতে চাই না। স্যার, এই ক্লজে তিনটি অংশ রয়েছে। প্রথম অংশে নূতন করে কোন প্রসিডিংস-এ বর্গাদার উচ্ছেদ করা চলবে না। আমরা তাতে সম্পূর্ণভাবে সমর্থন জানাচ্ছি। দ্বিতীয় অংশে রয়েছে যে ভাগচাষী বোর্ডের কাছে যে অ্যাপিলের প্রস্তাব রয়েছে সেটাও বর্তমানে আর কোন এক বছরের জন্য কাজ হবে না, স্থগিত থাকলো। কিন্তু তৃতীয় অংশ যেটা রয়েছে আমি শুধু সেটার উপরেই জোর দিচ্ছি। যেটা লেখা আছে, যেটা আইনের মাধ্যমে অর্ডার হয়ে গিয়েছে এবং সেই অর্ডার অনুযায়ী এক্সিকিউট করবার কাজটা বাকি রয়েছে সেই অবস্থায় নতুন বিলে লেখা রয়েছে যে সেটা বন্ধ হয়ে যাবে। আমার বক্তব্য হচ্ছে যে আইনটাকে যদি এইভাবে ব্যাহত করি তাহলে বেআইনী চলবে। এই-জন্য আমার ভয় হয় যে যদি এই শেষ অংশটুকু বাদ না দেন তাহলে এই আইন ঠিক কার্যকরী হবে না। যে উদ্দেশ্যে ব্যবস্থা হচ্ছে সেই উদ্দেশ্যই ব্যাহত হবে। সেইজন্য এই অংশটুকু তুলে দেবার জন্য আমি প্রস্তাব করছি।

Sir, I beg to move that in clause 2 the following proviso be added to proposed section 21A:—

"Provided that the Bargadar faithfully cultivates the land and meets his obligation to give to the owner his legitimate dues as provided in the West Bengal Land Reforms Act, 1955."

এর তাৎপর্য হচ্ছে এই যে একটা বর্গাদরকে আজকে প্রোটেকসান দিলাম যে তোমাকে উচ্ছেদ করা হবে না। সেই প্রোটেকসানের আওতায় গিয়ে সে যদি জমি চাষ না করে তবুও কি তাকে সেই বেনিফিট দেব? মন্ত্রিমহাশয় যেটা বলছেন তাঁর সগে আমি সম্পূর্ণ একমত যে বর্গাদাররা যাতে তাদের নিজেদের জমি থেকে উচ্ছেদ না হয় তার জন্য তাদের সম্পূর্ণ রক্ষা করবো এবং দুর্বলদের পাশে এসে তিনি দাঁড়াবেন। তাতে কিন্তু আমার আপত্তি নেই, আমিও তাঁর পাশে এসে দাঁড়াতে প্রস্তুত আছি। কিন্তু যদি দেখি যে সে জমিটা নিল, চাষ করল না—ইতিপূর্বে মন্ত্রিমহোদয় একটা আইনে বলেছেন যে ম্যাজিস্ট্রেট সাহেবকে ক্ষমতা দিচ্ছেন যে যদি কোন চাষযোগ্য জমি অনাবাদী থাকে তাহলে সরাসরি তা নিয়ে নিতে পারবেন এবং এক বছরের জন্য সে জমিতে যাতে চাষ হয় তার ব্যবস্থা করবেন। এই দুটোর সঙ্গে সংগতি থাকছে না। কাজেই আমি বলছি বর্গাদাররা যদি জমি নিয়ে ফেলে রেখে দেয় তাহলে সেটা তাদের উপকারে আসবে না এবং যাদের জন্য আপনারা এত অশ্রু বিসর্জন করছেন, কুম্ভীরাশ্রু বলব না, তাদের কোন উপকারে আসবে না। কাজেই আমি বলছি যদি সে জমি চাষ না করে তাহলে তাদের একটিও এই নূতন আইনের মধ্যে আসবে না। এমন একটা ব্যবস্থা থাকলে তবেই সে চাষে মন দেবে। সেই জন্য আমি এই সংশোধনী প্রস্তাব এনেছি।

Provided that the Bargadar faithfully cultivates the land and meets his obligation to give to the owner his legitimate dues as provided in the West Bengal Land Reforms Act, 1955.

এখানে আরও একটি কথা আছে। যদি সরকার মনে করেন যেকোন আইন যেকোন ভাষায় করলে সেটা সর্বসম্মতিক্রমে গৃহীত এখানে হবে এবং সেটাতে আমরা যদি দোষত্রুটি দেখি এমনি সঙ্গে সঙ্গে চাবুক তৈরী করবেন জোতদারদের ওকালতি করছেন, তাহলে তো বিলের কোন আলোচনাই চলে না। আমরা আমাদের যথাসম্ভব জ্ঞান বুদ্ধিতে এই আইনটা যাতে ঠিকভাবে হয়, স, দেশের লোকের কল্যাণে লাগে তার চেষ্টা করছি, তাতে হয়তো আমাদের মতের সঙ্গে আপনাদের মতের মিল না থাকতে পারে। কিন্তু এই মতের না মিলের জন্য যদি একটা নেটিভ এক্সক্রাইব করতে যান, তাহলে বিলের আলোচনাই চলে না। আপনি দেখুন আমাদের সংবিধানে রয়েছে, যদি আমরা কারও কোন সম্পত্তি দখল করতে যাই, আইন করে যদি নিতে যাই তাহলে আর্টিকেল ৩১ অব দি কন্সটিটিউসন অব ইন্ডিয়া তাতে বাধা পড়ে। মন্ত্রিমহাশয় এখানে একটা বাহবা নিলেন—তিনি বললেন যে সিদ্ধার্থবাবু জোতদারদের সাহায্য করার দলে থাকেন, আর হাইকোর্টে থাকেন। হাইকোর্টকে যদি যখন তখন ইচ্ছামত ব্যবহার করি তাহলে গরীবদের পুঁজি কখনও রক্ষা হবে না। আমাদের যা দরকার নেই, তাদের দরকারে তা নিয়ে নিন, কিন্ত নেবার জন্য ক্ষতিপূরণের ব্যবস্থা করতে হবে। এখানে বক্তব্য হচ্ছে এই যে জমির মালিকের যে ন্যায়সংগত অধিকার রয়েছে সেই অধিকার থেকে যদি তাকে বঞ্চিত করতে চান, তাহলে আপনাকে তার জন্য ক্ষতিপূরণের ব্যবস্থা করতে হবে আইনের মাধ্যমে। তা যদি না করেন, তাহলে আইনটা বেআইনী হয়ে যাবার ভয় আছে। সেইজন্য বলছি আপনাদের নিজেদের আইনে বাঁচাবার জন্য এই সংশোধনী গ্রহণ করা উচিত। আমি আর বিশেষ কিছু বলব না। আমার এই যুক্তি বা পদ্ধতি যদি গ্রহণ না করেন তাহলে তার জন্য যে ফল ভোগ করতে হবে আপনারা তখন আমাদের দোষ দিতে পারবেন না এবং তখন যেন দোষ না দেন।

**Mr. Deputy Speaker:** The Hon'ble Minister may reply.

**শ্রীহরেকৃষ্ণ কোনারঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার আর কিছুই বলার নেই। আমি এর বিরোধিতা করছি। আপনি মতামত গ্রহণ করুন।

The motion of Dr. Nalinaksha Sanyal that in clause 2, in proposed section 21A(c), lines 1 to 2, the words "commenced under sub-section (2) of section 20 for execution of orders" be omitted, was then put and lost.

The motion of Dr. Nalinaksha Sanyal that in clause 2 the following proviso be added to proposed section 21A:—

"Provided that the Bargadar faithfully cultivates the land and meets his obligation to give to the owner his legitimate dues as provided in the West Bengal Land Reforms Act, 1955",

was then put and lost.

[4-40—4-50 p.m.]

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3 and Preamble

**Mr. Deputy Speaker:** There are no amendments to clause 3 and Preamble. The question that clause 3 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to move that the West Bengal Land Reforms (Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**The West Bengal Acquisition and Settlement of Homestead Land Bill, 1969**

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to introduce the West Bengal Acquisition and Settlement of Homestead Land Bill, 1969, and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill.)

**Mr. Deputy Speaker:** The Hon'ble Minister may now move the consideration of the Bill.

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to move that the West Bengal Acquisition and Settlement of Homestead Land Bill, 1969, be taken into consideration.

মাননীয় স্পীকার মহাশয়, আমি এই বিলের শুধু একটা বিষয়ের উপর আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বাংলাদেশের গ্রামাঞ্চলের সংগে যারা পরিচিত তারা জানেন যে বাংলাদেশে হাজার হাজার গরীব কৃষক আছে, বিশেষ করে ক্ষেত মজুর যারা উপজাতি এবং তপশীলী সম্প্রদায়ভুক্ত, এদের নিজেদের কোন বাস্তু ভিটা নেই। আমি এর অতীত ইতিহাসে যেতে চাই না। কিভাবে এরা এলো, কিভাবে এদের বসতী হলো, এ ইতিহাসে আমি কিন্তু যেতে চাই না। আমার নিজের জেলাতে আমি দেখেছি যে আগে চাষের জন্য বাইরে থেকে সাঁওতাল বা অন্য মজুরদের নিয়ে আসা হতো। ধীরে ধীরে তারা গত ৫০ বছরে এখানে বসতী করেছে। এ ছাড়াও আমাদের এখানে অনেক গরীব মানুষ আছে, এই যে হাজার হাজার, লক্ষ লক্ষ গরীব মানুষ, যাদের একটা মাথা গোঁজার কোন জায়গা নেই, এরা করেছিল কি, এরা হয়তো কোন পুকুর পাড়ে বা মাঠের পোড়ো জায়গায় ঘর তুলে তারা দিনের পর দিন বাস করে আসছে। কিন্তু এদের জমিগুলো রেকর্ডেড হয়নি। এমন কি গত সেটেলমেন্টের সময়ও জমিদারদের এবং গ্রামের মোড়ল মাতব্বরদের চাপের ফলে, এদের থাকা সত্ত্বেও ফিল্ড সার্ভে-তে এদের বসতীগুলো রেকর্ডেড হয়নি। যে অল্প কিছু জায়গা রেকর্ডেড করা হয়েছে তাও সেখানে অধিকার দেওয়া হয়নি। শুধু অনুমতি দখল বা জবর দখল যাদের কোর্টের মাধ্যমে অতি সহজে উচ্ছেদ করা যায়। এই যে লক্ষ লক্ষ গরীব মানুষকে যাদের স্বাধীনতার পর গত ২১ বছরেও যাদের একটুও মুখের অন্ন জোগাড় করে দিতে পারা যায় নি কিন্তু তাদের মাথা গোঁজবার জায়গাটুক যা তারা নিজের চেষ্টায় ঘর বানিয়েছিল, গত ২১ বছরের কংগ্রেস শাসনে এদের মাথা গোঁজার জায়গাটুকুর

অধিকার দেওয়া হয়নি, সেই জায়গায় তাদের নিরাপত্তা দেওয়া হয়নি। সে যাইথাক তারা নিজেরা করেছিল সেই জায়গায়ই তাদের নিরাপত্তা দেওয়া হয়নি এবং আমরা দেখছি জমির দাম আস্তে আস্তে বেড়েই যাচ্ছে। অনেকের কোন অধিকার নেই, রেকর্ড নেই, অল্প লোকের মাত্র রেকর্ড আছে। দেখা যাচ্ছে কোথাও গায়ের জোরে, কোথাও কোর্টের আশ্রয় নিয়ে এদের উচ্ছেদ করা হয়েছে। এবং এই আইন উচিত ছিল অনক আগেই করা। এটা এমন কিছু শ্রেণী সংগ্রামের ব্যাপার নয়। গরীব মানুষের যে অধিকার তাকে রক্ষা করা দরকার ছিল। কংগ্রেস আগলেই করা উচিত ছিল কিন্তু তা করেন নি, দাবী করা সত্ত্বেও তারা করেন নি। একমাত্র ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট মন্ত্রিসভা এই আইন পাশ করে কিন্তু পাশ করার পর কেন্দ্রের অনুমতি প্রয়োজন হওয়ায় কেন্দ্রের কাছে পাঠিয়ে দেওয়া হয়। কেন জানি না কোন রহস্যজনক কারণে এখান থেকে কেউ বাধা দিয়েছিলো কিনা জানি না—কেন্দ্রীয় গভর্নমেন্ট এটাকে তিন-চার মাস আটকে রেখে দিলেন। তারপর আমাদের যুক্তফ্রন্ট সরকারকে বিতাড়িত করা হলো। তারপর হল কি এই আইনটা অনুমোদিত হয়ে এল। কিন্তু ওখান থেকে অনুমোদিত হয়ে এলেও তখন এখানে পুলিসী ব্যবস্থা ছিলো, তারা একে গেজেট করলেন না সঙ্গে সঙ্গে এটাকে ভ্রূণ হত্যার মতো মেরে দেওয়া হলো। এটা এতদিন পড়েছিল। বাংলাদেশের মানুষকে এরমধ্যে অনেক সংগ্রাম করতে হয়েছে, অনেক মার খেতে হয়েছে, অনেক অত্যাচার সহ্য করতে হয়েছে, তারপর নির্বাচনের মাধ্যমে যুক্তফ্রন্ট সরকার কায়েম হওয়ার পরে আমরা এই অর্ডিন্যান্স পাশ করেছি এবং আজকে স্থায়ী বিল নিয়ে আসতে চাই। আমি জানি গরীবের এতে এমন কিছু উপকার করা যাবে না, এতে তাদের অন্নের ব্যবস্থা করা যাবে না, তবে তাদেরকে মাথা গোঁজার পাঁচকাঠা জমি দেওয়া যাবে। আজকে এইটুকু করা যাবে, এতে লক্ষ লক্ষ গরীব কৃষককে বলতে পারবে না কেউ বেটা উঠে যা আমার জমি থেকে। গরীব মানুষ মাথা তুলে দাঁড়িয়ে বলতে পারবে আমি কারো বাবার জায়গায় বাস করি না, আমি নিজের জায়গায় বাস করছি। এই কথা যাতে লক্ষ লক্ষ লোক বলতে পারে সেই জন্য এই আইনটি। আইনের [illegible] জমি আছে [illegible] পরন্তু সেটা [illegible] দেখেছি [illegible] জমি সংস্কার আইনে ওরাও সরকারী খাস জমি পাবার যোগ্য। যদিও ডাং সান্যালের এটা পছন্দ নয় উনি তাকে [illegible] চান [illegible] বেশী দেবেন চান না। [illegible] আইন হচ্ছে যাদের জমি নাই এক বা দু একরের কম [illegible] যদি অন্য জায়গা বাস সেই জায়গায় যার [illegible] বছর [illegible] বাস বসবাস [illegible] তাদের তাড়ানো যাবে না এই আইন পাশ হওয়ার পরে। কোর্টে মামলা [illegible] মামলা বন্ধ হয়ে যাবে, উচ্ছেদ মামলা বন্ধ হয়ে যাবে। এই আইনে দরখাস্তের [illegible] যে সব আছে প্যারাফারনেলিয়া [illegible] দরখাস্ত [illegible] ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে ইত্যাদি বহু কিছু, আমি সেই জায়গায় করেছি দরখাস্ত নাও [illegible] ডিস্ট্রিক্ট কালেক্টর বা যে অফিসার হবেন তারা সেটা নিরোপায়ী করতে পারবেন। পাঁচ [illegible] পারাপরাল [illegible] দেওয়া হবে। আইন অনুযায়ী অ্যাকোয়ার করা হবে [illegible] দেওয়া হবে। কিন্তু জমির মালিক কি পাবে, কিছু পাওয়া উচিত নয়। কারণ যে জমি বছরের পর বছর [illegible] দেখছে তাতে তার ন্যায়সংগত কোন অধিকার নেই এবং পাওয়া উচিতও নয়। [illegible] মালিকের ক্ষতিপূরণ দেব কেন? দেওয়া উচিত নয় এই কারণে। কিন্তু আমাদের দেশের অবস্থা কি? ওই জমিতে ১০ বছর ধরে বাস করছে এই [illegible] হয়তো দাম দিল না কিন্তু ক্ষতিপূরণ না দিলে চলবে না। [illegible] আইন [illegible] অটিক না দিলে [illegible] দেওয়ার ব্যবস্থা করেছি। আজকে কিন্তু মালিক এক পয়সাও পাচ্ছে না তা সত্ত্বেও আমরা দিচ্ছি। আমার [illegible] কমিউনিস্ট পার্টির লোক হওয়া সত্ত্বেও জমিদারকে দিতে হচ্ছে। কিন্তু কি করব বর্তমান সংবিধান অনুযায়ী এছাড়া আমার গত্যন্তর নেই। সুতরাং ঐ জমির [illegible] পাওনা হওয়া উচিত [illegible] ১০ গুণ টাকা ওদের ন্যায়সংগত ক্ষতিপূরণ। আমি আশ্চর্য হয়ে গেলাম। দিল্লির কেন্দ্রীয় গভর্ণমেন্ট [illegible] এমনকি কোর্টের রায় পর্যন্ত [illegible] ১০ গুণ এই আইনকে অনুমোদন করেছেন বলে, আমার কাছে চিঠি পাঠিয়েছেন আপনারা যদি একটু চিন্তা করে দেখেন তাহলে দেখবেন যে ১০ গুণ ক্ষতিপূরণ তাদের ন্যায্য হয়েছে কি না। আর একটু বেশী দেওয়া উচিত কি না? আমি দেখছি দিল্লির কংগ্রেসী নেতারা, গভর্ণমেন্টের মন্ত্রীরা লিখে পাঠিয়েছেন আর এখান থেকে দেখছি ডাং সান্যাল একই ধরনের সংশোধনী

দিয়েছেন যে ওটা আরো বাড়িয়ে দেওয়া হোক, ক্ষতিপূরণ দেওয়া উচিত ছিল না। কিন্তু খাজনার যদি ২০ গুণ ক্ষতিপূরণ দেওয়া হয় তাহলে কম দেওয়া হচ্ছে না, আমাদের আইনে এইটুকু বিধান আছে, এই আইন পাশ হওয়ার সঙ্গে সঙ্গে এটা কার্যকরী হবে। মাননীয় সদস্যদের শুধু একটি কথা অনুরোধ করছি যেহেতু থার্ড রিডিং কিছু বলবো না। আইন পাশ করলেই কার্যকরী হবে না। যারা মাননীয় সদস্য আছেন, বাংলাদেশের বিভিন্ন গণ-আন্দোলনের কর্মী যারা আছেন, তাদের কর্তব্য হবে ঐ ফরম জোগাড় করে নেওয়া, ফরমটা টাইপ করে নেওয়া এবং কিছু কিছু গরীব কৃষক তাদের দিয়ে দরখাস্ত করে নেওয়া। শুধু আইন থাকলেই ঐ চোথা কাগজের বাক্সে পড়ে থাকবে যদি আইনকে কার্যকরী করা না হয়। আমরা নিশ্চয়ই আমাদের অফিসারদের নির্দেশ দেব। আমি মন্ত্রী হিসাবে যেটুকু করা আমি নিশ্চয়ই করবো। কিন্তু উপর থেকে নির্দেশ দিলেই হবে না যদি তলা থেকে সাধারণ মানুষ, সাধারণ কর্মী এগিয়ে না আসেন। তারা সেই দায়িত্ব গ্রহণ করবেন, করে তার জন্য সেখানে দরখাস্ত করেন, তার তদ্বির-তদারক করেন, ফেলে রেখে না দিয়ে যাতে তাড়াতাড়ি হতে পারে তার ব্যবস্থা করবেন। আইন প্রয়োগ করতে গিয়ে যদি কোথাও ত্রুটি পাওয়া যায় তাহলে আমাদের কিছু অসুবিধা হবে না কারণ আবার নভেম্বরের সেসনে সেটা সংশোধন করতে কিছু দেরী হবে না। এই আইনটা ওভারডিউ, এটা অনেক আগে প্রণয়ন করা উচিত ছিল। স্বাধীনতার ১ বছর, ২ বছর-এর মধ্যে করা উচিত ছিল। কিন্ত এতদিনেও হয়নি, তার জন্য আমি দেশের লক্ষ লক্ষ গরীবদের কাছে ক্ষমা চাইবো যে এই কাজটা করতে পারা যায়নি। আগেকার যে সরকার ছিল তারা করেননি সেজন্য আমাদের নিশ্চয়ই দায়ী হতে হবে। আজকে সেটুকু কর্তব্য আমরা করবো। আশাকরি মাননীয় সমস্ত সদস্যরা এই পয়েন্টটা গ্রহণ করবেন এবং এই নিয়ে অন্ততঃ বেশী তর্কবিতর্ক-এর দিকে যাবেন না। এই অনুরোধ করে আমি এই বিল আপনাদের বিবেচনার জন্য রাখছি।

[4-50—5 p.m.]

**মিঃ ডেপুটি স্পীকারঃ** মাননীয় সিদ্ধার্থশংকর রায়, মাননীয় হোম মিনিস্টার যে স্টেটমেন্ট দিয়েছিলেন, ইথোরা ঘটনার উপরে সে সম্পর্কে দৃষ্টি আকর্ষণ করে একটি পয়েন্ট তুলে যে বক্তব্য রেখেছিলেন, সেই সময়ে মাননীয় হোম মিনিস্টার মহাশয় এখানে উপস্থিত ছিলেন না। তাই সে সম্পর্কে যদি কিছু বলবার থাকে তাহলে বলুন।

**শ্রীজ্যোতি বসুঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি দুঃখিত যে আমার সেই বিবৃতির পরে আবার কোন একটা সুযোগে শ্রীসিদ্ধার্থশংকর রায় এটাই বোঝাতে চেষ্টা করেছেন এখানকার সকলকে যে, আমি বোধ হয় কোন অসত্য কথা বলেছিলাম। আমি বাইরে গিয়েছিলাম কিছুক্ষণের জন্য, ফিরে এসে এসব কথা শুনলাম। আমি কি বলেছিলাম সেটা আপনাকে মনে করিয়ে দিচ্ছি, Yesterday I thought that some members from the opposition benches said that two lives were lost at Ethora. I thought some members...............
এটা আমি বলেছিলাম। শ্রীসিদ্ধার্থশংকর রায় যে মোশান দিয়েছেন সেটা আমি জানিয়েছি অফিস থেকে। সেখানে এই ২ জনের কথাই আছে

Brutal murders of a student and Headmaster in village of Ethora near Asansol. শ্রীনেপাল রায়, আশা করি উনি এখনও কংগ্রেস সদস্য আছেন। এখানেও ঠিক একই ব্যাপার Murder by the C.P.I.(M) supporters on 5th July in Ethora, Headmaster and student were killed.

আর শ্রীমতি আভা মাইতি খালি একমাত্র আছেন। তিন জনের মধ্যে যদি ২ জন এটা বলে থাকেন, তাহলে আমার এই স্টেটমেন্টে কি ভুল আছে? আর আমাকে ঐখানে সিদ্ধার্থশংকর রায় দাঁড়িয়ে যে ২ জন বলেছে—শ্রীমতি মাইতি ছিলেন কিনা জানি না, উনি কোন প্রতিবাদ করেন নি। কিন্তু যে লেখেনি, যে শুধু ২ জনের কথা লিখেছে এবং সরেজমিনে তদন্ত করতে ও'রা দল বেঁধে গিয়েছিলেন, এটা আমি জানি। আর এসে সিদ্ধার্থশংকর রায়, উনি নাকি অপোজিসান লিডার, তার বিবৃতি এখানে আছে, যে ২ জন মারা গেছে। তাহলে আমি ভুল কি বলেছি? ভুল আমি বলিনি।

**শ্রীবিজয় সিং নাহারঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, শ্রীজ্যোতিবাবু যে কথাটা বললেন এটা সম্পূর্ণ ঠিক নয়। উনি যে স্টেটমেন্টে বলেছেন, সাম মেম্বার যেটা অ্যাকসেপ্ট করেছেন। সিদ্ধার্থশংকর রায় মহাশয়ের স্পেসিফিক রেজলিউসানে ছিল যে ২ জনের হত্যার জন্য আমরা আপত্তি জানাচ্ছি, তিন জন মরেছে কিনা সে কথা তিনি বলেন নি। উনি আবার টুইস্ট করবার চেষ্টা করছেন। স্যার, সিদ্ধার্থশংকর রায় এবং সকলেই বলেছেন যে, তিন জন মারা গেছে। আপনি বক্তৃতা দিতে জানেন ভাল, এই টুইস্ট করার অভ্যাস যার আছে. আপনি এটা বন্ধ করুন দেখি।

**শ্রীজ্যোতি বসুঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, উনি যান বললেন, যদি ইংরাজী উনি বোঝেন, এটা পড়ে নেবেন।. একথা নেই যে শুধু ওদের মার্ডার-এর জন্য আপত্তি জানাচ্ছি। আপত্তির কোন কথা এখানে নেই, এখানে স্টেটমেন্ট অব ফ্যাক্ট আছে মোশানে, যে ২ জনের মৃত্যু ঘটেছে।

**Mr. Deputy Speaker:** I now call upon Honourable member Khuda Buksh to make his speach.

**Shri Muhammed Khuda Buksh:** Mr. Deputy Speaker, Sir, I am deeply grateful to you for giving me this opportunity to participate in the debate on the West Bengal Acquisition and Settlement of Homestead Land Bill, 1969. Sir, if ever a wolf appears on sheep's clothing on the floor of the legislature it is this Bill. The purposes as stated in the Statements of Objects and Reasons are laudable. Sir, I appreciate as much as the Hon'ble Minister does the plight of those who have erected hutments in small plot of land possibly not belonging to them and they have been in enjoyment and use of those house or dwellings for a number of years and they have no right yet to call the land, on which the structures stand, their own. This Bill proposes to give these poor people the right to the land on which they have structures. So far so good. But in order to confer that right the Bill has taken away the right, or is attempting to take away the right, of the Hon'ble High Court. Sir, he has proposed that the proceedings may be started suo motu or on the application by the District Magistrate. Sir, he feels that compensation must be paid for anything taken away from a private individual and he proposes to give and distribute the compensation in the cases of those where there may be many persons interested in the proceeds of that compensation. But, Sir, he leaves the task which is essentially of civil nature involving questions of laws of inheritance and other personal laws and various case laws that may have bearing on the final decision to the Collectors. Sir, this is amazing that when we have accepted the principle of separating the judiciary from the executive, now to try and enlarge the powers of the executives by giving them judicial powers flies directly on the fact of that principale, and I should have been happier if the Hon'ble Minister decided not to give any compensation at all to those persons whose land has been taken away, because then this would not have arisen. Sir, this Bill is faulty because it is not only retrogade but is in violation of the priciple of separation of judiciary from the executive. Any enlargement of powers of the executives correspondingly diminishes the powers of the judiciary. Sir, the Bill says that whatever the Collector or the Divisional Commissioner on appeal will decide shall be final. Sir, does he want to take away my right to approach Hon'ble High Court if I am aggrieved? Sir, temperamently or educationally what qualification a Collector has to decide a civil matter? He is singularly incompetent to do it, and to ask him to expedite the proceedings would be fatal and could not pass muster before the Hon'ble High Court. Sir, the Hon'ble Minister knows that under the Constitution I can always go to the High Court. He cannot stop that and when that right can never be closed under the Constitution. Sir, this provision is not only superfluous and redundant but it is actually contrary to the principles of law, equity and justice. (Shri Sailendra Nath Adhikary—equity for whom?) For everybody, for the interest of those whom I represent.

[5-00—5-10 p.m.]

Sir, we know there are other laws current in Bengal to-day where properties are acquired for public use by the Government. For example, in the Land Acquisition Act the quantum of compensation is the market value. These homestead lands are in rural areas as also in semi-rural and semi-urban areas where the prices have appreciated but not the quantum of rent to be paid. He has asseessed the quautum of compensation to be paid in case of acquisition as 20 times the annual rent. Sir, the annual rent has not increased but the value has appreciated tremendously. It has gone up by leaps and bounds. Sir, to say that only 20 times the annual rent will be paid as compensation is just as good as saying that we shall pay no compensation at all. Therefore, Sir, I suggest that he pays no compensation as that will simplify all this and he will not have to empower the Collector to do a thing for which he is singularly incompetent and the Divisional Commissioner to sit in appeal for which he is also singularly incompetent. This is a civil matter. He is trying to make a Munsiff of a Collector. He is trying to bar the legal steps that leads a litigant from one civil court to another civil court. That is why I have moved amendments to the effect that if a Collector arrives at a figure which is not agreed to by the parties who have any interest they can prefer an appeal and that should be done in a competent court with competent financial jurisdiction and which necessarily must be a civil court. Sir, Section 9 of the Bill says, "Where there are several persons interested in the land acquired under section 7, the Collector shall by order apportion the compensation among such persons in accordance with the nature and extent of interest held by each such person". Now Sir, so far as nature and interest are concerned it is something among the Shias, it will be something among the Sunnis, it will be something among the Mitakshara people and it will be something else among the Dayabhag. Then there are various personal laws which probably the Collector Bahadur does not know. He may have received training while he was a Junior Officer as S.D.O. or something like that and then he has been entrusted with the work not of a Munsiff but of a Collector. Then, Sir, he is also supposed to determine the easement. That is another question into which he is not competent to go. Sir, I am not a lawyer. I am a lay man but I have had long association with legislative bodies. That has given me some legal sense. Besides, I have had long association also with my learned friends—there are many among these members. That also helped me in coming to a certain inference about these matters. I hope, Sir, my inferences in this particular matter will be borne out by law. Therefore, I most humbly suggest that it is a blatant repudiation of the principle of rule of law if I cannot go to the High Court. Of course, my right to go to the High Court is not barred but such an attempt has been made because whatever the Commissioner does will be final. Sir, why seek to put the seal of finality in the hands of the Commissioner who does not know Mitakshara, who does not know Dayabhag, who does not know Shia and who does not know other personal laws? Why leave the seal of finality in his hands? The peason who will enjoy the benefit of this Act will enjoy the benefit to an extent of a very small plot of land over which a structure has been built. But, Sir, the man who will lose by this, may lose acres and acres and acres of land if compensation is assessed at what this Act provides. It will not only be unjust but even in apportioning of that compensation there may be injustices made unwillingly by the Collectors because of their genuine lack of experience. Sir, those who do not know the case laws in those matters should not be charged with this responsibility, should not be called upon to adjudicate in those civil matters and which in effect will render that even where proceedings have finished and there are court cases that have been determined and disposed of. Those even will be stayed and they will be brought under the mischief of this Act. What happens then, Sir, is—this law will make decrees of Hon'ble courts nugatory. How can that be possible

and if that is sought to be done, you as the Deputy Speaker, Sir, will have to apply your mind afresh to this Bill and advise the Government that they can not do so.

Thank you, Sir.

**Shri Syed Abul Mansur Habibullah:**

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই বিলের সমর্থনে বলতে উঠে এ কথাই বলব যে, আমরা বাংলাদেশে সবচেয়ে যারা নিপীড়িত, নির্যাতিত মানুষ আছে তাদের প্রতি একটু সুবিচার করবার চেষ্টা করছি। খোদাবক্স সাহেব কোর্ট কাছারির কথা বলেছেন। কোর্ট কাছারিতে [illegible] ঘোরেন তাঁরা জানেন যে, বিগত কয়েক বছরে তাঁরা যে ল্যান্ড ভ্যালুয়েসনের অ্যাসেসমেন্টের কথা বলেছেন তার সৌভাগ্য নিয়ে ব্যাপকভাবে মানুষের উপর উচ্ছেদের মামলা হয়েছে এবং এই সমস্ত গরীব মানুষ মামলায় জিতেও হাইকোর্টে গিয়ে নাস্তানাবুদ হয়েছে, সেটা হচ্ছে বাস্তব অবস্থা। হাজার হাজার মানুষকে ল্যান্ড ভ্যালুয়েশনের এ্যাসেসমেন্টের দুর্ভোগ ভুগতে হচ্ছে এবং সামাজিকভাবে মানুষ সেই দায়িত্ব নিতে বাধ্য হচ্ছে। আজকে [illegible] মানুষের অবস্থা কি? আমরা থার্ড ফাইভ ইয়ার প্ল্যান, ফোর্থ ফাইভ [illegible] আলোচনা শুনলাম, কিন্তু হাউসিং-এ এই ধরনের সহায়তার আলোচনা শুনি নি। আজকে পাড়াগাঁয়ে এই সমস্ত লোকের কাছে গেলে বিশেষ করে তফশীল সম্প্রদায়, গরীব [illegible] যারা বাস করে তাদের কাছে গেলে শুনবেন তারা বলছে আগে মানুষের কাছে গেলে [illegible] খড় পাওয়া যেত, কিন্তু আজকে সেটা চাইতে পারছে না বলে তাদের উদ্বাস্তু [illegible] এই হচ্ছে হাউসিং-এর বাস্তব সমস্যা এবং তার ফলে ব্যাপক আকারে উচ্ছেদ হচ্ছে [illegible]। সেচ ব্যবস্থার উন্নতি হয়েছে ঠিক কথা। আগে যারা মাঠের ধারে, পুকুর পাড়ে [illegible] এখন সেই পুকুরের সেচের জল ধরে রাখে সেগুলোকে [illegible] এবং [illegible] ব্যাপকভাবে চেষ্টা করা হচ্ছে। স্যার, এটা হচ্ছে বাস্তব অবস্থা। [illegible] একটা প্রচেষ্টা আমাদের এই বিলের মাধ্যমে করা হয়েছে বলে আমি ভূমিরাজস্ব [illegible] সাধুবাদ দিচ্ছি। খোদাবক্স সাহেব অনেক আইনের [illegible] আমি [illegible] তুলে ধরতে চাই যে, আমরা যেখানে [illegible] তিনি দেওয়ানি আদালতে [illegible] চেষ্টা করেছি। আমরা জানি দেওয়ানি আদালতের [illegible] পাওয়া ২০ বছরেও সম্ভব হবে না। এটা খোদাবক্স সাহেব [illegible] যারা সমর্থক যারা জমিহীনকে জমিহীন করবার চেষ্টা [illegible]। এই বিলে যতটুকু সুযোগ-সুবিধা এসেছে সেটাকে যদি সিভিল কোর্টের আওতার [illegible] ২০ বছর ঠেকিয়ে রাখা যাবে। সেই ব্যবস্থা তাঁরা [illegible] সেই [illegible] চেষ্টা করছি। [illegible] আমি জানি এটা সত্য কথা যে, সব সময় আমাদের [illegible] তুলনামূলকভাবে দেখা যায়, বিচার ঠিক না হওয়ার [illegible] ক্ষতিপূরণ পাবার উপযুক্ত এবং দরকার, আর তার [illegible] কি দিতে পারি সেটা তুলনামূলক বিচার করেই এই বিল [illegible]। সিভিল কোর্টের আওতায় আনার কথা বলা হচ্ছে, সিভিল কোর্টের আওতায় [illegible] রাখা হত তাহলে সেই ব্যবস্থা সুদূর পরাহত হয়ে যেত।

[5-10—5-20 p.m.]

এর পর আসছি আমি ক্ষতিপূরণ প্রসঙ্গে। ক্ষতিপূরণ প্রসঙ্গে স্বভাবতঃই আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় বিল উত্থাপন করতে গিয়ে বলেছে যে, ক্ষতিপূরণ দেবার জন্য [illegible] নন। সামাজিক বিচার সেখানে কতটুকু? আমাদের [illegible] সংবিধান [illegible] দিতে বাধ্য এবং সেই জায়গায় যে ল্যান্ড ভ্যালুয়েসন অ্যাপ্রিসিয়েশন [illegible] তাঁরা করছেন এই ল্যান্ড ভ্যালুয়েসন অ্যাপ্রিসিয়েশনে ভদ্রলোকের কি অবদান আছে? যিনি জমির মালিক তিনি কি করেছেন? আজকে কোটি কোটি টাকা খরচ করে, ১০০ কোটি টাকা খরচ করে আমাদের গরীব সাধারণ মানুষের পকেটের পয়সা থেকেই দামোদর ভ্যালী কর্পোরেশন তৈরী হয়েছে। তার জন্য যদি ল্যান্ড ভ্যালুয়েসন বেড়ে থাকে তাহলে সে সুযোগ

মালিকেরা পেতে পারে? ল্যান্ড ভ্যালুয়েসন বেড়েছে কেন? রাস্তাঘাট হয়েছে, ভারতবর্ষের মানুষ কোটি কোটি টাকা খরচ করে যে রাস্তাঘাট করেছে, আমি তো মনে করি তার অধিকাংশ হয়েছে মোটর মালিকের জন্য, টায়ার মালিকের জন্য, ব্যবসায়ীদের জন্য, মার্সিডিজ বেঞ্চ বিক্রি করার জন্য অ্যামবাসাডার বিক্রি করার জন্য, ডানলপের কোটি কোটি টাকা বাড়াবার জন্য। আজকে যদি কোন জায়গায় ল্যান্ড ভ্যালুয়েসন বেড়ে থাকে তাহলে তাদের পাবার কি অধিকার আছে? কোটি কোটি টাকা খরচ করে যে রাস্তা হয়েছে সেখানে রাষ্ট্রেরই অধিকার রয়েছে বাড়তি দাম নেওয়ার। ল্যান্ড ভ্যালুয়েসন বাড়ার জন্য মালিকদের এক পয়সাও দেওয়া উচিত নয়। ২০ বছর আগে রাস্তা যেখানে ছিল না, আজ রাস্তা হয়েছে, কাটোয়া-নবদ্বীপ রাস্তা হয়েছে, সমুদ্রের ধারে রাস্তা হয়েছে, মালিকরা কেন সেই জমির জন্য অতিরিক্ত মূল্য পাবে? সেই রাস্তা করেছে দেশের লোক, তাই যদি দিতে হয় সাধারণ মানুষকে দিতে হবে। নাদনঘাটে রাস্তা হয়েছে, কালনা-বর্ধমান রাস্তা নিয়ে মামলা হয়েছে, সাঁওতাল দীঘিতে উচ্ছেদের মামলা হচ্ছে, রাস্তাঘাট তৈরী হওয়ার জন্যই আজ ল্যান্ড ভ্যালুয়েসন বেড়েছে, তাই আজ উচ্ছেদের নোটিস পড়েছে, জমির দাম বাড়ার জন্যই এইসব ঘটছে। বামুনপাড়ার মোড়ে সাঁওতালরা ২০ বছর ধরে বাস করছে আজকে যদি সেখানে ল্যান্ড ভ্যালুয়েসন বেড়ে থাকে তার জন্য বামনুপাড়ার জমিদাররা কেন বাড়তি মূল্য পাবে আমি এটা জিজ্ঞাসা করি। তাদের সেটা পাবার কোন যুক্তি নেই। বরং যতটা দিচ্ছি সেটাই দয়া করে দিচ্ছি বলতে হবে, তাদের পাবার কোন অধিকার নেই। সুতরাং যে দুটি পয়েন্ট খোদাবক্স সাহেব বলেছেন তা আলোচনা করলাম। সিভিল কোর্টের আওতায় আনবার জন্য তাঁর যে ব্যগ্রতা সেটাও আমি মনে করি কায়েমী স্বার্থ রক্ষার জন্য। সেজন্য এর আমি প্রত্যক্ষ বিরোধিতা করছি, আর দ্বিতীয় পয়েন্ট যেটা বলেছেন ল্যান্ড ভ্যালুয়েসনের কথা আমি মনে করি যেটা বেড়েছে, যতটা বেড়েছে সমস্তটাই সমাজগতভাবে রাষ্ট্রের পাবার অধিকার, আর কেউ পাবার অধিকারী নয়। গরীব মানুষের স্বার্থে তাদেরই বাড়তি ল্যান্ড ভ্যালুয়েসন পাইয়ে দেবার জন্য অন্য লোককে না দেবার অধিকার আমাদের আছে। একথা বলে এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Dr. Nalinaksha Sanyal:**

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমার প্রতিপক্ষের বন্ধুদের সমস্ত আশা ও আকাংক্ষা নির্মূল করে আজকের এই মন্ত্রিমহোদয়ের বক্তব্যের প্রতি সম্পূর্ণ সমর্থন করতে উঠেছি। আমি এই বর্তমান মন্ত্রিমন্ডলীকে অভিনন্দন জানাই যে, কয়েক বছর আগে বঙ্গীয় প্রাদেশিক কনফারেন্সে কংগ্রেসের পক্ষ থেকে যে প্রস্তাব উত্থাপন করা হয়েছিল আজকে তাঁরা সেই পথ অনুসরণ করে ৫ কাঠা জমি প্রত্যেক গ্রামবাসীকে দিয়ে বাড়ির ব্যবস্থা করে দিচ্ছেন। তার জন্য অসংখ্য ধন্যবাদ দিচ্ছি।

এ ভয়েসঃ সোনারচাঁদ, এতদিন কোথায় ছিলে?

আমি এই প্রসঙ্গে যা বলতে চেয়েছি তাদের যে সদিচ্ছা সেটা আরো বিস্তৃত ও ব্যাপক হোক, সেটা আমি চাচ্ছি। আমার প্রথম কথা হচ্ছে তাদের বিল থেকে আমার বন্ধুরা যে খুব বাহবা করলেন বা উত্তেজনা দেখাচ্ছেন তাতে সন্দেহ হচ্ছে তাঁরা বিলটা ভাল করে দেখেছেন কিনা! এই বিলের ৩ নম্বর ধারায় লেখা আছে, এই আইন সরকারী জমিতে বা সরকারের রিকুইজিসানড জমিতে প্রয়োগ হবে না। রেল কোম্পানির জমি বা লোকাল অথরিটির জমিতেও এই আইন প্রযুক্ত হবে না। আমি বলবো হাজার হাজার লোক ওঁরা কোটি কোটি বলে থাকেন, সরকারী জমিতে বাড়ি-ঘর-দুয়ার তৈরী করে বসবাস করছে। উদ্বাস্তু পরিবাররা অন্য কোথাও আশ্রয় না পেয়ে সরকারী জমিতে আছে। মন্ত্রিমহোদয় কেন জানিনা তাঁর সাহস হল না, তিনি তাদের সরকারী জমি দিতে চাইলেন না, বেসরকারী জমিতে হাত দিলেন কেন?

(A voice: The Case is out of the bag!)

তিনি অনুগ্রহ করে সদিচ্ছা নিয়ে ৫ কাঠা জমি বাড়ি করবার জন্য সবাইকে দিতে চাচ্ছেন যখন তখন চ্যারিটি বিগিনস অ্যাট হোম হল না কেন? সরকারী জমি থেকে সেই পাঁচ কাঠা করে জমি তাদের দিতে চাইলেন না কেন? যাদের জমি দেবার ক্ষমতা আছে, তারা আগে দিন

ইতিপূর্বে হরেকৃষ্ণ কোনার মহাশয় অংকশাস্ত্রে সুপণ্ডিত, তিনি খুব বিজ্ঞ, তিনি আমাকে ঠাট্টা করছেন। উনি বলেছিলেন দু-একর জমির মালিক যারা, তাদের এই সুযোগ দিতে চেয়েছিলাম, ৫ কাঠা জমি দেবার জন্য। আমি এক একর বলেছি। আমরা সাধারণতঃ গ্রামাঞ্চলে একর বুঝি, ডেসিম্যাল পয়েন্ট ইত্যাদি বুঝি। সেখানে এই ০০৪৯ হেকটর কখনো শুনি নি। কত হেকটারে কত একর হয় জানি না। আমি দেখলাম ০৪৯ হেকটর। এটা যদি দু-একরের জন্য লিখা হয়, তাহলে ও-সব না লিখে দু-একর লিখলেই সহজে আমরা বুঝতে পারতাম।

**Shri Hare Krishna Konar:**

এখন আর একর লেখা যাবে না, আইনের ক্ষেত্রে হেকটর লিখতে হবে। এটা সেণ্ট্রাল গভর্নমেন্ট বাধ্যতামূলকভাবে চালু করছেন, আইন-কানুনের ক্ষেত্রেও মেট্রিক সিস্টেম চালু করতে হবে। এটা কমনসেন্স-এর ব্যাপার।

**Dr. Nalinaksha Sanyal:**

হেকটর বুঝতে না পেরে এক একর বলেছিলাম। সাধারণ লোকের যাতে বোধগম্য হয় সেজন্য একর লিখলে ভাল হয়।

[5-20—5-30 p.m.]

সব সময় দুটি কথা শোনা যায়, একটি হচ্ছে কেন্দ্রের বা দিল্লির হস্তক্ষেপ, আর একটি হচ্ছে ২২ বছরের কংগ্রেসের অপশাসন। এখন দিল্লির হস্তক্ষেপ যদি হয় তা মেনে নিলাম। হেকটর কথাটা বলেছিলেন সেই জন্য আমি সংশোধনী দিয়েছিলাম। এক একর মনে করেছিলাম তিনবিঘা, সওয়া তিন বিঘা জমির ঊর্দ্ধে গরীব গ্রামবাসী যাদের ঘরবাড়ী নেই, এক একরের কথা লিখেছিলাম, যদি তিনি খুশী হন হেকটার রাখতে যেটা গ্রামের লোকেরা বুঝবে না, আমরা তাতে আপত্তি করবো না, মেনে নেব কারণ আগেই বলেছি সমর্থন করতে উঠেছি। উনি বুঝবেন যে এটা আইনসংগতভাবেই, করছি দিল্লির সংগে যোগ রাখবার জন্য, আমরা তাতে আপত্তি করবো না। কিন্তু তারপরে যেটা বলা হয়েছে :০৩৩৪ হেক্টার। একটা হচ্ছে ঊর্ধ্বতম যার জমি আছে তা উল্লেখ করার সময় .৮০৯৪ আর একটা হচ্ছে .০৩৩৪, আনুমানিক ৫ কাঠা পরিমাণ, এটা থাকলে বুঝতে পারতাম। স্যার, আমরা বাংলায় আইন করছি, সব কিছু করতে চাইছি কিন্তু এটা ডেসিমেল পয়েন্ট হিসাবে, এই হিসাব না দিলেই বোধ হয় ভালো হত, আমাদের পক্ষে বোধগম্য হত। স্যার, আমার যতগুলি অ্যামেন্ডমেন্ট আমি দিয়েছি তার সবগুলি আমি ফরম্যালি মুভ করবো তাই তার আগে যুক্তিগুলি বলে দিচ্ছি যাতে বার বার সময় নষ্ট না হয়। ৭নং ক্লজে আছে যে জমিটা ডিমার্কেট করলেন, মার্ক করে বলা হল কি না পাবলিশিং ইন দি অফিসিয়্যাল গেজেট। আমরা এম, এল, এ-রা গেজেট পেয়ে থাকি, মে মাসের গেজেট পেলাম জুলাই মাসে। তা ছাড়া গেজেটে কোথায় কি থাকে খুঁজে পাওয়া যায় না। যেগুলি টেবিলে দেওয়া হয়, যেদিন বিল আনা হবে তার আগের দিন পাই, অথচ গেজেটে দেখি ৭।৮ দিন আগে ছাপা হয়েছে। তারপরে ৭নং ক্লজে কালেকটার সাহেব যখন ডিমার্কেট করবেন, কোন ৫ কাঠা জমি একজনকে ঘরবাড়ী তৈরী করার জন্য দেওয়া হবে সেটা যখন তিনি নির্ধারণ করবেন তিনি সেটা জানাবেন কোথায়, না, অফিসিয়্যাল গেজেটে। এই অফিসিয়্যাল গেজেটে সেটা পাবলিশ হবে। এই অফিসিয়্যাল গেজেটে পাবলিশ এই জিনিসটা সম্পূর্ণ অবাস্তব। আমি সেইজন্য বলেছি যে অফিসিয়্যাল গেজেট না বলে বলুন ইন সাচ এ ম্যানার অ্যাজ দি গভর্নমেন্ট মে ডিসাইড। এমনও হতে পারে যে ম্যাজিস্ট্রেট সাহেব তিনি সেই গ্রাম বা অঞ্চলের নোটিস বোর্ডে টাঙিয়ে দিতে পারেন। তা ছাড়া তিনি বি, ডি, ও-র মাধ্যমে যার জমি তাকে ডাইরেক্ট জানাতে পারেন। সুতরাং অফিসিয়্যাল গেজেটে নোটিফিকেসনের ব্যাপারটা অত্যন্ত অবাস্তব এবং কার্যকরী হবে না। যাদের জন্য বা যে গরীব লোকেদের জন্য এই বিলটা আনতে চেষ্টা করা হচ্ছে সেটা তাদের পক্ষে একটা বাধার সৃষ্টি হবে। এখানে এইটা অফিসিয়্যাল গেজেটের বদলে রেখে দিন।

**মিঃ ডেপ্যুটি স্পীকার:** ডাঃ সান্যাল, ঐ ক্লজেই ওর পরের লাইনটায় আছে যে অ্যান্ড ইন সাচ ম্যানার অ্যাজ মে বি প্রেসক্রাইবড।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** যদি ইন দি অফিসিয়্যাল গেজেট না রেখে ইন সাচ ম্যানার অ্যাজ দি গভর্নমেন্ট মে ডিসাইড এইটা রাখেন তাহলে যখন যেখানে সুবিধা দিতে পারেন। তাই অফিসিয়্যাল গেজেট নাও রাখতে পারেন। এখানে অ্যান্ড আছে, অর নেই। যদি অফিসিয়্যাল গেজেটের অলটারনেটিভ বলতেন তাহলে যুক্তি বুঝতাম। এখানে অ্যান্ড আছে, অফিসিয়্যাল গেজেটও আছে এবং ইন সাচ ম্যানার অ্যাজ দি গভর্নমেন্ট মে ডিসাইড যদি থাকত তাহলে গভর্নমেন্ট মনে করলে দিতে পারতেন।

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** মাননীয় সদস্য বোধ হয় জানেন না, যে জমি অ্যাকোয়ার করে নেওয়া হলেও অফিসিয়্যাল গেজেটে পাবলিশ না হলে সেটা পরে বৈধ হয় না। এটা তো দুদিনের জন্য নয়, আমি তাকে রাইট দিতে যাচ্ছি—পার্মানেন্ট রাইট দিতে যাচ্ছি, সেই জন্যই অফিসিয়্যাল গেজেটে রেখে দেওয়া হয়েছে। আমি জানি এতে অসুবিধা আছে, কিন্তু তবুও আমি ত্রুটি রাখতে চাই না, আমি পাকাপোক্তভাবে তাদের দিতে চাই। আপনি জানেন স্যার, অফিসিয়্যাল গেজেটে কেউ পড়ুক বা না পড়ুক, তাতে সাত খুন মাপ হয়ে যায় এবং কোর্টও দেখে যে অফিসিয়্যাল গেজেটে এটা বেরিয়েছে কিনা।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** আজকে আমি এই বিলটা সম্পর্কে অত্যন্ত খোলা বক্তব্য রাখছি। সেই জন্য বলছি যে মন্ত্রিমহাশয় একটু ভেবে দেখুন যে অসুবিধাটা ঘটেছে, সেটা পরিবর্তন করতে পারেন কিনা। যেখানে উনি বলেছেন কম্পেনসেসন ২০ টাইমস অব দি অ্যানুয়্যাল [illegible] উনি স্বীকার করেছেন এবং এটা সবাই জানেন যে এই রেভিনিউ রেন্ট-এর [illegible] একটা প্রধান অংশ [illegible] আছে সেই জমিতে। [illegible] হয়তো বেশি জমি আছে, আবার কারও [illegible] ৩ বিঘা জমি আছে [illegible] বি—এখন যার ৩ বিঘা জমি আছে তার হয়তো রেন্ট পড়বে ১০ [illegible] রেন্ট তাতে ১০ গুণ দিলেন, কিন্তু যার ৫ কাঠা জমি আছে [illegible] আপনি বুঝুন যে এটাতে অত্যন্ত ঠকানো হবে।

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** যখন জমি থেকে সে কিছু পাচ্ছে না—১০ বছর ধরে যে লোক বাস [illegible] দিয়া গেলে এই যথেষ্ট।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** আপনি একটা বিবেচনা করে দেখুন যে রাস্তার ধারে যদি কারো [illegible] সেখান থেকে উচ্ছেদ করবেন তাকে অন্ততঃ মার্কেট [illegible] যদি [illegible] মার্কেট প্রাইস অনুযায়ী দাম না হয় তাহলে তা দেবেন না। আমি তাই [illegible] দাম অর্থাৎ আশপাশের জমির দলিল দেখে যে রেট পাওয়া যাবে সেটাই [illegible] এই মার্কেট প্রাইস ডিটারমিন করার অনেক উপায় আছে। সেইজন্য আমি [illegible] তাই এই আইনটাকে যাতে অন্য কোন কারণে সিদ্ধ করবার চেষ্টা না করে সেই জন্য আমি দুটি জিনিস করতে বলছি। সেকসান ৬, ক্লজ ১০-এ যেটা আছে notwithstanding any judgement, degree or order of any court for such eviction or dispossession এবং the occupier will not be liable to be a victim.

এখানে [illegible] এসে গেছে অনেক জায়গায়। এই আইন আগে হয়ে গেছে, [illegible] কয়দিন আগে নন-এগ্রিকালচারাল টেনেন্সি অ্যাক্ট এই রকম আইন আমরা করেছি এগুলি সাময়িকভাবে হয়েছে। কিন্তু হোমস্টেড ল্যান্ড আইন নিয়ে যারা গৃহহীন হয়ে আছে [illegible] দিয়ে পার্মানেন্টলি বসাতে চাই এবং তারা যে একটা মানুষ হিসাবে [illegible] তাদের জানবার দরকার [illegible]। সেটা আমরা স্বীকার করতে চাই। এই আইনটা [illegible] সাময়িক ১।২ বছরের জন্য হচ্ছে না, সেখানে যদি এই রকম রাখা হয় [illegible] কোর্ট [illegible] হয়ে গেছে ডিক্রী হয়ে গেছে এবং সেখানে হবে না—এই যে একটা খুব বেশী ব্যাপার আইনের উপর হস্তক্ষেপ হচ্ছে সেই জন্য আমি বলেছি সংশোধন করতে।

[5-30—5-40 p.m.]

ঐ কোশ্চেনটা না থাকলেও মোটামুটি অন্যান্য অংশের যা খসড়া তাতে কিছু ক্ষতি হয় না। কাজেই এটা আপনাকে ভাবতে বলছি যে এই রকম একেবারে আইনকে চ্যালেঞ্জ করে দিয়ে এটা না করলেও চলতো এবং শেষে আমি ১৩নং ক্লজ যেটা এর আগে খানিকটা বলেছি যে কালেকটারের ডিসিসন ফাইন্যাল হয়ে যাবে, কমিশনারের ডিসিসন ফাইন্যাল হয়ে যাবে, এই রকম আইন আগে অনেক চেষ্টা হয়েছে কিন্তু এই সম্পর্কে হাইকোর্ট এবং সুপ্রীম কোর্ট নানা রকম তাদের সিদ্ধান্ত দিয়েছেন যে কোন আইনসভায় একটা আইন করে তা হাইকোর্ট-এর ক্ষমতা বা সুপ্রীম কোর্টের ক্ষমতা বা জুডিসিয়ালের ক্ষমতা কেড়ে নিতে পারেন না। এই রকম যদি পরিস্থিতি হয় তাহলে সেকসন ২২৬-এ মামলা হবে এবং তাতে এই আইন আটকে যাবে, তার দরকার কি, কমিশনারের ডিসিসন ফাইন্যাল হবে। এমনও যদি করতেন যে ম্যাজিস্ট্রেট বা কমিশনারের ডিসিসনকে যদি অ্যাপিল করে অ্যাপিল উইল লাই উইথ দি গভর্নমেণ্ট তার মানে হচ্ছে বোর্ড অফ রেভিনিউ, তাহলে একটা অ্যাপিলেট বডি হচ্ছে। কিন্তু অ্যাপিলেট বডি থাকবে না, এর একটা জিনিস অত্যন্ত অন্যায় বলে আমি মনে করি একটা প্রচলিত যে সব স্বীকৃতি আছে, যে সব পন্থা আছে, আইন তৈরী করবার, তার বিরোধী হচ্ছে। আমি আপনার কাছে আবার বলবো যে এই আইন করবার জন্য কংগ্রেসের যে অনুসৃত নীতি যুক্তফ্রন্ট সরকার গ্রহণ করেছেন তার জন্য তাঁদের ধন্যবাদ জানাচ্ছি। আমি এই আইনের মোটামুটিভাবে নীতি সমর্থন করছি।

**Shri Nimai Chand Murmu:**

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে দি ওয়েস্ট বেঙ্গল অ্যাকুইজিসন অ্যান্ড সেটেলমেন্ট অব দি হোম স্টেড ল্যান্ড বিল, ১৯৬৯ আমাদের সামনে ভূমিরাজস্ব মন্ত্রী এনেছেন এটাকে আমরা বাংলাদেশের ক্ষেত্রে ঐতিহাসিক [illegible] বিল বলে আখ্যাত করছি। এবং সেই কারণে আমি এই বিলটিকে সমর্থন করি। এই বিলটি প্রসঙ্গে বলতে গিয়ে মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী যে কথাটা বলেছেন সেটা হচ্ছে গ্রামীণ অঞ্চলে যারা অন্যের জমিতে বসতি স্থাপন করে আছে এবং আইনসম্মত কোন অধিকার পায় নি তাদের স্বার্থ রক্ষার জন্য এই বিলটা আনা হয়েছে এবং [illegible] তপশীলী জাতি ও উপজাতি সম্প্রদায়ের লোক। তারা যে অন্যের জমিতে বসতি স্থাপন করে আছে এটা কি তাদের স্বভাব, না তারা বাধ্য হয়ে [illegible] বসবাস করছে এটা আমাদের ভেবে দেখা দরকার। এক সময় এই [illegible] লোকেরাই আমাদের দেশে বাস করতেন [illegible], বাঘ, ভালুক মেরে [illegible] আবাদী [illegible]। কিন্তু আজ তাদের সামান্যভাবে মাথা গোঁজবার ঠাঁই [illegible] নাই। [illegible] স্বাধীনতা লাভের পর ২২ বছর পার হয়েছে তবুও ওরা একটা মাথা গোঁজবার ঠাঁই ঐ কংগ্রেসী আমলে তৈরী করে নিতে পারেন নি। কিন্তু কেন তাদের [illegible] নাই। তারাই তো [illegible] এবং অনাবাদী জমিকে আবাদযোগ্য করে তুলেছিল। তবু তাদের আজ জমি নেই তাদের বসতবাড়ী নেই, তাহলে সেই সমস্ত জমিগুলো গেল কোথায়? মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার বাঁ-পাশে যে সমস্ত রাঘব বোয়ালরা বসে আছে তারাই তাদের জমি ঠকিয়ে বাটপাড়ি করে নিয়ে নিয়েছে। সেই সমস্ত তপশীলী উপজাতির লোকেরা যখন সেই সমস্ত জমি আবাদ-যোগ্য করে তুলেছিল, ধীরে ধীরে তাদের সেই সমস্ত জমি বাটপাড়ি করে নিয়ে তাদের সর্বনাশ করেছে। কিন্তু আজকে যারা অন্যের জমিতে বসবাস করছেন তাদের যে বসবাসের জন্য আইনসম্মত পথ দেবার কথা ভাবা হচ্ছে তখন অনেকে অনেক কথা বলছেন। কিন্তু আমি পরিস্কার করে বলতে চাই আজকে যারা অন্যের জমিতে বাস করছেন শুধু তাদের আইনসম্মত পথ বা অধিকার দিলেই চলবে না, আমি মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রীকে অনুরোধ করব যাদের সর্বস্ব নিয়ে নিয়েছে কংগ্রেসী আমলে যারা রাস্তায়, মাঠে-ঘাটে বা বিভিন্ন গাছতলায় ভবঘুরে হয়ে ঘুরে বেড়াচ্ছে, যারা মাথা গোঁজবার ঠাঁই করতে পারে নি, অন্যের জমিতে বসতি স্থাপন করতে পারে নি, তাদের দিকে তাকিয়ে তারা যাতে মাথা গোঁজবার ঠাঁই করতে পারে যুক্তফ্রন্টের

আমলে সেই ব্যবস্থা করুন। এই কথা বলে এই বিলের প্রতি আমার পূর্ণ সমর্থন জানিয়ে এই বিলের যিনি উদ্যোক্তা তাঁকে আমার মনের গভীর কোণ থেকে শ্রদ্ধা জানিয়ে এই সভার মাননীয় সদস্যদের অনুরোধ করব এই বিলটা যাতে তাঁরা সর্বান্তকরণে সমর্থন করেন।

**Shri Harun Ur Rashid:**

**শ্রীহারুণ অর রসিদঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই শুভক্ষণে আমাদের সামনে আজকে যে বিল এসেছে সেই বিল সম্বন্ধে আলোচনা করতে উঠে আমি এই বিলকে সাদর অভিনন্দন জানাচ্ছি। এই বিল আনার জন্য সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। ১৯৪৭ সালে আমাদের দেশ স্বাধীন হয়েছে। এই স্বাধীনতা লাভের পর এখনও যে আমাদের এই দেশে প্রতিটি নাগরিক তার বাসভূমি পায় নি, সেটা বড় লজ্জার কথা। গৃহহীনকে গৃহদান আমাদের করতে হবে। কাজেই আমাদের গৃহহীনকে গৃহদান করার জন্য এই যে বিল মন্ত্রিমহাশয় এনেছেন সেই জন্য সত্যই আমি আনন্দের সঙ্গে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এই বিলের ৪ নম্বর ধারা পড়ে আমি একটু আতঙ্কিত হচ্ছি। কারণ ৪ নম্বর ধারায় বলা হয়েছে যে

where an occupier has constructed a homestead on the land in his possession and has been residing therein continuously for a period of not less than three years immediately before the date of coming into force of this Act, he may, within two years from such date, make an application.

আমি আতঙ্কিত হচ্ছি এই কারণে যে, ১৯৫০ সালের দাঙ্গার সময় এবং তার পরে ১৯৬৪ সালের দাঙ্গা-হাঙ্গামার পরে বারাসাত, মধ্যমগ্রাম, নব-ব্যারাকপুর, হাওড়া এবং ২৪-পরগনায়, মুর্শিদাবাদ এবং নদীয়া জেলার বিভিন্ন অঞ্চলে বহু মুসলিম পরিবার তাদের বাপ-দাদার ভিটে থেকে তাড়িত হয়ে আজ ভিখারী হয়ে গিয়েছে। তাদের অন্নের সংস্থান নেই, পরণে কাপড় নেই, মাথা গোঁজবার ঠাঁই নেই, কংগ্রেস সরকার তাদের প্রতি বিমাতৃসুলভ আচরণ করেছেন। তাদের সেই জবরদখল জমি ফিরিয়ে দিতে পারে নি। কম্পেনসেসানের ব্যবস্থা করে নি। তার একটা তালিকা আমার কাছে আছে। সেটা মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মন্ত্রি-মহাশয়ের কাছে দিতে পারি। আমার চিন্তা হচ্ছে, এই সমস্ত জবর দখল জমি যদি তাদের কাছ থেকে কেড়ে নেওয়া হয় এবং তাদের যদি ল্যান্ড রেভিনিউ-এর ২০ গুণ ক্ষতিপূরণ বাবদ দেওয়া হয়, তাহলে তাদের বলি দেওয়া হবে। কারণ সে সমস্ত জায়গা-জমি আমরা জানি কাঠা হাজার করে বিক্রয় হচ্ছে, এখন যদি তাদের বলেন ল্যান্ড রেভিনিউ-এর ২০ টাইমস তাদের দিতে হবে তাহলে সত্যি তাদের গলায় ছুরি দেওয়া হয়। আমি আপনার মাধ্যমে এই লিস্ট সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে দিচ্ছি এবং অনুরোধ করছি যাতে তাদের সম্বন্ধে কন্সিডার করা হয়। তাদের জন্য তিনি চিন্তা করেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় এর পরে আর একটি কথা আমি বলতে চাই যে, আমরা স্বাধীনতা লাভের পরে এক্সিকিউটিভ পাওয়ারকে এবং জুডিসিয়াল পাওয়ারকে সেপারেসানের জন্য চেষ্টা করছি এবং অনেক দূর আমরা অগ্রসর হয়েছি। আমি আশা করেছিলাম যে যুক্তফ্রন্ট সরকার ফিনিসিং টাচ দেবেন। কিন্তু বড় দুঃখের বিষয় দেখা গেছে যে ৫নং ধারার ৩নং উপধারায় সেখানে কিছু কিছু এক্সিকিউটিভ পাওয়ার এবং জুডিসিয়াল পাওয়ারের সংমিশ্রণ হয়েছে। কালেকটর, ম্যাজিস্ট্রেট, অ্যাডিসনাল ম্যাজিস্ট্রেট, এঁদের হাতে সিভিল কোর্টের পাওয়ার দেওয়া হয়েছে। আমার মনে হয় এটা না দিয়ে স্পেসাল জুডিসিয়াল অফিসারদের হাতে এই ব্যবস্থাটা ছেড়ে দিলে ভাল হতো। কেবল তাই নয়, কম্পেনসেসানের ব্যাপারে ইন্টারেস্টেড পার্সনস্ খুঁজে বের করতে এই সমস্ত অফিসারদের অনেক কষ্ট হতে পারে। তার ফলে কি হবে, লিটিগেসন দেশে বেড়ে যাবে। কাজেই আমার মনে হয়, আমার সাজেসন যে, এটা জুডিসিয়াল অফিসারদের হাতে দেওয়া উচিত এবং তার ব্যবস্থা করলে খুব ভাল হয়। এই কয়েকটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-40—5-50 p.m.]

**Shri Kripasindhu Saha:**

মাননীয় ডেপ্‌টি স্পীকার মহাশয়, বাংলাদেশের গরীব কৃষকদের যে সমস্ত অতীত দিন ধরে অনন্‌মোদিন স্বত্ত্ব দখলে ছিল আজ তারা সেটায় দখলীকৃত হতে চলেছে। বাংলাদেশের ভূমিহীন কৃষকরা, বাংলাদেশের যে সমস্ত না খেতে পাওয়া কৃষকরা, অতীত দিন ধরে দেখে আসছিলাম তাদের দাবী আজ স্বীকৃত হতে চলেছে। বাংলাদেশের যে সমস্ত লক্ষ লক্ষ দরিদ্র কৃষক, তারা যুক্তভাবে আজকে যুক্তফ্রন্টকে আশীর্বাদ করছে যে, প্রতিক্রিয়াশীল শক্তিকে চুরমার করে দিয়ে নতুন পদক্ষেপে এগিয়ে যাবে। মাননীয় ডেপ্‌টি স্পীকার মহাশয়, আমি জানি জোতদারদের জমিতে খাটার জন্য, জোতদারদের বেগার খাটার জন্য, তাদের জমির আশেপাশে এই সমস্ত কৃষকরা কুঁড়েঘর বেঁধে থাকার চেষ্টা করতো। আমরা দেখেছি যে তারা দিনের পর দিন বেগার খেটে এসেছে, দিনের পর দিন কম মজ্‌রীতে তারা কাজকর্ম করে এসেছে। আমরা দেখেছি তাদের সাথে সামান্য মনোমালিন্য নিয়ে সেই সমস্ত জোতদার, সেই সমস্ত জমিদার, এই সমস্ত গরীব কৃষকদের তারা সেখান থেকে তুলে দেবার ব্যবস্থা হয়েছে। আমি দেখেছি এই সমস্ত কুঁড়েঘর তারা প্‌ড়িয়ে দিতে পেছপাও হয় নি। কয়েক মাস আগে আমি দেখেছি, ডিসেম্বর মাসে মাদ্রাজে কিছ্‌ জোতদার, জমিদার তাদের স্বার্থের হানি হওয়ার জন্য সেই এলাকার শত শত কৃষকদের ঘর প্‌ড়িয়ে দিলেন। সেই কারণে আজকে অন্ততঃ এইট্‌কু তারা আশা পাচ্ছে, ভরসা পাচ্ছে যুক্তফ্রন্টের কাছে। আজকে যারা ভূমিহীন কৃষক, যারা কুঁড়েঘরে বাস করছে, তাদের অন্ততঃ একটা স্থায়িত্ব দেখা গেছে। মাননীয় ডেপ্‌টি স্পীকার মহাশয়, আমরা জানি যে আজকে যারা এই সমস্ত জমি পাবে তারা অন্ততঃ সরকারী সাহায্য পেতে সচেষ্ট হবেন। আমি দেখেছি ওরা কোন সরকারী সাহায্য পেত না যেহেতু তাদের নামে কোন রেকর্ড করা নেই, যেহেতু তাদের নামে কোন জমিদার জমি রেখে দেয় নি। আমরা জানি এই সমস্ত রেকর্ড হওয়ার পর নিশ্চয়ই তারা সরকারী সাহায্য পাবে। মাননীয় ডেপ্‌টি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে যুক্তফ্রন্ট সরকারকে একট্‌ অন্‌রোধ করব যে আজকে শ্‌ধ্‌ এদের জমি পাইয়ে দিলেই হবে না, আজকে আমাদের ন্‌তন করে চিন্তা করতে হবে বাংলাদেশের যুক্তফ্রন্ট সরকার ন্‌তন ইতিহাস স্‌ষ্টি অন্ততঃ করবে—সহরাঞ্চলে, শিল্পাঞ্চলে যেমন শ্রমিকদের জন্য ফ্ল্যাট তৈরী করে দেওয়া হয় কম ভাড়ায় তাদের বসবাস করার জন্য, তেমনি এই সমস্ত কৃষকদের যারা জমি পাচ্ছে তাদের জন্য অন্ততঃ কম ভাড়ার ফ্ল্যাট তৈরী করার ব্যবস্থা করা হোক। আমি বলছি না একথা যে কলকাতা সহরের মত দোতলা বাড়ী বা তিনতলা বাড়ী তৈরী করার কথা—আমি একথা বলছি যে তাদের অন্ততঃ টিনের চাল এবং ইঁটের দেওয়াল দেওয়ার ব্যবস্থা করা হোক। তাহলে অন্ততঃ তারা কোনমতে জীবন যাপন করতে পারবে এবং এইভাবে বসবাস করতে পারবে এবং আর একদিকে দেখতে পাই যে তারা সংঘবদ্ধভাবে বসবাস করতে পারবে এবং তাদের ছেলেমেয়েরা লেখাপড়ার স্‌যোগ স্‌বিধা পাবে, জোতদারদের অত্যাচারের হাত থেকে সংঘবদ্ধভাবে এইভাবে তারা বাঁচতে পারে। আমি মনে করি যুক্তফ্রন্ট সরকার যদি এই করতে পারে তাহলে নিশ্চয়ই যুক্তফ্রন্ট সরকার তাদের সব সময় আশীর্বাদ এবং শ্‌ভেচ্ছা পাবে।

**শ্রীঅশোক চৌধ্‌রী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই যে বিল এখানে উত্থাপন করা হয়েছে সেই বিলকে আমি সমর্থন করছি। গরীব লোকদের জমি দিতে হবে, সেই জমি যত তাড়াতাড়ি হয় স্‌ন্দরভাবে খ্‌ব দ্রুত দেওয়া যায় তার ব্যবস্থা করার জন্য এই বিল উত্থাপন করা হয়েছে। স্‌তরাং এর মধ্যে এমন কোন কথা লেখা নেই যে যাদের বাস্তু জমি দেওয়া হবে তাদের ক্ষতি হবে। এখানে কংগ্রেসপক্ষ থেকে বলা হয়েছে যে আপীলের ব্যবস্থা রাখতে হবে। আপীল টাপীলের ব্যবস্থা রাখলে এবং সিভিল কোর্টের হস্তক্ষেপের যদি স্কোপ দেওয়া থাকে তাহলে একটাও গরীব লোক এক ছটাকও জমি পাবে না এই হচ্ছে আমাদের অভিজ্ঞতা এবং এই

আইন কংগ্রেস আমলে ২০ বছরে হয়নি, এখন হয়েছে—এটা ২০ বছর আগে করা উচিত ছিল তা তাঁরা করেন নি। এখন যেটা করা হচ্ছে সেটাতে ও'রা আপত্তি জানাচ্ছেন সুপ্রিমকোর্ট সিভিল কোর্ট ইত্যাদি করে। কাজেই যে ডিসিসন করা হয়েছে কালেক্টরের ডিসিসন ফাইনাল সেটা খুব ভাল কাজ করেছেন। আমি এই বিলকে পূর্ণভাবে সমর্থন করছি।

**শ্রীঅমলেশচন্দ্র মজুমদার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে বিল এখানে উপস্থাপিত করা হয়েছে সেটাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। আস্থানার ব্যাপার সে আদিম যুগের মানুষে আছে--গাছের তলায় বাসা বাঁধা থেকে সুরু করে পাহাড়ের গুহায় বসবাস করা। সেইভাবে যাযাবরের জীবন মানুষের সাথে সাথে চলেছে—সেই প্রাক ঐতিহাসিক যুগের মধ্যে আমি যেতে চাই না, ইদানিংকালে যে জিনিস ঘটেছে সেটা স্থায়ীভাবে যেমন মানুষ করেছে সেই রকমভাবে ইতিহাসের অর্থনীতির অমোঘ নির্দেশে এক অঞ্চল থেকে আর এক অঞ্চলে মানুষকে রুজি রোজগারের জন্য আসতে হয়েছে এবং বার বার যাতায়াতের মধ্য দিয়ে তারা স্থায়ীভাবে বসবাসের পরিকল্পনা করেছে এবং তখনকার দিনে বড় বড় জমিদার জোতদাররা পুকুরের পাড়ে, জঙ্গলের মধ্যে বাঁশ বাগানের মধ্যে তাদের স্থায়ীভাবে বসবাস করবার অনুমতি দিয়েছে। এইভাবে দুই ধরণের আস্থানা গড়ে উঠেছে জমিদারের আমলে যারা গরীব মানুষ তারা খাজনা দিত এবং জমিদারী উচ্ছেদের পরে কোর্ফা সর্ত নিয়ে তারা বাস্তু জমির অধিকারী হয়েছে।

[5-50—6p.m.]

কিন্তু সেখানে যে সমস্যা আছে সেটার কথা পরে বলছি। আর একটা সমস্যা হচ্ছে যারা জমিদার ও জোতদারদের আশেপাশে জঙ্গলে ও পুকুরের পাড়ে ঘরবাড়ী তৈরী করেছে তারা বেশির ভাগই আদিবাসী বা তপশীলী সম্প্রদায়ের লোক। তারা যেখানে সংগঠন করতে পেরেছে সেখানে জবরদখলভাবে রেকর্ড করতে পেরেছে, আর যারা পারেনি তাদের ঐভাবে থাকতে হচ্ছে। এখন দুটো প্রশ্ন আমাদের সামনে আছে। যাদের বাস্ত এইভাবে রয়েছে তাদের সকলকে অধিকার দেবার প্রশ্ন আছে। এই বিলে যারা এই সমস্তভাবে বাস্তু তৈরী করেছে তাদের অধিকার দেবার কথা আছে। কিন্তু যারা খাজনা দিয়ে আছে তাদের অনেকের ভিটে মাটি বন্দক আছে এবং কোর্টে অনেক কেস রয়েছে। আমার মতে মনে হয় সেগুলি এর মধ্যে আনা যেতে পারে। গরীব মানুষ তার বসত বাটি বন্দক দিয়ে টাকা দিতে পারছে না বলে কোর্টের দ্বারা তার উচ্ছেদের ব্যবস্থা হয়েছে। এক্ষেত্রে তাকে বলব ঐসব ক্ষেত্রে যেসমস্ত বাস্তু বন্দক পড়ে গেছে সেগুলিকে এভাবে রেকর্ড করার আওতায় আনা হোক। আর একটা ৪নং ধারায় সেখানে ৫ কাঠা পর্যন্ত জমি আছে সে সম্বন্ধে কিছু বলতে চাই। কিন্তু একটা বড় জায়গা যেখানে বাস্ত রয়েছে ৫ কাঠার মত জায়গা সেখানে এমন অনেক জায়গা আছে সেই জায়গাটা চিহ্নিত করে যদি অধিকার দিয়ে দেওয়া হয় তাহলে বাকী জায়গা বাদ দিয়ে দেয় তাহলে রাস্তার একটা সমস্যা দাঁড়াবে। ইতিমধ্যে দেখেছি লাঠি অনেক জায়গায় চলছে, কিন্তু তারা সংগঠিত হবার জন্য উচ্ছেদ হচ্ছে না। ৫ কাঠার ব্যাপারে বলছে যে আমাদের জায়গাগুলো যদি আমরা ঘিরে নিই তাহলে রাস্তার নয়। কিন্তু সেখানেও জোর করে বেড়া উঠিয়ে ফেলা হচ্ছে বড় জমির মধ্যে যেখানে ৫ কাঠা চিহ্নিত করা আছে সেখানে রাস্তার জায়গার সংযোগ করার ব্যবস্থা করা দরকার। এটাকে মন্ত্রিমহাশয় পরিস্কার করে দেবেন। খোদাবক্স সাহেব সেপারেসন অফ পাওয়ার্স সম্বন্ধে বলেছেন। তাঁর জানা উচিত ভাগচাষ বোর্ডে জমি সংক্রান্ত ব্যাপারে জে এল আর ও থাকেন। জমি সংক্রান্ত ব্যাপারে ভাগচাষ বোর্ড এবং কালেকটর-এর কাছে আপীল করায় সেখানে এমন কিছু গর্হিত কাজ হয় নি। এটা কংগ্রেস সরকারই সেপারেসন অফ পাওয়ার্স সংক্রান্ত ব্যাপার করেছেন। যাহোক মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ দিচ্ছি, পর পর তিনি যে ৩টা বিল এনেছেন এবং খাজনা মকুব করার জন্য যে বিল আনবেন বলছেন সেই বিলটা আনলে তিনি সব কটা কার্যের জন্য বাংলাদেশের মানুষের আশীর্বাদ পাবেন। আর একটা যদি হয় তাহলে ভাল হয় সেটা হচ্ছে যে গরীব মানুষ যারা অভাবের জন্য বন্দক দিয়েছে তারা ফজলুল হক সাহেবের আইনের মত যদি তারা দীর্ঘমেয়াদী কিস্তিতে দিয়ে সেই বাড়ীগুলো যদি পায়

তাহলে বাংলার মানুষ তাঁকে মনে রাখবে। অতএব এই ৩টি বিলের জন্য তিনি বাংলার মানুষের আশীর্বাদ পাবেন এবং এই বিলটা হলে তিনি আরও আশীর্বাদ পাবেন।

**Shri Padmalakshmi Subba :** Mr. Deputy Speaker, Sir, supporting the Bill with some reservations I would like to say something to draw the attention of the Hon'ble Minister to the conditions and custom prevalent in the hill areas of Darjeeling district. In the hill areas of Darjeeling there are people with small holdings, and these land-owners and small landholders can concede the request of the landless and homeless people and allow them to erect their hutment in the portion of the holding and usually these landless people erect their hutment in the middle portion of the holding which is entrusted to them for cultivation. Whenever the share-croppers are given the homestead land for the purpose of cultivation and whenever these people cultivate the land, they go to some other holding where they can find better cultivation prospect. So this is the custom prevalent there, and if this Bill when it becomes an act, applies to these areas, I think the share-croppers just form an attitude that the homestead land measuring five kuttas legally belong to them. In this way if a share-cropper cultivates the land and if he is allowed to retain the five kuttas of homestead permanently, another share-cropper steps in to cultivate the land. In this case the former homestead share-cropper may spoil the portion of the crop which is cultivated by the landowner himself or by another share-cropper. In this way there may be trouble. So I just request the Hon'ble Minister to look into the matter of these hill areas and bring in some amendments suited to the hill areas of Darjeeling district.

Thank you.

**Shri Hare Krishna Konar:**

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বিতর্কে অনেক প্রশ্ন উঠেছে এবং কোর্ট সম্বন্ধে অনেক বলেছেন। কিন্তু আমি যেটার উপর জোর দিতে চাই সেটা হচ্ছে বহু বছরের এই যে জের চলে এসেছে এর যদি তাড়াতাড়ি নিষ্পত্তি করতে হয় তাহলে মূলতঃ এক্সিকিউটিভের কাজের ভিতর দিয়েই এর মীমাংসা করতে হয়। তবে এই কাজের ভিতর যদি আমরা সিভিল কোর্ট, হাইকোর্ট বা জজকোর্টকে টেনে নিয়ে আসি তাহলে এক একটি ব্যাপার নিয়ে মামলা ১।২।৩ বছর আটকে যাবে। যাঁরা জমির মালিক তাঁরা অত্যন্ত বুদ্ধিমান লোক, তাঁরা জানেন কি করে কোর্ট-কাছারী ব্যবহার করতে হয় অর্থাৎ কি করে এর মিসইউজ করতে হয় সেটা তাঁরা জানেন। ৫।১০।১৫।২০ বছব ধরে যারা এরকমভাবে বাস করছে তাদের যদি তাড়াতাড়ি অধিকার দিতে হয় তাহলে সিভিল কোর্ট-কাছারীর আওতা থেকে দূরে রাখতে হবে। অবশ্য আর্টিকেল ২২৬ অব দি কন্সটিটিউসন অনুযায়ী যাঁরা হাইকোর্টে যেতে পারবেন তাঁদের কথা স্বতন্ত্র, তাঁদের আটকাবার উপায় নেই। এখানে একজন বলেছেন অ্যাপিলের প্রভিসন নেই। এটা ঠিক কথা নয়। যেক্ষেত্রে এস ডি ও বিচার করবেন সেখানে কালেকটরের কাছে অ্যাপিল করবেন এবং যেখানে কালেকটর করবেন সেখানে কমিশনারের কাছে অ্যাপিল করবেন। ভারি তো ৫ কাঠা করে জায়গা, যেখানে তাঁরা অনেক দিন ধরে বাস করছেন সেখানে তাঁদের আমরা অধিকার দিচ্ছি। কিন্তু এরকমভাবে যদি অ্যাপিল করতে হয় তাহলে তাদের অধিকার থেকে বঞ্চিত করতে হয়।

[6—6-10 p.m.]

সেজন্য ন্যাচারেল জাস্টিস দরকার যেটা, সেটা করা হচ্ছে। কম্পেনসেসনের কথা আদের বন্ধু যেটা বলেছেন সেটা পরে বলব। কিন্তু মনসুর সাহেব ঠিকই বলেছেন এই কম্পেনসেসন কেন পাবে? সেখানে ১০।১৫।২০ বছর ধরে লোকে বাড়ী করে বাস করছে, সেখানে জলা জায়গা ছিল, এগুলি নিয়ে তারা বাস করছে, আমরা জানি তখন জমির দাম ছিল কি, ১০।১৫ বছর আগে সেই জায়গার দাম ছিল বিঘা প্রতি ২০।২৫ টাকার বেশী ছিল না। এখন যদি বলে

সেখানে এক হাজার দেড় হাজার বিঘা প্রতি দাম হয়েছে, তাহলে দেখা যাবে ঐ গরীব লোকই সেখানে বসেছিল। ঐ বাড়তি দাম যদি কারও পাওয়া উচিত হয় তাহলে যে লোকটা ঘর করে বাস করে তারই পাওয়া উচিত। এই দাম ২।৩ বছরে বাড়েনি, অনেক দিনে বেড়েছে এবং তখন দেখা যাবে গরীব লোকগুলিই সেখানে বসেছিল, হাজার টাকা বিঘা জমিতে কোন বাবু তাদের বসতে দেয়নি, যখন বিঘা প্রতি দাম ছিল ১০।১৫ টাকা তখনই তাদের বসতে দিয়েছিল—এটা আগেকার দিনে যেমন সাজা বিলি, প্রজা বিলি করত, সেই রকমভাবেই এই জমি বিলি করা হয়েছিল। বাঁকুড়ায় যেমন সাজা জমির মালিক ছিল। সাজা বিলি করলে, প্রজা বিলি করলে যেটুকু খাজনা পেত টুয়েন্টি টাইমস নরম্যালি হওয়া উচিত। অবশ্য সেটুকুই কম্পেনসেসন দেওয়া হচ্ছে। এখানে প্রশ্ন উঠেছিল মার্কেট ভ্যালু দেবার অর্থাৎ জমির ফাটকাবাজী করার প্রশ্ন যদি উঠে তবেই মার্কেট ভ্যালু দেবার কথা উঠে। আইন হচ্ছে যারা ঘর করেছে তাদের অধিকার দেবার জন্য। কাজেই এখানে মার্কেট ভ্যালু দেবার প্রশ্ন উঠে না। যাদের ঘর নেই তাদের গভর্নমেন্টের যে খাস জমি আছে তা থেকে দেওয়া হবে। আমাদের যুক্তফ্রন্ট গভর্নমেন্ট এর আগেই নির্দেশ দিয়েছেন যে বাস্তু নেই বলে যদি কেউ অ্যাপিল করে সেক্ষেত্রে আমাদের যে নন-এগ্রিকালচারাল ল্যান্ড আছে তা থেকে দেবার চেষ্টা করা হবে, কিন্তু নন-এগ্রিকালচারাল ল্যান্ড যদি না পাওয়া যায় এবং কারও মাথা গোঁজবার জায়গা না থাকে, তাহলে দরকার হলে এগ্রিকালচারাল যে ল্যান্ড অর্থাৎ চাষের জন্য যে জমি তা বাস্তুর জন্যও দিতে হবে, এই নির্দেশ দেওয়া হয়েছে। তবে যদি কোথাও দেরী হয় এবং কোন অসুবিধা দেখা দেন কার্যকরী করতে তাহলে সেগুলি আমরা দেখব।

বন্ধকী জমির কথা তুলেছেন। বন্ধকী জমির ব্যাপার এর মধ্যে আসে না। ন্যাচারাল ইজমেন্ট রাইটের কথা তুলেছেন। এতে সেরকম অসুবিধা হয় না। গরীব লোক ক্লাস্টার করে এক সংগে ১০।২০ ঘর করে বসে থাকে এক জায়গায়। এবং এটা বড় একটা হয় না যে এক জায়গায় ৪ পাশে অন্য লোকের জমি আর মাঝখানে আর একজনের জমি। যদি সেরকম থাকেও তবে সেখানে ঢুকবার এবং বেরুবার ন্যাচারাল ইজমেন্ট রাইট থাকে। তবে যদি সেরকম অসুবিধা দেখা দেয় পরে সেটা দেখা যাবে। আমরা বাংলাদেশে ঘুরে যেটা দেখেছি কারও বাড়ীতে ঢোকা এবং বেনোর যে রাইট অব ইজমেন্ট সেটা কেউ বন্ধ করতে পারে না। তবুও যদি কোন অসুবিধা কোথাও দেখা দেয় তাহলে সেটা আমরা দেখব। একটা অসুবিধা আছে মুসলিম জমি নিয়ে। হয়তো বা রায়টের বা এই রকম কোন অস্বাভাবিক পরিস্থিতিতে যেগুলি ঘটেছে। কিন্তু আমাদের মুস্কিল হচ্ছে এগুলি বাদ দিয়ে আইন করা মুস্কিল বিশেষ করে বর্তমান সমাজে ডিসক্রিমিনেশন করা চলে না, এই আইনটা তো সামগ্রিকভাবে বাংলাদেশেই প্রযোজ্য। ডিফিকাল্টি যেটা সেটা হল দাঙ্গার সময় কোন মুসলিম বাড়ী ছেড়ে চলে গেছে, আবার হয়তো ওখান থেকে দাঙ্গার জন্যই বাধ্য হয়ে কেউ এসে সেখানে বসে পড়েছে, এ নিয়ে সমস্যা আছে কিন্তু সেই সমস্যার সমাধান এখনও করতে পারা যায় নি। তেমনি জমির ক্ষেত্রে একটা অস্বাভাবিক পরিস্থিতির উদ্ভব হয়েছে। কিছু লোক প্রাণ ভয়ে চলে গেলেন, অথবা তখন হয়তো হস্তক্ষেপ করতে পারলো না। তখন কিছু লোক ঐ রকমভাবে বসেছে। যারা বসেছে, এখন তাদের অন্যায়ভাবে তাড়ানোও মুস্কিল। কিছু সুবিধাবাদী যে একদম নেই তা নয়। তবে সেটা বড় কথা নয়। বড় কথা হচ্ছে জীবনের তাগিদ না হলে জীবনের ঝুঁকি নেওয়া যায় না। দুটোকে গুলিয়ে ফেললে হবে না। তারা দরখাস্ত দিয়েছে, মেমোর‍্যান্ডাম দিয়েছে। এখন কি করা যায়। এল ডি পি অ্যাক্ট-এ কিছু করবার চেষ্টা করা হচ্ছে। দু-একটি জায়গায় অন্যায়ভাবে চেষ্টা করা হচ্ছে—সেগুলো বিবেচনা করা যেতে পারে আইনের কাঠামোর মধ্যে। মার্কেট রেটে একটা কম্পেনসেসন দিয়ে বা অন্য কোনভাবে ব্যবস্থা করা যায় কিনা সেটা যুক্তফ্রন্ট গভর্নমেন্টকে বিবেচনা করতে হবে। তবে এইটুকু জানিয়ে দিতে চাই, একথা কিছু হস্তক্ষেপ আরম্ভ করেছি। ডাঃ সান্যাল জানেন কল্যাণী, চাঁদমারী ইত্যাদি মৌজায় এ একটা অদ্ভুত ব্যাপার। আপনি শুনলে স্যার আশ্চর্য হয়ে যাবেন। গত যুদ্ধের সময় ১৯৪২ সালে রিকুইজিসানড করা হয়েছিল। তার পাশের গ্রামগুলি ছিল দুঃস্থ

মুসলিমদের মিলিটারীর হাতে নেওয়া হল। তারপরে যুদ্ধ শেষ হয়ে গেল। সেই জমি অ্যাকোয়ার করা হলো কল্যাণীতে দুধের জন্য। তারপর ঠিক হয়ে গেল—না, জমি নেওয়া হবে না। জমি ফেরত দেওয়া দরকার। অথচ আজ পর্যন্ত সেই ৭।৮ শো একর জমি, তার দামও দেওয়া হয় নি বা ফেরতও দেওয়া হয় নি। সেই ১৯৪২ সাল থেকে পড়ে আছে। এ এক অদ্ভুত ব্যাপার। এখনও ছিকেয় ঝুলছে। তখন যদি যুদ্ধের শেষে জমি ফেরত দেওয়া হতো, তাহলে আজ আর এত জটিলতার সৃষ্টি হতো না। যদি ১৯৫৪ সালেও ফেরত দেওয়া হোত, তাহলেও কোন জটিলতা হতো না। যদি তখন দাম দিয়ে দেওয়া হতো, তাহলেও কোন জটিলতা দেখা দিত না। দামও দিলাম না, ফেরতও দিলাম না। এ যেন এক প্রকার দিনে ডাকাতি। তারপর দেখা গেল ১৯৬৪ সালে দাঙ্গা-হাঙ্গামার পরে অনেক রিফিউজী এসেছে, সেখানে তারা বসে গেছে। এখন এক বিরাট জটিল পরিস্থিতির সৃষ্টি হয়েছে। এখন আমরা তার সমাধানের চেষ্টা করছি। আমি নিজে সেখানে গিয়েছি। সেখানে আরও অনেক লোক আছে, তাদের অনেকে পাকিস্তানে চলে গেছে, কেউ মরে গেছে, তার বংশধরেরা এখন সত্যিই একটা বেকায়দায় পড়ে আছে। তাদের কাছে বলে এসেছি—ঐ জমির দাম এখনই আমরা নির্ধারণ করে ফেলবো। উইদিন টু মানথস, তাদের পুরাণো মালিকের কাছে অফার রাখবো হয় দাম নাও, আর না হয় জমি ফেরত নাও, আমি তাদের কথা দিয়ে এসেছি ৪।৫ মাসের মধ্যে এটা কার্যকরী করবো। ১৯৪৭ সালের পর থেকে কংগ্রেস গভর্নমেন্ট এটা ঝুলিয়ে রেখেছেন। আমি বলে এসেছি আমরা সব দেখছি—এক্সচেঞ্জিং-এর রেজেস্ট্রি দলিলগুলো সব ঠিক কিনা এটা আমরা দেখবো। যদি বাস্তবিক এক্সচেঞ্জ-এর দলিল ঠিক হয়, তাহলে সেটা আমরা বিবেচনা করবো। ৪০ বিঘার এক্সচেঞ্জ দলিল যদি হয়, আমরা তার কম দেব। দ্বিতীয়তঃ আরও দেখা যাচ্ছে কয়েক শো একর জমি থাকে। যদি ইতিমধ্যে তোমরা নূতন লোক নিয়ে এসে ওখানে বসাও তাহলে তাদের আমরা তাড়িয়ে দেব। তবে তারা কথা দিয়েছে—তা বসাবে না। তাদের উপর আমার বিশ্বাস আছে—আমার কথা তারা রক্ষা করবে। নূতন লোক বসতে গেলে বা ওখানে ঢুকতে গেলে ওখানকার লোক তাদের পিটিয়ে তাড়িয়ে দেবে। ১৯৪৭ সালে ওখানে বেতিয়াপাড়ায় ৩০।৪০ ঘর লোক জবর দখল করে বসেছিল। আমি তাদের বলেছি তোমাদের কথা আমি বিবেচনা করবো—অন কন্ডিসন তোমরা ওখানে পাহারার কাজ করবে। আর কাউকে জবর দখল করতে দেবে না, কেউ ওখানে গিয়ে নূতন করে বসতে পারবে না। অনেক জল গড়িয়ে গেছে। একটিও জবর দখলের ঘটনা ওখানে ঘটে নি। ঐ অঞ্চলের হিন্দু-মুসলমান মানুষের উপর আমার বিশ্বাস আছে।

আমি বলে এসেছিলাম যে হিন্দু-মুসলমানরা যদি মিলেমিশে না চলে, কোন কমপ্লেন যদি আমার কাছে আসে যে সংখ্যালঘু মুসলমানরা চাষ করতে গিয়েছে, তাদের বাধা দেওয়া হয়েছে তাহলে কিন্তু যেখান থেকেই বাধা আসুক না কেন আমি সেটা সহ্য করবো না। আর যদি মিলেমিশে চলতে পারে তাহলে আমরা নিশ্চয় ব্যবস্থা করতে পারবো এবং ৫।৬ মাসের মধ্যেই। মাননীয় সভাপাল মহাশয়, আপনাকে ওরা বলে গিয়েছে যে 'আমরা নূতন লোক ঢুকতে দিচ্ছি না', তারাই সেখানে পাহারা দেবে এবং ডাঃ সান্যাল যদি সেখানে চেষ্টা করেন তাহলে তিনি ব্যর্থ হবেন। আমি ডাঃ সন্যালকে অনুরোধ করবো তিনি যেন বাহাদুরী না দেখান, সে চেষ্টা যেন না করেন, করলে পারবেন না। আমি সেইজন্য মাননীয় সদস্যদের বলব যে এই সমস্যা সম্বন্ধে আমরা সচেতন, এটা এই আইনের মধ্যে আনবেন না। এটা হচ্ছে বাংলাদেশের লক্ষ লক্ষ গরীব লোক—বিশেষ করে আমাদের তপশীল সম্প্রদায়ভুক্ত যারা এর মধ্যে পড়ে যাচ্ছেন তাদের সংগে এটাকে জড়াবেন না। আমাদের আইন করার এমন কোন অধিকার নেই যে এটাকে বাদ দিয়ে ওটা করা যায়। এমন অধিকার নেই যে এর ক্ষেত্রে আমি পুরো দাম দেব আর ওর ক্ষেত্রে আমি টোয়েন্টি টাইমস অব দি রেন্ট দেব এটা করা যায় না। তবে আপনারা যেগুলি বলেছেন সে ক্ষেত্রে আমি প্রয়োজন হলে এল ডি পি অ্যাক্ট প্রয়োগ করতে পারি, অন্য কিছু করতে পারি, সেগুলি নিশ্চয় বলতে পারি না, আমি নিশ্চয় আলোচনা করে নেব। এটা দেখা যাবে কি করা যায় তবে এটা এই আইনে আসে না। আর দার্জিলিং সম্বন্ধে যেটা বলছেন সেটা হয় না। কারণ দার্জিলিং-এর ঐ সমস্যা আছে। দার্জিলিং-এর যে ভাগচাষীর কথা বলছেন,

যারা নিজেরা ঘরটা করেছে, আমি দার্জিলিং-এর বেলাতে জমির মালিকদের স্বার্থ দেখবো, মাথা গোঁজার স্বার্থ দেখবো না—যদি সেই লোকটি নিজে ঘর করে থাকে তাহলে তার নিশ্চয় অধিকার হওয়া উচিত, তবে সেই লোকটি যখন জমি ছেড়ে চলে যাবে তখন সে ঘর ছেড়েও চলে যাবে, জমি যদি ছাড়ে ঘর আটকে রাখবে না, তা না হলে বিক্রী করে দেবে। আমার মনে হয় ঐ সমস্যা খুব জটিল হবে না। কারণ দার্জিলিং-এর পাহাড়ী অধিবাসীদের মধ্যে যেমন জমির মালিকও আছে তেমনি ভূমিহীন গরীবও আছে। আমাদের দুটি দিক বিবেচনা করার দরকার আছে। এই হচ্ছে কয়েকটি বিষয়, আমি সেজন্য অনুরোধ করবো যে ঐ সংশোধনীগুলি যেন বেশী না আলোচনা করা হয়, বিশেষ করে ডাঃ সান্যালকে আমি এই অনুরোধ করবো যে ঐ নিয়ে বেশী সময় নেবেন না।

[6-10—6-22 p.m.]

The motion of Shri Hare Krishna Konar that the West Bengal Acquisition and Settlement of Homestead Land Bill, 1969, be taken into consideration was then put and agreed to.

**Mr. Deputy Speaker:** Now we take up clauses. There are amendments and I take it that they are moved.

**Dr. Nalinaksha Sanyal:** Sir, I would not like to waste your time and so I move all the amendments standing in my name. I have explained my reasons and I hope that the logic behind my amendments will be appreciated and the Minister will see if some of them can be accepted.

**Shri Hare Krishna Konar:** I cannot accept the amendments and I oppose all of them.

Clause I

**Dr. Nalinaksha Sanyal:** Sir, I beg to move that in clause 1(2), in line 1, after the word "except" the words "urban and industrial areas such as" be inserted.

Sir, I also move that in clause 1(2), in line 7, after the word "apply" the words "and Notified Area of Durgapur, Kalyani and Digha" be inserted.

The motions were then put and lost.

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

**Dr. Nalinaksha Sanyal:** Sir I beg to move that in clause 2(h), line 4, for the word and figures ".8094 hectare" the words "one acre" be substituted.

The motion was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

**Dr. Nalinaksha Sanyal:** Sir, I beg to move that in clause 3(a), in line 2, after the word "Government" the words "and set apart for any public purpose" be inserted.

The motion was then put and lost.

**Dr. Nalinaksha Sanyal:** Sir, I beg to move that clause 3(b) be omitted.

The motion was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 4

**Dr. Nalinaksha Sanyal:** Sir, I beg to move that in clause 4(b), lines 1 and 2, for the word and figures ".0334 hectare" the words "five cottahs" be substituted.

The motion was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill, was then put and agreed to.

*Clause 5*

**Dr. Nalinaksha Sanyal :** Sir, I beg to move that in clause 5(2), the proviso be omitted.

The motion was then put and lost

The question that clause 5 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 6

**Mr. Deputy Speaker:** The amendment of Shri Deben Das for insertion of a new clause 5A is out of order. There is another amendment in the name of Dr. Sanyal and has been opposed by the Hon'ble Minister.

**Dr. Nalinaksha Sanyal:** Sir, I beg to move that in clause 6, in line 6, after the word and figures ".0334 hectare" the words "five cottahs" be substituted.

The motion was then put and lost.

The question that clause 6 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 7

**Dr. Nalinaksha Sanyal:** Sir I beg to move that in clause 7(1), lines 2 and 3, the words "in the official Gazette and" be omitted.

The motion was then put and lost.

The question that clause 7 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 8

**Dr. Nalinaksha Sanyal:** Sir, I beg to move that in clause 8, lines 4 and 5, for the words "twenty times of the annual revenue or rent as the case may be" the words "market price" be substituted.

The motion was then put and lost.

The question that clause 8 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 9

**Mr. Deputy Speaker:** There is no amendment in this clause.

The question that clause 9 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 10

**Dr. Nalinaksha Sanyal:** Sir, I beg to move that in clause 10, sub-clause (1) be omitted.

The motion was then put and lost.

The question that clause 10 do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 11 and 12

**Mr. Deputy Speaker:** There are no amendments to clauses 11 and 12.

The question that clauses 11 and 12 do stand part of the Bill was then put and agreed to.

Clause 13

**Dr. Nalinaksha Sanyal:** Sir, I beg to move that in clause 13, lines 9 and 10, the words "and the decision of the Collector or the Commissioner, as the case may be, shall be final" be omitted.

The motion of Dr. Nalinaksha Sanyal that in clause 13, lines 9 and 10, the words "and the decision of the Collector or the Commissioner, as the case may be, shall be final" be omitted, was then put and lost.

The question that clause 13 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 14 to 16 and Preamble

The question that clauses 14 to 16 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to move that the West Bengal Acquisition and Settlement of Homestead Land Bill, 1969, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Mr. Deputy Speaker:** The House stands adjourned till 1 p.m. tomorrow, the 9th July 1969.

Adjournment

The House was accordingly adjourned at 6-22 p.m. till 1 p.m. on Wednesday, the 9th July 1969, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 9th July, 1969, at 1 p.m.

### Present

Mr. Speaker (Shri Bejoy Kumar Banerjee) in the Chair, 25 Ministers, 2 Ministers of State and 222 Members.

### STARRED QUESTIONS

**(to which Oral answers were given)**

**Government Khas lands in Samserganj police-station**

***69.** (Admitted question No. *41.)

**শ্রীসনৎকুমার রাহা ঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় সমসেরগঞ্জ থানায় লালপুর, অনন্তপুর ও বৈদ্যনাথপুর মৌজায় সরকারের খাস জমি কত এবং তাহা কাহার দখলে;

(খ) অনন্তপুর ও লালপুর মৌজার ভূমিহীন কৃষকগণের পক্ষ হইতে খাস জমি দখলের ব্যাপারে সরকার কোন অভিযোগ সম্প্রতি পাইয়াছেন কিনা; এবং

(গ) পাইয়া থাকিলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

[1—1-10 p.m.]

**Shri Hare Krishna Konar:**

(ক) লালপুর, অনন্তপুর ও বৈদ্যনাথপুর মৌজায় সরকারের খাস জমি যথাক্রমে ১০·৭০ একর, ৪০·২০ একর এবং ২৩·০৩ একর। উক্ত জমি ভূমিহীন কৃষকদের দখলে আছে।

(খ) হ্যাঁ।

(গ) ভূমিহীন কৃষকগণ যাহাতে সুষ্ঠুভাবে খাস জমি চাষআবাদ করিতে পারে এবং কেহ যাহাতে বাধা না দিতে পারে তাহার জন্য ব্যবস্থা অবলম্বিত হইয়াছে।

**শ্রীসনৎকুমার রাহা ঃ** 'খ' উত্তরে মন্ত্রিমহাশয় বলেছেন যে অভিযোগ পাওয়া গিয়েছে। আমার প্রশ্ন এই অভিযোগ কারা করেছে এবং সে অভিযোগগুলি কি রকম ?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার ঃ** বালাউদ্দিন শেখ এবং অন্যান্য কয়েকজন দরখাস্ত করেছিলেন। তারা অনন্তপুরে ১৩৭৪ সালে বন্দোবস্ত পেয়েছিল। ১৯৭৫ সালে বন্দোবস্ত নিয়ে মতপার্থক্য ছিল। কিন্তু তবু ওই জমি তারা চাষ করেছিল এবং ফসল ফলিয়েছিল। ১৩৭৬ সালের জন্য ওরা বন্দোবস্ত চেয়েছিল, তখন দেওয়া হয় নি। এটা সরকারের নিয়ম অনুযায়ী যাদের সঙ্গে পরামর্শ করা দরকার তাদের সঙ্গে পরামর্শ করে দেওয়ার জন্য। শ্রীবিভূতিরঞ্জন গোস্বামী বলে একজন দরখাস্ত করেছিল। ঐ জমি ধুলিয়ান মিউনিসিপ্যালিটি বন্দোবস্ত

দিয়েছিল ভুলে অন্য লোককে এবং মিউনিসিপ্যালিটি দখল দিতে পারে না। এটা নিষ্পত্তি হয়ে গিয়েছে এবং বর্তমানে দখলকারের দখলে জমি আছে।

**শ্রীসনৎকুমার রাহা:** ধুলিয়ান মিউনিসিপ্যালিটির দেওয়া সেই জমি কাকে দখল দেওয়া হয়েছে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** আমার কাছে যে রিপোর্ট আছে তাতে বলতে পারি যার দখলে ছিল তার দখলেই আছে।

**শ্রীসনৎকুমার রাহা:** এই জমিটা কি উদ্বাস্তুদের বছর বছর দেওয়ার বন্দোবস্ত আছে, না জবর দখল দেওয়ার ব্যবস্থা আছে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** নোটিস চাই।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** মন্ত্রিমহাশয় কি একথা জানেন, ১৯৬৪ সালে যখন নূতন উদ্বাস্তু আসে তখন তাদের সম্বন্ধে আপনিও বলেছেন, আমিও বলেছি যে গভর্নমেন্টের যে খাস জমি আছে বা যদি থাকে তাহলে তাদের পরিমাণমত দেওয়া হোক এবং সেইমত দেওয়া হয়েছে। সেইটা কি রেক্টিফাই হবে—এই সম্পর্কে আপনার মতামত কি?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** গভর্নমেন্টের ঐ নীতি এত পরিষ্কাব তা হল এই যে, খাস জমি, সেই এলাকার যাদের জমি নেই, অথবা যাদের ৬ বিঘার কম জমি আছে, যারা নিজের হাতে লাঙ্গল দিয়ে চাষ করেন এবং যারা স্থানীয় লোক তাদের মধ্যে স্বভাবতঃই যারা তপশীল বা উপজাতি সম্প্রদায় তাদেরকে অগ্রাধিকর দেওয়া হবে। এটাই হচ্ছে সাধারণ নীতি। স্বাভাবতঃই সেই নীতি প্রয়োগ করবেন স্থানীয় অফিসাররা, স্থানীয় গণসংগঠন, তাদেব সঙ্গে পরামর্শ করে বিভিন্ন রাজনৈতিক পার্টির বক্তব্য থাকলে সেগুলিকেও গুরুত্ব দেওয়া হবে, বিবেচনা করা হবে। এইভাবে করা হয়ে থাকে। তবে ধরুন যেসব খাস জমি কোন লোকের অধিকারে আছে তারা যদি এই অ্যালিজিবিল ক্যাটাগোরির মধ্যে ধরে অর্থাৎ এই রকম অর্থাৎ জমিহীন অথচ নামে মাত্র জমি আছে, এই রকম তারাও পেতে পারেন যদি নিজের হাতে চাষ করেন। কারণ আমার কাছে এমন খবরও আছে যে সরকারের জমি নিয়ে ভাগচাষী দিয়ে চাষ করান হয়। এই রকম ২।১টি খবর আমার কাছে এসেছে। সেগুলি সংশোধন করে দিচ্ছি, তা যদি না হয় স্বভাবতঃই যাদের দখলে আছে তাদের অগ্রাধিকার দিয়ে বিবেচনা করা হয়। এর বেশী কিছু বলতে পারি না। আমি পরে যা দেখেছি যাদের দখলে আছে তাদের লীজ ছিল।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন গণসংগঠন যেগুলি আছে, ক্ষেত-মজুর শ্রেণী, কৃষক শ্রেণী যে সমস্ত সংগঠন আছে, স্থানীয় রাজনৈতিক দল আছে তাদের সঙ্গে পরামর্শ করে করা হয়। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে সরকার পক্ষ থেকে প্রসিডিওর বা পদ্ধতি, দখল নেওয়া সম্বন্ধে বা বন্দোবস্ত নেওয়া সম্বন্ধে কি হবে? কিছুদিন আগে যখন এখানে রাজ্যপালের শাসন প্রবর্তিত হয়, তখন বোর্ড অফ রেভেনিউ, মেম্বার, মিঃ কে সেন-এর নামে একটা নোটিস জারি করা হয় এবং সেই নোটিসে লেখা আছে যে জে এল আর ও এক্জিকিউটিভ অফিসাররা যারা আছেন ল্যান্ড রেভেনিউ ডিপার্টমেন্ট-এ এটা সম্পূর্ণ তাদের এক্তিয়ারাধীনে এবং তাদের ডিসক্রিসান-এ দেওয়া হয়। সেখানে মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন? এমন কোন কথা লেখা আছে যে সমস্ত সর্বদলীয় কৃষক সমিতি বা ক্ষেত-মজুর সমিতি বা ফ্রন্ট কমিটির গাইডেন্স-এ বা পরিচালনাধীনে এই বন্দোবস্ত দেওয়া হবে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্নটা এ থেকে আসে না। এটা হচ্ছে স্পেসিফিক প্রশ্ন। ঐখানকার জমির ব্যাপারে যেদিন আমাদের ভূমিরাজস্বের উপর বাজেট বিতর্ক হবে সেদিন আমাদের পলিসি রাখবো। সেদিন যদি মাননীয় সদস্যরা আলোচনা করেন তাহলে ভাল হয়। তা না হলে অনেক আলোচনা করতে হবে।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় স্পীকার মহাশয়, ওনার উত্তর থেকে এটা আসে। উনি উত্তরে বললেন যে স্থানীয় গণসংযোগ, গণ-কমিটি যেগুলি আছে, কৃষক সমিতি, শ্রেণী সংগঠন এবং ক্লাস অর্গানাইজেসান আছে তাদের সঙ্গে পরামর্শ করে করা হয়। আমি সেজন্য বলেছি যে সরকার পক্ষ থেকে প্রসিডিওর বা পদ্ধতি কি হবে? ভূমি বণ্টনের ব্যাপারে বা এলট্‌মেন্ট-এর ব্যাপারে প্রসিডিওর যেটা সার্কুলেট করা হয়েছে, আমি যতদূর জানি আমার কাছে ডকুমেন্ট আছে। মিঃ কে সেন, বোর্ড অফ রেভেনিউর মেম্বার, তাঁর সই করা ৪ পৃষ্ঠার একটা টাইপড ডকুমেন্ট আছে। তাতে লেখা আছে জমি বন্দোবস্ত করবেন ভূমিহীনকে, ভূস্বামীকে নয়। সেটা কিন্তু জে এল আর ও এবং লিগ্যাল অফিসার বা সেখানে কোন মাস অর্গানাইজেসান বা ক্লাস অর্গানাইজেসান-এর কোন উল্লেখ নেই। সেজন্য মাননীয় মন্ত্রিমহাশয় যে গুরুত্বপূর্ণ ঘোষণা করলেন, যে ক্লাস অর্গানাইজেসান-এর পরামর্শ নেওয়া হবে। সেটা কিন্তু এই সার্কুলারে নেই।

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** আমি আবার বলছি যে ও থেকে এই প্রশ্ন আসে না। তবুও মাননীয় সদস্যদের যাতে এই বিষয়ে ভুল ধারণা না থাকে সেজন্য এটা পরিষ্কার করে বলে দিচ্ছি। আমাদের যুক্তফ্রন্ট সরকার হবার পরে এই সার্কুলার দেওয়া যে জে এল আর ও-রা—কারণ জমি বিলি অফিসাররাই করবেন। এডভাইসরি কমিটি হবে কি হবে না সেটা আলাদা কথা। তাদের কাজ হচ্ছে এডভাইস দেওয়া। কিন্তু আমরা যে নির্দেশ দিয়েছি সেটা হচ্ছে এই, যে আমরা কমিটি ফর্ম করিনি। অতীতে গভর্নর-এর আমলে যে কমিটি করা হয়েছিল, সেই কমিটিকে বাতিল করে দিয়েছি। সেটা গত এসেম্বলী সেসান-এ ঘোষণা করা হয়েছিল। প্রশ্ন করা হয়েছিল, কেন বাতিল করেছি। সেটা আমরা বলেছি এবং এটাও বলেছি যে

J.L.R.O. will distribute lands in consultation with representatives of mass organisations of peasants and agricultural labourers, with the Adhyakshas and members of Gram Panchayat

তারপর ছিল

suggestions of different political parties shall also be given due consideration

যদি মাননীয় সদস্যরা চান আমি সেই সার্কুলার কপি আপনাদের কাছে পরে রাখতে পারি।

**কুমার জগদীশচন্দ্র সিন্‌হা:** মাননীয় রাজস্ব মন্ত্রিমহাশয় বলবেন কি, এই যে সমস্ত জমি বন্দোবস্ত হচ্ছে সেগুলি সত্যি সত্যি ভূমিহীন কৃষকদের মধ্যে হচ্ছে, না ঐ যে দলের কথা বললেন, যে গোষ্ঠীর মাধ্যমে বন্দোবস্ত হচ্ছে, তাদের পেটুয়া লোকেদের দেওয়া হচ্ছে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** ভূমিহীনদের নাম করে জোতদার বা দালালদের দেওয়া হচ্ছে না। সত্যিকারের ভূমিহীনদের দেওয়া হয়েছে।

**কুমার জগদীশচন্দ্র সিন্‌হা:** মাননীয় মন্ত্রিমহাশয় বোধ হয় জানেন না এ বিষয়ে তার দৃষ্টি আকর্ষণ করছি যে তার উত্তরটা বোধহয় সত্য নয়।

(নো রিপ্লাই)

[1-10—1-20 p.m.]

**শ্রীআবদুল কোয়ায়ুম মোল্লা:** মন্ত্রিমহাশয় যে বললেন ৬ বিঘা জমির ঊর্ধ্বে মালিকদের জমি দেওয়া হবে ওটা কি ২ একর হবে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** যা সরকারী খাস করা আছে।

**শ্রীসরোজ রায়:** মন্ত্রিমহাশয় কি জানেন যে যাদের ২ একরের অনেক বেশী জমি আছে তারা প্রত্যেকটা সময় সেই জমিতে যে-কোন রকম একটা ফসল রেখে দিয়ে এই সুযোগ নিচ্ছে যে ফসল যেহেতু জমিতে আছে অতএব এ বছর বণ্টন করা হবে না এইরকম বহু জায়গায় জোতদাররা এইভাবে ব্যবস্থা করছে—সেইভাবে কোন খবর আছে কিনা ?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** এরকম খবর পাই নি তবে আপনি যদি খবর দেন তাহলে এটুকু প্রতিশ্রুতি দিতে পারি যাতে জোতদাররা সেই চক্রান্ত করতে না পারে আমাদের সর্বশক্তি দিয়ে তার ব্যবস্থা করব।

### Works of the Irrigation Department in Murshidabad district

***70.** (Admitted question No. *231.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) গত পাঁচ বছর যাবৎ মুর্শিদাবাদ জেলায় ময়ূরাক্ষী ক্যানেল সার্কেলের কাজ ছাড়া সেচ ও জলপথ দপ্তরের অধীনে আর কি কি স্কীমের কাজ হাতে লওয়া হইয়াছিল ;

(খ) ঐসকল কাজের মধ্যে কোন্‌টির কাজ শেষ হইয়াছে ও কোন্‌টি বর্তমানে কি অবস্থায় আছে ; এবং

(গ) মুর্শিদাবাদ জেলার কোন্ কোন্ কাজ বর্তমানে দপ্তরের বিবেচনাধীন আছে ?

**Shri Biswanath Mukherjee:**

(ক) গত পাঁচ বছরে মুর্শিদাবাদ জেলায় ময়ূরাক্ষী প্রকল্পের কাজ ছাড়া সেচ ও জলপথ দপ্তরের অধীনে অন্য কোন সেচ প্রকল্পের কাজ হাতে লওয়া হয় নাই। এই এলাকাটি মুখ্যতঃ জলনিকাশী (ড্রেনেজ) এলাকা বলিয়া এখানে বৃহৎ কোন প্রকল্প গ্রহণ করিবার সুযোগ সুবিধা কম। তবে কান্দি এলাকার বার-পারীতে একটি স্লুইস নির্মাণ করা হইয়াছে। কিন্তু কৃষি বিভাগ এই জেলাতে সেচকার্যের সুবিধার জন্য ৩১টি নদীসেচ প্রকল্প, ১৭১টি গভীর নলকূপ স্থাপন, ১১৮টি পুষ্করিণী সংস্কার এবং অনেকগুলি অগভীর নলকূপ স্থাপন করিয়াছে।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) মুর্শিদাবাদ জেলায় বর্তমানে নিম্নলিখিত তিনটি প্রকল্প এই দপ্তরের বিবেচনাধীন আছে—

(১) জলঙ্গী থানায় বর্তবিল জলনিকাশী প্রকল্প,

(২) জঙ্গীপুরে ভাঙ্গনের হাত হইতে ভাগীরথী নদীর বাম তীর রক্ষা প্রকল্প, এবং

(৩) ভাগীরথী নদীর ভাঙ্গন হইতে জিয়াগঞ্জ শহর রক্ষা প্রকল্প।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** জঙ্গীপুর ও জিয়াগঞ্জ শহরে ভাগীরথীর ভাঙ্গন রোধ করার জন্য প্রকল্প প্রস্তুত হয়েছে বলে বললেন এবং অর্থের সংস্থান হলে এই কাজ আরম্ভ হবে। আমি জানতে পারি কি, কি নাগাত এই অর্থের সংস্থান ও কাজ আরম্ভ হবে ?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** সেচ বিভাগের উপর ভার দেওয়া আছে প্রধানতঃ কৃষিজমি ও গ্রামকে নদীর ভাঙ্গন থেকে রক্ষা করা যায়। আমাদের পশ্চিমবাংলার নদীগুলির ভাঙ্গনের মুখে অনেকগুলি শহর পড়েছে। আমরা বাধ্য হয়ে অল্প কিছু কিছু টাকা কখনও জরুরী

ক্ষেত্রে বরাদ্দ করি ভাঙ্গন বন্ধ করার জন্য। কিন্তু এত বেশী ভাঙ্গন উত্তর বাংলা, ভাগীরথী ও গঙ্গা নদীতে যে সেচ বিভাগের পক্ষে সমস্ত শহর রক্ষা করার মত অর্থ সংকুলান করা সম্ভব নয়। সেজন্য কেন্দ্রীয় সরকারের কাছে কতকগুলি প্রকল্প পাঠিয়ে প্রায় ৬০ লক্ষ টাকা চেয়েছি। কিন্তু তাঁরা বলছেন প্ল্যান-এর বাহিরে আমরা কিছু দিতে পারব না। এখন জিয়াগঞ্জ ও জঙ্গীপুরের জন্য ২টি প্রকল্প বাবত ১ লক্ষ ৫০ হাজার টাকা ও ১ লক্ষ ৬০ হাজার টাকা ধরা হয়েছে। ১ লক্ষ ৫৮ হাজার টাকার প্রকল্পটা হয়ত শীঘ্র গ্রহণ করব। ফ্লাড কন্ট্রোল-এর জন্য যে সামান্য টাকা বাজেটে দেওয়া হয়েছে তাতে গ্রামে ও শহরে ফ্লাড কন্ট্রোল-এর কাজ করা অসম্ভব। যেমন শুধুমাত্র যদি ঔরঙ্গাবাদকে রক্ষা করতে হয় তাহলে ১ কোটি টাকার এখুনি দরকার। অবশ্য এর সঙ্গে ফরাক্কার প্রশ্ন জড়িত আছে। ফরাক্কা হবার পর ডিপ স্কাওয়ার হোলস হচ্ছে। সেজন্য ফরাক্কা হলে কি হয় না হয় সেটা লক্ষ্য করা দরকার এবং তার জন্য স্টাডি করতে বলেছি। এখন যদি ঐ শহরকে বাঁচাবার জন্য প্রকল্প নিতে হয় তাহলে কম পক্ষে এক কোটি টাকা চাই। শহর রক্ষা করার জন্য এক কোটি টাকা খরচ করা উচিত কিনা সেটা বিবেচনা করা যেতে পারে। কিন্তু সেচ বিভাগের সে সামর্থ্য নেই। সেজন্য আমি মনে করছি যেটা ১ লক্ষ ৫০ হাজার টাকা সেটা আমাদের পক্ষে সংকুলান করা সম্ভব, কিন্তু এক কোটি টাকায় শহর রক্ষা করা সম্ভব নয়। তবে যদি আপনারা বলেন তাহলে সরকারের কাছে প্রস্তাব করতে পারি যে শহর রক্ষার জন্য বিশেষ একটা তহবিল করুন। এখন আমাদের সামান্য টাকায় শহর রক্ষা করা সম্ভব নয়।

[1-20—1-30 p.m.]

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** ঔরঙ্গাবাদ এবং জিয়াগঞ্জের ভাঙ্গন সম্বন্ধে সেচ দপ্তর থেকে কিছু ব্যবস্থা নেওয়া হয়েছে দেখা যাচ্ছে। কিন্তু ঔরঙ্গাবাদের ভাঙ্গন যেভাবে দ্রুত এগিয়ে আসছে তাতে এটা আরও জরুরী ব্যাপার বলে মনে করি। আমার প্রশ্ন হচ্ছে ঔরঙ্গাবাদের ভাঙ্গন সম্বন্ধে আদৌ কিছু ভেবেছেন কিনা সেটা বলুন।

**শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ** ভেবেছি বলেই ১ কোটি টাকার প্রকল্পে হাত দিয়েছি। কিন্তু এটা আমার সামর্থ্যের মধ্যে নেই।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন যে ঔরঙ্গাবাদ শহর হচ্ছে বাংলাদেশের বিড়ি শিল্পের বড় কেন্দ্র এবং সারা ভারতবর্ষে একটিমাত্র কেন্দ্র ছাড়া এতবড় কেন্দ্র আর কোথাও নেই। এখানে ১ লক্ষ শ্রমিক বিড়ি শিল্পের সঙ্গে জড়িত রয়েছে। কিন্তু এই শহর ভাঙ্গতে সুরু হয়েছে এবং আপনারা যদি এখন অনুসন্ধান বা তদন্ত করতে সময় কাটান তাহলে এটা ভেঙ্গে শেষ হয়ে যাবে। এখান থেকে কেন্দ্রীয় সরকার বহু টাকা এক্সসাইজ ডিউটি মারফত আদায় করেন। আমার প্রশ্ন হচ্ছে আপাততঃ শহর রক্ষা করবার জন্য যতটুকু করা দরকার কেন্দ্রীয় সরকার থেকে সেই টাকা আদায় করবার কোন ব্যবস্থা হতে পারে কি ?

**শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ** আমি ইতিপূর্বেই বলেছি অনেকগুলো ভাঙ্গন সম্বন্ধে স্কীম তৈরী করে পাঠিয়েছি কিন্তু তাঁরা টাকা দিচ্ছেন না। আমি এটুকু আপনাকে বলতে পারি নিশ্চয়ই ঔরঙ্গাবাদ সম্বন্ধে ওই কথা উল্লেখ করে টাকা চাইব।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** আপাততঃ জরুরী যে কাজগুলো আছে সেই কাজ করবার জন্য যে টাকা দরকার এই মরশুমে যদি সেই টাকা না পাওয়া যায় তাহলে দেখা যাবে ভেঙ্গে সব শেষ হয়ে যাবে। এ সম্বন্ধে কিছু বলবেন কি ?

**শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ** আমি আগেই বলেছি আমার বিভাগের আদৌ এই সামর্থ্য নেই। আপনারা যে বরাদ্দ করেন তাতে আপনারা একথা কোনদিন চিন্তা করেন নি। আমাকে যে

সামান্য টাকা ফ্লাড কন্ট্রোলের জন্য দেন তাতে বড় ফ্লাড কন্ট্রোল করা যায় না, গ্রামের চাষের জমির জন্য কিছু ব্যবস্থা করা যায় মাত্র। কিন্তু এতবড় একটা শহর ভাঙ্গনের মুখে এবং তার জন্য ব্যবস্থা করতে যে টাকার প্রয়োজন সেই টাকার প্রভিসন যখন আমার বাজেটে নেই তখন কেন্দ্রীয় সরকারের কাছে চাওয়া ছাড়া আর কি করতে পারি ?

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** এই ভাঙ্গন থেকে শহর রক্ষা করবার জন্য আপনার ডিপার্টমেন্ট যে স্কীম করেছে অর্থাভাবের জন্য সেটা হচ্ছে না বললেন এবং কেন্দ্রীয় সরকার যে এগিয়ে আসছে না সেটাও বললেন। একবার বলা হয়েছিল ফরাক্কা স্কীম ১৯৭০ সালের মধ্যে চালু হবে। তা যদি হয় তাহলে এইসমস্ত শহর ফরাক্কা স্কীমের মধ্যেই পড়ছে। আমার প্রশ্ন হচ্ছে এই অবস্থায় কেন্দ্রীয় সরকারকে এইভাবে কোন কথা বলেছেন কিনা যে, এই শহরগুলো ফরাক্কা স্কীমের মধ্যেই পড়ছে কাজেই এর জন্য আরও টাকা দরকার, শহরগুলোর প্রোটেকসন দরকার ?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** ফরাক্কা স্কীমের মধ্যে পড়ছে না। ফরাক্কা ব্যারেজের জন্য যে সমস্ত কফার ড্যাম করতে হচ্ছে তার ফলে দেখা গেছে নদীর ডাউন স্ট্রীমে ১০০ থেকে ১৫০ ফুট স্কাওয়ারিং আছে, কিন্তু এত স্কাওয়ারিং কখনও হয় নি। ড্যাম, ব্যারেজ বিল্ড করতে গিয়ে এই স্কাওয়ারিং নদীতে হচ্ছে। ঔরঙ্গাবাদ নদীর মধ্যে পড়েছে বলছেন। বহু জায়গা নদীতে ভাঙ্গয়ে, আবার উঠছে এরকম জিনিস হয়। স্কাওয়ার হোল অনেক গভীর হচ্ছে। আমি কেন্দ্রীয় সরকারকে একথা নিশ্চয়ই বলতে পারি যে এর ফলে স্কাওয়ারিং বেশী হচ্ছে, কাজেই শহরকে বাঁচাবার জন্য কিছু টাকা দাও। কিন্তু আমি বার বার আপনাদের বলছি আমার যে ব্যয় বরাদ্দ তাতে আমার কোন রকম স্কোপ নেই। বাংলাদেশের ৪০।৪৫টি শহর ভেঙ্গে যাচ্ছে সেগুলো রক্ষা করা সম্ভব নয়, সামান্য কিছু ছিটেফোঁটা হয়ত করা যেতে পারে। যাহোক, আমি কেন্দ্রীয় সরকারের কাছে টাকা চাইব এবং যথেষ্ট চাপ দেব।

**শ্রীসরোজ রায়:** মন্ত্রিমহাশয় বললেন যে পশ্চিমবাংলার কতকগুলি জরুরী কাজের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে টাকা চেয়েছিলেন কিন্তু সেই টাকা তাঁরা পান নি। আমার কাছে যতটা খবর আছে তাতে এটা বলতে পারি যে অন্যান্য প্রদেশে যেখানে কংগ্রেসী মন্ত্রিসভা আছে সেখানে কেন্দ্রীয় সরকার থেকে যে পরিমাণ টাকা দেওয়া হয় বিশেষ জরুরী কাজের জন্য, সেচের জন্য, কেন পশ্চিমবাংলাকে সেই টাকা দেওয়া হচ্ছে না, এ বিষয়ে মন্ত্রিমহাশয় একটু জানাবেন কি ?

**মিঃ স্পীকার:** এই সব বিষয় কি আপনি কোশ্চেনে এখন জিজ্ঞাসা করবেন? যদি মন্ত্রিমহাশয় বলেন তো আমার আপত্তি নাই।

**শ্রীসরোজ রায়:** স্যার, আমি যেটা জিজ্ঞাসা করছি সেটা হচ্ছে মন্ত্রিমহাশয় কেন্দ্রীয় সরকারের কাছে টাকা চেয়েছিলেন কিন্তু টাকা পান নি, সেদিক থেকে আমার প্রশ্ন হচ্ছে পশ্চিমবাংলা জরুরী সেচের জন্য টাকা পান না অথচ যেখানে কংগ্রেসী মন্ত্রীসভা আছে সেখানে বিভিন্ন প্রদেশে তাঁরা টাকা চাইলে কেন্দ্র সহানুভূতির সঙ্গে বিবেচনা করেন, অতএব পশ্চিমবাংলাকে কেন দেওয়া হচ্ছে না ?

**শ্রীবিশ্বনাথ:** আমি বলেছি এই বিশেষ ক্ষেত্রে শহরগুলি ভেঙ্গে যাচ্ছে, তা রক্ষার জন্য আপাততঃ ৬০ লক্ষ টাকা তাঁদের কাছে চেয়েছিলাম কিন্তু তাঁরা বলেছেন প্ল্যানের বাইরে কোন টাকা তাঁরা দিতে পারবেন না, আর তাঁরা প্রতিবারেই আমাদের বলেছেন কোন রাজ্যকেই টাকা দিতে পারছিনা, দিচ্ছি না এখন যদি আপনার কোন বিশেষ সংবাদ থাকে যে কোন রাজ্যকে দিয়েছেন তাহলে সেটা যদি আমাদের জানিয়ে দেন, তাহলে আমাদের পক্ষে সুবিধা হয়।

**Want of irrigation facilities in Chanditala police-station**

***71.** (Admitted question No. *255.) **Shri MOHAMED ABDUL LATIF:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) if the Government is aware that large tracts of agricultural land in the Chanditala police-station of the Hooghly district are lying fallow for want of irrigation facilities; and

(b) if so, what measures Government proposes to take, if any, to make irrigational facilities available to such tracts of agricultural fields?

**Shri Biswanath Mukherjee:** (a) Yes, the fact that some tracts of land are not getting any irrigation benefit have become apparent to Government after the Government of West Bengal had taken over the charge of the DVC Barrage and Irrigation system in 1964.

(b) In order to extend irrigational facilities to these tracts of land a Regulator at chainage 420.00 over Saraswati near Chanditala has been proposed. Survey and investigation for the construction of the Regulator have been completed and the scheme may be ready for consideration by September 1969.

Moreover for the proper development of the area some canals with arteries are required to be constructed from upstream of the above regulator. Detailed field investigation for these canals will be taken up in the next survey season.

**শ্রীমহম্মদ আবদুল লতিফঃ** মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি, চণ্ডীতলার কোন্ কোন্ মাঠে বর্তমানে কোন ইরিগেশন ফ্যাসিলিটিজ নাই?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** চণ্ডীতলার সমস্ত মাঠ আমি জানি না, তবে the area concerned is nearly 10 thousand acres of land bounded by a number of mouzas. These areas excepting the fringes are not getting irrigation benefit from the D.V.C.

আমি এটা অ্যাডমিট করছি যে ডি ভি সি ক্যানেল সিস্টেমে চণ্ডীতলার বেশীর ভাগ জায়গা বেনিফিট পাচ্ছে না, ফ্রিঞ্জের সামান্য কিছু বেনিফিট পাচ্ছে, সেজন্য রেগুলেটার তৈরী করার কথা ভাবছি, তা তৈরী করলে আপ-স্ট্রীমে কিছু ক্যানেল তৈরী করতে হবে, সীল্ড সার্ভে করছি, এই প্রজেক্ট সেপ্টেম্বর মাসে আমার কন্সিডারেসনের জন্য রেডি হয়ে আসবে।

**Income from taxes on "tari"**

***72.** (Admitted question No. *349.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

গত তিন বৎসরের কোন্ বৎসর খেজুর ও তাল গাছের তাড়ির ট্যাক্সের দরুন কত টাকা সরকারী তহবিলে জমা পড়িয়াছে?

[1-30—1-40 p.m.]

**Shri Krishna Chandra Halder:**

খেজুর ও তাল গাছের তাড়ির দরুন আদায়ীকৃত ট্যাক্সের পৃথক পৃথক হিসাব রাখা হয় না। গত তিন বৎসরের কোন্ বৎসর খেজুর ও তাল গাছের তাড়ির ট্যাক্সের দরুন কত টাকা সরকারী তহবিলে জমা পড়িয়াছে তাহার একটি যুগ্ম তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

**Shri Netai Pada Bhaduri:**

পশ্চিমবঙ্গের সর্বত্র এই তালগাছের তাড়ির ট্যাক্স ধার্য আছে কি?

**Shri Krishna Chandra Halder:**

অবশ্য সর্বত্র সমানভাবে নেই। এটা বেঙ্গল একসাইজ অ্যাক্ট-এর ১৪নং ধারা অনুযায়ী ৫টি জেলাতে আছে —যেমন কলকাতার সর্বত্র, হাওড়া জেলার সর্বত্র এবং হুগলী জেলার বেশীর ভাগ জায়গায়, ২৪-পরগনা জেলার বেশীর ভাগ জায়গায় এবং নদীয়া জেলার কিছু কিছু জায়গাতে লাইসেন্স আছে।

**Shri Netai Pada Bhaduri:**

কী নীতিতে এই লাইসেন্স গ্রহণ করা হয়েছে?

**Shri Krishna Chandra Halder:**

মাননীয় সদস্য যা বললেন তার উত্তরে বলা যায় সাধারণত ব্যক্তিগতভাবে যাঁরা লাইসেন্স নেন তার জন্য বছরে ১৫ টাকা করে, আর যাঁরা ভেন্ডার আছেন তাঁদের প্রতিটি গাছের জন্য ১২ টাকা করে নেওয়া হয়।

**Shri Pannalal Majhi:**

আপনি বললেন পশ্চিমবাংলার কতকগুলি জেলা বাদে আর সর্বত্র ট্যাক্স ধার্য আছে। আপনি কি জানেন আরামবাগ সর্বাডিভিসনে কোন গাছে ট্যাক্স নাই তাড়ির জন্য অথচ তার পাশাপাশি আমতা, উদয়নারায়ণপুরে সেখানে তাড়ির গাছে ট্যাক্স আছে, এর কারণ কী?

**Shri Krishna Chandra Halder:**

নোটীফিকেসন অনুযায়ী এরিয়া আছে। আরামবাগ নোটিফায়েড এরিয়ার বাইরে। এই সমস্ত বিষয় নোটিফায়েড এরিয়া আর আমরা বাড়াবো কিনা তা আমাদের বিবেচনাধীন রয়েছে। মিঃ মাঝি ও অন্যান্য যাঁরা এ সম্বন্ধে ইন্টারেস্টেড তাঁদের সঙ্গে পরামর্শ করে আলোচনা করে আমরা পূর্ণ সিদ্ধান্ত এ ব্যাপারে গ্রহণ করবো।

**Shri Sailendra Nath Adhikari:**

মন্ত্রিমহাশয় খবর নিয়েছেন কি আমাদের পশ্চিমবাংলার তাড়িখোরের সংখ্যা কত?

**Shri Krishna Chandra Halder:**

মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি আমাদের কোন স্ট্যাটিস্টিকস এই ব্যাপারে নেই তবে তিনি যদি কোন তথ্য এই ব্যাপারে সরবরাহে সাহায্য করেন, তাহলে সেটা আমি এখানে প্লেস করবো।

### Floods in the rivers of Jalpaiguri district

*73. (Admitted question No. *381.)

**শ্রীআজিজুর রহমান:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

এই বৎসর জলপাইগুড়ি জেলার কোন্ কোন্ নদীতে নিরাপদ সীমা অতিক্রম করিয়া বন্যা হইয়াছে?

**Shri Biswanath Mukherjee:**

এই বৎসর জলপাইগুড়ি জেলায় তিস্তা বা অন্য কোন নদীর জল চরম বিপদ সীমা অতিক্রম করিয়া প্রবল বন্যার সৃষ্টি করে নাই। তিস্তা নদীর জল কিছুটা স্ফীত হওয়ায় অরক্ষিত অঞ্চলে মন্ডলঘাট সাময়িকভাবে কিছুটা জলমগ্ন হইয়াছে।

**Shri Azizur Rahaman:**

র্তমানে বন্যার অবস্থা কি রকম মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি ?

**Shri Biswanath Mukherjee:**

র্তমানে জল নেমে যাচ্ছে।

**Shri Amarendra Nath Roy Pradhan:**

াননীয় মন্ত্রিমহাশয় বললেন যে চরম বিপদ সীমা অতিক্রম করে নি। কিন্তু প্রশ্নটা নিরাপদ ীমা অতিক্রম সংক্রান্ত। আমার জিজ্ঞাস্য, এবারে বিপদ সীমা অতিক্রম করার সময় তিস্তা দীর বন্যার দরুন ঐ এলাকায় কতবার হলদে সিগন্যাল দেওয়া হয়েছে, কতবার রেড সিগন্যাল ওয়া হয়েছে ?

**Shri Biswanath Mukherjee:**

দিও এ প্রশ্ন আসে না তবুও মাননীয় সদস্যের অবগতির জন্য বলতে পারি যে চরম বিপদ ীমার পরেও আমরা ৬ ফিট মার্জিন রেখেছি। সুতরাং যখন নিরাপদ সীমার কথা জিজ্ঞাসা রছেন তখন মনে রাখবেন যে চরম বিপদ সীমা রীচ করে নি। চরম বিপদ সীমার পরও ামরা ৬ ফিট মার্জিন রেখেছি।

**Shri Nares Chandra Chakravorty:**

ননীয় মন্ত্রিমহাশয় বললেন যে আন-প্রটেকটেড এরিয়াতে সামান্য বন্যা হয়েছিল। আন-টেকটেড এরিয়া কেন, কোনটা প্রটেকটেড এরিয়া, কোনটা আন-প্রটেকটেড এরিয়া জানাবেন ?

**Shri Biswanath Mukherjee:**

কনিক্যাল এডভাইসরি কমিটির এডভাইস অনুসারে নদীর কতকটা জায়গায় স্পেল করেছেন, ল উপচে পড়ার জন্য খোলা রাখা হয়েছে। নদীর চারপাশ থেকে বাঁধলে বাঁধা যায় কিনা, সে ধ নদী মানে কিনা বা সেটা ভেংগে নদী যেখানে দিয়ে খুশী বেরিয়ে যেতে পারে কিনা সে ন আছে বলে কতকগুলি জায়গা খোলা রাখা হয়, স্পীল এরিয়া তাকে বলা হয়, জল উপচে ড়ার জন্য। মঙ্গলঘাট অঞ্চল এবং তারপর হলদীবাড়ী পাকিস্তানের সীমা পর্যন্ত এরকম য় ১৪।১৫ মাইল অঞ্চলে খোলা আছে বাঁ দিকে। ডান দিকে এরকম গ্যাপস মাঝে মাঝে লো আছে। এগুলি বাঁধার ব্যাপারে টেকনিক্যাল কমিটির এখনও পর্যন্ত মত নেই। তবে বিষয়ে আমরা মত করে যদি মত পাই তাহলে ভাবতে পারি অ্যাট অল বাঁধতে পারি কিনা ?

**Shri Anadi Das:**

াননীয় মন্ত্রিমহাশয় যেটা বললেন তাতে এটা ধরে নেওয়া যেতে পারে যে যেসমস্ত যায়গায় রকম গ্যাপস রাখা হয়েছে সেই সমস্ত জায়গায় জল উপচে পড়লেই ভাসবে। আমার জ্ঞাস্য, সেইসব জায়গার অধিবাসীদের আগে থাকতে কি রকমভাবে বিজ্ঞপ্তি দেওয়া হয় এবং দের নিরাপত্তার কি ব্যবস্থা করা আছে ?

**Shri Biswanath Mukherjee:**

সা জায়গা হিসাবে যেহেতু মঙ্গলঘাট খোলা আছে,—এটা চিরকালই খোলা আছে, নতুন নয়, জন্য গতবারে বন্যার পর এবারে বিশেষ ব্যবস্থা অবলম্বন করা হয়েছে। এই মঙ্গলঘাট ঞ্চলের মধ্যে একটা প্রভিসন স্টোরস করা হয়েছে, সমস্ত খাবার সহ অন্যান্য জিনিসপত্র মজুত া হয়েছে, কতকগুলি নৌকাও রাখা হয়েছে। তাছাড়া রাস্তাঘাটের যোগাযোগ বিচ্ছিন্ন হবার শংকা বেশী বলে আপনারা হয়ত কাগজে পড়েছেন, একটা ব্রীজ একটু উঁচু করে করা গিয়েছে,

অন্যগুলিও করার চেষ্টা করা হচ্ছে যাতে সেই অঞ্চল বেশীক্ষণ বিচ্ছিন্ন হয়ে না থাকে। সে অঞ্চলের ভেতরেও কতকগুলি ব্যবস্থা করা হচ্ছে যার্তে করে যদি জল উঠে যায় তাহলে সেখানকার লোকেদের দরকারমত রেসকিউ করা যায়, সাহায্য দেওয়া যায়, বিশেষ করে খাবা ইত্যাদি দেওয়া যায় সেজন্য সেগুলি নিয়ে জমা করে রাখা হয়েছে।

**Grow-More-Food Campaign in the State**

***74.** (Admitted question No. *424.) **Dr. ZAINAL ABEDIN:** Will th Minister-in-charge of Agriculture and Community Development Departmen be pleased to state—

(a) if the Government proposes to intensify the Grow-More-Foo Campaign in the State;

(b) if so, what are the new advances made towards achieving the declare target of food production in the State; and

(c) whether there is any plan for the training of farmers on moder agriculture extensively at Government cost?

**Dr. Kanailal Bhattacharyya :** (a) Yes.

(b) In order to achieve the target of cereal production in the State it ha been proposed to concentrate chiefly on the following programme durin 1969-70:—

(i) H. V. Programme cultivation of high yielding varieties of padd maize and wheat in larger areas.

(ii) Multiple cropping-raising of two or more crops from the same lar in a year.

(iii) Extension of area under wheat.

(iv) Rapid extension of irrigation facilities.

(v) Arrangements for increased consumption of fertilisers.

(vi) Plant Protection—elaborate arrangements for combating attack pests and diseases on crops.

(c) Yes.

[1-40—1-50 p.m.]

**ডঃ জয়নাল আবেদিন:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই ফারমারদের ট্রেনিং-এ যে ব্যবস্থা হবে, সেটা কোথায় এবং কিসের ভিত্তিতে হবে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** ফারমারদের ট্রেনিং-এর জন্য সম্প্রতি আমরা একটা পরিকল্প নিয়েছি। বীরভূম এবং বর্ধমানে তাদের শিক্ষণের জন্য একটা স্কীম নেওয়া হয়েছে।

**ডঃ জয়নাল আবেদিন:** নর্থ বেঙ্গলের ব্যাপারে কি কোন কিছু ব্যবস্থা করা হচ্ছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** নর্থ বেঙ্গলের ব্যাপারে এখনও কিছু হয় নি। তবে সেখ একটা থার্ড ইউনিট সেট আপ করবো এবং সেটা কোথায় করবো সেটা এখনও ঠিক হয় নি।

**Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister be pleased to state which of the three kinds of high yielding variety seeds viz. T.N. 1, I.R. 8 and Padma is being encouraged particularly in West Bengal?

**Dr. Kanailal Bhattacharya:** We are mainly encouraging I.R. 8 and Padma now but the seeds of Padma are not available in bulk quantities and that is why we are giving more stress on I.R. 8.

**Shri Kashi Kanta Maitra:** So far as the I.R. 8, Padma and such other high yielding variety of seeds are concerned, the fact is that as the grain is of the sticky type, there is lesser number of consumers and also producers as they do not get attractive prices. Keeping that in view will the Hon'ble Minister be pleased to tell us if the Agricultural Department should not think it wiser to introduce at least the Padma variety of seeds which is very popular in Bihar and which has given better results in Bihar?

**Dr. Kanailal Bhattacharya:** We are thinking of introducing the Padma variety of seeds in our State and for that reason we have brought some amount of seeds in our State. But we do not think it is sufficient now. We are trying to grow this Padma variety of paddy in our farms and trying to get seeds out of it .

**Shri Kashi Kanta Maitra:** So far as these high yielding variety seeds, namely, I.R. 8, Padma and others are concerned, having regard to the sticky character of their grains, will the Hon'ble Minister be pleased to tell us if any arrangements are being made for the introduction of mechanical driers so that it becomes a distinctive advantage for the producers.

**Dr. Kanailal Bhattacharya:** Yes. We have looked into it. But driers are rather costly and therefore, it may not be possible for small producers to use them. That is the difficulty.

**ডঃ জয়নাল আবেদিনঃ** কেমিক্যাল ফার্টিলাইজারের কথা উনি বলেছেন। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন এর দাম অত্যন্ত বেশী হচ্ছে এবং এতে কৃষকদের নিরুৎসাহিত করা হচ্ছে, এ সম্বন্ধে সরকারের সিদ্ধান্ত কি ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ** মাননীয় সদস্য মহাশয় নিশ্চয়ই জানেন যে কেমিক্যাল ফার্টিলাইজারের দাম গত বছর যা ছিল এবছরও প্রায় তাই আছে। শুধু সেন্ট্রাল গভর্নমেন্ট একটা এক্সাইজ ডিউটি বসিয়েছেন সেই জন্য দাম বেড়েছে, তা না হলে এত দাম বাড়ত না।

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** হাওড়ার মত বাংলাদেশের ঘাটতি জেলাগুলিতে গ্রো মোর ফুড-এর জন্য নূতন বিশেষ বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছেন কি ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ** এর জন্য নোটিশ চাই। তবে আমার যতটুকু মনে আছে তাতে বলতে পারি যে আমরা হাওড়া জেলার জন্য বিশেষ কার্যসূচি নিয়েছি এবং এই বছর প্রায় ৩৫ হাজার একর জমিতে হাই ইলডিং ভ্যারাইটি তৈরী করার জন্য চেষ্টা করছি।

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** হাওড়ার কোন্ কোন্ এলাকা, বলবেন কি ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ** নোটিস চাই।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন পদ্মা ভ্যারাইটি ধান কম পাওয়া যাচ্ছে বলে আপনি দিতে পারছেন না। এই পদ্মা ভ্যারাইটির বেশী সিড গ্রোয়িং-এর জন্য সরকারের নিজস্ব যে সমস্ত খামার আছে সেখানে বিশেষ ব্যবস্থা করবার কথা কি তিনি চিন্তা করছেন ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** আমি তো বললাম যে বিশেষ বিশেষ ব্যবস্থা করা হয়েছে আমাদের ২৫০টি ফার্ম আছে এবং সেখানে আমরা পদ্মা ভ্যারাইটির ধান গ্রোয়িং করাচ্ছি এবং নেক্সট ইয়ারে আরো বেশী গ্রোয়িং করাতে পারবো।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, এতদিন ধরে যে মিশ্র সার ব্যবহার করা হচ্ছিল, সেই সার এখন কি ব্যবহার করা হচ্ছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** মিশ্র সার আমরা ব্যান করে দিয়েছি।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** কেন ব্যান করলেন সেটা বলবেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** সেটা সম্পর্কে জানতে হলে, নোটিস দিলে ভাল হয়, তবে সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে মিশ্র সারে ভেজাল মেশানোর খুব বেশী চান্স আছে এবং ভেজাল মেশানো হয়, সেই জন্য বন্ধ করা হয়েছে।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** ইতিপূর্বেই যে ভেজাল মেশানোর খবর পেয়েছেন, সেই সম্পর্কে তদন্ত করে শাস্তির ব্যবস্থা করেছেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** ভেজাল মেশালে কোর্টে কেস করা যায় বটে কিন্তু কোর্টে প্রমাণ করা মুস্কিল।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, যে তাঁরা "জয়া" ধান রোপনের কোন ব্যবস্থা করছেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** হ্যাঁ, আমরা "জয়া" ধান সম্পর্কে চিন্তা করছি এবং তার সিড আনিয়েছি।

**ডঃ জয়নাল আবেদিন:** কি কি প্রকারের ইরিগেশন দ্বারা জল দেওয়া হবে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** ইরিগেশনের ব্যাপারে আমরা স্যালো টিউবওয়েল এবং ডিপ টিউবওয়েল আগামী এক বছরের মধ্যে প্রায় পঞ্চাশ হাজার স্যালো টিউবওয়েল দেবো ঠিক করেছি তার মধ্যে গভর্নমেন্ট থেকে দেওয়া হবে কুড়ি হাজার এবং কুড়ি হাজার দেওয়া হবে অ্যাগ্রোইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের পক্ষ থেকে। তাছাড়া প্রায় ১,৫৪৩টি ডিপ টিউবওয়েল যেগুলি সিঙ্ক করা হয়েছে তার মধ্যে এখনও ২১৫টি এনারজাইজ করা হয় নি, সেইগুলো এনারজাইজ করবার চেষ্টা করবো এবং রিভার পাম্প ৩৮১টির ব্যবস্থা করা হয়েছে কুড়িটি মাইনর ড্রেনেজ এবং ২৫টি ইরিগেশন-এর মাধ্যমে। সেই স্কীমগুলি অলরেডি এক্জিকিউট করা হচ্ছে এবং ১২টি মাইনর ইরিগেশন এবং ৫টি মাইনর ড্রেনেজ স্কীম এখন এক্জিকিউসন করা হচ্ছে আর স্মল ইরিগেশন এবং ড্রেনেজ স্কীম আরও নেওয়া হচ্ছে। ডেরিলিক্ট ট্যাঙ্ক যেগুলো আছে সেগুলো একসক্যাভেসনের ব্যবস্থা করা হচ্ছে।

**শ্রীঅমলেন্দুলাল রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে আই আর এইট ভ্যারাইটির ধান খুব ভাল উৎপন্ন হচ্ছে। কিন্তু আই আর এইট ধান নির্দিষ্ট পরিমাণ জল ছাড়া আদৌ হয় না এবং সেই জন্য চাষীদের অত্যন্ত বেশী রকম রেজিসট্যান্স আছে এই আই আর এইট ধান বোনা সম্পর্কে। মাননীয় মন্ত্রিমহাশয় জলের কি অ্যাসিওরেন্স দেবেন যে নির্দিষ্ট পরিমাণ জল তাদের দেওয়া হবে কোথা থেকে, কারণ জল খুব বেশী পরিমাণ আছে বলে আমার জানা নেই কারণ বিল এলাকায় এই ধানগুলো হয়। আমার অভিজ্ঞতা থেকে এই কথা বলতে পারি যে জলের অভাবে বহু জায়গায় আই আর এইট ধান মার খেয়ে গেছে এবং ন্যাশনাল সিড কর্পোরেশন থেকে যে বীজ তৈরী হয় এই আই আর এইট, আপনি একটু খোঁজ করে দেখলে

দেখবেন যে গত বছর সেই বীজ কি দরে বিক্রি করা হয়েছে সেখান থেকে, এবং সেই দরে বিক্রি হলে আদৌ এই ধান তারা কিনে চাষ করবে না।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** মাননীয় সদস্যকে জানাচ্ছি যে একটু আগেই ইরিগেশন স্কীম কি করেছি সেটা পড়ে শুনিয়েছি, সেটা বলার দরকার নেই। আই আর এইট-এর ধান ন্যাশনাল সিড কর্পোরেশন কি দরে বিক্রি করেছে সেটা আমার ঠিক জানা নেই, মাননীয় সদস্য যদি বলেন আমি সেটা খবর নিয়ে দেখবো।

**শ্রীপীযূষকান্তি মুখার্জী:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে কত একর জমি ইরিগেশনের আওতায় আনা যাবে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** প্রায় এক লক্ষ, দেড় লক্ষ একর জমি।

**ডঃ জয়নাল আবেদিন:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, আপনি হাই ইল্ডিং-এর কথা বলছেন আই আর এইট সম্বন্ধে আলোচনা হয়েছে কিন্তু আই আর ফাইভ বলে আর একটা ভ্যারাইটি আছে, তার ফলাফল বাংলাদেশের মাটিতে কি রকম সেই সম্বন্ধে সরকারী তথ্য কি? এবং আর একটা কথা বলি রেট সম্পর্কে পদ্মার কথা বলি ১·১৫ পয়সার কমে দেওয়া হচ্ছে না। এই হাই রেট কেন নেওয়া হচ্ছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** আই আর ফাইভ সম্বন্ধে আমার কিছু জানা নেই, তবে নোটিশ দিলে বলতে পারবো এবং দ্বিতীয় কথা পদ্মার দাম ১·১৫ পয়সা কেন নেওয়া হচ্ছে। ন্যাশন্যাল সিড কর্পোরেশন আমাদের কাছ থেকে নিচ্ছে, পদ্মা আমরা প্রথমতঃ কিছু করিনা। এই বছর পদ্মা আমাদের নূতন এলো এবং ন্যাশন্যাল সিড কর্পোরেশন ১·১৫ পয়সায় বিক্রি করছে, থ্রু আউট ইন্ডিয়া, কাজেই আমাদের কিছু করিবার নাই।

[1-50—2 p.m.]

**শ্রীনেপালচন্দ্র রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, জয়া এখনও পর্যন্ত এসেছে কিনা?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** জয়া কিছু এসেছে, খুব বেশী আসে নি।

**ডঃ জয়নাল আবেদিন:** ডিপ টিউবওয়েল যেগুলো পড়ে আছে, সেগুলো সংস্কারের কি ব্যবস্থা হচ্ছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** মাননীয় সদস্য যদি এইগুলো সংস্কারের কোন রকম স্কীম দেন, তাহলে আমরা সেগুলো সম্বন্ধে চেষ্টা করব।

## Deep tubewell in Uluberia Block No. 2

***75.** (Admitted question No. *640.)

**শ্রীকালীপদ মণ্ডল:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উলুবেড়িয়া ২নং ব্লকে কোনও গভীর নলকূপ বসান হইয়াছে কিনা; এবং

(খ) (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে তাহা কোন্ জায়গায় বসান হইয়াছে এবং বর্তমানে ঐ নলকূপ চালু আছে কিনা?

**Shri Biswanath Mukherjee:**

(ক) হ্যাঁ, ১টি।

(খ) ঘরভাঙ্গা বাসুদেবপুরে নলকূপ এখনও চালু করা হয় নাই। বৈদ্যুতিক শক্তির সংযোজনের সাথে সাথেই চালু করা হবে।

**শ্রীকালীপদ মণ্ডল:** বিদ্যুৎ শক্তি কতদিন নাগাদ সংযোগ করা হবে এই সম্পর্কে কিছু বলবেন কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের সাথে প্রয়োজনীয় ব্যবস্থা হয়েছে। আশা করি দু মাসের মধ্যে বিদ্যুৎ সংযোগ হয়ে যাবে। অন্যান্য ব্যবস্থা হয়ে রয়েছে।

**শ্রীকালীপদ মণ্ডল:** এই উলুবেড়িয়ার ২নং ব্লকে আর কোন গভীর নলকূপ বসানোর পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** এই বছর বাংলাদেশের কোথাও কোন গভীর নলকূপ বসানোর পরিকল্পনা নেই।

**শ্রীকালীপদ মণ্ডল:** যে সমস্ত গভীর নলকূপ বসান হয়েছে এবং ইলেকট্রিকের অভাবে চালু হতে পারছে না সেগুলো ডিজেলে চালান সম্ভব কি এবং সম্ভব যদি হয় তবে এগুলো ডিজেলে চালাবার ব্যবস্থা করবেন কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** খুব বেশী খরচ হয়। এগুলো বসাতে এমনিতে এত বেশী খরচ হয় যে যদি চাষীদের উপর ট্যাক্স বসিয়ে আদায় করা হয় তবে চাষীরা অস্থির হয়ে পড়বে। আর ডিজেলে চালাতে আরও বেশী খরচ পড়বে। এগুলোর পাইপ লাইন হয়ে রয়েছে, বেশীর-ভাগ অপারেশন হয়ে রয়েছে। আমরা এই বছর শেষ করে ফেলব ঠিক করেছি।

**শ্রীনেপালচন্দ্র রায়:** মন্ত্রিমহাশয় বললেন যে এই বছর ডিপ টিউবওয়েল বসান হবে না। এই বছর বলতে কি আপনি এইবারের আর্থিক বছর বুঝিয়েছেন, না ডিসেম্বর মাস পর্যন্ত বলছেন?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** এই ফাইন্যান্সিয়াল বাজেট যেটা আছে তার কথা বলেছি। প্রায় সাড়ে ১৫ শত ডিপ টিউবওয়েল বসান হয়েছিল, সেগুলো সব কার্যকরী করবার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কারণ টাকা দিয়ে এগুলো কিনে পড়ে রয়েছে অথচ এতে কাজ হচ্ছে না এটা একটা স্টেট স্ক্যান্ডেল বা স্টেট ওয়েস্ট বলে মনে করি। সেইজন্য এই বছর ১০০ পারসেন্ট অপারেশনের পরিকল্পনা নিয়েছি। আর নূতন ডিপ টিউবওয়েলের কথা ভাবতে পারি না। কারণ আমাদের যা অর্থের বরাদ্দ আছে তাতে তা সম্ভব নয়। তবে আশা করছি সেন্ট্রাল গভর্নমেন্ট ডিপ টিউবওয়েল বসাবার জন্য এই ফাইন্যান্সিয়াল ইয়ারে কিছু দেবেন। কিছু কিছু স্যোসালিস্ট গভর্নমেন্ট যেমন হাঙ্গেরী বা যুগোশ্লাভিয়া গভর্নমেন্টের সঙ্গে সেন্ট্রাল গভর্নমেন্টের ক্রেডিট প্যাক্ট আছে। আমরা সেন্ট্রাল গভর্নমেন্টের সাথে এদের মাধ্যমে কিছু কিছু করার জন্য বলছি। এই রকম কিছু হলে তবে হবে। আদারওয়াইজ আমাদের বাজেটে যে অর্থ বরাদ্দ আছে তাতে ডিপ টিউবওয়েল কার্যকরী করা ছাড়া নূতন করে বসান সম্ভব হবে না।

**কুমার জগদীশচন্দ্র সিনহা:** মাননীয় সেচ মন্ত্রিমহাশয় কি বলবেন, এই যে সমস্ত ডিপ টিউবওয়েল, স্যালো টিউবওয়েল বসানোর পরিকল্পনা করেছেন, সেগুলিতে কো-অপারেটিভ চালু করার কোন পরিকল্পনা কি তাদের আছে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** আপাততঃ স্যালোতে এবং ভবিষ্যতে ডিপেতে কো-অপারেটিভ চালু করার ব্যবস্থা আছে।

**কুমার জগদীশচন্দ্র সিনহা:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যে চালু করা প্রকল্পটি আছে, সেই প্রকল্পটি কতদিনে কার্যকরী হবে ?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** আপাততঃ আমাদের অনেক জলের দরকার। সেজন্য এই যে ৫০ হাজার স্যালো টিউবওয়েল আমরা বসাতে চাইছি সেটা কো-অপারেটিভ-এর জন্য অপেক্ষা করলে ভয়ঙ্কর দেরী হয়ে যাবে। তাই, আমরা ঠিক করেছি গ্রুপ-এ হবে। ৫ জন, ৬ জন, ৭ জন চাষীকে নিয়ে এক একটা গ্রুপ ফরম করে, প্রত্যেক গ্রুপে একটা করে টিউবওয়েল পাবে এবং ভবিষ্যতে এই গ্রুপগুলি বা অনেকগুলি গ্রুপ নিয়ে আমরা কো-অপারেটিভ ফরম করতে পারব। উই ক্যান নট ওয়েট যে কো-অপারেটিভ হোক তারপর টিউবওয়েল হবে, সেই অপেক্ষা আমরা করতে পারি না। তাই জোট বেঁধে ভবিষ্যতে কো-অপারেটিভ হবে।

**কুমার জগদীশচন্দ্র সিনহা:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যে এই রকম গ্রুপ করে চাষীকে টিউবওয়েল দেওয়ার কথা মন্ত্রিমহাশয় বললেন বাংলাদেশের কোন জেলায় এই রকম কি কোন কাজ আরম্ভ হয়েছে ?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** হ্যাঁ, কে গ্রুপ ফরম করে আরম্ভ হয়েছে। কিছু কিছু কাজ বন্যা-বিধ্বস্ত অঞ্চলে করার জন্য সম্প্রতি আমরা নিয়েছি। সেটা গ্রুপ ফরম করেই নিয়েছি। আর আগামী দিনের যে প্রোগ্রাম আমরা নিতে যাচ্ছি, বর্ষার ইমিডিয়েট পরে ৫০ হাজার টিউবওয়েল করবার, সেটা আমরা গ্রুপ ফরম করে করবো।

**কুমার জগদীশচন্দ্র সিনহা:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যে কোন্ জেলায় এটা আরম্ভ **হয়েছে ?**

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** বন্যাবিধ্বস্ত অঞ্চল হিসাবে যেসব জায়গায় বোরো চাষ করে, সেই বোরোগুলিকে বাঁচাবার জন্য এটা আরম্ভ হয় মেদিনীপুর, হুগলী, হাওড়া ইত্যাদি জায়গায়।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই, ডঃ ভট্টাচার্য বললেন, এগ্রিকালচার মিনিস্টার, যে ৫০ হাজার স্যালো টিউবওয়েল বসাচ্ছেন, তারপর এইমাত্র সে গুরুত্ব-পূর্ণ ঘোষণা করলেন যে ১ হাজার আরো গভীর নলকূপ বসানো ইত্যাদির পরিকল্পনা করেছেন প্লাস এ ছাড়া অতিরিক্ত ৫০ হাজার স্যালো টিউবওয়েল রয়েছে। আমি জিজ্ঞাসা করছি এই যে, ৫০ হাজার স্যালো টিউবওয়েল এবং এক হাজারের উপর ডিপ টিউবওয়েল চালু হচ্ছে, আরো এক হাজার ডিপ ডিপ টিউবওয়েল চালু করতে চলেছেন বা পরিকল্পনা নিয়েছেন, আপনার হাতে কিম্বা আপনার বিশেষজ্ঞদের কাছ থেকে এ্যাডিকোয়েটা প্রপার হাইড্রোলজিক্যাল ডাটা আছে যে এই ৩।৪ হাজার ডিপ টিউবওয়েল, ৫০ হাজার স্যালো টিউবওয়েল সাইমালটে-নিয়াসলি একই রাজ্যে যদি অপারেট করা যায় তাহলে সাডেনলি ওয়াটার লেভেল নেমে যেতে পারে এবং তাতে এ্যাট লিস্ট হাইড্রোলজিক্যাল ওয়েল্থ-এর সর্বনাশ হতে পারে, এসব সাইনটি-ফিক ডাটা কি আপনার কাছে আছে না না জেনে এগুলি বলছেন ?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** মাননীয় সদস্য মহাশয় একটু ভুল বুঝেছেন, ৫০ হাজার স্যালো টিউবওয়েল শুধু এই বছর—তিন বছরে আড়াই লক্ষ স্যালো টিউবওয়েল করবার মতলব আছে এবং ১৫ শত যে ডিপ টিউবওয়েল আছে তার উপর এক হাজার করা, এই ৫ বছরের মতলব। এখন তার জন্য জিওলজিক্যাল সার্ভে মোটের উপর যে ডাটা এবং রিপোর্ট দিয়েছেন তার থেকে আরো থ্রু সার্ভে করার জন্য আমরা একটা ডিভিসন খুলছি জিওলজিক্যাল সার্ভের লোক নিয়ে,

একটা ডিভিসন খুলবার পরিকল্পনা আছে, এটা শীঘ্রই আরম্ভ হবে। সেসব কিছু না করে এসব কাজে হাত দেওয়া উচিত নয়, এটা আমরা বুঝি। এ সম্বন্ধে আইন করবার কথা অল ইন্ডিয়া লেভেলে হচ্ছে। অল ইন্ডিয়া লেভেলে আইন হবে যাতে টিউবওয়েল যেখানে খুশী হতে দেবে, সেটা যাতে ভবিষ্যতে না হতে পারে, এটা যাতে কন্ট্রোল করা যায়, সেসব চিন্তাও আমাদের আছে এবং সেইভাবেই বলব।

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন, যে সোসালিস্ট কান্ট্রিজ এদের কাছ থেকে গভীর নলকূপের ব্যবস্থা করা যেতে পারে কিনা, যেমন অতীতে হয়েছিল, আপনি নিশ্চয়ই জানেন একটা গভীর নলকূপ বসাতে এই রাজ্যে অন্যূন এক লক্ষ টাকা ব্যয় হয় এবং যার অপারেশন্যাল কস্ট প্রায় সাড়ে তিন হাজার টাকা। যদি ডিজেলে চালানো যায়, ইলেকট্রিসিটি না পাওয়া যায় তাহলে একটা ডিপ টিউবওয়েল বসাতে ১ লক্ষ টাকা ব্যয় হয় এবং যার অপারেশন্যাল কস্ট ও রেকারিং এক্সপেন্ডিচার হচ্ছে বছরে প্রায় ৩ হাজার টাকা। এটা একটা টিউবওয়েলের পিছনে খরচ করা হচ্ছে এবং যার কমান্ডিং এরিয়া ৩ শত একরও হয় না, সেই জায়গায় এই ১ লক্ষ টাকা ব্যয় করলে গ্রামে ক্ষুদ্র সেচ পরিকল্পনা হতে পারত এবং তাতে অনেক বেশী জমি এর আওতায় আসতে পারতো।

**শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ** ক্ষুদ্র সেচ পরিকল্পনা বাড়াবার চেষ্টা বেশী করে করছি সর্বপ্রকারে অর্থাৎ পুকুর, বাঁধ, কুয়ো ইত্যাদিতে। একটা জিনিস বোঝা দরকার, যে সারা বৎসর জল পেতে গেলে এবং তিনটে চাষ তুলতে গেলে, যদি বোরো হাই ইলডিং দিতে চান, যাতে ম্যাকসিমাম ইল্ড হয় তাতে জল দিতে গেলে শুধু পুকুরে হয় না এবং অন্যান্য ক্ষুদ্র সেচ পরিকল্পনাতেও হয় না। সেখানে গ্রাউন্ড ওয়াটার অর্থাৎ মাটির নিচের জল পাওয়া দরকার হয়। সেইজন্য স্যালো টিউবওয়েল ব্যাপকভাবে প্রয়োগ করার কথা আমরা ভাবছি।

## STARRED QUESTIONS

### (to which written answers were laid on the Table)

### Government Khas lands

***76.** (Admitted question No. *43.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

সরকারের খাস জমি পশ্চিমবঙ্গে এইরূপ কত আছে যাহা আজও সনাক্ত করা হয় নি এবং এইজন্য তাহা বিলি বন্দোবস্ত হয় নাই?

**The Minister for Land and Land Revenue:**

প্রশ্নটি তেমন স্পষ্ট নয়।

সরকারে ন্যস্ত জমি যাহা এখনও সঠিক সনাক্ত করা হয় নাই, তাহার মধ্যে অধিকাংশই বিভিন্ন দাগের জমির অতিরিক্ত অংশ। সেইরূপ জমির প্রাদেশিক ভিত্তিতে সম্পূর্ণ তালিকা প্রস্তুত করা হয় নাই।

### Distribution of chemical fertiliser in different blocks

***77.** (Admitted question No. *261.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** কৃষি দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

পশ্চিমবঙ্গের বিভিন্ন ব্লকে বা থানায় চাষীদের মধ্যে রাসায়নিক সার বণ্টনের জন্য কি পদ্ধতি গ্রহণ করা হয়?

**The Minister for Agriculture:**

পশ্চিমবঙ্গে রাসায়নিক সার বণ্টনের জন্য বর্তমানে ৮২টি প্রধান বণ্টনকারী নিযুক্ত করা হইয়াছে। এই সকল বণ্টনকারী প্রতি ব্লকে বা থানায় কমপক্ষে একটি ডিপো বা সাব-ডিপো খুলিয়া স্থানীয় কৃষকদের সার বণ্টন করিয়া থাকেন। বর্তমানে ৪,০০০ এর বেশী এইরূপ ডিপো ও সাব-ডিপো পশ্চিমবঙ্গে আছে। প্রধান বণ্টনকারীরা কৃষকদের চাহিদা অনুসারে সরকারের নিকট অথবা দেশীয় প্রস্তুতকারকদের নিকট তাহাদের সংভূতিপত্র (ইনডেন্ট) দেন। সেই অনুসারে সরকার অথবা প্রস্তুতকারীরা বণ্টনকারীদের পছন্দমত নিকটতম রেল স্টেসনে মাল সরবরাহ করেন। কোন কোন সময় প্রধান বণ্টনকারীরা তাহাদের বাফার-গোডাউনে সার তুলিয়া রাখেন ও স্থানীয় ডিপো হোল্ডার ও সাব-ডিপো হোল্ডারদের চাহিদা অনুসারে বাফার-গোডাউন হইতে সার সরবরাহ করিয়া থাকেন।

### Construction of a Mill on the Saraswati river-bed at Sankrail

***78.** (Admitted question No. *297.) **Shri MOHAMED ABDUL LATIF:**

(a) Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state if it is a fact that the Goenka have constructed a Mill on the bed of river Saraswati at Sankrail?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) which authority sanctioned the construction of the Mill; and

(ii) whether it is in accordance with the terms of the sanction?

**The Minister for Irrigation and Waterways:** (a) Yes, Goenkas have extended their National Jute Mill by construction over the land adjacent to and to some extent converting upon the bank of the river Saraswati in Mouza Bampur, P.S. Sankrail, which will partly obstruct the flow of the river during the rainy season.

(b) (i) No permission for construction was taken from any authority. The foreshore land over which the encroachment has been made bears Plot No. 583/621 and is recorded in the name of a private person. It is possible that the encroachment has extended even beyond that.

(b) (ii) Does not arise.

### Agricultural farm in Domkul police-station

***79.** (Admitted question No. *390.)

**শ্রীআজিজুর রহমান:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

মুর্শিদাবাদ জেলায় ডোমকল থানার এগ্রিকালচারাল ফার্মের জন্য গত ১৯৬৭-৬৮ এবং ১৯৬৮-৬৯ সালের কোন্ সালে—

(১) মোট কত খরচ হইয়াছে;

(২) মোট আয় কত; এবং

(৩) কত লাভ বা ক্ষতি হইয়াছে?

**The Minister for Agriculture and Community Development:**

একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

**Landed properties held by the Sebait of Lakshmi-Narayan Temple at Cossimbazar**

***80.** (Admitted question No. *49.)

**শ্রীসনৎকুমার রাহা:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর থানায় বানেজেঠিয়া মৌজায় ১০৫নং নেংরী বিবির হাতায় কাশীমবাজার মহারাজের লক্ষীনারায়ণ জিউ ঠাকুরের সেবাইত নামে কোন সম্পত্তি ও ভূমি সম্পদ আছে কিনা; এবং

(খ) থাকিলে উক্ত সম্পত্তির বর্তমান অধিকারী কে এবং উক্ত জমি চাষাবাদের কাজে লাগিতেছে কিনা ?

**The Minister for Land and Land Revenue:**

(ক) হ্যাঁ।

(খ) লক্ষ্মীনারায়ণ জিউ ঠাকুরের পক্ষে সেবাইত মহারাজা সৌমেন্দ্রচন্দ্র নন্দী। ঐ জমিতে চাষাবাদ হইতেছে।

**Protection of Jagtai, Aurangabad, Jangipur and Jiaganj from river erosion**

***81.** (Admitted question No. *265.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার সুতি থানার জগতাই ও ঔরঙ্গাবাদে গঙ্গার ভাঙ্গন এবং জঙ্গিপুর শহর ও জিয়াগঞ্জ শহরে ভাগীরথীর ভাঙ্গনের বিষয় সরকার অবগত আছেন কি; এবং

(খ) অবগত থাকিলে ঐ সকল জায়গায় ভাঙ্গন স্থায়িভাবে রোধ করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন বা করার কথা চিন্তা করিতেছেন ?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) হ্যাঁ।

(খ) জগতাই ও ঔরঙ্গাবাদের গঙ্গার ভাঙ্গন প্রতিরোধকল্পে প্রকল্প প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় অনুসন্ধান ও তথ্যাদি সংগ্রহের কাজ গ্রহণ করা হইতেছে। জঙ্গিপুর ও জিয়াগঞ্জ শহর এলাকায় ভাঙ্গন নিরোধের দুইটি প্রকল্প প্রস্তুত করা হইয়াছে। প্রয়োজনীয় অর্থের সংস্থান হইলেই উহা কার্যকরী করার ব্যবস্থা গ্রহণ করা হইবে।

## UNSTARRED QUESTIONS

**(to which written answers were laid on the Table)**

**Cottage and Small Scale Industries in Murshidabad district**

**45.** (Admitted question No. 30.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

মুর্শিদাবাদ জেলায় কুটির ও ক্ষুদ্র শিল্প সংস্থাপন ও প্রসারণের জন্য বর্তমান সরকার কি কি কার্যকরী ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ?

**The Minister for Cottage and Small Scale Industries:**

মুর্শিদাবাদ জেলায় রেশম শিল্প ও হস্ত শিল্পের জন্য কিছু পরিকল্পনা চালু আছে এবং ঐগুলি প্রসারণের জন্য পরিকল্পনা গৃহীত হইয়াছে। ইহা ব্যতীত ক্ষুদ্র ও কুটির শিল্পের প্রসারণের জন্য রাজ্যের সাধারণ পরিকল্পনাগুলির সুযোগ সুবিধাও এই জেলা পাইয়া থাকে।

### Berhampore College of Textiles

**46.** (Admitted question No. 88.)

**শ্রীসনৎকুমার রাহা:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর কলেজ অব টেক্সটাইলে বর্তমানে কতগুলি শিক্ষকের পদ খালি আছে;

(খ) উক্ত শূন্য পদে নিয়োগ করার কোন ব্যবস্থা হইতেছে কিনা;

(গ) বর্তমানে এই প্রতিষ্ঠানের পরিচালক কমিটি কাজ করিতেছে কিনা?

(ঘ) এই কলেজের ছাত্রগণের নিকট হইতে কনডেন্সড কোর্স চালু করার বিষয় সরকার কোন দাবীপত্র পাইয়াছেন কিনা; এবং

(ঙ) পাইয়া থাকিলে এবিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Education:**

(ক) বহরমপুর কলেজ অব টেক্সটাইল টেকনোলজিতে বর্তমানে নিম্নলিখিত শিক্ষকের পদগুলি খালি আছে—

(১) সহকারী অধ্যক্ষ,

(২) বস্ত্রবয়ন রসায়নের সহকারী অধ্যাপক,

(৩) বস্ত্রবয়ন আকল্পের উপাধ্যায়,

(৪) অর্থনীতির উপাধ্যায়,

(৫) বাণিজ্য শাখার উপাধ্যায়,

(৬) পদার্থবিদ্যার উপাধ্যায়,

(৭) রসায়নবিদ্যার উপাধ্যায়,

(৮) গণিতবিদ্যার উপাধ্যায়,

(৯) তাড়িৎ যন্ত্রবিদ্যার উপাধ্যায়, এবং

(১০) বস্ত্রবয়ন যন্ত্রবিদ্যার উপাধ্যায়।

(পার্ট-টাইম) খণ্ডকালীন নিয়োগ দ্বারা কাজ চালান হইতেছে।

(খ) কৃত্য নিয়োগাধিকারের মাধ্যমে উপরি-উক্ত শূন্য পদে শিক্ষক নিয়োগের জন্য চেষ্টা করা হইতেছে;

(গ) এই প্রতিষ্ঠানের পরিচালক সমিতি সরকারী বিজ্ঞপ্তি নং ৩২৬৫-শিল্প, তাং ১২-৭-৬৭, নং ৪২৬২—শিল্প, তাং ২২-৮-৬৭ ও নং ৪৩১১—শিল্প, তাং ২৯-৮-৬৮তে ২ বৎসরের জন্য গঠিত হইয়াছে। সভ্যদের তালিকা এতৎসহ নথিতে পেশ করা হইল।

(ঘ) হ্যাঁ।

(ঙ) এই প্রস্তাবটি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অনুমোদনের জন্য পাঠান হইয়াছিল এবং বিশ্ববিদ্যালয় ইহা অনুমোদন করিয়াছেন বলিয়া জানাও গিয়াছে।

Statement referred to in reply to clause (ga) of unstarred question No. 46

**পরিচালক সমিতির সভ্যের তালিকা**

১। মুর্শিদাবাদের জেলা শাসক বা তাঁহার মনোনীত মুর্শিদাবাদের অতিরিক্ত জেলা শাসক—সভাপতি।

২। মহাবিদ্যালয়ের অধ্যক্ষ—সহ-সভাপতি।

৩। শ্রীত্রিদিব চৌধুরী, লোকসভাসদস্য—সভ্য।

৪। বাংলার শিল্প প্রতিষ্ঠানের মালিক সংগঠনের সভাপতি—সভ্য।

৫। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিরূপে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রযুক্তিবিদ্যা শাখার অধ্যক্ষ—সভ্য।

৬। বহরমপুর পৌরসভার সভাপতি—সভ্য।

৭। বহরমপুর জেলার প্রধান সরকারী চিকিৎসক বা তাঁর প্রতিনিধি—সভ্য।

৮। শ্রীসনৎকুমার রাহা, বিধানসভার সদস্য, বহরমপুর, মুর্শিদাবাদ—সভ্য।

৯। শ্রীশ্যামাপদ ভট্টাচার্য, বহরমপুর, মুর্শিদাবাদ—সভ্য।

১০। শ্রীঅনন্ত ভট্টাচার্য, বহরমপুর, মুর্শিদাবাদ—সভ্য।

১১। ভারত সরকারের শিক্ষা মন্ত্রকের পূর্বাঞ্চলীয় সমিতির সচিব—সভ্য।

১২। কল্যাণী বয়ন শিল্প প্রতিষ্ঠানের পরিচালন-অধিকর্তা -সভ্য।

১৩। ছাত্র-অভিভাবকদের একজন প্রতিনিধি—সভ্য।

১৪। শিক্ষা প্রতিষ্ঠানের একজন শিক্ষক-প্রতিনিধি--সভ্য-সচিব।

**Berhampore Co-operative Ganja Farming Society**

**47.** (Admitted question No. 99.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) বহরমপুর কো-অপারেটিভ গাঁজা ফার্মিং সোসাইটি লিমিটেড কোন্ সালে লিকুইডেশনে যায়;

(খ) লিকুইডেশান সময়ে তাহার সদস্য ছিল কত;

(গ) বর্তমানে শেয়ার হোল্ডার সদস্যদের অংশমত প্রাপ্য দেওয়া হইতেছে কিনা;

(ঘ) লিকুইডেশনের পূর্বে কোন্ কোন্ বছরের গাঁজা ফসলের. অংশমত প্রাপ্য সদস্যদের বাকী আছে এবং তাহার পরিমাণ কত; এবং

(ঙ) গাঁজা ব্যতীত অন্যান্য ফসলের অংশমত প্রাপ্যের টাকা সদস্যগণকে দেওয়া হইতেছে কিনা?

**The Minister for Co-operation:**

(ক) ইংরাজী ১৯৬৩ সালে হাইকোর্ট "রুল" জারি করে লিকুইডেটারকে সমিতির স্থাবর সম্পত্তিতে হাত দিতে নিষিদ্ধ করেছেন। অদ্যাবধি এই "রুলের" শুনানির দিন ধার্য হয় নি।

(খ) ইংরাজী ৩০-৬-৬১ তারিখের অডিট রিপোর্ট হইতে জানা যায় ঐ তারিখে সভ্যসংখ্যা ছিল ১৪০ জন।

(গ) বহু চেষ্টা করেও পর পর লিকুইডেটাররা সমিতির পুরো সম্পত্তির হিসাব পান নি এবং যেহেতু স্থাবর সম্পত্তিতে হাত দেওয়া নিষিদ্ধ সেহেতু লিকুইডেটার অদ্যাবধি একটি অন্তর্বর্তীকালীন রিপোর্টও দাখিল করতে পারেন নি। অতএব শেয়ার হোল্ডারদের কোন প্রাপ্য দেওয়ার প্রশ্ন ওঠে না।

(ঘ) লিকুইডেটার এখনও সমিতির সকল খাতাপত্র এবং কোন সম্পত্তির অধিকার না পাওয়ায় এই সম্পর্কে সংবাদ দেওয়া সম্ভবপর নহে।

(ঙ) না।

### Berhampore Co-operative Ganja Farming Society

**48.** (Admitted question No. 100.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর কো-অপারেটিভ গাঁজা ফার্মিং সোসাইটি দেউলিয়া অবস্থায় কতদিন ধরিয়া আছে;

(খ) উক্ত সোসাইটির ঋণ ও দায় কত টাকা আছে,

(গ) সোসাইটির নিকট হইতে এ পর্যন্ত কত টাকা দেনা বা দায় শোধ করা হইয়াছে; এবং

(ঘ) সোসাইটির পক্ষে সকল দায় বা ঋণ শোধ করা সম্ভব হইবে কিনা?

**The Minister for Co-operation:**

(ক) গত ইংরাজী ১৯৬৩ সালের ৪ঠা নভেম্বর হইতে।

(খ) ইংরাজী ৩০-৬-৬১ তারিখের ব্যালান্স সীট অনুসারে ঐ তারিখে মোট ঋণ ও দায় ছিল ৪,৮৮,৮৪২·৯১ টাকা (চার লক্ষ আটাশি হাজার আটশত বিয়াল্লিশ টাকা একানব্বই পয়সা)। ইহার পরবর্তী সময়ের হিসাব পাওয়া যায় নাই।

(গ) সমিতির লিকুইডেশান বিষয়টি হাইকোর্টের বিচারাধীন থাকায় এসম্পর্কে কিছুই করা সম্ভবপর হয় নাই।

(ঘ) সমিতির সমস্ত খাতাপত্র লিকুইডেটারের হস্তগত না হওয়ায় এসম্পর্কে কিছু বলা সম্ভব নহে।

### Number of female employees

**49.** (Admitted question No. 139.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে রাজ্যসরকারে নিযুক্ত কতজন মহিলা গেজেটেড অফিসার এবং কতজন নন-গেজেটেড মহিলা কর্মচারী আছেন?

**The Minister for Finance:**

৪-৭-৬৯ তারিখ পর্যন্ত প্রাপ্ত সংবাদ অনুসারে পশ্চিমবঙ্গ সরকারে নিযুক্ত মহিলা কর্মচারীর সংখ্যা দেওয়া হইল-ঃ—

গেজেটেড মহিলা কর্মচারী—৩৩ জন।

নন-গেজেটেড মহিলা কর্মচারী—১,৫৫২ জন।

**Financial assistance by the West Bengal Khadi and Village Industries Board to some organisations of Murshidabad district**

**50.** (Admitted question No. 206.)

**শ্রীঅমলেন্দুলাল রায়:** কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ ১৯৬০ সাল হইতে বর্তমান সময় পর্যন্ত মুর্শিদাবাদ জেলায় কোন্ কোন্ সংস্থাকে কত টাকা সাহায্য ঋণ হিসাবে দিয়াছে; এবং

(খ) এইসকল সংস্থার কতগুলি বর্তমানে সক্রিয় আছে?

**The Minister for Cottage and Small Scale Industries:**

(ক) একটি 'বিবরণী' লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) মোট ৩১টি সংস্থার মধ্যে ২৯টি সক্রিয় আছে।

**Grants-in-aid to the schools of Murshidabad district**

**51.** (Admitted question No. 214.)

**শ্রীঅমলেন্দুলাল রায়:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার কোন্ কোন্ বিদ্যালয়ের ক্ষেত্রে গত দুই বৎসরের দেয় কত টাক গ্র্যান্ট-ইন-এড আজ পর্যন্ত বাকী আছে;

(খ) গ্র্যান্ট-ইন-এড-এর টাকা পাইতে বিলম্ব হইবার কারণ কি; এবং

(গ) কবে নাগাদ সমস্ত বকেয়া গ্র্যান্ট-ইন-এডের টাকা দেওয়া হইবে বলিয়া আশা কর যায়?

**The Minister for Education:**

(ক) ১৯৬৭-৬৮ সালের প্রকৃত আয়-ব্যয়ের বার্ষিক বিবরণী ১৯৬৮ সালের শেষভাগে সরকারী দপ্তরে জমা দেওয়া হয়। আয়-ব্যয়ের বার্ষিক বিবরণী (অডিট রিপোর্ট) বিলম্বে পাওয়ায় আয়-ব্যয়ের বিবরণী অনুযায়ী প্রকৃত ঘাটতি অধিকাংশ ক্ষেত্রেই নির্ধারণ করা এখনও সম্ভব হয় নাই। কিন্তু বিদ্যালয়গুলির আর্থিক দুর্গতি লাঘবের জন্য ১৯৬৮-৬৯ সালে তাহা দিগকে তদর্থক (অ্যাড-হক) সাহায্য মঞ্জুর করা হয়। ১৯৬৮-৬৯ সালের প্রকৃত আয়-ব্যয়ে বার্ষিক বিবরণী ১৯৬৯ সালের শেষ ভাগে পাওয়া যাইবে। সুতরাং ১৯৬৮-৬৯ সালে এ জেলার সাহায্যপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়গুলিকে দেয় অর্থের পরিমাণ বলা এই মুহূর্তে সম্ভব হইতেছে না।

(খ) প্রত্যেকটি সাহায্যপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের গ্র্যান্ট-ইন-এডের টাকা বৎসরে তিনবা নির্দিষ্ট সময় অন্তর মঞ্জুর করা হয়। কলিকাতার একটি মাত্র কেন্দ্র হইতে গ্র্যান্ট-ইন-এডে টাকা দেওয়া হয় বলিয়া কোন কোন ক্ষেত্রে বিলম্ব হওয়া সম্ভব।

(গ) যথাসত্বর ব্যবস্থা অবলম্বন করা হইবে।

**Vacancy in the District Units of Anti-Corruption Bureau**

**52.** (Admitted question No. 219.)

**শ্রীঅমলেন্দুলাল রায়:** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্ব জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের ভিজিল্যান্স কমিশনের অন্তর্ভুক্ত অ্যান্টি করাপশন ব্যুরোর জে ইউনিটগুলির কোন্ কোন্ পদ এখনও খালি আছে; এবং

(খ) ঐ পদগুলি পূরণ করার বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Home (General Administration):**

(ক) পশ্চিমবঙ্গে ভিজিল্যান্স কমিশনের অন্তর্ভুক্ত জেলা অ্যান্টি করাপশন ইউনিটগুলিতে নিম্নলিখিত পদগুলি এখনও খালি আছে:—

(১) মেদিনীপুর জেলায় আরক্ষা পরিদর্শকের একটি পদ।

(২) বর্ধমান জেলায় অবর আরক্ষা পরিদর্শকের একটি পদ।

(৩) হাওড়া, বীরভূম, মালদহ ও জলপাইগুড়ির প্রতিটি জেলায় আরক্ষিকের একটি করিয়া পদ।

(খ) মেদিনীপুর জেলায় অ্যান্টি করাপশন ইউনিটের আরক্ষা পরিদর্শকের পদে একজন আরক্ষা পরিদর্শককে নিযুক্ত করিবার নির্দেশ বাহির হইয়াছে।

বাকী খালি পদগুলিতে যথাশীঘ্র সম্ভব লোক নিযুক্ত করবার ব্যবস্থা করা হইতেছে।

**Construction of roads in Murshidabad district**

**53.** (Admitted question No. 230.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ১৯৬৯-৭০ সালের এ পর্যন্ত কোন্ কোন্ রাস্তা পাকা করিবার জন্য জনপ্রতিনিধিদের এবং জনসাধারণের নিকট হইতে সরকারের নিকটে আবেদন পৌঁছাইয়াছে,

(খ) ঐগুলির মধ্যে কোন্‌টি (১) স্টেট হাইওয়ে, (২) মেজর ডিস্ট্রিক্ট রোড এবং (৩) অন্য প্রকারের রাস্তা,

(গ) ঐগুলির মধ্যে কোন্‌টি সম্পর্কে প্রাথমিক তদন্ত, সার্ভে ইত্যাদি সম্পূর্ণ হইয়াছে; এবং

(ঘ) ঐ রাস্তাগুলিকে পাকা করিবার কাজ কবে নাগাদ আরম্ভ করা হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister of State for Public Works (Roads):**

(ক)-(ঘ) গত তিন মাসে অন্যান্য জেলার ন্যায় মুর্শিদাবাদ জেলাতেও রাস্তা পাকা করিবার জন্য বহু আবেদন সরকারের নিকট পৌঁছাইয়াছে। অর্থাভাবহেতু চতুর্থ পরিকল্পনায় সড়ক উন্নয়নের কোন নূতন প্রকল্প (স্কীম) গ্রহণ করা সম্ভবপর হয় নাই। সীমিত অর্থ-বরাদ্দের মধ্যে কিভাবে অন্ততঃ কিছু নূতন প্রকল্প (স্কীম) হাতে নেওয়া যায় সরকার তাহার উপায় চিন্তা করিতেছেন। ঐ বিষয়ে একটা সিদ্ধান্তে না পৌঁছানো পর্যন্ত কোন্ রাস্তা কি শ্রেণীভুক্ত, কোন্‌টির প্রাথমিক তদন্ত, সার্ভে ইত্যাদির প্রয়োজন বা কবে কোন্‌টির কোন্ কাজ আরম্ভ হইবে সেই সম্পর্কে কিছু বলা যায় না। তবে প্রত্যেক জেলার জন্যই একটা মোটামুটি প্রকল্প রচনার কাজ চলিতেছে।

**Extension and re-employment of gazetted officers**

**54.** (Admitted question No. 245.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় ও শ্রীমতী নন্দরাণী দল:** অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

১৯৬৯ সালের পয়লা জুন তারিখে পশ্চিমবাংলা সরকারের অধীনস্থ গেজেটেড অফিসারদের মধ্যে অবসরগ্রহণের বয়স পার হওয়া সত্ত্বেও কোন্ কোন্ জন (নাম সহ) এক্সটেনসন অথবা কোনও কন্ট্রাক্টের মাধ্যমে সরকারী চাকুরী করিতেছেন?

**The Minister for Finance:**

৪-৭-৬৯ তারিখ পর্যন্ত প্রাপ্ত সংবাদ অনুসারে কোন গেজেটেড অফিসার অবসরগ্রহণের পর এক্সটেনসান বা কন্ট্রাক্টের মাধ্যমে সরকারী চাকুরীতে ১লা জুন ১৯৬৯ তারিখে নিযুক্ত ছিলেন না। এই সময়ে প্রাপ্ত সংবাদ অনুসারে অবসরগ্রহণের বয়ঃসীমা পার হওয়া সত্ত্বেও যে ৩৫ জন গেজেটেড অফিসার সরকারী পদে রি-এমপ্লয়েড (re-employed) ছিলেন তাহাদের তালিকা লাইব্রেরী টেবিলে রাখার জন্য নিম্নে স্থাপিত হইল।

**Persons victimised by tigers in Sunderban areas**

**55.** (Admitted question No. 253.)

**শ্রী [illegible]নারায়ণ রায় ও শ্রীমতী নন্দরাণী দল:** বনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুন্দরবনে গত ছয় বৎসরের কোন্ বৎসর কত লোক বাঘের আক্রমণে (১) নিহত ও (২) আহত হইয়াছে; এবং

(খ) ঐ আক্রমণের হাত হইতে মানুষকে বাঁচাইবার জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**The Minister for Forests:**

(ক) ১৯৬৩-৬৪ সাল হইতে ১৯৬৮-৬৯ সাল পর্যন্ত গত ছয় বৎসরে বাঘের আক্রমণে নিহত ও আহতের সংখ্যা নিম্নে প্রদত্ত হইল:--

| বৎসর | নিহতের সংখ্যা | আহতের সংখ্যা |
|---|---|---|
| ১৯৬৩-৬৪ | ৪১ | ... |
| ১৯৬৪-৬৫ | ২৪ | ... |
| ১৯৬৫-৬৬ | ৪৬ | ... |
| ১৯৬৬-৬৭ | ৩৬ | ... |
| ১৯৬৭-৬৮ | ৪১ | ... |
| ১৯৬৮-৬৯ | ৫১ | ৩ |

প্রসঙ্গত উল্লেখ করা যাইতে পারে যে অধিকাংশ ক্ষেত্রে বাঘের দ্বারা আহত লোকের সংবাদ পাওয়া যায় না।

(খ) কুপের যে অঞ্চলে কাজ হয় সেখানের কাষ্ঠসংগ্রহকারীদের বাঘের কবল হইতে রক্ষার জন্য যথাসম্ভব সশস্ত্র কর্মচারীর দল অবিরত ঘোরাফেরা করে। মধু সংগ্রহকারীদের রক্ষার জন্য যথাসম্ভব ভ্রাম্যমাণ রক্ষী বাহিনীর দল পাঠানো হয়। ব্যাঘ্রদিগের ভীতি প্রদর্শনের জন্য সুন্দরবনের বনজ দ্রব্য সংগ্রহকারীদের ভয়ানক শব্দকারী পটকা সরবরাহ করা হইয়া থাকে। অপ্রধান বনজ দ্রব্য সংগ্রহকারীরা ও ধীবরেরা সাধারণতঃ বিচ্ছিন্নভাবে সুন্দরবন অঞ্চলে ঘোরাফেরা করে। তাহাদের রক্ষার জন্য সুষ্ঠুভাবে ব্যবস্থা অবলম্বন করা সম্ভব নহে। নির্দিষ্ট অঞ্চলে প্রয়োজন মনে হইলে শিকারীর দল পাঠান হয়। গুলি করিয়া নরখাদক ব্যাঘ্র হত্যার জন্য বাহিরের শিকারীদেরও অনুমতিপত্র দেওয়া হয়।

প্রসঙ্গতঃ উল্লেখ করা যায় যে সুন্দরবন অঞ্চলে বনজ দ্রব্য সংগ্রহকারীদিগকে সতর্কতার সহিত জঙ্গলে ঘোরাফেরা করিতে উপদেশ দেওয়া হয়। কিন্তু অধিকাংশ ক্ষেত্রে তাহাদের অসর্কতার জন্য দুর্ঘটনা ঘটে।

## Government vehicles in the Murshidabad district

**56.** (Admitted question No. 293.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় সরকারের কোন্ কোন্ বিভাগে কতগুলি জীপ, ট্রাক এবং অন্য-প্রকার পেট্রোল ও ডিজেল চালিত যান আছে; এবং

(খ) গত চার বৎসরের প্রতি বৎসর উক্ত যানসমূহের জন্য মোট কত খরচ হইয়াছে?

**The Minister for Home (Transport):**

(ক) (১) জেলা শাসক, মুর্শিদাবাদ (D. M., Murshidabad)
জীপ—৬, অন্যান্য—২।

(২) ব্লকসমূহ (Blocks) জীপ—১৩।

(৩) নির্বাহী বাস্তুকার, সেচ (Executive Engineer, Irrigation)
জীপ—৩।

(৪) আরক্ষাধীক্ষক, মুর্শিদাবাদ (S. P., Murshidabad)
জীপ—১৩, ট্রাক—৪, অন্যান্য—৪।

(৫) স্বাস্থ্যবিভাগের অধীনে অফিসসমূহ—জীপ—২৯, ট্রাক—২, অন্যান্য—৯।

(৬) অন্তঃশুল্ক অধীক্ষক, মুর্শিদাবাদ (Superintendent of Excise)
জীপ—১।

(৭) শিল্প উপ-অধিকর্তা কীটপোষ (Deputy Director of Industries, Sericulture)
জীপ—১।

(৮) জনস্বাস্থ্য (P. H. Engineering)
জীপ—১।

(৯) জরীপ বিভাগ (Settlement Department)
জীপ—১, অন্যান্য—১।

(১০) নির্বাহী বাস্তুকার, নির্মাণভুক্তি (Executive Engineers, Construction Division)
জীপ—৫, ট্রাক—৫।

(১১) তথ্য বিভাগ (Information Department, Field Information Office)—
অন্যান্য—১।

(১২) সহ জেলা নিয়ামক, খাদ্য ও সরবরাহ—জীপ—১, অন্যান্য—১।

(১৩) মুখ্য কৃষি আধিকারিক (Principal Agriculture Officer)—
জীপ—২, ট্রাক—২।

(১৪) নির্বাহী বাস্তুকার, পূর্তবিভাগ (Executive Engineer, P.W.D.)—
জীপ—২, ট্রাক—২।

মোট—জীপ—৭৮, ট্রাক—১৫, অন্যান্য—১৮=১১১।

| | | | | |
|---|---|---|---|---|
| (ঘ) ১৯৬৪-৬৫ সালের মোট খরচ | ... | ... | ... | ৪,৬৭,৪৮৬ টাকা |
| ১৯৬৫-৬৬ সালের মোট খরচ | ... | ... | ... | ৫,০২,৯৫১ টাকা |
| ১৯৬৬-৬৭ সালের মোট খরচ | ... | ... | ... | ৫,৪৭,৩৯২ টাকা |
| ১৯৬৭-৬৮ সালের মোট খরচ | ... | ... | ... | ৫,৬৪,৪২২ টাকা |

১৯৬৮-৬৯ সালের খরচের হিসাব কয়েকদিনের মধ্যে দাখিল করা হইবে।

**Number of persons died in police custody**

**57.** (Admitted question No. 294.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সাল হইতে ডিসেম্বর, ১৯৬৮ পর্যন্ত পুলিসের জিম্মাধীন কয়জন ব্যক্তি মৃত্যুমুখে পতিত হইয়াছেন; এবং

(খ) উক্ত মৃত্যুর সাধারণত কারণ কি?

**The Minister for Home (Police):**

(ক) মোট ৩৫ জন।

(খ) আত্মহত্যা, গ্রেপ্তারের পূর্বে জনতা কর্তৃক প্রহার, গ্রেপ্তারের সময় পুলিসের সহিত সংঘর্ষ এবং স্বাভাবিক মৃত্যু।

**Survey of Cottage and Small Scale Industries**

**58.** (Admitted question No. 298.) **Shri MOHAMMED ABDUL LATIF:** Will the Minister-in-charge of the Small Scale and Cottage Industries Department be pleased to state—

(a) if the Government has made any survey of the existing Cottage and Small Scale Industries of the Chanditala area of the Hooghly district; and

(b) if so, whether the Government has formulated any schemes to help the people attached to the said industries?

**The Minister for Cottage and Small Scale Industries:** (a) No.

(b) Does not arise.

**Number of Adibasi, Schedule Caste and Muslim gazetted officers**

**59.** (Admitted question No. 308.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি?

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যসরকারে নিযুক্ত কতজন গেজেটেড আদিবাসী কর্মচারী ও নন-গেজেটেড আদিবাসী কর্মচারী আছেন;

(খ) কতজন তফসিলী উপরোক্ত শ্রেণীর কর্মচারী আছেন; এবং

(গ) কতজন মুসলিম উপরোক্ত শ্রেণীর কর্মচারী আছেন?

**The Minister for Finance:**

(ক), (খ) এবং (গ) ৪-৭-৬৯ তারিখ পর্যন্ত প্রাপ্ত সংবাদ অনুসারে পশ্চিমবঙ্গ সরকারে নিযুক্ত আদিবাসী, তফসিলী ও মুসলীম কর্মচারীর সংখ্যা নিম্নে দেওয়া হইল :—

| | গেজেটেড | নন-গেজেটেড |
|---|---|---|
| আদিবাসী | ৫০ | ৫৭৭ |
| তফসিলী | ১৯১ | ২,৩৭৫ |
| মুসলীম | ৬৭ | ৬৭৬ |

**Ramnagar Adarsha Junior Basic School**

**60.** (Admitted question No. 322.)

**শ্রীকালীপদ মণ্ডল :** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উলুবেড়িয়া ২নং ব্লকের রামনগর আদর্শ নিম্ন বুনিয়াদী বিদ্যালয়টি কোন্ বৎসরে স্থাপিত হইয়াছিল; এবং

(খ) ঐ বিদ্যালয়গৃহ নির্মাণের জন্য সরকার কত টাকা মঞ্জুর করিয়াছিলেন?

**The Minister for Education:**

(ক) ১৯৫৯ সালে স্থাপিত হইয়াছিল।

(খ) সরকার হইতে উপরোক্ত বিদ্যালয়গৃহ নির্মাণের জন্য মোট ১২,২১০ টাকা মঞ্জুর করা হইয়াছিল।

**Netaji Statue in Alipore Central Jail**

**61.** (Admitted question No. 324.)

**শ্রীকালীপদ মণ্ডল :** স্বরাষ্ট্র (জেল) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আলিপুর সেন্ট্রাল জেলে নেতাজী সুভাষচন্দ্র বসুর যে মর্মর মূর্তি প্রতিষ্ঠিত হইয়াছে তাহা কোন্ শিল্পীর তৈয়ারী;

(খ) উক্ত মূর্তির জন্য শিল্পীকে মোট কত টাকা দিতে হইয়াছে; এবং

(গ) উক্ত মূর্তির আবরণ উন্মোচন অনুষ্ঠান কবে হইয়াছিল?

**The Minister for Home (Jails):**

(ক) আলিপুর সেন্ট্রাল জেলে নেতাজী সুভাষচন্দ্র বসুর কোন মর্মর মূর্তি প্রতিষ্ঠিত করা হয় নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) এ প্রশ্ন উঠে না। তবে মাননীয় সদস্যগণের অবগতির জন্য জানান যাইতেছে যে, প্রেসিডেন্সী জেলে নেতাজী সুভাষচন্দ্র বসুর একটি আবক্ষ মর্মর মূর্তি প্রতিষ্ঠিত হইয়াছে। গত ২৩এ জানুয়ারী, ১৯৬৯, উক্ত মূর্তির আবরণ উন্মোচন অনুষ্ঠান হইয়াছিল। প্রাক্তন রাজ্যপাল শ্রীধর্মবীর ঐ অনুষ্ঠানে পৌরোহিত্য করিয়াছিলেন।

উক্ত মর্মর মূর্তিটি শিল্পী শ্রীকার্তিকচন্দ্র পাল (ঘূর্ণি, কৃষ্ণনগর, নদীয়া) তৈয়ারী করিয়াছেন। মূর্তিটি তৈয়ারী করিবার জন্য শিল্পীকে মোট ৪,৫০০ টাকা দিতে হইয়াছে।

## Pak raids in West Bengal

**62.** (Admitted question No. 346.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯ সালের ফেব্রুয়ারী মাস হইতে মে মাস পর্যন্ত কোন্ জেলায় কতবার পাকিস্তানী ব্যক্তিরা পশ্চিমবঙ্গে হামলা করিয়াছে ;

(খ) ঐ হামলাগুলিতে কতজন ভারতীয় (১) হত, (২) আহত এবং (৩) অপহৃত হইয়াছে;

(গ) ঐ হামলাতে কতজন পাকিস্তানী ধৃত হইয়াছে; এবং

(ঘ) এ সময় কোন্ জেলা হইতে কতগুলি গবাদি পশু পাকিস্তানীরা অপহরণ করিয়াছে ?

**The Minister for Home (Political):**

(ক), (খ), (গ) ও (ঘ) প্রশ্নসমূহের উত্তর এই সঙ্গে গ্রথিত বিবরণীতে দেওয়া হইল।

Statement referred to in reply to clauses (*Ka*), (*Kha*), (*Ga*) and (*Gha*) of unstarred question No. 62

১-২-১৯৬৯ তারিখ হইতে ৩১-৫-১৯৬৯ তারিখ পর্যন্ত পশ্চিমবঙ্গ-পূর্ব পাকিস্তান সীমান্তে পাকিস্তানী হামলার বিবরণ।

| | জেলার নাম | | (ক) ঘটনার সংখ্যা | (খ) কতজন ভারতীয় নাগরিক | | | (গ) কতজন পাকিস্তানী ধৃত | (ঘ) কত গবাদি পশু অপহৃত |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | হত | আহত | অপহৃত | | |
| ১। | ২৪-পরগণা | .. | ১ | ২ | .. | .. | .. | .. |
| ২। | নদীয়া | .. | ৬ | ২ | ৪ | .. | ৩ | .. |
| ৩। | মুর্শিদাবাদ | .. | ১ | .. | .. | ১ | .. | .. |
| ৪। | মালদহ | .. | ১ | .. | .. | .. | .. | .. |
| ৫। | পশ্চিম দিনাজপুর | | ২৯ | ৪ | ২৮ | .. | ৬ | ২৪৯ |
| ৬। | জলপাইগুড়ি | .. | ১ | .. | .. | ১ | .. | .. |
| ৭। | দার্জিলিং | .. | .. | .. | .. | .. | .. | .. |
| ৮। | কুচবিহার | .. | ৯ | ১ | ১ | .. | ২ | ৫ |
| | মোট | .. | ৪৮ | ৯ | ৩৩ | ২ | ১১ | ২৫৪ |

## Free and compulsory Primary Education

**63.** (Admitted question No. 347.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের সর্বত্র বাধ্যতামূলক অবৈতনিক শিক্ষা চালু হইয়াছে কি;

(খ) চালু না হইয়া থাকিলে তাহার কারণ কি; এবং

(গ) কতদিনের মধ্যে বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষা ব্যবস্থা সর্বত্র চালু হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Education:**

(ক) পশ্চিমবঙ্গের পল্লী অঞ্চলের সর্বত্রই বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষা চালু হইয়াছে।

শহরগুলের ক্ষেত্রে মোট ৮৯টি মিউনিসিপ্যালিটির মধ্যে ১৭টিতে এ পর্যন্ত বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষা মঞ্জুর হইয়াছে।

(খ) মিউনিসিপ্যালিটিগুলি এই ব্যাপারে অগ্রণী হয় নাই বলিয়াই ইহা চালু হয় নাই। সরকারকে সরাসরি এই দায়িত্ব গ্রহণ করিতে হইবে।

(গ) চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালের মধ্যে অর্থের সংস্থান হইলে সর্বত্র অবৈতনিক প্রাথমিক শিক্ষা ব্যবস্থা চালু হইতে পারে বলিয়া আশা করা যায়। তবে ঐ সময়ের মধ্যে উহা সর্বত্র বাধ্যতামূলক হইবে কি না এখনই নিশ্চয় করিয়া বলা যায় না।

## Granting of loan to fishermen

**64.** (Admitted question No. 357.)

**শ্রীকালীপদ মণ্ডল:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শুঁটকি মাছ প্রস্তুতকারী ও উপকূলে মাছ ধরার কাজে নিযুক্ত মৎস্যজীবীদের ঋণ দেওয়ার কোনও ব্যবস্থা সরকারের আছে কি;

(খ) থাকিলে প্রতি আবেদনকারীকে উর্ধ্বপক্ষে কত টাকা পর্যন্ত ঋণ দেওয়া হয়; এবং

(গ) উক্ত ঋণ গ্রহণের জন্য কি কি শর্ত পালন করিতে হয়?

**The Minister for Fisheries:**

(ক) হ্যাঁ, আছে।

(খ) সাধারণভাবে ৪০০ টাকা পর্যন্ত ঋণ দেওয়া হয়। বিশেষ ক্ষেত্রে ১,০০০ টাকা পর্যন্ত ঋণ দেওয়ার বন্দোবস্ত আছে। রেজিস্ট্রিকৃত মৎস্যজীবীদের সমবায় সমিতির ক্ষেত্রে প্রতি সদস্য পিছু সর্বাধিক ৪০০ টাকা কিংবা আদায়ীকৃত মূলধনের দশগুণ—এই দুটির মধ্যে যেটি কম সেই পরিমাণ ঋণ মঞ্জুর করা হয়।

(গ) ঋণগ্রহণের শর্তাবলীর অনুলিপি লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

### Acquisition of land for pisciculture in South Salt Lake area

**65.** (Admitted question No. 362.)

**শ্রীকালীপদ মণ্ডল:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মৎস্যচাষের জন্য দক্ষিণ লবন হৃদ এলাকায় সরকার জমি অধিগ্রহণ করেছেন;

(খ) সত্য হইলে কত জমি অধিগ্রহণ করেছেন;

(গ) ঐ অধিগ্রহণ-কৃত জমিতে মৎস্য চাষের জন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বন্দোবস্ত দিয়াছেন কিনা; এবং

(ঘ) দেওয়া হইলে, কাহাকে ?

**The Minister for Fisheries:**

(ক) হ্যাঁ, ইহা সত্য।

(খ) অধিগ্রহণ-কৃত জমি ও ফিশারীর পরিমাণ ১,৫৪১ একর ৩২ শতক।

(গ) এবং (ঘ) পশ্চিমবঙ্গ সরকারের একটি সংস্থা রাজ্য মৎস্যচাষ ক্ষেত্রে উন্নয়ন করপোরেশন লিমিটেডকে (স্টেট ফিসারীজ ডেভেলপমেন্ট করপোরেশন লিমিটেড) ঐ জমি ও ফিসারী মৎস্য চাষের জন্য "লাইসেন্স ডিড" মারফত হস্তান্তর করা হয়েছে।

### Maharaja Nanda Kumar's House

**66.** (Admitted question No. 380.)

**শ্রীআজিজুর রহমান:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

মহারাজ নন্দকুমারের ধ্বংসোন্মুখ গৃহের সংস্কার সাধনের জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিতেছেন কি?

**The Minister for Public Works:**

মুর্শিদাবাদ জেলার বহরমপুরের কুঞ্জঘাটায় অবস্থিত মহারাজনন্দকুমারের বাড়ীটি সংরক্ষণের একটা প্রস্তাব পশ্চিমবঙ্গ সরকারের বিবেচনাধীন।

**Mr. Speaker:** Question hour is over.

**Shri Amarendra Lal Roy:**

স্পীকার স্যার, গতকাল কলকাতার একটি সংবাদপত্রের অফিসে কতকগুলি ঘটনা হয়েছে—সেই ঘটনা সম্পর্কে আমি সরকারের কাছে একটা স্পষ্ট বিবৃতি চাইছি। সেটা খুব গুরুতর ঘটনা এবং আমি আশা করি এ সম্পর্কে সরকার রাজী হবেন একটা বিবৃতি দিতে।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** এ সম্বন্ধে আমরা একটা অ্যাডজর্নমেন্ট মোশান দিয়েছি—আপনারা সেটা সমর্থন করুন, একসঙ্গে হয়ে যাবে।

**(তুমুল হট্টগোল)**

**Adjournment Motions**

[2—2-10 p.m.]

**Mr. Speaker:** I have received 4 notices of Adjournment Motions on the subject of attack on Newspaper Offices from—

(1) Shri Tarun Kanti Ghosh,
(2) Dr. Zainal Abedin,
(3) Shri Abdus Sattar, and
(4) Shri Muhammed Khuda Buksh.

I have withheld consent. The Honourable members may kindly read only the text of the motions.

**Shri Tarun Kanti Ghosh:** Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, viz., the violent attack on the offices of the Ananda Bazar Patrika, the Hindusthan Standard and the Statesman, by the supporters of the CPM who also ransacked the offices of the Ananda Bazar Patrika and the Hindusthan Standard and caused intensive damage to the property. This was a preplanned attempt on the part of the CPM to destroy democracy in the State and establish anarchy by even interfering with the freedom of the press. The CPM has already seriously gagged all other political parties including even those belonging to the United Front and has gone so far as to murder workers and supporters of other political parties including the Congress.

(Noise and interruptions)

**Mr. Speaker:**

মিঃ ঘোষ, এটা কথা ছিল যে আপনি মোশানটা পড়বেন, কোন স্টেটমেন্ট দিতে পারবেন না।

**Shri Siddhartha Shankar Ray:**

উনি মোশানটাই তো পড়ছেন- আপনি বসুন।

**Mr. Speaker:** I take strong exception to the attitude of the Leader of the Opposition. I was talking to Mr. Ghosh and he said "আপনি বসুন"by making violent postures. He has got to apologise for his conduct

**Shri Bijoy Singh Nahar:**

মিঃ স্পীকার স্যার, উনি মোশানটাই তো পড়ছেন আপনি কিছু দেখেন নি, শোনেন নি—আপনি হঠাৎ চীফ হুইপ-এর কথা শুনে দাঁড়িয়ে উঠলেন......... .....

(নয়েজ এন্ড ইন্টারাপসান)

**Mr. Speaker:** If he wants to humiliate the Speaker let him have the courage to say so.

**Shri Jatin Chakraborty:** The Leader of the Opposition should express regret for his conduct.

**Shri Amalendra Lal Roy:**

অধ্যক্ষকে যে ভাষায় অপমান করা হয়েছে কোন ভদ্র সন্তানের পক্ষে অধ্যক্ষের বিরুদ্ধে এই রকম ভাবে মন্তব্য করা চলে না।

**Shri Jatin Chakraborty:** On a point of order...............

(Noise and interruptions)

**Mr. Speaker:** The Leader of the Opposition has deliberately insulted the Speaker, that is my finding. I am not a servant that I will carry out his orders.

**Shri Tarun Kanti Ghosh:**

আমি আমার মোশানটাই পড়ছিলাম। আমাদের পক্ষের সকল সভ্যেরই আপনার প্রতি শ্রদ্ধা আছে।

(Noise and interruptions)

**Shri Jatin Chakraborty:** Let him apologise.

**Mr. Speaker:**

মিঃ রয়কে জিজ্ঞাসা করছি, তিনি কিছু করেছেন কিনা।

**Shri Siddhartha Shankar Ray:** Mr. Speaker Sir.. .........

(Noise and interruptions)

তরুণবাবু তার অ্যাডজর্নমেন্ট মোশান পড়ছিলেন তখন এখান থেকে কে একজন বললেন উনি স্টেটমেন্ট পড়ছেন। কিন্তু আপনি সেটা ভেরিফাই না করে তরুণবাবুকে বললেন আমি স্টেটমেন্ট পড়তে দেব না—মোশান পড়ুন। অথচ আসলে তিনি অ্যাডজর্নমেন্ট মোশানটা পড়ছিলেন। তখন আমি বলেছি আপনি বসুন, হয়ত বলা উচিৎ ছিল দয়া করে বসুন।

(গোলমাল)

ওদিক থেকে একজন বললেন তরুণবাবু স্টেটমেন্ট পড়ছেন, আপনি তখন একস-পার্টি কথা শুনে সিদ্ধান্ত নিলেন নিশ্চয় স্টেটমেন্ট পড়ছেন।

(গোলমাল)

স্যার, আমাদের ওধার থেকে জোচ্চোর বলবে আর আপনি সেটা বসে শুনবেন ?

— (নয়েজ অ্যান্ড ইন্টারাপসান্স)

[2-10—2-20 p.m.]

**মিঃ স্পীকার:** আমি বরাবরই দেখছি আপনারা আমাকে বলছেন আপনি ওইদিকে দেখছেন, আমাদের দিকে দেখছেন না। তরুণবাবু যেটা পড়েছেন সেটা আমার কাছে রয়েছে এবং আমি দেখছি উনি কি পড়ছেন, না পড়ছেন। আমি তখন কিছুই বলি নি। কিন্তু আমি দিন দিন দেখছি অনারেবল সিদ্ধার্থশঙ্কর রায়, লিডার অব দি অপোজিসন, বারবার চেয়ারকে অপমান করছেন। এই যদি হয় তাহলে হাউসের মর্যাদা থাকে না। আজ আমি স্পীকার আছি, কাল নাও থাকতে পারি। কিন্তু উনি ডেলিবারেটলী এই যে অন্য কথা ঢুকিয়ে দিচ্ছেন তাতে

I will have to take action against his conduct unless he apologises at once for the disrespect shown not to me personally but to the chair.

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** আমি কি আমার বক্তব্য শেষ করতে পারব ? যদি বলি প্রোটেকসন নেই তাহলে বলবেন ডিসরেসপেকট টু দি চেয়ার। কোন ব্যাপারে প্রোটেস্ট করলেই আপনি বলবেন আপনাকে ডিসরেসপেকট করছি। আমি শুধু আপনার প্রোটেকসন চেয়েছি।

**শ্রীযতীন চক্রবর্তী:** আপনাকে এর জন্য ক্ষমা চাইতে হবে।

**মিঃ স্পীকারঃ**

You are to explain your conduct. Are you going to do that? You are to applogise for showing disrespect to the dignity of the chair.

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** কাইন্ডলী অ্যালাউ মি টু স্পীক। স্পীকার যদি উত্তেজিত হয়ে কতগুলি কথা বলেন তাহলে হাউসের মর্যাদা বাড়ে না। আমি বিনয়ের সঙ্গে আপনাদের বলছি কোথা থেকে গোলমালটা হোল সেটা জানা দরকার।

**Mr. Speaker :** I am not going to hear you. I am talking with Tarun Babu, an honourable member of this House. Who are you to ask me to take my seat ?

**Shri Siddhartha Shankar Ray:** I am the Leader of the Opposition. Please allow me to speak.

**Mr. Speaker:** You have no right to speak now. Please take your seat. I have not heard this sort of thing anywhere in any democratic world.

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** তরুণবাবু একটা অ্যাডজর্নমেন্ট মোশান পড়ছিলেন তখন ওধার থেকে একজন ভদ্রলোক বলে উঠলেন স্টেটমেন্ট পড়ছেন। আপনিও কোন কথা না শুনে বললেন তরুণবাবু, আপনি কেন স্টেটমেন্ট পড়ছেন ?

(নয়েজ অ্যান্ড ইন্টারাপসান্স)

**শ্রীযতীন চক্রবর্তীঃ** আপনাকে অ্যাপলজি চাইতে হবে।

**শ্রীতরুণকান্তি ঘোষঃ** স্যার, আমার কথাটা একবার শুনুন, আমাকে কিছু বলতে দিন।

**মিঃ স্পীকারঃ**

Unless he apologises to the chair I am not going to allow you to read it. It is a reflection on the Speaker. It is a reflection on the chair and it has been deliberately done and every day that is done.

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** আমি তো চেয়ারের প্রতি কোন রকম এ্যাস্পাসন করি নি বা চেয়ারকে কোন রকম ডিসরেসপেকট করি নি কাজেই কিসের জন্য আমি অ্যাপলজি চাইব ? তরুণবাবু একটা অ্যাডজর্নমেন্ট মোশান পড়ছিলেন তখন ওখান থেকে একজন ভদ্রলোক বলে উঠলেন স্টেটমেন্ট পড়ছেন। আপনিও কোন কিছু জিজ্ঞাসা না করে.. ... ...... ....

**মিঃ স্পীকারঃ** আপনি ওসব কথা বলবেন না, আমি ডাইরেক্টলি ওঁর সংগে কথা বলছি। আমি বলেছিলাম সবটা কেন পড়ছেন, জিস্ট পড়ুন কাগজ তো আমার কাছেই রয়েছে।

**Shri Jatin Chakraborty:** Sir, he has got to tender apology. If he does not comply with your order, we ask you to name him and get him out. (Noise and interruptions). Sir, you ask him to tender apology. (Shri Siddhartha Shankar Ray: I won't). Sir, you name Siddhartha Shankar Ray and get him out.

(Noise and interruptions)

**Shri Abdus Sattar:** Sir, they are not prepared to obey the rules.

**Shri Jyoti Bhusan Bhattacharya:** Are you prepared to obey the rules?

(Noise)

**Shri Tarun Kanti Ghosh:**

আপনার প্রতি আমাদের প্রত্যেকের যথেষ্ট শ্রদ্ধা আছে, ভক্তি আছে।

**Shri Jatin Chakraborty:** Ask your leader first.

(Noise and interruptions)

**Shri Tarun Kanti Ghosh:**

মিঃ স্পীকার স্যার, আমি একথাই বলছিলাম যে আমাদের সমস্ত সদস্যের আপনার প্রতি শ্রদ্ধা এবং পূর্ণ বিশ্বাস আছে, আমরা এমন কোন কাজ করি নি...........

**Shri Jatin Chakraborty:** Who are you? Ask your leader to tender apology first.

**Shri Tarun Kanti Ghosh:**

আমাকে শেষ করতে দিন।

(Noise and interruptions)

**Mr. Speaker:** Mr. Ray, are you going to express regret? I don't want to see that the House should be in exciting mood all the time. Some action, either from this side or that side, has to be taken but that is a different matter. After all, we are all members of this House and if I feel that I, being the Speaker of the House, was rather not properly treated, are you prepared to say that you never meant it or you are sorry for it?

**Shri Siddhartha Shankar Ray:**

আমাকে ত বলতে দিলেন না, আপনি ১০ মিনিটের জন্য হাউস বন্ধ করুন, আপনার সঙ্গে কথা বলছি.. ......

(Cries of 'No' 'No' from Government Benches)

**Mr. Speaker:** Please, please. Mr. Ray, I don't want to force you, I only want that let this Chair be properly treated. I felt it—I might be right or wrong—but I felt it very heartily. If you amend your conduct or if you say that you never meant or there was some misunderstanding, that would do. You may say what you have to, but don't give a long speech.

[2-20—2-40 p.m.]

**Shri Siddhartha Shankar Ray:** There has been misunderstanding. You told Mr. Tarun Kanti Ghosh (Noise).

**Mr. Speaker:** What has been done due to misunderstanding or anything, are you prepared (Noise).

**Shri Siddhartha Shankar Ray:** Don't misunderstand me also. I am a responsible person. (Noise). Please do not misunderstand me. I only placed certain facts before you as a measure of protest, not for the purpose of insulting you in any way. I wanted to place certain facts before you by way of protest. I placed the facts before you by way of protest. Certain people say that that was insulting. That was not so. I believe in parliamentary democracy and I have respects for the Chair. I am the last person to do so. All that I wanted to say was that I protested against certain things. Can't I do that? Can't it be a democratic right to do that?

**Mr. Speaker:** May I ask you, Mr. Ray, why you showed your red eyes to me and extended your hand and said 'বসুন'" pointing to the Speaker. Which Democracy?

**Shri Siddhartha Shankar Ray:** You misunderstood me.

**Mr. Speaker:** I cannot disbelieve my eyes. You said "বসুন"

**Shri Siddhartha Shankar Ray:** You are under great stress and great tension and, therefore, certain things may appear different from what actually happened. I only said "বসুন"

I should have said "দয়া করে বসুন"

I did say "উনি খালি অ্যাডজোর্নমেন্ট মোশান পড়ছেন"

I should have said 'দয়া করে বসুন'

I should have said that.

**Shri Jyoti Basu:** Mr. Speaker, Sir, on a point of order.

এখানে আমরা কয়েক দিন ধরে দেখছি যে, কংগ্রেস পক্ষ থেকে কিছু এই রকম প্রস্তাব আনা হয় —মুলতুবী প্রস্তাব, এনে তার সঙ্গে দীর্ঘ দীর্ঘ বক্তৃতা দেওয়া হয় এবং ঐটাকে বলা হয় মোশন। আপনি যদি দেখেন আমরাও বহুদিন আছি, আমরা কখনো এরকমটি দেখিনি। ও'রা আইন-কানুন জানেন কিনা জানি না। এখানে অ্যাডজোর্নমেন্ট মোশন সকলে আনতে পারেন। তবে মোশন এক রকম জিনিষ, আর স্টেটমেন্ট আর এক রকম জিনিষ। এটা বহুদিন ধরে আমাদের কাছে পরিষ্কার, কোনটি মোশন হবে, কোনটি সর্ট স্টেটমেণ্ট হবে। আপনি একটি নিয়ম করেছেন মোশন এখানে এলে, আপনি যদি সেটা নাও আসতে দেন, তবু সেটা এখানে পড়া যাবে। তাঁরা এখানে সেই সুযোগটা কিভাবে এবিউস করছেন, মোশন সম্পর্কে পরিষ্কার দেওয়া আছে—তাতে কি কি কনটেন করা উচিত, কি উচিত নয়, পরিষ্কার এই বইতে লেখা আছে। সেটা কি মানা হচ্ছে? না, সে নিয়ম মানা হচ্ছে না।। যেহেতু আপনি বলে দিয়েছেন কেবল মোশনটা তাঁরা পড়তে পারেন, তার সুযোগ নিয়ে এ'রা যা খুসী করছেন, নিয়মের ব্যতিক্রম করছেন। মোশনের নিয়ম-কানুনের সঙ্গে সেটা টালি করছে না। "মোশন" বলে চ্যাপ্টার ১৪-তে যা লেখা আছে, তা ও'রা মানছেন না, ভাওলেট করছেন। এই নিয়মের সঙ্গে যদি না টালি করে, না মেলে ওদের মোশন তাহলে কি করে তাঁরা সেটা তু ত পারেন? এবং আমাদের সে সম্বন্ধে কী করবার আছে আপনি যদি একটু বলে দেন। আমাদের পক্ষে একমাত্র উপায় হচ্ছে আমাদের বিশজন, আশিজন করে এক-একটি এই রকম মোশন এনে ঐ রকম বক্তৃতা দেওয়া। ও'রা আমাদের এখানে গুণ্ডা ইত্যাদি বলছেন। এমন কি যে সমস্ত জিনিষ কোর্টে আছে তাও ওঁর অবাধে এখানে বলে যাচ্ছেন। এই রকম যদি আরম্ভ হয়, তাহলে আমাদের কী করণীয়—তা ভেবে দেখতে হবে। বোনকে দিয়ে সোনা চুরি করানো ছাড়াও তাঁদের আরো অনেক কিছু আছে—সে কথা এখন আমি বলছি না; চ্যাপ্টার ১৪ আপনি দয়া করে দেখুন। এই চ্যাপ্টার ১৪টি।

সেইজন্য আমি আপনাকে বলছি আপনি দয়া করে দেখুন এই চ্যাপ্টার ১৪ এ, এখানে লেখা আছে, এটা ঠিক হওয়া দরকার যে মোশানের ফর্ম ঠিক আছে কিনা। এটা এক নম্বর কথা। তারপরে আপনি কি কারণে দিচ্ছেন না., দুটি কারণে না দিতে পারেন। একটা হচ্ছে ফর্ম ঠিক নেই রিজেক্ট করে দিলেন, আর একটা হচ্ছে যে কারণে দিচ্ছেন না বলে আপনি বলেছেন কালকে না করে আমার মনে আছে যে এটা বাজেট অধিবেশন আলোচনা করার সুযোগ আছে, বিভিন্ন খাতের আলোচনার সময় এগুলি আলোচনা করা যাবে। সেইজন্য দিচ্ছেন না। এটা হচ্ছে একটা পয়েন্ট, কিন্তু আর একটা যে পয়েন্ট আছে সেটাকে ওভারলুক করলে চলবে না—মোশনে এখানে বলা হচ্ছে—অনেকগুলি কথা আছে তার মধ্যে প্রথম হচ্ছে—ইট স্যাল রেইজ সাবস্টেনসিয়ালি ওয়ান ডেফিনিট ইসু। ২নং ইট স্যাল নট কনটেইন এগ্রিমেন্ট, তরুনবাবু যা পড়ছিলেন আরগুমেন্ট সেটা স্টেটমেন্ট অফ ফ্যাক্টস নয়, মোশন নয়, ইনফারেন্সেস—অনেক রকম ইনফারেন্সেস হতে পারে। ২ লাইন পড়লেন তার মধ্যে কত রকম ইনফারেন্সেস আছে সেগুলি মোশনে থাকতে

পারে না। সর্ট স্টেটমেন্টএ থাকতে পারে এসব কথা, মোশনে নয়। ইর্ষাপউটেসন্স, ডিফেমেটীর স্টেটমেন্টস এই সব ২ লাইনের মধ্যে আছে আমি শুনলাম। কাজেই আমাদের ও ও'দের আপনি ডাকুন, এগুলো ঠিক করে দিন কারণ যখন এসব বারবার আসবে তখন এটা ঠিক হওয়া দরকার। আমার মনে হয় কংগ্রেস পক্ষের এটাই ট্যাকটিক্স, ও'রা বোধ হয় ৫০, জনের মতন আছেন, তার বেশী নেই, কাজেই ও'রা কিছু করতে না পেরে এটা করবেন। অতএব এটা ঠিক হয়ে যাওয়া দরকার যে কিভাবে হবে।

(কংগ্রেস বেঞ্চ হইতে—আপনারাও করতেন)। আমরা এত ইললিটারেট ছিলাম না, লেখাপড়া জানতাম। মোশন লিখতে পারি, মোশন লিখতে পারবো না কেন? সেই জন্য আমি বলছি মোশন লিখতে পারতে হবে। যাঁরা একটু লেখাপড়া জানেন বা ভুলে যান নি তাঁদের দিয়ে মোশন লেখাতে হবে, তারপর তরুণবাবু এখানে এসে পড়ে দিতে পারবেন। উনি হয়ত নিজে লিখতে পারবেন না, তাতে আমাদের আপত্তি নেই। সেই জন্য আমি বলছি এটা না করলে খুব অসুবিধা হবে। তবে এটার কাউন্টার করবার উপায় হচ্ছে আপনি যখন পড়তে দিচ্ছেন আমাদের এখান থেকেও তখন রোজ কতকগুলি নিয়ে আসা। আমি জানি কি করে কাউন্টার করতে হবে, তবে তাতে কারুরই ভালো হবে না। আপনি যে কোন জিনিস এখানে বন্ধ করতে পারবেন না। সেটা অন্য কারণে নয়, আলোচনা করতে পারবো না সে কারণে নয়। যদি আউট অফ অর্ডার হয়, ফর্মটা ঠিক হয় নি তাহলে এটা রুল আউট করতে পারছেন তবে পড়ে যাচ্ছে—যেমন সেদিন কথা উঠেছিল যে আমরা যদি এখানে মাথায় দাঁড়িয়ে বক্তৃতা না দিয়ে গান করি আপনি এক্সপাঞ্জ করতে পারবেন না, কারণ এখানে আপনার কোথায় অথরিটি আছে যে আপনি কিছু করতে পারবেন। হাউস করতে পারবে আনপার্লামেন্টারী হচ্ছে বলে, এসব কথা এখানে হচ্ছে। তাই আমি বলছি শনিবার যতীনবাবু আপনার অনুমতি নিয়ে মিটিং ডেকেছেন, সেখানে এইভাবে কেসটা নিয়ে আলোচনা হতে পারে। কাজেই আমি বলছি এগুলি বিবেচনা করে বলবেন। আমাদের এই মোশন সম্বন্ধে কনটেন্ট—আগের পয়েন্ট সম্বন্ধে আমি যা বলেছি এটা ঠিক কিনা। কারণ এ জিনিস কখনও হতে পারে না [illegible] ভাবে লেখা আছে। সর্ট স্টেটমেন্ট একটা আলাদা জিনিষ। এতে না দিলে চলে ইট ইজ নট নেসেসারি যে দিতে হবে কিন্তু মোশনে খুব স্পেসিফিক্যালি বলা আছে যে কি হবে না হবে। সেই জন্য বলছি এটা বিতার্ক বিষয় একটু মাথা ঠাণ্ডা করে বিচার করুন, কংগ্রেস পক্ষ থেকে অসভ্যতা করে এটার কোন বিচার হতে পারে না।

**Shri Abdus Sattar:**

মাননীয় স্যার, আই রাইজ অন এ পয়েন্ট অফ অর্ডার। স্যার, আমাদের উপমন্ত্রিমহাশয় যেটা বললেন চ্যাপটার ১৪এ মোশন সম্বন্ধে আছে, সেগুলি জেনারেল মোশন সম্বন্ধে। অ্যাডজোর্নমেন্ট মোশন সম্বন্ধে ৯ নং-এ উনি বোধ হয় দেখেননি ৯ নংটা ১৪ নং-এ অন্য মোশান চ্যাপটার ৯ ডিলস উইথ দি অ্যাডজোর্নমেন্ট মোশনস। সেখানে অ্যাডজোর্নমেন্ট মোশনস কি হবে রুল ৬১ ইজ দেয়ার এবং রুল ৬১ এ কোনটা রেসট্রিকশন হবে, না হবে বলে দেওয়া আছে।

The right to move the adjournment of the House for the purpose of discussing a definite matter of urgent public importance shall be subject to the following restrictions, namely:—Chapter 14.

কিন্তু ঐ চ্যাপটার ১৪তে আছে—এখন ব্যাপার হল রুল ৬১ ইজ দেয়ার। এখন প্রশ্ন হচ্ছে আপনি উইথহেল্ড করেছেন। আপনি পড়তে অ্যালাও করেছেন। আপনি যখন পড়বার জন্য অ্যালাও করেছেন তখন মাননীয় সদস্য তরুণবাবু পড়েছেন। সেই হিসাবে মাননীয় মন্ত্রী মহাশয় যেকথা বললেন সেটা এখানে আসে না এবং আপনি যে রুল কোট করলেন সেটা এখানে অ্যাপ্লাই হয় না। রুল ৬১ অ্যাপ্লাই করে যদি বলতেন তাহলে প্রশ্নগুলি বিচার বিবেচনা করার কথা ছিল। কিন্তু ভালভাবে অ্যাপ্লাই করে তারপরে অ্যাডজোর্নমেন্ট মোশন করতে চাইছেন।

[2-30—2-40 p.m.]

**শ্রীগোপাল বসু:** স্পীকার মহাশয়, আমার একটি পয়েন্ট অব প্রিভিলেজ আছে। সেটা হচ্ছে এই, বিরোধীপক্ষের নেতা সিদ্ধার্থবাবু তাঁর আচরণের জন্য তিনি কি কৈফিয়ত দেবেন ?

**শ্রীআবদুস সাত্তার:** মিঃ স্পীকার, স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার। আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে এই, আপনি কি ও'র পয়েন্ট অব প্রিভিলেজের নোটিশ পেয়েছেন ? আনলেস নোটিশ ইজ গিভন আণ্ডার রুল ২২৬, পয়েন্ট অব প্রিভিলেজ উঠতে পারে না।

**মিঃ স্পীকার:** আপনি আগে বসুন, ওঁকে বলতে দিন। উনি কি বলেন সেটা আগে শুনি।

**শ্রীগোপাল বসু:** স্পীকার মহাশয়, আমি এই কথা বলতে চাই যে, বিরোধীপক্ষের নেতা যে স্টেটমেন্ট করেন সেই স্টেটমেন্ট গৃহীত হবে কি হবে না, সেটা আপনার বিষয়।

(গোলমাল)

**মিঃ স্পীকার:**

You must take your seat. Let me hear him first.

**শ্রীগোপাল বসু:** স্পীকার মহাশয়, আমি আপনার কাছে এই কথা বলতে চাই যে, বিরোধীপক্ষের নেতা একটি বিশেষ ব্যাপারে যে স্টেটমেন্ট করেছেন সেটা যদি আমাদের মনঃপুত না হয় —আপনি যদি সেটাতে খুশী হন তাহলে আমরা খুশী। কিন্তু উনি প্রসঙ্গক্রমে বলেছেন, 'বসুন' বলা ঠিক না, আমি যদি বলতাম দয়া করে বসুন তাহলে ঠিক হত। আমার পয়েন্ট হচ্ছে এই যে, আপনি যখন দাঁড়াবেন তখন যদি আমরা সব মেম্বাররা বলি 'বসুন আপনি বা দয়া করে বসুন আপনি' আর উইদিন আওয়ার রাইটস টু সে সো, এটা কি আমরা বলতে পারি ? কাজেই বিরোধী দলের নেতা যা বলেছেন, 'বসুন না বলে দয়া করে বসুন বললে হত' এটা বলার অধিকার তাঁর নেই এবং এতে স্পীকারের প্রতি সম্মান দেখান হয় না। হি হ্যাজ নো রাইট টু সে সো। এতে হাউসের প্রিভিলেজ নষ্ট হয়েছে এবং এটা আমরা সহ্য করতে রাজী নই। নো মেম্বার হ্যাজ এনি রাইট টু সে 'বসুন বা দয়া করে বসুন' এটা বলার অধিকার নেই।

**শ্রীআবদুস সাত্তার:** স্যার, আমি পয়েন্ট অব অর্ডার তুললাম ও'র পয়েন্ট অব প্রিভিলেজের ব্যাপারে। স্যার, আপনি যদি রুল ২২৬ দেখেন তাহলে দেখবেন যে নোটিশ না দিয়ে এই ধরণের প্রিভিলেজ মোসান তুলতে পারেন না। আর ২২৯ যেটা বলছেন, সেটা আগে ২২৬ কমপ্লাই করতে হবে, তবে ২২৯ আসবে, না হলে আসবে না।

**শ্রীসমর কুমার রুদ্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি রুল ৫৯টা দেখুন, সেখানে বলছে

Subject to the provisions of these rules, a motion for an adjournment of the business of the House for the purpose of discussing a definite matter of urgent public importance may be made with the consent of the Speaker.

অর্থাৎ এই রুলস অব বিজিনেসে যা প্রভিশন আছে, তার সাপেক্ষে এখানে রুল ৫৯এ বলা হয়েছে অ্যাডজোর্নমেন্ট মোশন মুভ করতে হবে। অতএব অ্যাডজোর্নমেন্ট মোশন সম্বন্ধে চ্যাপটার ১৪-তে যা আছে এবং সেটা উনি বোধ হয় দেখেন নি, সেটা আপনার দৃষ্টি আকর্ষণ করে বলছি যে উপমুখ্যমন্ত্রী যা বলেছেন সেটা সম্পূর্ণ আইনসম্মত কথা বলেছেন।

(নয়েজ অ্যাণ্ড ইন্টারাপশন)

**মিঃ স্পীকার:**

**There is no point of order in it. This is not a privilege motion. I am not going to allow anybody to disturb the business of the House.**

আপনারা সব জানেন এই যে সেদিন থেকে আমাদের অ্যাডজোর্নমেন্ট মোশন যা আমাদের কনভেনশন ছিল পড়তে দেওয়া হবে—প্রথম দিন আমি অ্যাডজোর্নমেন্ট মোশন আউট অব অর্ডার করেছিলাম এবং পড়তে দিইনি। তারপর অ্যাডজোর্নমেন্ট মোশনের টেক্সট অব দি মোশন তাহলেও আপনারা পড়েছেন, অন্য কিছু ছিল না, এর পরের দিন ঐ সব হলো, তখন আমরা একটা মিটিং করবার ব্যবস্থা করি, হোয়াটএভার ইট ইজ.....এখন আমি দেখছি যখন আমাদের এই আন্ডারস্ট্যান্ডিং, বোঝাবুঝি যা নিয়ম অনুযায়ী হয়েছে। যে পয়েন্ট অব অর্ডার উঠেছিল, ওটা সব স্ট্রিক্টলি অ্যাকর্ডিং টু রুলস হয়নি, সাম অব দি পোর্শনস তবুও আমি আপনাদের পড়তে দিয়েছে, শুধু টেকস্ট অব দি মোশন। আজকে সমস্ত মোশন আমি নিজে পড়েছি, নিজে দেখেছি, আমি এই জন্য অন্য যেসব পোর্শন মোশনে লেখা আছে অ্যাকর্ডিং টু মি সেগুলো লেখা উচিত নয় টিল দি ম্যাটার ইজ ফাইন্যালি সেটল্ড, সেইগুলি আমি কেটে দিয়েছি যদি আপনারা সেইগুলো পড়তে চান পড়তে পারেন, নয়তো আমি একটা একটা করে মোশনগুলো এখান থেকে পড়ে দেবো, যেটা ফেয়ারলি হয় বলুন, এই ছাড়া, কোন রাস্তা নেই।

**Shri Tarun Kanti Ghosh:**

স্যার, আমি বলতে চাই......

(Noise and interruptions)

**Shri Muhammed Khuda Buksh:** Sir, I wish to

(Noise and interruptions)

**Shri Saral Deb:**

স্যার,

he is showing disrespect to the chair.

**Mr. Speaker:** Please keep order. Mr. Khuda Buksh, what do you want to say?

**Shri Muhammed Khuda Buksh:** Sir, I wish to draw your attention as well as the attention of the House to Rule 229 on a motion of privilege which reads as follows:—

A motion on a matter of privilege arising during the sitting of the House shall be entitled to immediate precedence over all other business.

(Noise and interruptions)

[2-40—2-50 p.m.]

**Shri Muhammed Khuda Buksh:** So my submission is that when an honourable member opposite has raised a point of privilege and it was questioned by an honourable member sitting to my right that he has to give notice, I say that any question of privilege arising during the sitting of the House takes immediate precedence over any other business.

**Shri Tarun Kanti Ghosh:**

স্যার, আমি বলছি ঃ

The violent attack on the offices of Ananda Bazar Patrika, Hindusthan Standard and the Statesman by the supporters of the C.P.M. who also rensancked the offices of the Ananda Bazar Patrika and the Hindusthan Standard and caused intensive damage to their property...........

আমি স্যার এই বাকিটায় বলতে চাইছি যে, এত বড় গুরুত্বপূর্ণ জিনিষ যে বাংলাদেশে সচরাচর ঘটে না। জ্যোতিবাবু বলছিলেন......

**Dr. Zainal Abedin:** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, unprecedented violent attack and raid upon the office and vehicles of the Independent Press—Ananda Bazar Patrika on 8th July 1969 by Student Federation.

**Shri Abdus Sattar:** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, a section of students reported to be the members of Students Federation (C.P.M.) raided the offices of Ananda Bazar Patrika and the Statesman on the 8th July, 1969, damaging some vehicles and smashing the glass panes and other properties of the offices.

**Shri Muhammed Khuda Buksh:** This House do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, the trespass into a newspaper office and widespread and wanton destruction of property belonging to it and also belonging to other newspapers by a section of student demonstrators on the 8th July, 1969, in the city of Calcutta.

**Shri Siddhartha Shankar Ray:**

মে আই মেক এ সর্ট সাবমিশন স্যার, আজ হাউস বসবার সঙ্গে সঙ্গে আর এস পি দলের একজন মাননীয় সদস্য এবং আপনি বলেছিলেন যে কালকে আনন্দবাজার, হিন্দুস্থান স্ট্যান্ডার্ড এবং স্টেটসম্যান অফিসের কথা নিয়ে যে গুরুত্বপূর্ণ ব্যাপার নিয়ে অ্যাডজর্নমেন্ট মোশন এসেছিল তাতে আপনি অবশ্য বলেছেন যে কনসেন্ট উইথহেল্ড করা হয়েছে। আমি বলছি একমাত্র মার্কসিস্ট কমিউনিস্ট পার্টি ছাড়া আর প্রত্যেকে চায়, এই অ্যাডজোর্নমেন্ট মোশনটা ডিসকাস হোক। এটা আপনি একটু বিবেচনা করে দেখবেন।

**Mr. Speaker:** Hon'ble Minister-in-charge of Home (Police) Department will please make a statement on the subject of incident at Kultali on the 6th July, 1969 called attention by Sarbashri Gopal Basu, Krishnagopal Basu and Kalipada Mandal.

**শ্রীজ্যোতি বসু:** মাননীয় স্পীকার মহাশয়, আমি অত্যন্ত দুঃখিত যে, আজকে সমস্ত খবর না আসাতে আমি এর বিবৃতি দিতে পারছি না। আমি কালকে দেব।

**Mr. Speaker:** I have received 11 notices of calling attention on the following subjects, namely:—

1. attack on newspaper offices from Shri Suresh Chandra Sinha,
2. attack on newspaper offices from Sarbasree Amarendra Nath Ray Prodhan and Siddheswar Mondal,
3. flood in Tista from Sarbasree Amarendra Nath Ray Prodhan and Siddheswar Mondal,
4. chaos in National Medical College from Dr. Zainal Abedin,
5. official Language of the State from Shri Sudhir Chandra Bhandari,
6. flood in Tista from Shri Suresh Chandra Sinha,
7. allegations against one Shri G. S. Chatterjee, a circle inspector under Land and Land Revenue Department from Shri Sasanka Sekhar Mondal,
8. inadequacy of test relief measures from Shri Nitai Bhandari,
9. murder in Deshapriyanagar on 7th July 1969 from Shri Abdus Sattar,
10. "Guru", a derogatory caricature of Indian society from Dr. A. M. O. Ghani and Shri Sailendra Nath Adhikary, and

11. clash between C.P.I.(M) and S.U.C. in Canning P.S. from Shri Narayan Chandra Naskar.

I have selected the notices on the subject of attack on newspaper offices from Sarbasree Amarendra Nath Roy Prodhan, Siddeswar Mondal and Suresh Chandra Sinha.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date.

**Shri Jyoti Basu:** The statement will be made tomorrow.

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** স্যার, অ্যাডজোর্নমেন্ট মোশনটা আপনি দিলেন না, কিন্তু তার আর্জেন্সি মেনে নিয়ে কলিং অ্যাটেনশনটা অ্যালাও করলেন। ওরা একতরফা স্টেটমেন্ট করে যাবেন আর আমরা কিছু করতে পারবো না। এটা তবে বলুন, ঐ যে স্টেটমেন্টটা দেবেন তার উপর বিতর্ক আপনি দেবেন?

**মিঃ স্পীকারঃ** কালকে বাজেট আরম্ভ হবে, আপনি যা খুসী তাই বলবেন।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** আমার কথাটা কি যুক্তিসঙ্গত নয়। অ্যাডজোর্নমেন্ট মোশন দিলেন না, অথচ ঐ একই কারণে কলিং অ্যাটেনশন দিলেন। কলিং অ্যাটেনশন-এ কালকে উনি একতরফা স্টেটমেন্ট করলে তখন যদি বলি যে, স্টেটমেন্টটা ভুল, তাহলে জ্যোতিবাবু খেপে যাবেন। তাই বলছি যে স্টেটমেন্টটা উনি পড়বেন তার উপরে উত্তরটা বলতে দেবেন।

**মিঃ স্পীকারঃ** বাজেটের সময় তো গত ২০ বছরে হয়নি।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** আমি বলছি, আপনি আমাদের দিকটাও একটু দেখবেন। আমরা অ্যাডজোর্নমেন্ট মোশনে কিছু বলতে পারি না, আপনি রেড পেনসিল দিয়ে কেটে দিয়েছেন।

**মিঃ স্পীকারঃ** আপনি ঘুরিয়ে আমাকে ইমপিচমেন্ট করছেন এ আমি বুঝি।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** আমি বলছি অ্যাডজোর্নমেন্ট মোশনগুলি মার্কসিস্ট কমিউনিস্ট ছাড়া আর সমস্ত দল চাচ্ছেন অথচ মার্কসিস্ট কমিউনিস্টদের একটা এক্স পার্টি স্টেটমেন্ট আপনি দিতে দিচ্ছেন—আমি এর প্রতিবাদ করছি।

[2-50—3-15 p.m.]

### Laying of Papers

**Shri Jyoti Basu:** Sir, I beg to lay an authentic copy of the Delimitation of Parliamentary and Assembly Constituencies Order, 1966.

Sir, I also beg to lay a copy of Notification No. 281/1/WB/68, dated the 16th November, 1968 of the Election Commission, India.

**শ্রীমতি নিরুপমা চ্যাটার্জীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি হাউসের কাছে একটা সিরিয়াস বিষয় মেনশন করতে চাই। ঘটনাটা হচ্ছে গত দু'দিন ধরে বাগনানে ছাত্র পরিষদের ছেলেরা বাগনানের স্কুল কলেজকে বন্ধ করবার জন্য চক্রান্ত করেন কিন্তু তাতে ব্যর্থ হয়ে আজ ভোরে যখন সেকেন্ড ট্রেন যাচ্ছিল সেই সময় তারা গিয়ে মহিষরেখা ব্রীজের আগে সমস্ত রেলের রড্ এবং বড় বড় কাষ্ঠ দিয়ে সেই ট্রেনটাতে অ্যাকসিডেন্ট করবার অবস্থায় এনে হাজির করে, যার ফলে ১১টা পর্যন্ত সেই সমস্ত ট্রেনগুলি আটকে যায় এবং থানা এ সম্পর্কে কোন কিছু করেন নি। আমি ১১টার সময় থানাতে গিয়ে খোঁজ নেয়ার চেষ্টা করি যে এ ব্যাপারে কি ঘটনা ঘটেছে কিন্তু আমি দেখলাম সেখানে কিছু করা হয়নি, উপরন্তু আমাদের যেটা ধারণা

হচ্ছে যে ছাত্র পরিষদ এবং থানা পুলিশরা ষড়যন্ত্র করে এই ঘটনাটা ঘটাবার জন্য এবং একটা গুরুতর অ্যাকসিডেন্ট ঘটাবার জন্য চেষ্টা করছেন।

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী:** মিঃ স্পীকার, স্যার, আমি গত এক সপ্তাহ ধরে একটা সাংঘাতিক ব্যাপারে আপনার মারফত স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি। ঘটনাটা হচ্ছে যে স্বরাষ্ট্র মন্ত্রী হুকুম দিয়েছেন সমাজবিরোধীদের গ্রেপ্তার করার জন্য কিন্তু মনে হচ্ছে পুলিশ বিভাগের মধ্যে একটা ডায়ারকি আছে। হঠাৎ ২৯শে জুন একটা ভদ্রলোক আমার কাছে এসে বললেন যে একটা খুব গুড্ অ্যারেস্ট হয়েছে, সমাজবিরোধীদের গ্রেপ্তার না করে একটা জনপ্রিয় সমাজ-সেবককে চাতরা শ্রীরামপুর এলাকাতে কেদারচন্দ্র ঘোষকে পুলিশ পি ডি অ্যাক্টে গ্রেপ্তার করেছে। এইভাবে সমাজবিরোধীদের গ্রেপ্তার না করে সমাজসেবককে গ্রেপ্তার করা হচ্ছে এবং স্বরাষ্ট্রমন্ত্রী সমাজবিরোধীদের গ্রেপ্তার করার যে অর্ডার দিয়েছেন সেটাকে উল্টে সমাজসেবকদের উপর পুলিশ বিভাগের এক অংশ এইভাবে যে পীড়ন করছে এদিকে আমি আপনার মারফত স্বরাষ্ট্র-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং এই যে গ্রেপ্তার করা হয়েছে তার পল্লীর সমস্ত লোকের ধারণা যে এটা অন্যায় এবং পুলিশের ঈর্ষা এবং বিদ্বেষপ্রসূত গ্রেপ্তার ছাড়া এটা আর কিছুই নয়।

**Shri A. H. Besterwitch:** Sir, I would like to draw the attention of the Hon'ble Transport Minister. Unfortunately, he is not here. You know, Sir, that there is no bus route direct from Chowbagh which is about 3 miles from Tapsia. Bus No. 24 plies on that route only from Bandaghat to Tapsia. I would request the Hon'ble Transport Minister to see that at least these three miles are covered by this bus route so that there will be some income from this area viz., from Tapsia to Chowbagh.

**Mr. Speaker:** This House stands adjourned for 15 minutes.

(At this stage the House adjourned for 15 minutes)

(After adjournment)

**The West Bengal Zilla Parishads (Amendment) Bill, 1969**

**Mr. Speaker:** Now we come to the West Bengal Zilla Parishads (Amendment) Bill, 1969.

**Shri Nepal Chandra Roy:** Sir, point of order হাউসে কোরাম নেই।

**Mr. Speaker:** সব ঠিক আছে।

**Shri Abdus Sattar:** Sir, I rise on a point of order before the Hon'ble Minister introduces the Bill. Challenging this West Bengal Zilla Parishads Ordinance, 1969 i.e. ordinance No. 4 of 1969 there are 11 cases pending in the High Court.

হাইকোর্টএ ১১টি কেস আছে এবং সেখানে ইন্টারিম ইনজাংশন পাওয়া গেছে। আমি এখানে দেখতে পাচ্ছি যে অ্যাডভোকেট শ্রীসরদিন্দু সামন্ত তাঁর কাছে একটা লেটার দিয়েছেন। চ্যালেঞ্জিং ইন দিস অর্ডিন্যান্স তিনি এটা দিয়েছেন। যে অর্ডিন্যান্স-এর উপর ভিত্তি করে এই বিল এসেছে সেখানে হাইকোর্ট এর উপর ইনজাংসন ইসু করেছে। সো আই সাবমিট যখন এটা নিয়ে হাই-কোর্টএ কেস পেন্ডিং আছে তখন এই হাউস ক্যান নট ডিসকাস বিল, দি ম্যাটার ইজ্ সাবজুডিস। এখানে সমস্তই আইডেন্টিক্যাল অর্থাৎ এই বিলের সমস্তই কনটেন্টস সমস্ত কিছু identical with those of the matters mentioned. In these petitions সব কিছু বলা আছে। আপনার কাছে পিটিসান-এর ড্রাফট আছে। সেখানে বলা আছে

"Under the circumstances it is most humbly prayed that your Lordship would be graciously pleased to issue a writ of mandamus directing the opposite parties from No. 1 to 5 forbearing from giving effect to the West Bengal Zilla Parishads (Amendment) Ordinance, 1969 and also the order issued by the State of West Bengal to the Chairman, Howrah Zilla Parishads."

সুতরাং এই বিলটা আসতে পারে না, এটাই হচ্ছে আমার পয়েন্ট অব অর্ডার রেফারেন্স-এর নজীর আছে যে

Sub judice matter cannot be discussed here.

এই নজীরের পরিপ্রেক্ষিতে আপনাকে রুল ৩২৮টা দেখার জন্য অনুরোধ করছি।

রুল ৩২৮এ বলছে
"A member while speaking shall not refer to any matter of fact on which a judicial decision is pending".—This matter

এবং এটা সম্পূর্ণভাবে আইডেন্টিক্যাল সাবস্ট্যানসিয়াল হলেও সম্পূর্ণভাবে

identical matter. This is a matter of fact which pending before the Calcutta High Court. So, Sir, this Bill cannot be discussed in this House.

এ সম্বন্ধে আপনার রুলিং আছে কি

Sub judice matter cannot be discussed here.

এই পরিপ্রেক্ষিতে আমি চিঠিটা প্লেস করছি।

(A letter was placed in the Speaker's table by Shri Abdus Sattar.)

[3-15—3-25 p.m.]

**কুমার জগদীশচন্দ্র সিংহ:** স্যার, এটা মোসন ফর কন্সিডারেশন তো? আপনি যদি চ্যাপটার ফোর্টিন, রুল ১৮৭, সাব-ক্লজ সেভেন।এইট দেখেন তাহলে দেখবেন সেখানে রয়েছে,

it shall not relate to any matter which is under adjudication by a court of law.

স্যার, এই যে বিল আমাদের কাছে সার্কুলেট করা হয়েছে তাতে এই বিলের শেষ ধারায় দেখতে পাচ্ছি এই বিলে প্রস্তাব করা হয়েছে ওয়েস্ট বেঙ্গল জিলা পরিষদ অর্ডিন্যান্স ইজ হিয়ারবাই রিপিল্ড। এই বিল যদি বিধানসভায় গৃহীত হয় তাহলে যে অর্ডিন্যান্সটা সরকার জারী করেছেন সেটা রিপিল্ড হয়ে যাবে এবং এই বিলটা অর্ডিন্যান্সকে সাবস্টিটিউট করবার জন্যই আনা হয়েছে যাতে ৬ সপ্তাহ পেরিয়ে না যায়। যে সমস্ত ধারা রয়েছে তাতে দেখছি কমা, ফুল স্টপ, সেমিকোলন প্রভৃতি সমস্ত কিছুই অর্ডিন্যান্সএর সঙ্গে হুবহু এক। অর্ডিন্যান্সটি হাইকোর্টে চ্যালেঞ্জ হয়েছে এবং ইনজাংশন জারী হয়েছে হাইকোর্ট থেকে। কাজেই বিলটি যখন সাব-জুডিস তখন এর আলোচনা হতে পারে না এবং মোশন ফর কন্সিডারেশন হওয়াও সম্ভব নয়। আপনি এই ব্যাপারে সভাকে নির্দেশ দিন।

**শ্রীঅশ্বিনীকুমার রায়:** স্যার, এই বিলের সম্পর্কে কোন ইনজাংশন নেই। অর্ডিন্যান্স আমরা আলোচনা করছি না কাজেই মাননীয় সদস্য হাইকোর্ট ইনজাংশনের যে প্রশ্ন তুলেছেন সেটা অবান্তর। দ্বিতীয় কথা হচ্ছে এই হাউসের কাছে বা মেম্বারদের কাছে ইনজাংশন আছে এরকম কোন নজীরও নেই। (শ্রীআবদুস সাত্তার:—আছে) গ্রামের মোক্তার হওয়া এক জিনিস আর হাইকোর্টের ম্যাটার নিয়ে কথা বলা আর এক জিনিস, কাজেই দয়া করে ভেবে চিন্তে কথা বলবেন। যাহোক, আমার কথা হচ্ছে বিলটি সঙ্গত এবং বিলের উপর কোন ইনজাংশন নেই।

**Mr. Speaker:** With reference to the point of order raised by different honourable members of this House I feel that the consideration of the Bill is in order. I am quoting from the practice and procedure of Parliament. The Speaker has held that discussion of a Bill the subject matter of which is sub-judice by virtue of an appeal pending in the Supreme Court is in order. A bill seeking to replace an ordinance can be discussed in the House notwithstanding that an ordinance has been challenged in a court of law and the court has issued rule nisi to the Government. I am also quoting from May's Parliamentary Practice as they follow in the House of Commons, London. I hold the matters awaiting the adjudication of a court of law should not be brought forward in debate except by means of a Bill. Therefore, I hold that the consideration of the Bill is in order. Now the Hon'ble Minister may please introduce the Bill.

**শ্রীআবদুস সত্তারঃ** স্যার, আপনি যা বল্লেন সে সম্বন্ধে দ্বিমত নেই অ্যাকর্ডিং টু দি স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনস আপনি একটু দেখুন।

According to a decision of the Calcutta High Court, the present Constitution of the Zilla Parishads and Anchalik Parishads established under the West Bengal Zilla Parishads Act, 1963, has below defective and these bodies cannot function until they are reconstituted in accordance with the provisions of the said Act.

হাইকোর্টের ডিসিশন সম্বন্ধে কথা বলে বিল এনেছেন, তার কারণ হচ্ছে সমস্ত জেলা পরিষদ আঞ্চলিক পরিষদ কনস্টিটিউসন ডিফেক্টিভ, এই ডিসিসন আমাদের সামনে আনছেন এই অ্যাকর্ডিং টু এ ডিসিশন অফ দি হাইকোর্ট যেটা বলেছেন, সেটা আমাদের সামনে নেই। আমার কাছে সেই রেলিভ্যান্ট ডিসিসন আছে। তারপর যেটা বলেছেন যে

It has therefore become necessary to make provisions in the said Act for appointment of an administrator to exercise and perform the duties and functions of the Zilla Parishads and Anchalik Parishads until they are so reconstituted.

সেখানে দেখা যাবে রামনগর সম্বন্ধে সেই ডিসিশন, সেই ডিসিশনে পরিষ্কার বলা আছে Concerned Zilla Parishad i.e. Ramnagar Zilla Parishad. That decision has not been placed before the members of this House.

মাননীয় মন্ত্রিমহাশয় সে সম্বন্ধে ইন

he has practised fraud upon the members of the house.

জেনারেলও কিছু বলেন নি। সুতরাং মাননীয় মন্ত্রিমহাশয় যে বিল এনেছেন যে জিনিষের ডিসিশন নাই, এই রকম কোন কথা বলা নাই, আমি চ্যালেঞ্জ করে বলতে পারি, মাননীয় মন্ত্রিমহাশয়

the constitutions of the Zilla Parishads and Anchalik Parishads defective.

একথা আমি চ্যালেঞ্জ করে বলতে পারি। যতক্ষণ পর্যন্ত হাউসের সামনে

decision of the Calcutta High Court is being circulated to the members.

আলোচনা করবার অসুবিধা হবে। যেখানে আলোচনা করতে চাইছি হাইকোর্টের সে রকম কোন ডিসিশন নাই, জাজমেন্ট নিয়ে এসেছি। আমি আপনার কাছে নিবেদন করছি যে এই বিল আলোচনা করবার আগে আমার মনে হয় ডিসিশন অফ দি ক্যালকাটা হাইকোর্ট সমস্ত জেলা পরিষদ আঞ্চলিক পরিষদ-এর কনস্টিটিউশন ডিফেকটিভ এই ডিসিসন আসলে ভাল হয় সো। দ্যাট উই ক্যান ডিসকাস দি বিল প্রপারলি। কিন্তু তা না করে সমস্ত কিছু সাপ্রেস করে গোপন করে একটা বিল নিয়ে এসেছেন এমন কি অবজেকটস অ্যান্ড রিজনসএ যা দিয়েছেন সেই সমস্ত অসত্য, যার কোন ভিত্তি নাই।

**Mr. Speaker:** Mr. Sattar, you have raised all your objections before the Hon'ble Minister could open his lips. It is after the Hon'ble Minister places the Bill for consideration that we would hear other facts which you want to raise. I have already ruled that the Bill is in order and would be discussed. So I am asking the Minister in charge of the Panchayat Department to please introduce the Bill.

**Shri Bibhuti Bhusan Das Gupta:** Sir, I beg to introduce the West Bengal Zilla Parishads (Amendment) Bill, 1969 and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

Sir, according to a decision of the Calcutta High Court dated the 6th November, 1968, the constitution of the Zilla Parishads and Anchalik Parishads established under the West Bengal Zilla Parishads Act, 1963, had become defective and these bodies cannot function until they are reconstituted in accordance with the provisions of the said Act. It has, therefore, become urgently necessary to make provision in the said Act for appointment of an Administrator to exercise and perform the powers, duties and functions of the Zilla Parishads and Anchalik Parishads until they are so reconstituted. As the matter was very urgent and the Lgislature was not in session, a new section—section 109A—was, therefore, introduced in the West Bengal Zilla Parishads Act by means of an ordinance to avoid stalemate in the administration.

[3-25—3-35 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ সম্বন্ধে একটু পরিষ্কার করে প্রথমে বলা দরকার যে কথা সাত্তার সাহেব উঠিয়েছেন। কিছুদিন পূর্বে এই অর্ডিন্যান্সটা জারী করা হয়। অর্ডিন্যান্স মূলে এই বিলটা এখানে আনা হয়েছে। অর্ডিন্যান্সটা করা হয়েছিল এই জন্য। একথা ঠিক যে মেদিনীপুর জেলার রামনগর আঞ্চলিক পরিষদের বৈধতা চ্যালেঞ্জ করে শ্রীনন্দদুলাল জানা হাইকোর্টে এক মোকর্দমা করেন। সেটা আমাদের ক্ষমতায় আসবার আগে হয়েছিল অর্থাৎ ফেব্রুয়ারীর আগে এবং তার রায়টা ৩রা ফেব্রুয়ারীর আগে দেওয়া হয়। এই জাজমেন্ট দেওয়া ৬ই নভেম্বর ১৯৬৮ সাল। সেই জাজমেন্টের প্রথম দিক অংশ হচ্ছে এই—

Before I enter into the merits of the contentions raised on behalf of the petitioners it is noticed that since the dissolution of the Legislative Assembly of the State of West Bengal, the concerned Anchalik Parishad ceases to function and in my view even after the mid-term election of the State Legislative Assembly it cannot be revived. Such being the position the Anchalik Parishad has got to be again reconstituted. At any rate, since the Anchalik Parishad cannot function at all at the present moment it will be useless to enter into the merits of the contentions raised on behalf of the petitioners. In all fairness to the petitioners it must be said, however, that even if the present Anchalik Parishad continues to function after the mid-term election is completed, the petitioners will have opportunity to come up again to this Court for questioning the validity on the identical grounds of the constitution of the Anchalik Parishad.

এর প্রথম পক্ষ ছিলেন আমাদের শ্রীনন্দদুলাল জানা এবং দ্বিতীয় পক্ষ ছিলেন বি, ডি, ও, এস, ডি ও, প্রভৃতি, বিধিমত আপীলের সময় পেরিয়ে গেল ৬ই ডিসেম্বর ১৯৬৮ পর্যন্ত তার

সময় ছিল। কিন্তু সেই সময় ঐ রায়ের বিরুদ্ধে কোন আপীল করা হল না। তখন গভর্নর রেজিম ছিল। বি, ডি, ও, অ্যাপ্লাইড ফর দি কপি অফ দি জাজমেন্ট, থার্ড জানুয়ারী ১৯৬৯ এবং তার কপি পাওয়া গেল ফোর্থ ফেব্রুয়ারী ১৯৬৯। আমরা যখন ক্ষমতায় এলাম, তখন আমাদের মাননীয় সদস্য শ্রীবিভূতি পাহাড়ী মহাশয়ের এক প্রশ্নোত্তরে আমরা প্রথম জানতে পেলাম এই ব্যাপার। তখন আমাদের নজরে এটা এল—বাস্তবিকই হাইকোর্টের অর্ডারে একটা স্টেলমেট সৃষ্টি হয়ে গেছে। তার কারণ কি আমি বলছি।

স্টেলমেন্ট সৃষ্টি হয়েছে কি রকম, অর্থাৎ কোন কমপিটেন্ট কোর্টএর অর্ডারএ যদি কোন একটা জেলা পরিষদ বা আঞ্চলিক পরিষদ যদি সেখানে ভেকুয়াম ক্রিয়েট হয়, কাজ করতে না পারে তার জন্য জেলা পরিষদ অ্যাক্টে সেটা কার্যকরী করার ব্যবস্থা নেই। যেটা অঞ্চল পঞ্চায়েত অ্যাক্টে আছে। অঞ্চল পঞ্চায়েত অ্যাক্টে একটা ধারা আছে

"Where by reason of an order of a competent court an Anchal Panchayat or a Gram Pachayat is unable to exercise or perform its powers, duties or functions conferred or imposed on it by or under any law the prescribed authority may with the previous approval of the State Government appoint any authority, person or persons to exercise or perform as the case may be during the period of such inability any or all of such powers, duties and functions in such manner and under such conditions as the prescribed authority may direct."

কিন্তু এই জিনিষটা জেলা পরিষদ অ্যাক্টে নেই। আঞ্চলিক পরিষদ জেলা পরিষদ অ্যাক্টের মধ্যে পড়ে। তখন জেলা পরিষদ অ্যাক্ট সুপারসিড করা এবং তারপর অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করা ছাড়া—এরকম কমপিটেন্ট কোর্টএর অর্ডারে যদি সেটা বেকাম বা নাকাম হয়ে পড়ে এবং কাজ করতে না পারে সে ক্ষেত্রে কি করতে হবে সে রকম কোন পথ বা নির্দেশ বা কোন ব্যবস্থা জেলা পরিষদ অ্যাক্টে নেই। আমি বলব যাঁরা জেলা পরিষদ অ্যাক্ট করেছিলেন তাঁরা যে কোন কারণেই হোক এ দিকটাতে মনযোগ দিতে পারেন নি বা দেননি। এখন প্রয়োজন হল আঞ্চলিক পরিষদ 'রামনগড়' একে কার্যকরী রাখার উদ্দেশ্যে কি কি করা যেতে পারে। হাইকোর্টের রায়ে 'রামনগড়' আঞ্চলিক পরিষদ কাজ করতে পারছে না। অ্যাক্টে কোন বিধান নেই, জেলা পরিষদে কোন ব্যবস্থা আইনে যাতে এটা করা যেতে পারে যদি অ্যাক্ট সুপারসিড হয়, যদি জেলা পরিষদ বা আঞ্চলিক পরিষদ সুপারসিড হলে পরে সেখানে আমরা একজন অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করতে পারি। কিন্তু কমপিটেন্ট কোর্টএর অর্ডারে যদি কোন একটা জেলা পরিষদ বা আঞ্চলিক পরিষদ সম্পূর্ণ কাজ করবার অনুপযুক্ত হয় তাহলে সেখানকার ব্যবস্থা আমাদের জেলা পরিষদ অ্যাক্টে নেই। সেজন্য আমাদের এই ১০৯ ধারা যে জেলা পরিষদ অ্যাক্টে আছে সেটা যোগ করে ১০৯এ করা হল। আপনারা আইন কানুন নিয়ে যাঁরা বলছেন তাঁরা যদি দেখেন জেলা পরিষদ অ্যাক্টে যে ১০৮এ

If in the opinion of the State Government the Zilla Parishad or an Anchalik Parishad has shown etc. etc. its incompetence etc.

তাহলে তাকে সুপারসিড করবার ক্ষমতা দেওয়া হবে এবং ১০৯এ বলছে

When an order of Supersession has been passed under section 108 then with effect from the date of order

কি করতে পারে না অল দি মেম্বার্স অ্যান্ড অ্যাসোসিয়েট মেম্বার্স এটসেটরা। এবং যেখানে সেখানে অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করতে পারে। কিন্তু তারপর দেখুন সমস্ত অ্যাক্টের মধ্যে এটা হাইকোর্টের অর্ডারএ যে পরিস্থিতির সৃষ্টি হল সেই পরিস্থিতির মোকাবিলা করবার জন্য সমস্ত অ্যাক্টের মধ্যে কোথাও কোন ব্যবস্থা নেই। সুতরাং এখানে ১০৯এ 'এ' একটা যোগ করে এই ব্যবস্থা যেটা ছিল না সে ব্যবস্থা জেলা পরিষদে আনবার প্রয়োজন হল। অর্ডিন্যান্স হচ্ছে তাই এ ছাড়া কিছু নয়। যেটা পঞ্চায়েত অ্যাক্টে ছিল সেটা জেলা পরিষদ অ্যাক্টে আনা হল।

[3-35—3-45 p.m.]

এই হচ্ছে অর্ডিন্যান্সের ব্যাপার। কিন্তু এর মধ্যে আর একটি প্রশ্ন আসে ও'রা আইন-কানুনগুলি এমন করে গেছেন ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত অ্যাক্ট এবং জেলা পরিষদ অ্যাক্টে যে পিঁয়াজের খোসা যতই ছাড়াতে যাই ততই যেমন খোসা ছাড়াতে ছাড়াতে শূন্য হয়ে যায়, তেমনি এটা ও'রা স্বীকার করবেন যে জিলা পরিষদ অ্যাক্ট এবং পঞ্চায়েত অ্যাক্ট, এই দুটোর মধ্যে এত ভুরি ভুরি বেআইনী আইন আছে, যা কাজে করতে গিয়ে মাঝে মাঝে আমায় মাথায় হাত বুলোতে হয় এবং বাস্তবিকই আমার ঘুম হয়না, জেগে থাকি। এই আইনে এই অর্ডিন্যান্স করার ফলে জিনিসটা এখন এই পর্যায়ে এসে দাঁড়িয়েছে। অর্ডিন্যান্স কেন করতে হয়েছিল? সমস্ত জেলা-পরিষদ অ্যাক্ট ও আঞ্চলিক পরিষদ অ্যাক্টের সঙ্গে ওঁরা যে আইন করে গিয়েছিলেন, তার যে কনস্টিটিউশন করে গিয়েছিলেন সমস্ত আঞ্চলিক পরিষদ, জেলাপরিষদ, অঞ্চল পঞ্চায়েত এবং গ্রাম পঞ্চায়েতের, এগুলির একটা অদ্ভুত কনস্টিটিউশন। গ্রাম পঞ্চায়েতের প্রতিনিধি নির্বাচিত হল গ্রামের জনসাধারণের ভোটের দ্বারা। গ্রাম পঞ্চায়েতের যে অধ্যক্ষ সে হবে এক্স-অফিসিও অব দি অঞ্চল পঞ্চায়েত। আবার অঞ্চল পঞ্চায়েতের যে অধ্যক্ষ হবে, সে হবে এক্স অফিসিও অব দি আঞ্চলিক পরিষদ। আঞ্চলিক পরিষদের যে প্রেসিডেন্ট হবে এক্স অফিসিও মেম্বার অব দি জেলা পরিষদ। এখন কথা হচ্ছে এই আঞ্চলিক পরিষদ এবং জিলা পরিষদের এক একজন অধ্যক্ষকে নির্বাচিত করবেন আঞ্চলিক পরিষদ এবং জেলা পরিষদের মেম্বাররা। এখন ওঁদের আইনের ফলে সমস্ত অঞ্চল পঞ্চায়েতগুলি এবং গ্রাম পঞ্চায়েতগুলির অধ্যক্ষরা বেআইনীভাবে কাজ করছেন। কেন, তা আমি বুঝিয়ে দিচ্ছি। গ্রাম পঞ্চায়েতে যেসমস্ত অ্যাক্ট আছে, ৪ বছর কাজ করবার জন্য তাদের টার্মস দেওয়া হয়েছে। এই ৪ বছর পেরিয়ে গেলে তাদের আরো তিন বছর এক্সটেন্ড করবার বিধি আছে। কিন্তু অধ্যক্ষের টার্মস ৪ বছর আছে। কোন অধ্যক্ষের আর টার্মস বাড়াবার কোন পথ নেই, কোন ব্যবস্থাও নেই। সুতরাং ৪ বছর পার হয়ে গেলে যাঁরা অধ্যক্ষ থাকবেন, তাঁরা বেআইনীভাবে থাকছেন এবং এই পর্যন্ত অধ্যক্ষ যাঁরা আছেন, তাঁরা বেআইনী অধ্যক্ষ। এখন সমস্ত পঞ্চায়েতগুলি আঞ্চলিক পরিষদ আর জেলা পরিষদের এই যে অধ্যক্ষরা নির্বাচিত হয়ে আসেন, তাঁরা কেন এখানে আসবেন না—যেহেতু অধ্যক্ষরা বেআইনী সুতরাং সেদিক থেকে আঞ্চলিক পরিষদ, জেলা পরিষদের অধ্যক্ষের যে কেডার সেটা খালি থাকবে এবং তার পরে এই হাইকোর্টের রায়ের ফলে জিনিসটা যদিও দৃষ্টি আকর্ষণ করছি এই দিক দিয়ে যে

such being the position the Anchalik Parishad has got to be again reconstituted at any rate. Since the Anchalik Parishad cannot function at all at the present moment it would be useless to enter upon the merits.

এখন এই মিড টার্ম ইলেকশনের পরে যদি সদস্য নির্বাচিত হন তাহলে এই আঞ্চলিক পরিষদে বিধিসঙ্গতভাবে গঠিত হবে না, এই হচ্ছে হাইকোর্টের সুস্পষ্ট রায় এবং আর এক দিক দিয়ে দেখছি অধ্যক্ষ যাঁরা নির্বাচিত হয়ে আসছেন সেই অধ্যক্ষ আইনে কি নির্বাচিত হতে পারবেন না। সুতরাং এই ক্ষেত্রে যেকোন আঞ্চলিক পরিষদ, জেলা পরিষদ, তাদের কনস্টিটিউশন সাধারণভাবে ডিফেকটিভ হয়ে থাকে। আপনারা জানেন কোন একটি এগ্রিভ্‌ড পরাসন কোন একটি ব্যাপার নিয়ে হাইকোর্ট বা কোন কোর্টে গেল এবং হাইকোর্ট তাই নিয়ে একটা রায় দিল এবং সে সম্বন্ধে একটা সিদ্ধান্ত দিল। এখন হাইকোর্ট সেই যে সিদ্ধান্ত দিল, সেই সিদ্ধান্ত অনুযায়ী অনুরূপ যেসমস্ত ব্যাপার আছে সাধারণভাবে সেখানেও এই সিদ্ধান্ত খাটে। সেদিক থেকে রামনগর সম্বন্ধে এই যে রায় দেওয়া হল, তাতে আমাদের ভাবতে হল। এগুলি আমরা করিনি, ও'দের সময়ে হয়েছে। ও'দের সময়েই মোকদ্দমা, ও'দের সময়েরই রায়। আর ও'রাই অ্যাপিলের সময় পার করে দিয়েছেন, সেটা যুক্তফ্রন্ট সরকারের সময়ে নয়।

**শ্রীমহম্মদ খোদা বক্স:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি জেলা পরিষদ সম্বন্ধে আমাদের বুঝিয়ে বলছেন, যতীনবাবু মাঝখান থেকে এসে বলছেন তাড়াতাড়ি সারুন কে ঐ সব বুঝবে। আমি আপনাকে জিজ্ঞাসা করতে চাই যে এই হাউসের প্রসিডিংস আপনি রেগুলেট করবেন না উনি প্রসিডিংস রেগুলেট করবেন?

**শ্রীযতীন চক্রবর্তী:** হ্যাঁ এই বিষয়ে আমাকেও কিছু দেখতে হয়,

I am to see also how this is being done.

(Noise and interruptions)

**Shri Muhammed Khuda Buksh:** Sir, you are conducting the proceedings of the House. He is not conducting it.

**Shri Jatin Chakraborty:** I was simply telling the Hon'ble Minister to be brief and nothing else.

(Noise and interruptions)

**Shri Muhammed Khuda Buksh:** Sir, he must be made to apologise. I seek your protection. Every honourable member is entitled to speek here. You are the custodian of the House. I seek your protection.

**Mr. Speaker:** I am dealing with it. Please take your seat. I am strong enough to deal with anybody here.

**শ্রীযতীন চক্রবর্তী:** মেরে তাড়াবো বলায় যদি উনি দুঃখ পেয়ে থাকেন তাহলে অন্য উপায়ে কি করে সরাতে হয় সেই বন্দোবস্ত ও'র পাশের সদস্যরা করবেন, মেরে তাড়াবার কথাটা আমি প্রত্যাহার করে নিলাম।

**শ্রীভূতিভূষণ দাসগুপ্ত:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে সাধারণ ব্যাপারটা এই জেলা পরিষদ এবং অঞ্চল পরিষদ সম্বন্ধে হাইকোর্টের যে রায় সেটা লাগু করতে হলে এবং যে কোন গভর্নমেন্ট থাকুক না কেন একে লাগু করতে হতোই। সেই জন্য একটা অর্ডার এই অর্ডিন্যান্সের উপর ইসু করা হলো। সেই অর্ডারে বলা হয়েছে—এটা সাপ্রেশন নয়, হাইকোর্টের নির্দেশ অনুযায়ী সমস্ত জেলা পরিষদ এবং অঞ্চল পরিষদ যে গঠন সেটা সম্পূর্ণভাবে বেআইনীভাবে সৃষ্টি করা হয়েছে এবং সেটা পূর্ণ করবার জন্য একটা অর্ডার এই হিসাবে দেওয়া হলো যে যেসমস্ত জেলা পরিষদ এবং অঞ্চল পরিষদ-এ অ্যাডমিনিস্ট্রেটর নিযুক্ত হবে, এই অর্ডিন্যান্স বলে সেই ক্ষমতা নেই যাতে অ্যাডমিনিস্ট্রেটর সমস্ত কাজ পরিচালনা করবেন। এখন বলতে পারি যে অবজেক্টস অ্যান্ড রিজনসে যেটা বলা হয়েছে সেটা ফ্রড নয়। কারণ হাইকোর্টের আদেশে সমস্ত জেলা পরিষদ, আঞ্চলিক পরিষদ—এই সমস্ত পরিষদের কনস্টিটিউশন ডিফেকটিভ অনায়াসে ধরা যায়, কারণ, আমি আগেই বলেছি একটা নির্দিষ্ট ঘটনা নিয়ে একটা নির্দেশ হয় হাইকোর্টের। সেইরূপ ঘটনা সম্পর্কে ব্যবস্থা নিতে হবে এবং এই দিক দিয়ে এটা ফ্রড নয় এবং এইটা ঠিকভাবে করা হয়েছে। এইটা এই পর্যন্ত এক্সপ্লেন করে আমি বসছি। এতে কোন অ্যামেন্ডমেন্ট নেই। তবে যে কেউ আলোচনায় যোগদান করতে পারেন। তবে এইটুকু শুধু বলব আইনের গন্ডীর মধ্যে থেকেই যেন আলোচনা করেন।

Sir, I beg to move that the West Bengal Zilla Parishads (Amendment) Bill, 1969 be taken into consideration.

**Mr. Speaker:** The Hon'ble Minister has moved the consideration motion and made his speech. There are no motions for circulation. I now call upon the Shri Abdus Sattar to speak.

[3-45—3-55 p.m.]

**Shri Abdus Sattar:**
ম্যানীয় স্পীকার মহাশয়, আমাদের মাননীয় পঞ্চায়েত বিভাগীয় মন্ত্রী যে অ্যামেন্ডমেন্ট বিলটি এনেছেন আমি তার বিরোধিতা করছি। আমি প্রথমেই বলব এই বিলটা সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত। এই বিলটার পিছনে সরকারের কোন সদিচ্ছা নেই। স্যার, এই বিলের

স্টেটমেন্ট অফ অবজেক্ট অ্যান্ড রিজনস যেটা মাননীয় মন্ত্রিমহাশয় পড়লেন তাতে শেষখানে বলে দিলেন হাইকোর্টের রায়ে সমস্ত জেলা পরিষদ ও আঞ্চলিক পরিষদ-এর কনস্টিটিউশন ডিফেক-টিভ হয়েছে। এটা সম্পূর্ণ ভুল তথ্য উনি হাউসের সামনে রেখেছেন। হাইকোর্টের রায়ের রিলেভেন্ট পোর্শন তিনি পড়েছেন সেজন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু রিলেভেন্ট পোর্শন পড়ে এইভাবে কনক্লুশন করবেন এটা বড় আশ্চর্য ব্যাপার। সেখানে একটা শব্দ পর্যন্ত নেই কোন জেলা পরিষদ সম্পর্কে। সেখানে কেবল আছে রামনগর আঞ্চলিক পরিষদ সম্পর্কে। সেই জায়গাটা আমি পড়ে দিচ্ছি,

**Shri Abdus Sattar:** "Before I enter into the merits of the contention raised on behalf of the petitioners it is noticed that since the dissolution of the Legislative Assembly of the State of West Bengal the concerned Anchalik Parishad—mark the word 'concerned'—that is Ramnagar Anchalik Parishad ceased to function and in my view even after the mid-term election to the State Legislative Assembly it cannot function, that is, the Ramnagar Anchalik Parishad. Such being the position the Anchalik Parishad has got again to be reconstituted, that is, Ramnagar Anchalik Parishad. At any rate, since the Anchalik Parishad cannot function at the present moment, it would be unless to enter into the merits of the case." Sir, this judgment only relates to the Anchalik Parishad of Ramnagar.

এখানে এই জাজমেন্টে জেলা পরিষদ সম্বন্ধে একটা কথাও বলা নেই। তারপর যেখানে স্টেটমেন্ট অফ দি রিজনস অ্যান্ড অবজেক্টস আছে সেখানে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি বলেছেন বর্তমানে জেলা পরিষদ অ্যাক্ট অনুসারে যে সমস্ত জেলা পরিষদ, আঞ্চলিক পরিষদ আছে সেগুলি হাইকোর্টের রায় অনুসারে ডিফেকটিভ।

হাইকোর্টের রায় অনুসারে সেটা ঠিক নয়, সেটা সম্পূর্ণ ভুল।। ভুল তথ্য হাউসের সামনে দিয়েছেন। সেটা যদি ভুল হয় তাহলে বর্তমান জেলা পরিষদ ও অঞ্চল পরিষদ সম্বন্ধে জেলা পরিষদ অ্যাক্টে যে কনস্টিটিউশন তাহলে সেটাও ভুল, তবে একথা বলছেন কেন according to the decision of the Calcutta High Court the present constitution of the Zilla Parishads and Anchalik Parishads established under the West Bengal Zilla Parishads Act, 1963, has become defective and these bodies cannot function until they are reconstituted in accordance with the provisions of the said Act.

সেই আইন অনুসারে যতক্ষণ না রিকনস্টিটিউশন হচ্ছে ততক্ষণ কাজ করতে পারেন। সেই আইনের রিকনস্টিটিউশন যদি ডিফেকটিভ হয় তাহলে আপনি একথা কি করে বলছেন until they are reconstituted in accordance with the provisions of the said Act.

অর্থাৎ সেই জেলা পরিষদ অ্যাক্টএ যখন একথা বলছেন যে জেলা পরিষদ অ্যাক্ট ডিফেকটিভ তখন সেই আইন অনুসারে এই জেলা পরিষদ বা অঞ্চল পরিষদ গঠন হতে পারে না। একবার বলছেন ডিফেকটিভ তারপর বলছেন

they are reconstituted in accordance with the provisions of the said Act.

একটা সম্পূর্ণ কনট্রাডিকটরি জিনিষ আপনি হাউসের সামনে নিয়ে এসেছেন। প্রথমে যে ডিসিশনের কথা আপনি বলেছেন, আমি আগেও বলেছি এখনও বলছি যে আপনি মন্ত্রিমহাশয়, you practised fraud upon this House and suppressed the judgement of the High Court which does not relate to any Anchalik Parishad of West Bengal excepting the Ramnagar Anchalik Parishad.

এই অবস্থাতে আমি বলবো যে আপনি যে সম্বন্ধে বললেন একটু যদি তলিয়ে পড়েন এই জেলা পারষদ অ্যাক্ট, তাহলে দেখতে পাবেন যে, জেলা পরিষদ যেভাবে গঠন করা হয়েছে, অঞ্চল পরিষদ যেভাবে গঠন করা হয়েছে এটা কাউন্সিলএর মত কনটিনিউইং বডি এবং কাউন্সিল যেমন কখনও ডিজল্ভ হবে না, it will never be dissolved, some members will come and some will go out it will remain.

যেমন আমাদের বিধান পরিষদ সব সময় থাকে কখনও ডিজল্ভ হয় না। বিভিন্ন ক্যাটাগরির মেম্বার তারা আসেন এই জেলা পরিষদ, অঞ্চল পরিষদ থেকে। আপনি যদি সেকশন ৪ এবং সেকশন ৫২ পড়েন তাহলে এটা দেখবেন। এবং এক ক্যাটাগরির মেম্বাররা চলে যায় আর এক ক্যাটাগরির মেম্বার আসে। এইভাবে দেখা যাবে যে দিস বডি ইজ এ কনটিনিউইং বডি, এই বডি কখনও ডিজল্ভ হ'তে পারে না। আপনি যেটা চেয়েছেন এক সঙ্গে ডিজল্ভ হবে আবার এক সঙ্গে জন্ম নেবে, এটা হবে না। সেই সঙ্গে যদি কোন অধ্যক্ষ বা মেম্বার যদি ডিসকোয়ালিফাইড আন্ডার দি জিলা পরিষদস অ্যাক্ট হয়, আবার যখন ইলেকশন হবে, আবার তারা সেখানে আসবেন। এবং

Supposing M.L.A.'s are ex-officio members of the Zilla Parishads and Anchalik Parishads.

এখন যদি অধ্যক্ষ না থাকে তাহলে এম এল এ যারা তারা থাকতে পারবে না, তা নয়। আপনি যদি সেকশন ৪, সেকশন ৫২টা ভাল করে পড়েন, এবং পড়ার মত পড়েন, নিশ্চয়ই আপনারা জ্ঞান লাভ করবেন এবং বুঝতে পারবেন যে আইনটা এনেছেন, এই আইনটা সম্পূর্ণ একটা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত। আমি আর একটু আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এই আইনটা আনার কারণ কি? এটা আনার কোন প্রয়োজন ছিল না। এইভাবে সুপারসিড করার কোন দরকার ছিল না। আপনি একটা বডিকে এক কলমের খোঁচায় স্বেচ্ছাচারমূলক ভাবে সুপারসিড করছেন। এটা যে রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত তা বোঝা যায়। আপনি যদি ১০৮ ধারা পড়েন, দেয়ার ইজ প্রভিশনস ফর সুপারসেশন। ১০৯ ধারাতে যদি সুপারসিড করা হয় তাহলে হোয়াট আর দি কনসিকোয়েন্সেস অফ দি সুপারসেশন লেখা আছে। ১০৮ ধারাতে যদি একটা বডিকে সুপারসিড করতে যাওয়া যায় তাহলে তার পূর্বে তাকে অন্ততপক্ষে একটা শো কজ নোটিশ দেওয়ার বিধান আছে। একটি আসামী যে কাঠগড়ায় থাকে তারও ডিফেন্ড করার উপায় থাকে। সেখানে আপনি ১০৮ ধারাকে সুপারসিড করে ঐ রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত করার জন্য ১০৯ ধারাকে যেভাবে এনেছেন, এটা আনার কোন কারণ ছিল না। আপনি হাইকোর্টএর নাম দিয়ে এখানে জেলা পরিষদকে, অঞ্চল পরিষদকে বলছেন ডিফেকটিভ। এটা সম্পূর্ণ অসত্য কথা। আপনি আসলে যে উদ্দেশ্য নিয়ে এটা এনেছেন সেটা গোপন করছেন, আপনি ওকালতি করেন, বোধ হয় করেন, কিনা জানি না, কিন্তু শেষকালে হল কি? এমনভাবে আপনারা হাইকোর্ট বলেছে বলছেন কিন্তু হাইকোর্ট যা বলে নি সেটাও আপনারা বলছেন। ১০৮ ধারাতে সুপারসেশানএর বিধান আছে। বডি একটা পশ্চিমবঙ্গের গোটা ইলেকটেড বডিকে আপনারা কোন রকম শো কজ না করে এবং ১০৮ ধারার প্রভিসান অ্যাপ্লাই না করে ১০৯(এ) এনেছেন

[3-55—4-05 p.m.]

স্টেটমেন্ট অব অবজেক্টস অ্যান্ড রিজনসের মধ্যে যা দিয়েছেন আপনি সেটা মাননীয় স্পীকারকে দিন, মেম্বারদের দিন, তাঁরা যদি বলেন তাহলে আমি নিশ্চয়ই আমি আমার আপত্তিগুলি উইথড্র করব এবং আপনার বিলকে সমর্থন করব। কেবল গায়ের জোরে আপনি একটা অর্ডিন্যান্স জারী করেছেন, কোন কারণ ছিল না। কি পরিস্থিতিতে আপনি এই অর্ডিন্যান্স এনেছিলেন আপনি বলতে পারেন? এখানে তো সুপারসেশনের বিধান আছে। আপনি জানেন যে হাইকোর্টে দেয়ার আর সেভারেল কেসেস চ্যালেঞ্জিং দ্যাট অর্ডিন্যান্স এবং আপনি এও জানেন যে ইন্টারিম ইনজাংশন হয়েছে এবং ১১টা জেলা পরিষদ কাজ করছে আন্ডার জেলা পরিষদ অ্যাক্ট হাইকোর্টের অর্ডার অনুসারে। কাজেই আপনি অন্যায় করবেন যদি এটা করেন। এইভাবে স্বেচ্ছাচারমূলকভাবে যদি আপনি কাজ করেন, এইভাবে বে-আইনীভাবে যদি অর্ডিন্যান্স করেন তার প্রতিফল এইভাবে হবে এবং ইউ আর ফেসিং দ্যাট কনসিকোয়েন্স। আমি বলব মনসুর সাহেব যখন একজন আইনজ্ঞ আছেন তখন আপনি কোন রকম পার্টি ব্রিফ না নিয়ে আপনি উকিল হিসাবে পড়ে দেখুন হাইকোর্টের ব্যাপার যা বলা হয়েছে দ্যাট, ইজ অ্যাবসলিউটলি ফ্রড। সেজন্য আমি এই বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Panna Lal Majhi :**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি পঞ্চায়েত সংশোধন বিলটা সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে যে জিনিসটা আমার মনে হয়েছে সেটা হচ্ছে এই যে যাদের সর্পাঘাত হয় নি তারা কি করে সর্পাঘাতের যাতনা বুঝবে? আজ কংগ্রেসের বেঞ্চে জেলা পরিষদের চেয়ারম্যান, আঞ্চলিক পরিষদের চেয়ারম্যান এবং মেম্বাররা তারা যে কি যাতনায় ভুগছেন সেটা আমরা ঠিক বুঝতে পারি না কারণ অমরা যে বিলটা সংশোধন করছি তার দৃষ্টিভংগী আলাদা। কাজেই এত ব্যথা, এত যাতনা কিসের? আজকে আঞ্চলিক পরিষদের গণতন্ত্রের কথা ও'রা বলছেন, বলছেন যে এক কলমের খোঁচায় এটাকে বাতিল করে দিয়ে নাকি খুব অন্যায় করা হয়েছে। নিশ্চয় একদল ঘুঘু এই জেলা পরিষদের, আঞ্চলিক পরিষদের নামে রিলিফ, টিউবওয়েল এবং পাবলিকের টাকা এগুলি নিয়ে যা গ্যাঁড়াকল করছিলেন সেগুলি বাধা দেওয়া যাচ্ছিল না, আজ যুক্তফ্রন্ট সরকার এসে সেই ঘুঘুর বাসা ভেঙ্গে দিয়েছেন, তার জন্য ওদের কাছে গণতন্ত্র-এর হানি হয়েছে কিন্তু বাংলাদেশের মানুষ তা মনে করেন না। তাঁরা এটা চেয়েছিলেন এবং এই কাজগুলি করবার জন্য বাংলা দেশের মানুষ যুক্তফ্রন্ট সরকারকে নির্দেশ দিয়েছেন। যুক্তফ্রন্ট সরকার যদি এগুলি না করতেন তাহলে তারা গণতন্ত্রের প্রতি সম্মান দেখাতেন না। স্কুল বোর্ডের অবস্থাও তাই। সেজন্য আজ এই বিলকে ও'রা বলছেন যে ঠিক হয় নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জনসাধারণের প্রতি যদি কিছুমাত্র কর্তব্য বোধ থাকত ঐ কংগ্রেসী বেঞ্চে যাঁরা পঞ্চায়েতগুলি চালাতেন বা যারা আইন করেছেন তাঁরা যদি থাকতেন তাহলে এটাকে সমর্থন করতেন, যদিও ও'দের সমর্থনে কিছু যায়-আসে না, বাংলাদেশের লোকের সমর্থন থাকলেই হবে, অর্থাৎ যেখানে সুপারসেশনের ব্যাপার রয়েছে, সেখানে অ্যাডমিনিস্ট্রেটর, একজিকিউটিভ অফিসার যা কিছু ব্যাপার রয়েছে কোর্ট থেকে যদি কিছু অর্ডার হয়ে ক্যানসেল হয়ে যায় বা কোন কিছু গণ্ডগোল হয় সেখানে কোন রীতি কোন বিহিত ব্যবস্থা নেই।

সেটা না থাকার জন্য সেখানে যখন ভেকুয়াম সৃষ্টি হবে তখন আঞ্চলিক পরিষদ ফাংশন করতে পারবে না। তাহলে তখন জনগণের প্রতি দায়িত্ব কে পালন করবে? আঞ্চলিক পরিষদ থাকলে তারা চোরাবাজারী করতে পারবে, কিন্তু সেখানে যদি না থাকে তাহলে জেলা পরিষদের মাধ্যমে মারতে পারবে। এমন বহু ঘটনা জানা আছে, যেখানে গরীব চৌকীদার, দফাদারদের পর্যন্ত টাকা মেরেছে, গভর্নমেন্টের টাকা মেরে দিয়েছে কংগ্রেসী অঞ্চল প্রধানরা। কিন্তু জনসাধারণের প্রতি দায়িত্ব পালন করবে কে? সব চেয়ে বেশী গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে আঞ্চলিক পরিষদ যদি ডিফাংক্ট হয়ে যায়, সেটা যদি কোর্টএর অর্ডারএ ভেঙ্গে যায় তাহলে জেলা পরিষদ অচল হয়ে যাবে। সেজন্য এটা আগে করা উচিত ছিল। কিন্তু ওদের যে ত্রুটি সেটা আমাদের বহন করতে হচ্ছে। জনগণের প্রতি আমাদের কর্তব্য বোধ আছে বলেই এই সংশোধনী আমরা এনেছি। কিন্তু ও'দের ছিল না বলেই আজ ২০ বছর পঞ্চায়েত চালিয়ে সে জ্ঞান ও'দের নেই এবং ও'রা সেইভাবে একটা ভুল জিনিষ চালিয়েছেন। ও'রা গণতন্ত্রের কথা বলেন। গ্রাম পঞ্চায়েত ছাড়া আর কোন পঞ্চায়েতেই সরাসরি নির্বাচিত নন—বাকীগুলো সমস্ত পরগাছা, টাকা, ঘুষ, জোতদার-জমিদার-দের জোরে বাকী মেম্বার হয়েছে। গণতন্ত্র যদি তাঁরা দেখতে চান তাহলে আগামী যে পঞ্চায়েত আসছে সেখানে দেখবেন। যেখানে অপ্রত্যক্ষ নির্বাচন নেই, সেখানে সরাসরি নির্বাচিত হবেন। সেজন্য তাঁদের গণতন্ত্র সম্বন্ধে যা ধারণা তার সংগে জনসাধারণের গণতন্ত্র মেলে না। আঞ্চলিক পরিষদ, জেলা পরিষদ ইত্যাদির যাঁরা মেম্বার হন তাঁরা একবার মেম্বার যদি হয়ে যান তাহলে আর তাদের ফেরাবার উপায় থাকে না। সমস্ত টাকা মেরে অঞ্চল প্রধানরা চৌকিদার, দফাদারদের টাকা দিচ্ছে না। ফাইন করছেন এবং টাকা অন্য বাবদ খরচ করছেন। প্রত্যক্ষ ভোটে নির্বাচিত গ্রামসভার সভ্যরা প্রধানের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনছেন, কিন্তু তাঁকে হটান যাচ্ছে না। এমন সব ব্যবস্থা সেখানে করে রেখেছেন। এই সব ব্যবস্থা গায়ের জোরে করেছিলেন। আমি আগেই বলেছি মানুষের প্রতি আপনাদের দায়িত্ববোধে এসব আগেই বাতিল করা উচিত ছিল, কিন্তু আইনের খুঁটিনাটির জন্য সেটা সম্ভত হয়নি। কিন্তু পরবর্তীকালে এগুলি বাতিল করে দেওয়া হয়েছে। যদি তা না করা হোত তাহলে কি হোত? তাহলে তারা টাকাপয়সা মারত। আমরা জানি টিউব-ওয়েল করার জন্য গভর্নমেন্টের কাছ থেকে টাকা যায়, সেসব মেরে দেওয়া হয়েছে। আমরা জানি বোরো বাঁধের জন্য ৩ লক্ষ টাকা দেওয়া হয়েছে। কিন্তু সেই টাকা কোথায়

গেল? তার মাত্র ৩০ হাজার টাকা খরচ হয়েছে। যা কিছু ডেভেলপমেন্টএর কাজ জেলা পরিষদের মাধ্যমে হবে, তার মানে হচ্ছে জেলা পরিষদ দিয়ে টাকাগুলো ডেভেলপমেন্টএর নামে হস্তক্ষেপ করে সেই টাকা দিয়ে পার্টি পোষার পলিসি তাঁরা করেছেন। এর জন্য আমরা দেখতে পাচ্ছি ৩ লক্ষ টাকা যে জেলায় দেওয়া হয়েছে সেখানে মাত্র ৩০ হাজার টাকা খরচ হল। এই রকম ফল্‌স ভাবে টাকা টিউবওয়েলের জন্য নিয়ে পাইপ কেনা হল, কিন্তু টিউবওয়েল হল না এবং সেই পাইপ বিক্রি করে তাঁরা টাকা নিয়ে নিলেন।

এমন ঘটনা যে আপনাদের জানা নেই তা নয়। তবে এই ব্যাপারে জনগণ তাদের সমুচিত শিক্ষা দিয়েছে। আমি একটি ঘটনা এখানে বলছি। হাওড়া জেলায় জেলা পরিষদের মেম্বার, আঞ্চলিক পরিষদের চেয়ারম্যানকে টিউব-ওয়েলের পাইপ চুরির দায়ে পুলিশ গ্রেপ্তার করেছিল। এনফোর্সমেন্ট ব্রাঞ্চ এনকোয়ারী করে দেখল ৮০০ ফুট টিউব-ওয়েলের জায়গায় ২৫০ ফুট টিউব-ওয়েল। এই সমস্ত ঘটনা সব চলছে। কাজেই এটা যদি না করা হোত তাহলে খুব অন্যায় করা হোত। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি এই বিল আপনার মাধ্যমে সমর্থন করছি এবং অনুরোধ জানাচ্ছি আগামী দিনে যে সমস্ত ত্রুটি রয়েছে সেগুলির অনুসন্ধান যেন হয়, পঞ্চায়েত যাতে সুষ্ঠুভাবে জনগণের কাজে লাগে, গ্রামের লোকের স্বার্থ রক্ষা যাতে হয় সেই ব্যবস্থাও করুন। কংগ্রেস সর্বগ্রাসীভাব নিয়ে, সর্বগ্রাসী ক্ষুধা নিয়ে গ্রামের মধ্যে যে সর্বনাস করেছে তাতে গ্রামবাসীদের কোন উন্নতি হয়নি। ডেভেলপমেন্টের কাজ হয়নি, সমস্ত টাকা তাঁরা নষ্ট করেছেন। এই সমস্ত পথ যেন রুদ্ধ হয়। আগামী দিনে আপনারা এই সমস্ত কাজ করবেন এই কথা বলে সংশোধনী বিল সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-15—4-25 p.m.]

**Shri Muhammed Khuda Buksh:** Mr. Deputy Speaker, Sir, I have closely followed the arguments advanced by the Hon'ble Minister in charge of this Bill as also another lawyer.

ভয়েস ঃ (বাংলায় বলুন।)

**Mr. Deputy Speaker:** He is at liberty to speak in English and also the Bengali. He will use the language in which he can express himself in a better way.

**Shri Muhammed Khuda Buksh:** Therefore, the option should be left to me. If it is an order from the chair that I shall address the Chair in Bengali, I shall do so. To speak in English language is equally permissible here.

**Mr. Deputy Speaker:** You can address in Bengali also if you like or you can continue in English.

**Shri Muhammed Khuda Buksh:** If it is the order of the chair to address in Bengali, I shall bow down to the order and I shall address the House in Bengali, and I shall try to do so to the best of my ability. I am speaking in Bengali when this is an insistent demand of a large section of the House. Sir, I bow down to your ruling but let this not be a precedent.

স্যার, এটুকু ইংরাজীতে বলে আমি আমার বক্তব্য বাংলায় রাখবার চেষ্টা করছি। আমি আইনজ্ঞ নই, তবে উভয় তরফের আইনের তর্ক আমি খুব মনোনিবেশ সহকারে অনুধাবন করবার চেষ্টা করেছি।

**শ্রীরবীন মুখার্জী:** উনি তো বেশ ভাল বাংলা বলতে পারেন।

**শ্রীমহম্মদ খোদা বক্স:** আমি দুটি ভাষাই জানি, তবে ইংরাজীতে বললে জিনিসটা ভালভাবে পৌছে দিতে পারব বলে ইংরাজীতেই বলছিলাম। আমি দেখেছি অনেক মাননীয় সদস্য এই

সভায় রয়েছেন যাঁরা এমন ভাষা ব্যবহার করেন সেটা না ইংরাজী, না বাংলা—অথচ তাঁরা সেটাকে বাংলা বলে চালিয়ে দিতে চান। আমার সেই রকম কোন দূরভিসন্ধি নেই, আমি বাংলাতেই বলব। স্যার, আমি বিলের উপর আলোচনা করতে যাচ্ছিলাম, কিন্তু এঁরা জোর করে ইংরাজী এবং বাংলা বলার ব্যপার নিয়ে আমাকে দিয়ে ভাষার উপর একটা মন্তব্য করিয়ে ছাড়লেন।

আমি আইনের তর্ক উত্থাপন করবার চেষ্টা করছি। মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে আঞ্চলিক পরিষদ আইনে ত্রুটি থাকার জন্য জেলা পরিষদ আইনটাও সংশোধনের প্রয়োজন হয়। উনি যেকথা বলেছেন যে মাননীয় হাইকোর্ট যদি কোন একটা আঞ্চলিক পরিষদ সম্বন্ধে কোন মন্তব্য করে থাকেন, সেটা বাংলাদেশের সমস্ত আঞ্চলিক পরিষদে প্রযোজ্য হবে না, আমি সেটা মানি এবং এই ত্রুটি সংশোধন করতে গিয়ে যদি ওঁকে জেলা পরিষদ আইনে হাত দিতে হয় তাহলে উনি ন্যায়তঃ তা পারেন। কিন্তু যেহেতু হাইকোর্টের সিদ্ধান্ত বা রায় শুধু একটা আঞ্চলিক পরিষদের নামে আছে, অন্য কোন জেলা পরিষদের নাম উল্লেখ নাই সেই অজুহাতে এই বিলে যদি ফ্রড থাকে, এই বলে এই হাউসকে মিসলীড করা বা এই ধরনের কথা বলা আমার মনে কোন যৌক্তিকতা নাই। কিন্তু একটা কথা ভাবছি, আমার বাড়ী মুর্শিদাবাদ জেলায়, সেখানে পদাধিকার বলে আমি জেলা পরিষদের একজন সদস্য। কিন্তু অর্ডিন্যান্সমূলে মুর্শিদাবাদ জেলাপরিষদকে বাতিল করে দেওয়া হয়। আমরা জানতে পারি মুর্শিদাবাদ জেলা বাতিল হয়ে গেল, আবার জানতে পারলাম মুর্শিদাবাদ জেলাপরিষদ পুনর্জীবন লাভ করল, হাইকোর্টের রায়ের বলে জেলাপরিষদ যেমন চলছিল তেমনি চলতে থাকে। এখন প্রশ্ন দাঁড়িয়েছে মাননীয় মন্ত্রিমহাশয় এই যে বিল মূলে যদি কোন অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করেন। (ভয়েসঃ এইতো বেশ বাংলা বলছেন, আপনি কোথা থেকে এসেছেন যে বাংলা বলতে পারবেন না. এখন বলছেন কি করে?) স্যার এই রকম যদি পেছন থেকে বিরক্ত করে যেতে থাকে তাহলে আমি বলি কি করে?

**মিঃ ডেপুটি স্পীকারঃ** প্লীজ এলাও হিম টু স্পীক আনডিস্টার্বড।

**শ্রীমহম্মদ খোদা বক্সঃ** আমি আপনার কাছে কৃতজ্ঞ। এখন যদি অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করতে হয় তাহলে মন্ত্রিমহাশয় একটু দয়া করে কাণ দিয়ে শুনবেন। যেখানে চেয়ারম্যান ফাংশন করছে, অ্যাডমিনিস্ট্রেটরও ফাংশন করছে, এই যে ডায়ার্কি এটা আইনের কোন্ প্রভিশনে ডিউটিজগুলি ভাগ করে দেওয়া হবে? চেয়ারম্যান হাইকোর্টের বলে বলীয়ান, পদাধিকার বলে তিনি করছেন—চেক সই করছেন, এবং সমস্ত কার্য যা কিছু দায়দায়িত্ব তাকে বহন করতে দেওয়া হয়েছে, সে দায়িত্ব তিনি নিষ্পন্ন করছেন। এখন মাঝখানে যদি অ্যাডমিনিস্ট্রেটর ঢুকিয়ে দেওয়া হয় তাহলে এই যে কর্তব্য বিভাজন কি করে সম্ভব হবে? হলে কোন ধারামতে? এবং এই বিলে আছে যে জেলা পরিষদ বা আঞ্চলিক পরিষদে যে অ্যাডমিনিস্ট্রেটর নিযুক্ত হবেন তার মাইনে জেলা পরিষদ এবং আঞ্চলিক পরিষদ বহন করবে। যেখানে জেলা পরিষদ ফাংশন করছে, হাইকোর্টের সিদ্ধান্তে ইতিমধ্যে ১১।১২টি জেলায় করছে, সেখানে যদি তাদের মাইনে অনুমোদন না করে তাহলে আইনের কোন্ ধারা বলে তাদের মাইনে দেওয়া চলবে? এই যে প্র্যাকটিক্যাল ডিফিকাল্টি আইনটা চালু করতে গেলে যে সমস্ত সমস্যার সম্মুখীন আমাদের হতে হবে, সেগুলি আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি গোচরে আনলাম। আমি বলছি যে তিনি ভাল করে ব্যাপারটা বিচার করে দেখুন। আমি ইংরেজীতে নোট করেছিলাম, আমার ধারণা ছিল যে আমাকে ইংরাজীতেই বলতে দেওয়া হবে, তাতে লেখা ছিল

If by virtue of this Act an Administrator can be appointed in Murshidabad, for example, who will allocate the functions to the Administrator and if there is dispute as to the jurisdiction between the chairman and the Administrator, who will resolve the dispute and under what provision of this law.

আমি বাংলাতে যা বললাম সেটাই ইংরেজীতে বলে রাখলাম। আইনের ভাষা যদি বাংলায় ভাল করে বোঝাতে না পেরে থাকি সেইজন্য আমি ইংরেজীতে রিপীট করেছি।

আর বলেছি যে ঐ অবস্থা ১১।১২টা জেলার হাইকোর্টের ইনজাংশন মূলে তাঁরা যে জেলা পরিষদ হিসাবে তাঁদের কার্যভার চালিয়ে যাচ্ছেন, সেই জেলাগুলির উপর এই বিলের

ক্রিয়া বা প্রতিক্রিয়া এবং এফেক্ট ঠিক কি হবে? তাঁরা কি মনে করেছেন এই বিলে তাদের উপর কোন কার্যকরী ক্ষমতা থাকবে না। ধন্যবাদ।

[4-15 —4-25 p.m.]

**Shri Syed Abul Mansur Habibullah :**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি শুধু একটি প্রসঙ্গে এই বিলের উপর আলোচনায় যোগদান করছি। এর আগে মাননীয় সাত্তার সাহেব একটি বিষয় উত্থাপন করেছেন। তিনি বলবার চেষ্টা করেছেন হাইকোর্ট যেহেতু একটি আঞ্চলিক পরিষদের ক্ষমতা প্রসঙ্গে প্রশ্ন করেছিলেন, সুতরাং বাংলাদেশের সমগ্র জেলা পরিষদ ও আঞ্চলিক পরিষদের উপর তা প্রযোজ্য নয়। এই প্রসঙ্গে আমি হাউসের সামনে এই কথা বলতে চাই—যে সংবিধানের ২২৬ ধারায় ব্যক্তিগতভাবে যে কোন মানুষ এগ্রিভ্ড হয়, যে কোন ব্যক্তি তার অভিযোগ আছে, তিনি হাইকোর্টের সামনে আসতে পারবেন। কিন্তু যখন কোন রায় সেই ব্যক্তিগত অভিযোগ বিচার করতে গিয়ে হাইকোর্ট বা সুপ্রীম কোর্ট যে কোন রায় দেন তার প্রশ্ন সুদূরপরাহত—আরো বিষয় জড়িত হয়ে পড়ে, তখন সেই সরকারের কর্তব্য হয়ে পড়ে, সে সম্বন্ধে ব্যবস্থা গ্রহণ করা। কিছুদিন পূর্বে বিষ্ণু শর্মার একটি মামলা সুপ্রীম কোর্টে ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাকটএর ৬ ধারায় হয়েছিল। তাতে বিষ্ণু শর্মার উপর সেটা গর্হিত হয়েছিল বলে রায় হয়। সঙ্গে সঙ্গে পার্লামেন্টে তা সংশোধন করা হয়। এই রকম বহু নজীর আছে। যদি কোন একজন অভিযোগকারীর অভিযোগের উপর ভিত্তিতে এমন একটি বিচারের সিম্ধান্ত হাইকোর্ট বা সুপ্রীম কোর্ট এসেছেন, তার উপর ফল সমগ্র বিষয়ের উপর এসে পড়ছে। তার জন্য রায়ের মধ্যে লেখা আছে, ভবিষ্যতে এই অন্তর্বর্তী নির্বাচন হলে কী হবে? আবার সেই অভিযোগকে উত্থাপন করতে পারবেন। রায়ের মধ্যে আলোচনা করা হয়েছে সামগ্রিকভাবে। তাছাড়া মাননীয় সদস্য যে ফ্রডের কথা আলোচনা করেছেন সেটা আমি মনে করি একটি ক্ষমাহীন নির্লজ্জতার প্রমাণ। ইতিহাস জানে এটা। ১৯৬৮ সালের মার্চ মাসে অ্যাসেম্বলী ডিজলভ করে দেওয়া হয়। তার পরে ঐ সব জেলা পরিষদের যারা মেম্বার, চেয়ারম্যান হিসাবে একাধিক জেলা পরিষদে কাজ করে মাইনে টেনে নিয়ে গিয়েছেন। তারপরে হাইকোর্টের রুল জারী করে সেটা বন্ধ করতে হয়েছিল। এখানে এসে তাঁরাই আবার দরবার করছেন ফ্রড করা হয়েছে বলে। আর তাঁরা যে ফ্রড করে গেছেন? যে পর্যন্ত অ্যাসেমব্লী ডিজলভ্ড ছিল ১৯৬৮ সালের মার্চ থেকে, ততদিনের মাইনে তাঁরা চেয়েছেন কেন জেলা পরিষদের মেম্বার বা চেয়ারম্যান হিসাবে? সেই টাকা তাঁরা ফেরত দিয়ে যান। তারপর অন্যকে ফ্রডের কথা বলবেন।

**Kumar Jagadish Chandra Sinha :**

মাননীয় সভাপাল মহাশয়, আমরা আজকে এখানে জেলা পরিষদ অ্যামেন্ডমেন্ট বিল আলোচনা করছি। মন্ত্রিমহাশয় প্রস্তাব রেখেছেন এবং বলেছেন আমরা যেন এটাকে গ্রহণ করি। স্যার, ভোটের যখন জোর আছে তখন নিশ্চয় গ্রহণ করা হবে কিন্তু তার আগে আমি মন্ত্রিমহাশয়কে কয়েকটি কথা বলতে চাই। স্যার, মন্ত্রিমহাশয় কিছুদিন আগে আমাদের কাছে একটি পুস্তক পাঠিয়েছিলেন। সেই পুস্তকে ভবিষ্যতে পঞ্চায়েতের রূপ কি হবে, জেলা পরিষদ বা আঞ্চলিক পরিষদের রূপ কি হবে—আঞ্চলিক পরিষদ থাকছে না, অঞ্চল পঞ্চায়েতের রূপ কি হবে সে সম্পর্কে একটা চিন্তাধারা তাঁর দপ্তর থেকে প্রচারিত হয়েছে। স্যার, কয়েকদিন আগে আপনার বোধ হয় মনে আছে উনি বলেছিলেন এই সেসানের মধ্যেই তিনি একটি পূর্ণাঙ্গ বিল আমাদের বিবেচনার জন্য আনয়ণের ব্যবস্থা করবেন। এই যখন অবস্থা তখন এত তাড়াতাড়ি করে শুধু কয়েকটা মাত্র ধারা পরিবর্তন করতে চেয়েছেন, অ্যামেন্ডমেন্টের একটা খসড়া বিল আমাদের সামনে এনেছেন।

(এ ভয়েসঃ ৪২০ বন্ধ করতে হবে) ইন্ডিয়ান পিনাল কোডএ যথেষ্ট তার ক্ষমতা রয়েছে, ৪২০-র কেস বন্ধ করা যায়। সেজন্য জেলা পরিষদ অ্যাক্টের কয়েকটি ধারা সংশোধন করার নিশ্চয় দরকার হয় না। স্যার, মাননীয় সদস্য যে কথা বললেন যে ৪২০ বন্ধ করতে হবে, আপনি

আইনজ্ঞ, আপনি জানেন যে ইন্ডিয়ান পেনাল কোডএ যথেষ্ট প্রভিসান আছে সেখানে সেটা প্রযোজ্য হতে পারে।

তারপর মনসুর হাবিবুল্লা সাহেব বলেছেন যে আঞ্চলিক বা জেলা পরিষদে কোন কোন কংগ্রেসী সদস্য টাকা ড্র করেছেন। উনি কারো নাম করে বলেন নি যে কোন কোন সদস্য কোন ক্যেন জেলা পরিষদ বা আঞ্চলিক পরিষদ থেকে টাকা 'ড্র' করেছেন, উনি সাধারণভাবে বলেছেন।

(এ ভয়েস ঃ আপনিও তো কংগ্রেসে ছিলেন) আমি কোন সময় কংগ্রেসে ছিলাম বা না ছিলাম সে প্রশ্ন ওঠে না। আজকে আলোচনার পরিপ্রেক্ষিতে আমি বলতে চাই যে যদি কেউ দোষ করে থাকেন তাহলে তাঁকে ইন্ডিয়ান পিনাল কোড বা ইন্ডিয়ান ক্রিমিনাল প্রসিডিওর কোড অনুসারে তাঁর উপর আইনতঃ ব্যবস্থা নিশ্চয় সরকার গ্রহণ করবেন, কেউ তাতে বাধা দিতে যাবে না। স্যার, আমাদের বাজেট নিয়ে আলোচনা সুরু হবে, আমরা যা প্রোগ্রাম পেয়েছি তাতে ৮ই অগাস্ট পর্যন্ত বাজেট চলবে সেখানে এই কয়দিনের জন্য একটা ছোট্ট সংশোধনী এনে খুব বেশী লাভ হবে বলে আমার মনে হচ্ছে না। স্যার, যখন এখানে মাননীয় স্পীকার মহাশয় ছিলেন তখন একটা কথা হয়েছিল, যে এটা হাইকোর্টের বিচারাধীন এবং হাইকোর্টের ইনজাংশন থাকার ফলে আমরা আজকে এই অ্যামেন্ডমেন্ট পাশ করলেও সেটা কার্যকরী হবে না। ইনফ্রাকশন হয়ে যাবে। এতে আমরা সময় নষ্ট করছি।

(এ ভয়েস ঃ ভয় দেখাচ্ছেন ?)

ভয় আমি দেখাইনি, যেটা বাস্তব সত্য সেটা নজরে এনে দিলে যদি মনে করেন ভয় দেখানো তাহলে তা মনে করতে পারেন। কিন্তু বাস্তব সত্য ভুলে গেলে চলবে না। তাই স্যার, আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে এই বিল তুলে নিন কেন না মাসখানেক পরেই যখন তিনি নতুন বিল নিয়ে আসছেন তখন আমরা বিশদভাবে আলোচনা করে এবিষয়ে স্থির করবো এবং আমি আশা করবো এর ভেতরে মহামান্য হাইকোর্ট রায় দেবেন। এখানে আলোচনা করে কি কি অ্যামেন্ডমেন্ট দরকার সেটা স্থির করা বোধ হয় ভাল হবে।

[4-25—4-35 p.m.]

**Shri Sanat Kumar Raha :**
মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জেলা পরিষদ অর্ডিন্যান্সের পরে যে বিল এল, সেই বিলের সমর্থনে আমি বলতে চাই। ফ্রড বলে এখানে কথা উঠেছে। ১৯৫৭ সালে যখন পঞ্চায়েত আইন তৈরী হল তখন সেই ফ্রডিউলেন্ট মেথডকে ফ্রডিউস্ট করার জন্য অ্যাক্ট বানিয়েছিলেন। তারপরে সেখানেও শেষ হয় নি। আমাদের সাত্তার সাহেব, যিনি প্রাক্তন মুর্শিদাবাদ জেলা পরিষদে ছিলেন, ইনজাংশনএর ফলে আবার হয়ত যেতেও পারেন, সেই সাত্তার সাহেব বললেন এটা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত। সত্যিই ১৯৪৭ সালে কংগ্রেস রাজত্ব প্রতিষ্ঠা করার পরে রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে পুঁজিবাদী রাষ্ট্র তৈরী করার জন্য সামন্ততন্ত্রের সঙ্গে আপোষ করে সব পরিকল্পনা ও শাসনের কাঠামো তৈরী করেছিলেন। গ্রামাঞ্চলের কাঠামোতেও সেই একই রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত ছিল। যতই দিন যাচ্ছে একটির পর একটি রাজ্য কেন্দ্র থেকে আরম্ভ করে গ্রামে পর্যন্ত সেই ফ্রড যেমন যেমন এক্সপোজ হচ্ছে সেখান থেকে কংগ্রেসকে বিদায় নিতে হচ্ছে। সেই বিদায়ের পালা সাঙ্গ করতে আজ ক্ষুদ্র গোষ্ঠীতে পরিণত হয়েছে বাংলাদেশের কংগ্রেস। আজ তারা মুখে সহযোগিতা করার নামে ফ্রড করছেন। ১৯৫৬ সালে যখন পঞ্চায়েত আইন পাস হল তখন শৈলবাবু বলেছিলেন যে আমাদের দেশে একটা গণতান্ত্রিক সম্প্রসারণ ও ক্ষমতার বিকেন্দ্রিকরণ হচ্ছে এবং আমাদের দেশে একটা নিরব বিপ্লব সমাধা হচ্ছে। তিনি যে সময় আরো আলোচনা করেছিলেন যে আমাদের দেশে একটা নূতন ইপক সৃষ্টি হবে। কিসের ইপক ? কেমন করে ধনিক রাষ্ট্রের ফ্রড তৈরী করতে হয় সমাজতন্ত্রের নামাবলি গায়ে লাগিয়ে, কেমন করে পুঁজিবাদী শাসন গ্রামে পেঁাছে দিতে হয় এবং ধনিক ফ্যামিলির দালাল নিয়ে কেমন করে সরকার তৈরী করতে হয় এই ফ্রডলেন্ট মেথড চালু হয়ে গেল পঞ্চায়েতগুলিতে গণতন্ত্রের নামে। এদেশে বৃটিশ ছিল। তারা ফ্রড করে রাজা, মহারাজা, বাদসা, জমি-

দারদের উপর কর্তৃত্ব স্থাপন করে বৃটিশ সাম্রাজ্য সৃষ্টি করেছিল। বৃটিশ চলে যাবার পর আমাদের দুর্ভাগ্য যে ভারতবর্ষের শাসন ধনিকের হাতে এল এবং সেই ধনিকরা সামন্ততন্ত্রের ষড়যন্ত্র ও পরামর্শ করে একটা আপোষ রাষ্ট্রের রূপ দিল, সমাজতন্ত্রের ধাঁচ থেকে আরম্ভ করে। আজকে তাদের ঘরের বিপদ দেখে ভাবছে সমাজতন্ত্র করবে কিনা—এই ফ্রড ধরা পড়ে গেছে কংগ্রেসের একটি অংশের কাছে। আমরা জানি অল ইন্ডিয়া এক্সপার্ট কমিটি, বলবন্ত রাও মেহতা কমিটি যে উদ্দেশ্য নিয়ে এক্সপার্ট ওপিনিয়ন দিয়েছিলেন যে কিভাবে পঞ্চায়েত রাজ করতে হবে এবং সেই পঞ্চায়েত রাজের যে লক্ষ্য ছিল সেখানে ফ্রড করার জন্য শৈলবাবু বলেছিলেন যে সেই বলবন্ত রাও মেহতা এক্সপার্ট কমিটির অর্থনীতি ছিল না। তাই ফ্রডিউলেন্ট মেথডে, ফ্রডিস্ট কায়দায় গণতন্ত্রকে ক্রমে ক্রমে ধ্বংস করার জন্য তাঁরা নূতন কায়দায় পঞ্চায়েত বিল নিয়ে এলেন। ১৯৬৭ সালে জেলা পরিষদ বিল পাস করলেন। সেটা পাশ করার সময়—আমার ঠিক মনে আছে যে তখন সিলেক্ট কমিটির মেম্বার ছিলাম। তাতে এক জায়গায় বলছেন, It is one of the several epoch making Legislations. এবং আরো বলছেন যে the first was the West Bengal Estate Acquisition Act, 1954.
অর্থাৎ ১৯৫৪ সালে নূতন ইপক সৃষ্টি করবার জন্য, গণতন্ত্রের মধ্যে সম্প্রসারণ করবার জন্য জমিদারি প্রথা উচ্ছেদ করে কি করে ফ্রড করা যায়, সেই জমি চুরির কায়দা বাৎলে দেওয়া হল। কাজেই সেই ১৯৫৪ সাল থেকে সুরু হল ফ্রডিউলেন্স মেথড। তারপর যখন জেলা পরিষদ বিল আসে সে সময় শৈলবাবু বলছেন যে
"ushering in silently a revolutionary transformation to rural society."
সত্যিই তো একেবারে নিরব বিপ্লবে কাজ করে যাচ্ছে। যেখানে মানুষ একিভূত ছিল, শতকরা ৮৭ জনের মুখের ভাষা কেড়ে নেওয়া হয়েছে, তাদের অঞ্চল প্রধানদের সঙ্গে বেঁধে দেওয়া হয়েছে, চোরাকারবারী, দুর্নীতিপরায়ণ দালালদের সঙ্গে বেঁধে দেওয়া হয়েছে। সরকারী কাঠামোর পুলিশদের সাথে বেঁধে তাদের জলে ফেলে দেওয়া হয়েছে। তাই গ্রামের লোক নিস্তব্ধ হয়ে গেছে। সেই বলবন্ত রাও মেটা কমিটি যা বলে গেছেন সেই উদ্দেশ্যে আমাদের যুক্তফ্রন্ট সরকার তাদের যে ৩২ দফা কর্মসূচী প্রয়োগ করছেন। আমাদের গ্রাম বাংলার শতকরা ৮৭ ভাগ লোক যাতে তাদের সামাজিক দিকে, অর্থনৈতিক দিকে, মানবিক প্রভৃতি আরও অন্যান্য বিষয়ে উন্নত হতে পারে তার জন্য এই ধরনের জেলা এরিষদ বা অঞ্চল পরিষদ বিশেষভাবে আমার কাছে অভিনন্দন যোগ্য। আমি আশা করি এই আইন পাশ করে শৈলবাবু যে ফাঁক রেখে গিয়েছিলেন সেটা আমাদের যুক্তফ্রন্ট সরকার ধরে দেবেন।

**Shri Akhtabuddin Ahmed :**

মাননীয় স্পীকার মহাশয়, জেলা পরিষদ সম্পর্কে আলোচনা করতে যেয়ে বলতে হয় যে উদ্দেশ্য নিয়ে জেলা পরিষদ গঠিত হয়েছিল, প্রকৃত পক্ষে জেলা পরিষদের সেই উদ্দেশ্য ঠিকমত হয়নি। সেই উদ্দেশ্য ব্যর্থ হয়েছে বলে আমরা মনে করি। ক্ষমতা বিকেন্দ্রীকরণের নীতি অনুযায়ী জেলা পরিষদগুলি গঠিত হয়েছিল, কিন্তু জেলা পরিষদগুলির উপর সেইরূপ কোন ক্ষমতা ন্যস্ত না থাকার দরুন জেলা পরিষদের মাধ্যমে গ্রামাঞ্চলে যে সমস্ত উন্নয়ন মূলক কাজ হবার সম্ভাবনা ছিল বা পরিকল্পনা ছিল সেইগুলো কিছুই হয়নি। আমরা দেখেছি জেলা পরিষদ মারফত গ্রামে গ্রামে কিছু কাজ হতো, যেমন রাস্তা মেরামত হতো, রাস্তায় মাটি ফেলা হতো, কিছু কিছু রাস্তা পাকা হতো, কিন্তু এখন দেখছি সেই সবগুলো আর কিছুই হয় না সেই সব কাজ আস্তে আস্তে দূরে চলে গেছে, আজকাল কিছুই হয় না। যে সমস্ত জেলা পরিষদ থেকে ক্ষমতার পরিচয় দিয়েছে তার মধ্যে ২৪-পরগনার জেলা পরিষদ। দুঃখের সঙ্গে ২৪-পরগনার একটা ঘটনা আমাকে বলতে হচ্ছে। ২৪-পরগনা জেলা পরিষদের অফিস পরিদর্শন করলে দেখা যাবে সেখানকার রাস্তা নোংরা হয়ে পড়ে আছে, এবং সেখানকার নোংরা কুকুরগুলো যেমন নোংরার উপর শুয়ে থাকে তেমনি আবার সেই অফিসের চেয়ার টেবিলের তলায়ও শুয়ে থাকে এবং গড়াগড়ি দেয় এবং সময় সময় এমনও দেখা গেছে যে সেখানকার কর্মচারীদের কাপড়-জামা, গা পর্যন্ত শুঁকে যায়। কিন্তু এই জেলা পরিষদের কোন লক্ষ্য থাকে না। মাননীয় স্পীকার মহাশয়, জেলা পরিষদের অর্থনৈতিক ব্যাপারে যদি লক্ষ্য করেন তাহলে দেখা যাবে যে

জেলা পরিষদের তহবিলে টাকা নেই। অথচ এই জেলা পরিষদের যে স্ট্যান্ডিং কমিটি, সেই স্ট্যান্ডিং কমিটির যে চাপ তাতে প্রাণ অতিষ্ঠ হয়ে পড়েছে। সুতরাং এই জেলা পরিষদকে সজীব করে তুলতে হলে ক্ষমতার বিকেন্দ্রীকরণ একান্ত প্রয়োজন। সেই হেতু আমি মনে করি এইরূপ অ্যামেন্ডমেন্ট বিল দ্বারা জেলা পরিষদকে সজীব করে রাখতে পারা যাবে না। জেলা পরিষদকে প্রকৃতপক্ষে উন্নয়ন কার্যে নিয়োগ করতে হলে করতে হবে কি জেলার সর্বপ্রকার উন্নয়ন কার্য জেলা পরিষদের হাতে অর্পণ করে দিতে হবে। তবেই আমি মনে করি জেলা পরিষদ ঠিকমত কাজ করতে পারবে।

[4-35—4-45 p.m.]

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বিলের প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি। ইতিপূর্বে কয়েকজন বিরোধী সদস্য যে বক্তব্য রাখলেন, তা শুনে মনে হচ্ছিল, তারা বিলের যে উদ্দেশ্য বা যে উদ্দেশ্যে আজকের সংশোধনী আনা হয়েছে, সেই উদ্দেশ্যটা জানেন না। তাঁরা নিজেদের কথা নিজেদের বক্তব্যগুলো অন্যের কথা না শুনে বলে গেলেন। এটা স্বাভাবিক যে দীর্ঘদিন ধরে ওঁরা যে রাজত্ব করেছেন তাতে কংগ্রেসী ঘুঘুদের দুটো বাসা ছিল—একটা হচ্ছে জেলা পরিষদ, আর একটা হচ্ছে স্কুল বোর্ড। সেই দুটো ঘুঘুর বাসাই ভেঙ্গে দেওয়া হল। এখন এই ঘুঘুরা কোথায় বসবেন। কোথায় দাঁড়াবেন তাই নিয়ে চিন্তা করছেন। এটা স্বাভাবেক যে এই অবস্থায় ওঁরা এই রকম আবোল-তাবোল বকবেন। মাননীয় সদস্য খোদাবক্স তিনি ভাষাতত্ত্ববিদের মত কথা বলে গেলেন, আসল বক্তব্যের মধ্যে গেলেন না, আবোল-তাবোল বকা ওঁর স্বাভাবিক রীতি। এখানে সেই রীতি তিনি বজায় রেখে গেলেন। প্রথমে একজন মাননীয় সদস্য শ্রীআবদুস সাত্তার তিনি বললেন জেলা পরিষদ গঠিত হয়েছে কাউন্সিলের মত এবং এটা একটা কন্টিনিউইং বডি। এটা আন-লিমিটেড মোনারকির পারমানেন্ট। তাই যখন গণতান্ত্রিক পদ্ধতিতে একটা নূতন পরিকল্পনা করা হচ্ছে তখন এই পারমানেন্ট অবস্থা চলে যাওয়ার জন্য ওঁরা ক্ষুব্ধ। ওঁরা ইলেকশনেও একই কথা বলতেন যে, স্থায়ী সরকার গঠন করতে কংগ্রেসকে ভোট দাও। ওঁরা পারমানেন্ট ব্যাপার চান, এক পাট্টা কবুলিয়ত চান। ওঁদের গণতন্ত্রে বিশ্বাস নেই, অথচ মুখে ওঁরা গণতন্ত্রের কথা বলেন। আজকে বা গত কয়েকদিনে বিধানসভায় তাঁদের কার্যকলাপ দেখলে বোঝা যায় গণতন্ত্র তাঁদের কাছে প্রহসন ছাড়া কিছু নয়, গণতন্ত্র তাঁরা চান না। স্পীকারের হাত থেকে কাগজ ছুঁড়ে ফেলে দেওয়া, একের পর এক সভার কাজ ব্যাহত করার চেষ্টা করা প্রভৃতি। ওঁরা যখন গণতন্ত্রের কথা বলেন, তখন এটা যেন প্রহসনের মত মনে হয়। আর একজন মাননীয় সদস্য জগদীশ সিংহ মহাশয় তিনি রূপরেখার কথা বললেন। অ্যামেন্ডমেন্টের প্রধান বক্তব্য হল, অ্যাডমিনিস্ট্রেটর অ্যাপয়েন্ট, তার জন্য ডিসসলুশন। তার মধ্যে রূপরেখা কি করে আসছে? কেন এটা হচ্ছে তার মধ্যে তিনি গেলেন না।

অ্যাডমিনিস্ট্রেটর অ্যাপয়েন্ট করা হয়েছে এবং তার অর্ডিন্যান্স হয়েছে অ্যামেন্ডমেন্টের জন্য, এটা বাস্তব, উনি বললেন এটা বাস্তব নয়। অদ্ভূত কথা, ইললজিক্যাল কথা তিনি বললেন। এই যে একটা ছোট্ট অ্যামেন্ডমেন্ট তবুও এই ছোট্টর মধ্যে যে বিরাট রয়েছে, যে বিরাট বলে দুর্নীতির ঘাঁটি ভেঙ্গে দেওয়ার কথা মুহূর্তের জন্যও আমাদের অনারেবল সদস্য জগদীশবাবুর মনে এল না এবং তিনি ভেবেছিলেন এই ছোট্ট অ্যামেন্ডমেন্টএর কি দরকার। অর্থাৎ যতদিন পারা যায় ততদিন পর্যন্ত এই সমস্ত দুর্নীতির আড্ডায় বসে অন্যায় করে যাবেন। আমি জানি বাঁকুড়া জেলায় যে জেলা পরিষদ আছে, সেই জেলা পরিষদে যে সমস্ত সদস্য আছেন, সেখানে চেয়ারম্যান, হাইকোর্টের রুলিং নিয়েছেন, আমি সেই বিষয়ে বলতে চাই না, এটা হাইকোর্টএর অধীনে রয়েছে সাবজুডিস, কিন্তু আমি জানি যতগুলি রাস্তা করেছেন, প্রত্যেকটি রাস্তাতে তারা নিজেদের বাস চালিয়ে হাজার হাজার টাকা রোজগার করছেন। আমাদের মন্ত্রিমহাশয় পূর্বে এখানে বলেছিলেন যে বহু জেলা পরিষদের হাজার হাজার টাকা তছরূপ করার অভিযোগ আমার কাছে আসছে এবং আমিও জানি যদি একটা তদন্ত কমিশন এইসব জেলা পরিষদ এবং অঞ্চল পরিষদের কার্য অনুসন্ধান করার জন্য বসান হয় তাহলে বহু কংগ্রেসের পাণ্ডা, বহু

দুর্নীতি পরায়ণ ব্যক্তি যারা কংগ্রেসে আছেন তাঁরা এই দুর্নীতির জালে ধরা পড়বেন। যেমন আমি দেখেছি যে বিভিন্ন কমিশন, আমাদের এই যুক্তফ্রন্ট সরকার। কমিশন করার ফলে প্রফুল্ল সেন থেকে আরম্ভ করে মায়া ব্যানার্জী এবং আরো বহু কংগ্রেসীরা এই দুর্নীতির মধ্যে লিপ্ত, এই তথ্য জানা গেছে। আজকে জেলা পরিষদে এবং অঞ্চল পরিষদে বিভিন্ন জায়গায় যে নীতি অবলম্বন করেছেন সেই সমস্ত দুর্নীতি সম্পর্কে যদি তদন্ত করা হয় তাহলে দেখা যাবে যে অতুল্যবাবুর কোটারি রুল, কংগ্রেসের চৌরঙ্গী ভবন থেকে আরম্ভ করে প্রত্যেকটি জায়গায় এই কোটারী রুল তিনি তার রাজত্বে করে রেখেছিলেন। সেই রাজত্বে কিভাবে দুর্নীতির আশ্রয় গড়ে উঠেছিল এটা সুস্পষ্ট হয়ে যাবে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অভিনন্দন জানিয়ে এবং সঙ্গে সঙ্গে আমাদের শিক্ষামন্ত্রীকেও অভিনন্দন জানিয়ে একথা রাখতে চাই যে এই যে কংগ্রেসের ২টি ঘাঁটি, এই ঘাঁটি ২টিকে ভেঙ্গে তছরূপ করে নূতন গণতান্ত্রিক পদ্ধতিতে নূতন রূপ দেবার চেষ্টা করছেন এজন্য তাঁকে আমি আবার অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Ashoke Choudhuri :**

মাননীয় স্পীকার মহাশয়, আজকে জেলা পরিষদ আইন সংশোধনের যে বিল উত্থাপন করা হয়েছে, আমি সেই বিলকে সম্পূর্ণ সমর্থন করি। বাংলাদেশের জেলা পরিষদগুলির মধ্যে যে কায়েমী স্বার্থ দীর্ঘকাল ধরে বাসা বেঁধেছিল এবং সমস্ত জেলাগুলিতে দুর্নীতি জেলা পরিষদ-গুলির মধ্যে যেভাবে টাকার অপব্যবহার প্রভৃতি বিভিন্ন ধরণের দুর্নীতি জেলা পরিষদ এবং অঞ্চল পরিষদগুলির মধ্যে চলে এসেছে, যেভাবে জেলা পরিষদ ও অঞ্চল পরিষদকে কেন্দ্র করে কংগ্রেসের দুষ্ট রাজনীতি বাসা বেঁধেছে কায়েমী স্বার্থের সেটা ভেঙ্গে সুষ্ঠু গণতান্ত্রিক ভিত্তির উপর গ্রামের স্বায়ত্বশাসনকে, জেলার স্বায়ত্বশাসনকে গড়ে তুলবার জন্য বা সুরু হিসেবে এই বিল সময়োপযোগী এবং সমর্থনযোগ্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৪-পরগনা জেলা বোর্ড সম্পর্কে আমার আগে একজন মাননীয় সদস্য একটা সুন্দর বর্ণনা দিয়েছেন। আমি আজকে এখানে আসবার আগে জেলা পরিষদের কাছে গিয়েছিলাম, সেখানে ঠিক সেই একই অবস্থা দেখেছি। ২৪-পরগণা জেলা পরিষদ বাংলাদেশের মধ্যে একটা বড় জেলা পরিষদ এবং এই জেলা পরিষদের মধ্যে বহু বিস্তৃতভাবে দুর্নীতি আছে এবং নানা রকম ক্ষমতার অপব্যবহার আছে এবং অঞ্চল পরিষদগুলির মধ্যেও ঐ একই অবস্থা। সেখানে নানাভাবে বে-আইনী ভাবে কাজ-কর্ম আছে। বাংলা দেশের আরো বিভিন্ন জেলা পরিষদগুলি সম্পর্কে, অঞ্চল পরিষদগুলি সম্পর্কে ঐ একই অভিযোগ দীর্ঘকাল ধরে আমরা শুনে আসছি। এই সমস্ত দুর্নীতি এবং ক্ষমতার অপব্যবহার, এগুলি থেকে কংগ্রেসের একদলীয় রাজনীতি সুরু করা হয়েছিল, স্থানীয় স্বায়ত্বশাসনকে কবর দিয়ে, তার সমাধি রচনা করে করা হয়েছিল। তাদের সেই জেলা পরিষদকে বাতিল করে, তিনি আইন সম্পর্কে যে বর্ণনা দিলেন যেটা সংশোধন করে আনা হয়েছে, আমি তাকে সমর্থন করছি।

[4-45—4-55 p.m.]

জেলা পরিষদের মধ্যে লক্ষ লক্ষ টাকার অপব্যবহার আছে, জেলা পরিষদের ক্ষমতা এবং এবং পদাধিকারকে নিয়ে স্বজনপোষণের ঘটনা আছে গ্রামাঞ্চলে স্বায়ত্বশাসনকে গড়ে তোলবার জন্য যে জেলা পরিষদ আঞ্চলিক পরিষদ-এর সৃষ্টি সেটাকে ঠিক সেই কাজে ব্যবহার না করে সংগঠনকে ও কায়েমীস্বার্থকে পোষণ এবং কংগ্রেসের রাজনীতিকে তারা ভোট সংগ্রহের কৌশল ভাল করে গড়ে তোলবার জন্য এখানে পরোক্ষ নির্বাচনের ভিত্তিতে কিছু কায়েমী স্বার্থের লোককে আশ্রয় দিয়ে রাখা হয়েছে। সেটা যখন ভেঙ্গে দেওয়া হল তখন কংগ্রেস পক্ষ থেকে নানাভাবে আপত্তি তোলা হয়েছে। আপত্তি ওঁরা করবেন আমরা জানি, কেন না আপত্তি না করে তাঁদের বাঁচবার কোন উপায় নেই। আমার আগে মাননীয় সদস্য হাবিব সাহেব বলেছেন যে অ্যাসেম্বলী ডিজলভ হয়ে যাবার পর এম এল এ পদাধিকার নিয়ে অনেকে অর্থ সংগ্রহ করেছেন এখবর সত্য। জেলা পরিষদের যেখানে যেটুকু ক্ষমতা আছে সেটাকে দলীয় স্বার্থে তাঁরা ব্যবহার করেছেন, জনকল্যাণের স্বার্থে ব্যবহার না করে। সুতরাং সেই ধরণের যে দুষ্ট চক্র গড়ে উঠেছিল একটা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানকে কেন্দ্র করে সেগুলিকে ভেঙ্গে দিয়ে যুক্ত-

ফ্রন্ট সরকার ন্যায়সংগত কাজ করেছেন এবং তার জন্য যুক্তফ্রন্ট সরকার ধন্যবাদ পাওয়ার অধিকারী। মন্ত্রিমহাশয় আজকে যে বিল এনেছেন সেই বিলকে পূর্ণভাবে সমর্থন জানিয়ে আমি আমার বক্তৃতা শেষ করছি।

**Shri Sudarsan Singh :**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে হাউসের সামনে মাননীয় মন্ত্রিমহাশয় যে জেলা পরিষদ এবং আঞ্চলিক পরিষদ সংক্রান্ত বিলটা রেখেছেন এর বিরুদ্ধে কংগ্রেসী পক্ষ থেকে কতকগুলি অকারণ প্রলাপ এবং আমার মনে হয় অপমানকর কথা ব্যবহার করে গেলেন—ফ্রড বললেন। এই কথাটার কতখানি মানে যিনি বলেছেন বোঝেন সে সম্বন্ধে প্রশ্ন না করে আজকে আমি শুধু ২।১টা কথা বলতে চাই এই বিলের সমর্থনে। পশ্চিমবাংলায় কংগ্রেসী রাজত্বের ইতিহাস—এই জেলা পরিষদ, আঞ্চলিক পরিষদ এগুলি শুধু একটা কথা বলা যায় এরা হল সিম্বল অব স্ক্যানডেলস, এর মধ্যে কোন ভাল ছিল না, কংগ্রেস নিজেকে ক্ষমতায় চিরকালের জন্য প্রতিষ্ঠিত করে রাখবার জন্য আইনের মাধ্যমে যে ষড়যন্ত্র করেছিল তারই প্রতিক হল এই আঞ্চলিক পরিষদ এবং জেলা পরিষদ। পশ্চিমবাংলার যে কোন অঞ্চলে, জেলায় যাওয়া যাক দেখতে পাওয়া যাবে এই আঞ্চলিক পরিষদ এবং জেলা পরিষদগুলিতে যে সমস্ত জিনিস আছে, যারা ইংরাজ আমলে ইংরাজের দালালী করত, যারা কংগ্রেসী আমলে পুঁজিপতিদের, জোতদারদের, কালো-বাজারীদের দালালী করত তারাই এই আঞ্চলিক পরিষদ এবং জেলা পরিষদের সভ্য ছিল। এই সমস্ত প্রতিষ্ঠানের মাধ্যমে কংগ্রেস জনসাধারণকে শোষণ করেছে এবং সেদিক থেকে ট্রাজেডি হল এখানে যে পঞ্চায়েতের ব্যাকগ্রাউন্ড হিসাবে একটা দর্শন ছিল, পঞ্চায়েত রাজের কথা বলে নিয়েছিলেন গান্ধীজী—এই দর্শনটা দলীয় স্বার্থে এবং বিশেষ করে কতকগুলি গোষ্ঠীর স্বার্থে কিভাবে ব্যবহার করা যেতে পারে, কিভাবে জনসাধারণের স্বার্থকে সমূলে নষ্ট করে এবং একটা বিরাট মহামানবকে জনসাধারণের সামনে ঠকাবার জন্য রাখতে পারা যায় এই তার উদাহরণ। পঞ্চায়েত রাজ স্থাপন হয় নি, স্থাপন হল কতকগুলি ষড়যন্ত্রকারী রাজত্ব।

টেস্ট রিলিফএর টাকার কোন হিসাব নেওয়া হয় না। সেই টাকা পাইয়ে দেওয়া হয়েছে পঞ্চায়েতের মাধ্যমে কংগ্রেসী দলের লোককে এবং তাদের স্তাবকদের। এই লোকগুলি টি আর-এর কোটি কোটি টাকা কয়েক বছর ধরে দলীয় স্বার্থে ব্যবহার করেছে এবং কংগ্রেস দলকে দলীয় ক্ষমতায় প্রতিষ্ঠিত করে রাখার প্রচেষ্টা করেছে। যুক্তফ্রন্ট সরকার অর্ডিন্যান্স করে এই আঞ্চলিক ও জেলা পরিষদগুলিকে বাতিল করে দিলেন। সেজন্য আজকের এই বিল কংগ্রেসের পক্ষে যন্ত্রণাদায়ক এবং নানা রকম আইনের কথা বলে এর বিরোধীতা করছেন। সেজন্য এই বিলকে সর্বান্তকরণে সমর্থন জানিয়ে আমি শেষ করলাম।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যে বিল এনেছেন আমি পূর্ণভাবে তাকে সমর্থন করছি এবং আমি মনে করি তিনি একটা গুরুতর দায়িত্ব পালন করেছেন। আজ যে কাজ ১৯৬৮ সালে হওয়া দরকার ছিল সেটা আজ এসেছে। এই কংগ্রেসীদের যে লজ্জা পাওয়া উচিত ছিল তা না করে তাঁরা আজ নানা রকম আলোচনা করছেন। বরং তাঁদের পক্ষ থেকে মন্ত্রিমহাশয়কে বেশী ধন্যবাদ দেওয়া উচিত ছিল। রামনগর আমার কনস্টিটিউয়েন্সীর মধ্যে। ঐ আঞ্চলিক পরিষদ সম্বন্ধে হাইকোর্টএ কেস করার মধ্যে আমি একজন প্রধান ছিলাম—নন্দ দুলাল জানা বনাম সরকার। ৬ই নভেম্বর তার রায় হয়েছিল। সেখানে ইলেকশন চ্যালেঞ্জ করে মামলা হয়েছিল। হাইকোর্ট রায় দিলেন। কিন্তু সেসব বিচার্য বিষয়ে আলোচনা করার দরকার নেই। কারণ আইনের চোখে সেই আঞ্চলিক পরিষদ নেই। সাংবিধানিক কারণে বিধানসভা ভেঙ্গে দেওয়া হয়েছে এবং বিধানসভার সদস্যরা যখন এক্স-অফিসিও মেম্বার তখন তাঁরা না থাকায় আঞ্চলিক পরিষদ ফাংশন করতে পারে না। এমন কি যতক্ষণ পর্যন্ত আঞ্চলিক পরিষদ রিকনস্টিটিউটেড না হচ্ছে ততক্ষণ পর্যন্ত কাজ করতে পারে না। সেটা পুনর্গঠন কিভাবে হবে, না আবার গ্রাম পঞ্চায়েত থেকে আসতে হবে। গ্রাম পঞ্চায়েতে নির্বাচন হবে, অঞ্চলে নির্বাচন হবে এবং তারপর আঞ্চলিক পরিষদে নির্বাচন হবে। এখানে ও'রা ফ্রড বললেন। কারণ রামনগরের একটা ঘটনাকে কেন্দ্র করে সমস্ত বাংলাদেশের উপরে ওটা প্রয়োগ করা হল। তাঁকে জিজ্ঞাসা করি বাংলাদেশের বিধানসভা কেবল রামনগরের জন্য

ছিল কিনা? এটা সারা বাংলাদেশের জন্য বিধানসভা। আমরা যদি জানতাম বিভিন্ন জেলা পরিষদের জন্য বিভিন্ন রকমের আইন তাহলে রামনগরের উপর এটা খালি প্রয়োগ হোত। কিন্তু বিধানসভার সভ্যরা যদি কোন জেলা পরিষদে যোগ না দিতে পারেন তাহলে সকলের বেলায় এটা কেন প্রয়োগ হবে না। তিনি নিশ্চয় জানেন বিধানসভার সদস্যরা পদাধিকার বলে জেলা পরিষদের সদস্য। সুতরাং মেদিনীপুরের বেলায় যেটা হবে সেটা মালদহ, দার্জিলিং, ২৪-পরগনার বেলায় সেটা হবে। কাজেই তিনি যে বিল এনেছেন সেটা উপযুক্তভাবেই এনেছেন এবং তিনি তাঁর কর্তব্য পালন করেছেন। বরং আমি বলব ১৯৬৮ সালের নভেম্বর মাসে যে রায় হয়েছিল তারপরে বেআইনীভাবে তাঁরা কাজ করছেন। তিনি বললেন চেকে সই করা হচ্ছে এবং বিভিন্ন ডিস্ট্রিক্টএ অ্যাডমিনিস্ট্রেটররা চেকে সই করছেন। রামনগরে যেসমস্ত কংগ্রেসী পান্ডারা ছিলেন, অঞ্চলের প্রেসিডেন্ট ছিলেন তাঁরা এই রায় হবার পরেও চেকে সই করেছেন।

[4-55—5-05 p.m.]

আমরা সতর্ক করে দেওয়া সত্বেও তাঁরা সেখানে বে-আইনী কাজকর্ম করেছেন। আমি জানতে চাই তাঁরা যে আঞ্চলিক পরিষদ, জেলা পরিষদ ভাংগতে চান না তার কারণ কি? সাত্তার সাহেব বলেছেন যে আমরা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে এই বিল এনেছি। আমি বলি রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে আপনারা আঞ্চলিক পরিষদ, জেলা পরিষদ ভাংগবার চেষ্টা করেন নি, হাইকোর্টের রায় মানেন নি এবং তার কারণ হচ্ছে আপনারা জানেন আঞ্চলিক পরিষদ, জেলা পরিষদ, অঞ্চল এগুলো কংগ্রেসের দুষ্ট চক্রের ঘাঁটি, নির্বাচনে জয়লাভ করবার এক একটি ঘাঁটি। শুধু তাই নয়, স্কুল বোর্ডগুলোকেও আপনারা এক একটি ঘাঁটি করে রেখেছেন। ১৯৫৭ সালে পঞ্চায়েত আইন পাশ হয়েছে এবং তার পর থেকে এতদিন পর্যন্ত আপনারা এক একটি কংগ্রেসের ঘাঁটি তৈরী করে রেখেছেন, দুর্নীতির চক্র করেছেন এবং নির্বাচনে জয়লাভ করবার জন্য লক্ষ লক্ষ টাকা ব্যয় করেছেন। মেদিনীপুরের কথা বলতে পারি হাজার হাজার ফুট নলকূপের পাইপ সরিয়ে নিয়েছে, টেস্ট রিলিফের হাজার হাজার টাকা নষ্ট করেছে। যুক্তফ্রন্ট যদি থাকত তাহলে এই জেলা পরিষদ, পঞ্চায়েত আইন অনেকদিন আগেই পরিবর্তন হোত। আজকে এই বিল এনে উপযুক্ত কাজই করা হয়েছে এবং এতে তাঁদের ভয় পাবার কোন কারণ নেই। আজকে অ্যাডমিনিস্ট্রেটর হয়ে গেলে এঁদের অসুবিধা হবে তাই ভয় পাচ্ছেন। বিল হয়ে থাকুক, তারপর আইন হবে কাজেই তাঁদের ভয়ের কোন কারণ নেই। এঁরা ওই রূপরেখার নামে বড় ভয় পেয়েছেন কারণ তাঁরা দেখছেন জনগণের হাতে ক্ষমতা দেওয়া হয়েছে। সাত্তার সাহেব কনস্টিটিউশন এনে পড়তে আরম্ভ করলেন। আমি জিজ্ঞাসা করি পঞ্চায়েত আইন যা আপনারা পাশ করেছেন তাতে লোকাল সেল্ফ গভর্নমেন্টের কোন চিহ্ন আছে? আমি প্রমাণ করে দিচ্ছি পঞ্চায়েত আইনে গ্রাম পঞ্চায়েতকে, অঞ্চল পঞ্চায়েতকে কোন ক্ষমতা দেওয়া হয়নি, সমস্ত ক্ষমতা কেন্দ্রীভূত করা হয়েছে জেলা পরিষদে। কোন জায়গায় জনসাধারণকে ক্ষমতা দেওয়া হয়নি, কোন রকম গণতান্ত্রিক অধিকার সেখানে নেই। কাজেই আমি বলব প্রকৃত প্রস্তাবে ঐ রূপরেখার মধ্য দিয়ে যে বিল আনলেন তাতে বাংলাদেশের জনসাধারণ পঞ্চায়েত রাজের আস্বাদ পাবে, গণতান্ত্রিক অধিকার পাবে, আত্মনির্ভরশীল হবার পথ পাবে। এই বিল বিধান-সভায় এনে জনগণকে পঞ্চায়েত রাজের পথে অগ্রসর হবার জন্য সর্বপ্রকারে যে চেষ্টা করছেন সেইজন্য আমি তাঁদের ধন্যবাদ দিচ্ছি এবং এই বিল সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Girish Mahato:**

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি এই বিলের সমর্থনে কয়েকটি কথা বলতে চাই। আমাদের গ্রামের দিকে একটা কথা আছে যেমন কুকুর তেমন মুগুর। কংগ্রেস সরকার জেলা পরিষদ তৈরী করে যে লক্ষ লক্ষ টাকা লুঠ করেছিল এবং কায়েমী স্বার্থবাদী তৈরী করেছিল এই বিল এবং তার অর্ডিন্যান্স করে কুকুরের মাথায় মুগুর মারা হয়েছে। কেন না কংগ্রেসীরা যে লুঠ করছিল সেটা বন্ধ হয়ে গেছে। তাই আজকে কংগ্রেসীদের মধ্যে হাহাকার উঠেছে লুঠ না পেয়ে। কি করে সেই লুঠ হয়েছে আমরা তা জানি। অঞ্চল প্রধান মেম্বারকে খাইয়ে ভোজ দিয়ে টাকা দিয়ে অঞ্চল প্রধান হয়েছেন। আমাদের এখানে যিনি অঞ্চল পরিষদের প্রেসিডেন্ট

তিনি একজন নামকরা লোক, তিনি দুই-তিন দিন ভোজ দিয়ে, টাকা দিয়ে লোকজনকে খাইয়ে আঞ্চলিক পরিষদের প্রেসিডেন্ট হয়েছেন। শুধু তাই নয়, আঞ্চলিক পরিষদের যে প্রেসিডেন্ট এবং সহকারী প্রেসিডেন্ট তাদের কিছুদিন পূর্বেও বেতন এবং ভাতা ধার্য করা ছিল। যুক্তফ্রন্ট সরকার সেই ভাতা বন্ধ করে দিয়েছে। আমি জানি আমাদের ঐ ব্লকের যে ভাইস প্রেসিডেন্ট তিনি নির্বাচনে হন নি। তিনি আঞ্চলিক পরিষদের মেম্বার ছিলেন সেই সময়। কিন্তু পরে শুনলাম আঞ্চলিক পরিষদের ভাইস প্রেসিডেন্টের নামে যে টাকা ছিল সেই টাকা তিনি ভাইস প্রেসিডেন্টের নাম করে তুলে নিয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি আরও জানেন কিভাবে এরা লুঠের যন্ত্র তৈরী করেছেন। ওঁরা জেলা পরিষদে স্ট্যান্ডিং কমিটি তৈরী করেছিলেন, সেই স্ট্যান্ডিং কমিটি বরাবরই জনসাধারণের টাকা লুঠ করে খেয়েছে। এই স্ট্যান্ডিং কমিটির মেম্বাররা মাসে দুটি তিনটি করে মিটিং করতেন, কি প্রস্তাব পাশ হত, জানি না, কি উপকার হত তাও আমরা জানি না কিন্তু যেখানে জেলা পরিষদের কর্মচারীরা মাসের পর মাস বেতন পেতেন না, এই মেম্বাররা কিন্তু তাদের টি এ এবং ডি এ ঠিকই পেতেন, এবং ভোগ করতেন। জেলা বোর্ডের যারা কর্মচারী ছিলেন তাঁরাই জেলা পরিষদের কর্মচারী ছিলেন, তাঁরা কতবার অভিযোগ করেছে যে আমরা বেতন পাচ্ছি না। শুধু তাই নয়, জেলা বোর্ডের যে স্কুল ছিল, কতকগুলি ডাকবাংলো ছিল অফিসারদের থাকবার জন্য সেগুলি ঐ কংগ্রেসী আধা দামে বিক্রী করেছে নিজেদের লোকদের কাছে এবং এই রকমভাবে ওঁরা জনসাধারণের বহু টাকা আত্মসাৎ করেছে, শুধু তাই নয়, আপনারা সকলেই জানেন এ'রা লক্ষ লক্ষ টাকা চুরি করেছেন। আভা মাইতি যখন রিলিফ মন্ত্রী ছিলেন কংগ্রেসের, তখন একটা রাস্তা তৈরী করতে ৫০ হাজার টাকা খরচ হয়েছে বলে হিসাব দেখান হল, তারপর তদন্তে সেটা প্রমাণ হল যে এক পয়সাও খরচ হয়নি, কাগজে কলমে খরচ হয়েছে, কিন্তু আসলে কোন খরচ হয়নি। এইভাবে জেলা পরিষদকে লুঠ করে আঞ্চলিক পরিষদকে লুঠ করে যে মজা লুঠছিল সেটা বন্ধ করে আজকে কুকুরের মাথায় মুগুর মারা হয়েছে, এই বলে বিল সমর্থন করছি।

**Shri Bibhuti Bhusan Das Gupta:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই দেখছি যাঁরা ফ্রড ইত্যাদি বলেছিলেন অর্ডি-ন্যান্সটিকে তাঁরা সকলেই অনুপস্থিত, পলায়নই তাঁরা নিরাপদ পন্থা মনে করে পালিয়েছেন। মিঃ সাত্তার উপস্থিত নেই, আর যাঁরা বলেছিলেন তাঁরাও উপস্থিত নেই, তবে তাঁদের সহকর্মী এবং সমধর্মী ডঃ সান্যাল মহাশয় উপস্থিত আছেন। আমি এই ভরসায় বলছি যে তিনি তাঁদের কাছে আমার বার্তা পৌঁছে দেবেন। সাত্তার সাহেব বলেছেন যে রাজনৈতিক উদ্দেশ্য রয়েছে এই বিলের পেছনে। হাইকোর্টের যে জজ রায় দিয়েছিলেন মিঃ সিংহ, ১৯৬৮ সালে আমি তাঁকে নিশ্চয়ই গিয়ে একথা বলি নাই যে অমুক দিনে বিল আসবে, আমরা সেটাকে রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার করব, ইউটিলাইজ করব, সুতরাং তুমি এই রায় দাও।

এবং রাজনৈতিক উদ্দেশ্যে যদি করেই থাকি, তাহলে অন্যায়টা কী করেছি? চোর-ডাকাতদের আস্তানা যদি আমরা ভাঙ্গবার চেষ্টাই করি তাহলে অন্যায় কী করেছি? যত লুটেরা জোতদার পুঁজিপতিদের আস্তানা যদি ভাঙ্গবার চেষ্টা করে থাকে তাহলে ভালই করেছি। সেটা রাজ-নৈতিক উদ্দেশ্যেই করে থাকি তো ভালই করেছি। আর অন্য উদ্দেশ্যে করে থাকলেও ভাল করেছি। আমি ঘোষণা করছি এই পঞ্চায়েত বিল আনতে চাচ্ছি—এই সমস্ত চোর ডাকাত কংগ্রেসীদের যে মূল ভিত্তিই ছিল গ্রামের মধ্যে, তা উপড়ে ফেলে দেব। সুতরাং রাজনৈতিক উদ্দেশ্যে যদি থেকে থাকে তাহলে ভাল উদ্দেশ্যেই এই বিল এনেছি, যদিও কথাগুলো অবান্তর। একটি অর্ডিন্যান্সকে কেন বিলে পরিণত করছি সে সম্বন্ধে আর বুঝিয়ে বলবার দরকার নাই।

[5-05—5-15 p.m.]

একটি কথা ব্যবহার করেছেন ফ্রড। আমি তো মনে করি ১৯৪৭ সালের পরে ও ১৯৪৮ সালের পরে সমস্ত কংগ্রেসই সমস্ত দেশের উপর একটা ফ্রড শুধু নয়, তাদের দ্বারা কৃত এই সমস্ত পঞ্চায়েত বিলটা যেটা ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত অ্যাক্ট, ১৯৫৭ ওয়েস্ট বেঙ্গল জেলা পরিষদ অ্যাক্ট, ১৯৫৩—এটা হচ্ছে সবচেয়ে বড় ফ্রড অন দি পিপল অফ বেঙ্গল। সুতরাং এই বিলে ফ্রড কিছু করা হয় নাই। সাত্তার সাহেব উনি এই হাউসকে ভুল বোঝাতে গিয়ে যে সমস্ত

ফ্রড-এর অবতারণা করেছেন, তাতে আমার মনে হয় যদি বাইরে হতো, তাহলে এটা ক্রিমিনাল বলে গণ্য হয়ে তাঁকে আদালতে অভিযুক্ত হতে হতো।

মাননীয় খোদাবক্স সাহেব একটি পয়েন্ট তুলেছেন সাধারণত খবরের কাগজে প্রকাশিত হয়েছে এই যে জেলা পরিষদগুলি বাতিল করবার পরে আবার সেই চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যানদের বসান হয়েছে। জিনিষটা ডাঃ সান্যাল শুনে রাখুন—এই যে চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যানদের বসান হয়েছে—এটা ভুল কথা, সব জেলা পরিষদ ও আঞ্চলিক পরিষদ নিয়ে মোটমাট মোকদ্দমা হয়েছে। জেলা পরিষদের রায় বেরিয়েছে, ৮টা জেলা পরিষদে রুল ইস্যু করা হয়েছে, আর একটি আঞ্চলিক পরিষদ মোকদ্দমা আছে। হাইকোর্ট থেকে এই সম্বন্ধে যে রুল দেওয়া হয়েছে তাতে বলা হয়েছে

The petitioner in the main rule including the Chairman and the Vice-Chairman and other existing members of the Parishad, shall continue to function as under the act but such function shall be in the consent and the concurrence of the respondent No. 5, the Executive officer who is also the administrator appointed by the State Government.

অর্থাৎ এর ভেতর স্পষ্টই বলা হয়েছে যে চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান সেখানে কাজ করতে পারবেন—তবে তা সম্পূর্ণ কনসেন্ট অ্যান্ড কনকারেন্স অফ দি অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার। সেখানে যে অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার নিযুক্ত আছেন তাঁর কনসেন্ট ও কনকারেন্সএ তাঁরা কাজ করতে পারেন। প্রথমতঃ এই অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার কোন কনসেন্ট ও কনকারেন্স দিচ্ছেন না। কিন্তু এই সমস্ত চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যানও এত নির্লজ্জ যে তা সত্বেও তাঁরা এসে ঘরে বসছেন। কেউ বলছেন চেক বই নিয়ে এসো, সই করবো, ইত্যাদি সব নির্লজ্জ ব্যবহার করছেন, তা কেউ কানেও তুলছেন না। এক্জিকিউটিভ অফিসার দয়া করে নেহাত তাদের ঘরে বসতে দিচ্ছেন—এই যা। আমরা অবশ্য তাঁদের কিছু বলি নাই—যে ওদের তাড়িয়ে দাও ওখান থেকে। কারণ ওরা তো তাড়িত হয়েই আছে।

জগদীশ সিনহা মহাশয় বললেন যে কয়েকটি ধারার সংশোধন, এটা আমি বুঝতে পারলাম না। একটু আগে জ্যোতিবাবু যে বলে গেলেন যে লেখাপড়া অতিতে জানতেন, ভুলে গেছেন অথবা জানতেন না, যে সামান্য লিখতে পড়তে পারে সেও নিশ্চয় জানে যে কয়েকটি ধারার সংশোধন হচ্ছে না। এটা সহজ ও সরলভাবে যে ব্যবস্থা ও'রা করে যান নি জেলা পরিষদ অ্যাক্টে সে ব্যবস্থা করবার ব্যবস্থা হয়েছিল, এ ছাড়া কিছুই নয়, কয়েকটা ধারা সংশোধন করা হয় নি। মাননীয় স্পীকার মহাশয়, আমি এ সম্বন্ধে বিশেষ কিছু বলতে চাই না, তবে আমি বলব যখন মেন পঞ্চায়েত বিল আসবে। তবে ফ্রডএর কথাটা আবার বলে যাই যে ফ্রড যুক্তফ্রন্ট সরকার ভাংগছে এবং দেশের জনসাধারণ এই ফ্রডএর শেষ মূলটুকু যে কংগ্রেসী ফ্রড তার মূলটুকু উৎপাটন করে নিঃশেষ করে দেবে। আমি এই বলে এই বিল পাশ করার অনুরোধ করছি।

The motion of Shri Bibhuti Bhusan Das Gupta that the West Bengal Zilla Parishads (Amendment) Bill, 1969, be taken into consideration was then put and agreed to.

**Mr. Deputy Speaker :** There are no amendments to clauses 1, 2, 3 and the preamble.

Clauses 1, 2 and 3.

The question that clauses 1, 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

Preamble.

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Bibhuti Bhusan Das Gupta:** Sir, I beg to move that the West Bengal Zilla Parishads (Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969.**

**Shri Satya Priya Roy:** Sir, I beg to introduce the West Bengal (Rural Primary Education (Temporary Provisions) Bill, 1969.

(Secretary then read the Title of the Bill)

**Mr. Deputy Speaker:** The Minister-in-charge of Education Department will please make a statement under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

**Shri Satya Priya Roy:**

মাননীয় সভাপাল মহাশয়, এর আগে একটা বিলের আলোচনা হয়েছে। সেখানে দেখা গেছে যে গত ২০।২১ বছরে কংগ্রেস এমন একটা দুষ্ট চক্র গড়ে তুলেছে জীবনের বহু ক্ষেত্রে যার থেকে নতুন যুক্তফ্রন্ট সরকারকে মুক্তি পাবার চেষ্টা করতে হবে। শিক্ষাক্ষেত্রে তেমনি ১৯৩০ সালের আইন ইংরাজ আমলেও পালিত হয়নি তারপর ২০ বছরের কংগ্রেসী শাসনেও তাঁরা তা পালন করেন নি। কারণ ১৯৩০ সালের আইনে ছিল যে একটা সেন্ট্রাল বোর্ড অব প্রাইমারী এডুকেশন করতে হবে। কিন্তু সেন্ট্রাল বোর্ড অব প্রাইমারী এডুকেশন কোন দিন দিনের আলো দেখেনি, কোন দিন গঠিত হয়নি। ডিস্ট্রিক্ট বোর্ড, ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড এগুলি গঠিত হয়েছিল।

[5-15—5-25 p.m.]

এবং ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডের অধীনে এই প্রাথমিক বিদ্যালয়গুলি চলছিল। ১৯৩০ সালে এই ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড হয়েছিল। কিন্তু তারপর গঙ্গা দিয়ে অনেক জল বয়ে গেল। গংগার খাদ বদলে গিয়ে এই ডিস্ট্রিক্ট বোর্ড উঠে গেল, কিন্তু এই স্কুল বোর্ডগুলি বহাল তবিয়তে রয়ে গেল, তাতে কোন পরিবর্তন আনবার চেষ্টা কংগ্রেস পক্ষ থেকে করা হল না। শিক্ষক হিসাবে আমি মনে করতাম যে কংগ্রেসীরা নিজেদের স্বার্থ রক্ষার লড়াই করে চলেছেন, তাদের কাছে এই স্কুল বোর্ডগুলি কুক্ষীগত করে রেখে তারা রাজনৈতিক অভিসন্ধি পূরণ করবার চেষ্টা করছেন। বাস্তবিকই আমরা বাংলাদেশের প্রাথমিক শিক্ষার ইতিহাস যদি দেখি তাহলে আমরা দেখবো যে স্বাধীনতার ২০ বছর পরে কি শোচনীয় অবস্থায় এসে পেীছেছি। আজকে তা আমাদের বিশেলষণ করে দেখবার দরকার আছে। যে বাংলা একদিন শিক্ষা সংস্কৃতিতে ভারতবর্ষে অহংকার করে বলতে পারত যে বৃটিশ শাসিত প্রদেশগুলির মধ্যে তার স্থান হচ্ছে শীর্ষ দেশে। আজকে প্রাথমিক শিক্ষার দিক থেকে বিচার করে কেন্দ্রীয় সরকার তাদের পরিসংখ্যানে পরিষ্কার ঘোষণা করছেন যে পশ্চিমবাংলা আজকে প্রাথমিক শিক্ষার দিক থেকে তার সেই শীর্ষস্থান হারিয়ে ষষ্ঠ স্থানে এসে পেীছেছে। এবং যে গতিতে এর অগ্রসর চলেছে তাতে এই কথা বলতে পারি যে আর ১০ বছর পরে ষষ্ঠ স্থানে থাকা পশ্চিমবাংলার পক্ষে সম্ভবপর হবে না। বাংলা ভারতবর্ষের সমস্ত রাজ্যের মধ্যে সরচেয়ে পিছনে পড়ে যাবে, এই রকম একটা শোচনীয় অবস্থায় প্রাথমিক শিক্ষা তথা সমগ্র শিক্ষা ব্যবস্থাকে কংগ্রেস বিগত ২০।২১ বছর স্বাধীনতার মধ্য দিয়ে এনে দাঁড় করিয়ে দিয়েছে। আমরা এই কথা বুঝি যে সৌধের প্রধান ভিত্তি হচ্ছে প্রাথমিক শিক্ষা এবং সেই প্রাথমিক শিক্ষায় আজ পর্যন্ত চতুর্থ শ্রেণী অতিক্রম করে

ও'রা পঞ্চম শ্রেণীতে প্রবর্তন করতে পারেন নি। সহরাঞ্চলে কোন প্রাথমিক শিক্ষার ব্যবস্থা বাস্তবিকই ও'দের আমলে হয় নি এবং এই প্রাথমিক শিক্ষা সাধারণভাবে ঐ স্বয়ংশাসিত সংস্থাগুলির হাতে তুলে দেবার অর্থ ছিল—ইউ এফ সরকার এই কথা মনে করেন যে সরকার নিজেদের দায়িত্ব এড়িয়ে যাচ্ছিল এবং নিজেদের যে জাতীয় কর্তব্য আছে এই প্রাথমিক শিক্ষাকে আবশ্যিক সার্বজনীন করা এবং অবৈতনিক করা, সেই দায়িত্বগুলি এড়িয়ে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড এবং মিউনিসিপ্যালিটিগুলির হাতে তাঁরা তুলে দেবার চেষ্টা করে। শিক্ষা সম্পর্কে সরকারের যে একটা দায়িত্ব আছে, সেই দায়িত্ব তারা এড়িয়ে গেছেন। তারা জানতেন যে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডগুলির পক্ষে কোন রকম ব্যবস্থা করে প্রাথমিক শিক্ষার উন্নতি করা বা প্রাথমিক শিক্ষাকে সম্প্রসারিত করা বা প্রাথমিক শিক্ষাকে সার্বজনীন করে তুলবার মত কোন প্রচেষ্টা এই ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডের পক্ষে করা সম্ভবপর নয়। এছাড়া আরো লক্ষ্য করার বিষয় হচ্ছে ১৯৩০ সালে যে আইন ছিল তাতে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডের আন্ডারে স্কুল বোর্ড তৈরী হত। তারপরে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড উঠে গেল, জেলা পরিষদ বা অন্যান্য পরিষদ তৈরী হল, কিন্তু প্রাথমিক শিক্ষা সম্পর্কে যে আইন ছিল তার কোন পরিবর্তন হল না। ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড নিরবে দাঁড়িয়ে রইল ১৯৩০ সালের প্রাথমিক আইন অনুযায়ী। অথচ ১৯৬৩ সালে জেলা পরিষদ অ্যাক্টে বলা হল স্কুল বোর্ডগুলি জেলা পরিষদের একটি উপসমিতি বা সাব কমিটি। এই রকম একটা অবস্থায় ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডগুলিকে এনে দাঁড় করিয়েছেন। সেদিক থেকে বলা হয়েছে যে এই জেলা পরিষদগুলি ছিল দুর্নীতির কেন্দ্রভূমি এবং সেটাকে কংগ্রেসীরা রাজনৈতিক প্রভাব বিস্তারের একটা উপায় হিসাবে ব্যবহার করেছেন। এই ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডগুলি সম্পর্কেও সেই একই অভিযোগ। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে অ্যাসেমব্লী আরম্ভ হবার গোড়ায় একটা প্রশ্ন উঠেছিল যে হাওড়া জেলায় নির্বাচনের আগে ২৬০ জন প্রাথমিক শিক্ষককে সেই স্কুল বোর্ড নিয়োগ করেছেন কি না। সে সম্পর্কে তদন্ত করে তখনই আমরা যা দেখেছিলাম, দেখেছিলাম ৯ই ফেব্রুয়ারী নির্বাচন হবার আগে ৭।৮ তারিখে ২৬০ জন শিক্ষককে তাঁরা নিয়োগ করলেন। আমরা পরবর্তীকালে আরও তদন্ত করে দেখেছি এর মধ্যে একশত কয়েকজনের মাত্র শিক্ষাগত যোগ্যতা যা হিসাবে শিক্ষক হতে পারেন তা আছে। এছাড়া বাকী যাদের করা হয়েছিল, সেই কথা অত্যন্ত পরিষ্কার যে কংগ্রেসের রাজনৈতিক প্রচার চালাবার জন্য যাদের নিয়োগ করেছিলেন তাদেরই ঐ রকমভাবে শিক্ষক হিসাবে নিয়োগ করেছেন। স্কুল বোর্ড সম্পর্কে অভিযোগের একটা তালিকা আমি নিয়ে এসেছি, সেই বার দফা তালিকায় সেখানে আছে এবং দেখা গেছে অর্থের অপচয় এবং অপব্যবহার এবং সেই অপচয় থেকে এই ধারনা পরিষ্কার করা যায় যে কতটাকা আত্মসাৎ করা হয়েছে তাছাড়া যত নিয়মকানুন আছে স্কুল বোর্ডে তার সমস্ত কিছু ভেঙেচুরে অন্যায়ভাবে নিজেদের রাজনৈতিক ক্ষমতার অপব্যবহার করে চলেছে এই স্কুল বোর্ডগুলোর মধ্য দিয়ে। এর মধ্যে অবশ্য এক-একটি করে প্রথমে তদন্ত চলছিল। মুর্শিদাবাদ ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডকে বাতিল করা হয়েছিল, ২৪-পরগনার স্কুল বোর্ডকে বাতিল করা হয়েছিল। কিন্তু পরবর্তীকালে দেখা গেল প্রত্যেকটি স্কুল বোর্ডেই প্রায় এক রকম অভিযোগ। তখন এই কথা পরিষ্কার বোঝা গিয়েছিল যে প্রশাসনিক ব্যবস্থার কলুষ মুক্ত করতে গেলে অবিলম্বে এই ডিস্ট্রিক্ট বোর্ডগুলোকে বাতিল করার প্রয়োজন আছে, সেই জন্য ইউনাইটেড ফ্রন্ট সরকার অর্ডিন্যান্স করে সমস্ত স্কুল বোর্ডগুলোকে বাতিল করে দিতে বাধ্য হয়েছেন। কিন্তু শুধু এই প্রয়োজনেই নয় স্কুল বোর্ডগুলো যেভাবে গঠিত হয়েছে, তার যেরকম গঠন প্রণালী, তার ভেতর দিয়ে বাংলাদেশের প্রাথমিক শিক্ষা যদি সামগ্রিকভাবে অগ্রগতির পথে এগোতে চায় সেটা এই স্কুল বোর্ডগুলোর মধ্য দিয়ে সম্ভব নয়। সেই জন্য এই পুরানো স্কুল বোর্ডকে বাতিল করে দিয়ে সামগ্রিকভাবে একটা প্রাথমিক শিক্ষা আইন নিয়ে আসা হচ্ছে এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মারফত এই কথা আমি ঘোষণা করতে পারি যে এই বিধান সভার অধিবেশনের মধ্যে সেই যে সামাজিক প্রাথমিক শিক্ষা আইন, সেই আইন বিধান সভার সামনে উপস্থিত করা হবে এবং সেই সামাজিক আইনকে চালু করবার পটভূমিতে এই সমস্ত স্কুল বোর্ডগুলোকে বাতিল করা হয়েছে যাতে শহরাঞ্চলে, গ্রামাঞ্চলে সর্বত্রই বাংলা তার যে গৌরব হারিয়ে ফেলেছে অন্ততঃ প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে, সেই গৌরবকে আবার যাতে ফিরিয়ে আনা যায় সেদিকে লক্ষ্য রেখে ইউনাইটেড ফ্রন্ট সরকার এই বিল আজকে বিধানসভার

সামনে এনেছে। অর্ডিন্যান্স যা ছিল সেই অবস্থাতেই আছে শুধু সামান্য একটু পরিবর্তন করা হয়েছে। ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর-এর হাতে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডগুলোর ক্ষমতা ন্যস্ত করা হয়েছে, তার সংগে যে সামান্য পরিবর্তন করা হয়েছে সেটা হচ্ছে ডিস্ট্রিক্ট ইনসপেক্টর-এর জায়গায় সরকার মনে করে ডিস্ট্রিক্ট ইনস্পেক্টরের নিম্ন পদের নয় এমন কোন কর্মচারী শিক্ষা বিভাগের, এই বোর্ডের ক্ষমতা তাদের উপর ন্যস্ত করবার অধিকার সরকারের থাকবে। কাজেই অর্ডিন্যান্সে যা ছিল আইনেও বাস্তবিক সেই কথা রাখা হয়েছে, শুধু কখনও কোন ডিস্ট্রিক্ট ইনস্পেক্টার যদি অনুপস্থিত হন বা যদি কোন কারণে ফাংশন না করেন তাহলে সরকার পক্ষের সেই ক্ষমতা রাখা হয়েছে যে ডি, আই,-এর সমান মর্যাদা সম্পন্ন শিক্ষা বিভাগের কর্মচারীর হাতে সেই দায়িত্ব দেওয়া যাবে। এটা সাময়িক ব্যবস্থা, এই ব্যবস্থা কতদিনের সেই প্রশ্ন হয়তো উঠতে পারে। আমি যেকথা আগেই ঘোষণা করেছি যে এই সেশনেই সেই বিল এখানে আনতে চাই। তারপর সমস্ত মেম্বারদের সহযোগিতায় সেই বিল যত তাড়াতাড়ি পাশ হবে তত তাড়াতাড়ি এই যে সাময়িক ব্যবস্থা প্রবর্তন করা হচ্ছে যেখানে ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর এর হাতে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডগুলোর ক্ষমতা ন্যস্ত করা হয়েছে, তার অবসান ঘটবে এবং একটা গণতান্ত্রিক সংস্থা সমস্ত প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে যে বাংলাদেশে নিয়ন্ত্রণ করবো, সেই রকম একটা উদ্দেশ্য নিয়ে ঐ বিল রচিত হচ্ছে যাতে ১৯৩০ সালে যা ছিল যে এটা সেন্ট্রাল এডুকেশন ডেভেলপমেন্ট কমিটি বা কাউন্সিল সেইগুলো থাকবে আর তার নিচে প্রত্যেক স্কুলের সংগে জড়িত হয়ে সেখানে স্কুল ওয়েলফেয়ার কমিটি কনসিস্টিং অব টিচার্স অ্যান্ড গার্জেন্স থাকবে এবং সেই ওয়েলফেয়ার কমিটির পক্ষ থেকে ছাত্রদের মাধ্যাহ্নিক আহার এবং অন্যান্য বিদ্যালয়ের উন্নতির জন্য অভিভাবক এবং শিক্ষক একত্রিত হয়ে তারা প্রচেষ্টা চালিয়ে যেতে পারবেন।

[5-25—5-35 p.m.]

স্টেট বোর্ড যেটা থাকবে এদের ভিতর দিয়ে তারা সামগ্রিকভাবে প্রাথমিক শিক্ষার কি নীতি হবে, শিক্ষক নিয়োগের ব্যাপারে কি নীতি হবে, বিদ্যালয় স্থাপনের ব্যাপারেই বা কি নীতি হবে বা বিদ্যালয়-এর ছাত্রদের মান পরীক্ষা করে দেখবার ব্যাপারেই বা কি নীতি হবে, এ সমস্ত নীতি ঠিক করবে এবং সেই নীতি অনুযায়ী যাতে প্রত্যেক জেলায় কার্যকরী পন্থা গ্রহণ করা যায় সেই জন্য ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিল থাকবে। কাজেই বর্তমানে যে ব্যবস্থা হচ্ছে এটা সাময়িক ব্যবস্থা মাত্র। এটা কতকাল থাকবে তা নির্ভর করবে সদস্যদের সহযোগিতার উপর। এই অধিবেশনে আমি সেই বিল আনব এবং নিশ্চয় শিক্ষা বিল যখন তখন সিলেক্ট কমিটিতে যাওয়ার প্রয়োজনীয়তা হবে। তবে যত তাড়াতাড়ি সম্ভব ভাল ব্যবস্থা যাতে গ্রহণ করা যায় তার চেষ্টা করতে হবে। এই যে সাময়িক ব্যবস্থা, ডিস্ট্রিক্ট ইন্সপেক্টরকে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডের ইকুইভ্যালেন্ট করে রাখা তার অবসান দ্রুত ঘটাতে পারব বলে মনে করি এবং এটা নিতান্ত প্রয়োজন বলে গ্রহণ করা হয়েছে। কারণ সমস্ত স্কুল বোর্ডএর বিরুদ্ধেই নানা রকম দুর্নীতির অভিযোগ ছিল। এই স্কুল বোর্ড প্রাথমিক শিক্ষার উন্নতির জন্য কাজ করে নি এবং তাদের গঠনও যা তাতে করা সম্ভব নয়। ভবিষ্যতের গঠন যা হবে তাতে পুরাতন জরাজীর্ণ ব্যবস্থাকে ভেংগে নূতন পদ্ধতির প্রয়োগ করা হবে এবং সেরূপ গঠনের প্রয়োজনীয়তা আছে বলে এই স্কুল বোর্ডের অধিকার এবং দায়িত্বকে অর্পণ করা হচ্ছে ডিস্ট্রিক্ট ইন্সপেক্টরকে সাময়িকভাবে কাজ চালাবার জন্য। কিন্তু এটা শুনতে হতে পারে যে, এই সরকার স্কুল বোর্ডকে কুক্ষিগত করছে। সেইজন্য এই ব্যাখ্যার প্রয়োজনীয়তা আছে বলে মনে করি। হয়ত জেলা পরিষদ সম্পর্কে যা শুনেছি বেশিরভাগ সেই কথাই শুনতে হবে, তারই পুনরাবৃত্তি হবে। কিন্তু পরিস্কারভাবে বলছি, দুর্নীতির যে কেন্দ্র স্কুল বোর্ডগুলি সেগুলো ভেংগে দেবার নিশ্চয় প্রয়োজন ছিল। গণতান্ত্রিক পন্থায় প্রাথমিক শিক্ষা ব্যবস্থার প্রবর্তন করতে চাই, সূচনা করতে চাই। পশ্চিমবাংলা অন্য রাজ্য থেকে প্রাথমিক শিক্ষার ব্যাপারে পিছিয়ে আছে—এই

লজ্জার কথা, এই অগৌরবের ইতিহাস যেন যুক্তফ্রন্ট সরকারকে শুনতে না হয়, সেই জন্য যুক্তফ্রন্ট সরকারের শিক্ষানীতিতে একটা নূতনের সূচনা হিসাবে এই বিল উত্থাপন করতে আমরা বাধ্য হয়েছি। সেই হিসাবে এই বিল এই হাউসের সামনে উপস্থিত করছি।

Sir, I beg to move that the West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969, be taken into consideration.

**Mr. Deputy Speaker:** There are no motions for circulation or otherwise of the Bill. I now call upon Dr. Nalinaksha Sanyal to speak on the Bill.

**Dr. Nalinaksha Sanyal:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই বিলের আলোচনার মধ্যে রাজনীতি আনতে চাইছি না এবং আনার প্রয়োজন বোধও করি না। ইতিপূর্বে মাননীয় মন্ত্রিমহাশয় এই বিল উত্থাপন করে যেসব যুক্তি আমাদের সামনে উত্থাপন করেছেন, তার অনেকগুলি আমি মানি এবং সেই যুক্তির সঙ্গে আমার একমত হবার জন্য আমি মোটামুটি এই বিলে যে নীতি আছে সেটার বিরোধীতা করছি না। কিন্তু যে উদ্দেশ্য নিয়ে এই আইন আমাদের সামনে উপস্থিত করেছেন আমি তার কাছে কিছুটা আইনগত অসুবিধার দিকে দৃষ্টি আকর্ষণ করছি। যে উদ্দেশ্য নিয়ে তিনি বলেছেন সেটা যদি বর্তমান আইনে থাকে তাহলে নূতন করে এই আইনটা দরকার হল কেন সেটা যদি আমাদের বুঝিয়ে বলেন তাহলে আমাদের জ্ঞান লাভ হয়। আপনি বেঙ্গল রুর‍্যাল প্রাইমারী এডুকেশান অ্যাক্ট, ১৯৩০ সালের কথা। আজ প্রায় ৪০ বছর আগেকার এই আইন। এই আইনের মধ্যে অনেক দোষত্রুটি আছে, এখন এর পরিবর্তন হওয়া দরকার, এ সম্বন্ধে আমি মোটেই দ্বিমত নই। এখানে উনি অল্পদিনের মধ্যে একটা ভাল আইন করবার চেষ্টা করেছেন সেজন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি এবং আশা করি অল্পদিনের মধ্যেই আমাদের নূতন ব্যাপক খসড়া আইন দিতে পারবেন। এই আইন যখন প্রথম তৈরী হয় এই ইতিহাস, তখন অনেকের হয়ত জন্ম হয় নাই। সেই সময়ে আমি বিলাতে ছিলাম। এই আইনে খসড়া তৈরী সম্পর্কে তখনকার একজন মাননীয় সদস্য বিলাতে কি কি আইন আছে সে সম্পর্কে তথ্য চেয়ে পাঠিয়েছিলেন। কারণ আমাদের ভারতবর্ষে সেইরকম কোন সুযোগ ছিল না। এই আইন সম্পর্কে কিছু ত্রুটি আছে, বিশেষ করে চ্যাপটার তিন-তে যেটা সেন্ট্রাল প্রাইমারী এডুকেশান কমিটি করার প্রস্তাব ছিল, সেটা যে এতদিনেও সংগঠন করা হয় নি সেটা আমি লক্ষ্য করেছি এবং তার দরুন যখন আমি প্রশ্ন করেছি তখন যারা কর্তৃপক্ষ তারা আমাকে বলতেন এই চ্যাপটার-এ যেটা অপারেটিভ ক্লজ আছে, ক্লজ-৫ মানে ফাংসানস অফ দি কমিটি, তাতে দেখা যাচ্ছে যে, কমিটিতে কনসাল্ট করতে হবে। বিফোর মেকিং এন অর্ডার আন্ডার সেকসানস ২১, ২২ এ্যান্ড ৫১। মোটামুটিভাবে গভর্নমেন্ট আর নিজেদের এইভাবে বাড়াতে চায় নি বলে এই কমিটি তৈরী করেনি, সেকসানস ২১, ২২তে আছে যে, স্টেট গভর্নমেন্ট কি করে কন্ট্রোল করবে বোর্ড। স্টেট গভর্নমেন্ট যদি মনে করে বোর্ড অর প্রেসিডেন্ট তারা ডিফল্ট করছেন ফ্রম পারফরমিং হিজ ডিউটি, তাহলে তাকে সেই ডিউটি করতে নির্দেশ দিতে পারবেন, একটা সময় নির্দিষ্ট করে এবং তা যদি না করে তাহলে তার জন্য গভর্নমেন্ট-এর পক্ষ থেকে সেই কাজ করিয়ে নিতে পারবেন। আর সেকসান হইতে সেই ক্ষমতাটা আরো ব্যাপকভাবে দেওয়া হয়েছে। যে ক্ষমতা বর্তমানে আপনারা নিতে যাচ্ছেন তার যে যুক্তি দেখালেন, সেই যুক্তির সমস্ত কথা এর মধ্যে আছে। তাতে লেখা ছিল যে........ ...... ........

If at any time it appears to the State Government that a board is not competent to perform or persistently makes default in the performance of the duties imposed upon it by or under this or any other Act, or exceeds or abuses its powers, the State Government may, by an order in writing, specifying the reasons for so doing, remove all appointed and elected members of such board and direct that the vacancies shall thereupon be filled by election in respect of elected members and by appointment in respect of appointed members or that all the vacancies shall be filled by appointment এ ছাড়াও ছিল from a date of order under section 22 all powers and duties of the board shall be exercised and

performed by, and all property vested in the board shall vest in, such person, in such manner, as the State Government may direct.

কাজেই সেকসান হইতে যেটা ব্যাপকভাবে ছিল তাতে সমস্ত ক্ষমতা স্টেট গভর্নমেন্ট-এর হাতে ছিল যদি আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় বর্তমান মন্ত্রীমণ্ডলী সংগঠন হওয়ার পরে বোর্ড-এর কাজে বা প্রেসিডেন্ট-এর গলদ পেয়ে থাকেন তাঁকে কে বারণ করেছিল আইন প্রয়োগ করতে? এই গলদের জন্য সেকসান ২২(১) বলে সবগুলি বাতিল করতে পারতেন। কিন্তু শুধু বাজার গরম করবার জন্য কতগুলি পুরানো কাসুন্দী ঘেটে কি লাভ?

[5-30—5-45 p.m.]

যদি আমাদের মন্ত্রিমহাশয় মন্ত্রীমণ্ডলী সংগঠন হওয়ার পর এত গলদ পেয়ে থাকেন তাঁকে কে বারণ করেছিল এই গলদের জন্য সেকসান ২২(১) বলে সবগুলি বাতিল করতে পারতেন। শুধু বাজার গরম করবার জন্য কতকগুলি পুরানো কাসুন্দি ঘেঁটে লাভ কি? বর্তমান বিলে ভাষাটা বড় দুর্বোধ্য হয়েছে অন্তত আমাদের মত অল্প শিক্ষিত লোকদের পক্ষে। ৩ নম্বরে বলছেন The State Government may, by an order published in the official Gazette, superside all District School Boards.
তাহলে কি বুঝতে হবে যে একসঙ্গে সমস্ত স্কুল বোর্ডকে সরাসরি বাতিল করে দেয়ার ক্ষমতা আপনি চাচ্ছেন, একে একে নয়। তা যদি করেন তাহলে কিন্তু আপনার ঐ যুক্তি খাটে না যে ডিস্ট্রিক্টে কোন কোন স্কুল বোর্ডের কোন কোন কর্তৃপক্ষ কিছু কিছু অন্যায় দুষ্কর্ম করেছেন, অতএব তাদের পরিবর্তন করতে হবে। যদি এমন হয় যে, ঠক বাঁছতে গাঁ উজোড়, সবাই চোর, তাহলে আপনার রাজত্বে মনে করবেন না যে রাতারাতি সব সাধু জন্মে গেছে—সেখানে দেশের মানুষকে নিয়ে কাজ করতে হবে এবং তাঁরা সব সাক্ষাত ধর্মপুত্র এটা ভাববেন না। অতএব এমনিভাবে একসঙ্গে সরাসরি বাতিল করে দেয়ার যে আইন করতে যাচ্ছেন বোধ হয় সেটুকু ক্ষমতা নেওয়ার জন্য সেকসন ২২তে যে পাওয়ার দেয়া ছিল তা আপনি ব্যবহার করতে রাজী হন নি, আমি এটুকু বুঝলাম যে আপনি একসঙ্গে চান কিন্তু একসঙ্গে চাওয়ার কোন প্রয়োজন ছিল না। আপনি আগেই সেকসন ২২-এর বলে ১৪-১৫টা জেলায় নিতে পারতেন, কেউ বাধা দিত না—কাজেই নূতন আইনের কোন প্রয়োজনীয়তা দেখছি না, এইসব ক্ষমতা আপনার হাতেই ছিল। দ্বিতীয়তঃ আমি মনে করি যে কথাটা আপনি বলছেন যে, আমাদের বাংলাদেশের প্রাথমিক শিক্ষার গতি অত্যন্ত মন্থর হয়েছে সেটা কিছু অন্তত দ্রুততর করার চেষ্টা করতে হবে এটা খুবই প্রয়োজন আমি স্বীকার করি। আমি এমনি লক্ষ্য করেছি—আমি নদীয়া জেলার কথা বলছি যেখান সম্বন্ধে আমার প্রত্যক্ষ কিছু খবর আছে যে, সেখানে যে পরিমাণ জনসংখ্যা বাড়ছে, মানে স্কুল গোয়িং চিলড্রেন-এর সংখ্যা বাড়ছে সেই পারসেন্টেজ অনুযায়ী প্রাইমারী স্কুলের সংখ্যা বাড়ছে না। দুর্ভাগ্যক্রমে গত এক বছরের উপর দেখছি যে আমি যে অঞ্চল থেকে এসেছি, যেখান থেকে লোকের বিশ্বাসের উপর আমি এসেছি সেখানে খবর নিয়ে দেখেছি যে, সেখানে যে জনসংখ্যা বেড়েছে সেই তুলনায় প্রাইমারী স্কুলের সংখ্যা বাড়েনি। নূতন প্রাইমারী স্কুল কোন গ্রামে তৈরী হয় নি এক বছর হল। এইভাবে প্রাইমারী বিদ্যালয় বাড়াবার যদি দেরী হয় এবং সেই দেরীর কারণ শুনেছি কি, না কোটা নেই—কোটা কারা দেয়, গভর্নমেন্টের পক্ষ থেকে—সেখানে জেলা স্কুল বোর্ড করতে পারে না এবং জেলা স্কুল বোর্ডের যে ক্ষমতাগুলি দেয়া ছিল আইনের মধ্যে এমনভাবে সীমিত ক্ষমতা যে সেখানে ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর অব স্কুলস যিনি সঙ্গে সঙ্গে জেলা স্কুল বোর্ডের সেক্রেটারী তিনি যদি তাঁর ডিস্ট্রিক্ট ইন্সপেক্টরের ইন্সপেকসন রিপোর্ট না দেন অনুমোদন করে তাহলে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড তাদের বোর্ডের ক্ষমতানুযায়ী কোন কাজ করতে পারে না, কিন্তু দুর্ভাগ্যক্রমে বহু জায়গায় জেলা স্কুল বোর্ড-এর যারা কর্তৃপক্ষ ছিলেন তাঁরা কি করে জানি না, চোখ রাঙিয়ে হোক, কি ভয় দেখিয়ে হোক তাঁরা জেলা পরিদর্শকদের দিয়ে তাঁদের খেয়ালখুসীমত কাজ করিয়ে নিয়েছেন এখন কিন্তু সেই দায়িত্ব শুধু তাঁদের উপর চাপালে হবে না, যাঁরা নির্বাচিত প্রতিনিধি ছিলেন তাঁদের চেয়ে বেশী সরকারী কর্মচারীর দায়িত্ব কি তাঁদের নয়। তা যদি হয় তাহলে আজ আপনি যে জেলা স্কুল বোর্ডগুলিকে বাতিল করে দিয়ে ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর অব স্কুলসদের ভার দিতে চাচ্ছেন তা কোন ভরসায়—তাঁরা কি সাক্ষাত ধর্মপুত্র? আপনি হয়ত জানেন, আপনি পুরানো লোক এই লাইনে—যে বহু জেলায় ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর আছেন যাঁদের বাড়ীতে একটু

ভাল ঘি না নিয়ে গেলে কিম্বা এক ঝুড়ি আম না দিলে কাজ হয় না বা একটা ভাল মাছ না দিলে কাজ হয় না এবং এমনও আছেন যাঁদের হয়ত গৃহিনীর জন্য শাড়ীও দিতে হয়। কাজেই জেলা স্কুল বোর্ডের কর্মচারীরা সাক্ষাত ধর্মপুত্র এসেছেন এটা ভাবছেন কেন? সুতরাং এই যে জিনিসটা করতে যাচ্ছেন এটা ফ্রম ফ্রাইং প্যান টু ফায়ার এই অবস্থা হচ্ছে কিনা এটা ভাবতে হবে।

যদি আপনারা করেন তাহলে তাদের উপর কন্ট্রোল করার জন্য জন প্রতিনিধিমূলক কোন সংস্থা রাখছেন না। এটা কোন দেশে নেই। আমার বন্ধু বলছেন অলরেডি তারা করেছেন এবং কমিউনিস্ট পার্টির কতকগুলি লোককে বসিয়েছেন। তাহলে তো রাজনীতির হাত থেকে উদ্ধার হল না? এই অবস্থা যদি চান তাহলে করুন। অর্থাৎ তখন তোমরা করে খেয়েছো, এখন আমরা করে খাই। এই নীতি যদি নীতি হয়, তাহলে আপনারা করুন। আমি বলব শিক্ষার কথা ভাবতে গেলে জাতির ভবিষ্যৎ যেখানে গড়তে হবে, সেখানে আরও একটু বৈজ্ঞানিক দৃষ্টি-ভঙ্গী নিয়ে যাবেন। আপনি কালকে যে বিবৃতি দিয়েছেন তা পড়ে আনন্দিত হয়েছি। অর্থাৎ আপনি প্রাইমারী স্কুলকে আরও বেশী শক্ত করতে চান এবং ক্লাস-৫ পর্যন্ত গ্রামে করার চেষ্টা করছেন। আমি আপনাকে ধন্যবাদ দিচ্ছি এজন্য যে শুধু প্রাইমারী নয় সেকেন্ডারী স্কুল-এর ২-৩ ক্লাস পর্যন্ত অর্থাৎ ৬-৭-৮ পর্যন্ত অবৈতনিক করার চেষ্টা করছেন এবং ছেলেদের পাঠ্যপুস্তক দেবার ব্যবস্থা করছেন। এর জন্য আপনি সকলের ধন্যবাদ পাবেন। কিন্তু এই যে পরিবর্তনগুলো করতে যাচ্ছেন এর পরিবর্তন করার সময় সত্যিই শিক্ষানুরাগী যাঁরা তাঁদের দিকটা দেখবেন। আপনি নিশ্চয় জানেন বাংলাদেশে গ্রামে বা শহরে যা কিছু হয়েছে শিক্ষার জন্য তার প্রথম দিকটা সংস্থাপন করেছেন বেসরকারী লোকেরা। গ্রামের গরীব লোক যারা খেতে পায় না তাদের ছেলে-মেয়েদের শিক্ষার জন্য তারা যে ত্যাগ স্বীকার করেছেন তা সরকারের উচ্চপদস্থ অফিসাররা বুঝতে পারেন না। যেখানে চাষের জন্য জমি দরকার সেখানে চাষীরা ২-৩ বিঘা করে জমি দিয়েছে: ঘর করে দিয়েছে তাদের ছেলেদের শিক্ষার জন্য এবং বছরের পর বছর ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড-এর দরবার করেছে তাদের স্কুলকে অনুমোদন দেবার জন্য। গ্রামে অনেক সমাজসেবী ছেলে আছে তারা নিজেরাই স্বেচ্ছাসেবক হিসাবে বছরের পর বছর গ্রামের স্কুলের শিক্ষকতার কাজ করেছে কিন্তু তারা এই যে প্রাণপন চেষ্টা করেছে তার কি প্রতিদান আমরা দিয়েছি? এইরকরভাবে সেকেন্ডারী স্কুল এবং কলেজ-এর ব্যাপারে যেসব লোক বেসরকারীভাবে বাংলাদেশে শিক্ষা বিস্তারের জন্য চেষ্টা করেছেন তাদের উৎসাহ না দিয়ে তাদের মাথার উপর ডান্ডাবাজী করার চেষ্টা হচ্ছে এবং শিক্ষাকে সংকুচিত করার ব্যবস্থা হচ্ছে।

[5-45—6 p.m.]

আমার মনে আছে ইংরেজ আমলে যখন প্রাইমারী এডুকেশনকে আইনের দ্বারা কন্ট্রোল করতে চেয়েছিলেন তখন স্বর্গীয় আজিজুল হক সাহেব যিনি একজন বিশিষ্ট শিক্ষাব্রতী ছিলেন তিনি একথা বলেছিলেন যে, এই যে আইন পাশ করতে যাচ্ছ এই আইনে তোমরা শিক্ষার বিস্তার করছ না, শিক্ষা সংকোচ করছ। তখনকার দিনে ইংরেজের ইচ্ছা ছিল যাতে লোকে কম শিক্ষা পায়, কারণ শিক্ষা পেলে লোকেরা স্বাধীনতার কথা চিন্তা করবে। সেদিন ইংরেজ সেই জিনিস চায় নি কিন্তু আজকে আমরা ভারতবর্ষে নূতন আদর্শবাদ ছড়িয়ে দিচ্ছি এবং আমরা চাচ্ছি জনসমাজ আরও শিক্ষিত হয়ে উঠুক, তাঁদের দায়িত্ব গ্রহণ করুক। কাজেই আজকে যদি কোন কারণে শিক্ষা সংকোচ হয় তাহলে তাঁদের কোন ক্ষমা থাকবে না। আমি এই আইনের বিরোধীতা করছি না কিন্তু অল্প সময়ের মধ্যে যাতে আমরা রেহাই পাই তার ব্যবস্থা করুন—যেটা আপনি আপনার বক্তব্যের মধ্যেও বলেছেন। আর একটা কথা বলব এবং সেটা হচ্ছে যদি এই আইন পাশ করতে চান তাহলে যেকথা আপনি বললেন ২০-২২ বছরের দুর্নীতি সেই দুর্নীতি দূর করবার জন্য যদি চেষ্টা করতে হয় তাহলে এইসব আইন ছাড়াও আর কি মেসিন্যারি আছে বা কোন রাস্তায়, কাদের দিয়ে প্রকৃতপক্ষে সুষ্ঠু পরিচালনা করা সম্ভব সেটা চিন্তা করতে হবে। আপনি এখন দলগত স্বার্থের জন্য যেভাবে জায়গায় জায়গায় পরিদর্শক বা উপদেষ্টা কমিটি করছেন সেটাও বিবেচনা করতে হবে। এর দ্বারা কি কোন কল্যাণের পথ উন্মুক্ত হবে? না, তা হবে না। আপনার পার্টিতে অনেক শিক্ষাব্রতী রয়েছেন যাঁদের শিক্ষার প্রতি দরদ রয়েছে। কিন্তু পার্টিগত স্বার্থের জন্য যদি কোন বিশিষ্ট শিক্ষাবিদকে উপদেষ্টা কমিটিতে না নেওয়া হয় তহলে তার ফল কিন্তু খারাপ হবে। কাজেই অনুরোধ করছি অল্প সময়ের মধ্যে এই ব্যবস্থা সীমায়িত করুন। যেসব

সংশোধনী প্রস্তাব দিয়েছি সেটা সেই উদ্দেশ্যেই দিয়েছি যাতে ১ বছরের বেশী এই আইন না রাখেন এবং সংশোধনী প্রস্তাব যখন উত্থাপন করা হবে তখন আপনার কাছে আমরা সেই নিবেদনই জানাব।

**শ্রীতারাপদ দে:** মাননীয় স্পীকার মহাশয়, নলিনাক্ষ সান্যাল মহাশয় স্কুল বোর্ডের দুর্নীতির সবগুলো চেপে গেলেন। জেলা পরিষদের পরিসমাপ্তি ঘটিয়ে মন্ত্রিমহাশয় যেমন আমাদের দুর্নীতির হাত থেকে রক্ষা করবার চেষ্টা করেছেন ঠিক তেমনি তিনিও সমস্ত বাংলাদেশে প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে এই আইন এনে পশ্চিমবাংলার জনসাধারণের কৃতজ্ঞতা লাভ করেছেন। জেলা স্কুল বোর্ডে কংগ্রেসের আমলে যেসব হোমড়া-চোমড়া ছিলেন তাঁরা বুঝেছিলেন বাংলাদেশের জনসাধারণ কংগ্রেসের পক্ষে আসবে না, কাজেই পশ্চিমবাংলার প্রাথমিক শিক্ষকদের উপর চাপ দিয়ে কংগ্রেসের জন্য প্রচার করিয়েছেন এবং এইভাবে অরাজকতা এনেছিলেন শিক্ষার মধ্যে, দুর্নীতি এনেছিলেন শিক্ষার মধ্যে এবং প্রাথমিক শিক্ষাকে জলাঞ্জলি দিয়ে যাতে দল থাকে সেই চেষ্টা করেছেন। নলিনাক্ষবাবু শহরে বাস করেন তাই এসব খবর রাখেন না এবং সেইজন্যই এইসব কথা বলছেন। প্রাথমিক শিক্ষা একটা গুরুত্বপূর্ণ জিনিস, সবচেয়ে বেশী আমাদের এদিকে নজর দেওয়া উচিত। ৫ থেকে ৬ বছরের ছেলে হতে ১০-১১ বছরের ছেলেরা স্কুলে যায়, সেই সময় তাদের মানসিক বিকাশ হয়। তাদের মধ্যে নূতন চেতনা ধারনা আসে, সুতরাং এই শিক্ষাকে সর্ব প্রযত্নে একাগ্রতার সঙ্গে ভাল করে গঠন করার দিকে লক্ষ্য রাখা উচিত। কিন্তু দুঃখের বিষয় গত ২০ বছরের মধ্যে কংগ্রেস শাসনে এই শিক্ষার দিকে (কংগ্রেস শেষ হবে—ঐ কেবল এক কথা) বিশেষ কোন নজর দেন নি। এটা বলা দরকার আছে কেন না তারা প্রাথমিক শিক্ষাকে ধ্বংস করে দিয়েছে। কংগ্রেস কতকগুলি নিজেদের লোক দিয়ে যারা কংগ্রেস করে, সেইরকম কর্তা-ভজা লোক দিয়ে শিক্ষাকে পরিচালনা করে গিয়েছেন এবং করবার চেষ্টা করেছেন। ফলে শিক্ষা-ক্ষেত্রে দুর্নীতিতে ভর্তি করেছেন। আমি কয়েকটি উদাহরণ দিই। হাওড়া জেলা বোর্ডের কথাই ধরা যাক—শুধু হাওড়া জেলা স্কুল বোর্ডেই নয়, সমস্ত বাংলাদেশের সমস্ত স্কুলবোর্ডগুলিতে একই কাজ করেছেন। শিক্ষক নিয়োগ ব্যাপারে তারা কি করেছেন? যারা কংগ্রেস করে সেইসব ছেলেদের নিয়োগ করেছেন, শুধু তাই নয় আমরা দেখেছি স্পেশাল ব্যবস্থা করা হয়েছে, যারা শিক্ষকতা করেন তাদের উপর খপবদারী করার জন্য, এবং বিশেষতঃ জেলা কংগ্রেসের সভাপতির নিজস্ব লোক রাখা হয়, যাঁরা প্রাথমিক শিক্ষকদের লক্ষ্য করে যান এবং যাঁরা কংগ্রেসের নির্দেশমত কাজ করেন, যুক্তফ্রন্ট তথা তাদের বিরোধী দলকে ঠেংগাতে পারেন গালাগালি দিতে পারেন, সেই সব লোকদেরই তাঁরা বিশেষভাবে নিয়োগ করতেন। যদি কোন ভাল ছেলে কংগ্রেস না করে, দলে না যোগ দেয়, তাহলে সে চাকুরি পাবে না। নির্বাচনের আগে যে ২৬০ জনকে চাকুরি দেওয়া হয়েছিল, তারা বিরোধী দলের বহু মিটিং ভেঙ্গেছে, তাদের ঠেঙ্গিয়েছে এবং এইভাবে তাদের দেখে দেখেই চাকুরি দেওয়া হয়েছে। আজকে যে অনেক কংগ্রেস করে না, অনেক প্রাথমিক শিক্ষক কংগ্রেসকে সমর্থন করেন না, সে কৃতিত্ব বাংলাদেশের যুবকদের, কারণ কংগ্রেসের ভাঁওতায় তাঁরা ভুলতে চান না, দেশকে তাঁরা ভুলতে চান না, তাই ভোট দিয়ে তাঁরা কংগ্রেসের বিরোধীতা করেছেন এবং কংগ্রেস আজকে বহু দূরে চলে গেছে। শিক্ষক নিয়োগের ব্যাপারে তাঁরা এই করে গিয়েছেন, আর যাঁরা রাজনৈতিক কারণে কংগ্রেসর বিরোধীতা করেছেন তাঁদের শাস্তি দিয়ে গেছেন। রাজনৈতিক কারণে যেসব লোককে শাস্তি দেওয়া হয়েছে তাঁদের কয়েকটা ঘটনা বলি। কালীপদ মল্লিক হাওড়া জগৎবল্লভপুরে প্রাথমিক শিক্ষক ছিলেন।

**শ্রীআবদুল সত্তার:** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, মাননীয় সদস্য নাম করে বক্তৃতা করছেন, এটা তিনি কি করে করতে পারেন আমি আপনার কাছে জানতে চাইছি।

**Mr. Deputy Speaker:** The Honourable member can refer to some names but at the same time I request all honourable members not to personally accuse any person who has got no right of self-defence and no action can be taken outside the House for any statement made within.

**Shri Tarapada Dey :**

আমি কাউকে অ্যাকিউজ করছি না, কালীপদ মল্লিক চাঁদুল প্রাইমারী স্কুলে প্রাইমারী শিক্ষক ছিলেন।

**Shri Bibhuti Pahari :**

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আপনি এইমাত্র বললেন যে, কোন নাম উল্লেখ করা ঠিক নয়, কিন্তু এটা..............................

**Mr. Deputy Speaker :** You have misunderstood me. If he is a Government officer, you have got every right to refer to him and the Hon'ble Minister present here can defend him, if he so desires. But if you make some allegations or attack an outsider, even if they are unfounded, or the same be frivolous or scurrilous and if he has got no one to defend him here, then that is an unfortunate situation. The honourable member Shri Dey is saying that some injustice has been done to some one. He is perfectly within his right to say that. It is better that a Government official shall not be referred to by name, but by their official designation only. In respect of an outsider, the honourable member must act bona fide and he should make himself responsible for any charges that he may make on the floor of the House and shall not indulge in irresponsible insinnations against any individual, though he has got absolute freedom of speech, subject to the rules of the House.

আমি যেটা বলছি সেটা হচ্ছে কালীপদ মল্লিক চাঁদুল প্রাইমারী স্কুলের শিক্ষক, ১৯৬৭ সালে তিনি কংগ্রেসের বিরুদ্ধে প্রচার করেছিলেন, এই অপরাধে তাঁকে ট্রান্সফার করে দেওয়া হলো বাড়ী থেকে ৪৮ মাইল দূরে এক স্কুলে। তারপর বিষ্ণুপদ হাজরা রুদ্রপুরে বাড়ী, তিনিও প্রাইমারী স্কুলের শিক্ষক, তিনি কংগ্রেস বিরোধী ছিলেন বলে বাড়ী থেকে ৪০ মাইল দূরে আমতায় ট্রান্সফার করে দেওয়া হয়। প্রদ্যুৎ বোস, তাকেও অনেক দূরের একটা স্কুলে ট্রান্সফার করে দেওয়া হয়। শ্রীসুধীর দাস—প্রাইমারী শিক্ষক—জগৎবল্লভপুরে চাকরী করতেন, তাঁকেও ২৫ মাইল দূরে ট্রান্সফার করা হয়েছে। ডোমজুড়ের হরপ্রসাদ ঘোষ, ঝাঁপড়দহ তেতুলতলা পাঠশালার, তিনি শিক্ষক, বাংলা কংগ্রেসে যোগ দেওয়ার জন্য দূরে ট্রান্সফার করে দেওয়া হয়। এইরকমভাবে বিভিন্ন লোককে তারা বহু দূরে দূরের স্কুলে ট্রান্সফার করে দেওয়া হোয়েছে। অনেককে ভয় দেখান হয়েছে কংগ্রেসের মধ্যে না থাকলে দূরে সরিয়ে দেবে। গ্রামাঞ্চলে আরো দেখেছি—কংগ্রেস পক্ষ থেকে প্রাইমারী শিক্ষকদের চিঠি দেওয়া হয় যে, কংগ্রেস সংগঠনের মধ্যে তাদের আসতে হবে। না হলে বহু দূরে ট্রান্সফার করে দেওয়া হবে। প্রকাশ্যেও এইসব কথা বলেছেন তারা। শুধু ট্রান্সফারের ব্যাপার নয়, স্কুল বোর্ডের যে ফান্ড আছে সেই ফান্ড থেকে মাঝে মাঝে হাউস বিল্ডিং গ্র্যান্ট দেওয়া হয়। অথচ গ্রাম অঞ্চলে যেখানে সিডিউলড কাস্ট এলাকা, সেখানে দেবার জন্য কোন টাকা নাই, তাদের দেবার নামও করে না। তাঁরা কি করেন? তাঁরা নিজেদের টাকা দেবার ব্যবস্থা করেন। জগাছায় যে তরুণ সংঘের স্কুল আছে, সেখানে প্রতি বছর গ্র্যান্ট দেওয়া হয়—কেন না ওটা হচ্ছে হাওড়া জেলার স্কুল বোর্ডের ভাইস-প্রেসিডেন্ট শ্রীললিত চ্যাটার্জী মহাশয়ের স্কুল। কামারবাড়ীর কাছে গাবতলায় একটা স্কুল আছে সেই প্রাইমারী স্কুলের বড় বড় বিল্ডিং আছে, সেখানে হাউস বিল্ডিং গ্র্যান্ট পাওয়া গেল। সেটাকে এখন সেকেন্ডারী স্কুল হিসেবে চালান হচ্ছে। কারণ সেটা বিশ্বরঞ্জন গাঙ্গুলীর স্কুল। যেখানে বড় বড় সব হোমরা-চোমরা রয়েছে, সেখানে স্কুল বিল্ডিং গ্র্যান্ট দেওয়া হয়। তাছাড়া অন্যত্র দেবার কোন ব্যবস্থা নাই।

নলিনাক্ষবাবু বলেছেন নির্বাচনের সময় অনেক জায়গায় স্কুল করা হয়—এটা ঠিক মনে হয় না। কিভাবে তা হয় সে খবর তিনি রাখেন না। ইলেকশানের সময় কংগ্রেসীরা বলে আমাদের ভোট দাও তোমাদের গ্রামে স্কুল করে দেব। তাদের এই স্কুল করার ব্যাপারে কোন প্লান বা পরিকল্পনা নাই। যেখানে স্কুলের প্রয়োজন সেখানে স্কুল হয় না। আর যেখানে স্কুল আছে, সেখানে আর

একটা স্কুল করে দিলেন। এই ছিল তাদের কাজ। কোন পরিকল্পনা নিয়ে তাঁরা স্কুল করেন নাই।

স্কুল বোর্ডে যে জীপ আছে তা কংগ্রেসের ভোটের পক্ষে প্রচারকার্যে ব্যবহৃত হয়। এই ধরনের দুর্নীতির বিরুদ্ধে আমাদের শিক্ষামন্ত্রী যে বিল এনেছেন তা আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। যিনি শিক্ষা এবং শিক্ষক আন্দোলনের নেতা—তিনি নির্ভীকভাবে এই আইন প্রণয়ন করে কংগ্রেসী দুর্নীতি ও অন্যায়ের প্রতিবিধান করবেন বলে আশা করি।

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 10th July, 1969, at 1 p.m.

**Present**

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 23 Ministers. 2 Ministers of State and 219 Members.

### Starred questions

**(to which oral answers were given)**

[1—1-10 p.m.]

### Cossimbazar Manindra Mills

***82.** (Admitted question No. *105.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি কাশীমবাজার মণীন্দ্র মিলটি চালু করার বিষয় সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**Shri Sushil Kumar Dhara:**

মণীন্দ্র মিলস লিমিটেডের উপর সরকারী অনুসন্ধান কমিটির সুপারিশ রাজ্য সরকারের মন্তব্য সমেত কেন্দ্রীয় সরকারের নিকট পাঠান হইয়াছে এবং রাজ্যসরকারনিযুক্ত বিশেষজ্ঞ কমিটি অন্য সমস্ত বন্ধ মিলগুলির সঙ্গে এই মিলেরও সামগ্রিক সমস্যা ও আর্থিক প্রয়োজনীয়তা নির্ধারণের অনুসন্ধান করিতেছেন।

কেন্দ্রীয় সরকার সম্প্রতি জানাইয়াছেন যে জাতীয় সুতাকল কর্পোরেশান-এর আর্থিক অবস্থা অত্যন্ত সীমিত বিধায় উহার পক্ষে ক্ষুদ্র ক্ষুদ্র শিল্প সংস্থা সহ নিদ্যুৎচালিত মণীন্দ্র মিলসের পরিচালনভার গ্রহণ করা সম্ভব নয়। কেন্দ্রীয় সরকার অবশ্য একটি প্রস্তাব করিয়াছেন যে ঐ মিলটির রেজিস্ট্রেশান কিংবা লাইসেন্স বাতিল করিয়া ইহার তাঁতগুলি ঐ মিলের কর্মীদের মধ্যে বণ্টন করিয়া সমবায় ভিত্তিতে চালু করিবার ব্যবস্থা করা যাইতে পারে। কেন্দ্রীয় সরকারের প্রস্তাবটি রাজ্যসরকারের বিবেচনাধীন আছে।

**Shri Sanat Kumar Raha:**

মণীন্দ্র মিল সম্পর্কে হাইকোর্টে একটা মামলা আছে। কো-অপারেটিভ কায়দায় কি করে কাজ-গুলি বণ্টন করা যাবে। এই স্কীমটা হাইকোর্টের মামলার নিষ্পত্তি হবার পরের কথা নাকি এখন কিছু করা যায়?

**Shri Sushil Kumar Dhara:**

সেটা বলতে পারি না। এটা রাজ্যসরকার বিবেচনা করে দেখছেন। হাইকোর্টের মামলা কিভাবে আছে তার অবস্থা বুঝে তবে সেটা বলা যেতে পারে।

**Shri Sanat Kumar Raha:**

মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি, মণীন্দ্র মিলের বাজারে নিজস্ব ঋণ কত?

**Shri Sushil Kumar Dhara:**

জানি না।

**Shri Sanat Kumar Raha:**

মণীন্দ্র মিল চালু করার জন্য রাজ্যসরকার কেন্দ্রীয় সরকারের প্রস্তাবের পর অন্য কিছু চিন্তা করছেন কিনা যে কি করে মিল চালু করা যায়। বিশেষ করে পশ্চাৎপদ মুর্শিদাবাদ জেলায় ঐ একটা মাত্র ছোট্ট কারখানা ছিল যাকে পাওয়ারলুম বললে চলে তাও বন্ধ হয়ে গিয়েছে, চিনির কলটিও উঠে গিয়েছে। এই পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় সরকারের মত অনুযায়ী সমস্ত বন্ধ মিলের সঙ্গে এক না করে পশ্চাৎপদ মুর্শিদাবাদ জেলা হিসাবে এটাকে পৃথকভাবে নিয়ে ঐ মিল চালু করার জন্য সরকার চিন্তা করছেন কি?

**Shri Sushil Kumar Dhara:**

পশ্চাৎপদ অথবা অগ্রগামী সেটা অন্য বিষয়। এখানে যে ৬০০ শ্রমিক বেকার হল তাদের আবার নতুন করে কিভাবে কর্মসংস্থান করা যায় তা শ্রমদপ্তরকে দেখতে হবে, আমাদের সে. চিন্তা আসে নি।

**Shri Sailendra Nath Adhikary:**

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, এই মিলটা কবে থেকে বন্ধ আছে?

**Shri Sushil Kumar Dhara:**

১৯৬৫ সাল থেকে।

**Shri Sailendra Nath Adhikary:**

এই মিল বন্ধ হবার আগে ঐ মিলের উপর এইভাবে সরকারের তরফ থেকে বিশেষতঃ কেন্দ্রীয় সরকারের তরফ থেকে সে যে টাকা নিয়েছিল তার দাবি করে যে পত্র আসে তার জন্য বন্ধ, না অন্য কারণে বন্ধ হয়েছে সে খবর মন্ত্রিমহাশয় দিতে পারেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এক্সাইস ডিউটিব কথা ও'রা জানিয়েছিলেন কিন্তু এক্সাইস ডিউটি যখন খানিকটা রিল্যাক্স করা হল তখন এই মিলটা বন্ধ করে দিল।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** মন্ত্রিমহাশয় কি বলবেন যে. মিলের রেজিস্ট্রেশন লাইসেন্স বাতিল করে দিয়ে তাঁতগুলি কো-অপারেটিভের ভিত্তিতে মজুরদের মধ্যে দিয়ে আজ চালু করার কথা ভাবছেন। প্রথম কথা হল হাইকোর্টের মামলা তো আছেই. তাছাড়া এইরকম ব্যাপারও আছে যে রেজিস্ট্রেশন এবং লাইসেন্স বাতিল করে দিয়ে তাঁতগুলি মজুরদের করে নেওয়া যায়—কিভাবে সে জিনিসটা করা হবে, সেটা দয়া করে জানাবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এটা আমি বলতে পারব না, নোটিশ দিলে জানিয়ে দিতে পারবো।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** মন্ত্রিমহাশয় কি বলবেন—মণীন্দ্র মিলকে যে পাওয়ারলুম বলা হচ্ছে সে কথার ভিতরে একটা মস্ত বড় আইনের ফাঁক আছে এবং সেই ফাঁকের মধ্য দিয়ে এটাকে পাওয়ারলুমের পর্যায়ে ফেলা হয়েছে। কিন্তু কার্যতঃ এটা পাওয়ারলুম নয়, এটা একটা কটন

টেক্সটাইল মিল। ভারত সরকার এটাকে যেভাবে পাওয়ার লুম হিসাবে গণ্য করে সাইডিং-এ ফেলে দিচ্ছেন, রাজ্যসরকারও কি এই মিলটাকে সেইভাবে পাওয়ারলুম হিসাবে গণ্য করে সাইডিং-এ ফেলে দিতে চান?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** মাননীয় সদস্যের টেকনিক্যাল নলেজ এ ব্যাপারে বেশী আছে। আমি নন-টেকনিক্যাল ম্যান। কাজেই এই টেকনিক্যালের ব্যাপারে জবাব দেওয়া মুসকিল। নোটিশ দিলে এই টেকনিক্যাল ব্যাপারে জবাব দেওয়া যেতে পারে। তবে এ ব্যাপারে যাঁরা টেকনলজিস্ট আছেন তাঁদের কাছ থেকে জবাব তৈরী করে তারপরে এর উত্তর দেওয়া যেতে পারে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** আমি দেখেছি মহারাষ্ট্র অনেকগুলি কটন টেক্সটাইল মিলস চালু করার ব্যবস্থা করেছেন। আমি দেখছি ৪-৫ বছর ধরে এইসব মামলা চলে আসছে। ১৯৬৭ সালে দেখলাম আমাদের সরকার বিশেষ কমিটি মারফত বিবেচনা করতে যাচ্ছেন। কিন্তু কার্যত কিছুই হচ্ছে না। বিশেষজ্ঞ কমিটি বিবেচনা করে এই মিলগুলি চালু করার ব্যবস্থা করতে পারবেন কিনা সেটা বলবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এইসব বিষয় বিবেচনা করার জন্য আমরা সম্প্রতিকালে অ্যাডভাইসরি কাউন্সিল ফর ইন্ডাস্ট্রিয়াল ডেভালপমেন্ট নাম দিয়ে একটা এক্সপার্ট কাউন্সিল গঠন করেছি। তাঁদের কাছে যদি আপনারা আবেদন করেন তাহলে তাঁরা হয়ত এটা বিবেচনা করে দেখতে পারেন।

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** মাননীয় মন্ত্রিমহোদয় কি জানাবেন এই মণীন্দ্র মিল বন্ধ হওয়ার অন্যতম প্রধান কারণ হচ্ছে ঐ অমলেন্দ্রলাল রায় মহাশয়ের অবিমিশ্রকারিতা এবং তাঁর কর্তৃত্বে যে লেবার মুভমেন্ট হয়েছিল তারই জন্য এটা বন্ধ হয়ে গেছে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** মাননীয় সদস্যরা একই জেলায় বাস করেন। কাজেই ও'রাই পরস্পর এটা জানেন, আমার জানা নেই।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, এই মণীন্দ্র মিল বন্ধ হওয়ার পর ওখানকার শ্রমিকরা যখন খেতে পাচ্ছিল না তখন উনি যে পি ডি এফ গভর্নমেন্ট করেছিলেন দলত্যাগ করে এবং সেই সরকারের মন্ত্রী হিসাবে সেখানে গিয়ে যখন নানারকম খাদ্য খেতে আরম্ভ করেছিলেন তখন শ্রমিকরা তাঁর কাছে গিয়ে এমন লাঠিপেটা করেছিল—সেটা কি আপনি জানেন?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এর থেকে ও কথা ওঠে না।

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ীঃ** মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, অর্থকৃচ্ছ্রতার কথা তিনি এখানে তুলেছেন মিল চালু করার ব্যাপারে, এই অর্থকৃচ্ছ্রতা সত্ত্বেও পশ্চিমবঙ্গ সরকার এইরকম কোন বন্ধ মিল চালু করতে পেরেছেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** আমাদের এই সময়ের মধ্যে আমরা এখন চালু করি নি।

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ীঃ** ঢাকেশ্বরী কটন মিল, তারা চালু করে নি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** না, এখন চালু করে নি।

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ীঃ** তার জন্য কি ব্যবস্থা করেছেন?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** মাননীয় সদস্যকে জানাতে চাই যে, এটা চালু করার জন্য আমরা টাকা মঞ্জুর করেছি।

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ীঃ** তাড়াতাড়ি যাতে চালু করা যায় সে ব্যবস্থা করবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** যতদূর তাড়াতাড়ি করা যায় তার চেষ্টা করছি।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, এই মিল চালু করার জন্য আজ থেকে দু বছর আগে ঐ মিলের পাশাপাশি বেঙ্গল টেক্সটাইল মিল নামে আর একটি মিল যে চালু আছে, সেই মিলের তরফ থেকে নির্দিষ্টভাবে রাজ্যসরকারের কাছে প্রস্তাব দেওয়া হয়েছিল কিনা যে, তারা এই মিল চালু রাখতে রাজি আছেন পরীক্ষামূলকভাবে এবং যদি সেই কথা সত্য হয় তাহলে কেন সেই প্রস্তাব রাজ্যসরকার বিবেচনা করেন নি?

[1-10—1-20 p.m.]

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** তদন্ত কমিটির রিপোর্ট দেখলেই সেটা জানতে পারবেন।

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে, পশ্চিমবাংলা টেক্সটাইল ইন্ডাস্ট্রির ক্ষেত্রে যেভাবে পিছিয়ে পড়ছে, সেদিকটা চিন্তা করে স্যাক্সবি ফারমার সম্বন্ধে যুক্তফ্রন্ট মন্ত্রীসভা একসঙ্গে বসে সাব কমিটি তৈরী করে দিয়ে স্যাক্সবি ফার্ম কোম্পানীর ম্যানেজমেন্ট নিয়ে নেওয়া বিবেচনা করেছেন, তেমনি এরকম একটা গুরুত্বপূর্ণ মিলকে পশ্চিমবাংলার গভর্নমেন্টের অ্যাডভাইসারী কাউন্সিল উইথ লার্জ এন্ড ওয়াইড টার্মস অফ রেফারেন্স দিয়ে নিশ্চিন্ত না থেকে এই মিলটাকে চালু করবার জন্য একটা ছোট মন্ত্রী পর্যায়ে কমিটি করবার কথা বিবেচনা করবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এইরকম আরও অনেকগুলো মিল পড়ে রয়েছে এবং এইরকম আরও অনেক প্রস্তাব এসেছে, একটি একটি করে সবগুলির বিষয়ে চিন্তা করতে গেলে আমরা অসুবিধায় পড়ে যেতে পারি।

### Provident fund money of the factory labourers

***83.** (Admitted question No. *204.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৮-৬৯ সালে পশ্চিমবঙ্গে কয়টি কারখানায় প্রভিডেন্ট ফান্ডের মোট কত টাকা বিধিবদ্ধ তহবিলে জমা পড়ে নাই;

(খ) অদেয় এই অর্থের মধ্যে কি পরিমাণ টাকা শ্রমিকদের নিকট আদায় করিয়াও জমা দেওয়া হয় নাই এবং কি পরিমাণ মালিকদের দেয় অংশ; এবং

(গ) এই অর্থ উদ্ধারের জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

**Shri Krishnapada Ghosh:**

(ক) ১৯৬৮-৬৯ সালে পশ্চিমবঙ্গের ৬৫৪টি কারখানার দেয় প্রায় ২৪·৫০ লক্ষ টাকা বিধিবদ্ধ প্রভিডেন্ট ফান্ড খাতে জমা পড়ে নাই;

(খ) তন্মধ্যে কি পরিমাণে টাকা শ্রমিকদের নিকট হইতে আদায় করিয়াও জমা দেওয়া হয় নাই বা উহার মধ্যে মালিকের দেয় মোট কত টাকা তাহা কারখানাগুলির নিকট হইতে রিটার্ন না পাওয়ার ফলে বলা যাইতেছে না।

(গ) এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড অ্যাক্ট অনুযায়ী সার্টিফিকেট ফৌজদারী মামলা দায়ের করা হইয়াছে। ভারতীয় দন্ডবিধির ৪০৬ ও ৪০৯ ধারামতেও মামলা করার ব্যবস্থা হইতেছে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** আপনি বললেন যে, টাকাগুলো মজুরদের কাছ থেকে আদায় করা হয়েছে সেইগুলো যে যে মালিক দেয়নি সেটার খবর দিতে পারছেন না তার কারণ মালিকরা রিটার্ন দাখিল করতে পারছেন না। আইনে কি কোন বিধান নেই যে তারা বছরের পর বছর রিটার্ন দেবেন না, তাদের কি ধরার জন্য আমাদের কোন আইন নেই?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** রাজ্যসরকারের হাতে সেই ক্ষমতাটা নেই। অর্থাৎ এই রিটার্নটা ওরা সাবমিট করেন সরাসরি কেন্দ্রীয় সরকারের অধীনে সেন্ট্রাল প্রভিডেন্ট ফান্ড কমিশনের কাছে, তাদের যে রিজিয়ন্যাল বোর্ড আছে, তাদের কর্তব্য সেইগুলো আদায় করা এবং তারা আদায় করার পর আমাদের কাছে খবর দেন, তখন আমরা কোর্টে প্রসিকিউশন অথবা সার্টিফিকেট জারী করি।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** এ পর্যন্ত কতজনের বিরুদ্ধে সার্টিফিকেট জারী করা হয়েছে এবং কতগুলি মালিকের বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়ের করেছেন দয়া করে বলবেন কি?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** এর একটা মোটামুটিভাবে কনসোলিডেটেড রিপোর্ট যতদূর আমার কাছে আছে তা আমি উপস্থিত করছি। অ্যাজ অন ৩১-১২-৬৮ অর্থাৎ ১৯৬৮ সালের ডিসেম্বরে কি অবস্থা ছিল—প্রথমে আমি সার্টিফিকেট কেসের কথা বলবো এবং তারপর প্রসিকিউশন কেসের কথা বলবো। সার্টিফিকেট কেস হয়েছে দু হাজার দুশো এক, সেটা হচ্ছে ডিসেম্বরের ৩০ তারিখে সার্টিফিকেট কেস দেওয়া হয়েছে তার সংখ্যা হচ্ছে ৭৭৫টি। এবার আমি প্রসিকিউশন কেস সম্পর্কে বলছি। ১৯৬৮ সালের ডিসেম্বর পর্যন্ত প্রসিকিউশন কেস যা হয়েছে তার সংখ্যা হচ্ছে দুহাজার পাঁচ শত চব্বিশটি। ১৯৬৯ সালের ৩০এ জুন পর্যন্ত যে মামলা দায়ের করা হয়েছে তার সংখ্যা হচ্ছে এক হাজার তিন শত বত্রিশ।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** আপনি যে কেসগুলির কথা বললেন তার মধ্যে কি ব্রিচ অফ ট্রাস্টের কেসও আছে?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** না। এগুলো হচ্ছে, সিমপ্লী সার্টিফিকেট কেসেস অ্যান্ড প্রসিকিউশান কেসেস আন্ডার দি অ্যাক্ট।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** এই যে সার্টিফিকেট কেস করা হয়েছে, তাতে এই পিরিয়ডের মধ্যে কি পরিমাণ টাকা মালিকদের কাছ থেকে আদায় করা হয়েছে?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** নোটিশ না দিলে বলতে পারব না।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** ৪০৬ এবং ৪০৯ ধারামত মালিকদের বিরুদ্ধে মামলা করা হয়েছে কি?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** করা হয় নি। করার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** আমাদের অভিজ্ঞতায় দেখেছি আজ পর্যন্ত মালিকদের বিরুদ্ধে ব্রিচ অফ ট্রাস্টের মামলা হয় নি। একমাত্র ১৯৬৭ সালে সুবোধ ব্যানার্জীর মন্ত্রীত্বকালে মণীন্দ্র মিলের বিরুদ্ধে মামলা করা হয়েছিল। তাও প্রেসিডেন্ট রুলের সময় সেটা বদল হয়। আপনি অবশ্য আবার সে সিদ্ধান্ত সম্পর্কে নূতন সিদ্ধান্ত নিয়েছেন। আমার প্রশ্ন মালিকদের বিরুদ্ধে ব্রিচ অফ ট্রাস্টের মামলা দায়ের করা হবে কি?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** আইনত ব্যবস্থা গ্রহণ করতে যে সমস্ত প্রাথমিক প্রস্তুতি করা প্রয়োজন তা করতে কিছু সময় লাগবে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** এই যে লক্ষ লক্ষ টাকা মজুরদের মেরে দিয়েছে, সেজন্য চাপ দেবার জন্য কোন কারখানায় ঘেরাও হয়েছিল কি?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** এখনই সঠিক সংখ্যা বলতে পারা যাবে না, তবে কিছু কিছু ক্ষেত্রে এটা হয়েছে আমার জানা আছে।

**শ্রীযামিনীভূষণ সাহাঃ** মাননীয় শ্রমমন্ত্রী বললেন সার্টিফিকেট জারী করে কিছু কিছু টাকা আদায় করা হয়েছে। কিন্তু মন্ত্রিমহাশয় জানেন কি যে, শ্রমিকদের পাওনা টাকা সার্টিফিকেট জারী করার পর সার্টিফিকেটের কিস্তিমত টাকা দিয়ে তারপর মালিকরা কিস্তির টাকা আবার বাকি ফেলে রাখে?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** একই প্রশ্ন, কাজেই জবাব একই। হ্যাঁ, এইরকম হয়ে থাকবে।

**শ্রীযামিনীভূষণ সাহাঃ** এর ফলে শ্রমিকদের মধ্যে বিক্ষোভ ও ঘেরাও হয়েছে এটা কি অবগত আছেন?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** এই প্রশ্নের জবাব আগেই দিয়েছি।

**শ্রীহরিপদ মুখার্জীঃ** এই ফিয়ের টাকা মালিকরা না দেওয়ার জন্য শ্রমিকরা রিটায়ার করবার পর টাকা পায় না এবং তারা মারা গেলে তাদের উত্তরাধিকারীদের টাকা পেতে অসুবিধা হয়—একথা মন্ত্রিমহাশয় জানেন কি এবং ওরা যাতে সহজে টাকা পায় সেজন্য কোন কিছু ব্যবস্থার কথা ভাবছেন কি?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** এটা নিশ্চয় জানা আছে। মাননীয় সদস্যের নিশ্চয় মনে আছে যে ইন্ডিয়া ফ্যান বলে যে কারখানা কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছিলেন তা বন্ধ হয়ে যাওয়ার পরে শ্রমিকরা এক পয়সাও পান নি।

**শ্রীগোপাল বসুঃ** এইরকম যে করা হচ্ছে, এটা কন্ট্রোল করার জন্য বা রেগুলেট করার জন্য পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে ব্যবস্থা গ্রহণ করা সম্ভব কি?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** আইন পরিবর্তন করা না হলে কার্যকরী ব্যবস্থা গ্রহণ সম্ভব নয়।

**শ্রীগোপাল বসুঃ** আইন পরিবর্তনের বিষয় কোনরকম চিন্তা করা হচ্ছে কিনা?

[1-20—1-30 p.m.]

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, নিশ্চয়ই জানেন যে, শ্রমিকরা প্রভিডেন্ট ফান্ড থেকে নানাভাবে লোন গ্রহণ করে। কিন্তু এই টাকাগুলি মেরে রাখার দরুন, প্রভিডেন্ট ফান্ড চালু না থাকার দরুন আজকে বাংলাদেশের বিভিন্ন সংস্থার শ্রমিকরা কোনরকম ইন্টারিম লোন পায় না, যার জন্য তাদের অবর্ণনীয় দুঃখের মধ্যে পড়তে হচ্ছে। তা আমার আপনার কাছে জিজ্ঞাস্য হচ্ছে যে, এর জন্য কি আপনি কোন ব্যবস্থা করবেন?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** এইরকম বিভিন্ন জায়গায় আছে। তবে যদি স্পেসিফিক অসুবিধার কথা জানান হয় তাহলে নিশ্চয়ই আইনের সীমাবদ্ধতার মধ্যে যতখানি ক্ষমতা আছে তা প্রয়োগ করা হবে। অর্থাৎ সার্টিফিকেট জারি করা হবে এবং প্রয়োজনবোধে প্রসিকিউসান কেস করা হবে।

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে, কারা কারা এই টাকা মেরে রেখে দিয়েছে বা কোন্ কোন্ সংস্থার বিরুদ্ধে আপনি সার্টিফিকেট জারি করেছেন কিম্বা আপনি কি করছেন, না মামলা করছেন এটা আদায়ের জন্য। আপনাকে বিশেষভাবে কিছু বলতে হবে না। আপনি সাধারণভাবে কি নীতি গ্রহণ করেছেন বলবেন কি?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** আমি আগেই বলেছি, কতকগুলি মামলা দায়ের করা হয়েছে, সার্টিফিকেট কেস অনুযায়ী এবং কতকগুলি মামলা প্রসিকিউশান হিসাবে দায়ের করা হয়েছে। আমি সংখ্যা আগেই বলেছি। সেই সংখ্যা ছাড়া কিছু আছে বলে আমার জানা নেই। যদি আমার নজরে আসে নিশ্চয়ই ব্যবস্থা গ্রহণ করবো।

**শ্রীরবীন মুখার্জীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানালেন যে, ইন্ডিয়া ইলেকট্রিক কারখানাটা বন্ধ হয়ে যাবার পর তাদের প্রভিডেন্ট ফান্ড-এর টাকা শ্রমিকরা পায় না। একথা কি সত্য যে, ইন্ডিয়া ইলেকট্রিক কারখানাটার মালিকানা ছিল কেন্দ্রীয় সরকারের?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** হ্যাঁ, সত্য।

**শ্রীরবীন মুখার্জীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে পশ্চিমবঙ্গ সরকার, এই সম্পর্কে—যাতে শ্রমিকরা টাকাটা পায় তার জন্য কোন বিধিব্যবস্থা বা অন্য কোন শাস্তিমূলক ব্যবস্থা নেবার পরিকল্পনা করেছেন বা করতে যাচ্ছেন?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** মাননীয় সদস্য মহাশয়ের জানা আছে যে, সরাসরি রাজ্যসরকার এই ব্যবস্থা করতে পারেন না। যতক্ষণ না পর্যন্ত কেন্দ্রীয় সরকারের অধীনে যে প্রভিডেন্ট ফান্ড-এর সংগঠন আলে তারা কেসটার রেফার করছেন বা আমাদের কাছে দিচ্ছেন, ততক্ষণ পর্যন্ত আইনত আমরা কোন ব্যবস্থা করতে পারি না।

**শ্রীরবীন মুখার্জীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, প্রায় তিন হাজারের মত মামলা এবং প্রতি বছর এই জাতীয় মামলা দায়ের করা হচ্ছে। সার্টিফিকেট কেস হচ্ছে। এখন এইগুলি দ্রুতগতিতে সমাধা কবার জন্য পশ্চিমবাংলার আইনের চৌহদ্দির মধ্যে, ট্রাইবিউন্যাল ইত্যাদি গঠন করে, দ্রুতগতিতে এই কেসগুলি শেষ করার ব্যবস্থা কি আছে?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** বিবেচনা করা হবে।

**শ্রীহরিপদ মুখার্জীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, যারা টাকা পায় না যা সরকারের দায়িত্ব আছে, তাদের সেই প্রভিডেন্ট ফান্ড-এর টাকাটা তারা যাতে পায় সে সম্পর্কে সরকার কিছু ভাবছেন কি?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** মাননীয় সদস্যের নিশ্চয়ই মনে আছে আমি একটু আগে বলেছিলাম যে, কেন্দ্রীয় যে আইন আছে, সেই আইনকে না পরিবর্তন করতে পারলে শ্রমিকরা যে সুবিধা চায় বা সুবিধা দেওয়া উচিত তা সম্ভবপর নয়।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, ইন্ডিয়া ফ্যান কেন্দ্রীয় সরকার যতদিন থেকে নিয়েছেন, সেদিন থেকে প্রভিডেন্ট ফান্ড-এর টাকা বাকী রয়েছে না তার আগে যখন অন্য মালিকানায় ছিল তখন থেকে এই টাকাটা বাকী পড়ে আছে?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** নোটিশ দিলে এই প্রশ্নের জবাব দেব।

### Procurement of foodgrains from different districts

*84. (Admitted question No. *383.)

**শ্রীআজিজুর রহমানঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি— এই বৎসর জুন ১৫ তাং পর্যন্ত কোন্ জেলা হইতে কি পরিমাণ ধান, চাল ও গম সংগৃহীত হয়েছে?

**শ্রীসুধীন কুমারঃ** প্রয়োজনীয় তথ্য এতৎসহ একটি বিবরণীতে উপস্থাপিত করা হইলঃ

Statement referred to in reply to Starred Assembly Question No 383.

*Procurement of rice, paddy and wheat in the district from 1st November 1968 to 16th June 1969 as reported by F C I*

(Figures in M Tonnes)

| Sl No | District | Rice | Paddy | Wheat |
|---|---|---|---|---|
| 1. | Burdwan .. .. . | 62,072 | 18,910 | 17 |
| 2. | Birbhum .. . | 66,942 | 23,884 | 19 |
| 3 | Bankura . . | 4,056 | 78,192 | 14 |
| 4 | Purulia .. .. | 3,218 | 36,036 | |
| 5 | Midnapore .. . .. . | 32,981 | 19,886 | |
| 6 | Hooghly .. .. . | 1,942 | 2,817 | |
| 7 | Howrah .. .. .. . | 5 | 214 | . |
| 8 | 24-Parganas . .. .. | 14,597 | 5,184 | |
| 9 | Nadia .. .. .. .. | 2 | 210 | |
| 10 | Murshidabad .. .. . . | 2,876 | 5,909 | |
| 11. | Malda .. .. . . . | 476 | 4,028 | .. |
| 12 | West Dinajpur .. . . . | 19,131 | 56,131 | 3 |
| 13. | Cooch Behar .. . . | 853 | 12,179 | .. |
| 14 | Jalpaiguri .. . .. . | 3,317 | 3,630 | .. |
| 15 | Darjeeling . . . | 883 | 1,125 | . |
| | | 213,351 | 298,035 | 53 |

**শ্রীআজিজুর রহমান:** সংগ্রহের কাজ কি এখনও চলছে?

**শ্রীসুধীন কুমার:** এখনও চলছে।

**শ্রীআজিজুর রহমান:** প্রত্যেক জেলায় যে পরিমাণ টার্গেট ছিল সেই অনুযায়ী কোন জেলায় কি সংগ্রহ হয়েছে?

**শ্রীসুধীন কুমার:** এর বিস্তারিত হিসাবটা আমার কাছে আছে, আমি পড়ে দিচ্ছি: বর্ধমান জেলায় টার্গেট ছিল ১ লক্ষ টন, এ পর্যন্ত প্রকিওরমেন্ট হয়েছে ৯৭,১ টন . .

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** এটা কি ইন টার্মস অব রাইস?

**শ্রীসুধীন কুমার:** হ্যাঁ। বীরভূম জেলায় ছিল ১ লক্ষ টন, এখনও পর্যন্ত হয়েছে ৮৪·৯। এগুলি সব কিন্তু ৫-৭-৬৯ পর্যন্ত। বাঁকুড়ায় ছিল ৫৪ হাজার টন, হয়েছে ৫৬;৬, পুরুলিয়ার ৩০ হাজার টন, হয়েছে ২৭;৫, মেদিনীপুর ৫৫ হাজার টন, হয়েছে ৪৭:৪, হুগলী ৬, হয়েছে ৩·৮, হাওড়া ১, হয়েছে ০·২, ২৪-পরগনা ৩৫, হয়েছে ১৮·৬, নদীয়া ১, হয়েছে ০·১, মুর্শিদাবাদ ১৩, হয়েছে ৭, পশ্চিম দিনাজপুর ৫০, হয়েছে ৫৬·৯, মালদহ ৩, হয়েছে ৩·২, কুচবিহার ৬, হয়েছে ৯, জলপাইগুড়ি ৪, হয়েছে ৫·৬, দার্জিলিং ছিল ১, হয়েছে ১·৬।

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** মন্ত্রিমহাশয় দয়া করে বলবেন কি যে, জেলাওয়ারী যে টার্গেট ছিল এবং প্রকিওরমেন্ট-এর যে হিসাব দিলেন—জেলাওয়ারী কি খরচ পড়েছে তা আদায় করবার জন্য এমন হিসাব আছে কি আপনার কাছে?

**শ্রীসুধীন কুমার:** নোটিশ চাই।

[1-30—1-40 p.m.]

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** যেসব জেলায় ৫০ পার্সেন্ট টার্গেট হয় নি এবং আপনার নূতন যে প্রকিওরমেন্ট পলিসি হয়েছে তাতে অযথা খরচ না করে উদ্বৃত্ত জেলা হিসাবে ধরার কোন সিদ্ধান্ত করেছেন কি?

**শ্রীসুধীন কুমার:** এ বছরে সেখানে প্রকিওরমেন্ট না হলে সামনের বছরে হবে না এমন কোন গ্যারান্টি নেই। মাত্র দুটা জেলা ৫০ পার্সেন্ট প্রকিওরমেন্ট টারগেট হয়েছে।

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** এই যে বিভিন্ন জেলায় অনাদায়ী লেভী বাকী আছে সেখানে প্রকিওরমেন্ট-এর কি ব্যবস্থা করছেন?

**শ্রীসুধীন কুমার:** এটা লেভীর প্রশ্ন করছেন, এটা সামগ্রিক প্রকিওরমেন্ট-এর ব্যাপার। প্রকিওরমেন্ট চলছে এবং আমার বিশ্বাস আমাদের টার্গেট অনুযায়ী আমরা প্রকিওরমেন্ট করতে পারব।

**শ্রীঅজিতকুমার বিশ্বাস:** যেসমস্ত টার্গেট অনুযায়ী টার্গেট ফুলফিল হয় নি সেখানে ফুলফিল করার জন্য কি স্টেপ নিচ্ছেন?

**শ্রীসুধীন কুমার:** টার্গেট ফুলফিল করার যথেষ্ট সময় আছে এবং তার মধ্যেই আমাদের টার্গেট ফুলফিল হবে।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** এই যে গম প্রকিওর করেছেন এটা সরকারী দরে প্রকিওর করেছেন, না বাজার দরে প্রকিওর করেছেন?

**শ্রীসুধীন কুমারঃ** সারা ভারতবর্ষে প্রকিওরমেন্ট-এর যে দাম ঠিক হবে সেই দামেই প্রকিওর-মেন্ট করছি।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** জুলাই মাস থেকে লিন পিরিয়ড সুরু হবে। সুতরাং আপনি কি আশা করেন যে টার্গেট অনুযায়ী প্রকিওরমেন্ট হবে?

**শ্রীসুধীন কুমারঃ** হ্যাঁ।

**শ্রীঅনিলকুমার মুখার্জিঃ** যে ধান ও চাল সংগ্রহ করেছেন সেইসব কিভাবে রাখা হয়?

**শ্রীসুধীন কুমারঃ** গুদামে রাখা হয়।

**শ্রীঅনিলকুমার মুখার্জিঃ** আপনি কি জানেন বাঁকুড়া জেলায় ওন্দা থানায় যে রাইস মিল আছে তাতে সেখানে কোন গুদাম নেই এবং বাহিরে রাখা হয়?

**শ্রীসুধীন কুমারঃ** রাইস মিল-এর গুদাম থাকবে এমন কথা নেই, তবে যদি কোন অব্যবস্থা থাকে তাহলে নোটিশ দিলে খোঁজ করব।

**শ্রীবিমলকান্তি বসুঃ** এই প্রকিওরমেন্ট কার মাধ্যমে হচ্ছে?

**শ্রীসুধীন কুমারঃ** এফ সি আই।

**শ্রীবিমলকান্তি বসুঃ** বিনা রসিদে প্রকিওরমেন্ট করা হচ্ছে এটা কি জানেন?

**শ্রীসুধীন কুমারঃ** এইরকম কোন অভিযোগ নেই।

**ডাঃ জয়নাল আবেদীনঃ** কোন কোন জেলায় প্রকিওরমেন্ট একের দশ অংশ হয়েছে এবং কোন কোন জেলায় টার্গেট এক্সিড করেছে। কিন্তু যে জেলায় প্রকিওরমেন্ট টার্গেট রীচ করা যায়নি সেটা কি কারণে হয়েছে?

**শ্রীসুধীন কুমারঃ** সেই জেলা সম্পর্কে রিপোর্ট দিয়ে বলতে পারি যে, সেখানে হয় উৎপাদন কম হয়েছে, বা গত মরশুমে সেখানে কম উৎপাদন হয়েছে বা সেখানে আমাদের মেসিনারী ঠিক-ভাবে কাজ করতে পারে নি।

**শ্রীসুরেশচন্দ্র সিংহঃ** এখন প্রকিওরমেন্ট-এর কি রেট দেওয়া হয়েছে? আগে ছিল থার্টি ফার্স্ট মার্চ-এর মধ্যে দিলে, চাষীকে বোনাস দেওয়া হোত—এটা এখন কন্টিনিউ করা হচ্ছে কিনা?

**শ্রীসুধীন কুমারঃ** বোনাস কন্টিনিউ করা হচ্ছে।

**শ্রীঅনিলকুমার মুখার্জিঃ** যেসব ডি পি এজেন্ট-এর মাধ্যমে ধান সংগ্রহ করা হয় সেই ডি পি এজেন্টরা সব কংগ্রেসী লোক যার ফলে ধান, চাল সংগ্রহ ভাল হচ্ছে না, একথা কি জানেন?

**শ্রীসুধীন কুমারঃ** ডি পি এজেন্টদের [illegible] মতামত বিচার করে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয় না। যদি কোথাও অব্যবস্থা দেখেন রিপোর্ট করলে নিশ্চয়ই ব্যবস্থা গ্রহণ করা হবে।

**শ্রীনারায়ণ নস্করঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে প্রকিওরমেন্ট ফিগারের কথা এখানে জানান হয়েছে ২৫এ ফেব্রুয়ারীর আগে পর্যন্ত তার পরিমাণ কত এবং তার পরেই বা কত?

**শ্রীসুধীন কুমারঃ** নোটিশ দিলে ভালভাবে বলতে পারতাম। তবে আমার ধারণা ২ লক্ষের সামান্য উপরে ছিল এবং ২৫এ ফেব্রুয়ারীর পর ২ লক্ষ ১৯ হাজার হয়েছে।

**ডাঃ জয়নাল আবেদিনঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি, উৎপাদন কম হয়েছে বলে প্রকিওরমেন্ট ব্যাহত হয়েছে কিনা এবং রাজনৈতিক কারণে এরকম হয়েছে কিনা?

**শ্রীসুধীন কুমারঃ** না।

### Road Schemes in West Dinajpur and Birbhum districts

***85.** (Admitted question No. *418.) **Dr. ZAINAL ABEDIN:** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) if any Road Scheme has been adopted and sanctioned after February 25, 1969, (i) in the district of West Dinajpur and (ii) in the district of Birbhum;

(b) if so, what are they; and

(c) how the selection of Road Scheme in the districts is made?

**Shrimati Protiva Mukherjee :** (a) No new Road Scheme has been adopted and sanctioned in the district of Birbhum and West Dinajpur after 25th February 1969.

(b) Does not arise.

(c) Selection is made generally in consultation with the local representatives keeping in view the relative necessity of various districts, technical feasibility and availability of funds.

**ডাঃ জয়নাল আবেদিনঃ** তাহলে কি এই স্টেটে রাস্তা করা বন্ধ হয়ে গেছে?

**শ্রীমতী প্রতিভা মুখার্জীঃ** নূতন রাস্তা করা বন্ধ হয় নি। ২৫-২-৬৯ এর পরে কোন নিউ স্কীম দেওয়া হয় নি। মাননীয় সদস্যের প্রশ্ন ওয়েস্ট দিনাজপুর এবং বীরভূমকে এক সাথে জড়িয়ে দেবার উদ্দেশ্য কি সেটা আমি বুঝতে পারছি না এবং আমি জানি না উনি পুরান প্র্যাকটিসের কথা বলছেন কেন। যেহেতু আমি বীরভূম ডিস্ট্রিক্টের, সেহেতু বীরভূমে রাস্তা হয়েছে কিনা সেটা জানতে চাচ্ছেন। কংগ্রেস আমলে অবশ্য এ জিনিস হয়েছে কিন্তু এই ধরনের প্র্যাকটিস আমরা করব না। বলা হয়েছে যে নিউ স্কীমের জন্য টাকা দরকার। নিউ স্কীম এখন পর্যন্ত নেওয়া হয় নি। নিউ স্কীম যখন নেওয়া হবে তখন তা সমস্ত ডিস্ট্রিক্টেই নেওয়া হবে।

**ডাঃ জয়নাল আবেদিনঃ** মন্ত্রিমহাশয় পুরান প্রাকটিস বলে যা বললেন সেটা ঠিক কথা নয়। পশ্চিম দিনাজপুর এবং বীরভূম আয়তন এবং লোকসংখ্যার দিক থেকে একই রকম। যাহোক, আমার প্রশ্ন হচ্ছে ইন কনসালটেশন উইথ রিপ্রেজেনটেটিভ বডিস বলে যা বললেন সেই রিপ্রেজেনটেটিভ বডিস বলতে আপনি কি মিন করছেন?

[1-40—1-50 p.m.]

**Shri A. H. Besterwitch:** On a point of order, Sir. The supplementary of Dr. Zainal Abedin was whether Government was thinking of constructing any roads in future in Birbhum and West Dinajpur. When the Hon'ble Minister was answering that question there was a lot of hubbub. Now, Dr. Zainal Abedin has come out with a new supplementary. I ask you, Sir, whether this question which the Hon'ble Minister is now going to answer is the first question or the second question of Dr. Abedin?

**Mr. Speaker:** There is not point of order. She is answering in her own way but the member is entitled to put supplementaries.

**ডাঃ জয়নাল আবেদিনঃ** আপনি যে রিপ্রেজেনটেটিভ বডিস বলছেন যার সঙ্গে পরামর্শ করবেন রাস্তা তৈরীর স্কীমের ব্যাপারে, এটা আপনি কাকে মীন করছেন?

**শ্রীমতী প্রতিভা মুখার্জিঃ** সেটা হচ্ছে রিপ্রেজেনটেটিভ মিনস এম এল এ-জ, পলিটিক্যাল পার্টিজ, তাঁদের সঙ্গে পরামর্শ করব, রিপ্রেজেনটেটিভ যেটা ভাবছি, যেটা করছি সেটা হল, সবাব সঙ্গে বসে পরামর্শ করে জেনারেলী করব, আমি নর্থ বেঙ্গলে গিয়ে কিছু কিছু এম এল এ-কে ডেকেছিলাম, সকলের সঙ্গে বসে স্কীমটা নিয়ে ভাল হবে, সেজন্য এটা ভাল প্রসেস বলে মনে করি।

**শ্রীঅহিন্দ্র সরকারঃ** জয়নাল আবেদিন সাহেব যখন মন্ত্রী ছিলেন তখন তাঁর বাড়ি পর্যন্ত দু মাইল রাস্তা পাকা করে নিয়েছিলেন একথা কি ঠিক নয়?

**শ্রীমতী প্রতিভা মুখার্জিঃ** কংগ্রেস আমলে এইরকম অনেক জায়গায় হয়েছে যে কথা আমি বলতে চাচ্ছিলাম।

**শ্রীআবদুস সাত্তারঃ** এই সিলেকশান অফ রোড স্কীম ইন কনসালটেশান উইথ লোক্যাল এম এল এ-জ অ্যান্ড পলিটিক্যাল পার্টিজ নেওয়া হয় যেকথা আপনি বললেন। আমার প্রশ্ন হচ্ছে এই মর্মে কোন সার্কুলার ডিস্ট্রিক্ট অথরিটির কাছে পাঠিয়েছেন কি?

**শ্রীমতী প্রতিভা মুখার্জিঃ** সার্কুলারের কোন প্রশ্ন নয়, আমি ডাকব ডিস্ট্রিক্টওয়াইজ টুর করে, এটা কোন সার্কুলার দেওয়ার কথা নয়, এই প্রসেসই সবচেয়ে বেটার প্রসেস বলে আমি মনে করি।

**শ্রীআবদুস সাত্তারঃ** আপনি কি এই পলিসি অলরেডি নিয়েছেন না নেবেন?

**শ্রীমতী প্রতিভা মুখার্জিঃ** অলরেডি নিয়েছি আগেই বলেছি।

**শ্রীআবদুস সাত্তারঃ** মাননীয়া মন্ত্রিমহোদয়া কি মনে করেন না যে পলিসি নিয়েছেন ইন ক্যালকুলেশান উইথ দি পলিটিক্যাল পার্টিজ যেমন ফুড অ্যান্ড রিলিফ কমিটিতে হয়েছে সেই হিসাবে ডিস্ট্রিক্ট অথরিটিকে এ সম্বন্ধে নির্দেশ দেওয়া উচিত? আপনি সেইরকম কিছু দিয়েছেন কি দেন নি?

**শ্রীমতী প্রতিভা মুখার্জিঃ** আমি তো আগেই বলেছি আমি নিজে ডাকব, নির্দেশ পাঠাবার কোন প্রশ্ন নয়।

**শ্রীসুরেশচন্দ্র সিংহঃ** মাননীয়া মন্ত্রিমহাশয়া দয়া করে জানাবেন কি, যে বর্ডার রোডস, সীমান্ত রাস্তাগুলি করতে যে খরচ হবে সেটা কেন্দ্রীয় সরকার এবং রাজ্যসরকারের মধ্যে হারাহারিমতে ভাগ করা হবে বলে কথা আছে, কেন্দ্র কত এবং রাজ্য কত?

**শ্রীমতী প্রতিভা মুখার্জিঃ** বর্ডার রোডস পি ডবলিউ ডিপার্টমেন্ট-এর।

**শ্রীসুবোধ ব্যানার্জিঃ** বর্ডার রোডস পি ডবলিউ ডিপার্টমেন্টের, এ সম্বন্ধে আমি জানিয়ে দিতে পারি ওয়েস্ট দিনাজপুর এবং ২৪-পরগনা-এর বর্ডার আউট পোস্ট এবং বর্ডার রোডস লিংক করে ইছামতীর উপর ব্রিজ তৈরী করেছি সেন্ট্রাল গভর্নমেন্টের কথার উপর নির্ভর করে অন দি ক্লিয়ার আন্ডারস্ট্যান্ডিং যে সেন্ট্রাল গভর্নমেন্ট টাকা দেবে। এর জন্য ১ কোটি ৭৮ লক্ষ টাকা পশ্চিমবঙ্গ সরকার খরচ করেছে কিন্তু একটি পয়সাও কেন্দ্রীয় সরকার দেন নি। I have taken it up with the Defence Ministry, with the Union Home Ministry and this is violation, this is going back upon the word of honour given by the Central Government.

**Shri Nepal Chandra Ray:**

কংগ্রেস আমলের কোন্ কোন্ মন্ত্রীর বাড়ি পর্যন্ত পাকা রাস্তা হয়েছে সেটা মন্ত্রিমহাশয়া জানাবেন কি?

**Shrimati Protiva Mukherjee :**

কংগ্রেস আমলে অনেক মন্ত্রীর বাড়ি পর্যন্ত পাকা রাস্তা হয়েছে, কিন্তু মন্ত্রী নন এম এল এ, যেমন আমার জিলার শ্রীবৈদ্যনাথ ব্যানার্জীর বাড়ি পর্যন্তই নয়, তাঁর বৈঠকখানা পর্যন্ত পাকা রাস্তা হয়েছে।

**Dr. Zainal Abedin:**

কোন এলাকার কোন কংগ্রেস মন্ত্রীর বাড়ি রাস্তার ধারে থাকলে সেখানে পাকা রাস্তা হতে বাধা আছে কি?

**Shrimati Protiva Mukherjee:**

বাধা নিশ্চয়ই নাই। যেখানে আধ মাইল যেতে কোমর পর্যন্ত কাদা, সেখানে যদি কোন পাকা রাস্তা না হয়ে কোন এম এল এ, বা মন্ত্রীর বৈঠকখানা পর্যন্ত পাকা রাস্তা হয়, তাহলে সে কথা নিশ্চয়ই বলবো বৈকি?

**Shri Nepal Chandra Ray:**

মন্ত্রিমহাশয়া বলেছেন কংগ্রেস আমলে অনেক মন্ত্রীর বাড়ি পর্যন্ত পাকা রাস্তা গিয়েছে, আমার সেখানে প্রশ্ন ছিল কোন্ কোন্ মন্ত্রীর বাড়ির সামনে দিয়ে পাকা রাস্তা গিয়েছে? মন্ত্রিমহাশয়া কোন মন্ত্রীর কথা না বলে একজন এম এল এ-র কথা বললেন কেন?

**Mr. Speaker:** She has answered it in her own way. I cannot force her.

**Dr. Zainal Abedin:**

মন্ত্রিমহোদয়া কি জানেন আগে রীতি ছিল ৫ মাইলের মধ্যে কোন প্যারালাল রাস্তা চলবে না? এখন তিনি বললেন আধ মাইলের মধ্যে প্যারালাল রাস্তা রয়েছে। এমন কোন দৃষ্টান্ত তিনি দেখাতে পারবেন?

**Shrimati Protiva Mukherjee:**

অনেক দৃষ্টান্ত আছে। নোটিশ দেবেন সব বলে দেব, দেখিয়ে দেব।

**Shri Bazle Ahmed:**

রাস্তার কনট্রাক্টরদের সঙ্গে যোগসাজসে অনেক খদ্দরের ছালধারীরা রাস্তার নাম করে নিজেদের বাড়িঘর সব গুছিয়ে নিয়েছেন এটা জানেন?

**Mr. Speaker:** This question has got no relevancy. This is disallowed.

**Dr. Nalinaksha Sanyal:**

তিনি যে মৌলিক নীতি এই রাস্তা সম্বন্ধে নির্ধারণের কথা ভাবছেন, তার মধ্যে এমন নীতি তিনি গ্রহণ করুন যাতে স্কুল বা হাসপাতাল পর্যন্ত পাকা রাস্তা হতে পারে বা যাবে। এইরকম নীতি যদি গ্রহণ করেন, তাহলে ব্যক্তিগত প্রভাবের কথা আসবে না।

**Shrimati Protiva Mkherjee:**

এই সমস্ত কংগ্রেসী আমলের ম্যাল প্র্যাকটিসগুলি রুখবার জন্য নিশ্চয়ই ভাবছি এবং সিদ্ধান্তও সেইভাবে নিচ্ছি। ফান্ডের সর্টেজ, তার মধ্যে যাতে স্কুল এবং হাসপাতাল পর্যন্ত রাস্তা কভার করা যায়, তার চেষ্টা করবো। আগেই বলেছি কংগ্রেস আমলে গোটা বাংলাদেশে একটা কমপ্রিহেনসিভ প্ল্যান করে কোন রাস্তার কাজ হয় নি। কেবল অমুক মন্ত্রীর বাড়ি, অমুক এম এল এ-র বাড়ি এইসব দেখা হয়েছে। এই প্রসঙ্গে আমি বাঁকুড়া জেলার কথা বলতে পারি, অতুল্য ঘোষের নামও করতে পারি—যাকে মন্ত্রী "মেকার" বলা যেতে পারে—তার বাড়ি পর্যন্ত পাকা রাস্তা হয়েছে। গোটা বাংলাদেশের সমস্ত হিসেব—ডিপার্টমেন্টালি আমি নিচ্ছি। আমি আগেই বলেছি পলিটিক্যাল পার্টি রিপ্রেজেনটেটিভস ও এম এল এদের নিয়ে একত্রে বসে আমরা পরামর্শ করবো, দেখবো কোন্ কোন্ জেলার কাজ আগে হাতে নেব। যেসব ডিস্ট্রিক্ট বেশী নেগলেকটেড হয়েছে এই রাস্তার ব্যাপারে, তাদের আমরা অগ্রাধিকার দেব—অবশ্য ফান্ডে যতটা কুলায়, সেইমত আমরা ব্যবস্থা করবো।

## Egra-Ramnagar Road

***86.** (Admitted question No. *464.)

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার এগরা-রামনগর রাস্তার মোট দৈর্ঘ্য কত;

(খ) ঐ রাস্তার মধ্যে কত মাইলের কাজ এ যাবৎ সম্পূর্ণ হইয়াছে; এবং

(গ) উক্ত রাস্তাটির কাজ এখনও সম্পূর্ণ না হওয়ার কারণ কি?

[1-50—2 p.m.]

**Shrimati Protiva Mukherjee:**

(ক) কিঞ্চিদধিক সাড়ে সতেরো মাইল।

(খ) মাটির কাজ ১৫ মাইল সম্পূর্ণ হইয়াছে; তন্মধ্যে ৩ মাইল পিচের কাজ হইয়াছে।

(গ) কোন কোন স্থানে জমির দখল পাইতে বিলম্ব এবং আর্থিক অনটন।

**Shri Bibhuti Pahari:**

মাননীয়া মন্ত্রিমহোদয়া বলেছেন যে, ১৫ মাইল রাস্তার মাটির কাজ হয়ে গিয়েছে তার মধ্যে ৩ মাইল পিচের রাস্তা। আমার জিজ্ঞাস্য, রাস্তার কাজ কবে শেষ হবে, তিনি মার্চ মাসে বলেছিলেন ১৯৭০ সালের জুন সেকথা কি এখনও ঠিক আছে?

**Shrimati Protiva Mukherjee:**

এ রাস্তার ব্যাপারে আপনারা হয়ত জানেন যে জমি দখল নেবার ব্যাপারে কিছু গণ্ডগোল চলেছে। কমপেনসেশান না দেবার জন্য জমির মালিকরা এবং বাড়ি কিছু চলে যাবার জন্য আমাদের জমি ও বাড়িগুলি দখল নিতে দেরি হয়েছিল। সেখানে আমরা ব্যবস্থা করেছি অন্তত অর্ধেক কমপেনসেশান দেবার এবং সেটা দিয়ে দেওয়া হয়েছে। এর জন্যই দেরি হয়েছিল। কাজেই যেটা বললাম সেটা এই কারণে একটু দেরি হয়েছে কিন্তু আমরা আশা করছি ডিসেম্বরের ভেতরেই হবে।

**Shri Bibhuti Pahari:**

মাননীয়া মন্ত্রিমহোদয়া জানাবেন কি যে, এই এগরা-রামনগর রাস্তার উপর তিনি এখনই বললেন যে শতকরা ৫০ ভাগ ক্ষতিপূরণ দেওয়া হয়েছে। কিন্তু আমি জানি রোসন গ্রামের একটি পরিবার এক টাকাও ক্ষতিপূরণ পায় নি এবং সেজন্য বাড়িঘর ছেড়েও যায় নি, যে কারণে রাস্তার কাজ এগুচ্ছে না?

**Shrimati Protiva Mukherjee:**

কোন পার্টিকুলার কেস হয়ে থাকলে জানা নেই, জানালে নিশ্চয় ব্যবস্থা হবে।

**Shri Bibhuti Pahari:**

এই লোকগুলি যাতে ক্ষতিপূরণ পায় এবং তাড়াতাড়ি বাড়িঘর ছেড়ে অন্য জায়গায় বাস করতে পারে তার কোন ব্যবস্থা মন্ত্রিমহোদয়া করবেন কি?

**Shrimati Protiva Mukherjee :**

তাড়াতাড়ি যাতে ক্ষতিপূরণ পায় সে ব্যবস্থা আমাদের সাধ্য অনুযায়ী করবো, তবে অন্য জায়গায় বাস করতে পারবে কিনা সেটা আমাদের ব্যাপার নয়, আমার করার ক্ষমতাও নেই।

**Shri Bibhuti Pahari:**

কোন পরিবারবর্গ ওখানে শতকরা ৮০ ভাগ ক্ষতিপূরণ আগাম চেয়েছেন একথা মন্ত্রিমহোদয়া জানেন কিনা? যাদের বাড়িঘর গিয়েছে তাঁরা শতকরা ৮০ ভাগ চেয়েছেন?

**Shrimati Protiva Mukherjee :**

বিশেষ করে রোসন মৌজায় তারা সমস্ত টাকা না পেলে দেবেন না এমন অবস্থা হয়েছিল, আমি বলেছি আমরা চেষ্টা করে অর্ধেক দিয়ে ব্যবস্থা করেছি এবং বেশির ভাগ জায়গায় এই জমি দখলের ব্যাপারে অসুবিধা দেখা দেয়। মাননীয় সদস্যরা এ বিষয়ে সাহায্য করলে সুবিধা হয় কারণ, রাস্তা তো আর শূন্য দিয়ে যাবে না; জমি, বাড়ি দখল করতেই হবে, রাস্তার ডিমান্ড করা হয় কিন্তু জমি, বাড়ি দখল না করলে রাস্তা করা যায় না। এ ব্যাপারে আপনাদের সহযোগিতাই ডিলেকে রোধ করে কাজকে ত্বরান্বিত করতে পারে।

**Shri Bibhuti Pahari:**

মাননীয়া মন্ত্রিমহোদয়া জানাবেন কি যে, আইনে কত ভাগ ক্ষতিপূরণ আগাম দেওয়া যায়?

**Shrimati Protiva Mukherjee :**

নোটিশ দিলে পার্টিকুলার কত টাকা দেওয়া যায় জানাব, তবে আইন দেখে নেবেন. নোটিশ দিলে জানান হবে।

**Supply of foodgrains from other States to Food Corporation**

***87.** Admitted question No. *598.)

**শ্রীমনোরঞ্জন বক্সী:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৮ সাল হইতে ১৯৬৯ সালের মে মাস পর্যন্ত ভারতের কোন্ রাজ্য হইতে কত পরিমাণ ও কি কি খাদ্যশস্য পশ্চিমবঙ্গের জন্য খাদ্য করপোরেশনের কাছে পাঠানো হয়; এবং

(খ) কত পরিমাণ খাদ্যশস্য ঐ সময়ের মধ্যে রেলওয়াগন হইতে নিখোঁজ হইয়াছে?

**Shri Sudhin Kumar:**

(ক) ফুড কর্পোরেশন অব ইন্ডিয়ার পশ্চিমবঙ্গ শাখা জানুয়ারী ১৯৬৮ হইতে মে ১৯৬৯ পর্যন্ত পশ্চিমবঙ্গের জন্য বিভিন্ন রাজ্য হইতে নিম্নোক্ত খাদ্যশস্য পাইয়াছেনঃ—

| | | | | |
|---|---|---|---|---|
| চাউল | ... | ... | ... | ২৯১,০৩৬ মেট্রিক টন |
| গম | ... | ... | ... | ৫২২,৯৫৭ মেট্রিক টন |
| ভুট্টা | ... | ... | ... | ৬৯,৮৫৩ মেট্রিক টন |
| মাইলো | ... | ... | ... | ১৫,৪৪২ মেট্রিক টন |
| বার্লি | ... | ... | ... | ১৬,৬৭৭ মেট্রিক টন |
| ছোলা | ... | ... | ... | ৮,৯০৪ মেট্রিক টন |
| ছোলা ডাল | ... | ... | ... | ৫,৫০৬ মেট্রিক টন |

(খ) ঐ সময়ের মধ্যে কোন খাদ্যশস্যের রেল ওয়াগন নিখোঁজ হইবার কোন সংবাদ ফুড কর্পোরেশন অব ইন্ডিয়া অবগত নহেন।

**শ্রীমনোরঞ্জন বক্সিঃ** যেসমস্ত খাদ্যশস্য হারিয়েছে সেগুলির খোঁজ পাওয়া গেছে কি?

**শ্রীসুধীন কুমারঃ** খাদ্যশস্য অনেক সময় নিখোঁজ হয় এবং তার জন্য রেলের কাছে দাবী করা হয় এবং তার জন্য রেল কর্তৃপক্ষের কাছ থেকে খেসারত পাওয়া যায়।

**শ্রীমনোরঞ্জন বক্সিঃ** এই যে মাল নিখোঁজ হয়েছে, তার খেসারত পেয়েছেন কি?

**শ্রীসুধীন কুমারঃ** এই সময়ের মধ্যে আমরা রেলের কাছে ৭৬ লক্ষ টাকা দাবী করেছি। তার মধ্যে ২৭ লক্ষ টাকার নিষ্পত্তি হয়েছে। ৭ লক্ষ টাকার ব্যাপারে এফ সি আই আমাদের ফেভারে।

**শ্রীঅনিলকুমার মুখার্জিঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, পি ডি এফ গভর্নমেন্টের সময় বহু ওয়াগনে করে গম এসে এমনি পড়ে থাকায় বহু খাদ্যশস্য নষ্ট হয়ে গেছে। এর হিসাবটা কি জানেন?

**শ্রীসুধীন কুমারঃ** ঘটনা ঘটেছিল, সেটা আমরা জানি। নোটিশ দিলে আমি নিশ্চয়ই জানিয়ে দিতে পারবো।

**শ্রীনিতাইপদ সরকারঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, বাহিরের প্রদেশ থেকে এফ সি আই-এর মাধ্যমে আমাদের যে খাদ্যশস্য আসে তার কোয়ালিটি পরীক্ষা করবার জন্য কোন ব্যবস্থা আছে কি?

**শ্রীসুধীন কুমারঃ** তার জন্য কোয়ালিটি কন্ট্রোল ডিপার্টমেন্ট আছে।

**শ্রীনিতাইপদ সরকারঃ** আমরা জানি রেশনের মাধ্যমে মাঝে মাঝে যে চাল, গম দেওয়া হয় সেটা যে বাহিরের প্রদেশের পচা চাল, গম সে সম্বন্ধে আমাদের কাছে অভিযোগ আছে। পরবর্তী-কালে যাতে ভাল চাল পাওয়া যায় এফ সি আই এর মাধ্যমে এবং আর যাতে খারাপ চাল, গম না আসে তার তার কোন কার্যকরী ব্যবস্থা করা যায় কিনা সেটা জানাবেন কি?

**শ্রীসুধীন কুমারঃ** এই ক্ষেত্রে আপনারা জানেন যে অন্য প্রদেশ আমাদের যে চাল দেন সেটা তাদের নিকৃষ্টতম জিনিস। অধিকাংশ চাল সম্পর্কেই অভিযোগ শোনা যায়, সেগুলি হচ্ছে বাহিরের প্রদেশ থেকে আমদানী করা। কিন্তু আমাদের যেহেতু এত বৃহৎ পরিমাণে ঘাটতি আছে, সেই ঘাটতির কথা বিবেচনা করে আমরা যা পাই তাই নিতে বাধ্য হই। আমাদের উৎপাদন বাড়লে আমরা আর সেভাবে বাধ্য হব না। এই প্রশ্নের একমাত্র সমাধান হচ্ছে নিজেদের ব্যবস্থা নিজেদেরই করে নেওয়া।

**শ্রীনিত্যাইপদ সরকার:** পচা, অখাদ্য জিনিস এলে সেটা জানিয়ে দেওয়া যাবে। অখাদ্য জিনিস দেবেন এটা চলতে পারে না, কাজেই এসম্বন্ধে আপনারা কি ভাবছেন?

**শ্রীসুধীন কুমার:** পচা জিনিস আমরা নিই না। বাংলাদেশের বাহিরের চালের কোয়ালিটিই হয়ত ঐরকম। বাংলাদেশের চালের কোয়ালিটির মতন চাল সব সময় নাও পাওয়া যেতে পারে বা সঙ্গে কিছু ফরেন মেটিরিয়্যাল কম বেশী থাকতে পারে। কোন অখাদ্য খেতে আমরা কখন বাধ্য নই।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** মাননীয় মন্ত্রিমহাশয় রেলওয়ে ইয়ার্ড থেকে যে লস হয় তার পরিমাণ বললেন। কিন্তু আমি আপনাকে জিজ্ঞাসা করছি এই ডালের ব্যাপারে এইরকম লসের সঙ্গে র‍্যাকেটিয়ারিং হচ্ছে এই সম্বন্ধে অভিযোগ উঠেছিল, সে সম্বন্ধে সরকারের কোন নলেজ আছে কিনা এবং সে সম্বন্ধে সরকার কোন স্টেপ নিয়েছেন কিনা?

**শ্রীসুধীন কুমার:** প্রশ্ন যদি আরো নির্দিষ্ট না হয় তাহলে সেখানে জবাব দেওয়া যায় না।

[2—2-10 p.m.]

**শ্রীনেপালচন্দ্র রায়:** মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি, উনি যেটা একটু আগে বললেন যে, বাইরে থেকে যে চাল আসে সেটা বাংলাদেশের চালের কোয়ালিটির কাছাকাছি কিন্তু তার মধ্যে কিছু ফরেন মেটিরিয়্যালস থাকে, ফরেন মেটিরিয়্যালস বলতে উনি কি বুঝিয়েছেন এবং তার মধ্যে কত পার্সেন্টেজ থাকে?

**শ্রীসুধীন কুমার:** নেপালবাবুর এ খবরটা আগেই জানা উচিত ছিল। ফরেন মেটিরিয়্যালস বলতে সাধারণত অন্য গ্রেন, মরা ধানচাল এইসব বোঝায়, তার মধ্যে কাঁকরও থাকে।

**শ্রীকৃপাসিন্ধু সাহা:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, বাংলাদেশের রেশনশপে যে বেঙ্গল ফাইন চাল দেওয়া হয়, সেইগুলো কেন অখাদ্য চাল হয়?

**শ্রীসুধীন কুমার:** এইরকম অভিযোগ আমরা পাই, কিন্তু যদি নির্দিষ্ট কোন অভিযোগ পাই তাহলে তদন্ত করার ব্যবস্থা করি। কারণ সেখানে ভুলভাবে যদি কোয়ালিফিকেশন দেওয়া হয়, কোয়ালিটি সম্পর্কে যদি কোন ভুল তথ্য দেওয়া থাকে তাহলে সেই কোয়ালিটি আমরা কারেক্ট ক'রে দিই, সেইরকম কোয়ালিটি কন্ট্রোল করার ব্যবস্থা আমাদের আছে।

**শ্রীআবদুল কোয়ায়ুম মোল্লা:** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে ননবেঙ্গল রাইস ব'লে যে চালটা আসে, অধিকাংশই তা অখাদ্য হয়, তার সঙ্গে নানারকম কাঁকর প্রভৃতি মেশান থাকে, সেটা খাবার উপযোগী মোটেই থাকে না।

(নো রিপ্লাই)

### Strike Notice by the Labourers of Jute Mills

***95.** (Short Notice). (Admitted question No. *959.)

**শ্রীভবানী মুখার্জী:** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গের চটকলের শ্রমিকগণ আগস্ট মাসের প্রথম সপ্তাহ হইতে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট শুরুর নোটিশ দিয়াছেন;

(খ) সত্য হইলে শ্রমিকগণের দাবীগুলি কি কি; এবং

(গ) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**Shri Krishnapada Ghosh:**

(ক) হ্যাঁ।

(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(গ) শ্রমমন্ত্রী গত ২৭শে মে ও ২০শে জুন তারিখে চটকলের মালিক ও শ্রমিক সংস্থাগুলির প্রতিনিধিদের সহিত দুইটি ত্রিপাক্ষিক সভায় মিলিত হইয়া বিষয়টি সম্পর্কে আলোচনা করেন। কিন্তু মালিক সংস্থার প্রতিনিধিরা শ্রমিক সংস্থাগুলির বেতন বৃদ্ধির দাবী সম্বন্ধে কোনরূপ সুনিশ্চিত আশ্বাস দিতে সম্মত না হওয়ায় বিরোধের কোন মীমাংসা সম্ভব হয় নাই।

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে অনেক চটকল এখন এমন অবস্থায় অধিকাংশ আছে যে তাদের পক্ষে যদি কোন চাপাচাপি করা হয় তাহলে মিলগুলো বন্ধ হয়ে যাবে?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** মালিক পক্ষ বরাবর এই যুক্তি দিচ্ছেন কিন্তু সরকার পক্ষের কাছে এমন কোন তথ্য নেই যাতে এই যুক্তি সঠিক বলে মনে করা যেতে পারে।

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে বাংলাদেশে কটা জুট মিল এখন বন্ধ হয়ে গেছে?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** সংখ্যাগুলো সঠিক বলতে পারবো না, তবে কয়েকটা মিল অতীত থেকেই বন্ধ হয়ে আছে, কয়েক বছর আগে থেকে।

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে যদি কেউ মিলগুলো বন্ধ করে দেবার জন্য চাপাচাপি করে তাহলে মালিক পক্ষ তাদের আশীর্বাদ করবে, কারণ মিল চললে লোকসান হচ্ছে?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** মালিক পক্ষের আশীর্বাদের কথা উনি জানতে পারেন, আমার জানা নেই।

**শ্রীহরিপদ মুখার্জী:** কোন্ কোন্ ইউনিয়ন এই স্ট্রাইক করবার নোটিস দিয়েছে, বলবেন কি?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** প্রথমে স্ট্রাইক ঘোষণা করে আই এন টি ইউ সি এবং তারপর বেঙ্গল চটকল মজদুর ইউনিয়ন। তাদের বাৎসরিক সম্মেলন থেকে ধর্মঘটের নোটিস দেবার কথা ঘোষণা করা হয় এবং ধর্মঘটের যে নোটিস দেওয়া হয়েছে, তার কপি আমাদের দপ্তরে আছে।

**শ্রীভূপালচন্দ্র পান্ডা:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই যে চটকলগুলোর মালিক এবং এই যে আই এন টি ইউ সি-র সঙ্গে যোগাযোগের ক্ষেত্রে পাটচাষীদের পাটের দামকে নামিয়ে রাখবার জনাই এর পেছনে কোন ষড়যন্ত্র আছে কিনা?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** ষড়যন্ত্রের কথা জানি না, তবে এইরকম কিছু কিছু কথা প্রচলিত আছে।

## Tea Gardens

***96.** (Short Notice.) (Admitted question No. *1123.) **Shri A. H. BESTERWITCH, Shri JAYKESH MUKHERJEE and Shri BENOY KRISHNA KONAR:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) number of Tea Gardens in our State at present;

(b) total area of the gardens;

(c) how much land was recommended to be surplus; and

(d) how many acres of surplus land from how many gardens have been taken possession of?

**Shri Hare Krishna Konar:** (a) 332. (b) 4,35,000 acres. (c) 39,400 acres have so far been declared to be surplus to the requirement of the Tea Gardens. (d) 20,731 acres of surplus land have been taken possession of from 71 Tea Gardens.

**Shri A. H. Besterwitch:** Will the Hon'ble Minister be please to state how many acres of land the Chenmari Tea Estate has handed over to the Government?

**Shri Hare Krishna Konar:** I cannot say that exactly but so far as I remember about 1,500 acres of Chenmari Tea Garden land was taken over by the Government and after taking possession of that land, it was immediately given to one Mr. Dhiren Bhowmick without any agreement, without taking any Selami and without fixing any rent.

**Shri A. H. Besterwitch :** Will the Hon'ble Minister be pleased to state whether this Mr. Dhiren Bhowmick has any connection with Mr. Prafulla Sen ?

**Shri Hare Krishna Konar:** The question does not arise.

**Shri A. H. Besterwitch:** Will the Hon'ble Minister be pleased to state whether this Chenmari land which was handed over to the Government was resettled to Mr. Bhowmick by Mr. Prafulla Sen?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** আমি তো আগেই বলেছি সঙ্গে সঙ্গে দিয়ে দেওয়া হয়েছিল। তখন শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয় বাংলাদেশের মুখ্যমন্ত্রী ছিলেন। তবে এটা জেনে রেখে দিন ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট হওয়ার পরে আমি ঐ জমি ফেরত নেওয়ার চেষ্টা করি এবং দেখা যায় তাতে ইতিমধ্যে চার পাঁচশো একর চা লাগিয়ে দিয়েছে। অন্যায় হলেও যেহেতু চা লাগিয়ে দিয়েছে সেইজন্য আমি সিদ্ধান্ত করেছিলাম পাঁচশো একরের বেশি নেওয়া হবে। আমি অর্ডার পর্যন্ত দিয়েছিলাম। তারপর গভর্নরস রুল জারী হয় এবং সেই সময় তাকে আরও দশগুণ একরের মত জমি দিয়ে দেওয়া হয়। যুক্তফ্রন্ট এবার হওয়ার পরে সেই জমি ইমিডিয়েটলী নিয়ে নেওয়া হোক এই রকম নির্দেশ আমি দিয়েছি।

**শ্রীজয়কেশ মুখার্জী :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই সারপ্ল্যাস ল্যান্ড যে চা বাগানকে দেওয়া হয়েছে, তার মধ্যে কত জমি বিলি করা হয়েছে এবং যাদের বিলি করা হয়েছে তারা কি ধরণের লোক, তাদের বৃত্তি কি এবং কত করে জমি বিলি করা হয়েছে ?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** এই প্রশ্নের উত্তর সর্ট নোটিসে দেওয়া সম্ভব নয়।

**শ্রীনিরঞ্জন মুখার্জী :** এর মধ্যে যে জমিগুলিতে চা বাগান করা হয় নি এবং নিয়েও নেওয়া হয় নি—এর মধ্যে কি কোন রাজনৈতিক কারণ আছে কি ?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** এইটুকু বলব, যখন কংগ্রেস গভর্নমেন্ট ছিল তখন ১৪০ চা বাগানে ছাড়েন এবং অর্ডার দেওয়া হয় তাদের কোন জমি নেওয়া হবে না। তাদের সব জমি রাখতে দেওয়া হয়েছে। আইনে যে বিধান আছে, আইন সংশোধন না করলে এটা পূর্ণ বিবেচনা করা যাচ্ছে না এবং আমাদের গভর্নমেন্ট ঠিক করেছেন এই অধিবেশনেই আইন সংশোধনের চেষ্টা করা হবে। আর ১৮০ চা বাগানে সেকসন ৬৩ অনুযায়ী জমি দখল নেওয়ার নোটিস দেওয়া হয়েছে। তার মধ্যে ২০ হাজার একর নেওয়া হয়েছে আর বাকি প্রায় ২০ হাজার একর নেওয়া যায় নি মালিকরা হাইকোর্টের ইনজাংসান নিয়েছেন বলে। বাকিগুলো সম্বন্ধে আমরা বিবেচনা করছি যাতে তাড়তাড়ি পওয়া যায়।

[2-10—2-20 p.m.]

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি জিজ্ঞাসা করছি যে, পশ্চিমবাংলার বিশেষত ভারতবর্ষের অর্থনীতিতে চা হল একটা বৈদেশিক মুদ্রা অর্জনকারী শিল্প এবং তার গুরুত্ব বিবেচনা করে এবং যুক্তফ্রন্ট সরকার—যে কোন প্রগতিশীল সরকার—এমন একটা সম্ভাবনা আসতে পারে, সেখানে এই চা বাগান রাজ্য সরকার নিতে পারেন। সেটা বিবেচনা করে, চা বাগানের সারপ্লাস জমি থাকলে সেই জমিতে চা বাগান এক্সপানসান হতে পারে বা সম্ভাবনা আছে, সেদিকে বিবেচনা করে বর্তমান অবস্থাতে যদি কোন মালিক চা লাগিয়ে থাকেন, প্ল্যানটেসান হয়ে থাকে, সেটাই কি আমাদের প্রধান বিবেচ্য হবে, না এইসব জমিগুলি আমরা সারপ্লাস হিসাবে ট্রিট করে নিয়ে এগুলি এগ্রিকালচারাল লেবারদের মধ্যে ডিস্ট্রিবিউট করতে পারবো। সেটাই আমাদের বিবেচ্য হবে ?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** এটা বলে দিতে পারি। আইন অনুসারে ১৯৫৮ সালে কংগ্রেস সরকার একটা টি গার্ডেন এডভাইসরি কমিটি করেছিলেন। তাতে ছিলেন তদানিন্তন ডাইরেক্টর অফ ল্যান্ড রেকর্ডস, তাতে ছিলেন টি বোর্ড চেয়ারম্যান এবং আর একজন অফিসার ছিলেন। তাদের মধ্যে প্রত্যেকটি গার্ডেন বিবেচনা করে অর্থাৎ বর্তমানে কতটা জায়গায় চা আছে। আগামী ১০।২০ বৎসরে তারা কতটা চা করতে পারে বা কত জমিতে চা করতে পারে, কতটুকু ক্ষেতবাড়ী করতে দরকার, কতটুকু কারখানা করতে দরকার, এই সমস্ত বিবেচনা করে তার ৭০ হাজার একর জমি নেবার সুপারিশ করেছিলেন, কিন্তু সেই সুপারিশ ১৯৫৮-৫৯ সালের পর তদানিন্তন কংগ্রেস গভর্নমেন্ট তার উপর কোন ব্যবস্থা অবলম্বন করেন নি এবং না করার জন্য সেই কমিটির যা রেকমেন্ডেসান, তার উপর টি বোর্ড চেয়ারম্যানকে অধিকার দেওয়া হল যে, তুমি আবার বিবেচনা করে, আবার পুনরায় বিবেচনা করে যে সুপারিশ তারা দিলেন, সেই সুপারিশও গভর্নমেন্ট গ্রহণ করে নি। কার্যতঃ বসে ছিলেন। আমরা এখন যে সিদ্ধান্ত করেছি সেটা হচ্ছে বর্তমানে যে জমি চা বাগানের, চা অধিনস্ত আছে, সেই জমি তো থাকবেই, আগামী অন্তত ১০ বৎসর পর্যন্ত কতটা জমিতে চা বাড়াতে পারেন, সেটা গত ১০ বৎসরে কতটা করেছেন, তার ফাইনেন্সিয়াল কন্ডিসান, এই সব বিবেচনা করে টেকনিক্যাল যেগুলি আছে, সেটা বিবেচনা করে, আগামী ১০ বৎসর পর্যন্ত তাঁকে এক্সপানসান-এর সুযোগ দেব। প্লাস তার যা ক্ষেতবাড়ী দরকার এগুলি বিবেচনা করে দেখা গেছে যে অনেক হাজার একর জমি নেওয়া যায়। এমনও চা বাগান আছে যার মাত্র ৫০০ শত একর চা হয়, আর দেখা যাবে ২ হাজার একর ধানের ক্ষেত আছে। তারা ভাগচাষী দিয়ে চাষ করে, জোতদারী ব্যবস্থা করে। নিশ্চয়ই চা বাগানের নামেতে জোতদরীর ব্যবস্থা চলতে পারে না।

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে বহু চা বাগানের উদ্বৃত্ত জমিতে সেই চা বাগানের শ্রমিকরা, তারা সাধারণভাবে সেখানে ধানের চাষ করে থাকেন এবং যদি উদ্বৃত্ত জমির বন্দোবস্ত দেওয়ার ব্যাপারে পরিকল্পনা বা সিদ্ধান্ত স্থির হয়ে থাকে তাহলে সেই চা বাগানের শ্রমিকদের অগ্রাধিকার দেওয়া সম্পর্কে তিনি বিবেচনা করবেন কি ?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** এটা নেওয়া দরকার। শুধু ৪ লক্ষ ৩৫ হাজার একরের মধ্যে ৭১ াজার একর জমি হচ্ছে ক্ষেত জমি, যাতে ক্ষেতের কাজ হয়। এবং এগুলি জোতদারদের শাষণের জন্য ব্যবহার করা হয়। গভর্নমেন্টের নীতি হচ্ছে যে, চা বাগানকে চা করতে দেওয়া বে, কিন্তু গ্রামের জোতদারদের আমরা জোতদারী করতে দেব না। চা বাগানের নাম করে জাতদারী করতে দেওয়া হবে না, যদিও চা বাগানের মালিকরা চান, তাদের প্রতিনিধিরা চান। মামরা এই জমি নেবার পর যেভাবে বিলি করবো, তা আমরা ঠিক করেছি। চা বাগানের যে মস্ত বেকার শ্রমিক আছে, যারা সেই এলাকার জমিহীন গরীব আছে এবং আশেপাশের গাঁয়ের লাক আছে, তাদের অগ্রাধিকার দিয়ে আমরা বিলি করবো।

**শ্রীনিরঞ্জন মুখার্জি:** ওখানে শ্রী এস পি জৈনের নামে কোন জমি আছে কি ?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** অনেক জৈনের নামেই আছে।

## Starred Questions

### (to which answers were laid on the Table)

### Bridge over the Mansai

***88.** (Admitted question No. *642.) **Shri BIRENDRA NATH ROY:** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) whether the Government is aware that Mathabhanga and Mekliganj subdivisions of Cooch Behar district are isolated from Cooch Behar district headquarters due to want of bridge over the river Mansai; and

(b) if so, what measures the Government has taken or proposes to take to establish a direct link between Cooch Behar and these two sub-divisions by the construction of this vital bridge?

**Minister of State-in-charge of Roads and Special Roads Branches of the Public Works Department:** (a) Yes, during monsoon.

(b) The Mansai Bridge is estimated to cost Rs. 90 lakhs which the State Government are unable to provide for from the meagre plan fund. The Government of India, too, disagreed to provide any financial assistance for this. The bridge project has, therefore, to wait till the financial position improves.

### Development scheme for the industrially backward districts

***89.** (Admitted question No. *106.)

**শ্রীসনৎকুমার রাহা:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি শিল্পে পশ্চাৎপদ জেলাগুলির জন্য রাজ্য সরকারের কোন উন্নয়ন পরিকল্পনা আছে কিনা ?

**The Minister for Commerce and Industries:**

হ্যাঁ। শিল্পে পশ্চাৎপদ জেলাগুলিতে শিল্প সম্প্রসারণের প্রাথমিক পদক্ষেপ হিসাবে রাজ্য সরকার স্থির করিয়াছেন কয়েকটি ক্রম-উন্নয়মান কেন্দ্রের (গ্রোথ সেন্টার) উন্নয়নের প্রতি বিশেষ দৃষ্টি দিতে হইবে। তদনুসারে (ক) হলদিয়া, (খ) সান্তালদিহি-রামকেনালি, ও (গ) শিলিগুড়ি-জলপাইগুড়ি এই তিনটি ক্রম-উন্নয়মান কেন্দ্রকে বৃহৎ শিল্পাঞ্চলে পরিণত করার একটি পরিকল্পনা রাজ্য সরকার কর্তৃক গৃহীত হইয়াছে।

### Quality of rice in Statutory Rationing Areas

***90.** (Admitted question No. *221.)

**শ্রীঅমলেন্দুলাল রায়:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তিনি কি এ যাবৎ কোন অভিযোগ পাইয়াছেন যে, বিধিবদ্ধ রেশন এলাকায় যে চা'ল সরবরাহ করা হইয়া থাকে তাহা ধান্যমিশ্রিত, দুর্গন্ধযুক্ত বা তিক্ত হয় এবং পাথর-কুচি অনুপ্রবিষ্ট হইয়া থাকে;

(খ) বিধিবদ্ধ রেশন এলাকায় যে চা'ল ক্রেতাদের দেওয়া হয় তাহার (বিভিন্ন অঞ্চলের) সরবরাহকারী কাহারা;

(গ) নিকৃষ্ট শ্রেণীর চা'ল সম্পর্কে সরবরাহকারীদের দৃষ্টি আকর্ষণ করা হয় কিনা; এবং

(ঘ) রেশনে সুখাদ্য চা'ল সরবরাহ করা সম্পর্কে সরকার কোন ব্যবস্থা গ্রহণের কথা চিন্তা করিতেছেন কিনা ?

**The Minister for Food and Supplies:**

(ক) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গে সংগৃহীত চাল, ভারত-সরকার কর্তৃক প্রদত্ত বিদেশ হইতে আমদানীকৃত চাল ও ভারতের অন্যান্য প্রদেশ হইতে সংগৃহীত চাল ফুড কর্পোরেশনের মারফৎ সরবরাহ করা হয়।

(গ) হ্যাঁ।

(ঘ) বিধিবদ্ধ রেশন এলাকায় যে চাল সরবরাহ করা হয়, তাহার অনেকটাই বাংলাদেশে সংগৃহীত চাল। বাংলা চালের মান সাধারণত ভালই থাকে। তবে যে চাল ভারতের অন্যান্য রাজ্য এবং বিদেশ হইতে সংগৃহীত হইবার পর ভারত-সরকার ফুড কর্পোরেশনের মারফৎ বাংলাদেশে সরবারহ করিয়া থাকেন, তাহার মান অধিকাংশ ক্ষেত্রেই বাংলা চালের তুলনায় নিকৃষ্ট শ্রেণীর হয়। অন্যান্য স্থানের চালের স্বাদ ও গন্ধ অনেক ক্ষেত্রেই বাঙালীর রুচিসম্মত হয় না। এই ঘাটতি রাজ্যে ঐ ধরনের অপেক্ষাকৃত নিকৃষ্ট চাল একেবারে অখাদ্য না হইলে প্রত্যাখ্যান করা সম্ভব হয় না।

### Expenditure on the bridge over the Bhairab

***91.** (Admitted question No. *403.)

**শ্রীআজিজুর রহমান:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জিলার ভৈরব নদীর উপর বলাডাঙ্গা ঘাটে নির্মীয়মাণ ব্রিজের জন্য মোট কত টাকা বরাদ্দ করা হইয়াছে; এবং

(খ) এ পর্যন্ত কত টাকা ব্যয় করা হইয়াছে ?

**পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) ২৯,২৩,১৫০ টাকা (উনত্রিশ লক্ষ তেইশ হাজার একশত পঞ্চাশ টাকা)।

(খ) গত জুন মাস পর্যন্ত ১৮,৮৪,৫৮০ টাকা (আঠার লক্ষ চুরাশি হাজার পাঁচশত আশি টাকা)।

**Extension of electricity in Harirampur area**

***92.** (Admitted question No. *423.) **Dr. ZAINAL ABEDIN:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether Government is aware of any public demand for extending electricity facilities in Harirampur area of police-station Bangshihari in the district of West Dinajpur; and

(b) if so, what action the Government has taken or proposes to take for extending electricity in the said area?

**The Minister for Commerce and Industries:** (a) Yes.

(b) As there is acute shortage of power in Malda and West Dinajpur area, electrification of new places and also industrial connections from the existing supply undertaking are not being entertained by the Board. Negotiations are being carried on by the West Bengal State Electricity Board for import of 3 MVA Power from the Bihar State Electricity Board at its Dalkhola Substation sometimes in 1971, on receipt of which the question of supply of electricity to the Harirampur area will be considered.

**M. R. dealers of Dubda area in Midnapore district**

***93.** (Admitted question No. *515.)

**শ্রীবিভূতি পাহাড়ী:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) মেদিনীপুর জেলার কাঁথি মহকুমায় এগরা থানার ২নং (বালিঘাই) ব্লকের অন্তর্গত দুবদা অঞ্চলে মোট কতজন এম আর ডিলার আছেন এবং তাঁহাদের নাম কি; এবং

(খ) ঐ অঞ্চলের সমস্ত ডিলারদের বর্তমানে মোট কত ইউনিটের জন্য এবং কত লোকের জন্য মাসিক চিনি বরাদ্দ করা হয়?

**The Minister for Food and Supplies:**

(ক) প্রশ্নে উল্লিখিত অঞ্চলে সর্বসমেত ৪ জন এম আর ডিলার নিযুক্ত আছেন। তাহাদের মধ্যে একজন শ্রীবনমালী পাণ্ডে, দুবদা ও বেটাহাট এই দুইটি কেন্দ্রেই নিযুক্ত আছেন। উক্ত এম আর ডিলারদের নাম ও ঠিকানা নিম্নে দেওয়া হইল—

(১) শ্রীউমেশচন্দ্র প্রধান, গ্রাম ও পোস্ট দুবদা।

(২) শ্রীসুধীরচন্দ্র সাহু, গ্রাম অস্থি, পোঃ দুবদা।

(৩) শ্রীবনমালী পাণ্ডে, গ্রাম ঘোলে দুবদা, পোঃ দুবদা।

(৪) শ্রীশরদিন্দু বেরা, গ্রাম ও পোঃ খাগদা।

(খ) গত এপ্রিল, মে ও জুন মাসে ঐ অঞ্চলের ডিলারদের ১৬,৭৫৩ জন প্রাপ্ত বয়স্ক ও ৭,০৬৮ জন অপ্রাপ্ত বয়স্কের জন্য (অর্থাৎ ২৯,২৮৭ রেশন কার্ড ইউনিট বাবদ) গত তিন মাসে গড়পড়তা মাসিক ২৩ কুইন্টালের মত চিনি উক্ত অঞ্চলের জন্য বরাদ্দ করা হইয়াছিল।

**Progress in rural electrification scheme**

***94.** (Admitted question No. *107.)

**শ্রীসনৎকুমার রাহা :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—পশ্চিমবঙ্গে বর্তমানে মোট গ্রামের সংখ্যা কত এবং উহাদের মধ্যে কত গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা হইতেছে ?

**The Minister for Commerce and Industries:**

পশ্চিমবঙ্গে বর্তমানে মোট গ্রামের সংখ্যা ৩৮,৪৫৪ এবং উহাদের মধ্যে ২,৪৩৫টি গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা হইয়াছে।

**Unstarred Questions**

**(to which written answers were laid on the table)**

**Deep tubewells in Murshidabad district**

**67.** (Admitted question No. 31.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় থানাওয়ারী এ যাবত কয়টি গভীর নলকূপ খনিত হয়েছে;

(খ) এর দ্বারা মোট কত একর জমিতে সেচ হচ্ছে; এবং

(গ) এই নলকূপ ১৯৬৮-৬৯ সালে এই জেলায় আর কোথায় কোথায় বসাবার প্রস্তাব বিবেচনাধীন আছে ?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) ২৩৩টি। এই নলকূপগুলির থানাওয়ারী একটি তালিকা এতৎসহ সংযুক্ত হইল।

(খ) ১৯৬৮-৬৯ সালে খরিফ ও রবি চাষের সময় প্রায় ২১,০৯৩·৯৩ একর জমি উপরি-উক্ত নলকূপগুলি হইতে সেচের জল পাইয়াছে।

(গ) বর্তমানে এইরূপ কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন নাই।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 67

| Name of police-station | Number of deep tubewells drilled |
|---|---|
| | Nos. |
| 1. Jiaganj | 18 |
| 2. Beldanga | 3 |
| 3. Noada | 18 |
| 4. Domkal | 52 |
| 5. Nabagram | 1 |
| 6. Suti | 1 |
| 7. Berhampore | 26 |
| 8. Hariharpara | 29 |
| 9. Jalangi | 40 |
| 10. Raninagar | 45 |
| Total | 233 |

**Khas lands in Murshidabad district**

**68.** (Admitted question No. 52.)

**শ্রীসনৎকুমার রাহা :** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ১৩টি সার্কেলের অন্তর্গত কোন্ সার্কেলে কত খাস জমি আছে;

(খ) তার মধ্যে কত জমি সরকার দখল লইয়াছে; এবং

(গ) কত জমি এ পর্যন্ত বিলি হইয়াছে?

**The Minister for Land and Land Revenue:**

(ক), (খ) এবং (গ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

**Number of Rivers, Ponds, Bheries, etc., for Pisciculture**

**69.** (Admitted question No. 348.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় :** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের এ সম্বন্ধে কোন তথ্য আছে কি যে পশ্চিমবঙ্গে মৎস্য উৎপাদনকারী নদী, নালা, পুকুর, ভেড়ী ইত্যাদির মোট পরিমাণ কত;

(খ) যদি থাকে তাহলে মন্ত্রিমহাশয় বলিবেন কি যে গত তিন বৎসর কোন্ কোন্ বৎসর উক্ত স্থানগুলি হইতে কত মৎস্য বাজারে আসিয়াছে; এবং

(গ) গত তিন বৎসরের কোন্ কোন্ বৎসর এবং কোন্ কোন্ স্থান হইতে (নাম সহ) পশ্চিমবঙ্গে কত মাছ আমদানী করা হইয়াছিল?

**The Minister for Fisheries:**

(ক) প্রয়োজনীয় তথ্য সম্বলিত একটি বিবরণী (১) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) এ সম্বন্ধে কোন তথ্য সরবরাহ করা সম্ভবপর নহে, কারণ কলিকাতা ও হাওড়ার বাজার ব্যতীত এই রাজ্যের অন্যান্য বাজারে কি পরিমাণ মাছের আমদানী হয় সে সম্বন্ধে কোন তথ্য মৎস্য বিভাগ কর্তৃক সংগ্রহ করা হয় না। বাহিরের বাজারে মোট কত মাছ বিক্রয়ের জন্য পাঠানো হয় এ সম্বন্ধে কোন তথ্য মৎস্য বিভাগে জানাইবার কোন বাধ্যবাধকতা মৎস্য উৎপাদক বা ব্যবসায়ীর নাই বা সংগ্রহ করিবার কোন সরকারী ব্যবস্থাও নাই।

(গ) প্রয়োজনীয় তথ্য সম্বলিত একটি বিবরণী (২) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

**Production of Milk, Ghee, Butter, etc., in Haringhata Dairy**

**70.** (Admitted question No. 276.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** পশুপালন ও পশু-চিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হরিণঘাটা ডেয়ারী হইতে ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালে কি পরিমাণ দুধ, ঘি, মাখন, ডিম ও বিভিন্ন রকমের মাংস উৎপন্ন হইয়াছিল; এবং

(খ) একই সময়ে ঐ সকল উৎপাদিত বস্তুর বিক্রয়মূল্য বাবদ পৃথক্ পৃথক্ খাতে কত টাকা আয় হইয়াছিল?

**The Minister for Animal Husbandry and Veterinary Services :**

(ক) হরিণঘাটা ডেয়ারী হইতে ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালে নিম্নলিখিত পরিমাণ দুধ, ঘি ও মাখন উৎপন্ন হইয়াছিল ঃ—

| | ১৯৬৭-৬৮ উৎপাদিত পরিমাণ (লিটার) | ১৯৬৮-৬৯ উৎপাদিত পরিমাণ (লিটার) |
|---|---|---|
| দুধ-- | | |
| (১) গরুর দুধ .. .. .. .. | ৩০,৩৬,৪৪৩ | ৩১,৫০,১৮৬ |
| (২) স্ট্যাণ্ডার্ড দুধ .. .. .. | ২,৭১,৫৩,৬৪৩ | ৪,০৯,৭৫,০৫৯ |
| (৩) ডবল্ টোন্ড দুধ .. .. .. .. | ১,৯৫,৫৮,৩৫৪ | ৭৬,৪৭,৯৪৮ |
| মোট .. | ৪,৯৭,৪৮,৪৪০ | ৫,১৭,৭৩,১৯৩ |
| ঘি-- | (কিলোগ্রাম) | (কিলোগ্রাম ) |
| (১) গাওয়া ঘি .. . .. . | ৭,৫১২,০৯০ | ২৮,৮৩২,৭০০ |
| (২) ভয়সা ঘি .. . . | ১৮২,০২০ | ৮,২১৫,৮৬০ |
| মোট . | ৭,৬৯৪,১১০ | ৩৭,০৪৮,৫৬০ |
| মাখন | | |
| মাখন . .. . .. .. | ২৭,৫৯৭,৬৯৮ | ৮,৩৯২,৫৬৪ |

হরিণঘাটা ডেয়ারী হইতে ডিম বা কোন রকম মাংস উৎপন্ন হয় না।

(খ) একই সময়ে ঐ সকল উৎপাদিত বস্তুর বিক্রয়মূল্য বাবদ পৃথক্ পৃথক্ খাতে নিম্নলিখিত পরিমাণ আয় হইয়াছিল ঃ—

| | ১৯৬৭-৬৮ বিক্রয় মূল্য (টাকা) | ১৯৬৮-৬৯ বিক্রয় মূল্য (টাকা) |
|---|---|---|
| দুধ-- | | |
| (১) গরুর দুধ .. .. .. .. | ৪২,৩৯,৮৭৮,৩৬ | ৫৪,১৮,৩১৯,৯২ |
| (২) ষ্ট্যাণ্ডার্ড দুধ .. . .. . | ২,৭৪,৫১,০৯৬,৭২ | ৪,৫৩,৭৩,৬৪৭,১২ |
| (৩) ডবল্ টোন্ড্ দুধ .. .. .. .. | ১,৩৯,১৮,৮৩৩,১৬ | ৫৮,৫৩,৭৪২,৯৬ |
| ঘি-- | | |
| (১) গাওয়া ঘি .. . .. . | ৮৬.৩৮৯.০৪ | ৪.৫৫,৩২৩,৯৬ |
| (২) ভয়সা ঘি .. .. .. .. | ১,৯১১,২১ | ১,২১,৪৪৫,৯৮ |
| মাখন-- .. .. .. .. | ২,৭৫,৯৭৬,৯৮ | ১,০৮,৭২৮,৬৬ |

**Construction of a sluice gate on the Mete Khal at Jalamadal**

**71.** (Admitted question No. 300.) **Shri MOHAMED ABDUL LATIF:** (a) Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state if it is a fact that a scheme for the construction of a sluice gate on the Mete Khal at Jalamadal was prepared and necessry money sanctioned in 1967?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) why the scheme has not so far been implemented; and

(ii) when it is likely to be implemented?

**The Minister for Irrigation and Waterways:** (a) There was no scheme for the construction of a sluice on Mete Khal at Jalamadal but there is a proposal for construction of a Regulator, 2 miles upstream of Jalamadal, which will benefit nearly 3,400 acres of land in mouza Singjore, Nabatpore, etc., of police-station Chanditalla. The latter scheme is still under investigation which is expected to be finalised by September, 1969.

(b) (i) and (ii) Does not arise.

**Remission of land rent in Chanditala police-station of the Hooghly district**

**78.** (Admitted question No. 305.) **Shri MOHAMED ABDUL LATIF:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) whether Government has granted remission of land rent in the Chanditala police-station of the Hooghly district on account of crop failure due to flood and other causes in 1968; and

(b) if so (i) what is the number of mauzas and their names granted remission and (ii) what is the total amount of money involved?

**The Minister for Land and Land Revenue:** (a) Proposal for remission of revenue in 39 mauzas of Chanditala P. S. is under consideration of the Government. In the meanwhile collection of land revenue for 1375 B. S. in these mauzas has been suspended.

(b) (i) Particulars of the mauzas involved are given below:—

| Name of mauzas | J.L. No. |
|---|---|
| 1. Bankrishnapur | 61 |
| 2. Manirampore | 64 |
| 3. Kumirmorah | 46 |
| 4. Bamanathpur | 50 |
| 5. Kanaidanga | 40 |
| 6. Jalamadul | 49 |
| 7. Metakhal | 47 |
| 8. Banpanchber | 39 |
| 9. Chakbangla | 32 |
| 10. Sandhipur | 1 |
| 11. Bhagabatipur | 41 |
| 12. Nababpur | 45 |

| Name of mauzas | | J.L. No. |
|---|---|---|
| 13. Malikpur | .. | .. 62 |
| 14. Dudkanara | .. | .. 25 |
| 15. Gopalpur | .. | .. 6 |
| 16. Bamundanga | .. | .. 53 |
| 17. There | .. | .. 52 |
| 18. Makalpore | .. | .. 87 |
| 19. Eklakhi | .. | .. 89 |
| 20. Kasaigachi | .. | .. 97 |
| 21. Monber | .. | .. 101 |
| 22. Mrigala | .. | .. 102 |
| 23. Dankuni Beel | .. | .. 83 |
| 24. Madhabpur | .. | .. 74 |
| 25. Dullapur | .. | .. 75 |
| 26. Adan | .. | .. 78 |
| 27. Joykrishnapur | .. | .. 69 |
| 28. Sanka | .. | .. 65 |
| 29. Sahana | .. | .. 67 |
| 30. Kapasharia | .. | .. 68 |
| 31. Tisha | . | .. 70 |
| 32. Kharsarai | .. | .. 71 |
| 33. Purbatajpur (W. part) | .. | .. 72 |
| 34. Khoragari | .. | .. 76 |
| 35. Dankuni | .. | .. 93 |
| 36. Kalachhara | .. | .. 54 |
| 37. Panchghara | .. | .. 80 |
| 38. Khanpur | .. | .. 88 |
| 39. Gokulpur | .. | .. 51 |

(ii) The amount involved in remission proposal is Rs. 1,31,052.27 P.

**Construction of bridges on the river Saraswati**

**73.** (Admitted question No. 306.) **Shri MOHAMED ABDUL LATIF:** Will the Minister-in-charge of Public Works Department be pleased to state—

(a) whether Government is aware that during rainy seasons Sanka, Chandradip and Anupnagar villages in the Chanditallah P.S. of the Hooghly district are cut off from surrounding villages and become completely isolated; and

(b) if so, whether Government has prepared or propose to prepare schemes for construction of bridges on the river Saraswati at the above places so as to prevent its recurrence year after year?

**The Minister for Public Works:** (a) Like many other rural areas of West Bengal, these three villages, viz., Sanka, Chandradip and Anupnagar also remain cut off from the neighbouring areas during rainy seasons.

(b) There are many unbridged gaps in the rural areas of West Bengal. Saraswati river in this locality is one of them. The question of construction of bridges over it will be a new project and its inclusion in the Plan programme will depend on availability of funds and also fixation of inter se priority after detailed examination.

**Withdrawal of the cases involving criminal offences**

**74.** (Admitted question No. 321.) **Shri KASHI KANTA MAITRA:** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) if recently applications were made before the appropriate Courts of competent jurisdiction under section 494 of the Code of Criminal Procedure for permission of the Court concerned for withdrawal of the cases involving murder, grievous hurt, injury, arson and crimes of serious nature against the State;

(b) if in the matter of such applications for withdrawal, opinion of the Judicial Minister was sought; and

(c) what are the considerations that weigh with the Government is sanctioning such applications seeking permission of the Court to withdraw from the prosecution?

**The Minister for Judicial:** (a) Yes.

(b) No.

(c) Restoration of amity and goodwill between the employers and the employees, the Government and Government servants and between different sections of the people.

**Re-excavation of Sinduri Mahal Abadi Khal in Uluberia Block No. 2, district Howrah**

**75.** (Admitted question No. 326.)

**শ্রীকালীপদ মণ্ডল:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উলুবেড়িয়া ২নং ব্লকে সিন্দুরী মহল আবাদী খালটিকে সংস্কার করার জন্য সরকার কোন ব্যবস্থা করিয়াছেন কিনা; এবং

(খ) করিয়া থাকিলে কতদিনের মধ্যে তাহা কার্যকরী করা হইবে বলিয়া আশা করা যায়।

**The Minister for Irrigation and Waterways:**

(ক) না।

(খ) এই প্রশ্ন উঠে না।

**Execution of Sejberia Abadi Khal Re-excavation Scheme**

**76.** (Admitted question No. 329.)

**শ্রীকালীপদ মণ্ডল:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উলুবেড়িয়া ২নং ব্লকে গগনভাই জুট মিলের পার্শ্বে প্রবাহিত সিজবেড়িয়া আবাদী খাল সংস্কারের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) পরিকল্পনা থাকিলে কবে নাগাদ তাহা কার্যকরী করা হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) না।

(খ) গ্রহণযোগ্য কোন প্রকল্প প্রস্তুত না হওয়া পর্যন্ত তাহা কতদিনের মধ্যে কার্যকরী করা হইবে বর্তমানে বলা সম্ভব নহে।

### Fourth Plan Road Development

**77.** (Admitted question No. 355.)

**শ্রীকালীপদ মণ্ডল:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, গত ২১শে সেপ্টেম্বর, ১৯৬৭ তারিখে তৎকালীন সড়কমন্ত্রী হাওড়া জেলার এম-এল-এ-দের উপস্থিতিতে ৪র্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত করিবার জন্য উক্ত জেলার রাস্তার একটি তালিকা তৈয়ারী করেন; এবং

(খ) ইহা যদি সত্য হয়, তবে বর্তমান সড়কমন্ত্রী উক্ত তালিকাভুক্ত রাস্তাগুলি কি ৪র্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত করিবেন ?

**The Minister of State in charge of Public Works (Roads):**

(ক) হ্যাঁ।

(খ) তৎকালীন সড়কমন্ত্রীর সিদ্ধান্ত স্মরণে রাখিয়া দেশের বর্তমান অর্থনৈতিক পরিপ্রেক্ষিতে নূতন করিয়া বিভিন্ন প্রস্তাবগুলি বিবেচনা করা হইতেছে।

সড়ক উন্নয়ন খাতে যথেষ্ট অর্থ বরাদ্দ না হওয়া পর্যন্ত সড়ক পরিকল্পনা আশানুরূপভাবে ব্যাপক নাও হইতে পারে।

### Scheme for pisciculture in Maharajganj

**78.** (Admitted question No. 359.)

**শ্রীকালীপদ মণ্ডল:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ২৪-পরগনার মহারাজগঞ্জের প্রায় ৭০০ একর জলা ভূমিতে স্টেট্ ফিশারিজ ডেভেলপমেন্ট কর্পোরেশন মৎস্য চাষের জন্য সিদ্ধান্ত করিয়াছিলেন; এবং

(খ) সত্য হইলে—

(১) ঐ প্রকল্পের জন্য প্রয়োজনীয় জমি ও জলাভূমির হস্তান্তর ও অধিগ্রহণ করা হইয়াছে কি; এবং

(২) উক্ত প্রকল্পটি কতদিনের মধ্যে চালু হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Fisheries:**

(ক) হ্যাঁ।

(খ) (১) ইতিমধ্যে ৮৯ একর খাস জমি হস্তান্তরিত হইয়াছে। অবশিষ্ট খাস জমির হস্তান্তর এবং বেসরকারী জমির অধিগ্রহণ শীঘ্রই সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায়।

(২) গত বৎসর হইতেই প্রকল্পটি আংশিকভাবে চালু হইয়াছে। ইহা পর্যায়ক্রমে সম্প্রসারিত হইবে।

## Privilege Motion

**Mr. Speaker:** I have received a notice of privilege motion from Shri M. A. Latif regarding inaccurate account of yesterday's proceedings of the House in to-day's Basumati. The Hon'ble member may read the motion.

**শ্রীমহম্মদ আবদুল লতিফ:** মিঃ স্পীকার স্যার, আজকের বসুমতীতে গতকাল আমাদের বিধানসভার অধিবেশনের যে বিবরণ বেরিয়েছে সেই বিবরণটা সত্য নয়, ভুল আছে তাতে এবং তার দ্বারা এই হাউসের মর্যাদা ক্ষুণ্ণ করা হয়েছে। আপনি যদি চান আমার কাছে বসুমতী আছে, আমি সেটা দেখাতে পারি। আমার প্রস্তাবটা হচ্ছে এই স্যার, আজ দৈনিক বসুমতীতে বিধানসভার গতকালের অধিবেশনের যে বিবরণ প্রকাশিত হয়েছে তা যথার্থ নয় এবং এর দ্বারা বিধানসভার অধিকার ক্ষুণ্ণ করা হয়েছে। অতএব এই বিষয়টা প্রিভিলেজ কমিটিতে প্রেরণ করবার সিদ্ধান্ত গ্রহণ করা হোক।

**Mr. Speaker:** I have considered your privilege motion and read it very carefully. As happened only the other day about the alleged inaccurate statement made by certain Newspaper I ruled that perhaps due to the noise and confusion the Reporters might not have heard the entire correct facts. So, in this case also a similar situation might have arisen for which the Basumati Reporters might not have got the correct state of facts. So the account given by the Basumati might not have been in accordance with what actually happened in the House but I am sure there is nothing mala fide in its intention. In view of this I think the House should be inclined to overlook the matter and no further action is called for.

**শ্রীমহম্মদ আবদুল লতিফ:** আমি স্যার, আপনার রুলিং-এর উপর কিছু বলছি না, আমি শুধু বলছি যে আজকে যেভাবে বিবরণটা দেওয়া হয়েছে তাতে আপনি কি বলেছেন এবং আপনার সেই বলার প্রতিবাদে বিরোধীপক্ষ কি বলেছেন হুবহু সেই ভাষাকে কোট করে দেওয়া হয়েছে। সুতরাং বসুমতীর রিপোর্টার যেভাবে রিপোর্ট প্রকাশ করেছেন তা সত্য নয়।

**Mr. Speaker:** I have given my ruling Please don't question it.

## Calling Attention to Matters of Urgent Public Importance.

**Mr. Speaker:** The Minister-in-charge of Home (Police) Department will please make a statement on the subject of incident at Kultali on the 6th July, 1969—called attention by Shri Gopal Basu, Shri Krishnagopal Basu and Shri Kalipada Mondal on the 8th July, 1969.

**Shri Jyoti Basu:** Mr. Speaker, Sir, in response to the notice served by Shri Gopal Basu, an honourable member of this House and others, calling the attention of Government to a matter of urgent public importance, namely, the incident that occurred on 6th July, 1969 in which the police of Kultali P.S. opened fire, I beg to make the following statement as promised by me yesterday.

In the village of Palerchak within Kultali P.S. in the district of 24-Parganas there is a Jotedar by the name of Durga Pal, son of Shri Dhiren Pal. He and other members of his family are reported to possess at least 400 bighas of land which they cultivate partly through their own labourers and partly through local Bargadars. In the same village there is a large number of landless people whose condition is distressing. These people requested that the Jotedar should give them some land to cultivate on the system of shairing the crop. The Jotedar agreed to do this and a meeting for a final settlement of the matter was fixed by him for the 30th of June, 1969. The Jotedar failed to honour his commitment.

On Sunday, the 6th July, 1969, the local landless people, who were disappointed by the Jotedar, went to the kutchery of the later in order to request that the Jotedar should fulfil his promise.

[2-20 p.m.—2-30 p.m.]

On geting to know that those people would be coming to his house the Jotedar sent information to the Kultali Police Station. On receiving this information the Officer-in-charge of Kultali Police Station, accompanied by 4 constables who were armed with muskets, proceeded to the Jotedar's Kutchery. The Jotedar had also sought the assistance of 50 other persons who also arrived at his Kutchery. In the presence of the Officer-in-charge of Kultali Police Station the Jotedar met the leaders of the crowd that had assembled and agreed to give the landless people 250 bighas of his land for cultivation and also 275 mds. of paddy seeds in order to relieve their distress. He also agreed to give them 3 mds. of rice and 10 srs. of Dal for feeding the assembled people. As the rice was being measured out some of the Jotedar's associates opposed the move and this led to a clash between them and the landless villagers. It must be remembered here that the Jotedar had requisitioned the help of 50 other persons. In the clash two persons are reported to have been injured. One of the doors of the Jotedar's house was forced open, but it was not broken. In order to bring the situation under control the O.C., Kultali P.S., asked his men to fire 5 rounds in the air. The intention of the O.C. was to scare away the crowd. The situation was brought under control. Thereafter the Jotedar agreed that on the 8th July he would settle some land with the local landless people. On that day the Jotedar gave the people 48 mds. of paddy and drew up a list of land that could be distributed among them. He also decided that a Committee would be formed for distributing the land mentioned in the list.

Allegations have been made that the local landless people looted ornaments and other jewellery and a large quantity of paddy from the Jotedar's Kutchery. The Additional District Magistrate, 24-Parganas, personally conducted an enquiry into the incidents. From his report it appears that the allegations are utterly baseless.

**Mr. Speaker:** The Miniser-in-charge of Home (Police) Department will please make a statement on the subject of attack on newspaper offices on the 8th July, 1969, called attention by Shri Suresh Chandra Sinha, Shri Amarendra Nath Roy Pradhan and Shri Siddheswar Mondal on the 9th July, 1969.

**Shri Jyoti Basu:** Mr. Speaker, Sir, in response to the Calling Attention notice I wish to make the following statement regarding the incidents that took place in front of the office of the Ananda Bazar Patrika Ltd. in Calcutta on the 8th July, 1969.

For some time past the student community of West Bengal has been feeling aggrieved by the manner in which certain newspapers have been publishing reports regarding its activities. The students say that the editors of the newspapers may have their own opinion on various matters which they are free to express in theid editorial columns but, as far as reports of events are concerned, they should be fair, correct and factual. Unfortunately, according to the students, either distorted reports regarding their activities have been published in certain newspapers or there has been complete suppression of news and when the students have made statements correcting or contradicting the distorted reports or supplying relevant facts which were previously suppressed those statements have not been duly published. Accordingly at a meeting of the representatives of the five major student organisations of West Bengal held in Calcutta it was decided that a protest should be made against the attitude of the newspapers in question. Therefore, on the 8th July 1969, a procession of students

/as organised. At about 3-30 p.m., when the procession arrived at the crossing f Bowbazar Street and Chittaranjan Avenue, a section of students left the main ody of the procession and went towards the office of the Ananda Bazar Patrika t Sooterkin Street. These students staged a demonstration at that office. ome of the students appear to have entered the office and damaged some glass anes and telephones and upset some wooden furniture. When they came out f the office they damaged some vehicles that were parked in the compound f the office. The employees of the office are reported to have hurled flower pots nd paper-weights at the studetns. Some students received injuries. Two of hem were taken to the S.S.K.M. Hospital, Calcuta, where they given first aid. he Police arrived at the scene of the trouble and brought the situation under ontrol by firing tear gas shells. A case has been registered in this connection n the Bowbazar Police Station. Investigation of this case is in progress.

Another section of students proceeded to the Statesman House and staged a lemonstration there. About 10|15 students damaged a few glass panes of the uilding. The situation was, however, brought under control by some of the tudents' leaders and by the Police who were present there.

A small deputation of studens waited upon me and the Chief Minister at ssembly House. They explained to me grievances of the students ommunity and also gave their version of the incidents of the day.

I am uphappy about the incidents that occurred and I sincerely hope they vill not recur.

**Mr. Speaker:** I have received 11 notices of Calling Attention on the ollowing subjects, namely—

1. Precautionary measures to cope with the flood in the river Teesta—from Shri Anil Dhar Guha Neogy and Shri Sailendra Nath Adhikari.
2. Rise in Teesta—from Shri Kalipada Mandal.
3. Derogatory caricature in film "Guru"—from Dr. A. M. O. Ghani.
4. Acute scarcity of Kerosene oil in the district of Malda—from Shri Nimai Chand Murmu.
5. Want of Ambulance cars and X-Ray plates in Midnapur Sadar Hospital—from Shri Kamakhya Ghosh.
6. Cloşure of two schools at Jhargram and Birpur in Midnapur district—from Shri Kalipada Mandal.
7. Attack on newspaper offices—from Shri Kripa Sindhu Saha.
8. State Trading in Foodgrains—from Shri Sudhir Chandra Bhandari.
9. Alleged murder of a person in a village near Durgapur—from Shri Gyan Singh Sohanpal.
10. Strike in National Medical College Hospital—from Dr. Zainal Abedin.
11. Food crisis in Daspur and Keshpur P.Ss. in the district of Midnapur —from Shri Gangapada Kaur.

I have selected the notice on the subject of rise in the river Teesta from Shri Kalipada Mandal, Shri Anil Dhar Guha Neogy and Shri Sailendra Nath Adhikary.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today if possible, or give a suitable date for the same.

**Shri Jyoti Basu:** The Minister is not here. I think he can make a statement tomorrow.

**Mr. Speaker:** Now I call upon Shri Panch Gopal Bhaduri to speak as he wanted my permission to mention some matter of public importance.

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী:** মিঃ স্পীকার স্যার, শ্রীরামপুর কন্সটিটিউয়েন্সীর ভেতরে রিষড়া স্টেশনের ধারে লক্ষ্মী নারায়ণ কটন মিল যেখানে ১৪ হাজার শ্রমিক কাজ করে সেখানে একটা অদ্ভুত ব্যাপার ঘটেছে। মিলটির পওনাদার হাইকোর্টে মামলা করে ২৪শে জুন তারিখে। কিন্তু মিলটি যাতে বন্ধ না হয় সেইজন্য মহামান্য হাইকোর্ট বাহাদুর একজন অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করে তাঁকে মিল চালাতে বলেন। কিন্তু তিনি ২৫ তারিখে মিল না চালিয়ে তুলোর জোগান না দিয়ে মিল বন্ধ করেছেন এবং পূর্বে যেসব সর্ত ছিল না পূর্ব সর্ত হিসেবে সেইসব সর্ত দিচ্ছেন অর্থাৎ শ্রমিক ছাঁটাই, মজুরীর পরিমাণ হ্রাস। আমি এই বিষয়ে আপনার মাধ্যমে শিল্প বাণিজ্য মন্ত্রী এবং পুনর্বাসন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুনর্বাসন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবার কারণ হচ্ছে তিনি ওখানে ৪৫ লক্ষ টাকা ধার দিয়েছিলেন যাতে ১ হাজার বাস্তুহারা ওই মিলে কাজ পায় তারজন্য। তারা ওই মিলে কাজ করে, কিন্তু আজকে তাদের রুজি রোজগার বন্ধ হয়ে গেছে। তারা ২৫ তারিখের মজুরী পায় নি এবং ১০ তারিখের মজুরীও পাবে না। আমি এই ব্যাপারে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীহরিপদ মুখার্জী:** মাননীয় স্পীকার মহাশয়, চাপদানীতে নিস্তারিণী ইলেকট্রিক কোম্পানী বলে একটা কোম্পানী আছে। সেখানে ২৮শে মে তারিখে শ্রমিকদের সঙ্গে একটা চুক্তি হয় কিন্তু সেই চুক্তি মালিক ভঙ্গ করে এবং সেখানকার ইউনিয়নের সেক্রেটারী এবং আরও ২ জন সক্রিয় কর্মীকে চার্জসিট দিয়ে সাসপেন্ড করে এবং শ্রমিকদের কাজে ঢুকতে দেয়নি। এর ফলে পক্ষাধিককাল হোল সেই কারখানাটি বন্ধ হয়ে রয়েছে এবং ওখানকার শ্রমিকরা অনশনের মুখে। আমি শ্রমমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি সেই কারখানার সমস্যা দূর করবার জন্য তিনি সচেষ্ট হোন।

**শ্রীমতী ইলা মিত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মারফত স্বাস্থ্য মন্ত্রীর কাছে একটি জিনিষ উপস্থিত করতে চাই। তিনি এখন হাউসে নেই বলে আপনার মারফত জানাচ্ছি। তিনি যদি এ সম্পর্কে জেনে হাউসের সামনে কিছু বলেন বা এই ব্যাপারে হস্তক্ষেপ করেন তাহলে আমি বিশেষভাবে বাধিত হব। আজকে সকাল ৭টা থেকে চিত্তরঞ্জন ন্যাশনাল মেডিকেল কলেজ হসপিটালের সমস্ত শ্রেণীর স্টাফ, ডক্টর, নার্স, তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর কর্মচারীরা অনির্দিষ্টকালের জন্য স্ট্রাইক সুরু করেছেন। সেখানকার স্থানীয় ব্যক্তিরা আমাকে বলেছেন এরকমভাবে যদি হাসপাতালে স্ট্রাইক হতে থাকে তাহলে খুব অসুবিধার ব্যাপার। সেইজন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি তিনি যেন এই ব্যাপারে তাড়াতাড়ি হস্তক্ষেপ করে এর সুষ্ঠু সমাধান করেন এবং ভবিষ্যতে যাতে আর স্ট্রাইক না হয় সেই অনুরোধ জানাচ্ছি।

[2-30 p.m.—2-40 p.m.]

**শ্রীশচীন্দ্রমোহন নন্দী:** অধ্যক্ষ মহোদয়, গতকাল আনন্দবাজার পত্রিকায় একটা গুরুতর খবর বেরিয়েছে, যদিও এই রকম খবর প্রতিদিনই খবরের কাগজে পাওয়া যায়। তবে কাল যে খবর বেরিয়েছে সে সম্বন্ধে আমি আপনার মাধ্যমে পুলিশ মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। খবরটা হচ্ছে—গত নির্বাচনের পর থেকে কৃষ্ণনগর এবং তার পার্শ্ববর্তী অঞ্চলে কংগ্রেস সমর্থক বিভিন্ন পরিবারের উপর অত্যাচার হচ্ছে। তারই ফল হচ্ছে এই দুটি দৃষ্টান্ত। ধুবুলিয়ার নূতন নূতন ক্যাম্পের শ্রীনরেশ বিশ্বাসের বাড়ীতে চড়াও হয়ে একদল লোক গত রবিবার শ্রীবিশ্বাসের পুত্র শুভেন্দু বিশ্বাসকে ছুরিকাঘাত করে। বাড়ীর মহিলারাও নাকি লাঞ্ছিত হন। শুভেন্দু ও তার বোনকে আহত অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়।

আর একটি ইন্সিডেন্টের কথা বলা আছে। কৃষ্ণনগর মল্লিকপাড়া অঞ্চলের শ্রীখোকন দাস নামে এক যুবককে ছুরিকাহত অবস্থায় জেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। শ্রীদাসের অবস্থা সংকটজনক বলে জানা গেছে। কিছুদিন থেকে কৃষ্ণনগর এবং পার্শ্ববর্তী অঞ্চলগুলিতে অসামাজিক কার্যকলাপ খুবই বেড়ে গেছে। আমি আশা করি এ বিষয়ে মন্ত্রিমহাশয় দৃষ্টি দেবেন।

**মিঃ স্পীকার:** আচ্ছা ওটা আমার কাছে পাঠিয়ে দিন।

**শ্রীপ্রলয় তালুকদার:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে বিভিন্ন সংবাদপত্রে এবং অমৃতবাজারে যা আমার কাছে এখানে আছে, একটা সিরিয়াস বিষয় বেরিয়েছে, সেটা হচ্ছে ১৯৬৮ সালে কলকাতা বিশ্ববিদ্যালয়ের যে এম এ পরীক্ষা হয় এবং তার ফলাফল বের হয়, সে সম্পর্কে বহু দুর্নীতির অভিযোগ এসেছে। গত কাল রাষ্ট্র বিজ্ঞান পলিটিক্যাল সায়েন্সের ছাত্ররা ভাইস চ্যান্সেলারের কাছে গেছলেন দেখা করতে, পলিটিক্যাল সায়েন্সের যে রেজাল্ট বেরিয়েছে সে সম্পর্কে দুর্নীতির সুস্পষ্ট অভিযোগ নিয়ে। এই যে কাগজ আমার কাছে রয়েছে, আমি সেটা শিক্ষা-মন্ত্রী মহাশয়কে নিয়ে গিয়ে দেখাতে পারে। আশা করি শিক্ষামন্ত্রী মহাশয় এ বিষয়ে একটা বিবৃতি দেবেন এবং ঐ পরীক্ষার ফলাফল সম্বন্ধে তদন্তের ব্যবস্থা করবেন কিনা জানাবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবিজয় সিং নাহার:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে জেলমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আলিপুর সেন্ট্রাল জেলে খুবই দুর্নীতি হচ্ছে, চুরি হচ্ছে, সেখানে কয়েদীদের খাওয়া দেওয়া হয় না, চাল একেবারে অখাদ্য, সেখানে পোকা ভর্তি মটর ডাল দেওয়া হচ্ছে, পাঞ্জাবী খাদ্য রুটি দেওয়ার কথা, রুটি দেওয়া হচ্ছে না, চিকিৎসার ব্যবস্থা নাই অনেক দিন থেকে, কয়েদীরা জানিয়েছে অধ্যক্ষকে, কিন্তু কোন প্রতিকার না হওয়াতে সাত তারিখ থেকে তারা অনশন করে। আমরা শুনতে পেলাম জোর জুলুম করে অনশন ভাঙ্গার চেষ্টা হচ্ছে কিন্তু খাদ্য দেবার কোন ব্যবস্থা হয় নি। আজকে ৮ দিন পরে আই জি দেখতে গিয়েছেন, কোন প্রতিকারের ব্যবস্থা নাই। আমি আশা করছি জেলমন্ত্রী সেখানে গিয়ে দেখবেন কিভাবে চুরি হচ্ছে এবং কয়েদীদের কি অসুবিধা হচ্ছে। মন্ত্রিমহাশয় যেন এ দিকে দৃষ্টি দেন এ সম্বন্ধে, আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীনেপালচন্দ্র রায়:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটা কথা পুলিশ মন্ত্রিমহাশয়ের দৃষ্টিতে আনতে চাই। কাল এই হাউসে শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি বললেন বাগনানে এবং বিভিন্ন জায়গায় যে গাড়ী আটকান হচ্ছে সেটা নাকি ছাত্র পরিষদের ছাত্ররা করছে। এটা কিন্তু কোন কাগজেই বেরুলো না যে ছাত্র পরিষদের ছাত্ররা করছে, যে জিনিস কোন খবরের কাগজে বেরুলো না সেই অসত্য খবর তিনি এখানে বলে গিয়েছেন কালকে। বাগনানে ছাত্র পরিষদের ছাত্রদের কোন মতেই বাগে আনতে পাচ্ছেন না সেইজন্যই নেতাদের ধরবার জন্য এই জাল ফেলবার চেষ্টা করছেন। আমি পুলিশ মন্ত্রীকে অনুরোধ করবো তিনি যেন সত্য জিনিসটা বার করার চেষ্টা করেন।

**Mr. Speaker:**
আপনি এবার বসুন।

**Shri Nepal Chandra Roy :** On a point of order, Sir,
কয়েকদিন থেকে আমরা লক্ষ্য করছি যে হাউসটা একটু বে-সামাল হয়ে যাচ্ছে, বাইরের লোকেরা বলছেন—কি তোমরা আরম্ভ করেছো?

**Mr. Speaker:**
আজকে কি দেখছেন? আগেকার কথা ছেড়ে দিন।

**Shri Nepal Chandra Roy:**

আমি স্যার গত ২০ বছর ধরে এখানে আছি। আমাদের সকলের এই হাউসের রীতি-নীতি মানতে হবে, ডিসেন্সী এবং ডিকোরাম বজায় রাখা উচিত। আমরা দেখছি মন্ত্রীরা পর্যন্ত যেমন জ্যোতিবাবু, হরেকৃষ্ণবাবু, যতীনবাবুও হাত তুলে তুলে বলছেন ওদের পক্ষের মেম্বারদের লাগাও, চালাও।

**Mr. Speaker:**

নিশ্চয়ই, আপনি যখন দেখেছেন, আমারও এটা দেখা উচিত।

**Shri Abdus Sattar:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী গত ২রা জুলাই তারিখে যে বাজেট বিবৃতি দিয়েছেন, তা থেকে দেখা যায় তিনি একটি বিরাট ঘাটতি বাজেট আমাদের সামনে উপস্থাপিত করেছেন। আমার মনে হয় ইতিপূর্বে এতবড় ঘাটতি বাজেট কখনো এখানে আসে নি। বাজেটটা মোটামুটি হচ্ছে একটা দেশের অর্থনৈতিক প্রতিচ্ছবি, দেশের বর্তমান অবস্থা বাজেট থেকে জানতে পারা যায়। কিন্তু তিনি যে বাজেট এখানে রেখেছেন তাতে মনে হচ্ছে বাংলা-দেশকে দেউলিয়া করার একটা পরিকল্পনা যেন তিনি গ্রহণ করেছেন।

(এ ভয়েসঃ তা কি বাকি আছে?)

আমি বাজেটটা আগাগোড়া পড়ে দেখলাম, এটা একটা অসম্পূর্ণ বাজেট, এতে বাংলাদেশের পূর্ণ একটা আর্থিক চিত্র আমরা পাই নি। উনি গোড়ায় গলদ নিয়েই আরম্ভ করেছেন। যখন গত মার্চ মাসে উনি বাজেটটা রাখেন, তখন থেকেই ভুল করতে সুরু করেছেন। আর এই তিন-চার মাসের মধ্যে অনেক ভুল হয়েছে এবং ভবিষ্যতে আরো ভুল হবে—তা তাঁর বিবৃতি থেকেই বুঝতে পারা যাচ্ছে।

প্রথম ১৯৬৯ সালের মার্চ মাসে যে বাজেটটা রাখেন, তার বক্তব্য থেকে দেখা যাচ্ছে—প্রারম্ভিক ঘাটতি ছিল ২২ কোটি ৬৪ লক্ষ টাকা, আর আজকে সেটা তিনি বলছেন—প্রকৃত-পক্ষে ওটা ভুল হয়েছিল, প্রারম্ভিক ঘাটতি ছিল না, মোটমাট ১১ কোটি ৮৮ লক্ষ টাকা উদ্বৃত্ত ছিল। দেখা যাচ্ছে মার্চ মাসে যে বাজেটটা তিনি রেখেছিলেন, তাব গোড়ায় ভুল করেছেন। বাজেটের দুটো দিক আছে—একটা হচ্ছে আয়ের দিক, আর একটা হচ্ছে ব্যয়ের দিক বা খরচের দিক। আমার যা আয় সেই অনুসারে খরচটা আমি করবো এটা মনে রেখে অগ্রসর হওয়া উচিত, তাহলে সেটা বাস্তব হবে। আর এই বাজেটে দেখা যাচ্ছে আয়ের দিকে গত মার্চ মাসে যে অংকটা তিনি দেখিয়েছিলেন, এখন দেখা যাচ্ছে তা থেকে অনেক কমে গেছে। অর্থাৎ আয়ের দিকটা বলেছিলেন—আয় ছিল ২৩৪ কোটি ৭৭ লক্ষ টাকা। আর তিন মাস পরে এপ্রিল, মে, জুন, আজকে দেখছি রাজস্ব আয় ২৩০ কোটি ৫২ লক্ষ টাকা—অর্থাৎ ৪ কোটি ২৫ লক্ষ টাকা কম। আর খরচের দিকটা দেখুন—মার্চ মাসে যে ব্যয় বরাদ্দের কথা বলেছিলেন, তখন সেটা ছিল ২৫৪ কোটি ৫৬ লক্ষ টাকা। এখন সেটা বেড়ে দাঁড়িয়েছে ২৮২ কোটি ৩০ লক্ষ টাকা।

[2-40 p.m.—2-50 p.m.]

সুতরাং আয়ের সংগে ব্যয়ের হিসাবের যে তারতম্য নেই সেখানে বাজেটের যে কি অবস্থা হবে, মর্নিং শোজ দি ডে, এই বাজেটের অবস্থা ভবিষ্যতে উন্নত হবে আশা করা যাচ্ছে না তিনি প্রায় ২৮২·৩০ লক্ষ টাকা দেখিয়েছেন। এর ফলে নীট ফল হচ্ছে এই আমাদের ঘাটতি হচ্ছে ৫৩ কোটি ৬৭ লক্ষ টাকা। ঘাটতি দেখানো সহজ, প্রত্যেক হেডে খরচ রাখা যায় কিন্তু এই ঘাটতি পূরণের জন্য তিনি কোন নির্দেশ দেন নি। যে নির্দেশ তিনি দিয়েছেন সেটা খুব অস্পষ্ট; আমার মনে হয় তিনি লোককে ভাঁওতা দিয়েছেন। কেন না দেখা যাবে তিনি এটা পূরণের জন্য কয়েকটা উপায় উদ্ভাবন করেছেন। তিনি বলেছেন চলতি বছরে অতিরিক্ত কর

নির্ধারণে কয়েকটি ব্যবস্থা অবলম্বন করা হবে এবং যথা সময়ে প্রয়োজনীয় ব্যবস্থাগুলি পেশ করা হবে। স্যার, আপনার নিশ্চয় মনে আছে যে আমাদের উপ-মুখ্যমন্ত্রিমহাশয় যখন ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকারের অর্থমন্ত্রী ছিলেন তখন তিনি হুবহু এই কথাই বলেছিলেন অর্থাৎ কর ধার্য করা হবে এবং যথা সময়ে সভার সামনে পেশ করা হবে। কিন্তু দেখা যাচ্ছে তিনি ফাইন্যান্স বিল সভার সামনে আনেন নি ১৯৬৭ সালে। ৩ মাস অপেক্ষা করবার পর ফাইন্যান্স বিল অর্ডিন্যান্স করে তিনি দিয়েছিলেন, হাউসের সামনে আনেন নি। এটা ডেমোক্রাটিক কানট্রিতে হয় নি যে ফাইন্যান্স বিল হাউসের সামনে আসছে না। তারপর ইচ্ছামত অর্ডিন্যান্স করে কর ধার্য করা এইভাবে ফাইন্যান্স বিল কখনও হয় নি, সর্বপ্রথম ১৯৬৭ সালে এসেছিল। আমার মনে হয় মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী ১৯৬৭ সালে উপ-মুখ্যমন্ত্রীর পথ অনুসরণ করছেন, তাই আজকে তাঁর সাহস হচ্ছে না। তিনি যে ঘাটতি বাজেট রেখেছেন প্রায় ৫৪ কোটি টাকা, এই টাকা কিভাবে ওঠাবেন তার একটা হচ্ছে কর ধার্য করার ব্যাপার। এখন এই কর কত হবে তার কোন ইংগিত তিনি দেন নি। তাই বলছি এটা অসম্পূর্ণ বাজেট। মাননীয় সভাপাল মহাশয়, আমি আশা করেছিলাম, যে ঘাটতি হবে তা কিভাবে পূরণ করা হবে তিনি এই হাউসের সামনে রাখবেন। কিন্তু আমার মনে হয় তিনি অজ্ঞাত কারণে এই ব্যাপারটা সাপ্রেসড রেখেছেন। তা ছাড়া তিনি বলেছেন যে আমাদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা যেটা রয়েছে তাতে আমরা ৭৫ কোটি টাকা ৫ বছরে ট্যাক্স করে ওঠাব। তাহলে দেখা যাচ্ছে ১৫ কোটি টাকা বছরে ওঠাতে হবে। স্যার, আমাদের এই বাংলাদেশ গরীব দেশ, এই গরীব দেশের মানুষ ট্যাক্সে জর্জরিত হয়ে আছে, তারা সব রকম ট্যাক্স দিয়ে শেষ পর্যায়ে পৌঁছেছে, আজকে তাদের দুবেলা অন্ন জোটে না। এই পরিস্থিতিতে যাঁরা কথায় কথায় জনগণের নাম করেন এবং জনগণের দরদী সাজেন তাঁরা এইভাবে বিরাট ঘাটতি বাজেট এনে দেন এবং আমার মনে হয় সেটা জনসাধারণের মাথায় চাপাবার চেষ্টা করছেন, কিন্তু বাজেটে সে কথা পরিষ্কারভাবে বলছেন না। এই না বলার কারণ হচ্ছে লোকে তাঁদের বর্তমান অবস্থায় ছি ছি করে সেটা অ্যাভয়েড করার জন্যই তাঁরা করেছেন। তারপর স্যার, ট্রাম কোম্পানীর একটা খরচ আছে। এই ট্রাম কোম্পানী ১৯৬৭ সালে উপমুখ্য মন্ত্রিমহাশয় নিজে খুব বাহবা কুড়িয়েছিলেন যে তাঁরা আসার সংগে সংগে ম্যানেজমেন্ট নিয়ে নিলেন। তিনি দেখাতে চেয়েছিলেন এই ট্রাম কোম্পানী নেবার পর কি আয় হয় আমরা দেখাব।

আপনি জানেন স্যার, এই ট্রাম কোম্পানী নেওয়ার পর মাসের পর মাস রাজ্যসরকারকে লক্ষ লক্ষ টাকা ভরতুকি দিতে হচ্ছে। তাই আমি সরকারকে বলব যে ট্রামে চড়ে যারা কলকাতায় ব্যবসা করে বা চাকুরী করে তারা এই ভরতুকি দিক। কিন্তু এই ট্যাক্স কোথা থেকে আসছে? গ্রামের লোকেরা যারা না খেয়ে থাকে তাদের ট্যাক্সের টাকা নিয়ে সরকার আজকে ট্রাম কোম্পানীর ম্যানেজমেন্ট হাতে নিয়ে ভরতুকি হিসাবে দিচ্ছেন। এবং এই ম্যানেজমেন্ট নেওয়ার পর সরকার ঋণ হিসাবে লক্ষ লক্ষ টাকা দিচ্ছেন এবং দেখা যাচ্ছে যে তারা ৯ কোটি টাকা ঋণ দেওয়ার পরিকল্পনা করেছেন। তাই আমি এই কথা বলতে পারি যে মাননীয় উপমুখ্য মন্ত্রিমহাশয়, যিনি কমিউনিস্ট পার্টির নেতা এবং যে দল সংযুক্ত পক্ষে সরকার চালাচ্ছেন, তারা আজকে কলকাতার লোকদের খুশী করার জন্য যাতে অল্প পয়সায় ট্রামে চড়াতে পারে এবং ভাড়া বাড়ালে ট্রাম বাস পোড়াতে পারে সেই ভয়ে কলকাতার লোকদের আঘাত না দিয়ে গ্রামের জনগণের উপর ট্যাক্স চাপিয়ে সেই ভরতুকি দেওয়া হচ্ছে। তাই গ্রামের গরীব জনগণের কথা ওঁরা মুখে যতই বলুন, কাজের বেলায় কিন্তু অন্য জিনিস দেখা যাচ্ছে। ট্রাম কোম্পানীতে দেখা যাচ্ছে বিরাট ঘাটতি, রাষ্ট্রীয় পরিবহন ব্যবস্থাতেও সেই একই সমস্যা দেখা যাচ্ছে। যুক্তফ্রন্ট সরকারের কার্যকলাপের দরুন সেই ঘাটতি পূরণ করতে হবে গ্রামের লোকদের। যখন ট্রামের ভাড়া বাড়িয়েছিলেন রাজ্যপালের আমলে, তখন তাঁরা বাধা দিয়েছিলেন কেন? তাঁরা বলতে পেরেছিলেন আয় ব্যয়ের একটা বিরাট ব্যবধান হবে শুধু ট্রাম কোম্পানী বাড়লে গেলে, তাই ভাড়া বাড়াবার প্রয়োজন আছে। কিন্তু ওঁরা লোকের কাছে বাহবা নেবার জন্য রাজ্যপালের আমলে যেটা বেড়েছিল সেটা কমিয়ে দিলেন। তার ফলে আজকে রাজ্যসরকারকে মাসের পর মাস ভরতুকি দিতে হচ্ছে। সে ঋণ কখনও শোধ হবে না। তাই আমি আপনার মাধ্যমে নিবেদন

করলাম যে এই সরকার যতটা জনগণের সরকার বলে দাবী করছেন তা ঠিক নয়। তাঁরা যুক্তফ্রন্ট হলেও আসলে মনে মনে বিযুক্ত, কিন্তু সামটাইমস যুক্ত হয় বিশেষ খারাপ কাজ করার জন্য। তার এক নম্বর হচ্ছে আজকে তারা ট্রাম কোম্পানীর ভরতুকি দিচ্ছেন কিম্বা রাষ্ট্রীয় পরিবহণ ব্যবস্থায় ভরতুকি দিচ্ছেন। যদি কলকাতার লোকদের কাছ থেকে টাকা উঠতো তাহলে তাতে আমাদের আপত্তি থাকতো না। তাই এই হিসাব দেখতে পাচ্ছি যে বছরে ১৫ কোটি টাকা কর ধার্য করবেন এই ঘাটতি টাকা ওঠানোর জন্য। তারপরে আমাদের ঘাটতি দেখা যাচ্ছে ৫৪ কোটি টাকা। ১৫ কোটি টাকা যদি এইভাবে ট্যাক্স করা হয়। তবুও দেখা যাচ্ছে ৩৯ কোটি টাকা ঘাটতি থাকছে এই বছর। সেটা কিভাবে উঠবে সে সম্বন্ধে কিছু বলছেন না। তাই আমি বলছি এই বাজেটে দেশের সম্পূর্ণ অবস্থা তুলে ধরা হয় নি। কেন না এই ঘাটতি পূরণের যে নির্দেশ দিয়েছেন সেটা সম্পূর্ণ অস্পষ্ট রয়েছে এবং এই অস্পষ্ট বিশেষ উদ্দেশ্যে রেখেছেন। আমি বলতে চাচ্ছি না যে এই সরকার ৪ মাসে বিরাট একটা কিছু করতে পারবে। এটা সম্ভবও নয়। ৪ মাসের মধ্যে দেশে একটা বিরাট সমৃদ্ধি আনবে সেটা সম্ভব নয়। কিন্তু মর্নিং শোজ দি ডে বলে একটা কথা আছে। কিন্তু এই ৪ মাসের গোড়াতেই তারা যেভাবে যুক্তফ্রন্টের বিভিন্ন শরিকে শরিকে মারামারি কাটাকাটি আরম্ভ করেছেন তাতে আমার মনে হয় দেশের অগ্রগতি কিম্বা কল্যাণমূলক কাজের দিকে তাঁদের কোন দৃষ্টি নেই।

[2-50 p.m.—3 p.m.]

তাদের একমাত্র দৃষ্টি যে দলের লোকদের এবং দলকে কিভাবে পুষ্ট করতে পারেন। তাই এই যে ঘাটতি বাজেটে ১৫ কোটি টাকা বছরে ট্যাক্স ধার্য করবেন, আমি মনে করি এই ট্যাক্স ধার্য করতে গিয়ে দেখা যাবে তাঁরা আজকে আমাদের বাংলাদেশের বহুবিধ সমৃদ্ধি আনবেন বলে জনসাধারণকে ভাঁওতা দিয়েছিলেন সেই সমৃদ্ধি তো দূরের কথা, বাংলাদেশ আরও ঋণে জড়িয়ে পড়বে, অর্থনৈতিক উন্নয়ন হবে না। আজকে কি বিভিন্ন শরিকরা বুকে হাত দিয়ে বলতে পারেন তারা এই কাজ সমর্থন করছেন যে তাদের কর্মসূচী অনুযায়ী ভেড়ী দখল, মারামারি, মাছ চুরি এবং বিভিন্ন জায়গায় অরাজকতা সৃষ্টি হচ্ছে। আজকে আমাদের দেশে সবচেয়ে বড় জিনিস হচ্ছে ল অ্যান্ড অর্ডার, তা বর্তমানে নেই। মানুষের সমালোচনা করার অধিকার নেই, বাক স্বাধীনতা নেই। আজকে সবচেয়ে বড় বিপদ যেটা সেটা হচ্ছে এই যে যুক্তফ্রন্টের আমলে আজকে গণতন্ত্র বিপন্ন হচ্ছে। তাদের নির্দেশ অনুযায়ী, তাদের খুশীমত, মনমত কিছু বলতে না পারলে গণ্ডগোল এবং মনমত যদি তা না হয় তাহলে বলতে পারা যাবে না। এটা যুক্তফ্রন্টের কাজ তা বলবো না, এটা বাম কমিউনিস্ট পার্টির কীর্তি, তাঁদের যাঁরা সমর্থক তাঁরা আজকে ডাণ্ডাবাজী আরম্ভ করেছে এবং রাজ্যে একটা নৈরাশ্যের সৃষ্টি করেছে, এখানে মনে হচ্ছে ডাণ্ডার রাজত্ব চলেছে, ডাণ্ডার যার জোর আছে রাজত্ব তার, এই অবস্থা তৈরী হয়েছে এই বাম কমিউনিস্ট পার্টির নেতৃত্বে যেভাবে বিভিন্ন জায়গায় আক্রমণ-মূলক কাজ চলেছে, যেভাবে নিরীহ লোকের জীবন বিপন্ন করে চলেছে, যেভাবে ল অ্যান্ড অর্ডার ফেল করছে, যেভাবে ভেড়ী দখলের নামে মাছ চুরি করছে, যেভাবে অগ্রসর হচ্ছে, আমি বলবো তার ফলে দেশের যে উন্নয়নমূলক কাজের কথা তাঁরা বলেছিলেন সেইসব হওয়া সম্ভব নয় এবং সেইসব দিকে তাদের দৃষ্টিও নেই। আজকে যারা গণতন্ত্রে বিশ্বাস করেন, যে সমস্ত দল গণতন্ত্রে বিশ্বাস করেন তাদের কাছে আবেদন জানাবো যে যদি সত্যিকারের গণতন্ত্র রক্ষা করতে চান, বাক স্বাধীনতা রক্ষা করতে চান, সংবাদপত্রের স্বাধীনতা রক্ষা করতে চান, লোকের স্বাধীনতা রক্ষা করতে চান, তাহলে আমার মনে হয় সেই বাম কমিউনিস্টদের পীড়নের বিরুদ্ধে, অত্যাচারের বিরুদ্ধে রুখে দাঁড়াবেন, এটাই আশা করছি। আর মন্ত্রিত্বের লোভে যদি আপনারা নিজেদের স্বত্ত্বা বিক্রি করেন তাহলে কিছু যায় আসে না। রোজকার খবরের কাগজে দেখুন একটা না একটা খুন হচ্ছে। মে মাসে দেখুন রোজ দুটি তিনটি করে খুন হয়েছে এবং জুন মাসেও দেখুন রোজ দুটি একটি করে খুন হচ্ছে, এটা একটা দৈনন্দিন ঘটনা। সেই জন্য আজকে আমি বলবো যে যদি দেশে ল অ্যান্ড অর্ডার না থাকে, রুল অব ল যদি দেশে না থাকে সেখানে গণতন্ত্র বাঁচতে পারে না। আজকে পুলিশের জন্য পুলিশ খাতে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়

প্রথমে মার্চ মাসে ২২ কোটি ৭৬ লক্ষ ৩৮ হাজার টাকা ধরেছিলেন এবং এখন তা বেড়ে ২৩ কোটি ৩১ লক্ষ চার হাজার টাকা দাঁড়িয়েছে। এই পুলিশ খাতে তিনি বাড়িয়েছেন। আজকে পুলিশের দরকার কি আছে। আজকে পুলিশকে ইনঅ্যাকটিভ করে রাখা হয়েছে। আজকে পুলিশের কাছে কেউ গেলে বলে, 'হুকুম নেই, মন্ত্রী জ্যোতিবাবু বলবেন তবে যাব।' এইভাবে যদি চলে তবে পুলিশের কোন প্রয়োজন নেই বলে আমি মনে করি। অথচ পুলিশ খাতে ব্যয় তিনি মার্চ মাসে যা চেয়েছিলেন, এখন তার চেয়ে বেশি চাচ্ছেন। আজকে যিনি পুলিশমন্ত্রী হয়েছেন তিনি পুলিশকে ইনঅ্যাকটিভ করে ফেলেছেন। যার ফলে আজকে অফিস আক্রান্ত হচ্ছে, মানুষ আক্রান্ত হচ্ছে, গৃহে আগুন দেওয়া হচ্ছে, কিন্তু পুলিশ যাচ্ছে না। পুলিশ বলছে আগে হুকুম আনতে হবে তবে পুলিশ যাবে, তাহলে হোয়ার ইজ দি রুল অফ ল? কোথায় রুল অফ ল? আমার মনে হয় এটা জঙ্গলের রাজত্ব। এর বিরুদ্ধে যুক্তফ্রন্টের অন্যান্য শরিকরা সাহস পাচ্ছে না, তাই মার খেয়ে মার চুরি করছে। অবশ্য তাতে আমাদের আপত্তি নেই।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ?** উনি বাজেটের উপর সাধারণ আলোচনা না করে বার বার আমাদের একটা শরিক সম্বন্ধে বলছেন। উনি ইর্রিলিভেন্ট কথা বলছেন। আপনি ওঁকে দয়া করে বারণ করুন।

**মিঃ স্পীকার ঃ** আজকে ওসব হবে। আপনারা এখন শুনুন ভাল করে পরে উত্তর দেবেন। ওনার যা খুসী বলতে পারেন।

**শ্রীআবদুস সাত্তার ঃ** আসল কথা বলছি তাই একটু গায়ে জ্বালা ধরছে। স্যার, এখানে ল অ্যান্ড অর্ডার বলে কিছু নেই। ইন এ ডেমোক্রেটিক কানট্রী, কোর্ট যে অর্ডার দেবে সেটা আপনি মানবেন, সবাই মানবেন। এটাই ডেমোক্রেসীর নিয়ম। কিন্তু এখানে আমরা দেখছি, কোর্টের অর্ডার আছে, ইনজাংসান আছে, সেই ইনজাংসান থাকা সত্ত্বেও জনৈক মন্ত্রী এমন উস্কানি দিচ্ছেন যার ফলে লোকে ইনজাংসানকে উপেক্ষা করে আইন ভঙ্গ করছেন। তাহলে ওঁরা কি গণতন্ত্রে বিশ্বাস করেন? আমরা এখানে সকলে যাঁরা এসেছি, সংবিধানের শপথ নিয়েছি। যাঁরা সদস্য তাঁরাও নিয়েছি, যাঁরা মন্ত্রী তাঁরাও নিয়েছেন। এই শপথ নিয়েও কোর্টের অর্ডার, আইনকে ভায়োলেট করছেন ওঁরা। এটা প্রশাসনিক বিভাগের দায়ীত্ব যে ইনজাংসান অর্ডার যাতে রক্ষিত হয় সেটা দেখা। কিন্তু সেটা না করে ওঁরা এটা ভঙ্গ করছেন। হাইকোর্ট অনেক রুল দিচ্ছে, অনেক অর্ডার দিচ্ছে, কিন্তু সে সকল রক্ষিত হচ্ছে না। আমরা কোন রাজত্বে আছি? মানুষের কাছে সবচেয়ে বড় মূল্যবান, সেটা বিচারের অধিকার, বলার অধিকার, থাকার ও বাঁচার অধিকার, আজকে যদি সেই অধিকার থেকে বঞ্চিত করা হয়, তাহলে এইভাবে আইন ভঙ্গ করে তাঁরা দেশে বিশৃঙ্খলা সৃষ্টি করছেন। ওঁরা একটা গৃহযুদ্ধ আনার পরিকল্পনা নিয়েছেন। আজকে সবাই জানেন ওঁদের অনেক শরিকই জানেন আমাদের জয়বাবুও (শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীকে দেখাইয়া) জানেন এবং তিনি মনে মনে আমাদের বলছেন, সাংঘাতিক অবস্থা, থাকতে পারছি না, তাঁরা সবাই বলছেন, ল অ্যান্ড অর্ডার ডেটোরিয়েট করছে। ওঁরা অনুভব করছেন, কিন্তু জ্যোতিবাবুর ভয়ে বলতে পারছেন না।

[3 p.m.—3-20 p.m.]

আর সবচেয়ে দুঃখের কথা, মুখ্যমন্ত্রী, যিনি দেশের সবচেয়ে বড় কর্তা তিনি আজ ঠুটো জগন্নাথ হয়ে বসে আছেন। তাঁর কোন ক্ষমতা নেই। আজকে আমি তাই বলবো, তিনি মুখ্যমন্ত্রী, তিনি বুঝতে পারছেন না, কেন ২রা অক্টোবর তিনি পদত্যাগ করার সংকল্প করেছিলেন? আজকে সেই অবস্থা কি আসে নি? আজকে সেই অবস্থা এসেছে, গৃহযুদ্ধের সেই অবস্থা এসেছে। আজ মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর বাজেটে ল অ্যান্ড অর্ডারএর একটি কথাও বলেন নি। আজকে

চারিদিকে অরাজকতা, মারামারী, খুন-খারাপি চলছে, অথচ আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী নির্বাক, কথা নেই তাঁর মুখে। আমার মনে হয়, তাঁর অন্তর ফেটে যাচ্ছে বলার জন্য। কিন্তু এক মুখ্যমন্ত্রিত্ব রক্ষা করার জন্য তাঁকে সব কিছু জলাঞ্জলি দিতে হয়েছে। দেশের লোককে জলাঞ্জলি দিতে হয়েছে। আজ তাই আমি বলব, মুখ্যমন্ত্রী, যিনি মন্ত্রিত্বের লোভে তাঁকে সব কিছু জলাঞ্জলি দিতে হয়েছে। আজকে তিনি নির্বাক হয়ে বসে আছেন কেন? তাঁর কি কোন দায়ীত্ব নেই। আজকে দেশের লোক তাঁর কাছে অনেক কিছু আশা করে, তিনি অন্ততঃ গণতন্ত্রে বিশ্বাসী। তিনি অন্ততঃপক্ষে গৃহযুদ্ধ বাধিতে দেবেন না। আজকে যুক্তফ্রন্টের কার্যকলাপ যে বিশ্রী অবস্থার সৃষ্টি হয়েছে, তিনি নির্বাক হয়ে আছেন, তাতে সকলে হতাশ হয়ে গেছে। আজকে এই পুলিশ মন্ত্রী, তিনি পুলিশকে দিয়ে কিছুদিন আগে দুর্গাপুরে যে অত্যাচার করেছেন তার কথা কে না জানে। সেখানে পরীক্ষার হলে গিয়ে ছাত্রদের উপর কিভাবে অত্যাচার করা হয়েছে, অমানুষিকভাবে মারা হয়েছে। অথচ তার বিরুদ্ধে পুলিশমন্ত্রী কাউকে সাসপেন্ড করেন নি। আপনি জানেন স্যার, কালকের ঘটনার কথা, পরশুদিনের ঘটনা নিয়ে কালকে হৈচৈ হয়েছিল। আমি কখনও দেখিনি, নট এ সিঙ্গল ওয়ার্ড, নট এ হুইসপার স্যার, বৃটিশএর বিরুদ্ধেও সংবাদপত্র অনেক কথা বলেছিল। কংগ্রেসের আমলে—কংগ্রেস সরকারের বিরুদ্ধেও ঐ সংবাদপত্র অনেক কথা বলেছিল, কিন্তু কখনও সংবাদপত্রের অফিসের কোন গাড়ী পোড়েনি। কিন্তু আজকে যে সরকার জনগণের প্রতিনিধি হয়ে বসেছে, সেই সরকারের চেলারা ঐ ৫টি দলের মধ্যে বাম-কমিউনিস্টের চেলারা আজকে নির্লজ্জভাবে তাদের মনমত কথা হয়নি বলে, সংবাদপত্র তার স্বাধীন মত ব্যক্ত করেছে বলে আজকে সংবাদপত্রের অফিস আক্রমণ করছে, পুড়িয়ে দিচ্ছে, ঢিল মারছে। তারা চায় না গণতন্ত্রকে বাঁচতে দেবে, তারা চায় তাদের স্বাধীন মত ব্যক্ত করতে পারবে না, তারা চায় লুটের রাজত্ব। তাই তারা ভেড়ী দখলের নামে, মাছ চুরী করছে, জমি দখলের নামে ডাক্রাতি করছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করবো, যে হে, মুখ্যমন্ত্রী, হে গণতন্ত্রে বিশ্বাসী, হে, গান্ধীবাদী, তুমি গান্ধীবাদী বলে যখন বল তখন তুমি যাতে দেশের মধ্যে অরাজকতা না আসে তার ব্যবস্থা করবে। তাকে প্রতিরোধ করবে যাতে অরাজকতা বন্ধ হয়। তুমি গণতন্ত্রকে রক্ষা করার জন্য দরকার হলে পদত্যাগ করবে। যেভাবে ২রা অক্টোবর তারিখে করেছিলে। স্যার, আপনি জানেন, কিছুদিন আগে আমাদের যুক্তফ্রন্ট শবিকের তথ্যমন্ত্রী তিনি তাঁর ৪ মাসের একটা ফিরিস্তী দিয়েছেন। সেই আমাদের তথ্যমন্ত্রী, তিনি তথ্য না জেনে তথ্য দিয়েছেন। সেই ফিরিস্তিটা হচ্ছে যে, আমরা কি করেছি আমরা কতদূর কাজ করেছিলাম, এই ধরণে একটা ফিরিস্তি তিনি দিয়েছেন। স্যার, সেই তথ্যমন্ত্রী বর্তমান অবস্থা দেখে যা বলেছেন তাতে মনে হয় তিনি আতঙ্কিত হয়েছেন। তিনি রবীঠাকুরের সেই মেহের পাগলা মত বলছেন যে তোমরা এই সব যাকিছু দেখছো সব ঝুট হ্যায়। সেই মেহের পাগলার মত আমাদের তথ্যমন্ত্রী বলেছেন, যে আজকে দেশের মধ্যে যে অরাজকতা দেখছো, মারামারী, খুন-খারাপী, এইসব যা কিছু দেখছো সব ঝুট হ্যায়। তাই তথ্যমন্ত্রী এসব ঝুটা বলে মেহের পাগলার রোল প্লে করছেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned for fifteen minutes)

(After adjournment)

[3-20 p.m.—3-30 p.m.]

**শ্রীলক্ষ্মীচরণ সেন:** মাননীয় স্পীকার মহাশয়, প্রস্তাবিত বাজেট সমর্থন করতে উঠে আমি কয়েকটা কথা আপনার মাধ্যমে বলতে চাই। প্রথম কথা হচ্ছে এই যে একটু আগে আমি বিরোধিপক্ষের মাননীয় সদস্যের বক্তৃতা শুনলাম—তাঁর বক্তৃতা শুনে আমার মনে হল যে বিরোধিপক্ষের শক্তি এমন কমে গেছে যে তাঁরা এখন স্থান কাল পাত্র ভুলে গিয়ে এবং দলীয় স্বার্থ বজায় রাখার জন্য আর কোন উপায় না দেখে যুক্তফ্রন্টের বিভিন্ন দলের ভেতর একটা বিরোধ সৃষ্টি করতে পারেন কিনা সেটাই এই বাজেট বক্তৃতার মূল বক্তব্য। প্রথম কথা হচ্ছে এই যে আমরা মনে করি বাজেট কেবলমাত্র আয় এবং ব্যয়ের একটা হিসাবই নয়, বাজেটের মাধ্যমে

সরকারের একটা দৃষ্টিভঙ্গী এবং একটা নীতি সুস্পষ্ট হয়ে উঠে এবং আমরা যে বাজেট আলোচনা করছি যা যুক্তফ্রন্ট সরকার এখানে পেশ করেছেন সেই বাজেটের মাধ্যমে যুক্তফ্রন্ট সরকারের একটা দৃষ্টিভঙ্গী এবং তাদের নীতি সুস্পষ্ট হয়ে উঠেছে। নির্বাচনের আগে যুক্তফ্রন্টের পক্ষ থেকে ৩২ দফার মাধ্যমে যে দৃষ্টিভঙ্গী এবং নীতি সুস্পষ্টভাবে আমরা জনসাধারণের সামনে পেশ করেছিলাম এবং আজকে যে বাজেট পেশ করা হয়েছে তার ভেতর থেকে যে দৃষ্টিভঙ্গী এবং নীতি সুস্পষ্ট হয়ে উঠেছে তা যুক্তফ্রন্টএর সেই ঘোষিত নীতির সঙ্গে একান্তভাবে সঙ্গতিপূর্ণ। কাজেই যাঁরা আজকে এই বাজেটের বিরোধিতা করছেন তাঁরা কার্যতঃ যুক্তফ্রন্টের জনকল্যাণমূলক যে নীতি সেই নীতিরই বিরোধিতা করছেন এবং সেই নীতির ফলে যেহেতু কায়েমীস্বার্থের স্বার্থ ক্ষুন্ন হচ্ছে তাই যাঁরা কায়েমীস্বার্থের প্রতিনিধি তাঁরা আজ উত্তেজিত, বিক্ষুব্ধ এবং তাই স্বাভাবিকভাবে এই জনকল্যাণমূলক বাজেটের বিরোধিতা করতে তাঁরা বদ্ধপরিকর হয়ে উঠেছেন। মাননীয় বিরোধীপক্ষের সদস্য প্রথমেই বলেছেন যে যখন মার্চ মাসে বাজেট পেশ করা হয় তখন থেকে মাননীয় অর্থমন্ত্রী নাকি ভুল করা সুরু করেছেন। বাজেট পড়ার ধৈর্য পর্যন্ত বোধ হয় মাননীয় সদস্যর ছিল না। একথা সুস্পষ্টভাবে বলা হয়েছে যে ১০ই মার্চ যে বাজেট পেশ করা হয় তা পূর্ববর্তী সরকারেরই তৈরী করা বাজেট ছিল। কাজেই ওটা ওঁদেরই এবং যেহেতু কোন সময় ছিল না যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর তাই সেই বাজেট ভোট অন অ্যাকাউন্ট করা হয়েছিল এবং বলা হয়েছিল যে পরবর্তীকালে বিচার বিবেচনা করে আমাদের দৃষ্টিভঙ্গী অনুযায়ী একটা জনকল্যাণমূলক বাজেট আমরা পেশ করব। কাজেই ভুল আমরা করিনি, ভুল তাঁরাই করেছিলেন।

কেন ২২ কোটি টাকা ঘাটতির পরিবর্তে ১১ কোটি টাকা প্রারম্ভিক তহবিলে এল সে কথা মুখ্যমন্ত্রী বলেছেন। এ. জি.-র কাছ থেকে যে রিপোর্ট পাওয়া গেছে তার ভিত্তিতে এটা হয়েছে। বাজেট বিবৃতিতে এই কথা বলা হয়েছ যে মার্চ মাসে যে বাজেট পেশ করা হয়েছিল তাতে ২৩৪ কোটি ৭৭ লক্ষ টাকা দেখান হয়েছিল এবং আজ সেক্ষেত্রে ৪ কোটি ২৫ লক্ষ টাকা কম হয়েছে। কেন এটা হয়েছে তার কারণ তিনি দেখিয়েছেন। প্রথম কারণ হল ৩ একর পর্যন্ত জমির খাজনা মকুব করা হয়েছে। আমাদের ৩২ দফা কর্মসূচীর ৫নং ধারায় একথা ঘোষণা করেছি যে ৩ একর পর্যন্ত জমির মালিকদের ভূমিরাজস্ব তুলে দেওয়া হবে। আমাদের সেই ৩২ দফা জনসাধারণ সমর্থন করেছেন। আজ তাকে বাস্তবে রূপায়িত করার জন্য এই কাজ করা হচ্ছে। কারণ সাধারণ মানুষ এর দ্বারা উপকৃত হবেন এবং সেজন্য এই ব্যবস্থা করা হয়েছে। দ্বিতীয় কারণ হচ্ছে দুর্গাপুর প্রকল্পে যে লোকসান হচ্ছে তার জন্য সুদ খাতে ১ কোটি ৫০ লক্ষ টাকা কম হবে এবং স্ট্যাম্প খাতে ৭৫ লক্ষ টাকা হ্রাস পাবে। কাজেই ৪ কোটি ২৫ লক্ষ টাকা কম হচ্ছে। অপর দিকে কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের সমহারে ভাতা দেবার জন্য ৯ কোটি টাকা বাড়তি খরচ হল। কেন্দ্রীয় সরকারী কর্মচারীর সংখ্যা রাজ্যসরকারের চেয়ে বেশী। কিন্তু একই রকম অবস্থার মধ্যে তাদের থাকতে হয়, কাজেই কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের যে হারে মহার্ঘ ভাতা পান রাজ্য সরকারী কর্মচারীদেরও সেই হারে পাওয়া উচিৎ। সেজন্য তাদের যে ন্যায়সংগত দাবী ছিল সেই দাবী পূরণ করতে গিয়ে এই কাজ করতে হয়েছে। এই নীতির কথা আমরা বহু পূর্ব থেকেই ঘোষণা করে আসছি, আজ সে ঘোষণা অনুযায়ী কাজ করেছি, তাছাড়া এখানে লিস্টএ পরিষ্কারভাবে বলে দেওয়া হয়েছে, কোন কোন খাতে ব্যয় বৃদ্ধি করা হয়েছে। যেমন বার্ষিক পরিকল্পনা যেখানে ৪৪ কোটি ৮২ লক্ষ টাকা ধরা হয়েছিল, সেক্ষেত্রে আরও ১০ কোটি ৬২ লক্ষ টাকা বাড়ান হয়েছে। কিন্তু কেন বাড়ান হয়েছে তাও বলা হয়েছে। বিরোধী পক্ষের সদস্য যে কথা বললেন তার মানে কি, শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, পশুপালন ও চিকিৎসা, বাণিজ্য ও শিল্প, বিদ্যুৎ, কুটিরশিল্প ও কংসাবতী প্রোজেক্ট প্রভৃতির জন্য যদি বেশী খরচ করা হয় তাহলে কি ওঁদের আপত্তি আছে? অর্থাৎ যাতে সাধারণ মানুষের উপকার হয় সেই কাজ যদি এই সরকার করেন তাহলে ওঁদের আপত্তি এবং সেজন্যই ওঁরা বিরোধীতা করছেন? যে কাজের জন্য ব্যয় বৃদ্ধি করা হল আমরা সেই কাজই করতে চাই। আমি একথা মনে করি যে একটা ঘাটতি বা বাড়তি বাজেট দিয়ে বাজেট বিচার করা চলে না। কেন ঘাটতি

হল এবং তাতে সাধারণ মানুষের উপকার হবে কি না সেকথা চিন্তা করতে হবে। সাধারণ মানুষের স্বার্থ রক্ষা করতে গিয়ে এই কাজ করতে হয়েছে এবং তার জন্য যুক্তফ্রন্ট প্রতিশ্রুতিবদ্ধ। বাড়তি বাজেটের দ্বারা যদি কায়েমী স্বার্থের স্বার্থ রক্ষা করতে হয় তাহলে সেখানেই আমাদের আপত্তি। কিন্তু এই বাজেটের দ্বারা যদি সাধারণ মানুষের স্বার্থ রক্ষিত হয় তাহলে নিশ্চয় এই বাজেট অভিনন্দনযোগ্য এটা শুধু পশ্চিমবঙ্গ সরকারের ব্যাপার নয়; আপনি জানেন স্যার, কেন্দ্রীয় সরকারের বাজেট হয়ে গেছে এবং ১৫০, কোটি টাকা নূতন কর ধার্য করার পরও ২৫০ কোটি টাকা ঘাটতি। সেখানে তো কংগ্রেস দলের সরকার। আজ পশ্চিম বাংলা সরকারের যে অবস্থা হয়েছে সেই অবস্থা সম্পর্কে ২।১টি কথা বলতে চাই। এটা আমার দলের কথা নয়। কংগ্রেস দলের পেপার 'যুগান্তর' কাগজে ৩রা জুলাই ১৯৬৯ লিখেছে "শোচনীয় অর্থাভাবের জন্য বর্তমান যুক্তফ্রন্ট সরকার আদৌ দায়ী নন। যেসব কারণে ব্যয় বৃদ্ধি পেয়েছে তার উপর তাঁদের কোন হাত ছিল না। অন্যদিকে আয় বাড়ানোর যেসব পথ আছে ভারতের সংবিধান অনুসারে তার অধিকাংশই রাজ্যসরকারের পক্ষে নিষিদ্ধ।" এটা আমার কথা নয়, ও'দের পেপার একথা বলছে। শুধু পশ্চিমবঙ্গ কেন? কংগ্রেস সরকার যেখানে আছে সেই আসাম সরকার সম্বন্ধে ২১শে এপ্রিল তারিখের যুগান্তর পেপার লিখছে—"আসাম সরকার গুরুতর অর্থসংকটের সম্মুখীন, ঋণের উপর এই সরকার চলছে।"

[3-30 p.m.—3-40 p.m.]

কাজেই আমার কথা হচ্ছে যে নীতিতে ও'রা চলছেন এবং এতদিন চলেছেন এবং কেন্দ্রীয় সরকার চলছেন তার অনিবার্য ফল হিসেবে আজকে পশ্চিমবাংলার উপর যে চাপ এসেছে তা থেকে যদি আমাদের বেরিয়ে আসতে হয় তাহলে আমাদের চেষ্টা করতে হবে। বর্তমান এই ঘাটতি পূরণ যাতে হয় তার জন্য অর্থমন্ত্রী মহাশয় কতকগুলি সাজেসশন রেখেছেন। বিরোধীদল বলেছেন ১৫ কোটি টাকা ট্যাক্সের কথা বলছেন। বাজেটের ৮ পাতায় বলা আছে—(১) প্রত্যাশা করা যায় যে, অর্থ কমিশনের চূড়ান্ত সুপারিশের ফলে পরিকল্পনা বহির্ভূত রাজস্ব খাতে ঘাটতি সম্পূর্ণভাবে পূরণ হবে। (২) রাজ্যসরকার অতিরিক্ত কর সংস্থাপনের কয়েকটি ব্যবস্থা অবলম্বন করতে চান। (৩) যদি কেন্দ্রকে প্রদেয় আসল ও সুদ পরিশোধের ব্যবস্থার পুনর্বিন্যাস হয়, তাহলে ঋণের বোঝা অনেকটা হালকা হবে। (৫) রাজ্যগুলির জন্য মোট সংস্থানের পরিমাণ ৩,৫০০ কোটি টাকা থেকে বাড়িয়ে ৪,৫০০ কোটি টাকা করা হলে, কিছু অতিরিক্ত কেন্দ্রীয় সহায়তা পাওয়া যেতে পারে। অর্থাৎ তিনি বলতে চাচ্ছেন যে, এর ফলে ঘাটতি কমবে। এই সব প্রশ্ন উত্থাপন করা হয়েছে এবং এইসব সম্ভাবনার কথা বলা হয়েছে। ও'রা এইসব জিনিস না পড়ে নানা কথা বলছেন। স্যার, ও'রা এখন কি বলছেন। ও'রা বলছেন আজকে ল অ্যান্ড অর্ডার নেই, ভেড়ি দখল করা হচ্ছে, জমি দখল করা হচ্ছে। আমরা আমাদের ৩২ দফা কর্মসূচীর মধ্যে বলেছি বেনামী ও খাস জমি দখল করে বিলি করা হবে। জমিদার এবং জোতদাররা যাতে খাস জমি এবং বেনামী জমি তাদের দখলে রাখতে পারেন সেই কাজ কংগ্রেস এতদিন ধরে করেছেন। কিন্তু আজকে যুক্তফ্রন্টের ভরষায় সাধারণ মানুষ যে তাদের ন্যায়সঙ্গত দাবী আদায় করছে এবং বেনামী ও খাস জমি দখল করছেন এটা ন্যায়সঙ্গত। ও'রা এতদিন পর্যন্ত জমি চুরি করে রেখে সাধারণ মানুষকে বঞ্চিত করেছেন, দেশের সম্পদ নষ্ট করেছেন। কিন্তু কয়েক মাসের ভেতর ১ লক্ষ একরের উপর বেনামী এবং খাস জমি কৃষকরা দখল করেছেন এবং সেখানে খাদ্যোৎপাদন বাড়াবার ব্যবস্থা করেছেন। ও'রা ল অ্যান্ড অর্ডারের কথা বলছেন। স্যার, জমিদার এবং জোতদার বেনামী জমি এবং খাস জমি গোপন করে রাখেন এবং সেগুলো রক্ষা করবার জন্য তাদের হাতে বন্দুক দেওয়া হয়ে থাকে কিন্তু সেই বেনামী জমি উদ্ধার করবার জন্য কৃষক দলবদ্ধভাবে অগ্রসর হন তাহলেই ও'রা মনে করেন ল অ্যান্ড অর্ডার নেই। কৃষক যদি মাথা নত করে জমিদার ও জোতদারদের জুলুম মেনে নেয় তাহলে ল অ্যান্ড অর্ডার থাকে, কিন্তু বেনামী ও খাস জমি দখল করতে গেলেই আর ল অ্যান্ড অর্ডার থাকে না। শ্রমিক যদি তাদের ন্যায়সঙ্গত দাবী আদায় করবার জন্য সঙ্ঘবদ্ধভাবে অগ্রসর হন তাহলে আর ল অ্যান্ড অর্ডার থাকে না। এটা হচ্ছে ও'দের মত। কিন্তু আমাদের মত হচ্ছে তার উল্টো। আমরা সাধারণ মানুষের সঙ্গে, শ্রমিক, কৃষকের সঙ্গে, মেহনতি মানুষের সঙ্গে থেকে

কাজ করতে চাই, কিন্তু ও'রা কায়েমী স্বার্থের জন্য কাজ করেছেন এবং করছেন। আজকে কায়েমী স্বার্থ বিপন্ন তাই ও'দের তরফ থেকে উত্তেজনা আসে এবং সেই জন্যই এইসব কথা বলছেন। আজকে একজন জোতদার গুলি করে কৃষক হত্যা করলে যদি তাকে কোর্টে নিয়ে যাওয়া হয় তাহলে তার জামিন হয়, কিন্তু একজন সাধারণ কৃষক সাধারণ মামলায় জামিন পান না, এটা আমরা দেখছি। ও'রা বলছেন এরকম ঘটনা যদি চলে তাহলে ল অ্যান্ড অর্ডার থাকে না। স্যার, এতদিন পর্যন্ত কংগ্রেস দল যা করেছেন তার বিরুদ্ধে সাধারণ মানুষ সংগঠিতভাবে আন্দোলন করে এসেছেন এবং তারা যুক্তফ্রন্ট সরকারকে হাতিয়ার করে এগুচ্ছেন। যুক্তফ্রন্টের ১৪টি পার্টির মধ্যে বিশেষ ব্যাপারে মতপার্থক্য থাকতে পারে এবং আছে কিন্তু সেগুলি আমরা সমাধান করেছি এবং ঐক্যবদ্ধভাবেই আমরা অগ্রসর হচ্ছি। কিন্তু হাওড়া কংগ্রেস, পশ্চিম বাংলার কংগ্রেস এবং অন্যান্য প্রদেশের কংগ্রেস আজ আর এক জায়গায় দাঁড়াতে পারছে না। যে কংগ্রেস ভবনে বিলাসের বন্যা বইত আজকে সেই ভবনের নীচ তলা ভাড়া দিতে হয় এই হচ্ছে ও'দের অবস্থা। আমি এখানে দাঁড়িয়ে একথা বলতে চাই এই বাজেটের মাধ্যমে সাধারণ মানুষের স্বার্থ রক্ষা করবার জন্য যেটুকু কাজ করা সম্ভব সেই সীমিত কাজ করতে আমরা বদ্ধপরিকর এবং তার জন্য কায়েমী স্বার্থের সঙ্গে মোকাবিলা করতে আমরা প্রস্তুত। কংগ্রেস যদি কায়েমী স্বার্থের পক্ষে দাঁড়ায় তাহলে তাঁদের মোকাবিলা করবার জন্য সাধারণ মানুষের সঙ্গে এক হয়ে যে লড়াই করব যুক্তফ্রন্ট সরকারের এই বাজেটের মধ্যে সেটাই পরিস্ফুট হয়ে উঠেছে। এই কথা বলে এই বাজেট সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chawdhury:** Mr. Speaker, Sir, in opening the present budget I would like to make some observations. We are living in an age of revolution. The present Government made tall promises to the nation and in order to retain their popularity they are now trying to [illegible] symbol of revolution and dramatic performances. Unfortunately we did [illegible] anything revolutionary or dramatic in the present budget. The same tragic tale of budgetary deficit is repeated. Enhanced expenditure comprise higher dearness allowance payments, larger plan outlay, relief measures in North Bengal, ways and means advances to the Calcutta State Transport Corporation, Calcutta Tramways Company, Calcutta Corporation and other municipalities and loan to State Electricity Board, besides provision for arrear repayment of [illegible] loans. We notice that West Bengal is heading towards bankruptcy. In order to do away with this unpalatable situation the present Government does a dramatic action which is to bring revolution of lawlessness in our society. Sir, you know, the word 'revolution' would suggest something like turning a wheel. If you turn a wheel and it gains momentum, you will never [illegible] Sir, where it will stop. Sir, revolution develops dynamics of its own and it is impossible to make a forecast how it will affect our present society. But for the present the very foundation of democratic society, its institutions, its social hierarchy, its sense of value—all have become victims of the present revolution of lawlessness. Sir, in Malda, wherefrom I have come, shocking things have happened. District administration remained silent spectator to ugly episodes. Murders, shootings, killings, forcible occupation of land are daily routine matters in Bamungola P.S. in the district of Malda; reign of terror is prevailing there, there is no law and order and the ruling class is determined to penalise the people for their political convictions.

[3-40 p.m.—3-50 p.m.]

Sir, we have tried our best to move the conscience of the Ministers but with no result. The second dramatic performance of the present ruling class was to spread a few myths about Central Government's attitude towards the present ruling class. Myths are deliberate, dishonest and politically motivated. It is true that in no federation Central Government and State Governments have seen things eye to sye. In India, as things have developed, the financial relations are more complicated than probably what exists in other federations in the

world like the U.S.A., Canada and Australia. The formidable problem of co-ordination has got to be tackled. Repeated demands for flow of fund has to be taken as an axiomatic truth for any Government forgetting ruling class and political complexion The country's capacity to work in a federal structure will be tested and I find no reason why we will not be able to stand the test. The crux of planning is to do away with the problems of poverty, insecurity, unemployment and over-population. If our planning cannot answer these problems then there must be something wrong with the planners and the plannings. This state of affair cannot continue. Today our main task is to revitalise our economy for the sustained growth of our economy. The needs of the under-developed lands make heavy demands on their Governments. Typically these countries lack many or basically all the services which will be needed for a modern state. Cost of these services is enormous and return, if there is any money return, is spread over a number of years. Even then, the underdeveloped country has to undertake these projects. Fortunately, we have another aspect of our economy called the private sector.

In the private sector Government can induce people here and abroad to invest money on profitable enterprise. In our economy conditions have to be created for the enterpreneurs to make investment. Policies of Government and special incentives it can offer to encourage industrial development can do much to create a climate in which industrialisation can proceed. Mr. Speaker, Sir industrialisation is the magic word of the mid-twentieth century. It is an effort in which under-developed countries place major hope for finding solution to their problems like poverty, insecurity, unemployment and miseries. If the flow of investment is not up to the standard then, Sir, there must be something wrong with the investment climate. I do believe, Sir, if there is continuous flow of investment the chance of recession is very less. Any way, investment is a vital issue to-day. The present Government is not clear towards its policy on labour. Sir, in a democratic society social cohesion is a vital issue. This pattern of society never envisages violence. If violence becomes the weapon for gaining any concession I must say there is something wrong with that society The present ruling class of West Bengal must be bold enough to suggest ways and means for doing away with the deteriorating conditions of our life Productive efficiency of workers in industries has to be maintained. But, Sir, we cannot maintain it in an atmosphere of gherao. Gherao is the child of the present Government. It was supposed to be born in a revolutionary atmosphere with a revolutionary vision. Sir, the issue is quite clear. It is for the present ruling class of West Bengal to decide whether to kill their own baby or to kill the industrial prosperity of West Bengal. If the present ruling class decides to kill the industrial stature of West Bengal the economic crisis will be further aggravated. Mr. Speaker, Sir, I believe, without social adjustment a democratic society cannot function. There must be some sort of social adjustment without which a democratic society cannot function.

Mr Speaker, Sir, in the agricultural sector the present ruling class has tried to create chaotic conditions for killing agricultural economy which has reached a take-off stage from the traditional stagnated period.

[3-50 p.m.—4 p.m.]

The present ruling class is imposing a static agrarian way of life to the vast multitude of people which offers less scope for technical advancement and division of labour which prevents generation of capital, vital for the survival of any society. Mr. Speaker, Sir, the present Government is not interested in any development. I believe, Sir, that possession can never be a vital issue to humanity. The vital issue is development in relation to the growth of population. But, unfortunately, Sir, the present Government is not interested in the development. Development is a terminology which they do not understand because it does not suit their temperament.

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে অর্থমন্ত্রীরূপে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে বাজেট উত্থাপন করেছেন তার জন্য আপনার মারফৎ আমি তাঁকে ধন্যবাদ জানাই। অবশ্য মাননীয় বিরোধী দলের সদস্য সাত্তার সাহেব যে কথা বলে গেছেন তার জবাব কাকে দেব জানি না, আপনার মাধ্যমে তাঁকে বলছি। উনি বললেন মাননীয় মুখ্যমন্ত্রী কিছু তলিয়ে দেখেন নি আগের বাজেট পেশ করার সময় এখানে আইন শৃঙ্খলার কথা বলেন নি। উনি যখন এটা তলিয়ে দেখেন নি তখন মাননীয় মুখ্যমন্ত্রীর উপায় নেই তাঁকে তলিয়ে দেখতেই হবে। তাঁর সময় নেই, কিন্তু তবুও পশ্চিমবঙ্গের সীমির ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গের মানুষের কথা মনে রেখে, খুব সাহস হাতে রেখে কৃষি ও সেচের জন্য যে অতিরিক্ত বরাদ্দ করেছেন এবং আরো অতিরিক্ত ব্যয় পশ্চিমবঙ্গের হতভাগ্য মধ্যবিত্ত কর্মচারীদের জন্য করেছেন তার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। শ্রদ্ধেয় সাত্তার সাহেব একটি কথা কোন মতেই দেখতে পান নি যে ঘাটতি কি করে পূরণ করা হবে। তিনি বললেন সবটা নাকি তাঁর কাছে ধোঁয়াটে। আমি আপনার মারফৎ সাত্তার সাহেবকে এই কথা জানিয়ে দিতে চাই যে এটা তিনি দেখতে চান নি বলেই তিনি বলেন নি। নিশ্চয়ই পশ্চিমবাংলার সবাই দরিদ্র নয় আবেদিন সাহেবের মত। কাজেই এগ্রিকালচারাল ইনকামট্যাক্স বসালে নিশ্চয়ই আবেদিন সাহেবদের মত লোকদের কাছ থেকে উঠবে। একটি কথা আমার মনে হচ্ছে সেটা হচ্ছে এই যে, বাজেটের ঘাটতি পূরণের প্রধান দায়িত্ব হচ্ছে আমাদের সরকারের। একটি শুধু জিনিস করেছেন যেটা ভাল লাগেনি বিরোধী পক্ষের সেটা হচ্ছে স্পষ্টভাবে বলা হয়েছে ১৯৬৮।৬৯ সালের বকেয়া প্রাপ্য হিসাবে অর্থ ভারত সরকার প্রদেয় আসল পরিশোধ বাবদ ৫২ কোটি ৪৮ লক্ষ টাকা সুদ পরিশোধ বাবদ ৩১ কোটি ৪৪ লক্ষ টাকা, এই কথাটি রাখা হয়েছে। আমরা আশা করেছি রিফেসিং কেন্দ্রীয় গভর্নমেন্টের কাছে। তাঁরা যে দেবেন আমাদের বাড়তি সাহায্য এমনি আশা করিনি সেরূপ দাবী করবার পূর্ণ অধিকার নিয়ে আমাদের মুখ্যমন্ত্রীর ঘাটতি পূরণের এই যে দায়িত্ব তা কেন্দ্রীয় সরকারের কাছে অর্পণ করেছেন। তারই জন্য আমরা তাঁর বাজেটকে বিশেষভাবে সমর্থন জানাই এবং আরো সমর্থন জানাই পশ্চিমবঙ্গের সংগ্রামী জনতার হাতিয়ারের বাজেট হিসাবে, শুধু বাংলাদেশের স্বার্থেই নয়, অপরাপর প্রদেশের মেহনতি মানুষের হাতিয়ার হিসাবে। কেন্দ্রীয় সরকারকে এই দায়িত্ব নিতে হবে। এর কারণ, তাঁরা যে রাজ্য চালাচ্ছেন সেই রাজ্য চালানোর ভিতর দিয়ে তাঁদেরই নিযুক্ত মনোপলি কমিশন স্বীকার করেছেন যে ৭৫টি ধনিক পরিবার তারা সমস্ত ক্ষীরটুকু টেনে নিয়ে যাচ্ছে। তার উপর আজকে এখনও পর্যন্ত চার হাজার কোটি টাকা ব্যাঙ্ক ডিপোজিট পড়ে আছে, সেই ব্যাঙ্ক জাতীয়করণ করা হবে কি না হবে তার বিষয়ে আমাদের কেন্দ্রীয় সরকারের মন্ত্রিসভার কাছ থেকে না ছাড়া কোন জবাব নেই। যদি তারা ঘাটতি পূরণের দায়িত্ব না নেবেন তো কে নেবে। এমনকি মনোপলি কমিশনের রিপোর্ট বেরোনোর এতদিন পরেও সম্প্রতি আমাদের কংগ্রেসের কেন্দ্রীয় উপ-প্রধানমন্ত্রী তথা অর্থমন্ত্রী শ্রীমোরারজী দেশাই যে বাজেট পেশ করেছেন তাতে তিনি কি বলেছেন কাকে তিনি রিলিফ দিয়েছেন। মনোপলি কমিশনের রিপোর্ট বেরোনোর এতদিন পরেও তিনি নিজে বলেছেন যে এই বাজেট হলো প্লাসটিক সার্জারী বাজেট। প্লাসটিক সার্জারী জানেন তো স্যার, এর গা থেকে কেটে ওর গায়ে দিতে হবে। তাহলে মোরারজী দেশাই-এর বাজেটে কার গা থেকে কেটে কার গায়ে জোড়া হলো-- গরীব মানুষ তো ছটফট করছে কাটা ঘায়ের জ্বালায়। অথচ অর্থমন্ত্রী ছাড় দিয়েছেন কেবল পুঁজি সঞ্চয়ের ক্ষেত্রে, রপ্তানী বাণিজ্যের ক্ষেত্রে আর মূল শিল্প আধুনিকীকরণের ক্ষেত্রে। এই ছাড়ের বলে শিল্পপতিরা যে সুযোগ পাবেন, হিসাব করে দেখা যায় ঐ মনোপলি কমিশনের কথিত ঐ ৭৫টি পরিবার তার ৫৮ শতাংশের সুযোগ একলা গ্রহণ করবেন। যদি দেশের সম্পদকে এইভাবে উর্ধ্বে তলে দেওয়ার দায়িত্ব কেন্দ্রীয় সরকার গ্রহণ করে থাকে তাহলে তাদের দায়িত্বও গ্রহণ করতে হবে যে পশ্চিমবাংলার মত সংকটাপন্ন রাজ্যে তার ঘাটতি পূরণের দায়িত্ব তাদের নিতে হবে এবং সেই দাবি এই বাজেট রেখেছে, তাই এই বাজেট আমাদের সংগ্রামের হাতিয়ার। শুধু তাই নয়, রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি, যারা আমাদের দিতে পারেন না, তারাই আমাদের পশ্চিমবঙ্গের পাওনা টাকার ব্যাপারে কি করছেন, স্যার আপনারা সকলে জানেন সম্প্রতি কয়েকদিন আগে এই খনি মালিকদের

সম্পর্কিত রয়েলটির ব্যাপারটা যে ঘটে গেছে। ১৯৬৬ সালের সুপ্রিম কোর্টের একটা রায়ের ফলে রাজ্যসরকারের হাতে এই ক্ষমতা বর্তেছিল যে জমিদারী দখল আইনের পাশের পর লিজ দেওয়া খনিগুলিকে নূতন লিজ বলে গণ্য করা যাবে। নূতন লিজের ক্ষেত্রে ভারত সরকারের বর্তমানে স্থিরীকৃত রয়্যালটি ৫ শতাংশ রেট হিসাবে পশ্চিমবঙ্গ সরকার খনি মালিকদের কাছ থেকে কোর্টের এই রায় অনুযায়ী ১১ কোটি টাকা বকেয়া পাওনা হয়েছে। এই কেন্দ্রীয় সরকার কি করলেন, পশ্চিমবঙ্গ সরকারকে তার ঘাটতি পরিস্থিতি দেখেও বলে দিলেন মিটিয়ে দাও হে খনি মালিকরা, না স্যার, তা করেন নি, তারা এখন আইন সংশোধনের কথা চিন্তা করছেন। কি সংশোধন করবেন, না নূতন লিজ যেগুলো আছে, এই রায় অনুযায়ী তাদেরকে ৫ শতাংশের বদলে রয়্যালটি কেটে ২॥ শতাংশ করে দাও। অর্থাৎ পশ্চিমবঙ্গের ১১ কোটি পাওনা টাকাকে আইন সংশোধন করে ৫॥ কোটি টাকায় নাবিয়ে দেওয়া। যদিও কেন্দ্রীয় সরকারের কাছে আরও প্রস্তাব ছিল সংশোধনের। বিহারের প্রথম অকংগ্রেসী মুখ্যমন্ত্রী ইন্দ্রজিৎ সিনহা তিনি এই প্রস্তাব দিয়েছিলেন ভারত সরকারের কাছে যে, বর্তমানে রয়্যালটি যেভাবে ধার্য হয় সেটা হচ্ছে যে কয়লা ডেসপ্যাচ, তার উপর, কে কত ডেসপ্যাচ করলো, কে বলুন পুলিশ দাঁড় করিয়ে রেখেছে। কিন্তু ইন্দ্রজিৎ সিনহা এই প্রস্তাব করেছিলেন যে রেজড কত হয় তার উপর রয়্যালটি ধরা হোক, কারণ রেজড, উত্তোলন কত হচ্ছে তার হিসাব ধরা অতি সহজ, যদি রেজড-এর উপর রয়্যালটি ধার্য করা যায় তাহলে বিহারের পাওনা, বাংলার পাওনা, খনি মালিকদের রয়্যালটির জন্য দুগুণ বেড়ে যাবে। তাহলে ভেবে দেখুন স্যার, ১১ কোটির জায়গায় ২২ কোটি টাকা এখান থেকে ঘাটতি পূরণ হতে পারতো, তা হচ্ছে না, তার জন্য দায়িত্ব নিয়েছেন কেন্দ্রীয় সরকার, তারা এতকাল ধরে শুধু ধনীক তোষণ করে এসেছে তাই নয়, আজও সেই নীতিকে চালিয়ে যেতে চাচ্ছেন। ব্যাঙ্কাপসির কথা এখানে কে যেন বলছিলেন- ১৪ হাজার কোটি টাকা ভারত সরকারের লোন বিদেশের কাছে, ব্যাঙ্করাপ্ট করার রাস্তা তারা দেখাচ্ছেন, এই রাস্তা থেকে ফিরে যাবার জন্য পশ্চিমবঙ্গ সকার যে বাজেট পেশ করেছেন, তার মধ্যে সংগ্রামের কথা আছে, তাই আমি এই বাজেটকে অভিনন্দন জানাচ্ছি।

[4 p.m.—4-10 p.m.]

স্যার, অপর পক্ষের যেসব সদস্য বলে গিয়েছেন, তাঁরা তো এখন এখানে নেই। তবে জনকল্যাণমূলক খাতে উন্নয়নের ব্যাপারে দু-একটা কথা বলছি। এই আমাদের উপ-প্রধানমন্ত্রী অর্থাৎ মোরারজী দেশাই তিনি নাকি জনকল্যাণমূলক বাজেট তৈরী করেছেন। শহরের লোককে বাঁচানোর জন্য ট্রামের ভাড়া বাড়ান হচ্ছে না, গ্রামের লোকের উপর কি অত্যাচার। আহা, কি দরদ রে গ্রামে লোকের জন্য। রোজ শুনি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কৃষির উন্নতির কথা, কৃষির উৎপাদনের কথা, রোজ শুনছি সবুজ বিপ্লবের কথা। স্যার, এমন যে সবুজ বিপ্লবওয়ালা তাঁরা কৃষির এবং কমিউনিটি ডেভালপমেন্ট প্রজেক্টে প্রথম পরিকল্পনায় মোট উন্নয়ন বরাদ্দের ১১ ভাগ রেখেছিলেন, তৃতীয় পরিকল্পনায় রেখেছিলেন ১৪ ভাগ এবং এখন পরিকল্পনাকে গঙ্গাযাত্রায় পাঠানোর পর, ১৯৬৮-৬৯ সালে শতকরা ১১ ভাগ রেখেছেন। আহা, কাজটা বিপ্লবের দিকেই বটে। ১৪ ভাগ আর ১১ ভাগ। আর সেচ, যেটা খাদ্যের একটা প্রয়োজনীয় অঙ্গ, তার জন্য দ্বিতীয় পরিকল্পনায় রেখেছিলেন ৯ ভাগ, এখন এই বছর ৬·৬ ভাগ। সবুজ বিপ্লবের দিকে নিশ্চয় অগ্রগতি। কিন্তু যুক্তফ্রন্ট সরকার তা করেন নি। যুক্তফ্রন্ট সরকার এবারের বাজেটে দৃঢ়তার সঙ্গে কৃষির উন্নয়ন এবং কমিউনিটি ডেভেলপমেন্ট খাতে বরাদ্দ করেছেন মোট উন্নয়ন বরাদ্দের সওয়া শতাংশ আর সেচ খাতে বরাদ্দ করেছেন সওয়া ৯ শতাংশ। গ্রামের লোকদের দিকে তাকিয়েই এটা করা সম্ভব হয়েছে। জনকল্যাণের দিকে বেশি দৃষ্টি থাকার জন্য এটা সম্ভব হয়েছে। তার জন্য এই বাজেটকে অভিনন্দন জানাই। যুক্তফ্রন্টের কর্মসূচীতে যে অগ্রাধিকারের কথা ছিল, কৃষির উৎপাদন, সেই অগ্রাধিকার ইতিমধ্যেই রূপ পেতে আরম্ভ করেছে। আমি আরও খুসী হব যদি এই অগ্রাধিকার আরও এগিয়ে যায় এবং তারই সঙ্গে সথেগ বেকারের কর্মসংস্থান এবং তাদের রিলিফের জন্য কিছু অগ্রাধিকার দেওয়া হয়।

আর একটা বলতে চাইছি সেটা হচ্ছে আমাদের বাজেটের ফাইনানসিয়াল টারগেট ফিজিক্যাল টারগেট হবে। আমি মনে করি সামান্য সীমিত ক্ষমতায় যেটুকু বরাদ্দ করেছেন যুক্তফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী পশ্চিমবাংলার মত সমস্যাজর্জরিত রাজ্যের কাছে তা কিছুই নয়। এটা আমরা জানি এবং আপনারও অজানা নয়। তবু আমরা সেই সীমিত ক্ষমতা জনস্বার্থে ব্যবহার করব। এতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। আমি দেখেছি আমার নির্বাচনী ক্ষেত্রে এবং অন্যান্য জায়গায় গত চার মাসে এটা সম্ভবপর হয়েছে। জনসাধারণকে উৎসাহিত করে, তাকে সংগঠিত করে, সংগঠিত সরকারী কর্মচারীদের সমবেত সাহায্যে ফাইনানসিয়াল টারগেটকে ফিজিক্যাল টারগেটে পরিণত করা যায়। এবার স্টেট রিলিফের টাকা দিয়ে সেচ খাল খনন করা হয়েছে। কলাগেছিয়ায় এক মাইল খালের জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছিল সেই টাকায় জনসাধারণ তাদের নিজেদের শ্রম দিয়ে দেড় মাইল খাল করেছে এবং সে খাল দেখলে কংগ্রেসের আমলের মত মাঠ বলে মনে হয় না। বেশিরভাগ জায়গায়ই এই রকম হয়েছে। শুধু এখানে নয়, আমি জানি এবং হাওড়া, হুগলী, ২৪-পরগনার অনেক এম এল এ-কে জিজ্ঞাসা করেছি, তাঁরা বলেছেন জনসাধারণের সহযোগিতায় এইরকমই হয়েছে। এই যে সীমিত ক্ষমতা তাকে জনস্বার্থে প্রয়োগ করার জন্য এই যে বস্তা, যুক্তফ্রন্ট সরকারের যে বিপুল সমর্থন জনারণ্যে আছে তাতে এই ফাইনানসিয়াল বাজেটকে আমরা ফিজিক্যাল বাজেটে পরিণত করব। আশা করি পশ্চিমবঙ্গের মানুষ তার দিকে তাকিয়ে থাকবে।

স্যার, ওঁদের বরাবরের চিন্তা ল অ্যান্ড অর্ডারের। আমি এটা বুঝি আমরা যাঁরা সমাজের পরিবর্তন করতে চাই, যাঁরা কায়েমী স্বার্থের বিরুদ্ধে লড়াই চালিয়ে যেতে চাই যাঁরা আমরা বিশ্বাস করি বিপ্লবে, তাদের একটা নির্দিষ্ট শৃঙ্খলার প্রয়োজন, আমাদের আন্দোলনের গতি বৃদ্ধির জন্য। সেটা আমবা আমাদের নিজেদের স্বার্থে করতে বাধ্য, নিশ্চয় করব।

কায়েমী স্বার্থের বিরুদ্ধে লড়াইটা এত সহজ নয়, দৃঢ় সংকল্পের শক্তি নিয়ে ঐক্যবদ্ধভাবে এগোনো। আমি বিশ্বাস করি—যুক্তফ্রন্ট সরকার তাদের সেই দায়িত্ব সমবেতভাবে পালন করলেন এবং সি পি এম আর বাকীদের তফাৎ করে রোজ রোজ ঐ নাচ আর সম্ভব হবে না। স্যার, আজ ল অ্যান্ড অর্ডারের কথাটা মনে পড়ে গেল। কিসের ল অ্যান্ড অর্ডার আছে অন্যান্য রাজ্যে? মহারাষ্ট্রে ২০ কোটি টাকার প্রপার্টি ড্যামেজ করেছে ঐ শিবসেনা। সেখানে ক্যাপিটাল চলে না যায়, সেখানে ল অ্যান্ড অর্ডারের খবরের দরুন আমাদের এখানে কেন যাবে? কে এই ২০ কোটি টাকা ড্যামেজ করেছে? ভুপালে, সেখানে কি হয়েছে? স্যার, আপনি জানেন, আজ পর্যন্ত হিন্দু শ্রমিকরা মুসলমান শ্রমিকের সঙ্গে কাজ করবে না বলে কতগুলি কটন মিল বন্ধ হয়ে রয়েছে। এই রাজ্যগুলি কি আমাদের শাষিত? ল অ্যান্ড অর্ডার সেখানে বিপন্ন। আর তেলেঙ্গানার কথা না বলাই ভাল। সুতরাং ল অ্যান্ড অর্ডারএর কথা যারা বলেন তারা চারিদিকে তাকিয়ে দেখে বলবেন। আমি বুঝি বড্ড গায়ে লাগছে। যে সমস্ত হতভাগ্য একেবারে সমাজের নীচের তলার মানুষ তারাও আইনের কথা বলবে। তাদের অধিকারের কথা বলবে। শুধু তাই নয়, সর্বপরি তারা সরকারের কাছে প্রোটেকশন চাইবে এবং এসব তো কখনো দেখা যায় না, তাই বড় গায়ে লেগেছে। সুতরাং সবশেষে আমি একথা বলে আজ এখানে যারা ল অ্যান্ড অর্ডারের করা বলছেন তাদের স্মরণ করিয়ে দেই, স্যার, ভেড়ীর কথা বলছে। ১৯৬২ সালে সেই ভেড়ী এলাকায় সোনারপুরের গোপালগাছি গ্রামে যখন ভেঙ্গা কার্তিক মণ্ডলকে প্রকাশ্যে দিবালোকে তলোয়ার দিয়ে এই ভেড়ীর মালিকরা কেটে ফেলেন তখন তো এই হাউসের তৎকালীন সরকারের পক্ষ থেকে কোন কথা শুনিনি। যখন ১৯৫৪ সালে গোয়ালবাটি গ্রামে রমেশ মণ্ডলের দাদার রাত্রি বেলায় তার মৃতদেহ খালের মধ্যে পাওয়া যায় তখন তো কখনও এই সরকার পক্ষ থেকে—আজ যারা বিরোধী পক্ষে আছেন তাদের কাছ থেকে ল অ্যান্ড অর্ডারের কথা শুনিনি? যত ল অ্যান্ড অর্ডারের আওয়াজ এসেছে যখন বিড়লার কারখানা ঘেরাও হয়েছে, যত ল অ্যান্ড অর্ডারের আওয়াজ আসছে যখন মানুষ কায়েমী স্বার্থকে আঘাত হানার জন্য এগিয়ে যাচ্ছে। তাই আমি সর্বশেষ একথা বলতে চাই, তাদের সমস্ত কল্পনাকে সম্পূর্ণ ধূলিসাৎ করে দিয়ে, তাদের আশার বাড়া ভাতে ছাই দিয়ে বৈপ্লবিক শৃঙ্খলায় যুক্তফ্রন্ট সরকার এগিয়ে যাবে। তারই আত্মবিশ্বাসের স্বাক্ষর এই বাজেট। তাই আমি একে সমর্থন জানাই।

[4-10—4-20 p.m.]

**শ্রীঅনিমেষ মুখার্জি:** মিঃ স্পীকার, স্যার, পশ্চিম বাংলার যুক্তফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী যখন ৬ই মার্চ তারিখে ভেট অন অ্যাকাউন্ট-এর উপর বাজেট পেশ করেছিলেন তখন তিনি বলেছিলেন যে স্বল্প সময়ের মধ্যে যুক্তফ্রন্ট সরকার গভর্নরের বাজেট ভালভাবে তলিয়ে দেখতে পারেন নি। সুতরাং জুলাই মাসে আমরা ভাল করে একটা বৈপ্লবিক বাজেট পেশ করব। আজকে যে বাজেট পেশ করা হয়েছে আমরা দেখলাম সেই বাজেটে বৈপ্লবিক কিছু নেই, শুধু দেউলিয়ার কথা লেখা আছে এবং তা হচ্ছে ৫৩ কোটি টাকার ঘাটতি বাজেট এবং সেই টাকা কোথা থেকে আসবে তার কোন সূত্র তিনি নির্ণয় করেন নি। আজকে মাননীয় সদস্য শ্রীমতী গীতা মুখার্জী একটু আগে বক্তৃতা করছিলেন। তাঁর বক্তৃতা শুনে আমার মনে হচ্ছিল যে তিনি পার্লামেন্টে বসে কেন্দ্রীয় সরকারের বাজেটের সমালোচনা করছেন। আজকে পশ্চিম বাংলার দেউলিয়া বাজেটের মধ্যে কি আছে তার কোন উল্লেখ করলেন না। আমরা দেখেছি সেই বাজেটে ৫৩ কোটি টাকা ঘাটতি আছে এবং সেই টাকার সমস্ত দায় দায়িত্ব কেন্দ্রের উপর চাপিয়ে দেওয়া হয়েছে। মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন যখন মার্চ এপ্রিল মাসে আমাদের মুখ্যমন্ত্রী অজয়বাবু এবং আমাদের পুলিশমন্ত্রী জ্যোতিবাবু কেন্দ্রে গিয়েছিলেন, দিল্লী গিয়েছিলেন তখন তাঁরা বলেছিলেন যে পশ্চিম বাংলার ন্যায্য পাওনা কেন্দ্রের দেওয়া উচিত, আমরাও বিশ্বাস করি দেওয়া উচিত কিন্তু যখন শ্রীমোরারজী দেশাই অর্থমন্ত্রী বললেন যে আপনারা বলুন কোথায় কেন্দ্র পশ্চিম বাংলার প্রতি অবিচার করেছে আপনারা জবাব দিন তখন অজয়বাবু এবং জ্যোতি-বাবুর তোতা মুখ ভোঁতা হয়ে গেল, কোন কথাই তাঁরা বলতে পারলেন না। আজকে নির্লজ্জের মত এখানে এসে বলছেন আমাদের কেন্দ্র টাকা দিচ্ছে না। মিঃ স্পীকার, স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যখন প্রেসিডেন্ট রুল হল, যখন ধরমবীর গভর্নর এবং এই রাজ্যের শাসনকর্তা তখন পশ্চিম বাংলায় প্রচণ্ড আর্থিক সংকট দেখেছিল- তখন ধরমবীর কিভাবে আর্থিক সংকট থেকে মুক্তি পাওয়া যায় তার একটা উপায় উদ্ভাবন করলেন যে সাময়িকভাবে স্টেট লটারী করা হবে। তখন যুক্তফ্রন্টের সদস্যারা নির্লজ্জের মত বলেছিলেন যে এই স্টেট লটারী করার কোন ক্ষমতা গভর্নরের নেই। আজকে সেটা এখনও চালু আছে, ওঁদের মুখ্যমন্ত্রী এখনও বলেন নি যে আমরা লটারী করব না, কারণ এই লটারীর মাধ্যমে প্রচুর টাকা আসছে এবং তার দ্বারা ঘাটতি কিছুটা পূরণ হচ্ছে। সুতরাং ওঁরা অতীতে যে কথা বলেছিলেন, বর্তমানে সেকথার কোন প্রতিফলন করতে পারেন নি তা প্রমাণ হয়ে গেছে। মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আপনি দেখেছেন যে মুখ্যমন্ত্রী আজকে পশ্চিম বাংলাকে দেউলিয়া বানিয়ে দিয়েছেন। আজকে বাজেটের মধ্যে পশ্চিম বাংলার যে বিরাট সমস্যা সেই বেকার সমস্যার কোন কথা নেই, কিভাবে বেকার সমস্যার সমাধান করা হবে তার উল্লেখ অজয়বাবু বাজেটে রাখেন নি। ভোটের সময় নির্লজ্জের মত যুক্তফ্রন্ট বলেছিল তাদের ৩২ দফা কর্মসূচীর মধ্য দিয়ে যে বেকারদের ভাতা দেবেন। আজকে এই ৫ মাসে কটা বেকার ভাতা পেয়েছে সেকথা অজয়বাবু প্রকাশ করলেন না। আজকে আমাদের পশ্চিম বাংলার অর্থনীতির চিত্র কি? আজকে অ্যাকাউন্টেন্ট জেনারেল বলছেন যে আগামী ১০ বছরের মধ্যে পশ্চিম বাংলায় নূতন কোন চাকরীর সুযোগ হবে না অথচ সেকথা তিনি বাজেটে বললেন না। এই ১০ বছরে তিনি বেকারদের কি দেবেন তার কোন কথা নেই। মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আজকে এই বাজেট পড়লে দেখতে পাই দুটো কথা কেন্দ্রের পুনর্বিন্যাস আর দু নং সংবিধান সংশোধন। এই সংবিধান সংশোধনের কথা কারা বলেন—কেরালার যুক্তফ্রন্ট সরকার আর পশ্চিম বাংলার মার্কসিস্ট সমর্থিত যুক্তফ্রন্ট সরকার। এটা পাঞ্জাব বলে না, উড়িষ্যা বলে না- সেখানেও নন কংগ্রেসী গভর্নমেন্ট আছে, মাদ্রাজেও বলে না। কাজেই এই কথা শুধু কমিউনিস্টরা বলে যে সংবিধান সংশোধন কর আর বলে তাঁদের তাঁবেদাররা। মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আপনি শুনে অবাক হবেন আজকে পশ্চিম বাংলায় যখন গণতন্ত্র বিপন্ন, ললেসনেস চলছে, যখন আনন্দবাজারের অফিস আক্রমণ করা হয়েছে তখন অজয়বাবুর মুখে কোন কথা নেই, তিনি চুপসে গেছেন, তাঁর মুখ দিয়ে 'রা' বেরুচ্ছে না।

মাননীয় সদস্য গীতা মুখার্জি বললেন যে পশ্চিমবঙ্গে ললেসনেস নেই। কিন্তু ওঁদের মুখ্যমন্ত্রী বলেছেন সমস্ত ক্যাপিটাল বেরিয়ে যাচ্ছে। এটা আমার কথা নয়। আজ ওঁদেরই বাণিজ্য মন্ত্রী বলছেন জোর করে জমি দখল করা চলবে না। শিল্পপতিরা বলছেন এখানে লক-আউট ও ঘেরাও-এর ফলে ২০ পার্সেন্ট প্রোডাকশন ফল করেছে এবং সেই সমস্ত ইন্ডাস্ট্রিয়ালিস্ট-

দের কথা মুখ্যমন্ত্রী স্বীকার করে ট্রিপার্টাইট কমিটির কথা বলেছেন। সুতরাং এর ফলে ৫৩ কোটি টাকা আরও ডাবল হবে। নভেম্বর মাসে যখন যুক্তফ্রন্টকে তাড়িয়ে দেওয়া হোল এবং রাজ্যপাল এলেন, তখন আমরা দেখলাম পশ্চিম বাংলার রাজকোষে কোন টাকা নেই এবং তখন ধরমবীর কেন্দ্র থেকে ১০ কোটি টাকা নিয়ে সরকারী কর্মচারীদের টাকা দিলেন। সুতরাং আমরা দেখছি ৫৩ কোটি টাকা ঘাটতি আরও বাড়বে এবং তখন ওয়ান ফাইন মর্নিং আমরা দেখব এখানকার রাজকোষে টাকা নেই ও পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারীরা মাইনে পাবেন না। সেজন্য এই বাজেটের ঘাটতি কিভাবে পূরণ হবে তার কোন কথা নেই। আজ গ্রামের কৃষকদের কি সুবিধা দেওয়া হবে সেসব কথা নেই। আমরা দেখছি এই সরকার ক্ষমতায় আসার পর সরকারী কর্মচারীদের বেতন বাড়িয়ে দেওয়া হল। কিন্তু তার সঙ্গে পশ্চিমবঙ্গের কৃষকের স্বার্থও দেখা উচিত ছিল। বিগত মধ্যবর্তী নির্বাচনে পশ্চিমবঙ্গের অধিকাংশ সরকারী কর্মচারীরা নির্লজ্জের মতন যুক্তফ্রন্টকে ব্যাক করেছিল এবং ফল্‌স ভোট দিয়েছিল। (গোলমাল)

**মিঃ ডেপুটি স্পীকারঃ**

I would request the Hon'ble members to allow Mr. Mukherji to continue his speech uninterrupted.

**শ্রীঅনিমেশ মুখার্জিঃ** স্যার, খবরের কাগজে বেরিয়েছে, যেখান থেকে আমাদের মন্ত্রী শ্রীপ্রতিভা মুখার্জি ইলেকটেড হয়েছেন সেই বীরভূম কেন্দ্রের বেলট পেপার ঠোঙা করে বাজারে বিক্রি হচ্ছে। সেই অরিজিন্যাল বেলট পেপার-এ তাঁর ও শ্রীবৈদ্যনাথ মুখার্জির নাম লেখা আছে। আজ মুখ্যমন্ত্রী বলছেন পশ্চিমবঙ্গে ডেভেলপমেন্ট ওয়ার্ক হবে না, কারণ যে রেভেনিউ আদায় হয় তার ২৫ পারসেন্ট সরকারী কর্মচারীদের দিতে হয়। আমিও বলছি ডেভেলপমেন্ট ওয়ার্ক হবে না এবং সরকারী কর্মচারীরা আগামী ২।৩ মাস পর তারা বেতন পাবেন না। সেজন্য তার বাজেটের মধ্যে করের কোন প্রস্তাব নেই। আজ আমাদের মার্কসবাদী কমিউনিস্ট পার্টির বন্ধুরা বলছেন যে উত্তরবঙ্গে আমরা চা ও পাট বন্ধ করে দেব।

বন্ধ করে দিন। কুচবিহার জেলায়, দার্জিলিং জেলায় আজকে বন্যার ফলে ধ্বংস হয়ে যাচ্ছে সেকথা এই বাজেটের মধ্যে নেই। কিভাবে দার্জিলিংকে বন্যার হাত থেকে রক্ষা করবেন তার কোন উল্লেখ নেই। চা এবং পাটের চাষ কিভাবে বাড়াবেন তার কোন উল্লেখ নেই। একথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

[4-20—4-30 p.m.]

**Mr. Deputy Speaker:** I call upon Hon'ble Minister, Shri Nani Bhattacharya to make a statement.

## Statements Under Rule 346

**শ্রীননী ভট্টাচার্যঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি দুটি বিষয়ে খুব সংক্ষেপে একটি স্টেটমেন্ট দিতে চাচ্ছি। আজকে হাউসে ক্যালকাটা ন্যাশনাল মেডিকেল কলেজ সম্বন্ধে রেফার করা হয়েছে, অর্থাৎ সেখানে যে ধর্মঘট চলেছে সেই সংক্রান্ত বিষয়ের উল্লেখ করা হয়েছে। এটা বলার আগে আমি আর একটা বিষয় জানাতে চাচ্ছি কারণ এটা পুরাণ পলিসি থেকে কিছুটা ডিপারচার যেটা আগে নিয়েছিলাম। প্রি-মেডিকেল কোর্সে সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইব স্টুডেন্টদের সংরক্ষিত আসন সম্পর্কে......

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার, হাউসের মধ্যে বাচ্চা ছেলে অ্যালাউ করে এটা আমরা কখনও দেখিনি। বাচ্চা ছেলের কান্না হাউসের মধ্যে শুনতে পাচ্ছি।

**Mr. Deputy Speaker:** The honourable member, Mr. Roy, has referred to some strangers. I think it is unparliamentary practice to refer to the strangers. At any rate, I am looking into the matter myself, through my officers but it is not desirable that the honourable member should refer to the strangers who are on the galleries. It is not the parliamentary practice.

The Hon'ble Minister Shri Nani Bhattacharya may continue.

**শ্রীননী ভট্টাচার্য:** মাননীয় ডেপ্নটি স্পীকার, মহাশয়, আমি দ্নটি বিষয়ে হাউসে স্টেটমেন্ট করব। একটি হচ্ছে প্রি-মেডিকেল কোর্সে ছাত্র ভর্তির ক্ষেত্রে যে সংরক্ষিত আসন সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইবদের ছিল সেই সম্পর্কে এবং আর একটি হচ্ছে ন্যাশনাল মেডিকেল কলেজে যে ধর্মঘট আজ সকাল ৭টা থেকে হচ্ছে সেই সম্পর্কে। এই স্টেটমেন্ট দেবার কারণ হচ্ছে এটা আগেকার পলিসি থেকে কিছ্নটা ডিপারচার এবং সেটা আপনাদের প্রথমেই জানিয়ে রাখছি। এরপর কাগজে অ্যাডভার্টাইজমেন্ট দেব এবং এই ব্যাপারে গভর্নমেন্ট উড ডু অ্যাকর্ডিংলি। নাইন্থ জ্নলাই, জয়েন্ট সাব-কমিটি, ট্রাইবস অ্যাডভাইসরি কাউন্সিল, ওয়েস্ট বেঙ্গল অ্যাডভাইসরি বোর্ড ফর দি ওয়েলফেয়ার অব সিডিউল্ড কাস্ট, এ'দের প্রতিনিধিরা আমার সঙ্গে দেখা করেন এবং তাঁদের সঙ্গে আলোচনা করবার পর বিভিন্ন তথ্য যেগ্নলি দেন সেগ্নলি আমার কাছে রয়েছে—আমি সর্বভারতীয় ভিত্তিতে বলছি। এগ্নলি বিচার করে আমরা এবছরের জন্য যেটা ঠিক করেছি সেটা হচ্ছে প্রি-মেডিকেল কোর্সে ছাত্র ভর্তি ক্ষেত্রে সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইবদের সংরক্ষিত আসন ফিফ্‌টিন পারসেন্ট অব দি টোট্যাল সিট্‌স করা হয়েছে। সামনের বছরে একে ২০ পারসেন্ট করব। এবছর করতে পারলে খ্নসী হতাম কিন্তু কতগ্নলি প্র্যাকটিক্যাল ডিফিকাল্টি থাকার দর্নন ট্নয়েন্টি পারসেন্ট করতে পারব না। আগে সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইব ছাত্রদের জন্য সংরক্ষিত আসন ছিল ৩২টি এবং এখন বেড়ে হয়েছে সিডিউক্তড কাস্ট-এর জন্য ৭৭টি এবং সিডিউল্ড ট্রাইবদের ক্ষেত্রে ৩১টি। আপনারা সকলেই ভর্তির জন্য ব্যগ্র বলে আমি ব্রেক আপ দিয়ে দিচ্ছি। মেডিকেল কলেজ, ক্যালকাটা—সিডিউল্ড কাস্ট ১৫, সিডিউল্ড ট্রাইব ৫। নীলরতম সরকার মেডিকেল কলেজ—সিডিউল্ড কাস্ট ১৫, সিডিউল্ড ট্রাইব ৫। আর জি কর মেডিকেল কলেজ—সিডিউল্ড কাস্ট ১৫, সিডিউল্ড ট্রাইব ৪, চিত্তরঞ্জন ন্যাশনাল মেডিকেল কলেজ—সিডিউল্ড কাস্ট ২১, সিডিউল্ড ট্রাইব ৭, বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ—সিডিউল্ড কাস্ট ৩, সিডিউল্ড ট্রাইব ৩, নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি মেডিকেল কলেজ—সিডিউল্ড কাস্ট ৪, সিডিউল্ড ট্রাইব ৪ (এখানে ট্রাইবের সংখ্যা বেশী বলে এরকম করা হয়েছে), বর্ধমান ইউনিভার্সিটি মেডিকেল কলেজ—সিডিউল্ড কাস্ট ৪, সিডিউল্ড ট্রাইব ৩। মোট সংখ্যা সিডিউল্ড কাস্ট ৭৭, সিডিউল্ড ট্রাইব ৩১, টোটাল ১০৮। সংরক্ষিত আসন এ বছরে এ রকম হোল। সিডিউল্ড কাষ্ট এবং সিডিউল্ড ট্রাইবের মান নীচে রাখা হয়েছিল। আপনারা সকলেই জানেন সাধারণ মান হচ্ছে এলিজেবেল হবে।

ছাত্র ভর্তির ব্যাপারে যেটা আছে সেটা হল ৪০ পারসেন্ট যদি ইংরেজীতে নম্বর থাকে এবং সায়ান্স সাবজেক্টে ৫০ পারসেন্ট নম্বর থাকে কিম্বা অল্টারনেটিভলী ইংরেজীতে পাশ মার্ক এবং সায়ান্স সাবজেক্টে ৬০ পারসেন্ট নম্বর থাকে তাহলেই স্ট্রিক্টলী অন দি বেসিস অব মেরিট সে ভর্তি হতে পারে। এদের ক্ষেত্রে সেটা আছে সেকেন্ড ডিভিশন এবং সেটা তাদের মধ্যে মেরিট হিসাবে সিলেক্টেড হবে। আর দ্বিতীয় নম্বর কথা যেটা সেটা আমি আগেই বলেছি যে প্রি-মেডিকেল কোর্সে ২০ পারসেন্ট এবারে করতে পারি নি, ১৫ পারসেন্ট করেছি কিন্তু অন্যান্য ক্ষেত্রে ২০ পারসেন্ট করতে পেরেছি, নার্সেস ট্রেনিংএর ক্ষেত্রে ২০ পারসেন্ট করতে পেরেছি, ডেন্টাল কোর্স এবং ডিপ্লোমা ইন ফার্মেসী কোর্স সেসব ক্ষেত্রে সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইবের ক্ষেত্রে শতকরা ২০টি আসন এবার থেকেই চাল্ন করব। আর প্রি-মেডিকেল কোর্সেও আর আসন সংখ্যা বাড়াতে পারি কি না সেটাও আমরা দেখছি। ইতিমধ্যে আমরা বাড়িয়েছি আপনারা জানেন বর্ধমান মেডিকেল কলেজ করার সিদ্ধান্ত নেওয়ার পর সেখানেও ৫০টি আসন প্রি-মেডিকেল কোর্সে ভর্তি হচ্ছে। সেদিক থেকে গতবারে যে আসন সংখ্যা ছিল ৭০৫টি এবারে সেটা বেড়ে হল ৭৫৫টি। আর এক্‌জিস্টিং মেডিকেল কলেজে সীট আরও বাড়াতে পারি কিনা সেটা দেখছি, তবে ভরসা খ্নব কম। সাংঘাতিক প্রেসার আসছে ছাত্র ভর্তির জন্য কিন্ত ছাত্র ভর্তির সঙ্গে বিভিন্ন প্রশ্ন আরও জড়িত রয়েছে, অ্যাডমিনিস্ট্রেটিভ এবং বেড সংখ্যা

বিভিন্ন প্রশ্ন জড়িত আছে। সুতরাং এখনই আমি কিছু বলতে পারছি না। তবে বাড়াবার জন্য আমি দেখছি ফিজিবিলিটি কতখানি আছে। এই হল সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইব ছাত্র ভর্তি সম্পর্কে।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** এ সম্পর্কে ছাত্ররা যারা ভর্তি হয় তাদের সম্পর্কে সন্দেহ দূর করার জন্য এই সিডিউল্ড কাস্ট সিডিউল্ড ট্রাইব এবং জেনারেল যে ছাত্ররা ভর্তি হয়, তাদের নামের তালিকা যদি বার করেন এবং তাতে যদি কে কত নম্বর পেয়েছে জানা যায় তাহলে সকল সন্দেহ দূর হয়ে যাবে।

**শ্রীননী ভট্টাচার্যঃ** আপনাকে আমি এটুকু জানাই, সব কিছুই ওপেনলী করা হয়, যদি কোন ভুল থাকে তালে আমি মনে করি তাতেই কারচুপি নিরসন হয়ে যাবে, গতবারে ১৯৬৭ সালে কোন সন্দেহ হয়নি, ১৯৬৮ সালের কথা বলতে পারি না। এবারে সব কিছুই ওপেনলী হবে, সিডিউল্ড কাস্ট, সিডিউল্ড ট্রাইব এবং জেনারেল স্টুডেন্টসদের লিস্ট সব কিছু ডিসপ্লে করা হবে ওপেনলী এবং আমি অর্ডার করে দেব এবং দিয়েছি ইতিমধ্যে ছাত্রসংখ্যার লিস্টএর কপি যেন লে করা হয় অ্যাসেমব্লিতে বিভিন্ন পলিটিক্যাল পার্টির কাছে এবং বিভিন্ন মিনিস্টার যাঁরা পোর্টফলিও হোল্ড করে আছেন তাঁদের দেওয়া হয়।

[4-30—4-40 p.m.]

আমরা অন্য আলোচনায় যাচ্ছি। এই সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইবরা ব্যাকওয়ার্ড বলে তাদের জন্য আমরা প্রি-মেডিকেল কোর্সে ভর্তির ব্যাপারে এই সংরক্ষিত আসনের ব্যবস্থা করছি। আগে আঞ্চলিক ভিত্তিতে সংরক্ষিত আসন ছিল। কিন্তু সেই সম্পর্কে সুপ্রীম কোর্টের এক রায়ে এটা আঞ্চলিক ভিত্তিতে সংরক্ষিত আসন রেখে দেওয়াটা অনুচিত এবং আল্ট্রা ভায়ার্স বলা হয়।

**Shri Anil Kumar Mukherjee:**

এই প্রি-মেডিকেল কোর্সে যারা ফেল করে এবং সেখানে তার ফলে ফার্স্ট ইয়ারএ এম বি বি এস যে ভেকেন্সী হয়, সেখানে আমাদের এখানকার বিশ্ববিদ্যালয়ের বি এস-সি পাশ করা ছেলেরা ভর্তি হতে পারে না, বাংলার বাইরের অন্য স্টেটের ছেলেরা সেখানে ভর্তি হয়। এর কারণ আমাদের এখানে ছেলেরা ইন্টারমিডিয়েট না থাকায় লিটারেচার নিয়ে পড়ে নাই। এই সম্পর্কে আপনি কোন ব্যবস্থা করবেন যাতে আমাদের এখানকার ছেলেরা সেখানে অগ্রাধিকার পায়?

**Shri Nani Bhattacharya:**

এই সম্পর্কে এখানে আমি কোন অলোচনা করতে চাই না। আমরা যা করেছি সেটা আমি জানিয়ে দিলাম।

**Mr. Deputy Speaker:** There is no scope for discussion on the statement. I now request the Minister to make his other statement.

**Shri Nani Bhattacharya:**

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমার দ্বিতীয় স্টেটমেন্ট হচ্ছে ন্যাশনাল মেডিকেল কলেজের ধর্মঘট সম্বন্ধে। এই ধর্মঘট আজ সকাল ৭টায় সুরু হয়েছে। এটা বাস্তবিকই খুব দুঃখজনক ব্যাপার। বেশ কিছুদিন আগে ওখানকার প্রিন্সিপ্যাল-কাম-সুপারিন্টেন্ডেন্টএর স্ট্রোক হয়, তার ফলে তিনি আড়াই-তিন মাস ছুটি নেন। তাঁর অবর্তমানে কাজ চালাবার জন্য ঐ মেডিকেল কলেজেরই ফিজিওলজি ডিপার্টমেন্টের যিনি হেড তাঁকে এই অর্ডার বা ভার দেওয়া হয়েছিল যাতে তিনি প্রিন্সিপ্যাল-কাম-সুপারিন্টেন্ডেন্টএর যে সমস্ত কাজকর্ম আছে, তা যেন তিনি করে চলেন। গত তিন মাস সাড়ে তিন মাস ধরে তিনি সেই সমস্ত কাজকর্ম চালিয়ে আসছেন।

এর মধ্যে যিনি ছুটীতে রয়েছেন, তাঁর ছুটি ফুরিয়ে যায়। এটাও ঠিক কথা—ন্যাশনাল মেডিকেল কলেজের প্রিন্সিপ্যাল-কাম-সুপারিন্টেন্ডেন্ট তিনি আর থাকতে চান না। এই সমস্ত জানার পর তাঁকে অন্য ডিউটি দেওয়া হয়। যতক্ষণ না আমরা প্রিন্সিপ্যাল-কাম-সুপারিন্টেন্ডেন্ট-এর পদের জন্য অন্য লোক ঠিক করছি, ততক্ষণ যিনি গত তিন মাস ধরে ঐ কাজকর্ম করে আসছে তাঁকে সেই পদে অফিসিয়েট করবার ভার দেওয়া হয়। সেখানে কো-অর্ডিনেশন কমিটি যেটা হয়েছে তাদের তা পছন্দ নয়। চার্জ হ্যান্ডওভার এবং টেকওভারএর ব্যাপারে সেখানকার কর্মচারীরা তাতে বাধা দেয়, অবশ্য ছাত্ররা সেই বাধা অতিক্রম করে যাতে সেই প্রিন্সিপাল-কাম-সুপারিন্টেন্ডেন্টএর চার্জ হ্যান্ডওভার, টেকওভার হতে পারে তার চেষ্টা করছে বলে শুনেছি। তারপর কালকে বিকালে হঠাৎ এক নোটিশ দেওয়া হয়, তাতে তারা বলছে—অবিলম্বে যদি ডাঃ লাহিড়ীকে প্রিন্সিপ্যাল-কাম-সুপারিন্টেন্ডেন্টএর পদে অফিসিয়েট করবার ভার না দিয়ে তাঁকে সরিয়ে না দেওয়া হয় এবং অন্য লোককে যদি প্রিন্সিপ্যাল-কাম-সুপারিন্টেন্ডেন্ট পদে আনা না হয়, নিয়োগ না করা হয় তাহলে তারা অবিলম্বে স্ট্রাইক করবেন। এর পরেই আমরা কো-অর্ডিনেশন কমিটির আহ্বায়ক ও চেয়ারম্যানের সঙ্গে যোগাযোগ করবার চেষ্টা করি, কিন্তু পারি নাই। আজকে যখন স্ট্রাইক তখন সঙ্গে সঙ্গে তাদের সঙ্গে যোগাযোগ করবার চেষ্টা করি। আজ বেলা ১২টা সাড়ে বারোটায় তাদের সঙ্গে বসেছিলাম। সেচমন্ত্রী বিশ্বনাথবাবুও ছিলেন। তাঁদের আমরা বলি অবিলম্বে স্ট্রাইক তুলে নিতে হবে এবং নরম্যাল ফাংশন যাতে হয় তা করতে হবে। আর এও বলেছি যে সুটেবল প্রিন্সিপ্যাল-সুপারিন্টেন্ডেন্ট যতক্ষণ আমরা না দিচ্ছি ততক্ষণ ডাঃ পি লাহিড়ী আমাদের প্রিন্সিপ্যাল-কাম-সুপারিন্টেন্ডেন্টএর কাজ করে চলবেন—যাঁকে আগে সেই ভার দেওয়া হয়। এই ব্যাপারে আমরা সমস্ত দিক বিবেচনা করে অর্থাৎ সেখানকার ডাক্তার বলুন, ছাত্র বলুন, নার্স বা স্টাফ বলুন—সব দিক বিবেচনা করে বিশেষ করে হাসপাতালে যে সব রোগী আছেন, অ্যাকিউট কেস আছে, তাঁদের আত্মীয়-স্বজনও উদ্বিগ্ন, ইতিমধ্যে অনেক টেলিফোন কল পেয়েছি—এই সমস্ত দিক আমরা বিবেচনা করে তাঁদের অনুরোধ করেছি। আমরা শুধু নয়, বিশ্বনাথবাবুও তাঁদের অনুরোধ করেছিল যাতে অবিলম্বে এই স্ট্রাইক প্রত্যাহার করে নেওয়া হয় এবং স্বাভাবিক অবস্থা হাসপাতালে ফিরে আসে এবং ইনস্টিটিউশন পরিচালনার ক্ষেত্রেও স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনা হয়—তার ব্যবস্থা তাঁরা যেন অবিলম্বে করেন।

এই প্রসঙ্গে আপনাদের কাছে আবেদন রাখছি ওখানে দলমতের কোন প্রশ্ন নাই, ওখানে হাসপাতাল ও শিক্ষায়তনের ব্যাপার জড়িত রয়েছে। সুতরাং আশা করবো সকলের কাছে আমার আপীল যার যা ইনফ্লুয়েন্স আছে সে তা তিনি প্রয়োগ করে যাতে ন্যাশনাল মেডিকেল কলেজে স্বাভাবিক অবস্থা ফিরে আসে, তার জন্য আপনারা সবাই সচেষ্ট হবেন। এই অনুরোধ মাননীয় সদস্যদের কাছে করছি এবং আপনাদের মারফৎ বাংলাদেশের তথা কলকাতার আপামরজনসাধারণের কাছেও সেই অনুরোধ রাখছি।

**Shri Bazle Ahmad:**

On a point of order, sir,

বাজেটের আলোচনার সময় জনৈক কংগ্রেসী সদস্য শ্রীঅনিমেষ মুখার্জী তাঁর বক্তৃতার সময় বলে গেছেন যে আমাদের রাষ্ট্রমন্ত্রী শ্রীমতী প্রতিমা মুখার্জীর নামে ছাপা ব্যালট বাজারে ঠোঙা হিসাবে বিক্রি হচ্ছে। মাননীয় সদস্যগণ এটি শুনেছেন বা লক্ষ্য করেছেন কিনা জানি না তবে এটা আপত্তিকর কথা। যদি জাল ব্যালট হিসাবে ভোট করে থাকা হয় এবং সে রকম বিবৃতি যদি সভায় দেওয়া হয় তাহলে সেরকম একটা ঠোঙা যেটা ব্যালট হিসাবে ব্যবহৃত হয়েছে সেটা তাঁর সভায় উপস্থিত করা উচিত ছিল। আর একটি কথা, জিনিষটা যদি উনি সাবমিট করতে না পারেন তাহলে তাঁর বক্তৃতার সেই অংশটুকু এক্সপাঞ্জ করা হোক।

## General Discussion on the Budget for 1969-70

**Shri Rabin Mukherjee:**

মাননীয় সভাপাল মহাশয়, বাজেটের আলোচনায় আমি বিরোধীপক্ষের কয়েকজন মাননীয় সদস্যের বক্তৃতা শুনলাম এবং সেই প্রসঙ্গে আমি ২।৪টি কথা আপনার মাধ্যমে বলতে চাই। তাঁরা বাংলাদেশের একটা চিত্র তুলে ধরার চেষ্টা করেছেন, সে চিত্র হল বাংলাদেশে আইন নেই, শৃঙ্খলা নেই, মানুষের নিরাপত্তা নেই, এখানে ব্যবসা-বাণিজ্য যা কিছু ছিল সব এই ৩।৪ মাসের মধ্যে জাহান্নামে যেতে বসেছে। বাংলাদেশের চিত্র একটু যে পরিবর্তন হয়েছে সেটুকু তাঁরা ধরতে পারছেন না। আমি প্রধানতঃ তারা যে গেল গেল রব তুলেছেন এবং তাঁদের পত্র-পত্রিকায় সমগ্র দেশব্যাপী প্রচার করছেন তারই প্রসঙ্গে ২।৪টি কথা তুলে ধরতে চাই। আমার পূর্ববর্তী বন্ধুরা বলেছেন গিয়েছে কি? এখনও পর্যন্ত কি কি গিয়েছে? আমি জানি একটা জিনিস গিয়েছে এবং আরো যেতে আরম্ভ করেছে, সেটা হচ্ছে গ্রামাঞ্চলে আমাদের কৃষকদের যারা দীর্ঘকাল ধরে জমি অপহরণ করে রেখেছিল সেই সমস্ত জমি উদ্ধার করা হচ্ছে এবং স্থানীয় কৃষকরা উদ্যোগ নিয়ে সেই সমস্ত জমি উদ্ধারের কার্যে নেমে গিয়েছে। ঐ জমি এখান থেকে বিলেতে চলে যায় নি, এ জমি হস্তান্তর হতে আরম্ভ করেছে এবং স্বভাবতঃই কায়েমী স্বার্থ একেবারে আতঙ্কিত হয়ে উঠেছে। এই যদি গেল হয় তাহলে আমরা এই যাওয়াকে আমন্ত্রণ জানাতে চাচ্ছি। স্যার, আরো কতকগুলি কথা প্রসঙ্গে এখানে আলোচনা হয়ে গিয়েছে।

[4-40—4-50 p.m.]

সিদ্ধার্থবাবু যেটা বলছেন যে আমাদের দেশের মানুষের নিরাপত্তা নেই। আজ গ্রামাঞ্চলে যদি নিরাপত্তা বোধ নূতন করে জাগাতে হয় তাহলে যুক্তফ্রন্ট সরকারকে আরো কঠোর হতে হবে। জমিদার আর জোতদারদের সাহায্যে তাদেরই লোকেরা হাতে বন্দুক নিয়েছে। আজকে যুক্তফ্রন্ট সরকারের ৩২ দফা যে কর্মসূচী আছে, সেটাকে রূপায়িত করার জন্য আরো কঠোর ব্যবস্থা এই জমিদার ও জোতদারদের বিরুদ্ধে অবলম্বন করার জন্য আমি আহ্বান জানাচ্ছি। কেন না, এই সাধারণ রূপান্তর যতটুকু না ঘটেছে এতেই তারা সামগ্রীক ভাবে বাধা দিতে আরম্ভ করেছে। আমি আরো দেখাচ্ছি শুধু জমির কথাই অনেকে আলোচনা করেছেন এবং জমির ক্ষেত্রে এতটুকু হাত দেওয়া হয়েছে বলে এই পরিস্থিতি সৃষ্টি করতে চাইছেন। সমগ্র দেশ ব্যাপী যদি খুনের খতিয়ান নেওয়া হয় সে খুনগুলি কোথা থেকে হচ্ছে, কিভাবে হচ্ছে তাঁরা যেন একটু তলিয়ে দেখেন। দ্বিতীয়তঃ আমি সমাজের অপর এক অংশের দিক থেকে বলছি, যারা হচ্ছে উৎপাদক শ্রেণী। সেই শ্রমিক শ্রেণী আজকে নতুন করে সংগঠিত হয়ে তারা সরকারের পাশে দাঁড়াচ্ছেন। শিয়ালদহ থেকে আরম্ভ করে হাওড়ার দু ধারে ইন্ডাস্ট্রিয়াল বেল্টে চলে যান, সেখানে দেখবেন যে কংগ্রেস একেবারে ধূলিসাৎ হয়ে গেছে। কাজেই তারা যাদের সেবা করে এসেছেন স্বভাবতঃই তাদের প্রতিভূ হিসাবে তারা এখানে চীৎকার করতে সুরু করেছেন। এটা আমরা জানি এতদিন যাবৎ রাষ্ট্রশক্তি সামগ্রিকভাবে প্রযোজ্য হয়ে এসেছে আমাদের শ্রমিক শ্রেণীর বিরুদ্ধে, যারা দেশের ধনসম্পদ তৈরী করে সেই যে কৃষক শ্রেণী তাদের বিরুদ্ধে। আজ যুক্তফ্রন্ট সরকার খুব বড় কিছু কাজে হাত দিতে পারেন নি, এখনও আমরা শ্রমিক শ্রেণীর কোন দিকের এতটুকু পরিবর্তন দেখতে পাই নি। কিন্তু শ্রমিকরা নিজেরা যে সুষ্ঠু পরিবর্তন সাধন করেছেন তাতে তারা একটা অগ্রসরের ভূমিকা নেবার চেষ্টা করছেন। এতে যদি সর্বনাশ হয় সে সর্বনাশকে আমন্ত্রণ জানানোই হচ্ছে যুক্তফ্রন্ট সরকারের কর্ম ও দায়িত্ব। স্যার, ল অ্যান্ড অর্ডার প্রসঙ্গে অনেক কথা আছে। আজকে যারা বলছেন ব্যবসা-বাণিজ্য সব বন্ধ হয়ে যাচ্ছে, তাদের আমি জিজ্ঞাসা করছি যে তারা কি খবর রেখেছেন কতগুলি কারখানা ইতিমধ্যে খুলেছে কতগুলি জায়গায় আজকে ধর্মঘটের মীমাংসা হয়েছে নূতন নূতন কারখানা খোলার কথা বিভিন্ন মালিক-গোষ্ঠী কিভাবে ভাবছেন ইত্যাদি এই সমস্ত বিষয় কি তারা খবর রেখেছেন? আমি জিজ্ঞাসা করছি ১৯৬৫ সাল থেকে যে রিসেসন হয়েছিল সেই রিসেসনের জন্য কি যুক্তফ্রন্ট সরকার দায়ী? আমি তাদের আরো জিজ্ঞাসা করছি গত ১ বছরের মধ্যে ৮০ হাজার চটকল শ্রমিক

ছাঁটাই হয়ে গেছে, আরো অন্যান্য ইঞ্জিনীয়ারিং কারখানা ও বিভিন্ন শিল্পে যে শ্রমিক ছাঁটাই হয়ে গেছে এর জন্য কি যুক্তফ্রন্ট সরকার দায়ী? আজকে যারা ছাঁটাই করতে যাচ্ছে তাদের বিরুদ্ধে যে অনিবার্য সংগ্রাম দেখা দিয়েছে, সেই অনিবার্য সংগ্রামের জন্য আজকে শ্রমিক শ্রেণীর যুক্তফ্রন্ট সরকার ঘোষণা করেছেন যে শ্রমিকদের সেই গণতান্ত্রিক আন্দোলনে তাঁরা সাথী হবেন। এই জন্যই স্বভাবতঃই তারা আতঙ্ক বোধ করতে পারেন। আমাদের কিছুদিন আগে নির্বাচন হয়ে গেছে। মোটামুটি বলা যায় যে মহারাষ্ট্রের পরেই আমাদের পশ্চিম বাংলার শিল্পের স্থান। কিন্তু আমরা ঐ ওয়েজ স্ট্রাকচারের ক্ষেত্রে সপ্তম স্থান অধিকার করে আছি। কালকে আপনারা শুনেছেন যে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে আমরা ষষ্ঠ স্থান অধিকার করে আছি। আজকে আপনি শুনলে অবাক হবেন যারা এই সমস্ত কথা বার্তা বলছেন তারা শ্রমিকদের পুরাতন মাইনে নতুন করে করার জন্য কখন বলে নি। আমি জিজ্ঞাসা করছি টোটাল এক্সপেণ্ডিচার অব দি ইন্ডাস্ট্রি তার কত পারসেন্ট শ্রমিকদের জন্য পায় সে খবর আপনারা রাখেন? মালিকরা বলছেন অনলি ১০ টু ১২ পারসেন্ট। এই দশ, বার ভাগ মাত্র শ্রমিকদের জন্য ব্যয় করা হয়। গত ২০ বছর স্বাধীনতার মধ্য দিয়ে এই জায়গায় এসে দাঁড়িয়েছে। এটার পরিবর্তন করতে হবে আমরা জানি, খুব বড় পরিবর্তন নয়। কিন্তু সাধারণ ভাবে আজকে সেই ওয়েজের দাবী যাদের সামগ্রিকভাবে শতকরা ১০ ভাগের মধ্যে আটকে রেখে দিয়েছে, সেখানে একটুখানি যদি চেষ্টা করি তাহলে ভাল হয়। আমরা জানি তাদের যারা প্রতিভূ আছেন তারা আজকে চীৎকার হল্লা সুরু করে দিয়েছেন। এই কথা একবার শোনাই নি—গত ২০ বছরের মধ্যে বিড়লার যেখানে ২২ কোটি টাকা ছিল আজকে সেখানে ৪৩৭ কোটি টাকায় এসে দাঁড়িয়েছে। কোথা থেকে এল এত টাকা, তাদের বাবার তো পৈত্রিক সম্পত্তি ছিল না? তারা এখানে সম্পদ তৈরী করেছে এবং আজকে শ্রমিকদের নির্মমভাবে শোষণ করে এই জায়গায় এনে ফেলেছে। সরকারের নিশ্চয়ই প্রথম কর্তব্য হবে যারা সমাজের সম্পদ সৃষ্টিকারী, তাদের সংস্থাকে আরও বেশী সাহস যোগানো, তাদের যে গণতান্ত্রিক আন্দোলন, সেই আন্দোলনের পেছনে সহায়তা করা। ইতিমধ্যে যে গেল গেল রব উঠেছে, সেই গেল গেলর মধ্যেও দেখছি মিঃ দীনেশ সিং, তিনি বলছেন যে অন্ততঃ আর কিছু নয় যে ইঞ্জিনীয়ারিং ইন্ডাস্ট্রিজে এত ক্রাইসিসের কথা হচ্ছে, যে ইঞ্জিনীয়ারিং ইন্ডাস্ট্রির মধ্যে এরা চতুর্দিক থেকে চীৎকার করছেন, আমি জিজ্ঞাসা করি এই স্যাকসবি, ইন্ডিয়া ইলেকট্রিক, আর গঙ্গার দুপাশে যে সমস্ত কলকারখানা আছে, এটা কি ইউনাইটেড ফ্রন্টের জন্য বন্ধ হয়ে গেছে? আর আজকে যেখানে কথা হচ্ছে যে যুক্তফ্রন্ট সরকার আসার সঙ্গে সঙ্গে ইঞ্জিনীয়ারিং ইন্ডাস্ট্রিজ যেখানে প্রধান স্থান সে সম্পর্কে দীনেশ সিং বলছেন মাত্র যেখানে ১৯ কোটি টাকা এক্সপোর্ট টার্গেট ছিল গত বছর সেখানে ৫০ কোটি এক্সপোর্ট টার্গেট-এ পৌঁছেছে, এবং সেখানে ২২৫ কোটি টাকা টার্গেট করা খুবই সম্ভবপর। এবং চেয়ারম্যান অব দি কাউন্সিল মিঃ রাজঘোড়িয়া তিনি বলছেন যে ৫০০ কোটি টাকার একটা এক্সপোর্ট তৈরী করা, এটা কোন রকম একটা উইসফুল থিংকিং নয়। সুতরাং আজকে যে পরিস্থিতি তৈরি হয়েছে, যে বাজার আমাদের সর্বনাশ হয়ে গিয়েছিল নির্মম শোষণের ফলে সেই পরিস্থিতির দিকে দৃষ্টি রেখে যুক্তফ্রন্ট সরকারকে স্বভাবতঃই অনেক বেশী অগ্রসর হয়ে তাদের সমস্ত বাধা-বিঘ্ন চূর্ণ করে অগ্রসর হতে হবে। স্যার, আমার সিদ্ধার্থবাবুর অনেকগুলো কথা মনে পড়ে, তিনি এখানে আছেন, তিনি বিশেষ করে সাহু জৈনের ব্যক্তি ছিলেন এবং এখনও তাদের প্রতীভূ হিসাবে এখানে কাজ করে যাচ্ছেন। তাঁর কাছ থেকে একবারও শুনিনি, এই যে কোটি কোটি টাকার সৃষ্টি হচ্ছে দেশের মধ্যে ১৯৬৫ সালের আগে পর্যন্ত, সেই টাকাগুলো এলো কোথা থেকে, সেই টাকাগুলো থাকা সত্বেও টেন অ্যান্ড ইলেভেন পার্সেন্ট টোটাল এক্সপেণ্ডিচার শ্রমিকদের কেন হবে, কোন কৈফিয়ৎ আছে, এই কথা তো আজ পর্যন্ত শুনিনি, আর এখানে যারা এই সমস্ত কথা বলছেন গত কয়েকদিনে ডেমোক্রেটিক অপোজিশনের কথা যারা বার বার বলে আসছেন, বিশেষ করে সিদ্ধার্থবাবুর কথা, আমার স্মরণ আছে যখন তিনি ওখানে বসতেন এবং ওখানে বসে যখন তিনি কংগ্রেসের সঙ্গে শলাপরামর্শ করে এদিকে চলে আসার

জন্য চেষ্টা করেছিলেন তখন তাঁর কথাটা উল্লেখ করি, তিনি আমাদের এই বেঞ্চে বসে তাদের পার্ফর্মেন্স সম্বন্ধে বলেছিলেন মার্কিন কথা, আজ সিদ্ধার্থবাবু, সান্যাল মহাশয় গত কয়েক-দিনের মধ্যে যে রেসপনসিবল অপোজিশনের যে চিত্র রেখেছেন, তাঁরই ভাষায় নূতন করে আরও চূড়ান্ত বাঁদরামি ছাড়া আর কিছু বলা যায় না। তাঁরা আজকে সেই কথা ভুলে গেছেন এবং ঐ পাশে চলে গেছেন। যে ল্যাঙ্গুয়েজ তিনি ব্যবহার করেছিলেন সেই ল্যাঙ্গুয়েজ আজ তাঁরা নিজের জীবনে প্রয়োগ করছেন। স্যার, বিভিন্ন জায়গায় যে সমস্ত আন্দোলন ইত্যাদি হচ্ছে, কি গ্রামে কি শ্রমিক অঞ্চলে সেইগুলো দমাবার জন্য তারা আপ্রাণ চেষ্টা করছেন। আজকে ল অ্যান্ড অর্ডার সম্বন্ধে কথা উঠেছে। ল অ্যান্ড অর্ডার এতদিন একটা বিশেষ শ্রেণীর স্বার্থ রক্ষার জন্য গত ২০।২২ বছর ধরে প্রতিপালিত হয়ে এসেছে, সমস্ত আইন আদালত পর্যন্ত তাদের ডিরেকশনে কাজ করেছে। আজকে সামগ্রিকভাবে এমত ব্যবস্থা নিতে হবে যাতে সেই রাষ্ট্রশক্তি অন্ততঃ অন্য কিছু না হোক, আজকে যে গণতান্ত্রিক চেতনা বৃদ্ধি হয়েছে, সেই চেতন্যকে রূপ দেবার জন্য তারা যে গণতান্ত্রিক আন্দোলনের মাধ্যমে দাবি দাওয়ার জন্য সংগ্রামে অবতীর্ণ হবে, আমি আশা করবো যুক্তফ্রন্ট সরকার তাদের সম্পর্কে দায়িত্ব নিয়ে সেই কায়েমী স্বার্থ সম্পর্কে যে ষড়যন্ত্র, তাকে চূর্ণ-বিচূর্ণ করে তাদের সাহায্য করতে অগ্রসর হবেন। এই কথা বলে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন, তাকে সমর্থন করছি।

[4-50--5 p.m.]

**শ্রীমহম্মদ ইদরিস আলিঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট আমাদের সামনে উত্থাপন করেছেন সেই সম্পর্কে আলোচনা করতে গেলে একটা জিনিষ খুব প্রকটভাবে দেখা যায়। এটা একটা ঘাটতি বাজেট এবং এই বাজেটে যে ঘাটতি দেখান হয়েছে তার কৈফিয়ত হিসাবে দুটো জিনিষ উল্লেখ করা হয়েছে। প্রথমতঃ, তিন একর জমি যাদের তাদের জমির খাজনা মুকুব করা এবং দ্বিতীয়তঃ মহার্ঘভাতার জন্য ৯ কোটি টাকা বরাদ্দ করা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বাংলাদেশের অর্থনৈতিক কি অবস্থা। আজকে গ্রামে যে সকল প্রাথমিক স্কুল খোলা হয়েছে দীর্ঘ দু বছর ধরে গ্রামবাসী চালিয়ে আসছেন। যুক্তফ্রন্ট সরকার গদীতে এসে আজ পর্যন্ত সেই সমস্ত স্কুলগুলিকে মঞ্জুরী দেওয়ার ব্যবস্থা করতে পারেন নি এবং সবেমাত্র স্কুলফাইনাল, হায়ার সেকেন্ডারী পরীক্ষার ফল বেরিয়েছে, ছাত্র-ছাত্রী যারা পাস করেছে তাদের কলেজে ভর্তির স্থান নেই মেডিকেল কলেজে ভর্তি হতে পারছে না, ইঞ্জিনীয়ারিংএ ভর্তি হতে পারছে না, তারা ছোটাছুটি করছে, কোথাও একটু সুযোগ পেলে ভর্তি হবে। আজ দেশে বহু শিক্ষা প্রতিষ্ঠানের প্রয়োজন। দেশের উন্নতি করতে গেলে, দেশের শিক্ষার প্রতি বেশি নজর দিতে হবে, শিক্ষা খাতে বেশি টাকা মঞ্জুর করা দরকার। যুক্তফ্রন্ট সরকার দেশের কল্যাদের জন্য কিছু কববার চেষ্টা আদৌ করছেন না। যে বাজেট উত্থাপন করা হয়েছে তাতে জনকল্যাণমূলক কোন কাজের আভাস নেই। উপরন্তু দেখা যাচ্ছে দেশে কিভাবে বিশৃংখলা আনা যায়, দেশকে কিভাবে উচ্ছন্নে দেওয়া যায় সেইদিকে দৃষ্টি দেওয়া হয়েছে। মহার্ঘ্যভাতা বলে দীন বাংলার ৯ কোটি টাকা অপাত্রে খরচ করা হচ্ছে কেন? এর আগে আমরা দেখেছি ধাপে ধাপে স্কুল মাস্টারদের মাইনে বেড়েছে এবং ধাপে ধাপে সরকারী কর্মচারীদের মাইনে ও মহার্ঘভাতা বাড়িয়ে দেওয়া হয়েছে। এই যে ৯ কোটি টাকা দেশের কোন কল্যাণে আদৌ আসবে না। যুক্তফ্রন্ট সরকারের স্বার্থসিদ্ধির তাগিদে করা হচ্ছে। কারণ, ইলেকশনের সময় দেখেছি, স্কুল মাস্টার, কলেজ শিক্ষক, এবং সরকারী কর্মচারীরা কিভাবে ১৩ দলের যুক্তফ্রন্ট সরকারকে গদীতে বসাবার জন্য চেষ্টা করেছে এবং তারা ১৩ দলের স্বার্থান্বেষী সরকারকে মসনদে বসিয়েছে। তাই কিং মেকারদের প্রতি এই সরকারের একটা দায়িত্ব আছে, অবলিগেশন আছে, তাই তাদের মহার্ঘভাতা বাড়াইয়া সন্তুষ্ট করতে হবে। সমস্যাসঙ্কুল বাংলা-দেশের কি দারুণ দুরবস্থা। লোকের পেটে ভাত নেই, পরনে কাপড় নেই এবং বেকার সমস্যা প্রবল প্রকট। চাকরি নেই বলে পাশ করা ইঞ্জিনীয়াররা বসে আছে, রাস্তায় রাস্তায় ফ্যা ফ্যা করে ঘুরে বেড়াচ্ছে। আন-এমপ্লয়মেন্ট প্রবলেম দারুন অ্যাকিউট। যদি ২০০ শত টাকার মাইনে হিসাবে ঐ ৯ কোটি টাকার চাকুরীর ব্যবস্থা করা হ'ত তবে ৩,৭৫০ জন বেকার চাকুরী পেতে

পারত। তাহলে তারা দুবেলা দুমুঠো খেতে পারত, কাপড় পরতে পারত। তা না করে সরকারী কর্মচারীদের তোষণ করবার জন্য মহার্ঘভাতা দেওয়ার ব্যবস্থা হচ্ছে। যুক্তিটি কি হল? যেহেতু কেন্দ্র দিচ্ছে, আমাদেরও সেইহেতু দিতে হচ্ছে। ঘরে খাবার নেই সোনার থালার স্বপ্ন। বেকারের চাকরির সংস্থান বেশি জনকল্যাণমূলক কাজ হত। যে বাজেট আমাদের সামনে উপস্থিত করা হয়েছে এটা নৈরাশ্যের নিদর্শন। এতে আশার আলো নেই, এতে দেশের কল্যাণমূলক অগ্রগতির ছবি ফুটে উঠে নি।

একটু আগে মাননীয়া সদস্যা গীতা মুখার্জী বললেন, আমাদের যুক্তফ্রন্টের মধ্যে বিভেদ কিছু নেই, বস্তুত একটা সংহতি আছে।'

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন কয়েকদিন আগে খবরের কাগজে বেরিয়েছিল, শ্রীবিশ্বনাথ মুখার্জী এবং ভূমিরাজস্ব মন্ত্রী শ্রীহরেকৃষ্ণ কোঙারবাবু ভেড়ী লুট সম্বন্ধে বলেছিলেন। হরেকৃষ্ণবাবু বললেন, যে ডান কমিউনিস্টরা মাছ চুরি করেছে, ডান কমিউনিস্টরা তথা বিশ্বনাথবাবু বললেন, না তারা জমি দখল করতে গিয়েছিলেন। দ্বিতীয়তঃ উদাহরণস্বরূপ বলা যায় যে, আলিপুরদুয়ারে যে, আর এস পি এবং সি পি আই (এম)এর মধ্যে সংঘর্ষ হল এবং কয়েকটা খুনও সেখানে হল। স্যার, এটা কি ফ্রন্টের সংহতির লক্ষণ? স্যার, আনন্দবাজার পত্রিকা অফিসে আগুন লাগানো, চারিদিকে লুটতরাজ, খুনখারাপি এটা কি সংহতির লক্ষণ? এই যদি সংহতির লক্ষণ হয় তবে অসংহতির লক্ষণ কি? আমার মনে হয় যে, বাংলা দেশের জনসাধারণ এই ধরনের সংহতি চায়নি। তারা দেশে শান্তির, শৃঙ্খলার জন্য যে আইন সেই আইন শৃঙ্খলা রক্ষা করতে চেয়েছিলেন। যুক্তফ্রন্ট সরকার সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। সেজন্য তাদের নিশ্চয়ই গণ আদালতে জবাবদিহি করতে হবে। তারা ভোটের দ্বারা নির্বাচিত প্রতিনিধি হয়ে এসেছেন, চিরকালের জন্য নয়, আবার নির্বাচন আসবে। দেশের মানুষ তাদের কার্যকলাপ লক্ষ্য করছে। সরকারের কার্যসূচী ও কার্যপদ্ধতি বাজেটে পাওয়ার কথা, কিন্তু বর্তমান বাজেট থেকে কি পাওয়া যাচ্ছে? পাওয়া যাচ্ছে শুধু এইটুকু যে তারা নিজেদের রাস্তাগুলি পরিষ্কার করার জন্য ব্যস্ত। মহার্ঘভাতা বাড়াচ্ছে, নূতন কর ধার্যের ব্যবস্থা হচ্ছে। এগুলি দেশের কল্যাণকর কার্য নিশ্চয়ই নয়। দ্বিতীয় কথা মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, বাংলা দেশে ৯ বিঘা জমির মালিকের সংখ্যা খুব কম, এবং বহু চাষী আছে যাদের কিছুই নেই। তাদের সংখ্যা বেশী। যদি ৯ বিঘা জমির খাজনা মকুব করা হয়। তাহলে ২ কোটি টাকা ঘাটতি হবে, সরকারের ২ কোটি টাকা আয় কমে যাবে এবং সেটা পূরণ করা হবে নূতন কর ধার্য করে এর ইমপ্যাক্ট বেশী কাদের উপর চাপবে? যারা ল্যান্ডলেস দিনমজুর তাদের উপরই। এই বাজেট ভাল করে দেখলে দেখা যাবে অভিজ্ঞ অর্থমন্ত্রী অস্পষ্ট আভাষ দিয়েছেন যে ঘাটতির জন্য নূতন কর ধার্য করা হবে। এই কর কি ধরনের এবং কাদের উপর চাপবে? উত্তর অর্থমন্ত্রীর নাই। তবে বোঝা যাচ্ছে যে যারা ল্যান্ডলেস যারা মজুর তাদের উপরই এই করের পরক্ষ চাপ পড়বে। দেশের জনকল্যাণমূলক কার্য যদি করা হইত তাহলে আমরা দেখতাম যে কৃষকদের সুযোগ-সুবিধা দেওয়া হচ্ছে, বেকারদের ভাতা দেওয়া হচ্ছে, আনএমপ্লয়েড যারা তারা চাকুরী পাচ্ছে, শিক্ষিত বেকার যুবক, ডাক্তার, ইঞ্জিনীয়ার এদের ভাতার ব্যবস্থা করা হচ্ছে। কিন্তু বাজেটে দেখা যাচ্ছে বিপরীত। দেখা যাচ্ছে কি? না, বাংলা দেশকে অর্থনীতি দুর্নীতির মাধ্যমে ধ্বংসের পথে এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দেশের এই অর্থনৈতিক দুরবস্থা দূর করা না যায় তাহলে শিল্পক্ষেত্র, কৃষিক্ষেত্র এবং অন্যান্য কাজের উন্নতির কোনই আশা নাই। কাজেই আমার মনে হয় নিজের পাছায় হাত না দিয়া অন্য দেশের (তেলেঙ্গানার) সমালোচনা করে, কেন্দ্রের কার্যের সমালোচনা করে যুক্তফ্রন্টের দোষ স্খালন হবে না। এই প্রসঙ্গে আর একটি কথা উল্লেখ করা যেতে পারে শ্রীমতী গীতা মুখোপাধ্যায় অন্ধ্রের কথা বলেছেন যে সেখানে কি হয়েছে? তেলেঙ্গানায় কি হয়েছে? এবং অন্যান্য রাজ্যের শান্তিভঙ্গ হয়েছে তার জন্য দায়ী কারা? আমি তাঁকে একটি কথা বলতে চাই, ঋষি বঙ্কিমচন্দ্রের একটা কথা তুলে যে, "তুমি অধম বলে আমি উত্তম হইব না কেন?" কাজেই অন্যান্য রাজ্যে আইন-শৃঙ্খলা ব্যাহত হয়েছে বলে আমাদের রাজ্যে কেন হবে? তিনি বোধ হয় ভুলে গেছেন আজকে

ক্ষমতার মোহে ? যেহেতু যুক্তফ্রন্ট সরকার ক্ষমতার আসনে এসেছে। সেই হেতু তারা সব কিছু করতে পারে ? দেশের মধ্যে অশান্তি, বিশৃঙ্খলা যা কিছু ঘটুক তার জন্য তাদের কেউ দায়ী করবে না ? এটা তাদের মনে রাখা উচিত যে, তার জন্য মহামান্য হাই কোর্ট আছেন, সুপ্রীম কোর্ট বসে আছেন। দেশের জনসাধারণের কাছে তাদের জবাবদিহি করতে হবে, আবার যখন নির্বাচনে সকলের সম্মুখে যেতে হবে তখন তাদের কৈফিয়ত দিতে হবে। তখন জনসাধারণ প্রশ্ন করবেন যে, বিগত নির্বাচনে আমাদের কাছে আবেদন করেছিলে, ৩২ দফা কর্মসূচী সম্মুখে রেখে, ভোট নেবার সময় এবং বলেছিলে এই ৩২ দফা কর্মসূচী কার্যে রূপায়িত করবো। কিন্তু তোমরা তো তা করতে পারনি ! কাজেই, সেদিন আবার সরকারী গদী থেকে নামিয়ে বিরোধী দলের আসনে বসাবে। সেটা মনে রেখে অগ্রসর হও। এটাই আমি অনুরোধ করবো। এই বাজেট থেকে এমন কিছু পাচ্ছি না যার জন্য একে সমর্থন করা যায়। অতএব এই বাজেটের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করলাম।

[5--5-10 p.m.]

**শ্রীমনোরঞ্জন বক্সী:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে আমাদের মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী যে বাজেট এখানে পেশ করেছেন সেই বাজেটে আমরা পরিষ্কারভাবে দেখতে পাচ্ছি যে তিনি কৃষি এবং সেচ, পশুপালন, বিদ্যুৎ উৎপাদন এবং পরিবহন এই সমস্ত বিষয়ে ব্যয়বরাদ্দ বৃদ্ধি করেছেন এবং সঙ্গে সঙ্গে আরো দেখতে পাচ্ছি যে এই বাজেট উন্নয়ন খাতে প্রায় ১০·৬২ কোটি টাকা বৃদ্ধি করেছেন। এতে পশ্চিম বাংলার উন্নয়নের পথে যে বাধার আশঙ্কা দেখা দিয়েছিল সেটা থেকে আমরা রেহাই পাব। সঙ্গে সঙ্গে আমরা আরো দেখতে পাচ্ছি তিনি তাঁর বাজেট ভাষণে বলেছেন যে এই যে সরকার এই সরকার সৃষ্টি করেছেন জনসাধারণ সেজন্য স্বার্থহীন ভাষায় তিনি জানিয়ে দিয়েছেন বাংলা দেশের মানুষকে যে জনগণের কল্যাণের জন্য তাঁর সরকারের যা কিছু করতে হবে নিশ্চয়ই সমস্ত রাষ্ট্রযন্ত্র সেখানে প্রয়োগ করবেন। আজকে আমরা সকলে জানি যে পশ্চিম বাংলা অত্যন্ত আর্থিক সংকটের মধ্য দিয়ে চলেছে, তার কারণ হচ্ছে যে গত ২০ বছরে কংগ্রেসী কুশাসনে যেভাবে মানুষ নিপীড়িত হয়েছিল তার ফলে আজকে রাজকোষ শূন্য এবং তার ফলে বাংলা দেশের মানুষের যে অবস্থা সেই অবস্থার প্রতিফলন আজকে দেখা দিয়েছে। কাজে কাজেই এর জন্য দায়ী গত ২০ বছরে যে সরকার এখানে ছিলেন তাঁরা। আজকে এই যে বাজেট পেশ করা হয়েছে এই বাজেট বাংলাদেশের মানুষের জনগণের আশা-আকাঙ্খার মূর্ত প্রতীক এবং সেজন্য এই বাজেটকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন যে এই বাজেটের মধ্য দিয়ে তিনি একটা মৌলিক অধিকারের প্রশ্ন তুলেছেন সেটা শুধু পশ্চিম বাংলার নয়, সারা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের কথা তিনি পরিষ্কারভাবে জানিয়ে দিয়েছেন যে আজকে কেন্দ্রীয় সরকার পশ্চিম বাংলা বা অন্যান্য রাজ্যের যে সমস্ত আয়ের সোর্সগুলি আছে তার থেকে যে অর্থ আদায় হয় সেই সমস্ত অর্থগুলি তাঁরা ছিনিয়ে নিয়ে যান এবং তাঁরা যখন অর্থ ঋণ দেন তখন দেখা গেছে যে ঋণ আদায়ের সময় সুদখোর মহাজন আর খাতকের সম্পর্ক দেখা দেয়—এজন্য তিনি পরিষ্কার-ভাবে জানিয়ে দিয়েছেন যে আজকে যদি প্রয়োজন হয় তাহলে এই সংবিধান যে সংবিধান পশ্চিম বাংলা এবং অন্যান্য রাজ্যের উন্নয়নের পক্ষে বাধা সৃষ্টি করছে তাকে পরিবর্তন করতে হবে এবং প্রয়োজন হলে আজকে সংবিধানের বিরুদ্ধে আমাদের লড়াই করতে হবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি আরো জানেন এই যে কেন্দ্র এবং রাজ্যের সম্পর্ক মহাজন এবং খাতক এ সম্পর্কে একটা স্টাডি টিম তৈরি হয় শীতলবাদের নেতৃত্বে এবং তাঁরা রিপোর্ট দিয়েছেন যে কেন্দ্রীয় সরকারের আচরণ অযৌক্তিক এবং অন্যায়। কাজেই পশ্চিম বাংলার মাননীয় অর্থমন্ত্রী আজকে অত্যন্ত সৎসাহসের সঙ্গে বাংলাদেশে দাঁড়িয়ে ভারতবর্ষকে আলোর পথ দেখিয়ে দিয়েছেন যে প্রয়োজন হলে সংবিধান পরিবর্তন করতে হবে। আজকে যাঁরা কংগ্রেসপক্ষে আছেন তাঁরা বারে বারে বলতে চেয়েছেন একথা যে আমাদের মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী নাকি ঠুঁটো জগন্নাথ। তাঁদের মনে রাখা উচিত এবং কর্তব্য যে আজকে এই ঠুঁটো জগন্নাথের নেতৃত্বে তাঁরা একেবারে কোণঠাসা হয়ে গেছেন—৫৫টায় এসে ঠেকেছেন, ভবিষ্যতে হয়ত তাও থাকবে না।

তাঁদের মনে রাখা দরকার যে এককালে এই অজয়বাবু ১৯৪২-র নায়ক ছিলেন এবং তিনি শুধু বাংলাদেশের নয়, সারা ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামের জন্য যুদ্ধ করেছেন এবং বাংলাদেশকে পথ দেখিয়েছেন। কাজেই আজকে যাঁরা একথা বলছেন তাঁদের আমি সতর্ক করে দিয়ে একথা বলতে চাই সেই কবির কথা 'সাবধান, সাবধান—ন্যায়ের দণ্ড আসিছে ঐ'। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন ল অ্যান্ড অর্ডারের কথা ও'রা বলছেন—আমি আপনার কাছে নিবেদন করছি অত্যন্ত বিনয়ের সঙ্গে যে গত ৫ই জুলাই-এর যুগান্তর পত্রিকা যদি পাঠ করেন দেখবেন ৩রা জুলাইএর একটা ঘটনা—ঐ কংগ্রেসী বন্ধুরা সেখানে লাঠি, টাঙ্গী এই সমস্ত নিয়ে গিয়ে ঐ কোচবিহার জেলার তুফানগঞ্জের একটা গ্রামে জমি দখল করতে গেছে।

যাঁরা বলেন আমরা গান্ধীবাদে বিশ্বাসী, জানি না তাঁরা গান্ধী বাদ দিয়ে কি বিশ্বাসী। কাজেই তাঁরা বারে বারে আইন শৃঙ্খলার কথা বলেন। আজ আমাদের মন্ত্রিসভায় আপনার মাধ্যমে অনুরোধ যে দরকার হলে এই সমস্ত অন্যায়ের বিরুদ্ধে হস্তক্ষেপ করতে হবে। আজ ২০ বছরে তাঁরা যে সমস্ত অগ্নিস্তূপ সৃষ্টি করে গেছেন তার ফলে আজ বেকার সৃষ্টি হচ্ছে, শিক্ষিত যুবকদের মধ্যে ফ্রাসট্রেশন এসেছে, তাদের চাকরী নেই। গ্রামে গ্রামে ইঞ্জিনীয়ার, শিক্ষিত যুবক বেকার হয়ে আছেন। আজ আমাদের সরকারের কর্তব্য হচ্ছে এই সমস্ত লক্ষ লক্ষ বেকার যুবকদের চাকরীর সংস্থান করে দেওয়া। পশ্চিমবঙ্গে যে সমস্ত নূতন কলকারখানা তৈরী হচ্ছে আপনার মাধ্যমে মন্ত্রিসভাকে সাজেসশন দিচ্ছি সেখানে আমাদের দেশের ছেলেরা কত পরিমাণে নিয়োগ হচ্ছে তার হিসাব নেওয়া দরকার। গ্রামে গ্রামে যে সমস্ত বেকার যুবক আছে, তার যাতে একটা তথ্য পাওয়া যায় তার জন্য প্রতিটা ব্লকে একটা সংস্থা স্থাপন করুন যা কংগ্রেস সরকার করেন নি। কাজেই আজ যাঁরা মুখে বড় বড় কথা বলেন তাঁদের আমরা দেখতে পাচ্ছি ২০ বছরে দেশকে একটা অগ্নিস্তূপের মধ্যে নিক্ষেপ করে গেছেন। আজ এর হাত থেকে যদি বাঁচতে হয় তাহলে এর একমাত্র হাতিয়ার হচ্ছে যুক্তফ্রন্ট সরকার এবং এই সরকার চেষ্টা করছেন যাতে মানুষ শান্তিতে বাস করতে পারে সেজন্য আজ সরকারী কর্মচারী, শিক্ষক ইত্যাদির বেতন তাঁরা বৃদ্ধি করেছেন। এই সরকার রাজনৈতিক চেতনা নিয়ে এ'দের বেতন বৃদ্ধি করেছেন এই যুক্তি শুনলে লজ্জায় মাথা হেঁট হয়ে যায়। ঐ সরকারী কর্মচারী, শিক্ষক এ'রা কি সমাজের কেউ নন ? বা তাঁরা কি আমাদের ভাই-বোন নন ? অতএব আজকে কোন্ সাহসে তাঁরা বলছেন যে এই কাজ করে সরকার অন্যায় করেছেন। আজ আমাদের সরকারের কর্তব্য হচ্ছে কি করে প্রতিটা মানুষের কল্যাণ করা যায় এবং সেই চেষ্টা করাও হচ্ছে। তাঁরা আজ একথা বলছেন যে বাজেটে কোথাও করের কথা নেই। আমি একথা নিবেদন করছি যে এখানে মাথাপিছু যে কর ধার্য করা উচিত নিশ্চয় তা খুব বেশী। তবে আমাদের অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে দরকার হলে আমরা সে বিষয়ে চিন্তা করব এবং কর বৃদ্ধি করবেন। আবার একথা বলেছেন যে কেন্দ্রীয় সরকারের ঋণের সুদের হার কিছু কমান যায় কিনা সেটাও দেখব। যাহোক তিনি এমনভাবে করুন যাতে পশ্চিম বাংলার মানুষকে অগ্নিতে নিক্ষেপ না করে তাদের বাঁচান যায় সেই ব্যবস্থা করুন।

[5-10—5-20 p.m.]

**শ্রীনাসিরুদ্দিন খানঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিম বাংলার অর্থমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাজেট বিবৃতি সম্বন্ধে বলতে গিয়ে একটা কথা বলতে চাই যে ইলেকশন-এর আগে আমি সর্বত্র ঘুরে ঘুরে বলেছিলাম—মুসলমানদিগকে কংগ্রেসীদের ভালবাসা কিরকম না মুসলমানরা যেমন মুরগীকে ভালবাসে প্রায় সেরকম—অর্থাৎ প্রয়োজনবোধে বড় কুটুম্ব এলে ঝাঁকের বড় মুরগিটি জবাই করে খেতে দেয়। যেমনি কংগ্রেসের বিরুদ্ধে কিছু বলা হোল অমনি তাদের শ্রীঘর দেখিয়ে দেওয়া হোল। মুসলমানদের অনেক সমস্যার কথা সুদীর্ঘ ২২ বছরের প্রতিটি ইলেকসনের প্রাক্কালে তুলে ধরা হয়েছে। ১৯৫০ সাল থেকে আজ পর্যন্ত সাম্প্রদায়িক দাঙ্গা হাঙ্গামার ফলে যে সমস্ত মুসলমান গৃহহারা, সর্বস্বান্ত হয়েছে তাতে কংগ্রেস তাদের দিকে তাকিয়ে দেখেন নি এবং প্রতিকারের কোন ব্যবস্থা করেন নি। স্যার, আজকে যিনি যুক্তফ্রন্ট সরকারের

মন্ত্রী সেই জনাব ডাঃ ইয়াজদানী ১৯৬৪ সালে একটা গালভরা বক্তৃতা দিয়ে বলেছিলেন "কংগ্রেস কি চোখে দেখছে না যে কোলকাতার বুকে ১৭ দিন ধরে মুসলমানদের পোড়ান হোল" ? আজকে ৩।৪ মাসের রাজত্বে যেমনি তিনি মন্ত্রী হলেন অমনি সমস্ত বুলি বন্ধ হয়ে গেল ? তেলেনি-পাড়া, টিটাগড়, হরিহরপাড়ায় এই যে হাজার হাজার মুসলমান আজ বাস্তুহারা সে সম্পর্কে তাঁর মুখে লাগাম পড়ে গেছে ? যিনি আসনে বসবেন তিনিই মুসলমানদের জবাই করবেন ? আমার এক বন্ধু বলেছিলেন, "ভাইরে, যতই চেষ্টা কর কংগ্রেসকে পরাস্থ করলেও ফল ওই একই হবে।" আমি মনে করি এঁরাও কংগ্রেসের কাছ থেকে এটা শিখেছেন। কংগ্রেস যখন আপনাদের মত সংখ্যা গরিষ্ঠ ছিল তখন আপনারা কিছু বলার চেষ্টা করলেই অমনি তাঁরা হৈ-হল্লা করে উঠতেন। তাঁদের সেই ধৃষ্টতার ফলে তাঁদের পতন হয়েছে। আমি বলি আপনারাও যদি বিরোধীদলের কথা না শোনেন তাহলে আপনাদেরও পতন অবশ্যম্ভাবী। আমার এক বন্ধু আমাকে একটা গল্প বলেছিলেন। পঞ্চবটি বনে একটা ছোট হরিণ নাচ্ছে দেখে বুড়ো হরিণ জিজ্ঞাসা করলে যে তুমি নাচ্ছ কেন ? তখন ছোট হরিণটি বলল পঞ্চবটি বনে রাম, লক্ষণ এবং সীতা এসেছেন—এরকম কি আর হয়। তখন বুড়ো হরিণটি বলল এই বনে যিনিই আসবেন হরিণের কপালে ওই তীর, ধনুক। অনুরূপভাবে আমাদের মন্ত্রী ডাঃ ইয়াজদানী সাহেবও মুসলমানদের কথা আর বলছেন না, বাংলা দেশে একটা কথা আছে, "কানা কুকুর মাড়ে তুষ্ট"। এই হোল আমাদের বাংলাদেশের অবস্থা। ভূমিরাজস্ব বিভাগের কথা বলতে গিয়ে ওই কথাই বলব যে, পাড়াগাঁয়ের কানা কুকুর মাড়ে তুষ্ট। কোলকাতার বিরাট বিরাট অট্টালিকার দিকে তাকান হোল না। অথচ ১ বিঘা জমি দখল করে নিক একথা বলে পাড়াগাঁয়ের মানুষকে সন্তুষ্ট করা হচ্ছে। অর্থাৎ গ্রামের লোক যেন সত্যই কানা কুকুর। এই বাজেটে সাধারণ মানুষের কথা বা হাড়ি, মুচি, ডোমের কথা সুস্পষ্টভাবে নাই। আমি মনে করি এই বাজেটে তাদের কথাও কিছু থাকা উচিত এবং সেই হিসেবে বাজেট সংশোধন করা উচিত। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅজিতকুমার বিশ্বাস:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ১৯৬৯-৭০ সালের যে বাজেট অর্থমন্ত্রী অজয় মুখার্জী মহাশয় পশ্চিম বাংলার বিধানমন্ডলীতে পেশ করেছেন, আমি সেই বাজেট সমর্থন করছি। বর্তমানে বাংলার জনসাধারণের দুর্দশার অন্ত নাই যেমন তেমনি রাজ-কোষে ঘাটতিরও শেষ নাই। আবার জনকল্যাণকে লক্ষ্য করে কতকগুলি দপ্তরে খরচ বাড়ান হয়েছে—যেমন কৃষি, সেচ, পশুপালন, পরিবহন বিভাগ এবং সরকারী কর্মচারী। তাই নূতন বাজেটে ঘাটতি ফুটে উঠেছে। অতীতে অর্থাৎ আগের বারে ১৯ কোটি ৫৮ লক্ষ টাকা ঘাটতি ছিল। রাজস্ব যেহেতু ৭ কোটি টাকা উদ্বৃত্ত হয়, ফলে পৌণে তের কোটি টাকার মত ঘাটতি দাঁড়ায়। এবারে এই ঘাটতি ৩২ কোটি থেকে ৫১ কোটি ৫৭ লক্ষ টাকায় এসে দাঁড়িয়েছে এবং এই যে উদ্বৃত্ত ১৩ কোটি ৭ লক্ষ টাকা রয়েছে তাও যোগ দিয়ে এবং আরও ঘাটতি বিচার করলে ঘাটতি দাঁড়াবে প্রায় ৫৪ কোটি টাকার মত। প্রশ্ন হচ্ছে এই ঘাটতি বাজেট দেখে অনেকে হয়ত ভাবছেন ডেফিসিট ফিনান্স হলে, লোক করভারে জর্জরিত হয়ে পড়বে। এই প্রসঙ্গে আমি বলতে চাই একটা অনুন্নত দেশকে যদি উন্নত করতে হয় তাহলে ডেফিসিট ফিনান্স থাকবেই তা অস্বীকার করা যায় না। কংগ্রেস সরকারের বাজেটের সঙ্গে এই বাজেট তুলনামূলকভাবে বিচার করতে গেলে এই কথা বলতে হয়, তাঁরা দেশের উন্নতির স্থলে দেশে দুর্নীতি এনেছেন, মুষ্টিমেয় কিছু লোকের স্বার্থ রক্ষার জন্য ডেফিসিট বাজেট বার বার দেশের সামনে উত্থাপন করেছেন, দেশের মানুষকে করভারে জর্জরিত করেছেন। সেই বাজেট থেকে এই বাজেটের ভিন্ন দিক রয়েছে। তাই আজ একথা বলব জনগণের কল্যাণের স্বার্থে যেখানে মানুষের আর্থিক মঙ্গলের কথা রয়েছে সেখানে এই ডেফিসিট অন্যায় কিছু নয়, বরং ন্যায় বলেই আমি মনে করি। এখন এই টাকার সোর্স কি ? আমাদের কাছে প্রসঙ্গতঃ প্রশ্ন উঠতে পারে হয়ত আমাদের রাজস্ব খাতে আয় বাড়ান হবে, না হয় রিজার্ভ ব্যাঙ্ক থেকে ওভার-ড্রাফট নেওয়া হবে। এই প্রসঙ্গে কেন্দ্রীয় অর্থমন্ত্রী মোরারজী দেশাই সম্প্রতি একটা কথা বলেছেন যে, যে সমস্ত রাজ্যে ডেফিসিট ফিনান্স থাকবে সেখানে আর ওভার-ড্রাফটের ব্যবস্থা হবে না, এবং এটা তিনি দৃঢ়তার সঙ্গে বলেছেন যে এ জিনিষ বাধা দিতে হবে। এই প্রসঙ্গে আমি বলি তিন তিন বার কেন্দ্র ডেফিসিট ফিনান্স

দেখিয়েছেন। সেক্ষেত্রে আমরা দেখছি এক দিকে তিনি চুরি করবার ব্যবস্থা করছেন, আর অপরকে তিনি বলছেন, তোমরা সাধু থাক। এই রকম যদি তাঁর উক্তি হয় তাহলে দেশের লোক কোন মতেই তা মেনে নিতে পারে না, এটা কেন্দ্রের জানা উচিত। এছাড়া এটা আমরা জানি যে কেন্দ্রের কাছে আমাদের ঋণ আছে, তার জন্য আমরা যে সুদ দেই, তার পরিমাণও প্রায় ২৮ কোটি টাকার মত। আমাদের পূর্বতন রাজ্যপাল শ্রীধর্মবীর সেই টাকা পরিশোধ করেন নি, ফলে ডেফিসিট ফিনান্স রান করছে। আমি একথা বলতে চাই কামরাজের সন্যাস ব্রত গ্রহণ করে মোরারজী দেশাই নাটক করে দেশের রঙ্গ-মঞ্চে আবির্ভূত হয়ে যে একটা রংমশালের মত পরিস্থিতির মধ্যে দেশকে নিয়ে যাবার চেষ্টা করছেন তা দ্বারা দেশের মঙ্গল হতে পারে না। চ্যালেঞ্জ করে বড় বড় গালভরা কথা বলে আমাদের রাজ্যসরকারকে কোন মতেই স্তব্ধ করে দিতে পারবেন না, এই বিশ্বাস আমার আছে।

[5-20—5-30 p.m.]

কারণ আমরা মনে করি যে কংগ্রেস বিশ বছরের মধ্যে আমাদের দেশে যে অনটন, যে দুঃখ, যে দৈন্য, যে জুলুম আজকে এনে দিয়েছে এবং কংগ্রেস আজকে মুষ্টিমেয় মানুষের স্বার্থে, ধনীকে আরো ধনী করেছে, গরীবকে আরো গরীব করে দিয়েছে। কংগ্রেস শাসনে আসার আগে বৃটিশ আমলে আমরা দেখেছি যদি মালিকরা একশো টাকা আয় করতো, তবে তার ৪২ টাকা শ্রমিক মজুরের জন্য ব্যয় করতো এবং ৫৮ টাকা মুনাফা ইত্যাদির জন্য নিত। আমার একটু আগে মাননীয় রবীন মুখার্জি যে তথ্য এখানে পেশ করেছেন তাতে দেখা যায়, এখন মাত্র শতকরা দশ থেকে বারো পারসেন্ট শ্রমিকদের দেওয়া হয়। সে ক্ষেত্রে আমি বলবো ইংরেজ আমলের যে শোষণ সেই শোষণ এখন মালিকরা এত চড়িয়ে দিয়েছে যে তার ফলে ধনী আরো ধনী এবং গরীব আরো গরীব হয়েছে এবং তার ফলস্বরূপ পশ্চিমবঙ্গ রাজ্যে কংগ্রেস ক্ষমতা থেকে বিতাড়িত হয়েছে। আমরা জানি কংগ্রেস কত না জনকল্যাণের কথা বলেছে, যাদের ভূঁড়ি ছিল ৩২ ইঞ্চি এই কয় বছরে তা বেড়ে দাঁড়িয়েছে ৫৪ ইঞ্চি। তার ফলে দেশের এক-একটা রাজ্য তাদের হাত-ছাড়া হয়ে যাচ্ছে। আজ যদি কংগ্রেসের ভূমিকা প্রগতিশীল ভূমিকা হয়, তাহলে তাদের পূর্ব-অনুসৃত নীতি ও আদর্শ পরিবর্তন সাধারণের মঙ্গলের জন্য রাস্তায় নেমে গণতান্ত্রিক বিরোধী আসন গ্রহণ করে আমাদের দোষত্রুটি ও দুর্বলতার সমালোচনা করবার অধিকার নিশ্চয়ই তাদের থাকবে। নইলে শুধু গালাগালি করে কিছু তিরস্কার করে এবং শুধুমাত্র ললেসনেসএর কথা বলে আবার যে হৃতক্ষমতা ফিরে পাবার যে স্বপ্ন তাঁরা দেখছেন, তাদের সে স্বপ্ন সফল হবে না, ব্যর্থ হবে। এই কথা কয়টি বলে আমি এই বাজেটের পূর্ণ সমর্থন জানাচ্ছি।

**Shri Abdul Karim Chowdhury:**

माननीय डिप्टी स्पीकर महोदय, आज असेम्बली में बजट डिस्कशन के दौरान हम आपके माध्यम से नई युक्त फ्रान्ट की सरकार के ध्यान को—ख्याल को उस जगह ले जाना चाहते हैं, जहाँ अभी बेचारे किसानों और गरीब जनता पर बहुत जुल्म हो रहा है। यह वह जगह है, जो विहार से पश्चिम बंगाल में लिया गया है। इस इलाके का नाम इस्लामपुर सब-डिविजन है। यहाँ पर बड़ा जुल्म-अत्याचार गरीब जनता पर किया जा रहा है। इस्लामपुर सब-डिविजन को जब विहार से बगाल में लिया गया, तो इसे बहुत इशरत देने की बात कही गई थी। इसे सभी सुविधायें मिलेगी, ऐसा कहा गया था। लेकिन बड़े अफसोस की बात है कि आज तक इसकी इशरत को मद्देनजर नही रखा गया। इसलिए युक्त फ्रान्ट की सरकार से हमारा निवेदन है कि वह उनकी इशरत को ख्याल में रखे। इस्लामपुर सब-डिविजन की उन्नति के लिए काफी ध्यान दे और उसकी तरक्की के लिए जल्द से जल्द बन्दोबस्त करे और उनकी मुसीबतों को दूर करे।

अभी इस्लामपुर सब-डिविजन की दशा यह है कि इस इलाके में रोजाना जमीनों पर जोर—दखल चल रहा है। बेचारे गरीब किसानों की जमीनों को जबरदस्ती छीना जा रहा है। सुना यह जाता है कि कुछ पोलिटिकल पार्टी—खास करके मार्क्सिस्ट सी० पी० आई० के वर्कर्स जबरदस्ती दल बनाकर किसानों की जमीनों को छीन रहे हैं। परसों टेलिग्राम मिला है, जिसमें लिखा है कि ये लोग जबरदस्ती किसानो के पाट को काट रहे है। और पुलिस-लोकल एडमिनिस्ट्रेशन इनऐक्टिभ है।

इसलिए अब हम अपने युक्त फ्रान्ट की सरकार से कहना चाहते है कि वहाँ की जमीनों और फसलों की रक्षा करे और मासूम किसानो के जुल्म को दूर करें।

इन बातों को रखते हुए हम अपना वक्तव्य शेष कर रहे है।

**Shri Amalendra Lal Roy :**

माननीय উপাধ্যক্ষ মহাশয়, আজকে এখানে অতুল্যবাবুর কয়েকটি পুতুলের কথা শোনা গেল। তবে ননীর পুতুলটি আজকে ওঠেন নি, কতকগুলি কাগজের পুতুল উঠেছিলেন। তাঁরা যে সমস্ত বক্তৃতা এখানে রেখেছেন তার ২।১টা জবাব দেওয়ার দরকার। প্রধান বা মুখ্য বক্তা বললেন যে দেশে কিছু নেই, সব ক্যাপিটাল পালিয়ে যাচ্ছে। কারুর বউ পালিয়ে গেছে কিনা জানি না, সেটা হয়ত পরে কেউ বলতে পারেন। তবে তাঁরা বললেন গণতন্ত্র, অর্থনীতি, রাজনীতি দেশ, সভ্যতা, সংস্কৃতি সব কিছু বিপন্ন যুক্তফ্রন্ট সরকার হয়েছে বলে। একই বস্তাপচা বুলি, ১৯৬৭ সালে যখন যুক্তফ্রন্ট সরকার গঠিত হয়েছিল, তখনও শুনেছিলেন; সে সময়েও দেশে কিছু ছিল না; সব অন্ধকার হয়ে গিয়েছিল, আজও তাই শুনছি। আমি সেই জন্য এ পর্যন্ত ১৯৬৭ সালের যে তথ্যগুলি আমাদের হাতে এসেছে সেগুলি তাঁদের মনে করিয়ে দেওয়া দরকার বলে মনে করিয়ে দিচ্ছি। ১৯৬৭ সালে কৃষি উৎপাদনের কথা যদি ধরা যায় তাহলে, ও'রা দেখুন ভালো করে চার্ট নং ৩ এগ্রিকালচারাল প্রোডাকশন ইন ওয়েস্ট বেঙ্গল, "ইকনমিক রিভিউ" ১৯৬৮।৬৯ সাল, দেখুন টোটাল ফুড প্রোডাকশন ১৯৫১।৫২ সাল থেকে আরম্ভ করে ১৯৬৭ সাল পর্যন্ত যা রেকর্ড ছিল সেই রেকর্ড ব্রেক করেছে, এত ফুড বেড়েছে। চাল দেখুন ১৯৫১।৫২ ও ১৯৬৭।৬৮ কোনদিন এত প্রোডাকশন হয়নি। জুট দেখুন কোনদিন এত প্রোডাকশন হয়নি। চা দেখুন সেখানেও কোনদিন এত প্রোডাকশন হয়নি। এখানে নাকি ঘেরাও হয়েছে, উৎপাদন নাকি কিছুই হয়নি। এতো গেল এগ্রিকালচারাল প্রোডাকশন। এর পর আসুন ইনডেক্স অফ ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন অফ ইন্ডিয়া সেখানে দেখা যাচ্ছে—ও'রা চীৎকার করছেন যে বাংলাদেশেই বুঝি মন্দা চলেছে, রিসেশান চলেছে। একটু ভালো করে তাকিয়ে দেখুন সরকারী কাগজপত্র। সেখানে পরিষ্কার দেখা যাচ্ছে যে, ১৯৬৫ সাল থেকে মন্দা সুরু হয়ে গিয়েছে। এখানে তথ্যে দেখা যাচ্ছে যে কিভাবে ১৯৬৫ সাল থেকে রিসেশন আরম্ভ হয়েছে সারা ভারতবর্ষ জুড়ে। সারা ভারতবর্ষের সমস্ত রাজ্যে এই রিসেশন সুরু হয়েছে ১৯৬৫ সাল থেকে--তার আগে থেকেই আরম্ভ হয়েছে। আর, ১৯৬৭ সালে একেবারে স্টিপ ডিক্লাইন সুরু হয়ে গিয়েছিল। এটা শুধু বাংলাদেশেই হয়নি। সারা ভারতবর্ষেই হয়েছে এবং সারা ভারতবর্ষে তখন কংগ্রেসের রাজত্ব ছিল। তারপর ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন যদি একটা একটা করে ধরা যায় তাহলে দেখা যায় কটন গুডসএর প্রোডাকশন কমেছে। কেন কমেছে ? বাংলা দেশে কাপড়ের কল বন্ধ হবার জন্য দায়ী কে ? ভালো করে একটু চিন্তা করে ও'রা যেন দেখেন। আর আজকে থেকে কমেনি, ১৯৬২ সাল থেকে আমরা দেখতে পাচ্ছি ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশনে কটন গুডস-এর প্রোডাকশন-এর পিক পিরিয়ড ছিল ১৯৬২ সাল এবং এরপর জুট ম্যানুফ্যাকচার-এর ক্ষেত্রে দেখুন। সেখানে ১৯৬৫ সালে পিক পিরিয়ড রিচ করে-একথা যদি কেউ বলেন তাহলে তিনি তথ্যের প্রতি গুরুতর অবিচার করছেন এবং তথ্য লুকচ্ছেন। এরপর জুট ম্যানুফ্যাকচারএর ক্ষেত্রে দেখুন। সেখানে ১৬৯৫ সালে পিক পিরিয়ড রিচ করেছিল। তারপর ১৯৬৬ সালে স্টিপ ডিক্লাইন বিশেষভাবে কমেছে। ১৯৬৭ সালে কমেনি।

১৯৬৬ সালের চেয়ে ১৯৬৭ সালে প্রোডাকশন বেশী ছিল, এটা তথ্যের কথা। তবে ফিনিসড স্টীলএর ক্ষেত্রে একমাত্র বলতে পারেন যে হ্যাঁ, কমেছে; অনেকখানি কমেছে ১৯৬৭ সাল পর্যন্ত। সেখানে কর্মতি সুরু হয়েছে ১৯৬৬ সাল থেকে, ১৯৬৭ সালে সুরু হয়নি। রি-সেশনএর অবদান এখানেও ছিল বলে এ জিনিষটা এখানে আমরা দেখতে পাচ্ছি। তারপর আসুন ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্সএ। আমি জানি ডঃ সান্যাল ইকনমিক্সএর ছাত্র, তিনি এসব কথা আগেও বলেছেন, এখনও বলবেন। আমি তাঁকে বলছি ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্সএর ক্ষেত্রে দেখুন কি রকম হচ্ছে না হচ্ছে, এ থেকেই বোঝা যাবে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট আমাদের দেশে কিভাবে চলছে না চলছে। সেখানে পরিষ্কার দেখুন—হ্যাঁ স্বীকার করছি; যেখানে ১৯৬৬ সালে ৪১টি ৪২টি লাইসেন্স নেওয়া হয়েছিল, সেখানে ১৯৬৭ সালে ৩৮টি লাইসেন্স নেওয়া হয়েছে। কিন্তু কমেছে কেন? সেখানে পরিষ্কার বলা হচ্ছে ৩টি কারণ এখানে কাজ করছে। একটা হচ্ছে রিসেশন, আর একটা হচ্ছে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অ্যান্ড রেগুলেশন অ্যাক্ট অনুসারে এক্জেমশন দেওয়া হয়েছিল কোম্পানিগুলোকে, আর একটা হচ্ছে কতকগুলো ক্ষেত্রে ডাইভার্সিফিকেশন অব প্রোডাকশন এবং কিছু কিছু ক্ষেত্রে ২৫ পারসেন্ট ম্যানুফ্যাকচার নতুন করার অনুমতি ইত্যাদি ইন্ডাস্ট্রিজ ডেভেলপমেন্ট অ্যান্ড রেগুলেশন অ্যাক্ট লাইসেন্স ছাড়াই দেওয়া হয়েছে বলে। দেখা যাচ্ছে লাইসেন্স সামান্য কিছুটা কর্মতি। কিন্তু এখানে মনে রাখা দরকার এই লাইসেন্স কি পরিমাণ হয়েছে—না হয়েছে তা দিয়েও বিচার করা যাবে না ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কি রকম হয়েছে না হয়েছে। এখানে পরিষ্কার বলা আছে যে এই ফিচার পশ্চিমবঙ্গের একার ফিচার নয়, একা পশ্চিমবঙ্গের বৈশিষ্ট্য এটা নয়, সেটা এখানে তথ্যের মারফৎ দেখিয়ে দেওয়া হয়েছে।

[5-30—5-40 p.m.]

এখানে বলা হয়েছে—ইঞ্জিনীয়ারিং ইন্ডাস্ট্রির কথা যদি ধরা যায় তাহলে সেখানেও আমরা ১৯৫৭ সাল থেকে ১৯৬৭ সালের ফিগারে দেখতে পাচ্ছি নিউ আন্ডারটেকিংএ ইঞ্জিনীয়ারিং ইন্ডাস্ট্রিজ ১৯৬৭ সালে হচ্ছে ২০, ১৯৬১ সালে হচ্ছে ৫৬, ১৯৬৫ সালে কম হয়ে গেছে ৪টি, ১৯৬৬ সালে নিল এবং ১৯৬৭ সালে ৪টির নূতন লাইসেন্সের সিদ্ধান্ত পাওয়া যাচ্ছে। কাজেই ১৯৬৭ সালে যখন ফ্রন্ট সরকার হয়েছিল তখন দেশে কিছু ছিল না, আর আজকে এখনও দেশে কিছু নেই এই তথ্যগুলি আসছে কোথা থেকে? তারপরে সারা ভারতবর্ষের ফিগার দিচ্ছি। সারা ভারতবর্ষের ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্স যদি দেখেন তাহলে সেখানে ওয়েস্ট বেঙ্গল সেকেন্ড হাইয়েস্ট এখনও এই ১৯৬৭ সালে দেখতে পাবেন। মহারাষ্ট্র ফার্স্ট আছে। কেন মহারাষ্ট্র ফার্স্ট হয়েছে, সেটা আমি আলোচনা করতে চাই না, সেটা আজকের আলোচ্য বিষয় নয়। কিন্তু ওয়েস্ট বেঙ্গলের ক্ষেত্রে আমরা পরিষ্কার দেখতে পাচ্ছি ১৯৬৪ সালে ৬৮টি লাইসেন্স গ্রান্ট করা হয়েছিল, ১৯৬৫ সালে ৬৪টি, ১৯৬৬ সালে ৪২টি, এবং ১৯৬৭ সালে ৩৭টি গ্রান্ট করা হয়েছে। এটা কেন কমে গেছে সে কথা আমি আগেই বলেছি তিনটি কারণে কমে গেছে। আজকে প্রোডাকটিভিটির দিক দিয়ে, ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট যতটা এর মধ্যে দিয়ে জানা যায়, তাতে দেখা যাচ্ছে আদৌ কোন রকম অ্যাফেকটেড হয়নি। কাজেই বিরোধীরা শুধু ফাঁকা আওয়াজ করছেন। তারপরে ওয়েস্ট বেঙ্গলের কোল ড্রেজিং অ্যান্ড ডেসপ্যাচের ক্ষেত্রে ১৯৬৭ সালের ফিগার দেখুন। ১৯৬৬ সালে কোল ড্রেজিং অ্যান্ড ডেসপ্যাচের যে ফিগার ছিল ১৯৬৭ সালে তার চেয়ে বেড়ে গেছে। আপনাদের তরফের এইটার জবাবটা যেন ডঃ সান্যাল আমাদের দিয়ে দেন, কারণ, উনি তো ইকনমিক্স ভাল জানেন। এটা আমরা সবাই জানি যে ইন্ডাস্ট্রিয়াল ডেভে-লপমেন্ট নির্ভর করবে ইনভেস্টমেন্টের উপর, ইকনমিক অ্যাকটিভিটির উপর, এটা অর্থনীতির ছাত্র মাত্রেই জানেন। দেখা যাক ১৯৬৭ সালে সেভিংস হয়েছে কিনা। কারণ, ইনকাম যদি না হয় তাহলে সেভিংস হতে পারে না, ইকনমিক অ্যাকটিভিটি যদি না হয় তাহলে ইনভেস্টমেন্ট বা সেভিংস কিছু হতে পারে না। এই দুটি তথ্য আমরা লাইফ ইনসিওরেন্স ইন ওয়েস্ট বেঙ্গল থেকে পাচ্ছি। সেখানে আমরা দেখতে পাচ্ছি ১৯৬৬।৬৭ সালে ৮৩;৩৮ কোটি টাকার ব্যবসা হয়েছিল সেখানে ১৯৬৭।৬৮ সালে ৮৮·০৬ কোটি টাকার ব্যবসা হয়েছে। কাজেই সেভিংস হয়েছে কি না সেটা বোঝা যাচ্ছে। সেভিংস যদি না হয় তাহলে কিভাবে এই টাকা গেছে লাইফ

ইন্সিওরেন্সে? তারপরে স্মল সেভিংসের ব্যাপারে আসা যাক। স্মল সেভিংসের ক্ষেত্রেও দেখা যাচ্ছে ১৯৬৭ সালে ওয়েস্ট বেঙ্গল হাইয়েস্ট হয়েছে। সেখানে দেখতে পাচ্ছি ১১·৭৩ কোটি টাকা জমা পড়েছে ভারতবর্ষের আর কোন স্টেটে এই রকম হয়নি, এটা হচ্ছে হাইয়েস্ট ইন ইন্ডিয়া। তারপরে আমরা ইমপর্ট্যান্ট ইকনমিক ইন্ডিকেটরের মধ্য দিয়ে কিছু তথ্য পেয়ে যাচ্ছি। এখানে নেট আউটপুট এবং পার ক্যাপিটা ইনকামএর যে কার্ড দেওয়া আছে, সেখানেও দেখা যাচ্ছে ভারতবর্ষ আর পশ্চিম বাংলা প্রায় পাশাপাশি চলেছে। আপনারা দেখতে পাবেন না যে আলাদা কিছু হচ্ছে, ইফ ইট ইজ ব্যাড, ইট ইজ ব্যাড অ্যাজ এনিহোয়ার ইন ইন্ডিয়া। ভারতবর্ষের সমস্ত জায়গা আজকে যেভাবে অর্থনৈতিক মন্দার আক্রমণে বিপর্যস্ত হচ্ছে, বাংলাদেশেও আজকে ঠিক সেইভাবে বিপর্যস্ত হচ্ছে এবং শুধু একটি রাজ্যের ইউনাইটেড ফ্রন্ট সরকারের মধ্য দিয়ে শুধু এই সমস্যার সমাধান করা যাবে না। তারপরে জয়েন্ট স্টক কোম্পানীর ব্যাপারে আসুন। ডঃ সান্যাল এটা খুব ভাল করেই জানেন। জয়েন্ট কোম্পানীজ অ্যাট ওয়ার্ক ১৯৫৬। ৫৭ সালে ১২·৭, ১৯৫৮।৫৯ সালে ৮:৬, ১৯৬১।৬২ সালে ৯ ১, ১৯৬৪।৬৫ সালে ৯ ০, ১৯৬৬।৬৭ সালে ৯·১, তাহলে কোথায় ১৯৬৭ সালে জয়েন্ট কোম্পানীজ অ্যাট ওয়ার্ক কিভাবে অ্যাফেকটেড হয়েছে। সব ফিগার আমার কাছে আছে, কম সময়ের জন্য সেগুলি সব এখানে উত্থাপন করা আমার পক্ষে এখন সম্ভব নয়। আমি শুধু এখানে এগুলি দিচ্ছি একটু অবস্থাটা দেখানোর জন্য। আমি বলছি না যে আমাদের অর্থনৈতিক অবস্থা খুব ভাল, কোন রোজি পিকচার তুলে ধরার অবকাশ নেই। আজকে বাংলাদেশের সমস্ত স্তরের সমস্ত শ্রেণীর মানুষ দলমতনির্বিশেষে যে অর্থনৈতিক মন্দা এবং সংকটজনক অবস্থার মধ্যে পড়েছে সেটাকে এখান যদি বন্ধ করতে চান তাহলে অর্থনীতিবিদ হিসাবে যা হচ্ছে ঠান্ডা মাথায় ভালভাবে বাস্তব অবস্থাকে বুঝতে হবে এবং বুঝে সেই মত কাজ করতে হবে। সেটা ভালভাবে বাস্তব অবস্থায় বুঝতে হবে এবং সেই মত কাজ করতে হবে। আর একটা জিনিস মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে কথা উঠেছে বেকার সমস্যার কথা। ও'রা বললেন যে যুক্তফ্রন্ট সরকার বলেছেন যে বেকার সমস্যার সমাধান করে দেবেন, যুক্তফ্রন্ট সরকার বলেছেন যে বেকার ভাতা ইত্যাদির ব্যবস্থা করে দেবেন, সেই জন্য এই কথাটা বলে নেওয়া দরকার। যদিও আমি খুব খুসী হতাম যদি মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতায় এই ব্যাপারটার একটা বিস্তারিত আলোচনা করতেন। বিস্তারিত আলোচনা এখানে হয়নি, শুধু উপসংহারে বলেছেন 'একমাত্র ক্রমবর্ধমান শিল্পোন্নয়নে দ্বারাই এই ক্রমবর্ধমান বেকারত্বের সম্মুখীন হওয়া সম্ভব', এইটুকু তিনি বলেছেন। আজ বেকারী কিভাবে বাড়ছে সেটা ও'রাও জানেন, আমরাও ভালভাবে জানি। তৃতীয় পরিকল্পনার শেষে ১০॥ লক্ষ বেকার এক আমাদের রাজ্যেই হওয়ার কথা, ঠিক কত হয়েছে, এখনই আমার কাছে ফিগার নেই এই সমস্যার সমাধান কে করবে? আপনারা বলবেন রাজ্যসরকার করুন, রাজ্যসরকার বলবেন কেন্দ্রীয় সরকার করুক, কার দায়িত্ব বেশী? আজকে সেই জন্য ডিরেকটিভ প্রিন্সিপলস অব স্টেট পলিসির দিকে আপনাদের তাকাতে বলি, সেখানে বলা আছে, আর্টিকল ৩৯ সি, তাতে বলছে এগেনেস্ট

against concentration of wealth and means of production to the common detriment.

সেখানে স্টেটকে ব্যবস্থা নিতে হবে, আর্টিকল ৩৯ এফ-এ বলা হয়েছে চাইল্ডহুড

Article 39(f) Childhood and youth are protected from exploitation. Article 41—Make effective provisions for securing right to work and to public assistance in cases of unemployment.

এখানে পরিষ্কার ডিরেকটিভ প্রিন্সিপলস অব স্টেট পলিসিতে বলা হয়েছে যে স্টেটের দায়িত্ব। স্টেটের দায়িত্ব মানে কি? স্টেটের মানেটা ওদের আমি ভাল করে চিন্তা করতে বলি। এটা ওয়েস্ট বেঙ্গল স্টেট নয় তা যদি বুঝে থাকেন তাহলে কনস্টিটিউশনের আদ্যপ্রান্ত কিছুই তারা বোঝেননি। এখন বুঝতে হবে এই বাজেট একটা স্টিল ফ্রেমের মধ্যে কম্প্রেসড হয়ে আছে এবং

সেই স্টিল ফ্রেমের চারটি খ‍ুটি। একটি হচ্ছে কনস্টিটিউশন্যাল লিমিটেশন, কি কনস্টিটিউ-শন্যাল লিমিটেশন আছে, আপনারা দেখবেন প্যারা ১১, প্যারা ১২, প্যারা ১৩-তে অসংখ্য চ্যাপটার আছে, অসংখ্য প্রভিশনে সেই লিমিটেশনগুলো বর্ণনা করা হয়েছে, খ‍ুজে পাওয়া আদৌ দুষ্কর নয়। দ্বিতীয় হচ্ছে, আপনারা জানেন ন্যাশনাল ফাইভ ইয়ার প্ল্যান আছে এবং সেটা হচ্ছে ফ্রেম ওয়ার্ক, এই ফ্রেম ওয়ার্কের বাইরে কারোর যাওয়া সম্ভব নয় এবং ঠিক একই-ভাবে আর একটা খ‍ুটি আছে, সেটা হচ্ছে ন্যাশনাল ফিসক্যাল পলিসি, তার বাইরে কোন রাজ্য-সরকার যেতে পারবে না এবং তাছাড়া অন্যান্য ইকনমিক পলিশি আছে তার বাইরে যাওয়া সম্ভবপর নয়। কাজেই এসব মনে রেখে আজকে যে বেকার সমস্যা দেখা দিয়েছে তা দূর কি ভাবে হতে পারে সেটা বিবেচনা করতে হবে। এ বিষয়ে যেমন অধ্যাপক প্রশান্ত মহালনবীশ-এর কথা এখানে বলি, তিনি বলেছেন

In September, 1954 the Planning Commission considered the aims and targets of the Second Five-Year Plan. After a full discussion it was decided that an aim must be made to get rid of the fear of unemployment if possible in 10 years together with a continuing improvement in the level of living and gradual reduction of great disparities in income and wealth.
to try to get rid of the fear of unemployment in ten years. This is the crucial issue in India but this must be achieved with a continuing increase in the level of living.

এইগুলো ভাল করে শোনা আপনাদের দরকার তারপর বেকার সমস্যার সমাধান কোন রাস্তায় হবে, সেই জন্য কি করা দরকার, কেন্দ্রীয় সরকার সেটা যেন চিন্তা করে দেখেন, প্রশান্ত মহলানবীশ বলেছেন

We must be clear, therefore, that no radical cure of unemployment and under-employment would be possible without a rapid growth of modern industries. We must produce increasing quantity of steel every year. We must produce increasing quantity of heavy machinery and electrical equipment. More and more goods would be then produced by increasing utilisation of our domestic resources. To this we must, of course, steadily and rapidly increase our domestic savings.

এই হচ্ছে সেকেন্ড ফাইভ ইয়ার প্ল্যানের কথা এবং মনে রাখবেন সেই সেকেন্ড ফাইভ ইয়ার প্ল্যানএর রেজাল্ট কি হলো। সমস্যা তো বোঝা গেল। রেজাল্ট কি হয়েছিল? সেটা প্রশান্ত মহালনবীশ বলেছেন

[5-40—5-48 p.m.]

I have explained the basic logic of strategy of Second Five-Year Plan and unfortunately owing to various reasons this policy could not be fully implemented and the rate of development has not been adequate to reduce the volume of unemployment and under employment. We have not been able to offer employment to more than 2 million persons who, coming of age, enter the labour force every year and seek work. The only conclusion must be that we must have a much bigger plan next time and still bigger plans in future years.

দশ বছরের বেকারী দূর করতে হবে ১৯৫৪ সালের কথা। তারপর আজকে কোথায় দাঁড়িয়ে আছি? চতুর্থ পরিকল্পনা কোথায়? আসবে তো মনে হচ্ছে না। হয়ত কর্পূরের মত উবে যাবে। ভারতবর্ষের অবস্থা আজ কি শোচনীয় কোথায় সেটা বিরোধী পক্ষকে ভেবে দেখতে হবে। আজকে ভারতবর্ষের যে সংকট এটা আপনারা ২০ বছর ধরে এনেছেন। ভারতবর্ষের জনসাধারণ আপনাদের যথেষ্ট সুযোগ দিয়েছিল, কিন্তু গোটা ভারতবর্ষকে আপনারা সর্বনাশের পথে এগিয়ে দিয়েছেন প‍ুজিপতিদের সুযোগ করে দেবার জন্য। তাই অন্ধকার দেখা যাচ্ছে চারিদিকে। কিন্তু তবু আপনারা জানবেন অন্ধকারের মধ্যে পথ কেটে আমরা বেরিয়ে যাব।

যতই সমালোচনা করুন না কেন। সমালোচনার অধিকার আছে, আপনারা করবেন। যতই আপনারা আমাদের বিচ্ছিন্ন করবার চেষ্টা করুন না, যতই বিযুক্ত করবার চেষ্টা করুন না, তা পারবেন না। বাংলাদেশের ইতিহাস যা বলে দিয়েছে, তার বাইরে আমরা যাব না। আমরা এক হয়ে বর্তমান যে পুঁজিবাদী অর্থনৈতিক ব্যবস্থা তাকে ভেঙ্গে দেব—এই সংকল্পের কথা ঘোষণা করে আমি এই ব্যয়বরাদ্দ সমর্থন করছি।

**Shri Md. Salimuddin:**

जनाव डिप्टी स्पीकर सर, जो वजट हाउस के सामने रखा गया है, आज मै उस वजट क समर्थन करते हुए, उस पर कुछ वोलाना चाहता हूँ। मै इस्लामपुर सव-डिविजन से आया हूँ, जो पहले विहार का हिस्सा था। वह हिस्सा बंगाल में आज पूरे तौर से आ गया है। लेकिन जो लड़के विहार में पढ़ते थे, अगर वे लड़के वहाँ की सर्टीफिकेट लेकर आते है तो बगाल गवर्नमेन्ट उसको मान्यता नही देती है। अगर कोई टीचर विहार की सर्टिफिकेट लेकर आता है तो उसकी भी हालत वही होती है। उसको भी नही माना जाता है। इसलिए मै एजूकेशन मिनिस्टर से अपील करूँगा कि वे इस मस्ले की और ख्याल करें—उनकी और नजर दें और उनको नौकरी—मास्टरी में रखने का वन्दोवस्त करें।

दूसरी बात यह है कि इस्लामपुर सव-डिविजन में पाकिस्तानी डकैत लोग आते ही रहते हैं। जव वे लोग आते है तो गाँवों को लूटकर भवेशी वैगरह को लेकर पाकिस्तान चले जाते है। पाकिस्तानी लूटेरा वन्दूक लेकर आते हैं। अभी पोखरिया में डकती हुई। वहाँ मन्ना लाल को मारा गया और उसकी वन्दूक भी लेकर चले गए। तिलान गाँवों में पाकिस्तानी आये और वहाँ की मवेशियों को लेकर चले गए। सायही साथ दो आदमियों को भी जान से मार दिया गया। इस घटना के कारण उस इलाके में खास कर ग्वाल पोखर थाने के अन्दर वहाँ के वासिन्दो मे वहुत आतंक फैला हुआ है। सव लोग डरे हुए रहते हैं। इसलिए मैं सरकार से अपील करूँगा कि सरकार इधर ध्यान दें। गत मार्च महीने मे वोर्डर सिक्योरिटी फोर्स वहाँ आई हुई थी और तीन महीने तक वहाँ रही। उनके वहाँ रहने पर वहुत कन्ट्रोल था सभी लोग चैन से रहते थे। उसके वाद वहाँ पर मिलेटरी आई हुई है, लेकिन वहाँ पर न तो किसी प्रकार का पहरे का इन्तजाम है और न किसी और तरह का प्रवध है। इसलिए वहाँ के लोग डर कर भागना शुरू कर दिए है। इसलिए मै माननीय पुलिस मिनिस्टर से अपील करूँगा कि वहाँ के लोगों की हिफाजत के लिए मिलेटरी का पूरा-पूरा वन्दोवस्त करें, ताकि वहाँ के वासिन्दे पाकिस्तानी लुटेरो से वच सकें।

कांग्रेस के जमाने में डी० आई० आर० जब चालू हुआ था तो कुन्दर गाँव और कई गाँवों के लोग डर कर भाग गए थे। वहाँ के गरीव किसान—मजूरों की जमीनों पर जवरदस्ती कव्जा कर लिया गया था। उनकी किसी की १० वीघा—१५ वीघा—२० वीघा जमीनें थी। उसके लिए मै अर्ज करूँगा कि युक्त फ्रान्ट की सरकार उन जमीनों को खाली करा दें जिनपर जवरदस्ती लोग वस गय हैं। उन जमीनों को उनको वापस करा दें। साथ ही जो वेनामी जमीनें वहाँ पर पड़ी हुई है, उनको भी वहाँ के लोगों में वाँट दे। इसके साथ साथ गवर्नमेन्ट की तरफ से उन लोगों को गोरू का इन्तजाम भी कर दिया जाना चाहिए ताकि वे लोग खेती का काम अच्छी तरह से कर सकें।

सन् १९६४ में जो झगड़ा वहाँ पर हुआ था वह हिन्दू—मुस्लिम-कम्युनल झगड़ा नहीं था। वह झगड़ा तो केवल जमीनों का झगड़ा थे। इस्लामपुर सव-डिविजन में किसी प्रकार का कम्युनल झगड़ा कभी नहीं हुआ था। इसलिए मैं युक्त फ्रान्ट की सरकार से अपील करूँगा कि वह वहाँ के मुस्लमानों की जरवदस्ती कब्जा की हुई जमीनों को फौरन खाली कराने का बन्दोवस्त करा दे और उन जमीनों के मुस्लमानों के कब्जे में देने का इन्तजाम करा दें।

चौथी वात में यह कहना चाहता हूँ कि अभी कलकत्ते में आनन्द वाजार पत्रिका और जिन अखवारों के कार्यालियों में घटना घटी और उसके संवंध में कांग्रेसी भाइयों ने कुछ कहा भी था, उसके वारेमें कुछ खवर कागजों में भी जिक्र किया गया भा लेकिन में खुद नही जानता कि वहाँपर क्या घटना घटी ? लेकिन हो सकता है उस घटना से उन अखवारवालों का नुकसान भी कुछ हुआ हो। इसलिए मैं सरकार से कहूँगा कि युक्त फ्रान्ट के जो चार मिनिस्टर उन घटनास्थलों पर गए थे, उनसे पूछकर, कि वहाँ पर क्या हुआ था, उसके वारे में अवश्य करवाई करे ताकि फिर ऐसी शर्मनाक घटना न घटे। अगर सही तौर पर ऐसी घटना हुई और नुकसान थी हुआ तो वह केवल अखवारवालों का ही नुकसान नहीं हुआ, वल्कि सारे बंगाल का नुकशान हुआ है। इसलिए अगर फिर ऐसा होता है, तो यह हमारा नुकशान होता है। इस तरह के नुकशान को वन्द करना होगा।

सन् १९६७ में जो वन्दूक के लिए दरखास्त किया गया था कि पाकिस्तानी छापामारों से बचने के लिए वन्दूक की लाइसेन्स देनी चाहिए लेकिन वह आज तक नही मिला। इसलिए युक्त फ्रान्ट की सरकार से अपील करूगा कि पाकिस्तानी लूटरो जो आते है, उनसे महफूज रखन के लिए हर गाँव को दो दो वन्दूक दे ताकि वहाँ के लोग अपने अपने गाँव की हिफाजत उन वन्दूकों से कर सकें।

इतना ही कह कर मे इस वजट का समर्थन करता हूँ।

**Adjournment**

The House was then adjourned at 5-48 p.m. till 1 p.m. on Friday, the 11th July, 1969, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 11th July, 1969, at 1 p.m.

## Present

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 24 Ministers, 1 Minister of State and 211 Members.

## STARRED QUESTIONS

### to which oral answers were given

[1—1·10 p.m.]

**Utilisation of development funds, etc., of municipalities towards payment of staff salary**

*22. (Admitted question No. *331.) **Shri GYAN SINGH SOHANPAL:** Will the Minister-in-charge of the Local Self-Government Department be pleased to state—

(a) how many municipalities in the State had utilised development funds, etc., towards payment of staff salary during the last five years with names;

(b) what was the amount thus involved in each case;

(c) whether it was done with the prior approval of the Government; and

(d) if not, what action the Government has taken or proposes to take against those municipalities?

**Mr. Speaker:** Now held over question, Admitted question No. 331, starred 22, in the name of Shri Gyan Singh Sohanpal.

**Shri Somnath Lahiri:** (a) and (b) Out of 88 municipalities information have so far been received in respect of 69 municipalities. Of these, 46 municipalities have utilised the development funds towards payment of staff salary during the last five years. A statement containing the names of the municipalities and the amounts involved, prepared on the basis of the reports received so far, is placed on the table.

দেরীতে দিয়েছে বলে আমি টেবিলটা পড়ে দিচ্ছি।

(প্রথম কপিতে টেবিলটা দেয়া হইল)

(c) No.

(d) Government have already issued on 22nd July, 1968, instructions to all District Officers that no fresh grant should be made to any municipality until and unless diversion, if any, of the Government grant sanctioned to it under the Municipal Development Scheme during any previous year has been made good and the amount fully utilised for the purpose for which the grant was originally allotted.

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** আপনি কি জানাবেন এ সম্পর্কে মিউনিসিপ্যালিটি এবং মিউ-নিসিপ্যাল অ্যাসোসিয়েসন-এর পক্ষ থেকে সরকারের কাছে কোন বিশেষ রিপ্রেজেনটেসন করা হয়েছে কিনা ?

**শ্রীসোমনাথ লাহিড়ী:** এ সম্পর্কে বিশেষ কিছু হয় নি। তবে সাধারণভাবে তাঁদের অর্থ-কৃচ্ছতা সম্পর্কে রিপ্রেজেনটেসন হয়ে থাকে।

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** এর মধ্যে কত টাকা স্টাফদের ইনক্রিজড ডি এ সরকারী নির্দেশমত মিউনিসিপ্যালিটি খরচ করতে বাধ্য হয়েছে ?

**শ্রীসোমনাথ লাহিড়ী:** নোটিস চাই।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** মিউনিসিপ্যালিটিগুলি সরকারের টাকা অন্য খাতে খরচ করতে বাধ্য হচ্ছে। বিভিন্ন মিউনিসিপ্যালিটির কনজারভেন্সী এবং এই সমস্ত ব্যাপারে টাকা না থাকায় তাঁরা স্টাফ পেমেন্ট এবং অন্যান্য পেমেন্ট এবং এসব করতে বাধ্য হয়েছিল, না হলে মিউনিসিপ্যালিটি অচল হয়ে যেত—একথা কি জানেন ?

**শ্রীসোমনাথ লাহিড়ী:** আপনি যদি জানেন তাহলে আমাকে জিজ্ঞাসা করার দরকার কি ?

Statement referred to in reply to clauses (a) and (b) of starred question No. *22.

*Utilised development funds, etc., towards payment of staff salary during the last five years.*

| Name of the Municipality | Amount involved. Rs. |
|---|---|
| (1) Balurghat | 1,55,990 |
| (2) Raiganj | 6,910 |
| (3) Cooch Behar | 92,660 |
| (4) Uttarpara-Kotrung | 83,139 |
| (5) Bhadreswar | 1,87,228 |
| (6) Hooghly-Chinsurah | 3,74,089.59 |
| (7) Dainhat | 13,700 |
| (8) Vishnupur | 18,933 |
| (9) Sonamukhi | 54,301 |
| (10) Bolpur | 86,720 |
| (11) Rampurhat | 76,983.35 |
| (12) Kharagpur | 35,487 |
| (13) Old Malda | 89,978 |
| (14) Garden Reach | 1,50,450 |
| (15) South Subarban | 1,81,998 |
| (16) Budge-Budge | 67,084 |
| (17) Rajpur | 46,352 |
| (18) Baruipur | 10,269 |
| (19) Joynagar-Majilpur | 60,119 |
| (20) Howrah | 6,50,000 |

| Name of the Municipality. | Amount Involved. |
|---|---|
| | Rs. |
| (21) Berhampore | 1,27,883 |
| (22) Jiaganj-Azimganj | 1,07,898 |
| (23) Jangipore | 47,696 |
| (24) Gobordanga | 12,422 |
| (25) Basirhat | 77,137 |
| (26) Baduria | 19,266 |
| (27) Taki | 32,151 |
| (28) Titagarh | 54,145 |
| (29) North Dum Dum | 36,060 |
| (30) Baranagar | 29,000 |
| (31) Bhatpara | 1,12,000 |
| (32) Khardah | 1,26,643 |
| (33) Barrackpore | 1,71,067 |
| (34) Kanchrapara | 1,35,650 |
| (35) North Barrackpore | 1,61,961 |
| (36) Kamarhati | 2,35,616 |
| (37) Naihati | 1,98,884 |
| (38) Garulia | 67,901 |
| (39) South Dum Dum | 2,23,780 |
| (40) Krishnagar | 1,30,980 |
| (41) Nabadwip | 1,50,509 |
| (42) Ranaghat | 86,811 |
| (43) Chakdah | 44,088 |
| (44) Santipore | 2,09,452 |
| (45) Birnagar | 36,411 |
| (46) Kharar | 87,692 |

**Primary health centres in Murshidabad district**

*24. (Admitted question No. *11.)

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** স্বাস্থ্য বিভগেব মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জিলায় এ পর্যন্ত কয়টি প্রাইমারী হেল্থ সেন্টার খোলা হইয়াছে এবং কয়টি নির্মাণ হইবার পর এখনও খোলা হয় নাই;

(খ) ইহা কি সত্য যে রাণীনগর থানার দুইটি ব্লকে দুইটি হেল্থ সেন্টার খুলিবার জন্য স্থানীয় জনসাধারণ সরকাবের নিকট টাকা জমা দিয়াছিলেন;

(গ) সত্য হইলে কবে দিয়াছিলেন এবং সেই টাকা বর্তমানে কাহার নিকট কিভাবে আছে; এবং

(ঘ) ইসলামপুরে গোয়াসে হাসপাতাল স্থাপনের বিষয় সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

**Shri Nani Bhattacharya:**

আমি আর একটু সময় চাচ্ছি এবং অনুরোধ করছি এটার উত্তর নেকস্ট উইক-এ দেব। সমস্ত ফ্যাক্ট কালেক্টেড করা হয়নি।

## Mental Hospital at Berhampore

*97. (Admitted question No. *114.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর শহরে মস্তিষ্ক রোগ বিষয়ে হাসপাতাল (Mental Hospital) খোলা হইয়াছে কিনা;

(খ) হইয়া থাকিলে কবে হইয়াছে; এবং

(গ) কত রোগী ঐ হাসপাতালে ভর্তি হইয়াছেন ?

শ্রীননী ভট্টাচার্য: (ক) না। (খ) ও (গ) প্রশ্ন উঠে না।

**শ্রীসনৎকুমার রাহা:** বহরমপুর মেন্টাল হসপিটাল বাবদ কোন ঘরবাড়ী তৈরী হয়েছে কিনা হাসপাতাল খোলার জন্য ?

**শ্রীননী ভট্টাচার্য:** হ্যাঁ। ওখানে যে বোরস্টাল ছিল সেই বোরস্টাল-এর বাড়ীর জায়গায় জায়গায় সংস্কার করে ঐ জায়গায় আরও নূতন ভবন তৈরী করে সেখানে মেন্টাল হাসপাতাল খোলার চেষ্টা হচ্ছে এবং আশা করছি প্রায় নির্মাণের কাজ শেষ হয়ে গেছে ও আমরা শীঘ্র সেখানে মেন্টাল হাসপাতাল খুলতে পারব।

ডাঃ **নলিনাক্ষ সান্যাল:** বহরমপুরে মেন্টাল হাসপাতাল চালু হলে লালগোলায় যে রাজ বাটী অনেক টাকা দিয়ে কেনা হয়েছিল সেই বিল্ডিংস-এর কি ব্যবস্থা হবে ?

**শ্রীননী ভট্টাচার্য:** নোটিস দিলে বলতে পারব।

**শ্রীসনৎকুমার রাহা:** এই যে বহরমপুর মেন্টাল হাসপাতাল তৈরী হচ্ছে সেটা এর আগে খোলার কথা, কিন্তু এটা কি কারণে খোলা হচ্ছে না ?

**শ্রীননী ভট্টাচার্য:** বোরস্টাল স্কুলকে মেন্টাল হাসপাতালের উপযোগী করতে গিয়ে এমনিতে সাধারণভাবে যা হয়েছে হয়েছে কিন্তু তারপর স্পেসালিস্টরা গিয়ে নানা পরিবর্তন সাজেস্ট করবার ফলে দেরী হয়েছে। আমি মাঝখানে একবার বহরমপুরে গিয়ে দেখলাম এটার কাজ সম্পূর্ণ হয়েছে এবং শীঘ্রই খোলা হবে।

## Strikes in Government Hospitals

*101. (Admitted question No. *456.) **Dr. ZAINAL ABEDIN:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the number of strikes by employees of the hospitals attached to different medical colleges of the State since February 25, 1969;

(b) the number of strikes by students of different medical colleges of the State since February 25, 1969;

(c) whether there occurred any hardship or inconvenience to patients during periods of such strike; and

(d) what action the Government took to maintain normal service to patients during strikes?

**Mr. Speaker:** Starred question Nos. *98 to *100 are held over.

[1-10—1-20 p.m.]

**Shri Nani Bhattacharya:** (a) Three.

(b) Two.

(c) No.

(d) No special arrangements were necessary for maintenance of the normal services in the hospitals during the aforesaid periods, as the emergency services were maintained by the strikers themselves and the wholetime medical officers worked extra hours to do the routine jobs left unattended by the strikers.

**ডাঃ জয়নাল আবেদিন:** আপনি বি-তে বলেছেন ২টি এবং এ-তে বলেছেন থ্রি। আমার প্রশ্ন হোল মেডিকেল অফিসারদের দিয়ে মেডিকেল সার্ভিস পেল কিন্তু আদার দ্যান মেডিকেল সার্ভিস যেগ‍ুলো আছে সেগ‍ুলি কিভাবে পায়?

**শ্রীননী ভট্টাচার্য:** স্ট্রাইকের সময় ইমারজেন্সি সার্ভিসটা মেন্টেন করা হয়। স্কেলিটন সার্ভিস থাকে এবং তার মধ্যে নার্সিং স্টাফ, মেডিকেল অফিসার্স, হাউস স্টাফ থাকে।

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** মন্ত্রিমহাশয় বলবেন কি, এই স্ট্রাইক পিরিয়ডের সময় ন‍ুতন পেসেন্ট ভর্তি করা বন্ধ হয়েছে কিনা?

**শ্রীননী ভট্টাচার্য:** নির্দিষ্টভাবে কোন কলেজের কথা বললে বলতে পারতাম। তবে সাধারণভাবে স্ট্রাইকের সময় ন‍ুতন ভর্তি বন্ধ ছিল।

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** আপনি সি-তে বলেছেন কোন হার্ডসিপ হয় নি। ন‍ুতন পেসেন্ট নেওয়া বন্ধ হলে হার্ডসিপ হয় না এটাই কি আপনার ধারণা?

**শ্রীননী ভট্টাচার্য:** ন‍ুতন পেসেন্ট-এর কথা বলা হয় নি—বলা হয়েছে যারা ইন পেসেন্ট তাদের সাংঘাতিক অস‍ুবিধা।

**ডাঃ জয়নাল আবেদিন:** আপনি এ-তে বলেছেন ৩, কোন্ কোন্ কলেজে এবং কতদিন স্ট্রাইক হয়েছিল।

**শ্রীননী ভট্টাচার্য:** ক্যালকাটা ন্যাশনাল মেডিক্যাল কলেজে স্ট্রাইক হয়েছিল ১০ই মার্চ থেকে ২২শে মার্চ পর্যন্ত, এ ছাড়া ক্যালকাটা মেডিক্যাল কলেজে স্ট্রাইক হয় এবং আর জি করে-ও স্ট্রাইক হয়।

**ডাঃ জয়নাল আবেদিন:** আমি জিজ্ঞাসা করেছি কোন্ কোন্ কলেজে হয়েছিল এবং কত-দিন স্থায়ী ছিল, আপনি ক্যালকাটা ন্যাশনাল মেডিক্যাল কলেজের কথা বলেছেন কিন্তু আর জি করে কতদিন স্থায়ী ছিল বলেন নি।

**শ্রীননী ভট্টাচার্য:** আর জি করে ২৮শে ফেব্র‍ুয়ারী মিডনাইট থেকে ২রা মার্চ বেলা ২টা পর্যন্ত স্ট্রাইক চলে।

**শ্রীঅনিল কুমার ম‍ুখার্জি:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে হাসপাতালে যে সমস্ত স্ট্রাইক হচ্ছে, এর পেছনে কোন রাজনৈতিক কারণ আছে কিনা?

**শ্রীননী ভট্টাচার্য:** এটা এখনই আমার পক্ষে বলা সম্ভব নয়।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী :** এই যে বিভিন্ন হাসপাতালগুলিতে স্ট্রাইক আরম্ভ হয়েছে, তাতে একদিকে যেমন রোগী এবং জনসাধারণের অসুবিধা হচ্ছে, অন্য দিকে তেমনি হাসপাতালের লোকেদের মধ্যে এই কজ-এ জেনুইন গ্রিভান্স দেখা যাচ্ছে, এই নূতন পরিস্থিতির জন্য এমন কোন মেশিনারী ক্রিয়েট করতে পারেন কিনা যাতে ভবিষ্যতে এই রকম ধরনের হাসপাতালগুলিতে এই রকম ধরনের স্ট্রাইক বন্ধ হতে পারে?

**শ্রীননী ভট্টাচার্য :** বিভিন্ন কলেজে বিভিন্ন কারণে স্ট্রাইক হয়েছে, সবটাই যে অভাব অভিযোগ এবং সার্ভিস কন্ডিসন সংক্রান্ত অভাব অভিযোগের ভিত্তিতে হয়েছে তা হয় নি। কোন কোন জায়গায় নিজেদের মধ্যে ঝগড়ার জন্য হয়েছে। যেমন ক্যালকাটা মেডিক্যাল কলেজে এই অ্যালিগেশন যে ক্লাস ফোর স্টাফ এবং কিছু ছাত্রকে ওখানকার ডাঃ সোম যিনি সার্জন ইন্সাল্ট করে যার জন্য ডাঃ সোমকে ম্যানহ্যাণ্ডল্ড করে, তারপর অবশ্য অবস্থা অন্য রকম হতে হতে সেখানে স্ট্রাইক হয় আবার ক্যালকাটা ন্যাশনাল মেডিকাল কলেজে একটা মারামারিকে কেন্দ্র করে, তাতে ক্লাস ফোর এবং কিছু ছাত্র জড়িত ছিলেন, তার জন্য স্ট্রাইক হয়, আবার আর জি করে ডাক্তারকে ম্যানহ্যান্ডল্ডকে উপলক্ষ করে স্ট্রাইক সিচুয়েসন দেখা দেয়, এখন এই যে নিজেদের মধ্যে আভ্যন্তরীণ ঝগড়ার জন্য স্ট্রাইক, সে সম্বন্ধে ইতিমধ্যে ভেবেছিলাম যে ইন্টারন্যাল কো-অর্ডিনেশন কমিটি তৈরী করে প্রতিদিনের কাজকর্মে যে ভুল বোঝাবুঝি দেখা দেয়, সেগুলি দূর করে পারস্পরিক সম্পর্কে হৃদ্যতা বজায় রাখার জন্য বিভিন্ন জায়গায় সেই রকম কিছু কমিটি তৈরী করার কথা, যাতে করে তাদের নিজেদের মধ্যে হৃদ্যতার সম্পর্ক গড়ে উঠতে পারে। কিন্তু সরকারী সিদ্ধান্তের অঙ্গ হিসাবে এখনও পর্যন্ত এই রকম ইন্টারন্যাল কো-অর্ডিনেশন কমিটি গঠন করার সিদ্ধান্ত গ্রহণ করি নি।

[1-20—1-30 p.m.]

**Shri Ajit Kumar Biswas:**
ঐ স্ট্রাইকগুলিতে কত এমপ্লয়ীজ ইনভলবড ছিল এবং যারা ইনভলবড ছিল তাদের বেতন দেওয়া হয়েছে কি?

**Shri Nani Bhattacharya:**
নোটিস চাই।

**Shri Bejoy Singh Nahar:**
আপনি কি জানেন সম্প্রতি ক্যালকাটা ন্যাশনাল মেডিক্যাল কলেজ হাসপাতালে যে স্ট্রাইক হয়েছে ওটা চতুর্থ স্ট্রাইক, না, ঐ তিনটির মধ্যে?

**Shri Nani Bhattacharya:**
ওটা চতুর্থ স্ট্রাইক।

**Shri Bejoy Singh Nahar:**
ঐ ক্যালকাটা ন্যাশনাল মেডিক্যাল কলেজ হাসপাতালে বর্তমান স্ট্রাইকের কারণ কি?

**Shri Nani Bhattacharya:**
যেদিন মাননীয় সদস্য নোটিস দিয়েছেন, সেদিন ঐ সংখ্যক স্ট্রাইক ছিল। আর ন্যাশনাল মেডিক্যাল কলেজ হাসপাতালের স্ট্রাইক গতকাল সকাল থেকে সুরু হয়েছে এবং সে সম্বন্ধে গতকালই একটা স্টেটমেন্ট করেছি। স্ট্রাইক প্রত্যাহার করে নেবার অনুরোধ করা সত্ত্বেও তাঁরা স্ট্রাইক চালাচ্ছেন।

**Shri Sasanka Mandal:**

माननीय मन्त्रिमहाशयेर काछे एकटि निवेदन आछे—ऐ न्याशनाल मेडिक्याल कलेजेर पुरानो प्रिन्सिप्याल यिनि स्थायिभावे ऐ पदे बहाल आछेन, तिनि माझखाने छुटि नियेछिलेन तारपर तार स्थले एकजन अ्याकटिं प्रिन्सिप्याल-काम-सुपारिन्टेन्डेन्ट सामयिकभावे नियुक्त करा हयेछिल,तिनि एखन अ्याकटिं पद थेके सरे ना आसार जन्य ओखाने स्ट्राइक वा गोलमाल हच्छे एटा कि मन्त्रिमहाशयेर काने एसेछे ?

**Shri Nani Bhattacharya:**

डाः पि लाहिड़ीके प्रिन्सिप्याल-काम-सुपारिन्टेन्डेन्ट हिसेबे नियुक्तिर अर्डार देबार परे ताँके सराते हबे, राखा चलबे ना एइ धरनेर कथा बले सेखाने स्ट्राइक हच्छे।

**Dr. A. M. O. Ghani:**

माननीय मन्त्रिमहाशय कालके ये स्टेटमेन्ट दियेछेन एवं तार आगे ये स्ट्राइक हयेछिल तारपरे सेखाने एकटा को-अर्डिनेशन कमिटि हयेछे, सेइ को-अर्डिनेशन कमिटिर सङ्गे मिलितभावे एकटा सिद्धान्ते एसे कालके ऐ विवृति दियेछेन ?

**Shri Nani Bhattacharya:**

कालकेर स्टेटमेन्टे आमि बलेछिलाम को-अर्डिनेशन कमिटिर प्रतिनिधि एसेछिलेन ताँदेर सङ्गे आलाप करेछि, तारपरे को-अर्डिनेशन कमिटिर सभापति कर्तृक अनुरुद्ध हये ताँके एकटि चिठि दियेछि। तारपरे एखाने एसे आमि स्टेटमेन्ट दियेछि।

**Shri Haripada Mukherjee:**

एर आगे मन्त्रिमहाशय बलेछेन स्ट्राइकगुलि दुटो कारणे हयेछे, तार मध्ये अभाव अभियोगेर कारण एकटि। एइ अभाव अभियोगेर कारणे येखाने येखाने स्ट्राइक हयेछे सेटा २५शे फेब्रुयारी, १९६९ सालेर आगे। सेइ अभाव अभियोग सम्पर्के आपनि जानते पेरेछिलेन, ना, ऐ तारिखेर परे ता जानते पेरेछेन ?

**Shri Nani Bhattacharya:**

आमि एखाने ये कयटि स्ट्राइकेर कथा उल्लेख करेछि, ताते ताँरा अभाव अभियोगेर दाबी निये स्ट्राइक करेछेन एइ रकम धरनेर कोन निदर्शन नाइ। सेखाने पारस्परिक विरोध अथवा सेखाने डाक्तारदेर उपर बाइरेर लोकेर हामला इत्यादि उपलक्ष्य करे वा केन्द्र करे स्ट्राइक हयेछिल। कोन अभाव अभियोगेर दाबी-दाओयार भित्तिते नोटिस दिये सेइभावे कोन स्ट्राइक हय नि।

**श्रीनेपालचन्द्र राय :** माननीय मन्त्रिमहाशय कि जानाबेन, एइ ये डाः लाहिड़ी याँके सुपारिन्टेन्डेन्ट अ्यापयेन्ट करा हयेछे एवं प्रिन्सिप्याल अ्यापयेन्ट करा हयेछे तिनि आमादेर मन्त्री श्रीयतीन चक्रवर्तीर आत्मीय किना ?

(नो रिप्लाइ)

**श्रीअनिलकुमार मुखार्जि :** माननीय मन्त्रिमहाशय, आपनाके किछुक्षण आगे प्रश्न करेछिलाम राजनैतिक कारण आछे किना, आपनि बललेन एखन बलते पारछि ना। आमार जिज्ञासा, राजनैतिक कारण आछे किना ए विषये तदन्त करार कथा भाबछेन कि ?

**श्रीननी भट्टाचार्य :** राजनैतिक कारण आछे किना ए विषये तदन्त करार कथा भाबि नि।

**ডাঃ জয়নাল আবেদিন:** টিচিং ইন্সটিটিউসান এবং হাসপাতালগুলিতে যে ক্রমবর্ধমান স্ট্রাইক হচ্ছে তার প্রবণতা প্রতিরোধ করার জন্য কোন ব্যবস্থা অবলম্বনের কথা চিন্তা করছেন কি ?

**শ্রীননী ভট্টাচার্য:** ব্যবস্থার মধ্যে দুরকম আছে। একটা হচ্ছে ওখানকার সাধারণ যারা কর্মী বিভিন্ন টিচিং হাসপাতালের সে মেডিক্যাল অফিসার থেকে আরম্ভ করে শিক্ষক, সাধারণ স্তরের সমস্ত কর্মী তাদের শুভেচ্ছা জাগিয়ে তুলে স্ট্রাইক প্রতিরোধ বা নিরোধের পথে এগিয়ে যাওয়া, আর একটা হচ্ছে পুলিশী ব্যবস্থা। আমরা পুলিশী ব্যবস্থা নিচ্ছি না। আমরা বিভিন্ন হাসপাতালের ডাক্তার, কর্মচারী তাদের সংগে বসে আলাপ আলোচনা করে যাতে হাসপাতালে এই ধরনের হরতাল বা ধর্মঘট না হয়—বিশেষ করে এটা সকলেই জানেন যে কোন হাসপাতালে ধর্মঘট হলে সেই হাসপাতালের রোগীদেরও যেমন নানা রকম অসুবিধা হয় তেমন আত্মীয়-স্বজনের মধ্যেও উদ্বেগ দেখা দেয়। সেদিকে লক্ষ্য রেখে আমরা বিভিন্ন টিচিং ইন্সটি-টিউসানে এবং টিচিং হাসপাতালের শিক্ষক, ছাত্র থেকে আরম্ভ করে বিভিন্ন জায়গায় বলছি, তাদের সংগে আলাপ আলোচনা করছি এবং করেছি, এইভাবে মীমাংসার পথে এগুচ্ছি, এখনও পর্যন্ত পুলিশী ব্যবস্থা নিই নি।

**শ্রীঅজিতকুমার বিশ্বাস:** স্ট্রাইকারদের ডিমান্ড যদি জাস্টিফায়েড হয় তাহলে সেটা মেনে নেওয়া হচ্ছে না কেন মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি ?

**শ্রীননী ভট্টাচার্য:** স্ট্রাইকারদের দাবী অনেক ক্ষেত্রে জাস্টিফায়েড, অনেক ক্ষেত্রে নয়, কোন্ স্ট্রাইকের কথা বলছেন বললে বলতে পারতাম।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** বর্তমানে যে অবস্থা সেই অবস্থাকে গুরুত্বপূর্ণভাবে বিচার করে মাননীয় মন্ত্রিমহাশয় অন্তত এরকম ব্যবস্থা গ্রহণ করুন যাতে অবিলম্বে ন্যাশনাল মেডিক্যাল হসপিট্যালে এবং অন্যান্য হাসপাতালে যেখানে স্ট্রাইক চলছে—ন্যাশনাল মেডিক্যাল হসপিট্যালেই স্ট্রাইক চলছে, সেটা বন্ধ হয়। সর্বদলীয় কমিটি করে স্ট্রাইকারদের কাছে এপ্রোচ করার জন ব্যবস্থা করুন। তা না হলে বিভিন্ন বিষয়ে ছড়িয়ে পড়বে, এই অনুরোধ আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে করছি।

(নো রিপ্লাই)

**শ্রীনেপালচন্দ্র রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই যে হাসপাতালে স্ট্রাইক হয়েছে এখানে কোন কোন ইউনিয়নভুক্ত কর্মী আছেন এবং তাঁরা যুক্তফ্রন্টভুক্ত কিনা ?

**শ্রীননী ভট্টাচার্য:** ওখানে কো-অর্ডিনেশন কমিটির পক্ষ থেকে—কোন ইউনিয়নের পক্ষ থেকে সার্ভিস কন্ডিসন সংক্রান্ত বিষয়ে কোন নোটিস দিয়ে স্ট্রাইক হয় নি। সেখানে কো-অর্ডিনেশন কমিটির পক্ষ থেকে আহ্বায়করা স্ট্রাইকের নোটিস দিয়েছেন। ২ জন আহ্বায়ক তাঁরা স্ট্রাইকের নোটিস দিয়েছেন। ডিমান্ডের কথা আমি আগেই বলেছি, যাঁকে প্রিন্সিপ্যাল কাম-সুপারিন্টেন্ডেন্ট পদে কমপ্লিটলি অন এড হক বেসিস অফিসিয়েট করবার জন্য বলা হয়েছে তাঁকে সরাতে হবে সেই দাবী নিয়ে কো-অর্ডিনেশন কমিটির আহ্বায়করা নোটিস দিয়ে স্ট্রাইক করেছেন, তাও কয়েক ঘণ্টার নোটিসে।

**Primary Health Centre in Balighai Block No. 2**

***102.** (Admitted question No. *463.)

**শ্রীবিভূতি পাহাড়ী:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মেদিনীপুর জেলার এগরা থানার বালিঘাট ২নং ব্লকে কোন প্রাইমারী হাসপাতাল চালু নাই; এবং

(খ) সত্য হইলে, বর্তমানে কোন প্রাইমারী হাসপাতাল তৈরি করার বিষয়ে সরকার চিন্তা করিতেছেন কি?

[1-30—1-40 p.m.]

**শ্রীননী ভট্টাচার্য:** (ক) হ্যাঁ, (খ) হ্যাঁ।

**শ্রীবিভূতি পাহাড়ী:** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি—এই বালিঘাই ব্লকে প্রাইমারী হাসপাতাল করার জন্য কোন স্থান নির্বাচন করা হয়েছে কিনা?

**শ্রীননী ভট্টাচার্য:** দুটি স্থান ওখান থেকে প্রস্তাবিত হয়েছে এবং তার মধ্যে একটি হচ্ছে উত্তর তাজপুর, আর একটি হচ্ছে গংগাধরবার। এই দুটি জায়গায় তাঁরা স্থান নির্বাচন করেছেন এবং সেখানে চীফ মেডিক্যাল অফিসার, একজিকিউটিভ ইঞ্জিনীয়ার, পি ডবলিউ ডি, ও ব্লক ডেভেলপমেন্ট অফিসার, এঁরা ঐ দুটি জায়গা অনুসন্ধান করেছেন এবং অনুসন্ধান করে আমাদের রিপোর্ট দিয়েছেন। এখন কোনটা ভাল হবে আর কোনটা মন্দ হবে সেটা বিবেচনাধীন আছে।

**শ্রীবিভূতি পাহাড়ী:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই ব্লক হেডকোয়ার্টার বেলোঘাই যেখানে আছে, তার আধ মাইলের মধ্যে একটি বড় জায়গা পড়ে আছে। সেখানে চাষবাস হয় না, একটি ডাকবাংলো আছে, তাও ব্যবহার করা হয় না। সেই বিরাট একটি জায়গা তাজপুরে আছে। সেই জায়গাটির রিপোর্ট কি তাঁরা দিয়েছেন, যদি না দিয়ে থাকেন তাহলে সে জায়গাটি সম্পর্কে সরকার কোন বিবেচনা করবেন কিনা?

**শ্রীননী ভট্টাচার্য:** এর জবাব তো আমি আগেই দিয়েছি যে, সবটা বিবেচনাধীন আছে।

**শ্রীবিভূতি পাহাড়ী:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন—যদি স্থান নির্বাচন এই বছর হয়ে যায়, তাহলে সেখানে হাসপাতাল করবার জন্য এই বছরই কোন আদেশ দেওয়ার কথা চিন্তা করছেন কিনা?

**শ্রীননী ভট্টাচার্য:** এখন কিছু বলতে পারছি না।

**শ্রীবিভূতি পাহাড়ী:** বাজেটে এ সম্পর্কে কিছু ধরা হয়েছে কি?

**শ্রীননী ভট্টাচার্য:** জায়গা এখনও ঠিক হয় নি, কাজেই বরাদ্দ ধরার প্রশ্ন আসে না।

**Scarcity of X-ray films**

***103.** (Admitted question No. *593.)

**শ্রীমনোরঞ্জন বক্সী:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবাংলায় এক্স-রে ফিল্মের অভাবে এক্স-রে তোলার কাজে বিশেষ অসুবিধা হইতেছে; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**Shri Nani Bhattacharya:**

(ক) হ্যাঁ, মাঝে মাঝে হইতেছে।

(খ) পশ্চিমবঙ্গে এক্সরে ফিল্মের কোটা বাড়াইবার জন্য ভারত সরকারকে অনুরোধ করা হইয়াছে।

হালে কিছু ভারতে প্রস্তুত এক্সরে ফিল্মের সরবরাহ পাওয়া গিয়াছে। বিদেশী কোম্পানী-গুলীর ভারতীয় এজেন্টগণ তাহাদের কোটা পাইবেন। শীঘ্রই অবস্থার উন্নতি হইবে বলিয়া আশা করা যায়।

**শ্রীমনোরঞ্জন বক্সী :** মাননীয় মন্ত্রিমহাশয় কি এটা জানেন যে, পশ্চিমবাংলার কোন কোন হসপিটালে এক্সরের অভাবে তাদের চেস্ট ক্লিনিক একেবারে বন্ধ হয়ে আছে?

**শ্রীননী ভট্টাচার্য :** এখন কোন্ কোন্ হাসপাতালে নেই, এর থেকে ওটা বলা মুস্কিল।

**শ্রীকামাখ্যাচরণ ঘোষ :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন—মেদিনীপুর হাসপাতালে যেখানে মাসে ১ হাজার এক্সরে প্লেট দরকার, সেখানে বর্তমানে কোন প্লেট যাচ্ছে না, এটা কি জানেন?

**শ্রীননী ভট্টাচার্য :** আমি তো বলেছি যে এক্সরে ফিল্মের অভাব চলেছে এবং তার জন্য হাসপাতালে অস্ত্রোপচারের কাজ ব্যাহত হচ্ছে। যেগুলি এ্যাকিউট কেসেস সেগুলিতে এ্যাটেন্ড করা হচ্ছে এবং ওল্ড কেসগুলি আপাতত হচ্ছে। তবে যেখানে ফিল্ম বেশী আছে সেখানে ওল্ড কেস ধরা হচ্ছে।

**শ্রীকামাখ্যাচরণ ঘোষ :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে মেদিনীপুর সদর হাসপাতালে বর্তমানে কোন এক্সরে প্লেট আছে কিনা?

**শ্রীননী ভট্টাচার্য :** নোটিস দিলে বলতে পারবো।

**ডাঃ আবু আসাদ মহঃ ওবেদুল গনি :** মাননীয় মন্ত্রিমহাশয় এই খবর রাখেন কি যে এক্সরে প্লেট গভর্নমেন্ট ইন্সটিটিউসন অথবা হাসপাতালে অভাব হয়ে পড়েছে, কিন্তু প্রাইভেটে প্রচুর সাপ্লাই হচ্ছে এবং ব্ল্যাক হচ্ছে?

**শ্রীননী ভট্টাচার্য :** এক্সরে ফিল্মের অভাব সম্বন্ধে আগেও বলেছি যে এই অভাব সারা ভারতবর্ষ জুড়ে, এবং রেলওয়ে হাসপাতালগুলিতেও এর প্রচুর অভাব রয়েছে। যে সমস্ত প্রাইভেট কোম্পানী রয়েছে তারা যা কোটা পান সেই নির্দিষ্ট কোটা তারা পাচ্ছে কিনা, তার রিপোর্ট আমার কাছে নেই, তারা কিছু বেশী দামে, কোথাও অনেক দামে বিক্রি করছে, এই রকম অভিযোগ আমার কাছে সরকারীভাবে না এলেও, আমার কাছে সেই খবর এসেছে।

**ডাঃ আবু আসাদ মহঃ ওবেদুল গনি :** মাননীয় মন্ত্রিমহাশয় এ সম্বন্ধে তদন্ত করবেন কি?

**শ্রীননী ভট্টাচার্য :** সরকারীভাবে না এলে তদন্ত করার কথা উঠে না।

**শ্রীআবদুল কোয়ায়ুম মোল্লা :** বাইরে এক্সরে করাতে গেলে বেশী দামে এক্সরে করা হচ্ছে এবং এইভাবে দুর্নীতির আশ্রয় নেওয়া হচ্ছে।

**শ্রীননী ভট্টাচার্য :** এ সম্বন্ধে স্পষ্ট অভিযোগ আমার কাছে এখনও আসে নি।

**শ্রীঅনিলকুমার মুখার্জি :** যে সমস্ত এক্সরে প্লেট সাপ্লাই করা হয় হাসপাতালে, সেইগুলো কি সমস্ত হাসপাতালে সমানভাবে দেওয়া হয়, না হাসপাতাল বুঝে দেওয়া হয়?

**শ্রীননী ভট্টাচার্য :** এখানে দুটি জিনিস আছে, কলকাতায় কোন হাসপাতালে দু মাসের স্টক আছে, কোথাও আবার এক মাসের স্টক আছে, কোথাও নেই, যেখানে নেই সেখানে অন্য

হাসপাতাল থেকে এনে সেখানে ডিস্ট্রিবিউট করা হয় এবং যেখানে এক্সরে প্লেটের প্রয়োজন বেশী গুরুত্ব বুঝে সেখানে বেশী করে ডিস্ট্রিবিউট করার চেষ্টা করা হয়।

**ডাঃ নিরঞ্জন ভদ্র:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, আপনি যে একটু আগে বলে গেলেন এক্সরে প্লেটের জন্য হাসপাতালগুলোতে কাজ ব্যাহত হচ্ছে অথচ দেখা যাচ্ছে প্রাইভেটে পাঠালে তাদের কাছে এক্সরে প্লেট তোলা হচ্ছে, এর কারণ কি ?

**শ্রীননী ভট্টাচার্য:** এটা আমি আগেই বলেছি যে যারা প্রাইভেটে করায়, তারা প্রাইভেট কোম্পানীর কাছ থেকে যে কোন উপায়ে জোগাড় করার চেষ্টা করে।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের তরফ থেকে মাননীয় মন্ত্রিমহাশয় এবং কেবিনেট সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে কারেন্সি এরিয়া থেকে ঐ প্লেট আনাবার জন্য ইনিসিয়েটিভ নেবেন কি ?

**শ্রীননী ভট্টাচার্য:** মাননীয় সদস্যের বোধ হয় মনে নেই, আমি আর একবার এই বিষয়ে বলেছিলাম। এক মাসের স্টক রাখার মত স্থান আমাদের সেন্ট্রাল মেডিক্যাল স্টোর্সে আছে, যতক্ষণ পর্যন্ত না আমরা স্টোরেজ সিস্টেম ভাল করতে পারি, কোল্ড স্টোরেজের ব্যবস্থা আরও না করতে পারি, স্টোরেজ স্পেস বাড়াতে না পারি ততক্ষণ পর্যন্ত কিছু করা সম্ভব নয়। আমরা সেদিকে নজর রেখে প্রসিড করেছি।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, বাঁকুড়ার সম্মিলনী তাদের যে কোটা, সেই কোটা তারা পায় নি কেন?

**শ্রীননী ভট্টাচার্য:** নোটিস দিলে বলতে পারি।

### Primary Health Centre at Block II of Chanditala police-station

***104.** (Admitted question No. *629.) **Shri MOHAMED ABDUL LATIF:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Government is aware that the Primary Health Centre at Block II of Chanditala police-station of the Hooghly district has not necessary equipments for its normal work; and

(b) if so, what measures Government proposes to take for improvement of the said Health Centre?

**Shri Nani Bhattacharya:** (a) The Health Centre is provided with necessary equipment for its normal work.

(b) Does not arise.

[1-40—1-50 p.m.]

**শ্রীমহম্মদ আবদুল লতিফ:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে, এই প্রাইমারী হেল্থ সেন্টারে কোন অ্যাম্বুলেন্স ভ্যান নেই এবং সেজন্য এখানে কাজের অসুবিধা হচ্ছে ?

**শ্রীননী ভট্টাচার্য:** আমি জানি অনেক জায়গায়ই অ্যাম্বুলেন্স ভ্যান নেই এবং সেজন্য কাজের অসুবিধা হচ্ছে।

**শ্রীমহম্মদ আবদুল লতিফ:** এই প্রাইমারী হেল্থ সেন্টারে যথেষ্ট অ্যাকোমডেসন নেই এবং তার ফলে ডাক্তার, নার্স এবং রোগীদের খুব অসুবিধা হচ্ছে এবং এর এক্সটেনসনের জন্য কোন স্কীম হচ্ছে কিনা ?

**শ্রীননী ভট্টাচার্য:** অনেক প্রাইমারী হেল্থ সেন্টার রোগীর সংখ্যা বৃদ্ধির দরুন সঙ্কুচিত হয়ে গিয়েছে। যেখানে ১০ বেডের হাসপাতাল সেখানে ২০ জন রোগী এসে পড়ে। ফলে জায়গা সঙ্কুচিত হয়ে যায়। এইভাবে অনেক প্রাইমারী হেল্থ সেন্টার সঙ্কুচিত হয়ে গিয়েছে এবং এখনই প্রাইমারী হেল্থ সেন্টার আরও এক্সটেন্ড করার অবস্থা নেই। তবে ফ্রেস প্রোগ্রাম করা যায় কিনা ভাবছি।

**শ্রীমহমদ আবদুল লতিফ:** এই হেল্থ সেন্টারকে বাড়াবার জন্য একটা স্কীম বহুদিন থেকে নেওয়া হয়েছে, কিন্তু সেটা কার্যকরী হচ্ছে না—এটা মন্ত্রিমহাশয় জানেন কি ?

**শ্রীননী ভট্টাচার্য:** সে সম্পর্কে প্রশ্ন করবেন, আমি বিস্তৃত উত্তর দেব।

**শ্রীমহম্মদ আবদুল লতিফ:** এই প্রাইমারী হেল্থ সেন্টারে বর্ষার দিনে হাঁটু জল থাবে এবং তার জন্য চিকিৎসক, নার্স ও রোগীদের ভীষণ অসুবিধা হয়—এটা মন্ত্রিমহাশয় জানেন কি ?

**শ্রীননী ভট্টাচার্য:** এর থেকে এই রকম প্রশ্ন আসে না। আর অনেক প্রাইমারী হেল্থ সেন্টারের অবস্থা একই রকম।

**শ্রীমহম্মদ আবদুল লতিফ:** মন্ত্রিহাশয় জানেন কি, এই সম্পর্কে বহু ডিপার্টমেন্ট্যাল রিপ্রেজেনটেসন হয়েছে ?

**শ্রীননী ভট্টাচার্য:** নোটিস দিলে বলতে পারব।

**Want of medicines in hospitals**

***105.** (Admitted question No. *115.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, বর্তমানে পশ্চিমবঙ্গের হাসপাতালগুলিতে সাধারণভাবে ঔষধপত্র না থাকায় যথাযথ চিকিৎসা হইতেছে না; এবং

(খ) সত্য হইলে, সরকার এ সম্বন্ধে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**Shri Nani Bhattacharya:**

(ক) ইহা সত্য নহে, তবে সরবরাহের ঘাটতি থাকায় কোন কোন হাসপাতালে কিছু কিছু ঔষধের অভাব দেখা দিয়াছিল।

(খ) ঔষধ সরবরাহের নূতন কন্ট্রাকটর মনোনীত করা হইয়াছে এবং তাঁহারা সরবরাহ দিতে শুরু করিয়াছেন। হাসপাতালগুলিতে ঔষধ সরবরাহের পরিমাণ যথেষ্ট বৃদ্ধি পাইয়াছে। শীঘ্রই অবস্থার আরও উন্নতি হইবে বলিয়া আশা করা যায়।

**শ্রীসনৎকুমার রাহা:** আমি 'ক' এবং 'খ'-এ যা প্রশ্ন করেছিলাম আপনি তার উত্তর দেন নি। যাই হোক, আমি জিজ্ঞাসা করছি আপনি যে বলেছেন নূতন কন্ট্রাকটরকে মনোনীত করা হয়েছে, তা নূতন কন্ট্রাকটর মনোনয়নের প্রয়োজন হ'ল কেন? ডিউ টু কন্ট্রাকটরস ম্যাল-প্রাকটিস হয়েছে বলে কি?

**শ্রীননী ভট্টাচার্য:** সেখানে টেণ্ডার সিলেকসান কমিটি আছে। অতএব নূতন কিছু যেভাবে ঔষধপত্র আছে সেগুলি পারি কিনা পারি সেগুলি ঠিক করা হয়, তার জন্য খুব বেশী দেরী

নেই। নানা কারণে ঔষধের অভাব ঘটছে। সব ঔষধের যে অভাব ঘটছে তা নয়। বিভিন্ন ধরনের ঔষধের অভাব ঘটছে৺ তার মধ্যে আমাদের ইনডেন্ট সংক্রান্ত যে অব্যবস্থা আছে, সাপ্লাই সংক্রান্ত অব্যবস্থা আছে, তার জন্য হচ্ছে। কোথাও ওভার-সাপ্লাই হচ্ছে, কোথাও আন্ডার-সাপ্লাই হচ্ছে। এই রকম নানা ধরনের অব্যবস্থার দরুন ঔষধের ঘাটতি আছে এবং ঔষধের জন্য যে টাকা খরচ করা দরকার, সেই টাকার অপ্রতুলতাও কতকটা কারণ। আর ফলে ঔষধের অভাব ঘটছে এবং এই ধরনের একটা প্রশ্ন আমার কাছে এসেছিল, সেখানে আমি বলেছিলাম যে, ঔষধের খাতে গতবারের তুলনায় প্রায় ১ কোটি টাকা আমরা বেশী বরাদ্দ ধরেছি। আমার মনে হয়, একদিকে যেমন বেশী বরাদ্দ যেটা ধরা হয়েছে তা থেকে ঔষধ কিনে, দ্বিতীয়তঃ যেসব অব্যবস্থার দরুন কোথাও ঘাটতি এবং কোথাও প্রাচুর্য এই রকম অবস্থা আছে, এই অবস্থাকে দূর করে এবং কোথাও যদি দুর্নীতি থাকে, সেগুলি প্লেগ করার ব্যবস্থা করে আমরা মনে করছি যে, ঔষধের সরবরাহ আরো ভাল করতে পারব।

**শ্রীসনৎকুমার রাহা:** মাননীয় মন্ত্রিমহাশয়, আমি নিজের অভিজ্ঞতা থেকে বলছি যে, এই হাসপাতালগুলিতে ঔষধ থাকা সত্বেও, স্টক-এ ঔষধ আছে, অথচ রোগীরা পায় না। ডাক্তারের কাছে রিকমেন্ড করার পর সেই ঔষধ বেরোল। এই ধরনের ঘটনা ঘটে। এর তদারক করবার জন্য ব্যবস্থা কি আছে। যদি হাসপাতালভিত্তিক কমিটি তৈরী করা হয়, সেজন্য কিছু ক্ষমতা চাই, যাতে তাদের দুর্নীতি ধরা পড়ে। ঔষধ থাকা সত্বেও রোগীরা ঔষধ পায় না। এর একটা ব্যবস্থা করার জন্য তিনি চিন্তা করছেন কিনা?

**শ্রীননী ভট্টাচার্য:** অন্যান্য কাজের মধ্যে হাসপাতালের অব্যবস্থা দূর করার জন্য, হাসপাতালে সু ব্যবস্থার প্রচলনের জন্য, সেই উদ্দেশ্যে স্বাস্থ্য পরিষদ গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং সেটা শীঘ্র কার্যকরী করা হবে। ১৯৬৭ সালে এটা মাঝখানে পড়েছিল, কিছু কিছু অদলবদল করা হয়েছে।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** মাননীয় মন্ত্রিমহাশয়, এই অব্যবস্থার দরুন ঔষধ কমে যাচ্ছে, এই হাসপাতাল থেকে ঔষধ চুরি হচ্ছে কিনা এই রকম খবর আপনার কাছে কি আছে?

**শ্রীননী ভট্টাচার্য:** এই রকম অভিযোগ বিভিন্ন জায়গা থেকে এসেছে। কিন্তু যাকে বলে সুনির্দিষ্ট অভিযোগ—সেই রকম অভিযোগ খুব কম পেয়েছি এবং সেসব ক্ষেত্রে যদি সুনির্দিষ্ট অভিযোগ পেয়েছি, আমি অ্যান্টি করাপসান কিম্বা এনফোর্সমেন্ট-এ সব জায়গায় অনুসন্ধানের জন্য দিয়েছি।

**শ্রী এ এম ও গনি:** মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন, ই এস আই হাসপাতাল, যেখানে ঔষধ ইনজেকসান সাপ্লাই বন্ধ আছে?

**শ্রীননী ভট্টাচার্য:** ই এস আই হাসপাতাল সরাসরি আমাদের তত্বাবধানে নেই। আমাকে নোটিস দিলে সেটা বলবো।

**শ্রীসরোজ রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, গ্রামাঞ্চলে যে ৫০ বেড, ২০ বেড এবং ১০ বেড-এর হাসপাতাল আছে। এ সমস্ত বিভিন্ন হাসপাতালে সরকারের এমন কোন কোটা ঠিক করা আছে কিনা যে, বৎসরে কত টাকা করে ঔষধ দেওয়া হয়?

**শ্রীননী ভট্টাচার্য:** ঐ রকম কোন কোটা নেই। তবে এ সম্বন্ধে আমি আগেই উত্তর দিয়েছি যে, আগে একটা সিলিং ধার্য করা হয়েছিল। আউটডোর পেসেন্ট-এর জন্য বা এখনও পর্যন্ত যা আছে, সেটা আমরা বাতিল করে দিয়েছি। নূতন সিলিং ধার্য করবো। কিছুদিন পর্যন্ত একটা সিলিং ধার্য ছিল, মাথাপিছু প্রতিদিন এত খরচ, তার উপর বিভিন্ন হেল্থ সেন্টার বা

সাবডিভিসন্যাল ডিস্ট্রিক্ট হাসপাতালগুলিতে বেশী খরচ হচ্ছে, সেখানে সিলিং-এর উপর, ত আমরা সেই রকম সিলিং ধার্য করতে যাচ্ছি না। আমরা মোটামুটি যা আছে রিকোয়ারমেন ৩।৪ মাস অতীতে সেই রিকোয়ারমেন্ট-এর ভিত্তিতে আমরা যাতে ঔষধ সরবরাহ করতে পারি সেদিকে এগোচ্ছি।

**Treatment of leprosy in Midnapore district**

***105.** (Admitted question No. *517.)

**শ্রীবিভূতি পাহাড়ী:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কুষ্ঠ রোগীদের জন্য কোন বিশেষ হাসপাতাল আছে কিনা;

(খ) ঐ জেলায় কোন্ কোন্ সাধারণ হাসপাতালে কুষ্ঠ রোগীদের চিকিৎসার ব্যবস্থা আছে,

(গ) সাধারণ হাসপাতালে কুষ্ঠ রোগী চিকিৎসার জন্য ডাক্তার ও অন্যান্য কর্মচারীদের কোন অতিরিক্ত ভাতা দেওয়া হয় কিনা; এবং

(ঘ) হইলে তাহা কিরূপ?

**Shri Nani Bhattacharya:**

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত শিলদায় একটি বেসরকারী কুষ্ঠ হাসপাতাল আছে।

(খ) সকল সরকারী হাসপাতাল এবং স্বাস্থ্যকেন্দ্রে কুষ্ঠ রোগীদের কুষ্ঠরোগজনিত উপসর্গের জন্য অথবা সাধারণ অসুখের জন্য চিকিৎসার ব্যবস্থা আছে।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

[1-50—2 p.m.]

**শ্রীবিভূতি পাহাড়ী:** মন্ত্রিমহাশয় জানাবেন কি যে সিলদাইয়ে বেসরকারী কুষ্ঠ হাসপাতাল আছে সেই হাসপাতালে সরকার অর্থ সাহায্য করেন কিনা এবং যদি করেন তার পরিমাণ কত?

**শ্রীননী ভট্টাচার্য:** নোটিস দিলে বলতে পারব।

**শ্রীবিভূতি পাহাড়ী:** এই হাসপাতালের পরিচালন ব্যবস্থার উপর সরকারের কোন হাত আছে কিনা?

**শ্রীননী ভট্টাচার্য:** একেবারে আইনগত অধিকার বলতে যা বুঝায় সেই রকম ধরনের সরকারের এক্তিয়ার নেই কিন্তু নানাভাবে আমরা আমাদের বক্তব্য সেখানে রাখতে পারি।

**শ্রীবিভূতি পাহাড়ী:** মন্ত্রিমহাশয় বললেন যে সমস্ত সরকারী হাসপাতালে কুষ্ঠ রোগীর চিকিৎসার কিছু কিছু ব্যবস্থা আছে—যে সমস্ত ডাক্তার কুষ্ঠ রোগীদের চিকিৎসা করতে যান তাদের অতিরিক্ত ৫০ টাকা করে ভাতা দেওয়া হবে এবং যারা জি ডি এ বা অন্যান্য স্টাফ আছে তারাও কিছু কিছু ভাতা পাবে, সেইভাবে কোন সরকারী সার্কুলার আছে কিনা?

**শ্রীননী ভট্টাচার্য:** না, এ ধরনের নয়। মাননীয় সদস্য ভুল করছেন যারা লেপ্রোসী ইউনিট সরকারী ইউনিটে কাজ করেন সেই রকম মেডিকেল অফিসারকে তাদের যা বেতন তার উপর ৭৫ টাকা করে মাসে দেওয়া হয় এবং লেপ্রোসী হোম ভিজিটার্স যারা তাদের সেখানে ২৫ টাকা দেওয়া হয়, হেল্থ অ্যাসিস্ট্যান্ট বা স্যানিটারী ইন্সপেক্টর তাদের ১০ টাকা করে দেওয়া হয় এবং যারা চতুর্থ শ্রেণীর কর্মচারী বা জি ডি এ তাদের ৫ টাকা করে দেওয়া হয়।

**শ্রীবিভূতি পাহাড়ী:** মেদিনীপুর জেলায় কোন লেপ্রোসী ইউনিট আছে কিনা ?

**শ্রীননী ভট্টাচার্য:** মেদিনীপুর জেলায় ১১টা ইউনিট আছে।

**শ্রীবিভূতি পাহাড়ী:** সেই লেপ্রোসী ইউনিটের ডাক্তারদের ৭৫ টাকা বাড়তি ভাতা দেওয়া হয়, কিন্তু আমার প্রশ্ন হচ্ছে তিনি জানাবেন কি জি ডি এ বা নীচেরতলার যারা কর্মচারী তারা যে ৫।১০ টাকা ভাতা পায় সেই ভাতার এক পয়সাও দেওয়া হয়েছে কিনা ?

**শ্রীননী ভট্টাচার্য:** সেই রকম কোন অভিযোগ আমাদের নজরে আসে নি।

**শ্রীবিভূতি পাহাড়ী:** আমার প্রশ্ন হচ্ছে সেখানে চতুর্থ শ্রেণীর কর্মচারীরা একেবারেই পাচ্ছে না অথচ ডাক্তাররা ৭৫ টাকা করে পাচ্ছে, এই জিনিসটা একটু দেখবেন কি ?

**শ্রীননী ভট্টাচার্য:** সেই রকম কোন নির্দিষ্ট অভিযোগ আসলে নিশ্চয় দেখব।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** আপনি বোধহয় জানেন যে বাঁকুড়া জেলায় যে কুষ্ঠ হাসপাতাল আছে সেখান থেকে প্রত্যেক সপ্তাহে রবিবারে সমস্ত কুষ্ট রোগীকে ছেড়ে দেওয়া হয় এবং বাঁকুড়া সহরে এটা একটা নুইসেন্স হয়ে দাঁড়িয়েছে যে সেদিনে সমস্ত রোগীরা সহরের বিভিন্ন জায়গায় ঘুরে বেড়ায়—এ বিষয়ে কোন উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করবেন কি যাতে এই সমস্ত রোগীরা সহরে না ঘুরে বেড়ায় ?

**শ্রীননী ভট্টাচার্য:** বাঁকুড়া লেপ্রোসী ইউনিট থেকে বা গৌরীপুর থেকে ছেড়ে দেওয়া হয় এই রকম ব্যাপার শুনিনি কিন্তু বেসরকারী হাসপাতাল বা ভলান্টারী অর্গানাইজেসন যা আছে সেখানে যারা কুষ্ঠ রোগী ছিলেন এখন রোগমুক্ত হয়ে গেছেন, আবার কুষ্ঠরোগীও বটে, তারা অনেক সময় সহরে আসেন এবং সহরের বিভিন্ন জায়গায় ঘুরে ফিরে বেড়ান। এটুকু বলতে পারি যে কুষ্ঠরোগ মাত্রই যে সংক্রামক রোগ ছড়াচ্ছে তা নয়, আবার অনেক সময় কুষ্ঠরোগ থেকে নিরাময় হয়ে গেছে তারা সকলেই সমাজে ঘুরে বেড়ান, নানা আতঙ্ক থাকার দরুন মুস্কিলে পড়তে হয়। এখনও সেই রকম ধরনের, তারা যাতে বাঁকুড়া সহরে না যায় বা কোন সহরে না যেতে পারে এই রকম ধরনের প্রতিরোধমূলক ব্যবস্থা আমরা সরকারের থেকে করি নি।

**Shri Gyan Singh Sohanpal:** Will the Hon'ble Minister be pleased to state where these eleven units are situated?

**Shri Nani Bhattacharya:** (1) Kharagpur Leprosy Treatment Centre, (2) Garhbeta Leprosy Treatment Centre, (3) Binpur Leprosy Treatment Centre, (4) Keshiary Leprosy Treatment Centre, (5) Gopiballavpur Leprosy Treatment Centre, (6)Garhbeta Leprosy Clinic, (7) Dahijuri Leprosy Clinic, (8) Chhatinasole Leprosy Clinic, (9) Griffiths Leprosy Clinic, (10) Midnapore Central Jail Hospital; এবং (11) Silda Leprosy Hospital.

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** কতকগুলি প্রাইভেট হাসপাতাল আছে কুষ্টরোগীদের জন্য, যারা নাকি এই সমস্ত রোগীদের ছেড়ে দেয়। এই সমস্ত যে প্রাইভেট হাসপাতাল আছে তাদের উপর আপনারা এমন কোন ব্যবস্থা অবলম্বন করতে পারেন কিনা যাতে করে এই রোগীদের না ছেড়ে দেয় ?

**শ্রীননী ভট্টাচার্য:** অনেক লেপ্রোসী হোম আছে, লেপ্রোসী ট্রিটমেন্ট সেন্টার আছে, প্রাইভেট বা ভলানটারী অর্গানাইজেসন আছে, লেপ্রোসী কলোনী আছে, সেখানে লেপ্রোসী রোগী বা আগে রোগী ছিল এখন ভাল হয়ে গেছে এমন লোক যদি বাঁকুড়া সহরে যান তাহলে তাদের প্রতিরোধ করার মত এখন পর্যন্ত আমরা কোন ব্যবস্থা করি নি।

**Dak bungalows**

***107.** (Admitted question No. *600.)

**শ্রীমনোরঞ্জন বক্সী:** স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গে সমস্ত ডাকবাংলোগুলিকে পর্যটন দপ্তর গ্রহণ করিবার কথা চিন্তা করিতেছেন; এবং

(খ) সত্য হইলে, কখন হইতে ইহা কার্যকরী করা হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রীবরদা মুকুটমণি:** (ক) না। (খ) প্রশ্ন আসে না।

**শ্রীমনোরঞ্জন বক্সী:** আপনি কি জানাবেন যেখানে পর্যটনের সুবিধা আছে সে সমস্ত জায়গায় যে ডাকবাংলোগুলি আছে সেগুলি কি নেবার চেষ্টা করছেন?

**শ্রীবরদা মুকুটমণি:** আমাদের এ রকম কোন ডেফিনিট স্কীম নেই। পশ্চিমবঙ্গের সমস্ত ডাকবাংলো গ্রহণ করার পরিকল্পনা পর্যটন বিভাগের নাই। এমন অনেক দ্রষ্টব্য স্থান আছে যেখানে পর্যটন বিভাগের নিজস্ব কোন আবাসগৃহ নাই; সেক্ষেত্রে অন্যান্য বিভাগের যথা—বন, সেচ, পূর্ত ইত্যাদির ২।১টি ঘর পর্যটকদের নির্ধারিত করার জন্য বিভাগীয় কর্তৃপক্ষের সহিত যোগাযোগ করা হইতেছে। ইহা ব্যতীত অন্যান্য বিভাগের কয়েকটি ডাকবাংলো ফরেস্ট রেস্ট হাউস প্রভৃতির সহিত যুক্ত ২।১টি অতিরিক্ত ঘর পর্যটকদের থাকার জন্য তৈয়ার করা যায় কিনা এ বিষয়ে বিবেচনা করা হইতেছে।

**শ্রীমনোরঞ্জন বক্সী:** জায়গাগুলির নাম বলতে পারবেন কি?

**শ্রীবরদা মুকুটমণি:** এ বিষয়ে নাম করা মুস্কিল, কারণ নেগোসিয়েসন চলছে।

**শ্রীঅমলেশ মজুমদার:** ডাকবাংলো নীলাম হয়ে যাচ্ছে এই পরিপ্রেক্ষিতে কোন ব্যবস্থা নেবেন কি?

**শ্রীবরদা মুকুটমণি:** এ প্রশ্ন এ থেকে ওঠে না।

**Pisciculture in the reservoirs of Kangsabati Project**

***108.** (Admitted question No. 637.)

**শ্রীকালীপদ মণ্ডল:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে কংসাবতী প্রকল্পের জলাধারে মাছের চাষ হইতেছে; এবং

(খ) সত্য হইলে, উক্ত মাছের চাষ কাহার ব্যবস্থাপনায় হইতেছে?

**Shri Provash Chandra Roy:**

(ক) কংসাবতী প্রকল্পের জলাধার সেচ ও জলপথ বিভাগের কর্তৃত্বাধীন। উক্ত বিভাগ হইতে জানা গিয়াছে যে এ পর্যন্ত ঐ জলাধারে মাছের চাষ হয় নাই। তবে সেন্ট্রাল ফিশারীজ কর্পোরেশনকে মাছের চাষের জন্য জলাধারটি লীজ দেওয়ার প্রস্তাব সেচ ও জলপথ বিভাগ বিবেচনা করিতেছেন।

(খ) প্রশ্ন উঠে না।

2—2-10 p.m.]

**শ্রীনেপালচন্দ্র রায়:** মন্ত্রিমহাশয় জানাবেন কি, ওই কংসাবতী বাঁধটি কি মাছের চাষের জন্য ভেড়ী ব্যবহৃত হবে, না জমিতে জল দেবার জন্য ব্যবহৃত হবে?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** কংসাবতি রিজার্ভার সম্পর্কে সেচমন্ত্রীরই জবাব দেবার কথা কিন্তু তা সত্বেও আমি বলতে চাই যে, যে রিজার্ভারটি করা হয়েছে প্রধানতঃ সেচের জল সরবরাহ করার জন্য তাতে মাছ চাষেরও ব্যবস্থা করা যায়। অর্থাৎ এই উভয় উদ্দেশ্যেই এই রিজারভারটি করা হয়েছে।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** বড় জলাশয়ের মধ্যে মাছ চাষ করলেই সেটাকে ভেড়ি বলা হয়। আমার প্রশ্ন হচ্ছে সেই ভেড়িটি মাছ চাষের পর লুঠ হবে কিনা?

**শ্রীপ্রভাস চন্দ্র রায়ঃ** রিজার্ভার কাকে বলে এবং মেছোঘেরি কাকে বলে সে সম্পর্কে মাননীয় সদস্যের কোন ধারনা নেই বলেই তিনি এই রকম প্রশ্ন করছেন।

**মিঃ স্পীকারঃ** কোশ্চেন আওয়ার ইজ ওভার।

## STARRED QUESTIONS
### (to which answers were laid on the table)

### Pay rate of a seasonal vaccinator

***109.** (Admitted question No. *117.) **Shri SANAT KUMAR RAHA:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) what is the monthly pay rate of a seasonal vaccinator and a basic health worker;

(b) whether Government is aware that there are cases of seasonal vaccinators being treated as basic health workers in the Health Centre in the district of Murshidabad; and

(c) if so, the reason thereof?

**The Minister for Health:** (a) There is no post of seasonal vaccinator under the Directorate of Health Services. The scale of pay of the Basic Health Workers is Rs. 80—1—85—2—105.

(b) No.

(c) Does not arise.

### Gobra Mental Hospital

***110.** (Admitted question No. *606.)

**শ্রীমনোরঞ্জন বক্সীঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গোবরা মানসিক হাসপাতালে মোট শয্যা সংখ্যা কত?

(খ) তন্মধ্যে পুরুষদের ও মহিলাদের শয্যা সংখ্যা কত;

(গ) ইহা কি সত্য যে মানসিক রোগীদের সাইকোথেরাপীর কোন সুব্যবস্থা নাই;

(ঘ) সত্য হইলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন; এবং

(ঙ) মানসিক রোগী ছাড়া অন্য রোগীকে এখানে ভর্তি করা হয় কিনা এবং হইলে তাহার কারণ কি?

**The Minister for Health:**

(ক) ১১০।

(খ) পুরুষদের জন্য—৭৫।
মহিলাদের জন্য—৩৫।

(গ) সত্য নহে।

(ঘ) প্রশ্ন উঠে না।

(ঙ) না।

**Distribution of land to the refugee families of Shamsundar Chawk and ... Balarampota (Howrah) Government Colonies**

***111.** (Admitted question No. *641.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, শ্যামসুন্দর চক ও বলরামপোতা (হাওড়া) গভর্নমেন্ট কলোনীর উদ্বাস্তুদের পরিবার পিছু পাঁচ কাঠা হিসাবে জমি বিলির ব্যবস্থা করা হইয়াছিল;

(খ) সত্য হইলে, ঐ দুইটি কলোনীর কোনটিতে কতগুলি উদ্বাস্তু পরিবারকে জমি দেওয়া হইয়াছিল; এবং

(গ) যে সকল পরিবার জমি পাইয়াছিলেন তাহারা সকলেই ঐ কলোনীতে বর্তমানে বসবাস করিতেছেন কি?

**The Minister for Refugee Relief and Rehabilitation:**

(ক) হ্যাঁ।

(খ) শ্যামসুন্দর চকে ১৬১টি এবং বলরামপোতায় ১২২ টি উদ্বাস্তু পরিবারকে জমি দেওয়া হইয়াছিল।

(গ) বর্তমানে শ্যামসুন্দর চকে ১২৪টি এবং বলরামপুরপোতায় ১১৭টি উদ্বাস্তু পরিবার বসবাস করিতেছেন।

## UNSTARRED QUESTIONS

**(to which written answers were laid on the table)**

**Karimpur Health Centre**

**79.** (Admitted question No. 38.) **Dr. NALINAKSHA SANYAL:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the present position of the Pathological Laboratory or Clinic sanctioned in respect of Karimpur Primary Health Centre about two years ago;

(b) the equipment and staff supplied for the same; and

(c) what are the records of services rendered to patients at the Karimpur Primary Health Centre in examination of urine, blood, suptum, etc., during the period January to June, 1969, if any?

**The Minister for Health:** (a) No Pathological Laboratory or Clinic has been sanctioned for the Karimpur Primary Health Centre.

(b) and (c) Do no arise.

**Berhampore State Welfare Home**

**80.** (Admitted question No. 91.)

**শ্রীসনৎকুমার রাহা :** শিক্ষা (সমাজশিক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুরে রাষ্ট্রীয় সমাজ-কল্যাণ ভবনের জন্য কতজন কর্মচারী ও শিক্ষক-কর্মচারী নিযুক্ত আছেন;

(খ) এই সকল কর্মচারী ও শিক্ষকদের বাসগৃহ দিবার ব্যবস্থা আছে কিনা ;

(গ) এই সমাজ-কল্যাণ ভবনের উন্নতির জন্য সরকার কি কি ব্যবস্থা লওয়ার বিষয় চিন্তা করিতেছেন; এবং

(ঘ) এই সংস্থার জন্য যাঁহাদের শিক্ষক সহায়ককারী (টিচার হেল্পার) পদে নিযুক্ত করা হয়, তাহাদের বেতন কত ?

**The Minister for Education (Social Education):**

(ক) একজন পার্টটাইম মেডিক্যাল অফিসার সহ মোট ২০ জন কর্মচারীর মধ্যে বহরমপুর রাষ্ট্রীয় সমাজ-কল্যাণ ভবনে নিযুক্ত শিক্ষক-কর্মচারীর সংখ্যা ৭ (সাত)।

(খ) যদিও সুপারিন্টেন্ডেন্ট, অ্যাসিস্ট্যান্ট সুপারিন্টেন্ডেন্ট, নার্স (ধাত্রী) ও হেল্পার (সহায়ক) ছাড়া আর কাহাকেও বাসগৃহ দিবার কথা নাই, তথাপি বহরমপুর রাষ্ট্রীয় সমাজ-কল্যাণ ভবন প্রাঙ্গণে প্রয়োজনাতিরিক্ত কয়েকটি বাসগৃহে কল্যাণ ভবনের অধিকাংশ কর্মচারী দীর্ঘকাল ধরিয়া বাস করিয়া আসিতেছেন। অন্যান্য সরকারী কর্মচারীদিগের মত অন্যত্র বাসাভাড়া করিলে বা নিজ বাসগৃহে থাকিলে তাঁহারা নিয়মানুযায়ী বাসা-ভাড়া পাইবার অধিকারী।

(গ) আপাতত এই সম্পর্কে কোন পরিকল্পনা নাই।

(ঘ) তাঁহাদের বেতনক্রম ৬৫-১-৮৫ টাকা। ইহা ছাড়া তাঁহারা মাসিক চিকিৎসা-ভাতা বাবত ৭·৫০ টাকা ও মহার্ঘ ভাতা বাবত ৭১·৫০ টাকা পান, যাঁহারা ভাড়া বাড়িতে বাস করেন, তাঁহারা মূল বেতনের শতকরা দশ ভাগ বাড়ি ভাড়া হিসাবে পাইবার অধিকারী।

**Supply of electricity in the Murshidabad district**

**81.** (Admitted question No. 197.)

**শ্রীঅমলেন্দুলাল রায় :** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৮-৬৯ সাল পর্যন্ত মুর্শিদাবাদ জেলার কোন্ কোন্ শহরে ও কতগুলি গ্রামে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করা হইয়াছে;

(খ) ঐ শহর ও গ্রামগুলির মধ্যে কোথায় কোথায় প্রাইভেট কোম্পানি বিদ্যুৎ সরবরাহ করিতেছে; এবং

(গ) বর্তমানে আর কোন্ কোন্ শহরে বা গ্রামে বিদ্যুৎ চালু করিবার প্রস্তাব সরকারের বিবেচনাধীন রহিয়াছে ?

**The Minister for Commerce and Industries:**

(ক) ১৯৬৮-৬৯ পর্যন্ত বহরমপুর, আজিমগঞ্জ জিয়াগঞ্জ, বেলডাঙ্গা, মুর্শিদাবাদ, লালগোলা, জঙ্গীপুর, ধুলিয়ান, কাঁদি ও ঔরঙ্গাবাদ শহরগুলি ছাড়া ১৯২টি গ্রাম বৈদ্যুতিকরণ করা হইয়াছে।

(খ) তার মধ্যে বহরমপুরে ও তথা হইতে অন্য দুইটি সংলগ্ন জায়গায় কেবলমাত্র বহরমপুর ইলেকট্রিক সাপ্লাই বেসরকারী লাইসেন্সী কোম্পানি হিসাবে বিদ্যুৎ সরবরাহ করেন।

(গ) এইসব জায়গা ছাড়াও মহলা, উদয়চাঁদপুর (জীবন্তী), পুরন্দরপুর, আজিমগঞ্জগোলা, হারিকনগর, কিসমৎ ইন্দারপুর, গোপজান, গোলজান, নিয়াসিপাড়া, লক্ষ্মীনাথপুর, গরাইমারী, স্বরূপপুর, শাহাজাদপুর, গোপীনাথপুর, এদ্রাকপুর, সুরঙ্গপুর (আমতলা) ও হরিহরপাড়া স্থানগুলিতে বৈদ্যুতিকরণের কাজ সমাপ্ত হইয়াছে ও বিদ্যুৎ সরবরাহ আরম্ভ হইবার অপেক্ষায় আছে।

১৯৬৯-৭০ সালের জন্য সাগরদীঘি, পোপারা, সন্তোষপুর, দেবকিণ্ডা, মন্দা, বেগুনবাড়ী, অওদীরান, কান্দারা ও মালিহাটী গ্রাম বৈদ্যুতিকরণের জন্য মঞ্জুরী (স্যাংশন) দেওয়া হইয়াছে।

**Repair of major district roads in Murshidabad district**

**82.** (Admitted question No. 228.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) মুর্শিদাবাদ জেলায় বর্তমানে কোন্ কোন্ মেজর ডিস্ট্রিক্ট রোডের সংস্কার কার্য সম্প্রতি শেষ হইয়াছে বা এখনও চলিতেছে; এবং

(খ) এই রাস্তাগুলি কোন্‌টি কত মাইল দীর্ঘ এবং কোন্‌টির সংস্কারের জন্য কত টাকা বরাদ্দ হইয়াছে?

**The Minister of State-in-charge of Public Works (Roads):**

(ক) ও (খ) মাত্র একটি মেজর ডিস্ট্রিক্ট রোডে বিশেষ সংস্কার কার্য চলিতেছে। সেটি পাঁচগ্রাম-নবগ্রাম-লালবাগ রাস্তা। রাস্তাটির দৈর্ঘ্য ১৬ মাইল ৩৪·৫০ চেন এবং সংস্কারের আনুমানিক খরচ ৫,২৫,৫০০ টাকা।

**Ramkrishna Vivekananda Powerloom Co-operative Society Ltd.**

**83.** (Admitted question No. 244.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জিয়াগঞ্জে অবস্থিত রামকৃষ্ণ বিবেকানন্দ পাওয়ারলুম কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড সরকারের নিকট হইতে যে লোন লইয়াছিলেন তাহা (১) সময় মত এবং (২) সুদসহ ফেরৎ দিতেছেন কি; এবং

(খ) উক্ত সোসাইটির বর্তমান কার্যনির্বাহক সমিতির সভ্যদের নাম ও পরিচয় কি?

**The Minister for Cottage and Small Scale Industries:**

(ক) (১) উক্ত সোসাইটি সরকারের নিকট হইতে ঋণবাবত যে টাকা পাইয়াছেন তাহার কিস্তি অনুযায়ী দেয় টাকা পরিশোধ করিতেছে না।

(২) চুক্তি অনুযায়ী ৭ (সাত) কিস্তির টাকা (টাঃ ৩২,১৮৭·২৪ পয়সা আসল হিসাবে এবং টাঃ ৯,৬৬৮·৬৮ পয়সা সুদ হিসাবে) পাওনা হইয়াছে। এই সাত কিস্তির মধ্যে সোসাইটী এ পর্যন্ত ৩ (তিন) কিস্তির টাকা (টাঃ ১৩,৫৬৭·৯০ পয়সসা আসল হিসাবে এবং টাঃ ৫,২০৮:০০ সুদ হিসাবে) ফেরৎ দিয়াছে।

(খ) গত এপ্রিল, ১৯৬৯ পর্যন্ত যাঁহারা কার্যনির্বাহক সমিতির সভ্য ছিলেন তাঁহাদের নাম ও পরিচয় নিম্নে দেওয়া হইল:—

(১) শ্রীস্মৃতিকুমার মজুমদার—সভাপতি।

(২) শ্রীআব্দুল হামিদ খান—সেক্রেটারী।

(৩) শ্রীদুর্গাপদ সিংহ—ডাইরেক্টর।

(৪) শ্রীমতি গৌরাঙ্গিনী মজুমদার—ডাইরেক্টর।

(৫) শ্রীরণপতি দাস আচার্য—ডাইরেক্টর।

(৬) শ্রীউমাপদ ঘোষ—ডাইরেক্টর।

(৭) শ্রীমোস্‌লেম মিঞা—ডাইরেক্টর।

(৮) শ্রীশশাঙ্ক প্রামাণিক—ডাইরেক্টর।

(৯) শ্রীগোরাচাঁদ সাহা—ডাইরেক্টর।

**Veterinary hospitals in Murshidabad district**

**84.** (Admitted question No. 284.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কোথায় কোথায় পশুচিকিৎসার হাসপাতাল রহিয়াছে;

(খ) ঐ সকল চিকিৎসালয়ে ১৯৬৭-৬৮ সালে মোট কতগুলি ও কি কি পশু চিকিৎসিত হইয়াছিল; এবং

(গ) হাসপাতাল ছাড়া ঐ জেলায় পশুচিকিৎসার আর কোন সরকারী বন্দোবস্ত আছে কিনা?

**The Minister for Animal Husbandry and Veterinary Services:**

(ক) বহরমপুর, জিয়াগঞ্জ, জঙ্গিপুর ও কান্দি মহকুমার প্রত্যেকটিতে একটি করিয়া পশুচিকিৎসা হাসপাতাল রহিয়াছে। ইহা ছাড়া ১৯৬৮-৬৯ সালে এই জেলার বেলডাঙ্গাতে একটি পশুচিকিৎসা হাসপাতাল প্রতিষ্ঠা করা হইয়াছে।

(খ) ১৯৬৭-৬৮ সালে ঐ সকল চিকিৎসালয়ে চিকিৎসিত পশুর সংখ্যা ছিল নিম্নরূপঃ-

বহরমপুর—৯,৮৫৪
জিয়াগঞ্জ—৫,১৩২
জঙ্গিপুর—২,৬৪২
কান্দি—৫,৫০২

মোট—২৩,১৩০

ঐ সকল চিকিৎসালয়ে সাধারণত গবাদি পশু, ঘোড়া, কুকুর ও হাঁসমুরগী চিকিৎসিত হইয়াছে। তবে চিকিৎসিত বিভিন্ন পশুর সঠিক সংখ্যা এখনই সরবরাহ করা সম্ভবপর নহে।

(গ) উপরি-উক্ত হাসপাতালগুলি ছাড়া ঐ জেলার গ্রামাঞ্চলে চিকিৎসার জন্য ২৫টি ব্লক ভেটারিনারী ডিসপেনসারী, ২৫টি এড সেন্টার ও সাব সেন্টার এবং একটি মোবাইল ভেটারিনারী ক্লিনিক রহিয়াছে।

**Establishment of a Veterinary Hospital at Krishnarampur in the Chanditala police-station of Hooghly district**

**85.** (Admitted question No. 301.) **Shri MOHAMED ABDUL LATIF:** (a) Will the Minister-in-charge of the Animal Husbandry and Veterinary Services Department be pleased to state whether a proposal was made in the year 1967 for the establishment of a Veterinary Hospital at Krishnarampur in the Chanditala police-station of Hooghly district?

(b) If so, (i) when the proposal is expected to be implemented and (ii) wh will be the estimated cost of the proposed hospital?

**The Minister for Animal Husbandry and Veterinary Services:** (a) No.

(b) Does not arise.

**Open winwow in the Labour Room of the Baksha Subsidiary Health Cent**

**86.** (Admitted question No. 302.) **Shri MOHAMED ABDUL LATI**

(a) Will the Minister-in-charge of the Health Department be pleased to state–

(i) whether the Labour Room in the Maternity Ward of the Subsidiar Health Centre at Baksha in Block 2 of the Chanditala police station in the Hooghly district has an open window easily accessibl to jackals and dogs; and

(ii) that even though Baksha is electrified and electric wires pass ove the adjoining road, the said Health Centre has no electricity?

(b) If so, will the Minister be pleased to state whether the Governmen considers the desirability of rectifying the above deficiencies?

**The Minister for Health:** (a) (i) There is a window without iron grill o gratings in the Labour Room of the Subsidiary Health Centre at Baksha

(ii) The Subsidiary Health Centre is not elctrified.

(b) Orders for provision of grill in the window have already been issued The Public Works Department are taking steps for execution of the work.

Health Centres with 10 beds or more are now being taken up for electrification. The Subsidiary Health Centre at Baksha has only two emergency non-dietary maternity beds. The question of electrification of the latter class of Health Centres will be taken up for consideration after the Health Centres with ten or more beds have been provided with electric installation.

**Gangadharpur Subsidiary Health Centre in the Hooghly district**

**87.** (Admitted question No. 304). **Shri MOHAMED ABDUL LATIF:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether Government is aware that the Subsidiary Health Centre at Gangadharpur in Block I of the Chanditola police-station of the Hooghly district has not yet started to function though the construction of the buildings of the same was completed long ago;

(b) if so, the reasons thereof; and

(c) when the work at the said Health Centre is likely to be started?

**The Minister for Health:** (a) to (c) Though the construction of the buildings of the Subsidiary Health Centre at Gangadharpur was completed, the Chief Medical Officer of Health found out certain defects in the buildings and saw that the tubewell was not working. The Executive Engineer concerned has been asked to rectify the same. Orders for opening of the Health Centre will be issued as soon as the defects are removed.

**Outdoor Dispensing Unit and E.N.T. Specialist in the District Hospital at Saktinagar**

**88.** (Admitted question No. 309). Shri KASHI KANTA MAITRA: Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if it is a fact that the District Hospital located at Saktinagar, Krishnagar, in the district of Nadia, has no outdoor dispensing unit attached to it;

(b) if so, whether the Government has taken any step to have such an outdoor unit to alleviate the sufferings of the outdoor patients;

(c) if it is a fact that there is no E.N.T. Specialist attached to this District Hospital;

(d) if so, whether the Government considers the desirability of taking immediate steps to depute one E.N.T. Specialist for the District Hospital; and

(e) if the said District Hospital has any fully equipped Laboratory?

**The Minister for Health:** (a) The District Hospital of Krishnagar is located partly in the new hospital building at Saktinagar and partly in the old hospital building in the city. There is an outdoor dispensary in the old hospital building. There is no outdoor dispensary in the new hospital at Saktinagar.

(b) No.

(c) and (d) An E.N.T. Specialist has been posted in the District Hospital. It is expected that he will join soon.

(e) There is a Clinical Laboratory. Steps are being taken to start the District Diagnostic and Public Health Laboratory.

**Kulgachi-Badkulla Road in the district of Nadia**

**89.** (Admitted question No. 312.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার পোড়াগাছি অঞ্চলের কুলগাছি গ্রাম থেকে দক্ষিণপাড়া অঞ্চলের গোবিন্দপুর-ইটেবেড়ে চিত্রশালী হয়ে বাদকুল্লা পর্যন্ত সড়কটি নির্মাণের কোন পরিকল্পনা রাজ্যসরকারের বর্তমানে আছে কিনা; এবং

(খ) অতীতে এ সম্বন্ধে কোন প্রস্তাব রাজ্যসরকারের ছিল কিনা?

**The Minister of State-in-charge of the Public Works (Roads):**

(ক) ও (খ) না।

**Reclamation of Palda Beel and Kalinga Beel in Nadia district**

**90.** (Admitted question No. 315.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার পলদা বিল ও কলিংগ বিল সংস্কারপূর্বক সমগ্র অঞ্চলের আবাদযোগ্য জমিতে সেচব্যবস্থা চালু করার প্রস্তাবটি কি সরকারের বিবেচনাধীন আছে; এবং

(খ) এই দুটি বিল সংস্কারের উপর বিস্তীর্ণ অঞ্চলের উন্নত কৃষি ব্যবস্থা উৎপাদন ও কৃষিনির্ভর কর্মক্ষম বহু গ্রামের তরুণদের কর্মসংস্থানের ব্যবস্থা হতে পারে কিনা তাহা সরকার কি বিবেচনা করে দেখেছেন?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) এইরূপ কোন প্রস্তাব সেচ ও জলপথ বিভাগের বিবেচনাধীন নাই।

(খ) উক্ত (ক) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

**Posts reserved for Scheduled Castes in the different departments of the Government**

**91.** (Admitted question No. 358.)

**শ্রীকালীপদ মণ্ডল:** অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যসরকারের বিভিন্ন বিভাগের চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে তপশীলী সম্প্রদায়ের জন্য কোন সংরক্ষণ ব্যবস্থা আছে কি না; এবং

(খ) থাকিলে শতকরা কত হারে সংরক্ষণ আছে?

**The Minister for Finance:**

(ক) হ্যাঁ, আছে।

(খ) শতকরা ১৫টি পদ সংরক্ষিত থাকে।

S. BANERJEA,
Secretary to the West Bengal Legislative Assembly.

Calcutta:
The 9th July, 1969.

**Calling Attention to a Matter of Urgent Public Importance**

**Mr. Speaker:** The Minister-in-charge of Irrigation and Waterways Department will please make a statement on the subject of rise of water-level in the River Teesta—called attention by Shri Kalipada Mandal, Shri Anil Dhar Guha Neogi and Shri Sailendra Nath Adhikary on the 10th July, 1969.

**Shri Biswanath Mukherjee:** Sir, with reference to this Calling Notice I want to make the following statement regarding the flood situation in North Bengal:—

Since the last week of May 1969 there has been intermittent rainfall in North Bengal the intensity of which sometimes had been very heavy. On one day the rainfall was of the order of 5" in Jalpaiguri. Uptil now the total rainfall in Jalpaiguri and Cooch Behar area has been of the order of 57" and 74" respectively, since January 1969 against the normal total of about 120 and 140 inches respectively. Most of the rivers of North Bengal have passed floods from low to moderate intensities uptil today.

In the flood warning systems of river Teesta and Torsa we have arranged to issue yellow and red signals depending on the nature of flooding. The signals are different for areas protected and not protected by embankments. The corresponding signals for areas not protected by embankments have been fixed at stages than those fixed for areas protected by embankment. Red signals for protected areas indicate very high flood which may endanger embankment but which still leaves a margin of about 6 feet. Red signals for unprotected area means depth of spilling exceeding 3 ft. In other rivers the old flood warning rules are in force where danger and extreme danger levels are indicated.

Uptil now no rivers have crossed the danger levels in North Bengal. In Torsa and Teesta rivers, even the yellow signals for the areas protected by embankments had not to be issued. Yellow signal for the protected areas coresponds to a flood of moderate intensity as a result of which some spilling

in areas not protected by embankments takes place. Further, so far as the river Torsa is concerned even the yellow signal for the unprotected areas had not been isued so far, though the rainfall has been heavy for this time of the year. This indicated that the river Torsa has so far experienced floods of low intensities. Of course, some spilling in low areas not protected by embankments have taken place.

So far as the Teesta is concerned, uptil now several freshets of low to moderate intensities have passed down the river with discharges varying from 70,000 to 1,80,000 cusecs. Today's discharge of the river at Jalpaiguri is about 1,20,000 cusecs. A yellow signal for the unprotected area (Mandalghat) indicating low flood has been issued. Some spilling is taking place in the Mandalghat area covering an area of 3 sq. miles. The depth of spilling is of the order of 1′ to 2′. Out of the total discharge of 1,20,000 cusecs which is passing down the river today about 6,000 cusecs is passing as spill flow over the said area. Though there was heavy rainfall during the last few days, today the rainfall is scattered and the river level is slowly falling. Yellow signal for the Mekliganj town protected area indicating a flood of moderate intensity was withdrawn yesterday (10-7-69).

In general, though there has been fairly heavy rainfall there has not been heavy intensities of flood in any of the rivers so far. Protective works done so far are expected to withstand all known floods in rivers other than Teesta So far as Teesta is concerned, all floods excepting such an unprecedented flood as the one experienced in 1968 can be expected to be withstood.

The Relief Department have already sent the following boats to Jalpaiguri for flood rescue and relief works:—

(a) 2 country boats on loan from River Traffic Police, Calcutta.

(b) 2 galvanised iron boats by Civil Defence.

(c) 4 country boats with 8 boatmen hired through District Magistrate, Murshidabad, and for this purpose Government already sanctioned Rs. 8,000.

Besides, 2 country boats were locally purchased by Deputy Commissioner, Jalpaiguri, very recently. The question of manufacture of 6 more boats by Deputy Commissioner, Jalpaiguri, is under consideration.

Arrangements will be made for supply of further boats if the situation so demands.

In addition, following relief articles have already been despatched to the Commissioner, Jalpaiguri Division, for making available to the District Officers of North Bengal districts for meeting emergencies in the event of floods:—

Dhuty—4,000 pcs.

Saree—4,000 pcs.

Garments—4,500 pcs. (further 1,500 pcs. being sent shortly).

Tarpaulins—400 pcs.

Milk powder—1,000 lbs.

For meeting emergencies all the District Officers including Deputy Commission Jalpaiguri, have been authorised to draw foodgrains up to a limit of 200 to from the Food Corporation of India for distribution of G.R. without having wait for prior approval of Government to such drawals.

Relief arrangements have been made for Mondalghat area including loc storage of provision for supply in case of emergency.

**Mr. Speaker:** I have received 6 calling attention notices on the followi subjects:—

(1) Want of ambulance cars and X-ray plates in Midnapore Sad Hospital—from Shri Kamakshya Ghose.

(2) Clash of Basanti—from Shri Narayan Chandra Naskar.

(3) Difficulties of admission in colleges—from Shri Gyan Singh Sohanp

(4) Strike in National Medical College—from Shri Gour Chandra Kund

(5) Alliance of Police with unsocial elements—from Shri Sudhir Chand Bhandari.

(6) Reported resignation of Law Officer of the Corporation of Calcutta- from Shri Mohamed Abdul Latif.

I have selected the notice on the subject of difficulties of admission colleges from Shri Gyan Singh Sohanpal. The Minister-in-charge may plea make a statement today or on some other convenient date.

**Shri Satya Priya Roy:** Tuesday next.

**Mr. Speaker:** Honourable members, I would like to inform you that t leaders of all the parties of the House met today in my chamber and agre that ordinarily time not exceeding 5 minutes should be allowed for every questi including supplementaries thereon. After the question is replied by the Minist the member who has put the question should be given precedence to put n more than 3 supplementary questions and thereafter if time is available oth members may put supplementaries. This arrangement will have effect fro Monday, the 14th July, 1969. I would request honourable members to kindl cooperate in this matter.

[2-10—2-20 p.m.]

**Shri Kamakshya Charan Ghosh:**

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি মেদিনীপুর জেলার সর্বোচ্চ হাসপাতাল মেদিনীপুর টাউনের উপর যে ডিস্ট্রিক্ট হসপিটা আছে, সেখানে বর্তমানে কোন অ্যাম্বুলেন্স কার নাই। পূর্বে তিনটি অ্যাম্বুলেন্স কার ছি তার সবগুলিই আউট অব অর্ডার হয়ে গেছে। আপনার মারফতে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় জানাচ্ছি ইমিডিয়েটলী যদি সেখানে, কোন অ্যাম্বুলেন্স কার রিপ্লেসড করা না হয়, তাহ হাসপাতাল অচল হয়ে যাবে এবং বাইরের জটিল রোগীরা আসতে পারবে না। মন্ত্রিমহাশয় দৃষ্টি আকর্ষণের জবাব চাচ্ছি, কবে এর জবাব দেবেন এবং অ্যাম্বুলেন্স কার হাসপাতা রিপ্লেসড করা হবে।

**Shri Amalesh Chandra Majumdar:**

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি একটি গুরুত্বপূ বিষয়ের প্রতি আকর্ষণ করছি। গত ১০।১২ দিন হলো উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল বেরিয়েছে

আমার কাছে খবর আছে যে প্রায় দুশো ছাত্রছাত্রীর ফল অসম্পূর্ণ রয়েছে। তারা সে সম্বন্ধে কিছুই জানতে পারছে না। কলেজে ভর্তি বা বৃত্তিমূলক কলেজে ভর্তির পক্ষে তাদের অসুবিধা হয়ে গেছে। কাজেই তাড়াতাড়ি এই সম্পর্কে একটা ব্যবস্থা করা দরকার।

দ্বিতীয়তঃ এই রকম কাজের জন্য যারা দায়ী তাদের সম্বন্ধে সত্বর একটি তদন্ত হওয়া দরকার।

### Forth Report of the Business Advisory Committee

**Mr. Speaker:** I beg to present the Fourth Report of the Business Advisory Committee which at its meeting held on the 11th July, 1969, in my chamber considered the question of allocation of dates and time for disposal of voting on demands for grants for the financial year 1969-70 and recommended the time table in respect of same.

A copy of the time table, as recommended by the committee, is laid on the table.

The Committee also decided that there shall be meeting of the Assembly on Wednesday, the 16th July, 1969, from 10 a.m. to 1 p.m. to transact the following business remaining unfinished from the 9th July, 1969, namely, (1) West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969—2 hours; (2) Resolution for ratification of the Constitution (Twenty-Second Amendment) Bill, 1969—1 hour; and there shall be no question on that day.

**Shri Jatin Chakravorty:** I beg to move that the Fourth Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

**Mr. Speaker:** The motion is adopted.

### General discussion on budget for 1969-70

**Shri Mahammad Khoda Bux:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেট বিতর্কে লাভ-লোকসানকে, আর্থিক উন্নতি-অবনতি এই সব বিষয়ে কথা বলার আমার যোগ্যতা খুবই অল্প। তবে এটা যেহেতু জেনারেল ডিসকাশন এবং সকলে আপন আপন কথা রাখেন, সেই হিসাবে আমি ও আমার মনের কথা দুটো এই অবকাশে এখানে রাখবো।

মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী যে সমস্ত কারণ দেখিয়েছেন, সেই সব কারণের সঙ্গে আমি মোটামুটি একমত হলেও কয়েকটি বিশেষ বিষয়ে একমত হতে পারিনি। যেমন গভর্নমেন্ট আমাদের সঙ্গে কোনরকম জিজ্ঞাসা বা পরামর্শ না করে ট্রামভাড়া কমালেন বাড়ালেন। তার যে কী ফলাফল, গভর্নমেন্ট কোন্ অর্থনৈতিক চিন্তার দৃষ্টিকোণে এক্সক্লুসিভ ফিয়েটএ করলেন তার কী ফলাফল হলো তা তো আমরা দেখতে পাচ্ছি।

কেন যে হল এবং কি করলে হত না সেটা নিয়ে সম্পূর্ণ আলোচনা এবং সব দিক দিয়ে বিষয়টা বিচার এবং সমীক্ষা করে দেখা হয়েছিল কিনা, সেটা আমার জানতে ইচ্ছা করে। এখন ট্রাম কোম্পানীর ভাড়া আদায়—তার আয় কমে গিয়েছে। সেই আয় কমার জন্য দায়ী ঠিক কি সেটা নির্ণয় হয় নি। কিন্তু ট্রাম কোম্পানীর ভাড়া এই বেশী কমার জন্য যদি তার উপর কোন রকম প্রতিক্রিয়া হয়ে থাকে যেটাতে ট্রামের ভাড়া আদায় কম হচ্ছে তাহলে সেটা সাবসিডি দিয়ে

পূরণ করা এবং কতদূর পর্যন্ত এবং কত টাকা দিয়ে করা উচিত সেটা হাউসের অন্যান্য মেম্বাররা যাঁরা ইকনমিক্স ভালো বোঝেন তাঁরা রাখবেন, তবে এটা আমার চোখে পড়লো! টাকা কম, ট্যাক্স বাড়াতে হবে। বাংলাদেশের জনসাধারণ যেদিন এটা শুনেছেন সেদিন থেকেই তাঁরা মনে মনে প্রস্তুতি নিচ্ছেন, কপালে হাত দিচ্ছেন। তাঁরা ভাবছেন এত দুঃখ-কষ্ট, এত অভাব-অনটন এর উপর আবার কোমরবন্ধনী টাইট করতে হবে। আমাদের মাবোনেরা সংসার খরচে এমনিতেই হিমসিম খাচ্ছেন, জিনিসপত্রের দাম বাড়ছে, সকলের যে অবস্থা হবে আমারও সেই অবস্থা হবে, কি হবে পরে দেখা যাবে। এখন টাকা পয়সা যাতে আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে বেশী পাই তার জন্য আমাদের সমবেত ভাবে চেষ্টা করতে হবে, সে বিষয়ে আমি সহমত। এখন গভর্নমেন্ট চলছে, বাংলাদেশের লোকের দ্বারা নির্বাচিত হয়ে ও'রা এখানে এসে সংখ্যাগরিষ্ঠ হয়েছেন কাজেই ও'দের অধিকার আছে ও'দের চিন্তা প্রসূত এবং দৃষ্টিকোণ থেকে ও'রা বাজেট রচনা করবেন। সে বাজেট পাশ হতে দেব না সে মনোভাব আমার নেই। তাঁদের বাজেট তৈরি করার অধিকার আছে এবং সেই বাজেটে তাঁদের অর্থনৈতিক, সামাজিক, রাজনৈতিক চিন্তাধারার প্রতিফলন থাকবে সেটা স্বাভাবিক বলেই গ্রহণ করে নেব। উনি যে সব কথা বলেছেন যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কিভাবে বেশী টাকা পেতে হবে এবং সেই সংগে উনি যে উদ্ধৃতি দিয়েছেন শীতলবাদ সমীক্ষার—উনি যে বলেছেন ঋণ পরিশোধের ব্যাপারে একটা পুনর্বিন্যাস প্রয়োজন এসব ব্যাপারে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর তথা অর্থমন্ত্রীর সংগে সম্পূর্ণ একমত। তবে দুর্গাপুরে যে লোকসান হচ্ছে এটা ক্রনিক—ক্রনিক কথাটার বাংলা করতে পারি নি, ক্রনিক হয়ে যাচ্ছে। এই লোকসান বন্ধ করতে হবে। কি করলে এই দুর্গাপুর এবং অন্যান্য যেমন স্টেট ট্রান্সপোর্ট বা যেগুলি সরকারী ব্যবসায়ী সংস্থা আছে, যেগুলিকে ব্যবসায়ী নীতিতে চালিয়ে লাভ লোকসান দেখিয়ে, তার ভালো পরিচালনার প্রমাণ দিতে হবে। সেটা নতুন চিন্তাধারায় তার উন্নতি দেখতে পাইনি, আশা করবো উন্নতি দেখবো। স্যার, সব জিনিসকে চালু রাখার জন্য টাকার প্রয়োজন হবে এবং টাকা দিতে হবে। ডেফিসিট ফিন্যান্সিং যদি করার প্রয়োজন হয় তার জন্য এই প্রদেশকে সমগ্রভাবে আমরা পূর্বেও করেছি, আমরা আজও করতে রাজী আছি। আমি স্যার, সমস্ত পড়ে, সমস্ত সমর্থন করে যখন এইখানে এলাম যে,

"I would like to reiterate what I said in my Budget statement in March, 1969 that we will continue to maintain law and order and preserve industrial peace. Police would be used for the protection of all sections of people—Sir, mark these words 'all sections of people'—but it will not be used for the benefit of the few against the interest of the toiling masses."

[2-20 —2-30 p.m.]

স্যার, খুব ভাল কথা। তবে এখন পর্যন্ত এটা মুখ্যমন্ত্রীর পায়াস কামনা মাত্র। তবে এই কথা বলতে এলে আমাদের দুটো কথা বলতে হবে। স্যার, আমরা বাংলাদেশে খুব আশা করে কংগ্রেসকে বাদ দিয়ে ইউনাটেড ফ্রন্ট সরকারকে গদীতে ক্ষমতাসীন করেছি। গভর্নমেন্টের কাজ হল মানুষের চাষ করা। মানুষ অন্যান্য জিনিষের চাষ করবে, অন্যান্য জিনিসের উৎপাদন বাড়াবে, সরকারের চাষ হবে মানুষের। কিভাবে বেশী উন্নত ধরণের উৎপাদনশীল মানুষ বাড়বে তারই চাষ করবে গভর্নমেন্ট। স্যার, আমি মুর্শিদাবাদের একজন চাষী, চাষা বললেও অত্যুক্তি হয় না। স্যার, চাষাও বলতে পারেন। আমি চাষ করেছি। চাষ করতে হলে কি দরকার হয় আমি চাষীর ছেলে, তা জানি। জমিতে বীজ বসিয়ে এসে কাস্তে নিয়ে কাটতে যাবার আগে একবার নিড়িয়ে নিতে হয়। নিড়ান হয় যেটা অবাঞ্ছিত থাকে। আমরা দেখলাম দেশ স্বাধীন হ'ল। জমি চাষ করার ভার আমাদের উপর পড়ল, আর মানুষ চাষ করার ভার পড়ল সরকারের উপর। তখন থেকে দেখে আসছি ঐ যে লক লক করে বেড়ে ওঠে ধানটা কচি কচি থাকে এবং আমরা তখন বলি বাঃ বাঃ শক্তি খুব বেশী, বেশ ফন্ ফন্ করে বেড়েছে। আমরা তার সেই শক্তির দিকে আকৃষ্ট হলাম। কিন্তু সেটা কার শক্তি—সেটা লক লক করা আগাছার শক্তি। ঐ যে দুষ্টের দমন শিষ্টের পালন করা উচিত ছিল। আমরা বহুকাল ধরে ঐ শিষ্টের দিকে আকৃষ্ট হয়ে খুব আশাবাদী হতাম। আমরা ভাবতাম হয়ত ঐটা চাষ করলে বোধ হয় ভাল হবে। এই আমাদের বুদ্ধিহীনতার জন্য সরকার মানুষ চাষ বাদ দিয়ে সরকারের দুষ্টের উন্নতির বাড়

একটু বেশী হচ্ছে। সেদিকে দুষ্ট নিড়ানের বাধা দেখে, দুষ্টের ক্ষমতার প্রতি আমরা আকৃষ্ট হয়ে তাকে আর নিড়াই না। স্বাধীনতার পর থেকে আজ পর্যন্ত দুষ্ট জিনিস নিড়ান হয় নি। তার ফলে কি হয়েছে? স্যার, কংগ্রেস মহাত্মা গান্ধীর সৃষ্টি। এখন কংগ্রেসই বলুন বা অন্যান্য দলই বলুন—কংগ্রেস বলছি এই কারণে যে আমি ঐ দলের সঙ্গে অনেক দিন ছিলাম। আজকের দিনে জাস্ট কংগ্রেসের দরজার বাহিরে অন্য কোথাও যাই নি, শুধু ঐ দরজার বাহিরে দাঁড়িয়ে আছি। এই অবস্থা আপনারা সকলেই দেখছেন। স্যার, আপনি কি ধারণা করেছিলেন যে ঐ মহাত্মা গান্ধীর সৃষ্টির মধ্যে এই সমস্ত লোক প্রচ্ছন্ন ছিল? স্যার, আমি এই সমস্ত কথা অত্যন্ত দুঃখে বলছি। দুঃখ করেও কিন্তু সাবধান বাণী উচ্চারণ করি আমার পুরানো বন্ধুকে, উপমুখ্যমন্ত্রী আমরা একত্রে এসেছি এই হাউসে এবং ও'র সঙ্গে আমার অনেকদিনের আলাপ, আমি তাঁকে উদ্দেশ্য করে বলছি যে যে সমস্ত লোক তাড়াতাড়ি করে মাথায় সাদা টুপি পরেছিল, তারা আজ সেই কারণেই আবার তাড়াতাড়ি লাল টুপি পরতে পারেন, আপনারা সাবধান হোন। এবং যখনই দেখবেন যে ঐ ধরনের জিনিস চলছে তখনই সাবধান হতে অনুরোধ করবো। স্যার, আমরা সমাজে ঠিক করে দিয়েছি যে আমরা ফিউড্যালিজম চাই না, রাজতন্ত্র বা জমিদারী মনোভাব চাই না, আমরা আরও কি ঠিক করে দিয়েছি, আমরা জমির সীমা নির্ধারণ করে দিয়েছি, একটা সিলিং ফিক্স করে দিয়েছি যে এর উপর জমি রাখা চলবে না। এর উপর জমি রাখলে সমাজতন্ত্রের ইগলিটেরিয়ান সোসাইটি—ঐ দিকে নজর না রাখলে আমরা কি দেখছি, বাংলাদেশের যে জমিদাবী আমরা তুলে দিয়েছি, কারণ জমিদারী মনোভাব খুব খারাপ, ওতে মানুষকে অমানুষে পরিণত করে, কিন্তু এখন আমরা দেখছি আমাদের ল্যান্ড রেভিনিউ-এর জমিদার বাহাদুর কো-অপারেটিভ সোসাইটির জমি কেড়ে নিতে চাইছেন। আমার জেলায় এটা ঘটেছে, তারা কো-অপারেটিভ সোসাইটি করে গভর্নমেন্ট থেকে জমি বন্দোবস্ত দিয়েছেন, তারপর এই জমিদারী বন্দোবস্তের নূতন হিড়িক আসায় কো-অপারেটিভ সোসাইটির কাছ থেকে জমি কেড়ে নিয়ে কতকগুলো লোককে দেওয়া হয়েছে, এখন এক কলমের খোঁচায় সেই কো-অপারেটিভ সোসাইটির অস্তিত্ব মুছে গেছে, ১০ হাজার টাকা গভর্নমেন্টের কাছে ধারে, এই যে জমিদারী বাড়ানোর মনোভাব এটা তো পিসফুল কো-এক্‌জিস্ট্যান্স শান্তিপূর্ণ সহঅবস্থান নয়, আমি যতটপ্রকু চাষ করতে পারবো তার বেশী জমি আমি নিতে যাবো কেন, আর তা দিতে চাইলেই বা পাবো কেন। প্রকৃতপক্ষে যে জমি আছে যে কর্ষণীয় ক্ষেত্র আছে, সেই ক্ষেত্র কর্ষণ করে উন্নততর মানুষের চাষ করে আগে দেখান, তারপর অন্য ক্ষেত্রের উপর হাত বাড়ান। আপনারা তো মনে মনে সব'ই জমিদার, অথচ জমিদার বলে যে শ্রেণী ছিল তাকে উড়িয়ে দিয়ে বাইরে বাহবা নিচ্ছেন যে আমরা সমাজতন্ত্র চাই না, জমিদারী চাই না, কিন্তু মনে মনে সবাই জমিদার। এই জমি ঐ জমি কি করে কেড়ে নেবো, কি করে মারধোর করে নেবো, কি করে লুঠ করে নেবো, তাতেই তো আপনারা সবাই সব সময় ব্যস্ত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার আর দু-একটি কথা আছে সেইগুলো বলেই শেষ করছি, কারণ আপনি গ্রীণ সিগন্যাল জ্বালিয়েছেন। এই যে শিক্ষা, ছাত্র, এই সমস্তর একটা ইন্টিগ্রেটেড প্রবলেম আছে। ছাত্রদের আগের কালে গুরুবাড়ীতে পাঠিয়ে দেওয়া হতো, রেসিডেন্সিয়াল কলেজে দেওয়া হতো, কারণ ঐ অপরিপক্ক মন যেন এই পৃথিবীর আবিলতা কুটিলতার সংস্পর্শে এসে নষ্ট না হয়ে যায় সেই জন্য। তাদের সুরক্ষিত রাখবার জন্য গুরুর বাড়ী পাঠানো হতো। আজকাল আমাদের শিক্ষাবিদরা কি করছেন, চেয়ার ভাঙ্গাছেন, কি করবে না করবে, কোন কাজে লাগাবে না লাগাবে সেই চিন্তায় ব্যস্ত তাদের অপরিপক্ক, অসংস্কৃত মনকে নিয়ে এই পৃথিবীর আবিলতা, কুটিলতার মধ্যে টেনে নিয়ে আসছেন, এটা কি সুশিক্ষা। আমি তাদের কাছে অনুরোধ করবো যে তাদের এই জিনিসের আওতা থেকে বের করে দিন, তা না হলে এই যে আজকের দুর্ভোগ, কালকের তাণ্ডবে পরিণত হবে। মাননীয় শিক্ষামন্ত্রী বলেছেন যে ওরা সহজ পাঠ কিছু ছাপাচ্ছেন প্রাইমারী ছাত্রদের ভিতর বিতরণ করবার জন্য। আমার একটা অনুরোধ আছে যে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয় কৃপা করে বাঙ্গালীর সন্তানদের গুরুকরণের গুরু হবার জন্য বই লিখে গেছেন।

[2-30—2-40 p.m.]

সেই যে বই বর্ণ পরিচয় প্রথম ভাগ, দ্বিতীয় ভাগ তাতে বাংলাদেশে শিক্ষার যে গ্রাজুয়েশন আছে তার সমান অন্য বই আছে কি? শিক্ষার ক্ষেত্রে নিচের দিকে নজর রেখে তিনি এই সমস্ত বই করেছিলেন, এই রকম অন্য কোন বই আছে কি? শিক্ষামন্ত্রী যদি অন্য কোন দিকে না তাকিয়ে শুধু দাঁড়িপাল্লায় বিচার করে দেখেন, তাহলেও দেখবেন, কত টাকায় কত ওজনের বই। সেদিক দিয়েও বিচার করে দেখতে পারেন। সেই বীরসিংহের বীরকে আমরা হয়ত পুজো করি। কিন্তু তাঁর বাড়ীটা পড়ে আছে। তাঁর নামে হয়ত স্ট্যাম্প বের করেছি। কিন্তু তিনি তা চান নি। তাঁর লেখা এমন অনেক বই আছে যা এখানে অনেক মাননীয় সদস্য দন্তস্ফুট করতে পারবেন না। তিনি মনোরঞ্জনের জন্য নয় শিক্ষার জন্য যে বই লিখে গিয়েছেন তা যত কম পয়সায় দেওয়া যায় সেই রকম ব্যবস্থা নেওয়া উচিত।

আমি মেজর মাইনরিটি কমিউনিটির লোক। তাঁরা চাকরি বাকরির ক্ষেত্রে সব ক্ষেত্রে উপেক্ষিত হয়েছে, অবহেলিত হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি বিচারের আসনে আছেন বটে, কিন্তু আপনাকে এখানে আসতে হয়েছে জনসাধারণের ভোট নিয়ে, সেই জন্য আপনার কাছে একটা অ্যাপীল করছি, ইফ ফর নাথিং এলস্......................................অন্তত পুলিশে তাদের নেওয়া হোক। আমি মাননীয় উপ-মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি টু এ্যারেস্ট করাপশন অন্যান্য সম্প্রদায়ের লোক নেওয়া হোক। যেহেতু এক সম্প্রদায়ের লোক এখানে নেই তাই থানায় আজকে কি অবস্থা, কি জিনিষ হচ্ছে। সকলেই জানেন আজকে একটা কমিউনিটির লোক নাজেহাল হচ্ছে। এদের নেওয়া হলে এই রকম অবস্থা থাকবে না। আপনি আমাকে সময় দেওয়ার জন্য স্পীকার মহাশয় আমি আপনাকে অসংখ্য ধন্যবাদ জানাচ্ছি।

**শ্রীগোপাল বসু:** মাননীয় স্পীকার, স্যার, বিরোধী পক্ষ থেকে বার বার বলা হয়েছে যে এটা ঘাটতি বাজেট। একবারও বলেন নি যে এই ঘাটতি ৫৩ কোটি টাকা, তার মধ্যে কেন্দ্রের ঋণ শোধ করতে হবে প্রায় ৮৪ কোটি টাকা। ও'রা একবারও বললেন না যে সেন্ট্রাল এলোকেশনের ক্ষেত্রে বাংলাদেশকে ঠকান হয়। ও'রা ছিলেন এই দিকে (সরকার পক্ষের আসন দেখাইয়া) এবং আমরা ছিলাম বিরোধী পক্ষে তখন একবার বিধান রায় বলেছিলেন এলোকেশনে আমাদের ঠকাচ্ছে, আসুন আমরা এক সঙ্গে প্রস্তাব নিই। তখন আমরা এলোকেশনের জন্য এক সঙ্গে প্রস্তাব পাশ করেছিলাম। ও'রা কি সেকথা বলতে পারেন না। অর্থ কমিশনের ক্ষেত্রে কি হচ্ছে? ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলে সমস্ত মুখ্যমন্ত্রী বলেছেন তারপর স্টাডি টিম ঠিক করার জন্য যে স্টাডি টিম হয়েছিল তাঁরাও বলেছেন, এই সব অন্যায় হয়েছে, ঠকান হচ্ছে। তারপরও মোরারজী দেশাই বলেছেন যে, ডিসক্রিমিনেশন করা হয় নি বাংলাদেশের ক্ষেত্রে। নিশ্চয় করা হয়েছে। নিশ্চয় বাংলাদেশকে ঠকান হয়েছে, ডিসক্রিমিনেশন করা হচ্ছে। বাংলাদেশে আমরা পাট চাষ করি, আমরা চা চাষ করি এই পাট, চা বিক্রি হয়ে বিদেশী মুদ্রা আহরণ করে কেন্দ্র। চা ও পাটের ক্ষেত্রে আমাদের প্রাপ্য অংশ আমরা কি পাই? বাংলাদেশকে তা ফিরিয়ে দেওয়া হয় না। আমাদের খাদ্যের যে জমি আছে তাতে আমরা পাট চাষ করি, আমাদের খাদ্যের যে জমি আছে তাতে চা তৈরী করছি, আর আমরা চা দিচ্ছি, পাট দিচ্ছি, বিদেশী মুদ্রা দিচ্ছি, কিন্তু যখন আমরা বলছি, আমাদের একটু খাদ্য দাও প্রয়োজনীয় খাদ্য আমরা পাচ্ছি না। তাহলে কি এটাই বলতে হবে বাংলাদেশকে বাঁচাবার জন্য আমাদের যদি খাদ্যে ঘাটতি হয় আমরা যদি চা, পাট ইত্যাদি তৈরী করি তাহলে আমাদের দেশকে ভুগতে হবে। এবং সেই ভোগান্তির জন্য মোরারজী দেশাইয়ের কাণ্ডজ্ঞান হবে না, তার বিবেক কে'দে উঠবে না, যে বাংলা দেশকে আমরা ঠকাচ্ছি। আর ঐখানে বসে তারা বলবেন, এই বাজেটে বড় অন্যায় হচ্ছে। কিসের অন্যায়? বিবেককে একবার জিজ্ঞাসা করুন। বাংলাদেশের প্রাপ্য বাংলা দেশ পাবে কি না? বাংলাদেশকে ঠকানো হচ্ছে কি না? দেশ বিভাগ হয়েছে, উদ্বাস্তুদের যে দায়ীত্ব সেটা কেন্দ্রীয় সরকারের। আজ তাঁরা বলেন কেন্দ্রীয় সরকারের কোন দায়ীত্ব নেই। যেদিন মাইশোর থেকে এস্টিমেট কমিটির ১৫ জন সদস্য এসেছিলেন। তারা বললেন, এখনও পূর্ববাংলায় হিন্দু আছেন। স্যার, এইভাবে অপপ্রচার হচ্ছে, এই কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে. অপপ্রচার হচ্ছে

কংগ্রেসের পক্ষ থেকে। এখনও পাকিস্তানের সঙ্গে কোন গোলমাল হলে হিন্দুরা পাকিস্তান থেকে পালিয়ে এখানে চলে আসছে। তার দায়ীত্ব কেন্দ্রীয় সরকার নেবে না তো কে নেবে। সেই উদ্বাস্তুদের পুনর্বাসনের ব্যবস্থা করতে গেলে এই যে ঘাটতি হবে সেটা কেন্দ্রের পূরণ করা উচিত, কাজেই এজন্য বলছি সোচ্চার হোন, ওখান থেকে বলুন কেন্দ্র অন্যায় করছে, কেন্দ্র আমাদের ঠকাচ্ছে। এবং তার জন্য চাই আরো পাওয়ার, আরো ফান্ড এবং আরো অথরিটি, এবং সেই অথরিটি নিয়ে কেন্দ্রের কাছ থেকে সেগুলি আনুন। সেজন্য কংগ্রেস বন্ধুদের আমি বলবো, যারা ঐদিকে আছেন তাদের বলবো যে, একটু বিবেক নিয়ে কথা বলুন। শুধু সমালোচনা করবেন না। আগে যা বলেছেন তার জন্য ভুগেছেন, সেই ভোগান্তির বিরুদ্ধে আজ রুখে দাঁড়ান। আজ আপনারা বলছেন আইন-শৃঙ্খলার কথা, গত ১০ বছর আপনারা কি করেছেন? আইন-শৃঙ্খলার আড়ালে আপনারা কি কি কাজ করেছেন, একবার ভেবে দেখেছেন, বিবেককে সে কথা কি জিজ্ঞাসা করেছেন কখনও? এই ২০ বৎসর ধরে আপনারা যে সমস্ত চুরী-জোচ্চুরী, লুটের রাজত্ব করেছেন। এই ২০ বছরে আয়কর ফাঁকি দেবার বন্দোবস্ত করেছেন, কালো টাকার পাহাড় করে দেবার বন্দোবস্ত করে দিয়েছেন। মজুর ছাঁটাই করেছেন, লে অফ, লক আউট করেছেন। ওয়েজ কাট করেছেন, কাজের বোঝা চাপিয়েছেন, মিনিমাম ওয়েজ পর্যন্ত শ্রমিকদের দেন নি। অ্যাওয়ার্ড আপনারা মানেন নি। চুক্তি ভাঙ্গছে মালিকরা, প্রভিডেন্ট ফান্ডএর টাকা যথেচ্ছ খরচ করেছেন, বেকার শ্রমিকের বৌ গলায় দড়ি দিয়ে মরেছে। আপনারা আইন-শৃঙ্খলার মারফত একদিকে এটা সৃষ্টি করেছেন, আর এক দিকে কৃষককে তার ফসলের ন্যায্য দাম আপনারা দেন নি, মহাজনের কাছে তারা বাঁধা পড়েছে, জমি তাদের হাত ছাড়া হয়েছে। মহাজনের কাছে জমি হারিয়ে চাষের জমি জলে ডুবিয়ে দিয়ে মেছোভেড়ী করা হয়েছে, জমি থেকে চাষী উচ্ছেদ হয়েছে, আর অন্নদাতা কৃষক আজ অন্নের ভিখারী হয়েছে। বাংলাদেশকে আপনারা দুর্ভিক্ষে পরিণত করেছেন। এই ২০ বছর ধরে আপনারা এগুলি করেছেন। আপনাদের ল অ্যান্ড অর্ডারএর কথা বলতে লজ্জা করে না, আজ তার বিরুদ্ধে যদি লোক রুখে দাঁড়ায়, তার বিরুদ্ধে যদি নিপীড়িত লাঞ্ছিত মানুষ রুখে দাঁড়ায় তাহলে আপনারা বলবেন, ল অ্যান্ড অর্ডার ভেঙ্গেছে। আপনারা শাসনযন্ত্রকে কায়েমীস্বার্থে প্রয়োগ করেছেন এবং পেষণযন্ত্র হিসাবে সাধারণ মানুষকে, গরীব মানুষকে পেষণ করবার যন্ত্র হিসাবে শ্রেণীর হাতীয়ার হিসাবে ঐ পার্লিয়া-মেন্টারী ডেমোক্রেসীর নাম করে তাদের আপনারা পেষণের যন্ত্র করেছেন, সাধারণ মানুষকে শোষণ যন্ত্রে পরিণত করেছেন। সারা দেশে সমাজবিরোধী আর গুন্ডার আড্ডা তৈরী করেছেন। আপনারা আর কি করেছেন এটা আমি পড়ে শোনাব, এটা একটা চ্যালেঞ্জ, কংগ্রেসের আমলে কত জমি চুরি হয়েছে, কত জমি বেনামী হয়েছে, এখানে অর্ধেন্দু নস্কর ছিলেন, আমি কয়েকটি কথা বলি, এখনও তার কি আছে জানেন, ৩ হাজার ৭ শত ২৭ একর জমি, ঐ মেছোভেড়ীর নামে, কৃষিজমির নামে, এখনও সেগুলি বে-নামী হয়ে আছে। বীরভূমে বৈদ্যনাথ ব্যানার্জি তারও প্রায় ২১২ একর জমি, আর ঐ মেদিনীপুরের হাঁসদা এবং ধনঞ্জয় গায়েন, তারাও প্রায় ১৪ শত একর জমি চুরী করে, বে-নামী করে রেখেছেন। সোনারপুর থানা অঞ্চলে, শামুকপোতা নামে একটা মৌজাতে প্রায় ১৫২টি প্লটএ প্রায় ২০০ শত একর বেশী জমি, সেটা মেছোভেড়ীর নামে রেকর্ড করিয়ে নিয়েছেন।

[2-40—2-50 p.m.]

আসলে কিন্তু তাতে আছে ১৪টা প্লটে ৩৬ একর জমিতে মেছোভেড়ী, বাকী সমস্ত লেখা আছে মেছোঘেরী বলে। এখন সেই জমি যদি উদ্ধার করতে যাওয়া হয় তাহলে আপনারা এবং আপনাদের রক্ষিতা কাগজগুলি চীৎকার করে ওঠেন যে মেছোঘেরীর উপর আক্রমণ হয়েছে—লজ্জা করে না? শালি জমিকে মেছোঘেরী হোগলা বন বলে চালিয়ে দেন এবং সেবায়েত নিয়ে পুত্র-কন্যা নিয়ে ভোগ করেন। আপনাদের ওয়েস্ট দিনাজপুরের সদস্য তাঁর ২৫০ বিঘা জমি শ্বশুর-শ্বাশুড়ির নামে বেনামী করেছেন—তাঁরা চলে গেছেন পাকিস্তানে আর নিজের নামে জমি রয়েছে ভেস্টেড হয়েছে ৫০০ একর। এখন সেই ৫০০ একর জমি নিয়ে টানাটানি লেগেছে সেজন্য জয়নাল আবেদিন সাহেবের বড় কষ্ট, বড় ব্যথা যে ঠকিয়ে যা নিয়েছি তা নিয়ে টানাটানি মুখার্জীকে ষড়যন্ত্র করে ছুরিকাহত করা হয়েছে কুপার্স ক্যাম্পে মণীন্দ্র সরকারকে খুন করেছে,

মণীন্দ্র সরকারকে কংগ্রেসীরা খুন করেছে, সোনারপুরে আশু মন্ডলকে হত্যা করে মাটির তলায় পুঁতে দিয়েছেন এবং মাটির তলা থেকে তার মৃতদেহ উদ্ধার করা হয়েছে, চৈতন্যপুর বর্ধমানে জোতদারেরা দুজনকে প্রকাশ্য দিবালোকে বন্দুকের গুলিতে হত্যা করেছে, ক্যানিংএ আসুত মোল্লাকে হত্যা করেছেন, নর্থ ব্যারাকপুরে, হাসনাবাদে এই ভাবে আপনারা খুন করেছেন। আমি তাই বলি খাঁচার সিংহকে খাঁচার বাইরে থেকে লোহার ডাণ্ডা দিয়ে খোঁচা দেয়াই ভাল, কিন্তু সেই খাঁচার সিংহকে আজ যুক্তফ্রন্ট সরকার ছেড়ে দিয়েছে এবং সেই সিংহের থাবা দেখে আজ ওঁরা আঁতকে উঠছেন, আজ আর ওঁদের রক্ষা নেই, আজ দিন পালটে গেছে। আজ যুক্তফ্রন্ট সরকার সাধারণ মানুষকে মুক্তি দিয়েছে, বলেছে তোমরা এগিয়ে যাও, আমরা তোমাদের পেছনে আছি। যে রাষ্ট্রযন্ত্র এতদিন কায়েমী স্বার্থের পক্ষে ছিল সেই রাষ্ট্রযন্ত্র আজ শ্রমিক, কৃষক, মধ্যবিত্ত সাধারণ মানুষের পক্ষে ব্যবহার করা হবে। আজ তাই ওরা বলছেন যারা ছিল পায়ের তলায় তারা আজ মাথায় ওঠে কেন। ওরা বলছেন আজ আইন শৃঙ্খলা কি আছে—তা তো নেই, আজ শোষণের স্বাধীনতা নেই, লুঠ করার স্বাধীনতা নেই, ঐ জোতদার মালিকশ্রেণী কালোবাজারী তাদের স্বাধীনতা নেই বলেই আজ আইন-শৃঙ্খলা নেই কিন্তু আমি বলব এই দৃষ্টিভঙ্গী আজ পাল্টাতে হবে, আজ এটা বুঝে নিতে হবে কৃষক, শ্রমিকের হাতে যুক্তফ্রন্টের রাষ্ট্রযন্ত্র—আজ আর প্যাঁ, পুঁ করা চলবে না। তাই ওঁরা পুঞ্জীভূত বেদনা আক্রোশে ফেটে পড়ছেন। এতদিন যারা শোষণ করে এসেছে আজ তাদের বদলা নেয়া হবে। এই তো ২৪-পরগনা জেলায় সাধারণ কৃষকের নূতন বিয়ে হলে বৌকে ঘরে নিতে পারত না, জোতদারের ঘরে প্রথম রাত্রিটা রাখতে হোত। আজ যদি সেই সমস্ত কৃষকদের সেই সমস্ত জোতদারদের বিরুদ্ধে বজ্রমুষ্টি ওঠে তাহলে আবার আতঙ্কের কি আছে? আজ সেজন্য আইন-শৃঙ্খলা নেই বলে আপনারা একদিকে আতঙ্কে চীৎকার করেন সারা ভারতবর্ষে, আর একদিকে আপনারা ষড়যন্ত্র করেন। গতবারও করেছেন—বাগমারীতে আপনারা ষড়যন্ত্র করেছেন, তারপর তাতে যখন হয় নি তখন দাঙ্গা সৃষ্টি করার চেষ্টা করেছেন, তারপর এম এল এ কেনাবেচা সুরু করেছেন গরু ছাগলের মত, ওখানে এখনও একটা ছাগল বসে আছেন।

কিন্তু এবার দেখছেন এদিকে মানুষ আছে। সুতরাং আপনাদের ষড়যন্ত্র এবার অন্য রকম। মনুষ্যত্ব যখন যুক্তফ্রন্টের মধ্যে আছে তখন আর কেনাবেচা করা যাবে না। সুতরাং ষড়যন্ত্র করতে কেন্দ্রের সাহায্য নাও, সি আই এ-এর সাহায্য নাও, দুর্গাপুর, তেলিনীপাড়া, টিটাগড়, কাঁকিনাড়া তৈরী কর, রবীন্দ্র সরোবর তৈরী করার জন্য ডাকহরকরার মত ভদ্রমহিলাকে বাজারে ছেড়ে দাও এবং তাতেও যখন হয় না তখন সুবোধ দত্তের মত পুলিশদের নিয়ে নাড়াচাড়া করতে আরম্ভ কর। আমরা যুক্তফ্রন্ট থেকে বলব এই ষড়যন্ত্র সফল হবে না এবং আমরা এটাকে রুখব। পুলিশ মুর্খ নয়, তারা কৃষক শ্রমিকের ঘর থেকে এসেছে। সেজন্য আমরা বলব তোমাদের যে স্বার্থ, ভবিষ্যৎ তা যুক্তফ্রন্ট দেখবে। সুতরাং ঐসব ষড়যন্ত্রের মধ্যে যেও না। তোমরা জনসাধারণের সেবক হিসাবে থাকলে জনসাধারণ তোমাদের পাশে থাকবে। সুতরাং কয়েকজন সুবোধ দত্তের মত অফিসার নিয়ে দেশকে বিভ্রান্ত করার যদি চেষ্টা হয় সাধারণ মানুষ তাতে বিভ্রান্ত হবে না। এছাড়া মোরারজী দেশাইয়ের এটা জেনে রাখা উচিত যে বাংলার মানুষ তাঁকে লক্ষ্য করছে। ১৯৬৭ সালে একবার লক্ষ্য করেছিল এবং সেই লক্ষ্য করেছিল বলে আজ এই ভোটের মাধ্যমে ১২৭ থেকে ৫৫-তে দাঁড় করিয়েছে। এবার যদি নজর দেন তাহলে বাংলার বুক থেকে ওঁরা নিশ্চিহ্ন হয়ে যাবে। সুতরাং এই ষড়যন্ত্র মানুষ সহ্য করবে না এবং বাংলার মানুষ একে চ্যালেঞ্জ হিসাবে নেবে। যুক্তফ্রন্টের মধ্যে অনেক বিভেদ আছে, কিন্তু মিলনের সম্পর্কও তার চেয়ে বেশী আছে। সেজন্য আমরা একটা কর্মসূচী নিতে পেরেছি। যদি আমাদের বিরোধ তাহলে মুখ্যমন্ত্রী তো বলেছেন যে হাইকোর্ট, সুপ্রীম কোর্ট—অর্থাৎ জনতা—যারা আমাদের বসিয়েছে, তারাই আমাদের সমস্ত বিরোধের মীমাংসা করে দেবে, সমস্যার সমাধান করে দেবে। সুতরাং আমি বলব এই বিভেদ সৃষ্টি করে কোন লাভ নেই। যুক্তফ্রন্ট ঐক্যবদ্ধ আছে, থাকবে এবং বিরোধ, বিভেদ থাকা সত্ত্বেও আমরা ঐক্যবদ্ধ। কাজেই আজ যুক্তফ্রন্ট যে নীতি অনুসরণ করেছে সেটা হচ্ছে জনসাধারণের স্বার্থ সংরক্ষণের দিক। তাই আজ মজুর, শ্রমিক, ৩২ লক্ষ ইঞ্জিনীয়ারিং, ২ লক্ষ চটকল শ্রমিক, ৪০ হাজার বিভিন্ন কলকারখানার শ্রমিক,

সওদাগরী অফিসের কর্মচারী ইত্যাদি সবাই মিলে একটা নূতন বাংলা গোড়াপত্তন করার জন্য এগিয়ে চলেছে। কাজেই যুবক, ছাত্র, শ্রমিক ইত্যাদি সবাই এগিয়ে চলেছে। এই যে জলতরঙ্গ একে রুখবার শক্তি ইন্দিরাজী, চ্যবনের নেই। কাজেই এই অগ্রগতি চলছে, চলবে এবং এর গতিরোধ করার কেউ নেই। এ বাঁধভাঙ্গা জোয়ারের মত এগিয়ে চলেছে।

[2-50—3 p.m.]

একে বাধা দিয়ে বেশী কিছু লাভ নেই। এক্সেস কোথাও কিছু হতে পারে, কিন্তু এতদিন যে এক্সেস আপনারা করেছেন তার হিসেব কড়ায়-গণ্ডায় দিতে হবে। সাধারণ মানুষের উপর যে অত্যাচার আপনারা করেছেন তার বিরুদ্ধে সাধারণ মানুষের যে পুঞ্জিভূত বেদনা রয়েছে, যে আক্রোশ রয়েছে তার প্রতিশোধ নিতে গিয়ে যদি একটু এক্সেস করে তাহলে সেটা হতে পারে। তবে সাধারণ মানুষ শৃঙ্খলাবদ্ধ, তারা এক্সেস করে নি, এখনও জমিদার, জোতদাররা এক্সেস করছে। এই যে সংগ্রামের পরিচয় তারা দিচ্ছে এটা হচ্ছে একটা ইসারা এবং আগামী দিনে এটা আরও এগিয়ে যাবে এবং এর সঙ্গে আছে জনতা। কাজেই ভবিষ্যতের জন্য হুঁসিয়ার হও, ভবিষ্যতের জন্য সাবধান হও। সাধারণ মানুষের ঘরে যে আগুন তোমরা জ্বালিয়েছ সেই আগুনে এখন দিল্লীতে জ্বলছে, বাংলাদেশে তোমরা খান খান হয়ে চলেছ। কাজেই বলছি এখনও সাবধান হও।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি এই ঘাটতি বাজেটের বিরোধিতা করবার জন্য দাঁড়িয়েছি। আমরা দেখছি ৫৩ কোটি টাকা ঘাটতি দেখান হয়েছে এবং কর চাপান হবে ৭৫ কোটি টাকা বাংলাদেশের মানুষের উপর। এঁদের কথা অনুযায়ী যদি আমরা ধরি বাংলাদেশ অর্থনৈতিক চাপে জর্জরিত, বাংলাদেশের মানুষের কোন রকমে চলছে না, বাংলাদেশের মানুষ চাকুরী পাচ্ছে না, বাংলাদেশের মানুষ ব্যবসায়ে এঁটে উঠতে পারছে না তাহলে কোন যুক্তিব বলে নূতন ৭৫ কোটি টাকা আমাদের মুখ্যমন্ত্রী বাংলাদেশের গরীব মানুষের উপর চাপাচ্ছেন? তিনি এখনও আমাদের বলেন নি এই টাকা তিনি কর বসিয়ে আদায় করবেন কি না। অর্থাৎ দেখা যাচ্ছে আমরা এখনও অন্ধকারে রয়েছি। কোন সামগ্রীর উপব কর বসবে? চাষীর উপর বসবে, না বড়লোকের উপর বসবে, না শ্রমিকের উপর বসবে, না বিলাস সামগ্রির উপর বসবে, কিছুই জানিনা সব অন্ধকার। হঠাৎ হয়ত শুনব একটা অর্ডিন্যান্স বলে এই কর চাপিয়েছেন এবং আমাদের সেটা মাথা পেতে নিতে হবে। আমি মুখ্যমন্ত্রীকে বলব তিনি অনেকদিন কংগ্রেস দলের মন্ত্রী ছিলেন কাজেই তিনি নিশ্চয়ই দেখেছেন ডাঃ রায়ের আমলে বা অন্য আমলে অনেক পরামর্শ করে তবে কর বসান হয়েছে। আমার মনে আছে একবার কমলা লেবুর উপর, পাতি লেবুর উপর কর বসল এবং তখন আমরা ভীষণভাবে আপত্তি করেছিলাম-যদিও সেটা ছিল সামান্য টাকা। আমরা দেখেছি আমাদের পার্টি মিটিং হয়েছে, ওঁরা যখন বিরোধীদলে ছিলেন অ্যাসেমব্লীতে তখন ওঁদের সঙ্গে পরামর্শ করা হয়েছে এবং তারপর কোন কোন ক্ষেত্রে কিছু কিছু কর উঠিয়ে নেওয়া হয়েছে আবার কোন কোন ক্ষেত্রে কর বাড়িয়ে দেওয়া হয়েছে। তিনি অনেকদিনের পুরান মন্ত্রী কাজেই সেইসব কথা যেন ভুলে না যান। আজকে তিনি বালির ঢিবিতে বসে নানা রকম মুখরোচক কথা বলছেন। বালির ঢিবি যে বেশীদিন টেকে না এটা জানা উচিত। উনি বাংলাদেশের মানুষকে সুপ্রিম কোর্ট মনে করেছেন। আমি বলি তিনি যদি সত্যিই সুপ্রিম কোর্ট মনে করে থাকেন তাহলে জ্যোতিবাবুর বাড়ীতে কেন দুশো আড়াইশো পুলিশ থাকে, কেন তিনি পুলিশ ছাড়া বাস করতে পারেন না? জনগণকে যাঁরা সুপ্রিম কোর্ট বলেন তাঁদের বোঝাতে হবে, প্রমাণ করতে হবে যে জনগণ সুপ্রিম কোর্ট।

মুখ্যমন্ত্রীর সঙ্গে পুলিশ পাহারা থাকে কেন? একদিন জ্যোতিবাবু বলতেন বিধানবাবুর বাড়ীতে কেন পুলিশ পাহারা থাকে, আজকে নিজে কেন তিনি পুলিশ পাহারায় রয়েছেন? আমি তাই মুখ্যমন্ত্রী মহাশয়কে একথা বলব যে তিনি এই হাউসে আলোচনা না করে কোন নূতন কর ধার্য করতে পারবেন না। এবং এমনভাবে কর ধার্য করবেন যাতে করে নিম্ন মধ্যবিত্ত, মধ্যবিত্ত এবং গরীব লোকের উপর কোন রকম করের বোঝা না চাপে। আমি সেকথা আপনাকে

বার বার স্মরণ করিয়ে দিচ্ছি। কংগ্রেস আমলে যতবার কর চেপেছে বিভিন্ন জিনিষের উপ গরীবের উপর করের বোঝা বেশী চাপে নি, বড় লোকের উপরই কর চেপেছে।

(হট্টগোল)

আজকে একটা জিনিষ আমাদের সামনে সুস্পষ্ট হয়ে গেছে যে মুখ্যমন্ত্রী মহাশয় বার বার ক বলে গেছেন এই হাউসে যখন তিনি আমাদের দলের মন্ত্রী ছিলেন, যাতে গরীবদের উপর ট্যা ধার্য না হয়। আজকে আমরা সেটাই চাই। বড় লোকের উপর ট্যাক্স ধার্য করুন, আমরা ত সমর্থন করব। কিন্তু একটা জিনিষ তাঁরা ভুলে যাচ্ছেন যে বড় লোকের উপর ট্যাক্স চাপালে ত আদায় হবে না। কেন না কলকারখানার মাল বেচাকেনা কমে যাবে তাতে ট্যাক্স অর্ধেকও আদা হবে না, সেদিকটা চিন্তা করে দেখবেন যে সেল্স ট্যাক্স যদি বাড়ে তাহলে অর্ধেক আয় ক যাবে। এদিকটা লক্ষ্য করে যেন তিনি নূতন কর ধার্য করেন।

আর একটা মারাত্মক কথা আমি এখানে বলতে চাই। স্যার, আপনারও বয়স হয়েছে, আমার বয়স হয়েছে, এখানে অনেক ছেলে ছোকরা আছে যারা তখন জন্মায়নি।

**মিঃ স্পীকার:** আপনি কেন মেম্বারকে বলছেন, যা বলতে হয় আমাকে বলুন।

**শ্রীনেপালচন্দ্র রায়:** আমি স্যার, অন্য কথা বলছি না, আমি বলছি বয়সের কথা, বয় আপনারও হয়েছে, আমারও হয়েছে......

(হট্টগোল)

**Shri A. H. Besterwitch:** On a point of order, Sir. Just now Shri Nepal Roy used the expression "You are old enough, Sir, but here there are a lot of Chhele Chhokra". I appeal to you that such a thing should be stopped and he should apologise to the House.

**Mr. Speaker:** For his love for all of you he has addressed us as Chhele Chhokra, not meaning anything wrong or any humiliation for you. Mr. Roy, please continue.

**শ্রীনেপালচন্দ্র রায়:** আমি স্যার, কারও উপর অ্যাসপার্শন করছি না। আমি যেটা বলছিলাম সেটা হচ্ছে ১৯৪৭ সালের ১৬ই আগস্টএর কথা আপনি স্যার নিশ্চয়ই ভুলে যান নি। সেদিন মুসলিম লীগের নেতারা ডাইরেক্ট অ্যাকশন ডিক্লেয়ার করেছিলেন, সেদিন তাঁরা বলেছিলেন আমরা যারা রি-অ্যাকশনারী আছি অর্থাৎ তাদের মতের সঙ্গে যাদের মিল নেই, তাদের ঠিক করবেন। আজকে যুক্তফ্রন্ট বার বার করে বলছে যে, তাঁরা যুক্ত আছেন বিযুক্ত নন। একটু আগে সরকার পক্ষের এক বন্ধু বলে গেলেন যতই চেঁচান, যতই করুন, লড়াই করলে কি হবে, আমরা এক সঙ্গেই আছি। থাকুন, আমরাও চাই যে থাকুন। আপনারা ঝগড়া করে পালিয়ে যাবেন, তা কখনো হতে দেব না, আমরা আপনাদের এখানে আটকে রাখব, জনগণের সামনে আপনাদের বিচার করা হবে। তবে ১৪ই জুলাই যে ডাক দিয়েছেন, এটা কিসের ডাক?

[3—3-10 p.m.]

এই যে ডাক দিয়েছেন, এটা কিসের ডাক? এটা কি এদের সংহতির ডাক, না মুসলীম লীগের মত ১৬ই আগস্টের ডাক? সেই পুরানো কথা বাংলাদেশের মানুষকে স্মরণ করিয়ে দেবার জন্য এটা আমি পুলিশ মন্ত্রীর কাছে জানতে চাই। সুরাবর্দী সাহেব বলেছিলেন—কোন গোলমাল হবে না। আমরা মুসলিম লীগের সমর্থক যারা মুসলিম লীগকে সমর্থন করবেন বাংলার মানুষের কিছু হবে না। আমরা সেদিন দেখেছি—সেদিন আমি জোয়ান ছিলাম, বাংলাদেশের নিরীহ মানুষ, কি হিন্দু, কি মুসলমান তাদের উপর কি রকম জুলুম হয়েছে, অত্যাচার হয়েছে, নরহত্যা হয়েছে। তাই আজকে সেই কথা স্মরণ করিয়ে দিতে চাই—১৪ই জুলাই কি সেই ১৬ই আগস্টের মত হবে, না, হবে না? কারণ এই যে সংহতির নামে এরা ডাক দিয়েছেন হয়ত দেখবো লাঠি-সোটা, তরোয়াল, বন্দুক নিয়ে রাস্তায় এরা লুটপাট করবে, যারা এদের নীতির বিরোধী তাদের হত্যা করবে কিংবা বিরোধী দলের বাড়ীর সামনে দিয়ে গিয়ে

তাঁরা লুণ্ঠন করেছেন, হত্যা করেছেন বিনা কারণে, বিনা প্ররোচনায়—আমরা ইতিপূর্বে যা দেখেছি। তাই এই কথাই পুলিশ মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই—সেই জিনিষের পুনরাবৃত্তি ঐ দিন হবে, কি, হবে না। আমি তাদের বলবো, ওদের ভয়ের কোন কারণ নাই। তাঁরা তো বলেই দিয়েছেন যুক্তফ্রন্টকে কেউ ভাঙতে পারবে না—তারা নিজেরা যদি না ভাঙে। অবশ্য আমাদের কোন ক্ষমতাই নাই। আপনারা আমাদের কবর দিয়ে দিয়েছেন। কবরের তলার মানুষকে কি এত ভয় করা চলে? এত বিভীষিকা কেন? কেন আপনারা ঐ ১৪ই জুলাইএর ডাক দিলেন? তার কারণ কী? সেটা আমরা জানতে চাই।

তারপর স্যার, আজকে এঁরা বলছেন সব দোষ সেন্ট্রাল গভর্নমেন্টের—যা কিছু হোক অমনি তার জন্য দায়ী সেন্ট্রাল গভর্নমেন্ট। এটা যেন বাংলাদেশের মানুষের একটা মজার ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। একের কথা অন্যে শুনছে না, ছেলে বাপের কথা শুনছে না, বাপ ছেলের কথা শুনছে না। এ সবই কেন্দ্রের দোষ! বেশ ব্যাপার। এক শ্রেণীর জীব কামড়ালে যেমন জল দেখলে ভয় পায়, এদেরও যেন সেই রকম অবস্থা হয়েছে। এই বুঝি গেল, এই বুঝি গেল! আমি বলছি কিছু ভয় নাই। যদি গুণ্ডার ষণ্ডামী চলতে থাকে তাহলে বাংলাদেশের মানুষ তার বিরুদ্ধে রুখে দাঁড়াবে, বাংলার জনসাধারণ তার জবাব দেবে। আমরা কেন দেব? আমরা তো কবরের তলায় চলে গেছি। তবে মাঝে মাঝে কবরের তলা থেকে এক আধটু উঁকি-ঝুঁকি মারবো বৈকি! দেখবো, নিশ্চয়ই দেখবো।

(এ ভয়েসঃ ভূতের মত দেখবেন নাকি?)

এরপর আমি পুলিশ অ্যাডমিনিস্ট্রেশন সম্বন্ধে দু-একটি কথা বলতে চাই। যাঁরা এখানে উপস্থিত আছেন, তাঁরা কংগ্রেস আমলেও দেখেছেন, আজকের আমলেও দেখছেন। আমি শুধু বলবো এই কথা—আমরা বিরোধী দল, আমরা যখন সরকারী দলে ছিলাম, আমাদের দল যা কিছু অন্যায় করতো, তা এখানে বলতাম না, পার্টি মিটিংএ বলতাম। আর আজকে এখানে কী দেখছি! সুবোধবাবু, জ্যোতিবাবুর হাতাহাতি ঘুষোঘুষি, ননীবাবু ও অজয়বাবুতে হাতাহাতি ঘুষোঘুষি। এসব কেন? কেন বিভিন্ন শরিক দলরা বলছেন জ্যোতিবাবুদের মার্কসিস্ট কমিউনিস্ট পার্টি পুলিশকে কব্জা করে তাঁদের দলকে বাড়িয়ে নিচ্ছেন এবং অন্যান্য দলকে পিটিয়ে শেষ করছেন? এই হাউসে দাঁড়িয়ে হরেকৃষ্ণ কোঙার বলেছেন তোমাদের পিটিয়ে লাস করবো। তাঁরা যেমন জনগণকে দেখাচ্ছেন, আমরাও তা দেখাতে পারি। আমরাও তাদের মত জনগণের প্রতিনিধি। আমরা পেয়েছি ৪২ পারসেন্ট ভোট, আর ওঁরা পেয়েছেন ২০ পারসেন্ট ভোট। এই ২০ পারসেন্ট ভোট পেয়ে ওদের এত লাফালাফি।

স্যার, আমি বিভিন্ন জায়গার খবর জানি। কালকে কাটোয়া থেকে এক ভদ্রলোক এসেছিলেন যার ভাইকে মার্কসবাদী কমিউনিস্ট পার্টিরা হত্যা করেছে। স্যার, কাটোয়ার সেই ভদ্রলোক কালকে এসে কেঁদে কেঁদে বলছিলেন যে 'মহাশয়, আমার ভাইকে মেরে ফেললো আর আমারই সমর্থক, আমাদের ছাত্রপরিষদের সমর্থক ৮০ জনকে ধরবার জন্য জ্যোতি বসু মহাশয় পুলিশকে হুকুম দিয়েছেন এবং সেখানে সুবোধ চৌধুরী মহাশয় কাঁথি থানায় গিয়ে বসে আছেন'। স্যার, এটা লজ্জার কথা, আমরা কোনদিন থানায় গিয়ে পুলিশকে ডিকটেট করিনি, কিন্তু আজকে দেখছি থানায় গিয়ে দাঁড়িয়ে থেকে তারা পুলিশকে বলছে যে অমুককে ধর, তমুককে ছাড় ইত্যাদি। আজকে আমরা দেখছি যারা গুণ্ডামি, রাহাজানি করছে তাদের সবাইকে ছেড়ে দেওয়া হচ্ছে এবং তারা সি পি এম-এর সহায় হয়ে যাচ্ছে এবং সি পি এম-এর ছত্রছায়ার তলায় তারা গুণ্ডামি, রাহাজানি করছে। স্যার, আজকাল খবরের কাগজে নরহত্যা ছাড়া আর কোন খবর পাই না। কিন্তু এ সত্ত্বেও জ্যোতিবাবু বলবেন, এটা চলছে, চলবে। এই চলছে চলবেটা একদিন চলছে চলবে না হবে, সেদিন চলছে চলবে জনগণ করতে দেবে না যদি তারা এখনও সংযত না হন। আমরা জানি আমরা সংখ্যায় কম, আমরা কোনদিন চেষ্টা করবো না আপনাদের ভাঙবার, এটা আপনারা চিন্তা করবেন না, আমাদের ক্ষমতা নেই সেইজন্য বলছি, কিন্তু আপনারা ছাড়া যে দলেরা এখানে বসে আছেন তারা কি আপনাদের ছেড়ে দেবেন, আপনাদের গুণ্ডামি, রাহাজানি করবার জন্য,

এটাই কি আপনারা ভাবছেন? আপনারা যতই গোজামিল দিন, যুক্তফ্রন্ট করুন একদিন নিশ ভাঙ্গবে আর সেদিন আপনাদের বুঝতে হবে কত ধানে কত চাল। তারপর স্যার, আমি লেং সম্বন্ধে বলব। স্যার, বাংলাদেশের শ্রমিকদের কাছে ওরা নানা রকম মুখরোচক জিনিষ রে খুব বাহবা কিনেছিলেন। আজকে আমি ওদের একটু হিসেব করে দেখতে বলি যে ওদের মন্ত্র পাবার আগে কত লক্ষ শ্রমিক বেকার ছিল, আজকে কত লক্ষ বেকার হয়েছে। স্যার এটা বে তিন গুণ বেশী হয়েছে এবং পূজা পর্যন্ত বাংলাদেশে অন্ততঃ ২৫।৩০ লক্ষ লোক বেকার হবে কারণ পূজা বোনাস আদায় করতে গিয়ে ঐ ঘেরাওএর ঠেলায় আরো লোক বেকার হবে। ত আমি বলছি এখনও সংযত হন, এই ঘেরাওএর কথাটা আবার বিবেচনা করে শ্রমিকদের আন্দোলনে নামান। স্যার, এরা চাষীদের উসকে দেবার জন্য জমিদারদের কথা বলেন। আমি আজ এখানে দাঁড়িয়ে বলতে চাই যে কংগ্রেস আমলেই প্রথম জমিদারী প্রথা উচ্ছেদ করা হয়, আপন কোনদিন একথা বলেন নি, আমরাই প্রথম জমিদারী উচ্ছেদ করেছি। স্যার, এরা পুরানো দিনে কথা ভুলে গিয়েছেন তবে এদের আমি একটা কথা বলি, সেটা হচ্ছে, এই যে চাষীদের নিয়ে গি জোর করে জমি দখল দিচ্ছেন, এতে আমাদের আপত্তি নেই, আমরা সমর্থন করবো কি একবারও ভেবে দেখেছেন কি এই চাষীরা যাদের লাঙ্গল নেই, হাল নেই, টাকা পয়সা নেই, জমি চাষ করতে পারবে কি না বা তার পক্ষে জমি চাষ করা সম্ভব হতে পারে কি না এটা আ জানতে চাই।

[3-10—3-30 p.m.]

আমি এটা জানাতে চাচ্ছি যে সরকারী মেশিনারি দ্বারা সমস্ত বেনামী জমি, চোরাই জ কেড়ে নিন, আমরা সমর্থন করবো। সরকারী যন্ত্রের দ্বারা সেগুলি লোকেদের মধ্যে দিয়ে দি এবং সরকার যেন এই কথা খেয়াল রাখেন, ঐ চাষী যদি চাষের পয়সা না পায় সরকারী তর থেকে, তাহলে বাংলাদেশে ফুড প্রোডাকসান কমে যাবে। স্যার, আমার আর একটি পয়েন্ট হবে ফিসারিজ সম্বন্ধে। ও'রা যখন বিরোধী দলে ছিলেন তখন ও'দের মাছের চিন্তায় ঘুম হতো ন রাত্রে স্বপ্ন দেখতেন 'মাছ খাব' ইত্যাদি। স্যার, আমি দেখেছি ঐ হরেকৃষ্ণবাবু দিনরাত এখা মাছের কথা বলেছেন, জ্যোতিবাবুও বলেছেন। আজ বাংলাদেশে ফিসারিজগুলির সর্বনাশ হ যাচ্ছে এবং মাছের ভেড়ীগুলি যে সব লুঠ হয়ে যাচ্ছে তাতে করে আগামী পূজার সময় বাংল দেশে কটা লোক মাছ কিনবে? তখন যদি বাংলাদেশের লোকেরা মাছ না পাওয়ার জন্য আন্দোল সুরু করে, তাহলে আপনারা কি করবেন? মাছের ভেড়ীওয়ালারা যদি অন্যায় করে থাকে তাহ আপনারা সরকারের হাতে মাছের ভেড়ীগুলি নিয়ে নিন এবং বলে দিন যে এগুলিতে মাছ চ ছাড়া অন্য কিছু হবে না এবং সেইভাবে আপনারা মাছ চাষের ব্যবস্থা করুন। তা না হ বাংলাদেশের মানুষকে কুকুরের মত বিভিন্ন স্টেটে মাছের জন্য যেতে হবে। কাশীকান্তবাবু যখ মৎস্যমন্ত্রী ছিলেন তখন তাঁকে মাছের জন্য কেবল প্রভৃতি অন্যান্য জায়গায় ধর্না দিতে হয়েছিল তাই আবার বাংলাদেশের মানুষকে সমুদ্রের মাছ খেয়ে থাকতে হবে। স্যার, আমি এই ব কনক্লুড করছি যে শরিকে শরিকে ঝগড়ার জন্য এ যদি আগে যায় ভেড়ী দখল করতে, তো ত আগের দিন ও যাবে। এ যদি ঠিক করে শুক্রবারে যাবে ও তার দুদিন আগে অর্থাৎ বুধবা চলে যাবে। কাজেই আপনারা এই শরিকী ঝগড়া বন্ধ করে আপনারা আগে বসে ঠিক করুন- আপনারা যদি রাজী হন তাহলে আপনাদের সঙ্গে আমরাও যেতে রাজী আছি। কিন্তু এ লুঠপাট করলে বাংলাদেশের মানুষ আপনাদের নিশ্চয়ই ক্ষমা করবে না। আমাদের যেভাব ঠেলে দিয়েছে বাংলাদেশের মানুষ, আপনাদেরও ঠিক সেই ঠেলে ফেলে দেবে।

**Mr. Speaker:** The House stands adjourned for 15 minutes.

(At this stage the House was adjourned for 15 minutes)

[3-30—3-40 p.m.]

**শ্রীঅহীন্দ্র মিশ্র:** মাননীয় স্পীকার মহাশয় মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী যে বাজে এখানে পেশ করেছেন, আমি বলতে চাই যে এই বাজেট পশ্চিমবঙ্গের বৈষয়িক উন্নতির ক্ষেত্র যে একটা বিরাট বৈপ্লবিক সম্ভাবনা বয়ে এনেছে ঠিক এত বড় কথা বলতে চাই না, তবে এ

বাজেটকে বিচার করতে গেলে তার যে দৃষ্টিভঙ্গীর প্রয়োজন আছে, সে সম্বন্ধে আবার কিছু বলার আছে। সেটা হলো এই যে বাংলাদেশের যে অর্থনৈতিক অবস্থা এবং এই যে শোচনীয় দুরবস্থার কথা আজকে সমস্ত মেম্বাররা গতকাল থেকে আলোচনা প্রসঙ্গে বলছেন এই দুর্গতি শুধু একদিনে হয়নি এটা যে ঠিক গত ২০।২২ বছরের পরিণাম, তাও নয়। উত্তরকাল থেকে একটা অর্থনৈতিক শোষণ এবং শাসন চলছিল যে সব মানুষের উপর এবং তার পরিণাম এই সংকটের কারণ। এই সঙ্কট যদি আমরা সকলে গভীর ভাবে উপলব্ধি করি তাহলে বোঝা যাবে যে এটা শুধু একটা বাদানুবাদ এবং তর্কবিতর্কের মধ্যে দিয়ে মীমাংসা সম্ভব নয়, যদি বাংলা-দেশের সমস্ত মানুষ আন্তরিকভাবে এই সমস্যা সমাধানের চেষ্টা করেন। প্রথম কথা হচ্ছে যে এই বাজেট আমাদের ঘাটতি বাজেট। এই বাজেট সম্পর্কে বিরোধি পক্ষ থেকে বরাবর উল্লেখ করে কটাক্ষ করা হচ্ছে, আমার মনে হয় যে

It matters little how much is spent but how beautifully it is spent.

টাকাটা আমরা কত ব্যয় করলাম, তার চেয়ে কত সুষ্ঠুভাবে ব্যয় করলাম সেটাই বিবেচ্য, দেখতে হবে বাজেটের স্পিরিট। গত চার মাসের মধ্যে, যে সীমিত সামর্থ্যের মধ্যে যুক্তফ্রন্ট সরকার তার যাত্রা শুরু করেছে, তাতে গত চার মাসের মধ্যে আমরা দেখতে পাচ্ছি বিভিন্ন ক্ষেত্রে একটা উল্লেখযোগ্য পদক্ষেপ রাখা হয়েছে. অন্ততঃ তার চেষ্টা চলেছে, এগ্রিকালচার বা ইরিগেশন যেটাকে কম গুরুত্ব দিই নি, সব থেকে অধিক গুরুত্ব না দিলেও জনজীবনের আর্থিক উন্নতির ক্ষেত্রে কৃষি এবং সেচের যে একটা বিরাট ভূমিকা আছে এবং উল্লেখযোগ্য ভূমিকা আছে সেটা সকলেই স্বীকার করেন। আমরা দেখতে পাচ্ছি যে এই ৩।৪ মাসের মধ্যেই গত ২০।২২ বছরের মধ্যে যা হবার সম্ভাবনা বা চেষ্টা ছিল না বা হবার আন্তরিকতার অভাব ছিল—অনেক টাকার কথা এখানে বলা হয়েছে স্বাধীনতার পরেও আমাদের কংগ্রেসী বন্ধুরা এই বাংলাদেশ এবং সমগ্র ভারতবর্ষের জনতার সামনে পঞ্চবার্ষিকী পরিকল্পনার রূপায়নের মধ্যে দিয়ে সমাজতান্ত্রিক ধাঁচে সমাজ গঠনের আশ্বাস তাঁরা দিয়ে এসেছিলেন এবং যে ভরসায় বরাবর মানুষ তাঁদের ক্ষমতায় ফিরিয়ে দিয়েছে, কোটি কোটি টাকা ব্যয় হয়েছে কিন্তু জনগণের মৌলিক পরিবর্তনের জন্য সেখানে কৃষি শিল্প এবং অন্যান্য ক্ষেত্রে যে আন্তরিক প্রচেষ্টা থাকা দরকার, সরকারের কোষাগার থেকে প্রচুর অর্থ ব্যয় হলেও সেখানে আন্তরিকতার অভাব ছিল। আমরা দেখতে পাচ্ছি এই ৩।৪ মাসের মধ্যে যে প্রচেষ্টার প্রতিফলন, শুধু এই হাউসের মধ্যে নয়, যার প্রকৃত রূপ ধরা পড়বে ঐ মাঠে যেখানে চাষাবা আজকে কাজ করছে, আজকে সেখানে আমরা দেখতে পাচ্ছি স্যালো টিউবওয়েল বসানো হচ্ছে, ডিপ টিউবওয়েল বসানোর চেষ্টা করা হচ্ছে, বছরে দু-তিনবার ফসল ফলাবার একটা আন্তরিক চেষ্টা হচ্ছে। ইরিগেশনের ক্ষেত্রে একটা উল্লেখযোগ্য পরিবর্তন শুরু হয়েছে। সুতরাং তর্ক-বিতর্ক করে কোন লাভ হবে না, যদি না বাংলাদেশের মানুষকে বিশেষ করে চার কোটি ২০ লক্ষ মানুষ, যে মানুষ একটা বিপুল আশা-আকাঙ্খার সম্ভাবনাময় পরিবর্তনের আশা মনের মধ্যে পোষণ করছে। যারা একটা গভর্নমেন্ট পরিবর্তন ঘটিয়েছে এবং নূতন গভর্নমেন্ট ফর্ম করেছে—জ্যোতিবাবু এককালে কি বলেছিলেন বিরোধী দলে বসে এটা বড় প্রশ্ন নয়, আজকে বড় প্রশ্ন হচ্ছে সমস্ত সংকীর্ণতার ঊর্ধ্বে যদি আমরা বাংলাদেশকে রাখতে চাই, আমরা যদি সত্যই চাই এবং এই প্রতিশ্রুতি দিয়ে থাকি, তাহলে এটা কোন বিশেষ দলের কাজ নয়, এটা সমস্ত শ্রেণীর মানুষের কাজ, বিশেষ করে যেকোন দায়িত্বশীল মানুষের কাজ, এটা আমার বিশ্বাস করার যুক্তি সংগত কারণ আছে, এবং বাংলাদেশ তা পারে। আমরা স্বীকার করি বাংলাদেশে যে বিরোধী বিভিন্ন দল আছে, মত পার্থক্য আছে এবং এটা অতীতেও ছিল, বাংলা দেশ কি একদিন ঊনবিংশ শতাব্দীর নবজাগরণ ঘটায় নি, নাইনটিন্থ সেঞ্চুরীর রেনেসা, সেই জিনিস বাংলাদেশ ঘটিয়েছে, সেদিন সমগ্র ভারতবর্ষকে পথের সন্ধান দিয়েছে [illegible] দিয়েছে। সেদিনও তো অনেক প্রতিবন্ধকতা ছিল, অনেক সংকীর্ণতা ছিল, অনেক বাধাবিঘ্ন ছিল। রাজা রামমোহন রায়, ভূদেব মুখোপাধ্যায়, কেশব সেন, আরও কত মানুষ—বিদ্যাসাগর এঁরা প্রত্যেকেই প্রচণ্ড বাধাবিঘ্ন অতিক্রম করে, বাংলাদেশকে সেদিন ঊনবিংশ

শতাব্দীর নবজাগরণের মধ্যে দিয়ে টেনে নিয়ে গিয়েছিলেন এবং তার সুফল আজও আমরা ভোগ করছি, আজও আমরা গৌরব করে বাংলাদেশের বাইরে গিয়ে বলতে পারি যে আমরা বাঙ্গালী কিন্তু আজকে আমরা দেখতে পাচ্ছি বাংলাদেশের বাইরে গেলে—যে গৌরব আমরা এতদিন উপভোগ করে এসেছি, সেই গৌরব ধীরে ধীরে নষ্ট হয়ে গেছে। আমরা বিশ্বাস করি আজকে আমাদের সকলের আন্তরিক চেষ্টায় এই বাজেট সার্থকরূপে রূপায়িত হবে। এই বাজেট কিভাবে ব্যয় করব তা আমাদের সিনসিয়ারিটি অফ পার্পাসএর উপর নির্ভর করবে। তা যদি আমাদের থাকে তাহলে এই বাজেটকে আমরা সার্থক রূপে রূপায়িত করব। আমাদের একজন কংগ্রেসী বন্ধু বলেছেন, জনতার সুপ্রিম কোর্টএর কথা। হ্যাঁ আমরা জনতাকে সুপ্রিম কোর্ট রূপে মানি। জনতাকে সুপ্রিম কোর্ট বলে বিশ্বাস করি। কিন্তু আমরা মনে করি যতদিন আছি ততদিন আমরা আমাদের কর্তব্য পালন করে যাবো। যতদিন থাকব সে পাঁচ বছর, দশ বছর কি কুড়ি বছরই হোক জনজীবনের মৌলিক পরিবর্তনের ক্ষেত্রে আমরা উল্লেখযোগ্য এবং আন্তরিকভাবে কাজ করে যাবো। দলগত সংকীর্ণতার ক্ষেত্রে একথা মনে রাখতে হবে কোন দলই মনুষ্য সভ্যতার শেষ কথা নয়। কোন বিশেষ দল বা শক্তির জন্য কবরখানা খোঁড়া হয়ে যায় নি। মনুষ্য সভ্যতা তার বিরাট ঘাত-প্রতিঘাতের মধ্য দিয়ে চলেছে। আমরা যে বাজেট এখানে রেখেছি আমরা মনে করি না এতেই শেষ কথা বলে দিয়েছি, আমরা বলি না এতে পশ্চিমবঙ্গের বৈষয়িক উন্নতির কথা বলা হয়ে গিয়েছে। আমরা একটা পরীক্ষা-নিরীক্ষার মধ্য দিয়ে চলেছি। একথা ভুললে চলবে না। সমগ্র দেশ একটা সঙ্কটের মধ্যে চলেছে। এবং এটা অনস্বীকার্য এই সংকট গুরুতর এবং গভীর। একথা আমরা গভীরভাবেই মনে রাখতে চাই। পরস্পরের মধ্যে এই দ্বেষ, ঈর্ষা চলে যাবে এবং আমরা চেষ্টা করব যে ব্যয়বরাদ্দ মঞ্জুর করা হয়েছে সেই ব্যয়বরাদ্দ সৎভাবে এবং সুন্দরভাবে তার সার্থকতম প্রযুক্তির কাজে লাগবে। মানুষের কাজে যাতে লাগতে পারে তার চেষ্টা করা উচিত। স্পীকার, স্যার, আমি পাবলিক অ্যাকাউন্টস কমিটির মেম্বার হিসাবে আগেকার অডিট রিপোর্টএর উপর দেখতে পাচ্ছি কোটি কোটি টাকা অকারণে ব্যয় করা হয়েছে। কোটি কোটি টাকার যথোপযুক্ত হিসাব নেই। যথাসময়ে ব্যয় করা হয় নি বলে আমাদের অর্থকে সারেন্ডার করে দেওয়া হয়েছে, অথচ বাংলাদেশের মানুষের কাজে লাগেনি। ১৯৬৪. ৬৫. ৬৬, ৬৭ সালের অডিট রিপোর্টএর যে ভয়াবহ চিত্র আমরা দেখতে পাচ্ছি তার কৈফিয়ৎ কি কংগ্রেস বন্ধুরা দিতে পারবেন। পারবেন কেন তারা এটা করেছেন? কেন এটা হয়? মন্ত্রীরা সব সময় এক্সপার্ট হয় না, এ মিনিস্ট্রী ক্যান নট বি ফর্মড অফ ওনলি এক্সপার্টস. আমার মনে হয় জর্জ বার্নার্ড শ' বলেছিলেন শহরের সমস্যা থাকবে যদি ডেমোক্রেটিক মন্ত্রিসভা হয় এবং এক্সপার্টদের নিয়ে প্যানেল করা হয় এবং সেই প্যানেল থেকে মন্ত্রিসভা গঠন করা হয় তাহলে বোধ হয় ভালো কিন্তু তা সম্ভব নয়। জর্জ বার্নার্ড শ'র কথায় বলছি "আর্মি অফ ফিল্ড মার্সালস ইজ অ্যান্ড ক্যান নেভার বি এ রিয়েলিটি তবু ফিল্ড মার্সাল দিয়ে যেমন আর্মি তৈরী হয় না. তেমনি শুধু এক্সপার্ট দিয়েও মন্ত্রিসভা হয় না। অনেক সময় তাই আমাদের আমলাতন্ত্রের খপ্পরে পড়তে হয়। আমি দেখেছি বিভিন্ন খাতে আমলাতন্ত্র যেভাবে বুঝিয়েছে সেইভাবে অনেক সময় মন্ত্রীদের সায় দিতে হয়েছে এবং যার ফলে অনেক টাকা নষ্ট হয়েছে। অনেক সময় অকারণে কেন্দ্রীয় সরকারকে টাকা সারেন্ডার করা হয়েছে। বিভিন্ন ডিপার্টমেন্ট-এর সঙ্গে ফিনান্স ডিপার্টমেন্টের একটা ইনভিসিবল বা অদৃশ্য বাধা রয়েছে। যে জন্য বিভিন্ন ডিপার্টমেন্ট সহজে স্বচ্ছন্দে কাজ করতে পারে না, অসুবিধা বোধ করে। এই অসুবিধা দূর করা দরকার। আজকে যাতে বিভিন্ন ডিপার্টমেন্ট সুন্দরভাবে কাজ করতে পারে দ্রুতগতিতে লক্ষ্যে পেঁছাতে পারে, লক্ষ্যকে সার্থক রূপ দিতে পারে তার জন্য চেষ্টা করা উচিত। এই কথা বলে অনুরোধ করব আজকে দলগত সংঘাত, ঈর্ষা, বিদ্বেষ, কলহের ঊর্ধ্বে উঠে বাংলার চার কোটি কুড়ি লক্ষ মানুষের আশা, তাদের স্বপ্ন, তাদের আকাঙ্ক্ষার তাদের যে সম্ভাবনার চিত্র মনের মধ্যে পোষণ করছে তাকে আন্তরিকভাবে রূপ দিন। এর জন্য সমস্ত সংকীর্ণতা ভুলে যেতে হবে এবং এর জন্য সকলকে সমবেত শক্তি দিয়ে কাজে লাগতে হবে এবং বাংলাদেশ তা পারে। এই কথা বলে বাজেটের প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-40 p.m.—3-50 p.m.]

**Shri Ramkrishna Saraogi:**

मिस्टर स्पीकर सर, श्रद्धेय मुख्यमंत्री एवं वित्त मंत्री ने जो रिभाइज्ड बजट रखा है, वह एक डिफिसिट बजट है। जब हम एक प्रदेश के बजट पर विचार करने के लिए बैठते हैं तो हमारे लिए यह आवश्यक हो जाता है कि हम केवल फाइनेन्सियल पोजिशन और डिफिसिट को ध्यान में न रखें। हमें स्टेट की सारी परिस्थितियों और स्टेट की सारी वर्किंग को देखना होता है। हमें देखना पड़ता है ला एण्ड आर्डर के हालात को। हमें देखना पड़ता है—युवक वर्ग की आवश्यकता को। हमें देखना पड़ता है—एग्रीकल्चरिस्ट वर्ग की समस्या को। हमें इम्प्लायमेन्ट पर सोचना पडता है। हमें इण्डस्ट्रियल डवलपमेन्ट को देखना पड़ता है।

और अगर मैं कहूं, पिछले चार महीनों में श्री अजय बाबू की सरकार ने जो काम किया है, उस काम के तलपट में सरप्लस कहीं दिखाई नहीं पडता। उसमें तो केवल डिफिसिट ही दिखाई पड़ती है। माननीय मुख्य मंत्री ने अपने बजट भाषण में कहा कि Police will be used for the protection of all sections of the people इसी प्रकार उन्होंने आज से चार मास पहले अपना भाषण जब पढा था तो कहा था।

मैं पश्चिम बंगाल के अन्य इलाके की बात नहीं कहूँगा, केवल अपने इलाके—बड़ा बाजार की बात कहूँगा। मिस्टर स्पीकर सर, मैं आपसे कहूँ, २८ मार्च को सायकाल के समय प्रमुख व्यापारिक सडक ब्रेवर्न रोड पर एक महिला की हत्या—श्रीमती सुधा भट्ट की हत्या की गयी। मैं कहूँगा, पुलिस की व्यवस्था अगर उत्तम रहती और हर नागरिक को संरक्षण प्राप्त होता तो किसी भी गुण्डा या बदमाश के लिए सम्भव नहीं था कि वह व्यस्त इलाके में ऐसी नृशंस हत्या कर सकता। अप्रील महीने में रात्रि ८॥ बजे एक दूकान का कर्मचारी श्री सोनावत अपने एक सहकर्मी के साथ अपने मालिक का पाँच सौ रूपया लेकर घर जा रहा था तो उस समय, कुछ गुण्डों ने उसको कालाकार स्ट्रीट जैसी व्यस्त सडक पर चाकू मारा और श्री सोनावत वहीं पर मर गया। आदरणीय मुख्य मंत्री ने कहा है Police will not be used for the benefit of the few against the interest of the toiling masses. मैं कहूँगा, श्री सोनावत कोई ऐसा काम नहीं कर रहा था, जिससे ट्वालिंग मासेज के इन्टरेस्ट को नुकसान पहुँचता हो। वह तो २५० रू० वेतन पाने वाला ट्वालिंग मासेज (Toiling masses) का ही व्यक्ति था फिर भी उसकी हत्या होती है और पुलिस की अकर्मण्यता का एक और नमूना सामने आता है।

मई महीने में सर हरीराम गोइनका स्ट्रीट में एक राशन शाप पर हमला होता है। दूकान में लूट-पाट होती है और दूकान का रूपया लूट लिया जाता है। पुलिस अकर्मण्य रहती है।

जून के महीने में एक जलूस आता है, प्रोसेशन के रूप में। हजार-हजार युवक आते हैं राइटर्स विल्डिंग के सामने अपनी माँग लेकर और उसके बाद वे बढ़ जाते हैं स्टाक एक्सचन्ज की तरफ। स्टाक एक्सचेन्ज के भीतर उन्होंने जिस तरह का उपद्रव किया वह अभूतपूर्व था।

उन लोगों ने अनेक व्यक्तियों को पीटा और उनकी घड़ियाँ छीन ली, कुछ लोगों का रूपया-पैसा छीना, वहाँ का फर्निचर तोड़ डाला और वहाँ पर नारे लगाते रहे कि हमें इम्प्लायमेन्ट चाहिए। मिस्टर स्पीकर सर, आप जानते हैं कि स्टाक एक्सचेंज में नौकरी दिलानेवाला दफतर नही, वहाँ तो शेयर खरीदे बेचे जाते हैं लेकिन जहाँ अराजकता फैलाना ही लक्ष्य हो, वहाँ तर्क की गुजाइश ही नहीं रहती।

इसी पिछले २२ जून को टैगोर कैशल पर एक राजनैतिक पार्टी के लोगों ने एकत्रित होकर सामूहिक हमला किया। टैगोर कैशल पर लगभग ४० बम फेंके गये। वहाँ की गोदामों और दूकानों को जलाया गया। बाहर खड़ी हुई गाड़ियों को चकनाचूर किया गया। उस विशाल मकान में रहनेवाले किरायेदार मेहनतकश जनता के हित के विरूद्ध तो नहीं थे? वे लोग तो स्वयं मेहनतकश जनता के ही अंग थे पर उन पर अत्याचार पुलिस की उपस्थिति में घण्टों चलता रहा।

**Shri Bibhuti Pahari:**
बँगला सिखे नाओना बाबा।

**Shri Ram Krishna Saraogi:**
आपनी हिन्दी बूझुन।

बहुत दूर की बात क्यों कहूँ अभी कल की बात है, मेरी एरिया में राधाबाजार स्ट्रीट में सायंकाल के समय एक महिला को चाकू मार दिया गया। इसी प्रकार का उपद्रव—इसी प्रकार का वातावरण सभी क्षेत्रो मे व्याप्त है। कुछ इलाको मे तो और भी जोरो से हो रहा है। फिर भी हमारे आदरणीय मुख्य मंत्री कहते है कि Police will be used for the protection of all section. किस सेकशन, किस समुदाय का संरक्षण फिर अजय बाबू की पुलिस कर रही है, समझ मे नही आता। पुलिस सरक्षण, की बात केवल जबानी जमा खर्च है। बड़ी-बड़ी बाते कहना बड़ा आसान है लेकिन उन बातों को क्रियान्वित करना बड़ा कठिन होता है, उसे अजय बाबू अभी तक भी नहीं समझ सके। मिस्टर स्पीकर सर, मै साफ कहूँगा, कि हमारे इस प्रदेश में अराजकता और देशद्रोहिता को फैलाया जा रहा है,। अभी कुछ दिन पहले हिन्दी फिल्म 'शतरज' आई थी ओरिएन्ट सिनेमा मे। ............(व्यवधान) हमारे जो माननीय सदस्य असेम्बली के भीतर हिन्दी नही समझते और मेरे भाषण पर शोरगुल कर रहे हैं वे ही सदस्य हिन्दी फिल्मों को देखना अधिक पसन्द करते हैं। हिन्दी फिल्मों की हिन्दी और उसके सगीत को भी वे अच्छी तरह से समझते हैं। तब वे लाइन लगाकर टिकट भी खरीदते हैं। उस 'शतरंज' फिल्म मे एक पडोसी राष्ट्र के बारे में कुछ अल्फाज थे मै आपसे कहूँ, उसमें कुछ भी, कही भी, ऐसी बात नही थी जिससे हमारी राष्ट्रीय-भावना को ठेस पहुँचती हो। बल्कि राष्ट्रीय भावना का प्रसार था उस फिल्म मे। लेकिन हमने देखा कि इसी राष्ट्रीय भावना को ही लेकर सिनेमा के सामने उपद्रव हो गया। कुछ युवक फिल्म के विरोध में आगे बढ़े और आग लगाने की घमकी देकर फिल्म का प्रदर्शन रोक दिया गया। पुलिस बुलाई जाती है लेकिन पुलिस उपद्रव रोकने के लिए नहीं आती है। वह तो

वहाँ आकर उस फिल्म के पोस्टरों को जो सिनेमा घर के बाहर लगे हुए थे, उनको हटाने में उपद्रवियों की मदद करती रही। राष्ट्रीय भावना का अपमान पुलिस के सामने होता है। और कहूँ मि० स्पीकर, कि पश्चिम बंगाल में इसी कलकत्ते की सड़कों पर जब माउत्सेतुंग के फोटो के साथ बड़े-बड़े जलूस निकलते हैं, जब भी पुलिस चूं तक नही करती। किसी भी इसके विरूद्ध में आवाज तक नही निकलती है। मिस्टर स्पीकर सर, जहाँ देश के दुश्मनों की जयजयकार मनाई जाती है, वहाँ तो हमारे प्रदेश के पहरेदार चुप हो जाते हैं और जहाँ राष्ट्रीय भावना को जाग्रत किया जाता है, वहाँ उस भावना को कुचलने की चेष्टा की जाती है। अगर इसे देश-द्रोहिता न कहा जाय तो और क्या कहा जाय? दूसरा कौन सा शब्द उस कार्य के लिए कहा जा सकता है?

पिछले चार महीने के भीतर बेकारी-अन्इम्प्लायमेन्ट की वृद्धि बड़े जोरों से हुई है। आप अगर आकड़ों को देखे तो आप पावेंगे कि आज पश्चिम बंगाल मे हर चार आदमी के पीछे एक आदमी बेकार है। और जिस स्टेट में—जिस प्रदेश में चार व्यक्ति के पीछे एक व्यक्ति बेकार हो, तो इससे प्रदेश की सारी अर्थ व्यवस्था को निश्चित रूप से छिन्न-भिन्न समझिये। युक्त मोर्चे ने अपने ३२ सूत्री कार्यक्रम मे कहा था कि हम बेकारो को काम देवेंगे अन्यथा हम बेकार भत्ता देंगे। एलेक्शन के समय तो इन्होने ये बाते कह दी लेकिन अब कहते हे कि हमारे पास बेकार भत्ता देने के लिए रूपया नही है। तो मै पूछना चाहूँगा हमारे आदरणीय मुख्य मंत्री से कि इतनी बडी बड़ी बातें क्यो कही गयी और क्यो बेकारो को इस प्रकार का सब्जबाग दिखाया था? क्या यही आपकी राजनीति है और क्या यही आपका गान्धी-वाद है? युक्त मोर्चा सहमत है, जैसा कि हमारे मुख्य मंत्री ने कहा कि—

Rise in employment can only be made by increasing industrialisation.

लेकिन हम देखते है कि जो कार्यवाई युक्त मोर्चे की सरकार कर रही है, वह इण्डस्ट्रीयलाइजेशन को बढ़ाने के लिए नही बल्कि उद्योगो को मिटाने की दिशा मे कर रही है। कारखानो के भीतर घेराव चलता है, उसका प्रोडक्शन तोडा जाता है, उसके भीतर शान्ति का वातावरण नही रहने दिया जाता है। फिर भी कहा जाता है कि हम इण्डस्ट्रीयलाइजेशन को बढावा देना चाहते हैं। अगर पिछले चार महीनो के आकड़ो को आप देखे मिस्टर स्पीकर सर, तो आप देखेंगे कि पश्चिम बगाल मे एक भी इण्डस्ट्री नही पनपी है। बल्कि पश्चिम बंगाल मे इण्डस्ट्री धीरे-धीरे खतम होती जा रही है। पूँजी का पलायन्—फ्लाइट आफ कैपिटल तेजी से हो रहा है। पश्चिम बगाल के व्यापारी और इण्डस्ट्रीयलिस्ट अपने को यहाँ सुरक्षित नही समझ रहे है। वे अन्य प्रदेशो मे अपनी इण्डस्ट्रीज को बढाने की चेष्टा कर रहे है। इसी प्रकार की स्थिति यहाँ चलती रही तो इस प्रदेश में उद्योगो के विकास की समस्या और भी जटिल हो जायगी और उसके फलस्वरूप बेकारी समस्या विस्फोटक रूप ले लेगी। उस बिस्फोट की आग तब सारे देश मे फैल जावेगी। मिस्टर स्पीकर सर, आपके माध्यम से जब हम इन समस्याओ को रखते हे और जब हम इन बातो को जनता के सामने रखते है तो हमारे सामने सरकारी बेंचो पर बैठे हुए हमारे दोस्त माननीय सदस्य एतराज करते है। कहते है कि बेकार की बातें करते हो। उनको सख्त नाराजगी होती है। हमी पर दोष मंढते है। जब हम उनका यह रवैया, यह गुस्सा, यह नाराजगी देखते है तो हमें बरबस एक शेर याद आता है—

"हम आह भी भरते है, तो हो जाते है बदनाम।
वो कत्ल भी करते है, तो चर्चा नहीं होती॥"

[3-50 p.m.—4 p.m.]

**শ্রীসরোজ রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রিমহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে আমি সম্পূর্ণ সমর্থন করে কয়েকটা কথা বলতে চাই। কংগ্রেস বেঞ্চ থেকে মোটামুটি প্রশ্ন তোলা হয়েছে যে এটা একটা ঘাটতি বাজেট এবং এটা তাঁরা সবাই রেফার করেছেন। তা ছাড়া বলছেন যে দেশে আইন-শৃঙ্খলা নেই। এই দুটোই তাঁদের প্রধান প্রশ্ন। কৃষি, শিল্পক্ষেত্রে ভয়ানক অরাজকতার কথা তাঁরা বলেছেন। দুটো হিতোপদেশ ওদিক থেকে এসেছে। একটা তাঁরা বলেছেন ইকনমিক রিভাইটেলাইজ করতে হবে এবং আর একটা হিতোপদেশ হচ্ছে ক্রাইসিস উইল বি মুভড উইদাউট সোসাল অ্যাডজাস্টমেন্ট। আজ নেপালবাবু ওদিক থেকে যুক্তফ্রন্টের বিভেদ সম্পর্কে খুব বড় বড় কথা বললেন। তাঁকে আমি বলব এই কদিন আগে রাজ্যসভার যে ইলেকশন হয়ে গেল তাতে তাঁদের চিন্তায় ছিল যে আমাদের মধ্যে ভয়ানক ভাঙ্গন এবং সেজন্য তাঁরা বেনামে কয়েকজন কংগ্রেসকে দাঁড় করিয়েছিলেন যে ভোট ভাঙাতে হবে। কিন্তু আমরা সম্পূর্ণ ঐক্যবদ্ধ হয়ে বেরিয়ে গেছি। আর একটা অভিজ্ঞতা হচ্ছে যে কয়েক মাস আগে ভি কে কৃষ্ণ মেননএর কয়েকটা মিটিংএ নেপালবাবু গিয়েছিলেন। (শ্রীনেপালচন্দ্র রায়ঃ আমি যাইনি।) আজ এখানে কংগ্রেস বেঞ্চ থেকে যে যে কথা বলছেন মেদিনীপুরের জনসভায় একই কথা বলেছিলেন। তাঁরা বলেছিলেন যুক্তফ্রন্টে ভয়ানক ভাঙন হচ্ছে, জনতা চিনে ফেলেছে ইত্যাদি, ইত্যাদি। জনতাকে মাঝে মাঝে বোমা দেখিয়ে ওঁরা ভোট নেন।

সেখানে ভি কে কৃষ্ণমেননের ভোটে কি হোল? আশাতীতভাবে যেটা ওঁরা ভাবতেও পারেনি ১ লক্ষ কয়েক হাজার ভোটে তিনি বেরিয়ে গেলেন। কাজেই ওঁরা যেসব আশা করছে সব ভুল। ১৯৫৭ সালে যখন আমরা ওপাশে ছিলাম তখন একটি বক্তৃতায় আমি বলেছিলাম তোমরা এই দেশ যেভাবে গড়ে তুলছ, যেভাবে সংকট গড়ে তুলছ তার ইতিহাস লেখা হচ্ছে এবং অল্প কয়েক-দিনের মধ্যে দেখা যাবে শুধু বাংলাদেশে নয়, সমস্ত ভারতবর্ষে কংগ্রেস থাকবে না। তখন নেপালবাবু বলেছিলেন ইতিহাস কি কমিউনিস্ট পার্টি লিখছে?

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** হিস্ট্রি রিপিটস ইটসেল্ফ।

**শ্রীসরোজ রায়ঃ** আমি তখন বলেছিলাম ইতিহাস জনসাধারণ লিখছে। সেই ইতিহাস লেখা হয়েছে কাজেই আর ভরষা কোরো না কোনদিন দাঁড়াবে এবং জনগণের কথা আর মুখেও এনো না। এই বাজেট সম্বন্ধে যেটা মূল কথা সেটা একজন বন্ধু বলেছেন যে, এটা আউটলুকের প্রশ্ন কাজেই সেটা বোঝার সাধ্য ওই বেঞ্চের নেই। এ'রা ২০।২২ বছর ধরে জোতদার এবং একচেটিয়া পুঁজির কিভাবে উন্নতি করা যায় তার প্রতি লক্ষ্য রেখে তাঁরা বলতেন আমরা সোস্যাল অ্যাডজাস্টমেন্ট করছি। স্যার, ওঁরা কিভাবে সোস্যাল অ্যাডজাস্টমেন্ট করতেন, না ওই রকম সমাজ ব্যবস্থা তৈরী করে পুলিশ দিয়ে, দমনমূলক আইন দিয়ে সোসাল অ্যাডজাস্টমেন্ট করতেন। আমরা চাই সোস্যাল অ্যাডজাস্টমেন্ট এরকমভাবে নয়, আমরা চাই সোস্যাল রিলেসন পরিবর্তন করতে। এটা হোল মূল কথা এবং যেটা তাঁদের পক্ষে বোঝা মুশকিল। আর একটা জিনিস যা ওঁরা ২২ বছর ধরে দেখান নি সেটা হচ্ছে মানুষের প্রতি মমতাবোধ, মানুষের প্রতি ভালবাসা, মানুষের প্রতি দরদ। এগুলি আমার কথা নয়, আমি ২।১টি উদাহরণ দিচ্ছি। কোন সভ্য দেশ এরকম জিনিস ভাবতেও পারে না যে, স্বাধীনতার পর ২০।২২ বছর ধরে এ'দের হাতে রাজত্ব রইল অথচ বাংলাদেশের হাজার হাজার ক্ষেতমজুর যাদের নিজেদের বাড়ী নেই, পরের দরজায় যারা ঘর করে থাকে তাদের জন্য একটু জায়গা হোল না। মানুষ বলে প্রত্যেকেরই একটু মরণকুট থাকে, অর্থাৎ মরণকালে সেখানে যেন স্থান পায়। কিন্তু তাদের তাও নেই। যুক্তফ্রন্ট সরকার তাদের ৫ কাঠা করে জমি দিল যাতে তারা সেখানে একটু বাড়ী করতে পারে। ক্ষেতমজুররা জীবনভোর শস্য উৎপাদন করা সত্ত্বেও জমিদার, জোতদারদের অত্যাচারে জর্জরিত। তাদের অন্তত বেশী কিছু না পারি, তাদের বড় সমস্যার সমাধান না হোক কিছু দেওয়া হচ্ছে। লক্ষ্য হচ্ছে যারা মেহনতী মানুষ, যারা সমাজ গড়ে তোলে, যাদের উপর সমাজ নির্ভর করে, যারা ডাউনট্রডেন পিপল তাদের এগিয়ে নিয়ে যাওয়া প্রয়োজন। এই বাজেট যেটা প্লেস করা হয়েছে,

তাতে তারই ছবি প্রতিফলিত হয়েছে। এছাড়া কেরানী, অন্যান্য কর্মচারীদের কিছু আর্থিক সংস্থান দেওয়া হয়েছে। আমি আরও দুটি ছবি দিচ্ছি যা কখনও ভোলা যায় না। যারা যুক্তফ্রন্টএর মহাশয়, তাঁরাও একথা স্বীকার করবেন বাঁকুড়া এবং পুরুলিয়ার ফেমিনে যুক্তফ্রন্ট যেভাবে দুহাতে টাকা ঢেলেছেন তা কল্পনাও করা যায় না। তাঁরা বাজেটের দিকে লক্ষ্য রাখেননি, তাঁরা মানুষকে বাঁচাতে চেয়েছেন। সেখানে ১২ লক্ষ টাকা দেওয়া হয়েছে যা তোমাদের পক্ষে চিন্তা করাও সম্ভব নয়। আমার কনস্টিটিউয়েন্সী গড়বেতায় হেইলস্টর্মএর ফলে যখন বহু ঘর নষ্ট হোল তখন রিলিফ ডিপার্টমেন্ট থেকে তাড়াতাড়ি যেভাবে সাহায্য করা হয়েছে—যদিও প্রয়োজনীয় সাহায্য দেওয়া হয় নি—তাতে সেখানকার গভর্নমেন্টের পুরান কর্মচারী যাঁরা ছিলেন তাঁরা বলেছেন এর পূর্বে ২০।২২ বছরে মানুষের সেবার এরকম নিদর্শন কখনও দেখিনি।

[4 p.m.—4-10 p.m.]

সেজন্য আজকে যে দৃষ্টিকোণ নিয়ে এই বাজেট রচনা করা হয়েছে, সেটা ওদের পক্ষে বুঝা খুবই মুশকিল। যতদিন না এ'দের দৃষ্টিকোণ পরিবর্তন হয় কিছুতেই বুঝতে পারবেন না, করলেও বোধ হয় হবে না।

এ'রা ঘেরাও সম্বন্ধে অনেক কিছু বলছেন। স্যার, কুকুরের এক রকম রোগ হয়, সেই রকম এ'দেরও ঘেরাওফবিয়া হয়েছে। ভীষণভাবে হয়েছে। আমি একটি কথা স্মরণ করিয়ে দিই। নেপালবাবু তো আই এন টি ইউ সি করেন, কিছুদিন আগে আই এন টি ইউ সি-এর যে সভাপতি শ্রীগুলজারীলাল নন্দ তিনি এখানে এসেছিলেন। তিনি বলে গেলেন ১৯৩৭ সালে বোম্বেতে তাঁর নেতৃত্বে ঘেরাও হয়েছিল, তবে তখন ছিল বৃটিশ রাজত্ব, বৃটিশদের হাতে ছিল অর্থনৈতিক চাবিকাঠি, তখন যদি ঘেরাও শ্রমিকদের স্বার্থে প্রয়োজন বোধ করে থাকেন গুলজারীলাল নন্দ, আজকে কেন শ্রমিক মধ্যবিত্ত-এর স্বার্থে ঘেরাও খারাপ হবে? নেপালবাবু যদি পারেন তো তিনি জবাব দেবেন। কাল প্রশ্ন করা হয়েছিল মুখ্যমন্ত্রী বোধ হয় ঘেরাও-এর বিরুদ্ধে, ও'রা এই রকম কথা অনেক সময় বলে থাকেন। কিন্তু ১৯৬৭ সালে জনৈক দালাল মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করেছিলেন যে ঘেরাওয়ের ফলে এখান থেকে পুঁজি মূলধন তো চলে যাচ্ছে, তার জবাবে মুখ্যমন্ত্রী মহাশয় তখন যে কথা বলেছিলেন সেটাই একটু শুনিয়ে দিচ্ছি। তিনি বলেছিলেন পুঁজিপতিরা তো আর বাংলাদেশে দয়া করে কলকারখানা স্থাপন করেননি, এখানে যথেষ্ট সুযোগ আছে মুনফা করা যায়, সেজন্যই এখানে কলকারখানা করতে আসে, এখানে শ্রমিকদের বেতনের যে হার তা সারা ভারতে ৭ম স্থানে। কাজেই তিনি ঘেরাওয়ের বিরুদ্ধে কোন কথা বলেন নি। সেজন্যই বার বার এই বেঞ্চ থেকে প্রশ্ন করা হয়েছিল কোথায় কোন্ জায়গায় ঘেরাওয়ের বিরুদ্ধে বলেছেন।

তারপর বোনাস সম্পর্কে, বোনাস নীতি হিসাবে গৃহীত হয়েছে। এই বোনাস প্রয়োজন, বহু ঘেরাওয়ের ফলে আন্দোলনের ফলে বোনাস নীতি হিসাবে স্বীকৃত হয়েছে। তার জন্য বলা হচ্ছে শিল্পে সংকট নাকি দেখা দিয়েছে, ঐ বেঞ্চ থেকে তাঁরা বলেন। স্যাক্সবি কারখানা কে বন্ধ করেছিল, কোন্ ঘেরাওয়ের জন্য বন্ধ হয়েছে? টেক্সমাকো বয়লার ডিপার্টমেন্ট কোন্ ঘেরাওয়ের জন্য বন্ধ আছে, ওক্লা তৈলখনি কার খামখেয়ালে বন্ধ হয়েছে? আজকে এই সমস্ত জায়গায় যদি কাজের জন্য ঘেরাও করে তাহলে কি অন্যায় হবে? এটা যদি বলে দেন ও'রা, তাহলে বাধিত হব। পুঁজি লগ্নীর কথা ছোট ছোট কল-কারখানা গড়ে আর্থিক দিক থেকে বাংলাদেশকে দাঁড় করাতে হবে, উনি বললেন পুঁজি এখান থেকে পালিয়ে যাচ্ছে, এ থেকে এটাই মনে হয় যেন পুঁজিপতিকে বললেই বাংলাদেশে এসে টাকা লাগাবে, তিনি কি জানেন না ছোট ছোট কল-কারখানার লাইসেন্সের ব্যাপারে কি করা হচ্ছে? বিড়লারা কিভাবে বাধা দিচ্ছে? এ বিষয়ে পার্লামেন্টে আলোচনা হয়ে গেছে। আমি উদাহরণ হিসাবে এটা বলতে পারি জনৈক বাঙালী ভদ্রলোক নির্মল লাহা হলদিয়ায় একটা স্কুটারের কারখানা খুলবার জন্য সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে পার্মিশন চেয়েছিলেন কিন্তু আজও লাইসেন্স তাঁকে দেওয়া হয় নি। সুতরাং দায়ী কে? কে বাধা সৃষ্টি করছে? কাজেই নিজেদের দিকে তাকিয়ে বলা দরকার।

তারপর ল অ্যান্ড অর্ডার। আগেই একটা কথা বলা হয়েছে অত্যন্ত দুঃখের সঙ্গে ইনজাংশন জারী করা হয়েছে কৃষকদের জমি দখলের ব্যাপারে। আপনারা এখানে গান্ধীজীর নাম নেন, যখন গান্ধীজী বৃটিশ পিরিয়ডে আন্দোলন করিয়েছিলেন তখন শান্তিপূর্ণ অহিংস আন্দোলন করেছিলেন, সেই সময় বৃটিশ নানা রকম আইনের প্যাঁচ দিয়ে জনসাধারণের ন্যায্য অধিকারের বাঁচার জন্য স্বাধীনতা সংগ্রামের বিরোধিতা করেছিল। গান্ধীজী বলতেন যে আইন মানুষের জন্য নয়, জনসাধারণকে নিগৃহীত করে, তাকে আমরা মানি না।

আজকের দিনে যে ভেড়ি নিয়ে এত হৈচৈ হচ্ছে, সেই ভেড়ি তারা বাঁধলো কি করে? হাজার হাজার বিঘা কৃষকের জমি—একদিন সকালে উঠে দেখলো সব লোনা জলে জলময়। আজ সেই কৃষকরা তাদের সেই জমি পুনরুদ্ধার করছে। এতে ক্ষতি কী হয়েছে । এটার প্রয়োজনীয়তা ছিল। তার বিরুদ্ধে যে ইনজাংশন হচ্ছে তা বে-আইনী ইনজাংশন ছাড়া আর কিছুই নয়।

**Shri Nepal Chandra Ray:**

তাহলে হাইকোর্ট তুলে দিন।)

হাইকোর্ট তুলবো কি তুলবো না সেটা দেখা যাবে। স্যার, এই সমস্ত কথা বলে কোন লাভ নাই।

তারপরে অত্যাচারের কথা ও'রা বলছেন। কারা অত্যাচার করে সেটা ভাল করে দেখেছি। গত ৩রা জুলাই ছাত্র পরিষদকে ও'রা লেলিয়ে দিলেন। কাটোয়া শহরে একটি ফার্মেসী, শরৎ পুস্তকালয় তাঁরা জ্বালিয়ে দিলেন। একটা বাসনের দোকানের সব জিনিষপত্র তাঁরা লুঠ করে নিয়ে গেল। তারা হচ্ছে স্যার, লুটেরা। আজকে তাদের পরিষ্কার করে জানিয়ে দিতে চাই যুক্তফ্রন্ট যে এখানে দাঁড়িয়ে আছে সেটা আপনাদের দয়ায় নয়, বাংলাদেশের জনসাধারণ তাদের সৃষ্টি করেছেন। গত ২২ বছর ধরে তাঁরা যে কীর্তি করে গেছেন, সেসব তারা ভাঙবে এবং উন্নতির পথে এগিয়ে যাবে, বাংলাদেশকে নতুন করে গড়ে তুলবে এবং কেন্দ্রের ঘুঘুর বাসাও ভেঙে গুঁড়ো করে দেবে।

[4-10 p.m.—4-20 p.m.]

**Shri Azizur Rahaman:**

মাননীয় অধ্যক্ষ মহাশয় মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী গান্ধীবাদের সংমিশ্রনে যে বাজেট এখানে উপস্থাপিত করেছেন, সেটা ভেদবুদ্ধিপ্রণোদিত ও দুরভিসন্ধিমূলক। গত মার্চ মাসে অর্থমন্ত্রী বলেছিলেন সময়ের স্বল্পতার জন্য এখন আমি পূর্ণাঙ্গ বাজেট আনতে পারি নি, এবং আগামী অধিবেশনে আমি পূর্ণাঙ্গ বাজেট নিয়ে আসবো।

কিন্তু দীর্ঘ সময়ের পরেও দেখা যাচ্ছে যে তিনি পূর্ণাঙ্গ বাজেট আনতে পারেন নি, বাজেটে ঘাটতি দেখানো হয়েছে। এখন এই ঘাটতি কোথা থেকে পূরণ করা হবে বা কাদের উপর কর ধার্য করা হবে বাজেটে তার কোন সুস্পষ্ট নির্দেশ বা কর্মসূচী নেই। কেবল তিনি বলেছেন যে "চলতি বৎসরের অতিরিক্ত কর নির্ধারণের কয়েকটি নূতন ব্যবস্থা অবলম্বন করা হবে এবং যথা-সময়ে সভার সম্মুখে প্রয়োজনীয় ব্যবস্থাগুলি পেশ করা হবে।" কিন্তু তিনি বলেন নি যে কোন্ উপায়ে এই ঘাটতি পূরণ করা হবে, আমি সেই জন্য বলি এই বাজেট অশুভ। যেখানে এই রাজ্যে আইন-শৃঙ্খলা ভেঙ্গে পড়েছে, যেখানে দ্রুতগতিতে শান্তি ব্যাহত হচ্ছে সেখানে এই ধরনের বাজেট বাংলাদেশের মানুষের নিকট অশুভ বার্তা বহন করেছে। দুঃখ-দুর্দশায় পীড়িত বাংলা-দেশের মানুষ এই বাজেটে কোন আশার বাণী খুঁজে পায় নি এবং পাচ্ছে না। স্যার, সরকারপক্ষ থেকে বলা হচ্ছে যে আইন-শৃঙ্খলা কোথাও ব্যাহত হয়নি, যা ছিল তাই আছে, কেবল আমরা কায়েমী স্বার্থের বিরুদ্ধে লড়াই করে যাচ্ছি। স্যার, আমি বুঝতে পারছি না যে কোন্টা কায়েমী স্বার্থের বিরুদ্ধে লড়াই? এই যে কোচবিহারে ফরোয়ার্ড ব্লক ও সি পি আই সংঘর্ষ, আলিপুরদুয়ারে সি পি এম ও আর এস পি-র সংঘর্ষ বা শরিকী লড়াই, ক্যানিং-এ ৫০টি গৃহ

ভস্মীভূত করা এগুলি কি কায়েমী স্বার্থের বিরুদ্ধে লড়াই? তা ছাড়া সংবাদপত্রের কণ্ঠরোধ করার যে অপচেষ্টা সেটা কোন্ ধরনের কায়েমী স্বার্থের বিরুদ্ধে লড়াই আমি বুঝতে পারছি না। স্যার, যে সংবাদপত্র যুগ যুগ ধরে মানুষের সেবা করে এসেছে, যে সংবাদপত্র যুগ যুগ ধরে ভারতবর্ষকে প্রগতির পথে নিয়ে গিয়েছে, যে সংবাদপত্র সাম্রাজ্যবাদের কবল থেকে পরাধীন ভারতবর্ষকে মুক্ত করার জন্য আন্দোলন চালিয়েছে সেই সংবাদপত্রের কণ্ঠরোধ করার অপচেষ্টা বা সেই সংবাদপত্রের গৃহে হামলা, এমনকি টাকা পয়সা লুঠ করা কোন্ ধরনের কায়েমী স্বার্থের বিরুদ্ধে লড়াই আমরা বুঝতে পারি না। তা ছাড়া আমরা দেখেছি তেলেনীপাড়া, দমদম, টিটাগড় প্রভৃতি জায়গায় মুসলমান নিধন এবং মুসলমানদের গৃহে নির্বিচারে অগ্নিসংযোগ এটা কোন্ ধরনের কায়েমী স্বার্থের বিরুদ্ধে লড়াই তা আমরা বুঝতে পারি না। স্যার, এছাড়া আমার পার্শ্ববর্তী এলাকায় যারা ২০।১০ বা ৫ বিঘা জমির মালিক তাদের জমি দখল করে উৎখাত করার অপচেষ্টা কোন্ ধরনের কায়েমী স্বার্থের বিরুদ্ধে লড়াই সেটাও আমাদের জানা নেই। আজকে যখন বাংলাদেশে আইন-শৃঙ্খলা দ্রুত অবনতির পথে তখন এই ধরনের ঘাটতি বাজেটে কোন রকম আশার ইঙ্গিত নেই বা সাধারণ মানুষের কোন রকম কল্যাণের কথা এই বাজেটের মধ্যে উল্লেখ করা হয়নি। এরপর আমি ঘেরাও সম্বন্ধে বলব। আমরা যেন ঘেরাও-এর কবলে পড়েছি। শ্বাশুড়ি ঘেরাও, বউ ঘেরাও, পিতা মাতা ঘেরাও এগুলি কোন্ ধরনের বা কোন্ দেশের গণতান্ত্রিক আন্দোলন তা আমরা জানি না। এ ছাড়া নিরীহ শিক্ষক বা ছাত্র হত্যা এটাই বা কি ধরনের কায়েমী স্বার্থের বিরুদ্ধে লড়াই তা আমাদের বোধগম্য নয়। তাই আমি বলি, যে বাজেট আমাদের সামনে আনা হয়েছে তা বাংলাদেশের মানুষের কল্যাণের বাজেট নয় বা এর দ্বারা বাংলাদেশের মানুষের কল্যাণ সূচিত হবে না বরং বাংলাদেশের মানুষের নিকট এই বাজেট অশুভ বার্তাই বহন করে এনেছে। এই বলে এই বাজেটের বিরোধিতা করে আমি শেষ করছি।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** মাননীয় সভাপাল মহাশয়, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন প্রগতিশীল বাজেট হিসাবে আমি তাকে পূর্ণ সমর্থন করছি। আজকে এবং গতকাল ওপক্ষের সাত্তার সাহেব, শ্রীনেপাল রায় এবং সারোগী সাহেবের বক্তৃতা শুনলাম। বক্তৃতার মধ্যে তারা বলবার চেষ্টা করছেন যে গেল, সব গেল, আর কিছু রইল না, আইন-শৃঙ্খলা নেই, দেশে অরাজকতার সৃষ্টি হয়েছে। স্যার, আমি তাঁদের বলতে চাই যে এটা অরাজকতা নয়, এর নাম যদি অরাজকতা হয় তাহলে নৈরাজ্যবাদীদের মত আমি তা স্বীকার করি না। আমি বাস্তববাদী হিসাবে তাঁদের বলতে চাই যে এটা অরাজকতা নয়, অশান্তি মাত্র এবং এই অশান্তি অশুভ নয়।

কারণ, আজকে দিকে দিকে শুরু হয়েছে হ্যাভ অ্যান্ড হ্যাভ নটসের লড়াই। যার কিছু আছে, যার নেই, তাদের এই যে লড়াই শুরু হয়েছে এটা স্বাধিকারের প্রশ্ন চলেছে। কৃষক, শ্রমিক সেখানে স্বাধিকার রক্ষার লড়াই করছে। সেই লড়াইয়ের জন্য হয়ত অশান্তি আসতে পারে। তাই এই অশান্তি আমাদের সহজভাবে গ্রহণ করতে হবে, স্বাভাবিকভাবে গ্রহণ করতে হবে। আজকে এই ট্রানজিসান পিরিয়ড চলছে। আপনি যদি ইতিহাসের গতিপথ লক্ষ্য করেন তাহলে লক্ষ্য করে থাকবেন যে পাঠান আমল থেকে মুঘল আমলের ক্ষমতা পরিবর্তনের কথা, মুঘল থেকে ইংরেজ আমলের পরিবর্তনের কথা, ইংরেজ আমল থেকে কংগ্রেস আমলের পরিবর্তনের কথা। তেমনি করে কংগ্রেস আমলের পরে যুক্তফ্রন্টএর এই যে ট্রানজিসান পিরিয়ড, এই পিরিয়ডের মধ্যে কিছু গোলমাল, কিছু অশান্তি সৃষ্টি হতে পারে, কিন্তু এই অশান্তিকে অরাজকতা বললে চলবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যাঁরা তারস্বরে চীৎকার করছেন সব 'গেল গেল' বলে—কি গেল? ভেড়ী লুঠ হচ্ছে, ভেড়ীর মালিকরা মার খাচ্ছে, এই তাদের আপশোষ, আক্ষেপ। আমি জিজ্ঞাসা করি ১৫।১৬ বছর আগে এই ভেড়ীর মালিকরা জোর করে আবাদী জমির মধ্যে নোনা জল ঢুকিয়ে দিয়ে ভেড়ী তৈরী করে হাজার হাজার কৃষককে উচ্ছেদ করেছিল এবং যখন সেই হাজার হাজার কৃষক উচ্ছেদ হয়েছিল তখন সেদিন তাদের এই মাছের মায়ের কান্না কোথায় ছিল? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেই হাজার হাজার কৃষক জোতদারদের বাড়ীতে গিয়ে তাদের চোখের নোনা জলে পা ধুইয়ে গিয়েছিল, কিন্তু তবুও

তারা রেহাই পায় নি, স্থান পায় নি গ্রামের মধ্যে, তাদের ফিরে আসতে হয়েছিল শহরের বু তাদের নিজের দেহের রক্ত ব্লাড ব্যাঙ্কে বিক্রী করেও বাঁচতে পারে নি, পার্কের কর্নারে নিজে মেয়ের ইজ্জত বিক্রী করেও তারা বাঁচতে পারে নি। সেদিন তাদের যে অবস্থা হয়েছিল, অবস্থার কথা চিন্তা করে আজকে সমস্ত পরিস্থিতি বিচার করতে হবে এবং তারপরে বল হবে দেশে অরাজকতা চলছে কি না? এই পরিস্থিতি যদি বিচার করি তাহলে দেখবো যে অরাজকতা নয়, অশান্তি মাত্র। এবং এই অশান্তির মধ্যেই যুক্তফ্রন্ট সরকারের নেতৃত্বে ন আবহাওয়া সৃষ্টি হবে এবং যে আবহাওয়ার মধ্য দিয়ে গরীব কৃষক, শ্রমিক, মধ্যবিত্ত মেহন মানুষের স্বাধিকার প্রতিষ্ঠিত হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কিছুক্ষণ আগে সারাও সাহেব বললেন 'গেল গেল' সব শিল্প চলে গেল—ফ্লাইট অফ ক্যাপিটাল শুরু হয়েছে। শু ওনার কথা নয়, গত ২৪শে জুন তারিখে ৪টি শিল্প সংস্থার উৎপাদন কমে যাচ্ছে, ফ্লাইট দি ক্যাপিটাল হচ্ছে বলে জোর ধুয়া তুলেছেন। আমার কাছে সব তথ্য নেই, কয়েকটি মাত্র আ আমি সারাওগী সাহেব এবং কংগ্রেস দলের অবগতির জন্য বলছি, এটা আমার কথা নয়, ইন্ডি গভর্নমেন্টের অ্যানুয়াল সার্ভে অফ ইন্ডাস্ট্রিজ ১৯৬৪তে প্রকাশিত হয়েছে। তাতে কি বল

The percentage share of West Bengal in India's industrial capital, employme and output are indeed telling. Between 1946 and 1964(1) the number of factori in West Bengal as percentage of All India dropped from 29 per cent. to 15 p cent কমে গেছে। Production capital from 28.3 per cent. to 19.3 per cer Employment scope from 33.6 per ecnt. to 21.7 per cent.

কমে গেছে, এমপ্লয়মেন্ট স্কোপ ফ্রমে ৩৩.৬ পারসেন্ট টু ২১.৭ পারসেন্ট কমে গেছে নেট আউটপুট কত—ফ্রম ২৭.২ পারসেন্ট টু ২১.৩ পারসেন্ট। যে পশ্চিমবাংলা একদি ইঞ্জিনীয়ারিং শিল্প ও অন্যান্য বিভিন্ন শিল্প স্থাপনে প্রথম ছিল, আজকে তার স্থান চতুর্থ কার আমলে এটা হয়েছে? এটা কি যুক্তফ্রন্টের আমলে হয়েছে? ১৯৪৭ সাল থেকে ১৯৬ সাল পর্যন্ত যে রাজত্বে ছিল, কে এ স্পীকারের ডানদিকের আসনগুলি দখল করে ছিল কংগ্রেস নয়? আগে জবাব দিন, তারপরে বলুন ফ্লাইট অফ ক্যাপিটাল হচ্ছে, উৎপাদন কমে যা বেকার বেশী বাড়ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শুধু এই কথাই নয়, আজকে কেন্দ্রীয় সরক চক্রান্ত করে এই বাংলাদেশের শিল্পকে কিভাবে শেষ করে দিচ্ছে সে কথার একটিমাত্র উদাহর হচ্ছে ঐ স্যাক্সবি ফারমার অ্যান্ড কোম্পানী এই স্যাক্সবি ফারমার অ্যান্ড কোম্পানীর ব্যাপ সেন্ট্রাল গভর্নমেন্টের ক্ষেত্রে রাষ্ট্রমন্ত্রী পরিমল ঘোষ এখানে এলেন, তখন তাঁকে বলা হল শেয়ার কিনতে। উনি রাজী হয়ে গেলেন। দিল্লী ফেরার পরে ওখান থেকে ডঃ রামসুভগ সি রেলমন্ত্রী, তিনি বললেন, না, আমরা কিনব না। ইন্দিরা গান্ধীও বললেন, না, কিনব না। ব্যাপার, কি রহস্য—১০ লক্ষ টাকার শেয়ার কিনতে এত কারচুপি কেন, কেনই বা কিনতে চাচ্ছে না? অথচ সেই ১০ লক্ষ টাকার বিনিময়ে ১০ কোটি টাকার বৈদেশিক মুদ্রা খরচ করবেন বাহি থেকে সিগন্যাল প্রভৃতি রেলওয়ে জিনিসগুলি আনবার জন্য। এর কারণ কি এবং এর পিছ কি রহস্য আছে? আসল কথা হচ্ছে বাংলাদেশের শিল্পকে ধ্বংস করা।

[4-20 p.m.—4-30 p.m.]

রেলমন্ত্রী এবং রেলওয়ে বোর্ডের প্রভাবশালী ব্যক্তিগণের চেষ্টার ফলে বম্বে, ফরিদাবাদ, বাঙ্গ লোরে পশ্চিম জার্মানি, মার্কিন এবং ভারতীয় পুঁজির সাহায্যে প্রথম সারির দুটি প্রতিষ্ঠা খাটাউ এবং কির্লোস্কারকে সুযোগ দেওয়া হয়েছে এই তো অবস্থা। এখানে বাংলাদেশে শিল্পকে নষ্ট করে ঐ আমেদাবাদে, ফরিদাবাদে নূতন করে শিল্প প্রতিষ্ঠান করা হচ্ছে। এ তো চেহারা, শুধু এখানেই শেষ নয়, কালকে শুনলাম সাত্তার সাহেব খুব মাছের মায়ের কান্ন কেঁদেছিলেন এখানে, দরদে প্রাণ উথলে উঠেছিল তাঁর একেবারে, আমি জিজ্ঞাসা করি আমাদে কৃষিমন্ত্রী ডাঃ কানাইলাল ভট্টাচার্য মহাশয় যে স্টেটমেন্ট করলেন যে কেন্দ্রের কাছে বারে বা অনুরোধ করা সত্ত্বেও কৃষকদের উৎপন্ন ফসল পাট—সেই পাটের দাম কম পক্ষে ৫০ টাকা বেঁধে দেওয়া হোক। ৫০ টাকা বাঁধা হলো না। কত বাঁধা হয়েছে, ৪০ টাকা মাত্র, কে বেঁধে দিয়েছে

আপনাদের জগজীবন রাম, তিনি কার মন্ত্রী, কেন্দ্রের কংগ্রেসের মন্ত্রী। লজ্জা হওয়া উচিত ছিল এই সব কৃষকদের দরদের কথা বলার আগে। গতকাল আমাদের পূর্তমন্ত্রী এই হাউসে দাঁড়িয়ে এক প্রশ্নোত্তরে বলেছিলেন যে কেন্দ্রের পরামর্শমত সীমান্ত এলাকার রাস্তাঘাট সম্পর্কে ১ ক্রোটি ৭২ লক্ষ টাকা খরচ করা হয়েছে কিন্তু আজকেও সেই খরচের এক পয়সাও কেন্দ্রীয় সরকার দেন নি, অথচ তারা প্রতিশ্রুতি দিয়েছিলেন যে সব টাকা কেন্দ্র দেবে। নানাভাবে আষ্টেপৃষ্ঠে এই পশ্চিমবাংলাকে যে খতম করে দেবার চেষ্টা, সেটা আজকে শুরু হয় নি, ১৯৪৭ সাল থেকেই এটা শুরু হয়েছে এবং সেই চেষ্টা আজকেও চলছে। এই যে অবস্থা হয়েছে, এই অবস্থায় দাঁড়িয়ে কয়েকদিন আগে মোরারজী দেশাই বাংলাদেশে এলেন। কলকাতার বুকের উপর এসে কাউন্সিল অফ কারেন্ট অ্যাফেয়ার্সএর সভাতে বক্তৃতা করে বললেন যে পশ্চিমবঙ্গে যুক্তফ্রন্ট সরকারের উপর কড়া নজর রাখা হয়েছে, প্রয়োজন হলে, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। কি ব্যবস্থা গ্রহণ করতে চান আপনারা জানতে চাই? যুক্তফ্রন্টকে ভেঙ্গে দেবার চক্রান্ত—১৯৬৭ সালের নভেম্বরকে আবার ফিরিয়ে আনতে চান? কিন্তু জেনে রাখুন যে পশ্চিমবাংলার এই দুরবস্থার জন্য যদি কেউ দায়ী হয়, সে দায়িত্ব হচ্ছে কংগ্রেস সরকারের। ঐ মোরারজী দেশাই, ইন্দিরা গান্ধী এবং ঐ চাবন সাহেব, তারা চিরকাল বাংলাদেশকে নেগলেক্ট করে এসেছে, বাংলাদেশে শিল্পোৎপাদন হয় নি, বাংলাদেশকে অর্থনীতি থেকে ফতো করে রাখা হয়েছে এবং আজকে দুঃখ এবং লজ্জার সঙ্গে বলতে হচ্ছে ঐ কংগ্রেসীদের সামনে দাঁড়িয়ে যে কংগ্রেসীরা কি চেষ্টা করেছিল—যখন বাংলাদেশে ইস্পাত এবং কয়লা যার দাম গোটা ভারতবর্ষে এক, অর্থাৎ শিল্পোৎপাদনে সুবিধার জন্য সব জায়গায় সমতা রক্ষা করা, কিন্তু বাংলাদেশের প্রয়োজনীয় খাদ্য ডাল, গম, তুলা, তার জন্য তো কোন সমতা রাখা হয় নি। মাননীয় মুখ্যমন্ত্রী অজয়বাবুর বক্তৃতা শুনে কংগ্রেস সদস্যগণ খুব গরম হয়েছেন যে কেন্দ্রীয় সরকারের উপর দোষারোপ করা হয়েছে। আমি বলতে চাই যে এই হাউসে নজীর আছে, ঐখানে দাঁড়িয়ে—তৃতীয় ফাইন্যান্স কমিশন যখন এসেছিল, সেই সময় স্বর্গত ডাঃ বিধানচন্দ্র রায় মহাশয় প্রস্তাব দিয়েছিলেন যে আসুন সবাই একত্র হয়ে আজকে থার্ড ফাইন্যান্স কর্পোরেশনের কাছে দাবি জানাই, কারণ বাংলাদেশকে কেন্দ্রীয় সরকার চিরকাল নেগলেক্ট করে এসেছে। সেই দাবি জানাবার জন্য সেদিন কিন্তু জ্যোতিবাবু এবং হেমন্তবাবু তাঁকে সমর্থন করেছিলেন। আজকে আসুন যদি ক্ষমতা থাকে অজয়বাবু যে বাজেট প্রস্তাব করেছেন তাকে সকলে মিলে সমর্থন করি এবং এক সঙ্গে আওয়াজ তুলি যে কেন্দ্র অবিচার করছে পশ্চিমবাংলার বিরুদ্ধে, তার বিরুদ্ধে একজোট হয়ে বলি 'এ অবিচার চলবে না'।

**শ্রীমহম্মদ সোহরাব:** মাননীয় স্পীকার মহাশয়, চলতি বছরে মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেটে আমি দেখেছি যে বাজেটের যে নগ্ন রূপ তার সঙ্গে মিল খেয়েছে গত চার মাস ধরে যুক্তফ্রন্টএর বিভিন্ন শরিকগণের সারা পশ্চিমবাংলায় যে নগ্ন রূপ প্রকাশ হয়েছে সেই নগ্ন রূপ এর সঙ্গে এই বাজেটের নগ্ন রূপ একেবারে মিল খেয়েছে। ইলেকশনের পূর্বে যুক্তফ্রন্টের বিভিন্ন দল বাংলাদেশের মানুষের কাছে যেরকমভাবে ভাঁওতা দিয়ে, বিভিন্ন আশা-আকাঙ্খার কথা তাঁরা শুনিয়েছিলেন সেইরকম এই বাজেটটাও পশ্চিমবাংলার জনসাধারণের কাছে একটা ভাঁওতা ছাড়া আর কিছুই নয়। গতকাল থেকে সরকার পক্ষের যে সমস্ত সদস্য এবং সদস্যারা এই বাজেটের উপর বক্তৃতা করেছেন, তা শুনে মনে হয়েছে যে তাঁরা নাচতে জানেন না বলেই উঠোনের দোষ দিচ্ছেন। তাদের ইনএবিলিটি, তাদের অসাফল্য, প্রতিটি থেকে বাঁচার জন্য তারা দোষ দিচ্ছেন কেন্দ্রের উপর। কেন্দ্রের জন্য তারা কিছু করতে পারছেন না। আর একটা কথা আমার মনে পড়ছে, এখন আমাদের এ তরফ থেকে যে কোন কথা, সে যতই সত্য হোক, যতই যুক্তিযুক্ত হোক না কেন, তারা শুনলেই বলেন, আপনারা এতদিন কি করছিলেন? আরে বাবা, আমরা পারি নি বলেই তো জনসাধারণ তোমাদের ওখানে বসিয়েছে আর আমাদের এখানে বসিয়েছে। জনসাধারণের কাছে যে আশার বাণী শুনিয়েছিলে তোমরা যে বলেছিলে তাদের ভালো কাজ করবে, তার কি হল? সেইসব কথা আজকে বাজেট পরিকল্পনার সময় চিন্তা করতে হবে। ইলেকশনের সময় তাদের যে সমস্ত আশার কথা, তাদের ভাল ভাল কাজের কথা শুনিয়ে এসেছো, সেই সমস্ত কথা অনুযায়ী যদি কাজ করতে পার তো ভাল। যে

সমস্ত ভাল ভাল কাজ করবেন বলে আশা দিয়ে এসেছেন, প্রতিজ্ঞা করে এসেছেন, সেই প্রতিজ্ঞা ভঙ্গ না করে যদি তার প্রতিফলন বাজেটে হত তা হলে ভাল হত। এইটাই তো বাজেট। কিন্তু বাজেট যখন লক্ষ্য করছি তখন দেখছি সেই বাজেট একেবারে ভাঁওতা। সেই ইলেকশনের সময় যেমন বলেছিলেন, তেমনি আজও ভাঁওতা দিচ্ছেন। পশ্চিমবঙ্গের কোন জনকল্যাণমূলক কাজের লক্ষণ দেখতে পাচ্ছি না। গতকাল মাননীয় সদস্য অমলেন্দ্র রায় বলেছিলেন, ডেভেলপিং কান্ট্রিতে ডেফিসিট বাজেট স্বাভাবিক। আমি তা স্বীকার করি। কিন্তু তার সঙ্গে প্রশ্ন পশ্চিমবঙ্গের যে আর্থিক অবস্থা তাতে এই যে ৫৩ কোটি টাকার ডেফিসিট রাখা হয়েছে তাতে পশ্চিমবাংলার কি মঙ্গল হবে এবং সেই ৫৩ কোটি টাকা কিভাবে উঠবে, কার উপর ট্যাক্স চাপিয়ে উঠবে, তার কোন উল্লেখ বাজেটে দেখলাম না যদিও ডেফিসিট বাজেট তবুও বাংলাদেশের আর্থিক অবস্থা বিবেচনা করে এই ৫৩ কোটি টাকা অত্যন্ত বেশি বলে আমি মনে করি। বাজেটের আর এক দিক আছে। সে দিক হচ্ছে সমাজের নীচু স্তরে যারা আছে, যারা গরীব, মধ্যবিত্ত তাদের সঙ্গে যারা উচ্চস্তরে আছে, ধনী আছে তাদের মধ্যে যে গ্যাপ আছে সেটা মিনিমাইজ করা। সেটা করার কথা যুক্তফ্রন্ট ঘোষণা করেছিল। কিন্তু কার্যত কি দেখতে পাচ্ছি? তাঁরা কতকগুলি ক্ষেত্রে সামান্য মাত্র সুবিধা দিচ্ছেন। আমি তার প্রতিবাদ করছি না। আমি শিক্ষক হিসাবে শিক্ষকের মাইনে বাড়ানোর, কিংবা সরকারী কর্মচারীদের মাইনে বাড়ানোর প্রতিবাদ করছি না। তাঁরা বলছেন, সাধারণভাবে আজকে বাঁচতে গেলে ২০০ কিংবা ২৫০ টাকা দরকার। কিন্তু আমার বক্তব্য হচ্ছে, এটাই যথেষ্ট নয়। ও'রা জনসাধারণের সামান্য অংশ মাত্র। এ'রা ছাড়াও দেশে আরও মানুষ আছে। যারা শ্রমিক আছে, কৃষক আছে, মজুর আছে তাদের স্ট্যানডার্ড বাড়ানোর জন্য সরকার কিছুই করেন নি। আজকে যে হাজার হাজার বেকার রয়ে গিয়েছে তাদের জন্য অ্যাভিনিউ এমপ্লয়মেন্ট কিছুই করেন নি। আজকে বেকারীর অবস্থা কি আপনারা চিন্তা করুন। আমাদের স্কুলে একটা ডেপুটেশন ভেকেন্সীর জন্য আমরা অ্যাডভার্টাইজ করেছিলাম, দেড়শো দরখাস্ত পড়েছিল এবং তার মধ্যে এম এ, অনার্স, বি-টিও অনেক ছিল। আমাদের জেলায় এবং অন্যান্য স্থানে অনেক নূতন স্কুল হয়েছে। কিন্তু গত দু বছর ধরে কোন স্কুলের অনুমোদন দেওয়া হয় নি। এইভাবে প্রতিটি ক্ষেত্রে অ্যাভিনিউ অফ এমপ্লয়মেন্ট বন্ধ হতে চলেছে। এর ফলে বেকার সমস্যা আরও ক্রমবর্ধমান হতে চলেছে। নূতন ইন্ডাস্ট্রি দূরের কথা, যে সমস্ত ইন্ডাস্ট্রি আছে তাদের এমপ্লয়মেন্টের সুবিধা ক্রমে ক্রমে কমে যাচ্ছে। তাই আমি অনুরোধ করব তাঁরা দেশের মানুষকে যে আশা দিয়েছিলেন, যে বেকার ভাতা দেবেন বলেছিলেন, সেই ব্যবস্থা যাতে করা যায় তার চিন্তা করুন। কিছুদিন আগে যুবক বেকাররা রাইটার্স বিল্ডিংসে মুখ্যমন্ত্রী এবং উপ-মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে গিয়েছিলেন। তখন মুখ্যমন্ত্রী বলেছিলেন তাদেরকে বেকার ভাতা দিতে গেলে যে টাকা লাগবে, তা সমস্ত বাজেটেও কুলোবে না। তখন তারা তাঁর মুখের সম্মুখে বলেছে যদি তা না দিতে পারবেন তো ভাঁওতা দিতে গিয়েছিলেন কেন? এই ভাঁওতা ও'রা দিয়েছেন প্রতিটি ক্ষেত্রে। ভাঁওতা দেওয়াই ও'দের প্রকৃতি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের শিক্ষামন্ত্রী যখন মন্ত্রী হিসাবে চার্জ নেন তখন পশ্চিমবঙ্গের শিক্ষানুরাগী মানুষ আশা করেছিলেন শিক্ষার প্রতিটি ক্ষেত্রে প্রতিটি স্তরে একটা কো-অর্ডিনেশন হবে। শিক্ষার বিভিন্ন দিকে যে সমস্ত অভাব-অভিযোগ আছে, অসুবিধা আছে, সেগুলি দূর হবে।

[4-30 p.m.—4-40 p.m.]

কিন্তু তাঁর গত ৪ মাসের কার্যাবলী দেখে তাঁদের সমস্ত আশা-আকাঙ্খা ভেঙে যাচ্ছে। সময়ে বিভিন্নভাবে তিনি যে বিবৃতি দিয়েছেন, তাতে শিক্ষাক্ষেত্রে একটা অনিশ্চয়তা দেখা দিয়েছে। তিনি একদিন বলছেন ১০ ক্লাসের স্কুল হবে, আবার বলছেন, ১১ ক্লাসের স্কুল হবে, আবার বলছেন সেন্ট্রাল স্কুল হবে। এইভাবে মানুষের মধ্যে শিক্ষা সম্বন্ধে একটা অনিশ্চয়তার ভাব উঠেছে। মাননীয় শিক্ষামন্ত্রী গতকাল বলেছেন, ১২ ক্লাসের যে কথা আমি বলেছি সেটা

আমার ব্যক্তিগত মত। আমরা বিভিন্ন শরিক দলের কাছে নোট পাঠাবো তার জন্য সকলের মত নিয়ে ব্যবস্থা হবে। আমি বলি—মন্ত্রী হিসাবে ব্যক্তিগত মতেরও জনসাধারণের কাছে মূল্য আছে। এইটুকু তিনি আজকে ভুলে গেছেন। আর একটি গুরুত্বপূর্ণ কথা তিনি ভুলে গিয়েছেন যে শিক্ষকদের ৫ টাকা, ১০ টাকা বেতন বাড়ানটা বড় কথা নয়, বড় কথা হচ্ছে রেগুলার পেমেন্ট। দুঃখের কথা, লজ্জার কথা যে, প্রতি মাসে গভর্নমেন্ট ডি এ-র জন্য ডিস্ট্রিক্ট অফিসএ অ্যালটমেন্ট দেবার যে কথা ছিল সেই অ্যালটমেন্ট আজকে বছরের ৪½ মাস পার হতে চলেছে তবুও দেওয়া হয় নি। বৎসরের মার্চ মাসে যে বৎসর শেষ হচ্ছে সেই বৎসর প্রতি স্কুলের হাজার হাজার টাকা বাকী পড়েছে, আজ পর্যন্ত তা শোধ করবার কোন ব্যবস্থা হয় নি। স্যার, আজকে শিক্ষাজগতে আরো বেশী অরাজকতা দেখা দিয়েছে। ইথোরায় যখন একজন প্রধান শিক্ষক, বহুদিনের অভিজ্ঞ প্রধান শিক্ষক, তাকে ঐ গ্রামের কোন এক কারখানা থেকে গুণ্ডা এসে বিদ্যালয় হোস্টেলের মধ্যে নৃশংসভাবে হত্যা করেছে, শিক্ষককে মেরেছে, ছাত্রহত্যা করেছে, তখন আমরা আশা করেছিলাম যে মাননীয় শিক্ষামন্ত্রী একজন প্রধান শিক্ষক হিসাবে, একজন শিক্ষাদরদী মানুষ হিসাবে তার তীব্র প্রতিবাদ করবেন এবং আমরা মনে করি এর জন্য তার পদত্যাগ করা উচিত ছিল। কিন্তু আজ পর্যন্ত তার সামান্য পতিবাদও তিনি করলেন না। কৃষির ক্ষেত্রে খাস জমি এবং বেনামী জমি উদ্ধার করা নিয়ে যুক্তফ্রন্ট সরকার গ্রামীণ পশ্চিমবাংলায় যে অরাজকতার সৃষ্টি করেছেন এর তুলনা মেলে না। আমি তাদের সঙ্গে একমত যে যাদের বেনামী জমি আছে, যাদের বেশী জমি আছে তা নিয়ে নেওয়া হোক, কিন্তু সেই নিয়ে নেওয়াটা হবে আইনসঙ্গতভাবে। আজকে একজন প্রবীণ সদস্য গান্ধীজীর কথা বলেছিলেন। তিনিও আইন ভেঙ্গেছিলেন। আমি তার মত একজন প্রবীণ সদস্যের কাছে এটা আশা করিনি। গান্ধীজী যখন ছিলেন তখন আইনপ্রণেতা ছিল ব্রিটিশ শাসক, গান্ধীজী স্বাধীনভাবে আইন প্রণয়ন করতে পারতেন না। আজকে যুক্তফ্রন্ট সরকার আইন প্রণয়ন করছেন, জনসাধারণ সে ক্ষমতা তাদের দিয়েছে। সুতরাং এ বিষয়ে গান্ধীজীর সঙ্গে তুলনা হতে পারে না। আপনারা আইন করেন—৫০ বিঘা জমি সিলিং হবে, ৫০ বিঘা জমি সিলিং হবে, বেনামী জমি উদ্ধার করা হবে কিন্তু আইন ভংগ করে গুণ্ডা দিয়ে সমাজে বিশৃংখলার সৃষ্টি করছেন কেন? স্যার, আর একটি কথা বলে আমি শেষ করবো। আজকে তাদের দল সরকার গঠন করেছে। তাদেরই সরকারের বিভিন্ন মন্ত্রী বিভিন্ন খাতে অ্যালটমেন্ট করেছেন। কোন্ বি ডি ও অফিস কত টাকা বিভিন্ন খাতে লোন বা রিলিফ দিতে পারবে মন্ত্রিমহাশয় অ্যালটমেন্ট করছেন। আমি আশ্চর্য হয়ে যাই, তাদেরই দল আবার ওখানে এস ডি ও-কে বি ডি ও-কে ঘেরাও করে যে "লোন দাও, রিলিফ দাও"। ঘেরাও যদি করতে হয় তাহলে মন্ত্রীকে করতে হবে, কারণ মন্ত্রীই তো অ্যালটমেন্ট দিয়েছেন। তাই এটার আর কোন উদ্দেশ্য নেই, একমাত্র রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে লোককে মাতিয়ে রাখা। লোককে মাতিয়ে রেখে কি করে তাদের ইনএবিলিটিকে ঢেকে রাখা যায়। এভাবেই তারা মানুষকে ভাওতা দিয়ে, মানুষকে ভুলিয়ে রেখেছেন। বাজেটেও এই ভাওতাই লক্ষ্য করেছি, এই বলে বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅশোক চৌধুরী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই বাজেটকে সমর্থন করতে উঠে একটি প্রস্তাব রাখছি আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে। যে ঘাটতি আছে, প্রায় ৫০ কোটি টাকা। সেই ঘাটতি পূরণ করবার জন্য মন্ত্রিসভা বিশেষভাবে বিবেচনা করছেন। এবং এই বাজেট তৈরী করবার সময় তাঁরা বিভিন্নভাবে চেষ্টা করেছেন এবং যে বাজেট তাঁরা পেশ করেছেন সেই বাজেটের মধ্যে খুব একটা বড় কিছু নেই। এই বাজেট বৈপ্লবিক বাজেট নয়। কারণ, যে সরকার ক্ষমতায় প্রতিষ্ঠিত তারা বিপ্লবের মাধ্যমে ক্ষমতা দখল করেন নি। সুতরাং তাদের কাছ থেকে একটা বৈপ্লবিক বাজেট আশা করতে পারি না। আমি এই বাজেটের মধ্যে সামান্য দু'-একটি আশার কথা দেখছি যে সরকারী কর্মচারীরা দীর্ঘদিন ধরে তাদের বেতন ও ভাতা বৃদ্ধির জন্য আন্দোলন করেছেন, তাদের সেই বেতন এবং ভাতা সামান্য পরিমাণ করে বৃদ্ধি করার জন্য ৯ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

বিভিন্নভাবে বিভিন্ন খাতে, শিক্ষা খাতে প্রায় ৫৯ কোটি টাকা বরাদ্দ হয়েছে কিন্তু তাতে আমাদের বাংলাদেশের যে চাহিদা এবং প্রয়োজন সেগুলি মিটছে না। সেজন্য কেউ কেউ এই বাজেট সম্পর্কে বলতে গিয়ে বিভিন্নভাবে বলেছেন যে এই বাজেট খুব একটা বড় আশা এবং আকাঙ্খা পূরণ করতে পারে নি, একথা ঠিক কিন্তু বাংলাদেশের ২০ বছরের অর্থনীতির উপর দাঁড়িয়ে নূতন করে একটা বাজেট তৈরী করতে এবং অর্থনীতিটাকে একটা ভাল জায়গায় এনে দাঁড় করাতে গেলে অনেক ভাবনা চিন্তার প্রশ্ন আছে এবং সেখানে আমরা দেখতে পাচ্ছি যে মন্ত্রিসভার পক্ষ থেকে যে বাজেট এখানে পেশ করা হয়েছে তার মধ্যে যথেষ্ট ভাবনা চিন্তা করা হয়েছে এবং সেই বাজেটের মধ্যে একটা জিনিস খুব উল্লেখযোগ্য যে সরকারের আয়ের নূতন সূত্র কি হবে তার মধ্যে একটা জায়গায় আমি খুব সুনির্দিষ্টভাবে দেখাতে পারি যে বাংলাদেশের মোট জাতীয় আয়ের শতকরা ৫০ ভাগ আসে কৃষি এবং সংশ্লিষ্ট কৃষিক্ষেত্র থেকে, আর সেই কৃষিক্ষেত্র থেকে যে কৃষি আয়কর কংগ্রেস আমলে ২০ বছরে সেই আয়কর প্রায় স্ট্যাটিক পর্যায়ে আছে। ১৯৬৬-৬৭ সাল পর্যন্ত কৃষি আয়করের পরিমাণ বাংলাদেশে ১ কোটি ২২ লক্ষ টাকা মাত্র। জমির খাজনা থেকে সেই ঘাটতি পূরণের ব্যবথা করা যেতে পারে। কৃষি আয়করের স্ট্রাকচার সম্পূর্ণ পালটে দিয়ে নূতন করে সেই আয়করকে যদি পুনর্গঠিত করা যায় তাহলে পরে ঘাটতি বাজেট পূরণ হওয়ার পক্ষে অনেকখানি এগিয়ে যাবে। মোট জমির খাজনা এস্টিমেটেড ল্যান্ড রেভিনিউ রিসিট ৮ কোটি টাকা ধরা হয়েছে, তার মধ্যে কত সরকারের হাতে আসছে অনেক কম, কিন্তু সেই আয়ের থেকে আমরা দেখতে পাচ্ছি মাত্র মোট আয়ের শতকরা ৩;৪ পারসেন্ট সরকারের হাতে আসে। এখানে অনেক কথা হয়েছে—আমি একটা কথা বলছি সেটা হচ্ছে এই যে ঘাটতি পূরণের একটামাত্র জায়গা আছে সেটা হচ্ছে গ্রাম থেকে। গ্রামের মধ্যে আমরা দেখেছি বিগত ১৫ বছরের মধ্যে একটা সামন্ত শ্রেণী গড়ে উঠেছে যাদের হাতে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা জমেছে। আমরা সাধারণতঃ জানি যে বাংলাদেশের গ্রাম দরিদ্র গ্রাম, ক্ষুধার্ত মানুষের গ্রাম—সেকথা আপনারা অনেকে জানেন, আমাদের মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ও জানেন. কিন্তু আমি একটা গ্রামের সন্ধান দেব যে গ্রাম বিত্তশালী গ্রাম, মহাজনদের গ্রাম। বিগত ১৫ বছরের কংগ্রেসী শাসনে এবং কংগ্রেসের অর্থনীতিতে এরা সমৃদ্ধ হয়ে উঠেছে। সামাজিক ন্যায়বিচারের দিকে লক্ষ্য রেখে আমাদের বাজেট তৈরী হবে আমাদের অর্থমন্ত্রী এখানে প্রতিশ্রুতি দিয়েছেন। সুতরাং আগামী ভবিষ্যতে অর্থ সংগ্রহের জন্য যখন সরকার চিন্তা করবেন তখন একটা জিনিস তাদের ভেবে দেখবার জন্য অনুরোধ জানাব আপনার মাধ্যমে যে গ্রামে যে ধনিকশ্রেণীর উৎপত্তি হয়েছে যারা সামন্ত প্রথায় এবং আধুনিক ধনতান্ত্রিক প্রথায় গ্রামের শতকরা ৯০ জনকে শোষণ করে বড় হয়েছে—সেকথা ভারত সরকারের ইনকাম ডিস্ট্রিবিউশন কমিটির যে তথ্য তার মধ্যে আছে যে গ্রামের সমস্ত সম্পদের মালিকানা শতকরা ৫।৬ জনের হাতে গিয়ে পৌঁচেছে। আমার ব্যক্তিগত অভিজ্ঞতা আছে যে সুন্দরবনের বড় বড় মহাজনরা বিগত ১৫ বছরে এত টাকা করেছে যে তারা রাসবিহারী অ্যাভিনিউএর উপর ১৫।২০ লক্ষ টাকা দিয়ে বাড়ী কিনছে। কংগ্রেস আমলে তাদের গায়ে হাত দেওয়া হয় নি। সেই জায়গা হচ্ছে আসল জায়গা। আমি সরকারের হাতে সেই অস্ত্র তুলে দিতে চাই যে সেখান থেকে যদি ধরা হয় সমস্ত আয়কর এবং জমির খাজনার কাঠামোকে যদি পুনর্বিন্যাস করা যায়, যদি বৈজ্ঞানিক ভিত্তিতে ধরা হয়, সামাজিক ন্যায়বিচারের স্বার্থে কায়েমী স্বার্থের বিরুদ্ধে শাণিত অস্ত্র হিসাবে যদি গড়ে তুলতে হয় তাহলে গ্রামে যারা ধনিকশ্রেণী সৃষ্টি হয়েছে বিগত ১৫ বছরে তাদের গায়ে হাত দিতে হবে, তাদের কাছ থেকে টাকা নিতে হবে এবং সেই টাকা দিয়ে বাংলাদেশকে গড়ে তুলতে হবে।

[4-40 p.m.—4-50 p.m.]

বাংলাদেশে কি আছে? কৃষি, শিল্প, স্বাস্থ্য ইত্যাদি খাতে টাকার পরিমাণ কম। সুন্দরবনের দিকে যখন দেখি তখন দেখা যায় যে লোকের জন্য পানীয় জল সরবরাহের ব্যবস্থা নেই, ১০ মাইল রাস্তা পাকা নেই, স্বাস্থ্যকেন্দ্র নেই। সুতরাং গ্রামের বিত্তবান যাদের কংগ্রেসীরা বড় করে তুলেছে সেই কায়েমী স্বার্থের প্রতি আঘাত আনতে হবে। এই বাজেটের মাধ্যমে যে চাষীকে জমি দেওয়া হচ্ছে তা যাতে সে রাখতে পারে তার ব্যবস্থা করতে হবে, সাধারণ মানুষের

মধ্যে যে খেটেখাওয়ার প্রেরণা যোগান হচ্ছে তার জন্য তাকে মূলধন দিতে হবে এবং এইভাবেই এই বাজেটকে বৈপ্লবিক বাজেটে রূপান্তরিত করা যাবে। আইন-শৃঙ্খলার কথা বলেছেন, কিন্তু যারা লক্ষ লক্ষ টাকা গ্রামের মানুষকে শোষণ করে, ১০০ টাকায় ১৫ টাকা সুদ নিয়েছে, তাদের কাছ থেকে ইনকাম ট্যাক্স নেওয়া হয় নি। এই ইনকাম ট্যাক্স যদি নেওয়া হোত তাহলে এই বিত্তবান শ্রেণীর কাছ থেকে অনেক টাকা পাওয়া যেত। শুধু এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স বাড়িয়ে এদের উপর ২.৭ গুণ করতে হবে এবং তাহলে ঘাটতি অনেক পূরণ হবে। এই প্রস্তাব আমি রাখছি।

**শ্রীধনঞ্জয় কর:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করতে উঠে আপনার মাধ্যমে ২।১টি কথা বলতে চাই। আমি গতকাল থেকে লক্ষ্য করছি বিরোধী পক্ষের আক্রমণ শুধু ঘাটতি বাজেট এবং দেশে অরাজকতা চলছে বলে এই বাজেটকে তাদের পক্ষে সমর্থন করা সম্ভব নয়। ঘাটতি বাজেট যেন এই প্রথম যুক্তফ্রন্ট সরকার এনেছেন। ঘাটতি বাজেট কংগ্রেসী আমলে কোনদিন আসে নি। বিভিন্ন প্রদেশে বা কেন্দ্রে যেন ঘাটতি বাজেট কোনদিন হয় নি। এই প্রথম ঘাটতি বাজেট তাই তাঁরা এত আতঙ্কগ্রস্ত। ঘাটতি বাজেট হলে তা যে গ্রহণযোগ্য নয় একথা আমি স্বীকার করি না। ঘাটতি বাজেট গ্রহণযোগ্য কি না তা নির্ভর করছে বাজেট তৈরীর দৃষ্টিভঙ্গীর উপর। যদি বাজেট দেশের সাধারণ মানুষের মঙ্গলের জন্য তৈরী হয়, অধিক সংখ্যক লোক যে বাজেটের দ্বারা উপকৃত হবে সেরকম বাজেট যদি ঘাটতি হয়ে থাকে তাহলে তা অভিনন্দনযোগ্য। কিন্তু মুষ্টিমেয় লোকের স্বার্থে যদি বাজেট তৈরী হয়ে তা উদ্বৃত্ত হয় তাহলে সেটা গ্রহণযোগ্য নয়। এই বাজেট ভারতবর্ষের জনতার বাজেটে রূপায়িত হয়েছে। ভারতবর্ষের অধিক সংখ্যক লোক কৃষির উপর নির্ভরশীল। কৃষির উন্নতির উপর ভারতবর্ষের সর্বাঙ্গীণ উন্নতি নির্ভর করছে। কৃষির দিকে যদি অবহেলা করা হয় তাহলে ভারতবর্ষের সর্বাঙ্গীণ উন্নতি করা সম্ভব নয়। প্রধান কথা হচ্ছে আমাদের এই যুক্তফ্রন্ট সরকার তাই বাজেটে কৃষি উন্নতির উপর গুরুত্ব আরোপ করেছেন এবং তাই কৃষিখাতে ব্যয়বরাদ্দ খুব বেশী ধরা হয়েছে। কৃষকদের সর্বদিক দিয়ে যদি উন্নতি না করতে পারি তাহলে ভারতবর্ষের কোন প্রকার উন্নতি করা সম্ভব হবে না। শিল্প প্রতিষ্ঠা করলে সেই শিল্পের দ্বারা কতদিন টিকে থাকতে পারা যাবে?

যারা শিল্পের ক্রেতা, যারা শিল্পজাত দ্রব্য কেনে তাদের ক্রয়ক্ষমতা যদি বাড়াতে না পারি, শিল্পজাত দ্রব্য যদি বিক্রি না হয় তাহলে শিল্প টিকে থাকতে পারে না। আজকে ঘেরাওএর ফলে শিল্প উঠে যাচ্ছে বলে যাঁরা বলছেন তাঁদের কথা ঠিক নয়। মানুষের ক্রয় ক্ষমতার অভাবে বাজারে মাল বিক্রি হচ্ছে না, অনেক দিন ধরে মন্দাভাব চলছে এবং সেই কারণেই তাঁরা শিল্প বন্ধ করেছেন। এগুলি ঘেরাওএর জন্য বন্ধ হচ্ছে না। আমাদের যুক্তফ্রন্টের অর্থমন্ত্রী ৮০।৮৫ ভাগ কৃষির উন্নয়নের দিকে লক্ষ্য রেখেছেন। কৃষির উন্নয়ন, সার, বীজের উপর নির্ভর করে না, এটা নির্ভর করে সেচের উপর এবং সেই কারণেই সেচের উপর বরাদ্দ বেশী করে ধরা হয়েছে। আমি সেচমন্ত্রীকে বলব যে টাকা তিনি সেচের জন্য বরাদ্দ করেছেন তার চেয়ে আরও অধিক অর্থ বরাদ্দ করবার সুযোগ যাতে তিনি পান তার জন্য চিন্তা করুন এবং কৃষককে যাতে ঋণ, সার, বীজ দিতে পারেন সেই চেষ্টা করুন। কৃষক যদি চাষের সময় জল না পায় তাহলে সব নষ্ট হয়ে যাবে। কাজেই কৃষির উন্নতির জন্য প্রথম এবং প্রধান কাজ হচ্ছে সেচ ব্যবস্থার ব্যাপকভাবে ব্যবস্থা করা। আমি হাউসের মধ্যে প্রশ্নোত্তরকালে শুনেছি অনেকগুলি ডিপ টিউবওয়েল, স্যালো টিউবওয়েল এবং অন্যান্য সেচ ব্যবস্থার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। আমি জানি কতকগুলি নদী বিরাট বিরাট শক্তি নিয়ে বয়ে চলেছে। রিভার পাম্প বসিয়ে সেই নদীর জল উত্তোলন করে যদি আমরা সেচের কাজে লাগাতে পারি তাহলে অনেক সুযোগ-সুবিধা আসবে এবং উৎপাদনও বাড়বে। কাজেই আমি সেচমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি রিভার পাম্প বসিয়ে সেচ ব্যবস্থা ব্যাপকভাবে করুন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আর একটা কথা বলতে চাই এবং সেটা হচ্ছে কৃষির উন্নতি যদি করতে হয় তাহলে গ্রামে গ্রামে কুটিরশিল্পের উন্নতি করতে হবে। কুটিরশিল্প যদি আমরা চালু করতে পারি তাহলে কৃষকরা অবসর সময়ে কাজ করে সেখান থেকে দু' পয়সা রোজগার করতে পারবে। গ্রামে অনেক ছেলে বসে রয়েছে যারা অর্ধ

শিক্ষিত। তারা যদি সুযোগ পায় তাহলে তারা দু' পয়সা রোজগার করতে পারবে এবং সেই পয়সা তারা কৃষিকার্যে ব্যয় করতে পারবে। কৃষিকার্যে বেশী ব্যয় করতে পারলে কৃষির উন্নতি হবে এবং আমাদের খাদ্য সমস্যার সমাধান হবে। আর একটা কথা হচ্ছে গ্রামদেশে যোগাযোগ ব্যবস্থা নেই। এই যোগাযোগ ব্যবস্থা না থাকার ফলে কৃষকের উৎপাদিত জিনিষের চাহিদা থাকলেও ঠিক জায়গামত নিতে পারে না বলে তারা দাম পায় না। কাজেই আমরা যদি যোগা-যোগের ব্যবস্থা করতে পারি তাহলে সেখানে নিয়ে গিয়ে কৃষকরা দু' পয়সা বেশী পাবে এবং তার ফলে সামগ্রিকভাবে ভারতবর্ষের উন্নতি হবে, গ্রামের উন্নতি হবে। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Amritendu Mukherjee:** Sir, I would like to draw your attention to an issue of a very urgent nature. Just now I received a telegram from Kalyani The telegram reads as follows:—

Kalyani University hostel cooks launched a continuous strike from yesterday Authority declared closing of the University. Students are staying and demanding for running of the University normally to avoid the tension. Please intervene in the matter. I would like to draw your attention to this and I would request you to direct the Hon'ble Education Minister to look into the matter and try to settle the issue peacefully.

[4-50 p.m.—5 p.m.]

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় অর্থ মন্ত্রিমহাশয় যে বাজেট উপস্থিত করেছেন, অবশ্য বাজেটটা অন্যভাবে উপস্থিত হয়েছে, ফাইনাল ডিম্যান্ড ফর গ্রান্ট অ্যান্ড অ্যাপ্রোপ্রিয়েশন বলে বাজেট উপস্থিত হয়েছে, আমি তা পূর্ণভাবে সমর্থন করছি। অবশ্য এখানে বলা দরকার যে আমরা দেখতে পাচ্ছি তাতে ৫৩ কোটি টাকা ঘাটতি, এটা নিয়ে খুব হৈ চৈ হচ্ছে এর জন্য সমস্ত বাংলাদেশই উদ্বেগ বোধ করবে, এ বিষয়ে সন্দেহ নাই। কিন্তু এই ঘাটতির জন্য দায়ী কারা? প্রকৃতপক্ষে যুক্তফ্রন্ট এই বাজেট তৈরী করে নি, কংগ্রেসী আমলে তদানীন্তন রাজ্যপাল এই বাজেট রচনা করেছিলেন কংগ্রেসীদের জন্য, তাঁর ধারনা ছিল এই নির্বাচনে নিশ্চয়ই কংগ্রেসই আবার গদীতে বসবে। এবং সেই ধারণা থেকেই রাজ্যপাল জনস্বার্থ বিরোধী বাজেট তৈরী করেছিলেন। কিন্তু দুর্ভাগ্যের বিষয় জনতা তাঁদের ছুড়ে ফেলে দিয়েছে, যুক্তফ্রন্টকে ক্ষমতায় বসিয়েছে। আজকে যুক্তফ্রন্টকে জনস্বার্থবিরোধী কাজকে কি করে জনকল্যাণে কাজে লাগান যায় তারই চেষ্টা করতে হচ্ছে। এই হচ্ছে অবস্থা। যে ঘাটতির কথা ও'রা বার বার বলছেন, সেই ঘাটতির জন্য তো ও'রাই দায়ী। ও'রাই এই অবস্থা সৃষ্টি করেছিলেন, এই দৃষ্টিভঙ্গী সৃষ্টি করেছিলেন, গত ২০ বছরের মধ্যে জনগণের স্বার্থে বাজেট রচনা করেন নি। আজকে ও'রা যেসব কথা বলছেন ঐ বেঞ্চ থেকে সে কথাগুলি তো আমরাই তখন বলতাম। ও'দের কথা শুনে মনে হচ্ছে যেন কোন বই টই দেখে বলছেন, দেওলিয়া, জনস্বার্থ বিরোধী এ সব কথা যা আমরা একদিন বলতাম ঐ বেঞ্চে থাকাকালীন সেগুলিই ও'রা মুখস্থ বলে যাচ্ছেন। কিন্তু এ জিনিষ ও'দেরই প্রাপ্য। আমি স্যার, আপনার কাছে এটাই বলতে চাই যুক্তফ্রন্ট সরকার থেকে এটাকে মাঝখানে ভেঙ্গে চুরে কাট-ছাঁট করে কি করে জনকল্যাণে লাগান যায় তারই চেষ্টা করা হচ্ছে। যে বাজেট মার্চ মাসে উপস্থিত করার কথা তাতে দেখছি রাজস্ব খাতে ৪ কোটি ২৫ লক্ষ টাকা আয় কম এবং ২৭ কোটি ৭৪ লক্ষ টাকা বেশী হয়েছে, এর যথেষ্ট কারণ রয়েছে। আজকে ও'রা কি দেখতে পাচ্ছেন না ভূমি রাজস্ব খাতে ৩ একর পর্যন্ত জমির মালিককে খাজনা মাফ করা হয়েছে, তার জন্য আয় কম হয়েছে, দুর্গাপুরে বিরাট লোক-সান হয়েছে, ফলে লগ্নী করা যা হয়েছে তা থেকে সুদ পাবার আশা নাই, কাজেই সেখানে আয় কমবে, তাছাড়া আপনি জানেন খরচের খাতে বহু বেড়ে যাচ্ছে, সরকারী কর্মচারীদের ভাতা দিতে হয়েছে। এতে তো অন্যায় করা হয় নি সরকারী কর্মচারীদের এটা বহুদিনের দাবী যে কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের সমান ভাতা চাই, তাই সরকারী কর্মচারীদের ভাতা বাড়ান হয়েছে।

শিক্ষক অশিক্ষক কর্মচারীদের অ্যাড-হক ভাতা দিতে হয়েছে। আপনি জানেন ও'রা বলেন সাধারণ মানুষের জন্য কি করলেন? শিক্ষকরা কি সাধারণ মানুষ নয়? ও'রা বলেন গ্রামের মানুষের জন্য আপনারা কি করলেন? এই যে ৩ একর পর্যন্ত জমির মালিকদের খাজনা মকুব করা হয়েছে, এরা কি সাধারণ মানুষ নয়? এরা কি গ্রামের মানুষ নয়?

শিক্ষা খাতে, কৃষি খাতে, সেচ খাতে, মৎস্য চাষ, পশুপালন, শিল্প-বাণিজ্য, উপজাতি আপনারা করতে পারেন নি তাই আমাদের সে দায়িত্ব নিতে হয়েছে। বাজেট ও'রা যদি পড়ে থাকেন তাহলে দেখবেন ১০ কোটি ৬১ লক্ষ টাকা নূতন করে বরাদ্দ করা হয়েছে।

শিক্ষা খাতে, কৃষি খাতে, সেচ খাতে, মৎস্য চাষ, পশুপালন, শিল্প বাণিজ্য, উপজাতি কল্যাণ, সমাজ কল্যাণ ইত্যাদি বিভিন্ন খাতে নূতন করে আরও টাকা বাড়াতে হয়েছে এবং অন্যান্য ব্যাপারে আরো ছাটকাট কিছু করতে হয়েছে। কংগ্রেসী আমলে আপনারা তো সাধারণ মানুষের কথা বিবেচনা করতেন না। কাজেই এই যে ঘাটতি হয়েছে, এর কারণ হলো সাধারণ মানুষের জন্য, তাদের কল্যাণের জন্য টাকা আরো বেশী করে বরাদ্দ করতে হয়েছে। এই ঘাটতি মানে আমাদের যুক্তফ্রন্ট সরকার জনসাধারণের জন্য বেশী খরচ করছে। এটার দায়িত্ব আমরা নিচ্ছি। বরং আমি বলবো আমাদের মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী এই ঘাটতি বাজেট নিয়ে দুঃসাহসিকতার সংগে তাঁর যাত্রা শুরু করেছেন। তার জন্য আপনাদের তাঁকে ধন্যবাদ দেওয়া উচিত ছিল। জনগণের স্বার্থের জন্য অর্থমন্ত্রী যে সংকল্প নিয়ে চলছেন, তার জন্য আপনাদের আনন্দ প্রকাশ করা উচিত ছিল। গত ২০ বছরের কংগ্রেস শাসনে আপনারা কি করেছেন? আমাদের দেশকে তো উন্নতির দিকে নিয়ে যাওয়া দূরে থাকুক, একটি দেউলিয়া পর্যায়ে নিয়ে গেছেন। হাজার হাজার কোটি টাকা পরিকল্পনার নামে আপনারা লুটপাট করেছেন, অপব্যয় করেছেন। এখনো সুদূর পল্লী অঞ্চলে পানীয় জল পাওয়া যায় না। ৫।৭ মাইল দূর থেকে জল আনতে হয়। এটা লজ্জার কথা, বিশ বছরে আপনারা সাধারণ মানুষকে আক্ষরিক জ্ঞান পর্যন্ত দিতে পারেন নি। গ্রামের লক্ষ লক্ষ মানুষ শিক্ষা বা রোগে চিকিৎসার সুযোগ পর্যন্ত পাচ্ছে না। এখনো বুভুক্ষু মানুষ ফ্যাসফ্যাস্ করে ঘুরে বেড়াচ্ছে। বিশ বছরের শাসনেও আপনারা খাদ্যাভাব দূর করতে পারেন নি। এর জন্য আপনাদের একটু লজ্জাও হয় না। কিন্তু আমাদের তা হচ্ছে। পরিকল্পনার নাম করে হাজার হাজার কোটি টাকা ব্যয় হলো, অথচ দেশের সাধারণ লোক তার একটু সুযোগ-সুবিধা পেল না। পেল নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের মূল্যবৃদ্ধি। পরিকল্পনার ফলে দেশে মুদ্রাস্ফীতি হয়ে গেল—যার দরুন চাল, ডাল, তেল নুন সাধারণ মানুষ কিনতে পারে না। তার সংগে আবার জুটেছে আবার কত কেন্দ্রীয় সরকারের বৈষম্যমূলক আচরণ। আজকে যে অবস্থা ঘটেছে তার জন্য আপনারা সম্পূর্ণভাবে দায়ী, যার জন্য বাংলাদেশের এই দুরবস্থা হয়েছে, বাংলাদেশের অর্থনৈতিক বুনিয়াদ ভেংগে গেছে।

আজ যদি আপনারা মনে করেন বাংলাদেশের স্বার্থের কথা আপনারাও ভাবছেন, তাহলে আপনারা আমাদের সংগে চলে আসুন কেন্দ্রীয় সরকার আমাদের প্রতি যে অবিচার অন্যায় করছেন, আমাদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করছেন, আমরা সবাই মিলে তার প্রতিকার দাবী করি। আপনারা জানেন এই পাট চাষের জন্য আমরা ১৩ লক্ষ একর জমি ব্যবহার করছি। তার ফলে আমরা ৫ লক্ষ টন চাল থেকে বঞ্চিত হচ্ছি। এই জমি থেকে ঐ ৫ লক্ষ টন চাল পেলে আমাদের বাংলাদেশে এত খাদ্যাভাব হতো না। আবার ঐ পাট থেকে আমরা চারশো কোটি টাকার বৈদেশিক মুদ্রা অর্জন করছি। সেই টাকার আমরা কতটুকু অংশ পাচ্ছি?

তারপর বাংলার কয়লা সর্বত্র একই দামে বিক্রয় হবে। কেন? বিহার থেকে, উত্তরপ্রদেশ থেকে যে তেল, চাল, ডাল গম আনি তারজন্য আমাদের বেশী মূল্য দিতে হবে। এই বৈষম্য-মূলক ব্যবহার কেন কেন্দ্রীয় সরকার করছেন? আজকে এর প্রতিকার দাবী করুন। তাছাড়া এই অর্থ কমিশনও আমাদের প্রতি ন্যায় বিচার করছেন না, বার বার দাবী করা সত্বেও।

তারপরে আমাদের এখানে যে ৪০ লক্ষ উদ্বাস্তু রয়েছে, তার দায়িত্ব সারা ভারতবর্ষের। ভারতের স্বার্থের জন্য বাংলাকে ভাগ করতে দেওয়া হয়েছিল। সেই উদ্বাস্তুদের দায়িত্ব কেন্দ্র নিচ্ছেন না। তারা পশ্চিম বাংলার উপর বোঝার মতো চেপে রয়েছে। অন্যান্য রাজ্যের কয়েক লক্ষ মানুষ বাংলাদেশে রয়েছে, তাদের জন্য যে খাদ্যের দরকার তার দায়িত্ব কেন কেন্দ্রীয় সরকার নেবেন না? এ ছাড়া বাইরের লোকের জন্য ১৫ লক্ষ টন খাদ্যশস্যের দরকার হয়। সেটাও কেন্দ্র আমাদের দেন না। তাঁরা আমাদের ন্যায় সংগত দাবী মেনে নিন। আজ আমাদের যে ১৪ লক্ষ টন খাদ্যের অভাব তা যদি কেন্দ্রীয় সরকার গম ও চালে আমাদের দেন, তাহলে বাংলাদেশের এই খাদ্যাভাব থাকবে না। তাছাড়া আপনারা জানেন কিভাবে আমাদের নানা রকম সমস্যা এখানে দেখা দিয়েছে।

[5 p.m.—5-10 p.m.]

কাজেই আজ যে বাংলাদেশে ১৪ লক্ষ টন খাদ্যের অভাব, এই দায়িত্ব যদি কেন্দ্রীয় সরকার নেন এবং তারা চালে এবং গমে মিলিয়ে সেটা দেন তাহলে আমি মনে করি বাংলাদেশের উপর যে চাপ সেই চাপ থাকবে না। তা ছাড়া আপনারা জানেন যে কিভাবে আমাদের সামনে সমস্যা দেখা দিয়েছে। আজকে পরিকল্পনার জন্য আমাদের বরাদ্দ হচ্ছে ২২০ কোটি টাকা। সঙ্গে সঙ্গে বলা হচ্ছে যে তোমাদের কাছে আমাদের যে ধার আছে, সুদ সহ ধরে—কাবুলীওয়ালারা যেমন করে, একই সঙ্গে বলছে তুমি টাকা নাও পরিকল্পনার জন্য, আবার অন্যদিকে বলা হচ্ছে ২৩৪ কোটি টাকা সুদ সহ দেনা শোধ কর। স্যার, আমি জানি না পশ্চিমবাংলা ভারতবর্ষের অংগ রাজ্য কিনা, কেন না বিদেশী রাষ্ট্রের সংগে যেরকম ব্যবস্থা করা হয় এটাও সেই রকম করা হচ্ছে। আমি তাই বলতে চাই বাংলাদেশ যদি ভারতবর্ষের অংগ রাজ্য হয় তাহলে তার উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকারকে সর্বপ্রকারে সাহায্য করতে হবে, এই বৈমাতৃসুলভ মনোভাব ত্যাগ করতে হবে। তবে এই সংগে সংগে আমি একথাও বলতে চাই যে যেসমস্ত জায়গায় কর ফাঁকি দিচ্ছে, যেমন ধরুন সেলস ট্যাক্স, কোটি কোটি টাকার সেলস ট্যাক্স ফাঁকি দিচ্ছে—কংগ্রেস অতীতে ফাঁকি দিতে শিখিয়েছে যে কি করে জমি, ট্যাক্স ফাঁকি দিতে হয়। আজকে আমি বলব যে অর্থনৈতিক সমস্যার সমাধান হতে পারে। একজন প্রস্তাব করেছিলেন যে কৃষি আয়-কর ধার্য করার জন্য। আমি বলব কোটি কোটি টাকা যারা ফাঁকি দিচ্ছে সেলস ট্যাক্সে, বড় বড় বিত্ত-শালী যারা বা যারা সম্পদশালী, যারা এখনও ফাঁকি দিচ্ছে তাদের উপর যদি ট্যাক্স ধার্য করা যায় এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যদি আমাদের ন্যায্য দাবী আমরা আদায় করতে পারি তাহলে সমাধান করা সম্ভব। এই সঙ্গে আমি বলব যে সকলে মিলে যদি আমরা এই দাবীকে জোরদার করতে পারি তাহলে বাংলাদেশের সামনে এই যে সামান্য ৫৩ কোটি টাকার সমস্যা, এই সমস্যার সমাধান হবে এবং বাংলাদেশকে আমরা আবার নতুন করে গড়ে তুলতে পারবো। আর এটা করতে পারলে বাংলাদেশের লক্ষ লক্ষ ক্ষুধার্থ ও সর্বহারা মানুষের মুখে আমরা আবার হাসি ফোটাতে পারবো।

**শ্রীবিনয়কৃষ্ণ কোঙার:** মাননীয় সভাপাল মহাশয়, বিরোধীপক্ষের সদস্যারা বলেছেন বাজেটে ঘাটতি এবং এই ঘাটতি কি করে পূরণ করা হবে তার জন্য তারা চিন্তিত হয়ে পড়েছেন। মাননীয় সভাপাল মহাশয়, বর্তমানে যে বাজেট পেশ করা হয়েছে সেই বাজেটে বাংলাদেশের বেশীরভাগ মানুষের আর্থিক অবস্থার প্রতিফলন হয়েছে। স্যার যুগ যুগ ধরে বাংলাদেশের মানুষের জীবনে ঘাটতি চলেছে। কলকারখানার মজুর, কর্মচারী, যারা মেহনত করে সম্পদ তৈরী করেছে, তাদের জীবনে প্রতি বছর ঘাটতি বেড়েই চলেছে। গ্রামের কোটি কোটি কৃষক, বাংলা-দেশের প্রায় দেড় কোটি ভূমিহীন কৃষক,—তারা আজকে ভিখারির পর্যায়ে গিয়েছে এবং তাদের জীবনেও এই ঘাটতি রয়েছে। মাঝারি কৃষক যারা,—তারা দেনার দায়ে নুয়ে পড়েছে এবং জমি দ্রুত মহাজনদের কবলে চলে যাচ্ছে, সুতরাং তাদের জীবনেও প্রচণ্ড ঘাটতি দেখা দিয়েছে। গ্রাম এবং শহরের লক্ষ লক্ষ মানুষ যারা শিক্ষিত, অর্ধ শিক্ষিত বা অশিক্ষিত—তারা জীবিকার দায়ে ঘুরে বেড়াচ্ছে, সারা দেশে এতেও একটা ঘাটতি বাড়ছে। এই ঘাটতি কেন হল? এই-

জন্য হল যে, আমাদের দেশ স্বাধীন হবার পর মানুষের মনে কত আশা ছিল,—আমাদের দেশ কত উর্বর, এর কত ভাল জমি এবং এর ৪ কোটি মানুষ, ভারতবর্ষের ৪৫ কোটি মানুষ, তাদের হাত-পা আছে, প্রাকৃতিক সম্পদ আছে, এগুলিকে যোগ করলে আমাদের দেশ বিশ্বের মধ্যে অন্যতম শ্রেষ্ঠ দেশে পরিণত হতে পারত। কিন্তু গত ২০।২২ বছর ধরে আমাদের দেশের চাকাকে উল্টো দিকে ঘোরাবার চেষ্টা করা হয়েছে। যে বিদেশী লুঠের অবসানের জন্য আমাদের পূর্বসূরীরা সংগ্রাম করেছিলেন, স্বাধীনতা পাবার পর আমরা দেখলাম সেই লুঠের চাকার সংগে আমাদের দেশের খুদে পুঁজিপতি, যারা ছিনে জোঁক ছিল, তারা তাদের চাকাকে বিদেশী পুঁজির সংগে বেঁধে দিয়েছে। যেটা গতকাল বিধানসভায় মাননীয় সদস্য কমরেড অমলেশ রায়, গীতা মুখার্জি, প্রশান্ত মহলানবিশ কমিটির রিপোর্ট আলোচনা করে এই সভায় রেখেছেন—সেটা হচ্ছে কেমন করে গত ২০ বছরে মানুষ মেহনত দিয়ে সম্পদ তৈরী করেছে, গ্রামের কৃষক মেহনত করে ফসল ফলিয়েছে, কিন্তু সেই সম্পদ বা পরিশ্রমের ফল কেমন করে আমাদের দেশের মুষ্টিমেয় কলকারখানার মালিক বা জোতের মালিক সেটা আত্মসাৎ করেছে।

তাই এই ঘাটতি আজকে আমাদের দেশের জনসাধারণের জীবনে ছড়িয়ে পড়েছে এবং তারা যুক্তফ্রন্ট সরকার গঠন করেছেন এই জন্য যে —ঐ ঘাটতি পূরণ করতে হবে। আমরাও সেকথা বলেছি। আমরা বাংলাদেশের মানুষকে কোন মিথ্যা আশ্বাস দিই নি যে তোমরা আমাদের জন্য ২০ বছর অপেক্ষা কর, তোমাদের সব সোনা দিয়ে বাঁধিয়ে দেব, এমন কোন আশ্বাস আমরা দিই নি। যদি আমরা দিতাম, তাহলে বিরোধীপক্ষের মাননীয় সদস্যরা অনেকখানি খুশী হতেন এবং ইন্দিরা গান্ধীরা ভাবতেন, বিরোধীদলের নেতারা ভাবতেন যে এখন আমরা একটা লাইনে এসেছি, তাঁদের মত মিথ্যা কথা আমরা এখন বলতে শিখেছি। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এখনও মিথ্যা কথা বলি নি, শুধু লোককে আংগুল দিয়ে দেখিয়ে দিয়েছি, তুমি মেহনত করে যে সম্পদ তৈরী করছ, আমাদের দেশের মুষ্টিমেয় কয়েকজন ব্যক্তি বিদেশী পুঁজিপতিদের সংগে গাটছড়া বেঁধে তোমাদের সম্পদ ভোগ করছেন। এই যে ঘোগ সৃষ্টি হয়েছে সেই ঘোগকে আজ মারতে হবে, যে ঘোগ দিয়ে তোমার মেহনতের ফল চলে যাচ্ছে। তুমি এই ঘাটতি পূরণ কর এবং কলকারখানায় সংগ্রাম করেই এই ঘাটতি পূরণ করতে হবে, ঘোগ বন্ধ করতে ভীষণ সংগ্রাম করতে হবে। গ্রামের কৃষকদের আমরা বলেছি—ইংরেজ আসার পর যে জমি তোমার হাত থেকে গায়ের জোরে চলে গেছে তার জন্য তোমার পূর্বসূরীরা সংগ্রাম করেছে, সন্ন্যাস বিদ্রোহ করেছে, নীল বিদ্রোহ হয়েছে এবং কৃষকরা বারে বারে সেই সংগ্রাম করে বিধ্বস্ত হয়েছিল। আজকে তুমি একটা শক্তিশালী নেতৃত্ব পেয়েছ, বাংলাদেশে তুমি তোমার নেতৃত্ব প্রতিষ্ঠিত করেছো, তুমি এবার সংগ্রাম করো। ২৪-পরগনায় যে তোমার চোখের জল আর সমুদ্রের লোনা জল এক হয়ে মিশে গিয়েছিল সেই লোনা জল থেকে তোমার জমি উদ্ধার কর এবং তোমার সম্পদ যে ঘোগ দিয়ে বেরিয়ে যাচ্ছে সেই ঘোগে চাবি কাঠি দিয়ে বন্ধ করে দাও, --সেই কথাই আমরা লোককে বলেছি। এইভাবে ঘোগ পূরণ করতে হবে এবং এইভাবেই ঘাটতি পূরণ করতে হবে। বাংলাদেশের বাজেটে যে ঘাটতি দেখা যাচ্ছে, আমরা জনসাধারণকে বলেছি ঐ একই পথে ঘাটতি পূরণ করতে হবে। তারই জন্য আমরা বলেছি কেন্দ্রের বিরুদ্ধে সংগ্রাম করতে হবে। কেন্দ্রের বিরুদ্ধে সংগ্রাম মানে চ্যবনজী, ইন্দিরা গান্ধী বা পার্লামেন্টের বিরুদ্ধে সংগ্রাম নয়,—আমাদের দেশের অর্থনীতির উপর যে মুষ্টিমেয় একচেটিয়া পুঁজিপতি সামন্ততন্ত্রের কব্জা রয়েছে, যে কব্জা পাহারা দিচ্ছে কেন্দ্রীয় সরকার, সেই ক্ষমতাকে ভেংগে চুরমার করতে হবে, রাজ্যের হাতে অধিক ক্ষমতা আনতে হবে। আমার আগের বক্তা বলেছেন কেমন করে, আমরা তা পারি না। আমাদের দেশের রাজ্যগুলির ক্ষমতা কেড়ে নেওয়া হয়েছে। ইন্দিরা গান্ধী, চ্যবন সাহেব, মোরারজী দেশাই দয়া করে আমাদের ভিক্ষা দেবে, এটা আমাদের বক্তব্য নয়। আমাদের বক্তব্য হচ্ছে এই যে, কেমন করে দেশকে গড়ে তুলতে হয় তা আমরা জানি। আমরা দেখেছি পৃথিবীতে কিউবা বলে একটা ছোট্ট দেশ আছে, উত্তর ভিয়েৎনাম, হাংগেরীর মত ছোট্টদেশ, এ ছাড়া আরো অনেক ছোট্ট দেশ আছে, যারা জনসংখ্যার দিক থেকে পশ্চিম

বাংলার চেয়ে অনেক ছোট, তারা নিজেদের স্বাধীন কর্মসংস্থান নিজেরাই গড়ে তুলেছে এবং নিজেদের স্বাধীন শিল্প নীতি ও কৃষি নীতি নিজেরাই গড়ে তুলছে। তারা বিদেশের কাছে যাচ্ছে, দেওয়া নেওয়া করছে এবং নিজেদের দেশের শ্রম শক্তিকে পরিপূর্ণভাবে কাজে লাগাচ্ছে। কিন্তু বাংলাদেশে আমরা তা পারছি না। কারণ, আমাদের সে ক্ষমতা দেওয়া হয় নি। সেই ক্ষমতা নেবার জন্য বাংলাদেশে শুধু আমরা নয়, যুক্তফ্রন্ট নয়, যুক্তফ্রন্টকে তৈরী করেছে যে জনসাধারণ, সেই জনসাধারণকে সংগ্রাম করতে হবে। মোরারজী দেশাই সাহেব তিনি এসে বলেছেন- আমরা লক্ষ্য করছি। হ্যাঁ, তিনি লক্ষ্য করেছেন, লক্ষ্য করবার সময় তিনি খেয়ালও রেখেছেন যে তার গায়ে জোর নেই, ব্যারাকপুরে যে খাকী উর্দি পরা বেয়নেট নিয়ে বাহিনী বসে আছে, তিনি আশা করছেন তাদের নামিয়ে দিয়ে আমাদের দেখে নেবেন। কিন্তু তিনি ভুলে গেছেন বাংলাদেশে এটা ১৯৬৯ সাল। অনেক মূল্য মানুষ দিয়েছে। তাই আমরা হুঁশিয়ার করে দিতে চাই, তিনি ব্যারাকপুর দেখিয়ে যদি আমাদের হুমকী দেখাতে যান তাহলে বাংলাদেশের লক্ষ লক্ষ মানুষকে রাস্তায় নামিয়ে নূতন ব্যারাকপুর সৃষ্টি করে কেমন করে জবাব দিতে হয় তা আমাদের জানা আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে অরাজকতার ধুয়া তুলেছেন। নির্লজ্জতার একটা সীমা থাকা চাই। বাংলাদেশ গত ২০ বছর ধরে যা চলেছিল তার তুলনায় এত রাজকতা, এত আইন শৃংখলা কোন দিন ছিল না। কাকে অরাজকতা বলে? গোটা মানুষকে মুষ্টিমেয় মানুষ গলা টিপে মারছিল, তারা চিৎকার করতে পারছিল না, সেটা অরাজকতা, না আজকে সে নিজে উঠে দাঁড়াচ্ছে এবং দাঁড়িয়ে ছুটোছুটি করছে, করতে গিয়ে একটু রক্তপাত হচ্ছে, এক একটি মরছে, কিন্তু বাকিগুলি মুক্তি পাচ্ছে-- কোনটা অরাজকতা, কোনটা আইন শৃংখলা?

[5-10—5-20 p.m.]

যেভাবে ২৪-পরগনার জমিগুলো নেছে, বর্ধমানের চৈতন্যপুরের রায়েরা যেভাবে জমিকে লুকিয়ে রেখেছিল আজকে কৃষক তাকে উদ্ধার করেছে, এটাই তো আইন শৃংখলা। জমিদারী ক্রয় আইনের ৭৫ বিঘা আইনের মাথায় লাথি মেরে যখন জমিকে লুকিয়ে রেখেছিল তখন আইন শৃংখলা যায় নি? তখনই তো আইন শৃংখলা ছিল না। আজকে কৃষকরা বরং বাংলাদেশের আইন শৃংখলা কায়েম করার জন্য এগিয়ে চলেছে; আমাদের দুঃখ যে আমাদের বাংলাদেশের শ্রমিক এবং কৃষকদের সংগঠন এখনও এত পোক্ত হয়ে ওঠেনি। আমাদের দেশের কোটি কোটি মেহনতী মানুষ এবং কৃষকদের মেহনতের ফলকে যে মুষ্টিমেয় মানুষ এতদিন লুঠ করে আসছিল, আজকে যাদের প্রতিনিধি অপর পক্ষে বসে আছে, তাদের এই সমাজ থেকে নিশ্চিহ্ন করে দেবার জন্য আমাদের দেশের শ্রমিক কৃষক এখনও পর্যন্ত সেই উপযুক্ত সংগঠন গড়তে পারে নি- এর জন্য আমরা লজ্জিত। আমরা সেই কাজকে দ্রুত পূরণ করার জন্য সীমাবদ্ধ ক্ষমতার মধ্য দিয়ে চেষ্টা করবো, এই অংগীকার করে এই বাজেট সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসামসুদ্দিন আহমেদ:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আজকের এই বাজেট আলোচনায় অংশ গ্রহণ করতে গিয়ে প্রথমেই এই কথাটা বলতে চাই যে ঘাটতি কথাটা বিরোধীপক্ষ থেকে যেরকমভাবে উঠেছে, যদি সত্যিকারের ঘাটতি বাজেট হয় সেটা ঘাটতি বাজেট বলতে হয়, তাতে দোষের কিছু দেখি না। যাহোক একটা বাজেট দু রকমের হয়, উদ্বৃত্ত বাজেট এবং ঘাটতি বাজেট। প্রথমত যে বাজেট দেখছি সেটা ঘাটতি বাজেট। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের যে বাজেট লেখা, যে পুঁথি তাতে দেখা গেছে যে সরকারী কর্মচারীদের কেন্দ্রীয় হারে ভাতা দেবার জন্য এবং আরও অন্যান্য কারণ রয়েছে, কিন্তু এই সংগে আমার বক্তব্য হচ্ছে সরকারী কর্মচারীদের কেন্দ্রীয় হারে ভাতা দেওয়ার প্রশ্ন সমর্থন অবশ্যই প্রয়োজন ঠিক, একশোবার প্রয়োজন, কিন্তু তার সাংগে সংগে আমি বলতে চাই যে শিক্ষকদের কথা চিন্তা করেও ঠিক যেন করা হয় নি, এই রকমভাব আমরা দেখতে পেয়েছি এবং এই শিক্ষক মহলে একটা নিরাশার ভাব লক্ষ্য করা গেছে এবং তার মধ্যে একটা অশান্তির ভাব লক্ষ্য করা গেছে। শিক্ষা আমাদের দেশে এমন একটা পর্যায়ে এসেছে, যদি সেই শিক্ষা ব্যবস্থার আমরা, একটা সুষ্ঠ সমাধানের পথ খুঁজে বের করতে না পারি তবে আমরা যে বাজেটই পাশ করি না কেন, ঘাটতিই হোক আর উদ্বৃত্তই হোক,

সেই বাজেট উপলব্ধি করবার জন্য আমাদের যে সুস্থ একটা পরিবেশের প্রয়োজন সেই সুস্থ পরিবেশ জানতে হলে শিক্ষা জগতে আজকে যে বিশৃঙ্খলা দেখতে পাচ্ছি, সেই বিশৃঙ্খলা যদি রোধ করা না যায়, যদি এর সুষ্ঠু সমাধান করা না যায়—এর বিভিন্ন দিক যদি আমরা লক্ষ্য করি তাহলে সত্যিকারের আমাদের বাজেটটা কি এই জিনিসটা উপলব্ধি করে ঐ ঘাটতি পূরণের যে বিভিন্ন ব্যাপারে প্রচেষ্টা চালানোর পক্ষে আমার মনে হয় শিক্ষা জগতে আজকে যে একটা অশান্তির ভাব বিরাট আকারে দেখা গেছে, কেবলমাত্র ছাত্র মহলে আজকে নয় শিক্ষক মহলেও এবং শিক্ষক মহল কেন বলব যারা অশিক্ষক কর্মচারী আছেন তাদের মধ্যেও একটা বিক্ষোভের চরমভাব লক্ষ্য করা গেছে।

কারণ সবচেয়ে বড় কথা হচ্ছে মাসান্তে সরকারী কর্মচারীরা যেমন নিয়মিত যা কিছু পাওনা পেয়ে থাকেন তেমনি শিক্ষক-অশিক্ষক যারা আছেন বিশেষ করে যে স্কুল সরকারী নয় - বেসরকারী বিদ্যালয় তাঁরা পান না। নিয়মিত আজ পর্যন্ত তাঁদের বেতনাদি পাচ্ছেন না। এটা দেখা যাচ্ছে প্রতিক্ষেত্রে। ইতিপূর্বে এই নিয়ে আলোচনা অনেক হয়েছে এবং এই ব্যাপারে কথা হয়েছে এবং এই ব্যাপারে কথা হয়েছে যে মাসে মাসে অন্তত ডি এ ইত্যাদি যা কিছু পাওনা শিক্ষকদের এবং সরকারী সাহায্য নিয়মিত পাওয়া যাবে কিন্তু সেগুলি এখনও নিয়মিত পাওয়া যাচ্ছে না চার মাস গত হওয়ার পরেও। তাই এই শিক্ষা জগতে একদিকে শিক্ষকমহল এবং অপর দিকে ছাত্রদের মধ্যে দারুণ নৈরাশ্য এবং তার পরিণতিতে বিশৃঙ্খলাভাব অমরা লক্ষ্য করছি। কারণ ছাত্রদের মধ্যে তাদের উন্নতির ব্যাপারে, আর্থিক ব্যাপারে এবং বিভিন্ন ব্যাপারে এই নৈরাশ্য রয়েছে এবং আমাদের আশংকা হচ্ছে যে এই কচি কচি দেশের ভবিষ্যৎ তাদের একটা সুষ্ঠু পথ করে দেওয়ার চিন্তা না করি তাহলে তাদের আর সংযত রাখা যাবে না। শিক্ষাজগতে আজকে যে বিশৃঙ্খলা রয়েছে সেই বিশৃঙ্খলার নজির আমরা বিভিন্ন পত্র-পত্রিকায় দেখতে পাই বা বাস্তবে যাঁরা দেখেছেন তাঁরাও উপলব্ধি করেছেন। প্রকৃত প্রস্তাবে দেশের মংগল আমরা যদি করতে চাই তাহলে আমাদের একটা সুন্দর বাজেট আনতে হবে। সেই বাজেট আমরা যে উদ্দেশ্যে আনব সেই উদ্দেশ্য সফল করতে হলে দেশের একটা পরিবেশের প্রয়োজন আছে। প্রতিটি মানুষের একটা শান্ত চিন্তাধারার প্রয়োজন আছে। শান্তিতে মানুষ চিন্তা করবে এবং সেই শান্তিতে চিন্তা বিভিন্ন ক্ষেত্রে আজ আমরা লক্ষ্য করছি বিঘ্নিত হচ্ছে। কেবল শিক্ষাকেন্দ্রে নয়, কৃষিক্ষেত্রে, শিল্পক্ষেত্রে এবং বিভিন্ন ক্ষেত্রে আমরা যত কিছুই বাজেটে গ্রথিত করি না, সেগুলি সুন্দরভাবে রূপায়ণ করার জন্য আমাদের প্রয়োজন আছে আইন ও শৃংখলা বজায় রাখা এবং দেখা পরিবেশ ঠিক আছে কিনা। সেই পরিবেশের উপর নির্ভর করছে সবকিছু। সেটা ঘাটতি বাজেটেই হোক, ডেভেলপমেন্ট-এর ব্যাপারেই হোক বা আন-এমপ্লয়মেন্ট প্রবলেম সলভ-এর ব্যাপারেই হোক। প্রতিটি ক্ষেত্রেই নির্ভর করছে দেশের শান্তির উপর। কৃষিক্ষেত্রে দেখতে পাচ্ছি উৎপাদন বৃদ্ধির উপর অগ্রাধিকার দেওয়া হয়েছে। দেখা যাচ্ছে ডিপ টিউবওয়েল, স্যালো টিউবওয়েল পরিকল্পনা রয়েছে। সেগুলোর সত্যিকারের বাস্তব রূপ এখনও পাই নি। সেগুলো যদি বাস্তব রূপ না পায় তাহলে উৎপাদন ক্ষেত্রে বিশেষ কোন সুবিধা হবে না। বাস্তব রূপ সেগুলো না পেলে সত্যিকারের উৎপাদন বৃদ্ধি কখনও সম্ভব হবে না। শিল্পক্ষেত্রে অনেক কিছুই দেখতে পাচ্ছি দিনে দিনে কলকারখানার যেরকম অবস্থা হচ্ছে তাতে শিল্পে আমরা প্রসার কিভাবে করব। যদি কলকারখানা এদেশ থেকে স্থানান্তর হতে থাকে তবে শিল্পের প্রসার কিভাবে হতে পারে সেটা উপলব্ধি করার প্রয়োজন আছে। আমার জেলার সবচেয়ে উল্লেখযোগ্য জিনিস হচ্ছে সিল্ক। আনডিভাইডেড বেংগল ঐ মালদহ ও মুর্শিদাবাদ জেলা ছিল রেশম উৎপাদন কারী জেলা। আমি মনে করি এই দুটি জেলার যদি রেশমশিল্পের জন্য আলাদাভাবে পরিকল্পনা নেওয়া যেত তাহলে আমরা এই শিল্পের দ্বারা বৈদেশিক মুদ্রা উপার্জন করতে পারতাম। আর একটা কথা হচ্ছে—আম। সেই আম যদি বিভিন্ন প্রক্রিয়ার দ্বারা বিদেশে পাঠাবার ব্যবস্থা করতে পারতাম তাহলে তার থেকে বিশেষ বিদেশী মুদ্রা আনতে পারতাম এবং এই যে ঘাটতি, সেই ঘাটতির প্রয়োজন অনেকখানি সমাধান করতে পারতাম।

[5-20—5-30 p.m.]

তাই আম এবং রেশমের জন্য যদি বাজেটের মধ্যে একটা ভাল ব্যবস্থা নিতে পারেন, আলাদা-ভাবে একটা প্রভিসান রাখার ব্যবস্থা হত তাহলে আমার মনে হয় ভাল হত। কারণ রেশমশিল্প যেটা পৃথিবীর বিখ্যাত শিল্প। এই শিল্প উৎপাদনের ক্ষেত্র হত। মালদহ এবং মুর্শিদাবাদের রেশমশিল্প বিশেষ করে উল্লেখযোগ্য। বাংলাদেশের মধ্যে এই রকম শিল্প আর নাই। একমাত্র শিল্প যেটা মুর্শিদাবাদে এবং মালদহে হয়। সেজন্য আমি মনে করি এর জন্য আলাদা করে একটা পরিকল্পনা নেওয়া যেত এবং বাজেটে সেই ব্যবস্থা নেওয়া হত তাহলে আমার মনে হয় একটা বিরাট কিছু আমরা বিদেশ থেকে আনতে পারতাম। এই যে কাঁচা আম বিশেষ করে মালদহ জেলায় বিনষ্ট হয়, ঝড়ে পড়ে নষ্ট হয়, এগুলি যদি নষ্টের হাত থেকে বাঁচাতে পারি তাহলে অনেক ভাল হয়। কারণ এই কাঁচা আম থেকে বিভিন্ন রকম উপাদেয় খাদ্য যদি আমরা তৈরী করতে পারি, যেমন—টক, চাটনি, আচার ইত্যাদি এগুলি প্রচুর পরিমাণে তৈরী করে বাজারে আনতে পারি এবং বিদেশে পাঠাতে পারি তাহলে বিদেশ থেকে প্রচুর অর্থ আমরা আনতে পারব। তাই আমি এই ঘাটতি বাজেট অর্থাৎ দেশ, সময়, সমাজ, পরিবেশ বিভিন্ন ক্ষেত্রে, দেশের আর্থনৈতিক অবস্থায়, বিভিন্ন অবস্থায় ঘাটতি বাজেট হয়। কিন্তু আমাদের যা অবস্থা দেখছি, সেই অবস্থায় ঘাটতি বাজেট হয়েছে। সেই ঘাটতি পূরণ হবে কি করে? ঘাটতি পূরণ না হলে পরিকল্পনা কার্যকরী হবে কিনা, সেগুলি সম্বন্ধে একটু চিন্তা করা দরকার। তাই আমি মনে করি বর্তমান অবস্থায় এই রকম বিরাট ঘাটতি বাজেট উপস্থাপন করা আমার মতে ঠিক সময়োপযোগী হয় নি। এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীগংগাপদ কুণ্ডর:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী আমাদের সামনে যে বাজেট উপস্থাপন করেছেন, আমি সেই বাজেটকে সর্বান্তকরণে সমর্থন করছি। এটা ঠিক যে আজকে এই বাজেটের মধ্যে যুক্তফ্রন্ট সরকার ৩২ দফা কর্মসূচী রূপায়ণের জন্য যা কিছু করতে চান, সেটা সম্পূর্ণভাবে প্রতিফলিত হয় নি। কিন্তু তা সত্ত্বেও একথা আমি খুব জোরের সংগে বলতে পারি যে, আজকে এই বাজেটের মধ্যে যেভাবে বিভিন্ন জনকল্যাণকর খাতে অর্থ বরাদ্দ করা হয়েছে তাতে এই বাজেটটি যে প্রগতিশীল বাজেট ও জনকল্যাণমূলক বাজেট হয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নাই। কিছুক্ষণ আগে কংগ্রেসী বন্ধু আজিজুর রহমান সাহেব বলেছেন, এই যে বাজেট, এটা ভেদবুদ্ধিসম্পন্ন বাজেট ও দূরভিসন্ধিমূলক বাজেট। তিনি কেন এ কথা বলেছেন, তার বক্তব্যের মধ্যে থেকে এটা আমি বুঝতে পারলাম না। আর একজন বন্ধু নানা রকম বিক্ষোভ, নানা রকম অশান্তির কথা বলেছেন এবং এই সমস্ত অশান্তির জন্য যুক্তফ্রন্টকে দায়ী করতে চেয়েছেন। আবার সংগে সংগে তিনি এসব কথাও বলেছেন, যে, দেশে বহু নলকূপ আছে সেগুলি অকেজো হয়ে পড়ে আছে।

বর্তমানে এমন বহু শিক্ষক আছেন যাঁরা মাইনা পাচ্ছেন না, অনেক স্কুল গ্রান্ট পাচ্ছেন না, এই রকম অনেক অসুবিধার কথা উল্লেখ করছেন কিন্তু এই সমস্ত অভাব অভিযোগ, অশান্তি এবং বিক্ষোভের কারণ যদি আমরা খোঁজবার চেষ্টা করি তাহলে দেখব যে কেন্দ্রে সুদীর্ঘ ২২ বছর এবং এই রাজ্যে ২০ বছর কংগ্রেসী শাসনের অযোগ্যতা এবং অপদার্থতার জন্য এই সমস্ত বিক্ষোভ এবং অশান্তি পুঞ্জীভূত হয়ে রয়েছে এবং আজকে সেই অশান্তি এবং বিক্ষোভের মুখে যুক্তফ্রন্ট সরকারের প্রতিষ্ঠা হয়েছে। কাজেই ক্রমবর্ধমান অশান্তি এবং নানা রকম সমস্যার সমাধান না হওয়ার জন্য যখন বিক্ষোভ দেখা দিয়েছে তখন বাজেট যদি জন-কল্যাণমূলক করতে হয় তাহলে আয়ের সংগে সমতা রেখে বাজেট রচনা করা কোনক্রমে সম্ভব নয়। শুধু তাই নয়, বাজেটে ঘাটতি দেখানো হয়েছে সত্য কিন্তু সেই সংগে সংগে কিভাবে সেই ঘাটতি পূরণ করা যায় তার জন্য মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী আমাদের কিছু ইঙ্গিত দিয়ে গেছেন এবং সেই ইংগিত সেটা শুধু আমাদের বাংলাদেশের সরকারের পক্ষে অনুসরণ করে চলার মতই নয়, আমার মনে হয় সেদিক দিয়ে আজকে যে বাজেট উপস্থাপিত করা হয়েছে অন্যান্য সমস্ত রাজ্যের পক্ষেও এই বাজেট অনুকরণযোগ্য। আজকে দেখা যাবে যে বেশীরভাগ

ক্ষেত্রে কেন্দ্রে বা বিভিন্ন রাজ্যে যে বাজেট হচ্ছে সর্বত্রই প্রায় ঘাটতি বাজেট। কাজেই ঘাটতি বাজেট আজকে এড়ান সম্ভব নয় বলে কেন্দ্রের কাছ থেকে রাজ্যের যে ন্যায্য পাওনা তা পাওয়া উচিত এবং যেকথা দীর্ঘদিন ধরে আমরা শুনে আসছি—ডাঃ রায়ের আমল থেকে, কেন্দ্রের অবিচারের কথা তিনিও বলেছেন এবং তখন আমাদের তরফ থেকেও তাঁদের সহযোগিতার আশ্বাস দেওয়া হয়েছিল। আজকে বাজেটে যে ঘাটতি পূরণের ইঙ্গিত দেওয়া হয়েছে সেই ইঙ্গিত অনুযায়ী প্রয়োজন হলে আমাদের কেন্দ্রের বিরুদ্ধে আন্দোলন করতে হবে এবং সেজন্য আজকে কংগ্রেসী বন্ধুরা যারা ঘাটতি বাজেটের উল্লেখ করেছেন তাদেরও আমাদের সঙ্গে সহযোগিতা করার জন্য এগিয়ে আসা উচিত। অর্থমন্ত্রী মহাশয় তাঁর বাজেটের উপসংহারে দলমত নির্বিশেষে প্রত্যেকের সহযোগিতা কামনা করেছেন। তিনি এই বাজেটের মধ্যে যে সমস্ত ব্যয়-বরাদ্দ ধরেছেন এবং বিশেষ করে রাজ্যপালের আমলে যা বাজেট ছিল তার তুলনায় যে সমস্ত খাতে অতিরিক্ত ব্যয়-বরাদ্দ ধরেছেন সেগুলি প্রত্যেকটা খুবই প্রয়োজনীয় এবং সময়োপযোগী হয়েছে। তিনি কৃষি খাতে, সেচ খাতে, শিক্ষা খাতে, বিদ্যুৎ সরবরাহ খাতে টাকা বাড়িয়েছেন - এই সমস্ত খাতে ব্যয়-বরাদ্দ বাড়ানোর প্রয়োজন আছে এবং এই সমস্ত ব্যয়-বরাদ্দ বৃদ্ধির ফলে স্বাভাবিকভাবে বাজেটে ঘাটতি হয়েছে এবং এই ঘাটতির জন্য তিনি যে সমস্ত সুপারিশ করেছেন সেগুলি খুবই যুক্তিযুক্ত। তিনি প্রয়োজন হলে নূতন কর বসানোর কথাও বলেছেন এবং এজন্য দরকার হলে সকল পক্ষেরই সহযোগিতা দরকার হতে পারে। আমরা লক্ষ্য করেছি আজকে কংগ্রেস অশান্তি এবং বিশৃঙ্খলার উল্লেখে সোচ্চার হলেও আসলে তাঁরাই হয় কখনও কখনও সরাসরি নিজেরা এই সমস্ত বিক্ষোভ পরিচালনা করেছেন, অথবা নিজেরা এজেন্ট প্রভোকেটর হিসাবে কাজ করেছেন। সেই জিনিস আমরা দেখতে পাই যখন বিভিন্ন জায়গায় লেভির ধান আদায় করতে যাওয়া যায় তখন ওঁরা জোতদারদের উস্কে দেন ধান না দেওয়ার জন্য, ওঁরা আবার বিভিন্ন জায়গায় কলকারখানাতে যেখানে শ্রমিকের ন্যায্য পাওনা পাওয়া উচিত সেক্ষেত্রে মালিকপক্ষকে উস্কে দেন তাদের ন্যায্য পাওনা না দেওয়ার জন্য। এইভাবে তাঁরা নানাভাবে উস্কানি এবং প্ররোচনার সৃষ্টি করছেন এবং এইভাবে অশান্তি এবং বিক্ষোভ দিনের পর দিন বাড়িয়ে চলেছেন এবং তার ফলস্বরূপ আমরা আজকে সর্বত্র দেখতে পাচ্ছি যে নানা রকম অপ্রীতিকর ঘটনা ঘটছে। যেসব অপ্রীতিকর ঘটনা বিভিন্ন জায়গায় ঘটছে এই সমস্ত না ঘটলে আমি খুসী হতাম, কিন্তু এই সমস্ত অপ্রীতিকর ঘটনার মূলে রয়েছে সুদীর্ঘকালের কংগ্রেসী অপশাসন এবং দুঃশাসন এবং সেই কংগ্রেসী অপশাসন এবং দুঃশাসন আজকে বিভিন্ন জায়গায় এই সমস্ত অপ্রীতিকর ঘটনা ঘটাচ্ছে এবং এর মূলে কংগ্রেসী কুশাসনই দায়ী বলে আমি মনে করি।

[5-30—5-40 p.m.]

পরিশেষে আমি বলতে চাই যে একটা যুগ সন্ধিক্ষণের মধ্যে যুক্তফ্রন্ট সরকারকে এই দায়িত্ব-ভার নিতে হয়েছে। আমরা দেখেছি কংগ্রেসী কুশাসনের ফলে বন্যা, জলনিকাশী এবং খরার দরুণ সর্বত্র ব্যাপক অজন্মা দেখা দিয়েছে, যার ফলে চারিদিকে খুব অন্নকষ্ট দেখা দিয়েছে-- বিশেষ করে বন্যা বিধ্বস্ত অঞ্চলগুলিতে। আমরা এই বাজেটের মধ্যে লক্ষ্য করছি রিলিফ খাতে যে ব্যয়-বরাদ্দ ধরা হয়েছে সেটা যদি আরও বাড়ানো হোত তাহলে এই বাজেট আরও বাস্তব-ধর্মী হ'ত। সে দিক দিয়ে মনে হয় এই খাতে ভবিষ্যতে বাজেটে হয়তো কিছু কিছু পুনর্বিন্যাস করতে হবে। দেশের বর্তমান যে পরিস্থিতি বিশেষ করে খাদ্য সংকট যেভাবে দেখা দিচ্ছে, সেদিকে দৃষ্টি দিয়ে এর মোকাবিলা করা উচিত। দেশের ক্ষুধার্ত মানুষ যাতে ক্ষুধার অন্ন পায়, বন্যা বিধ্বস্ত এলাকার কৃষকরা যাতে পর্যাপ্ত পরিমাণে ঋণ পায় তার জন্য অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকালীপদ মণ্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে মুখ্যমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সেই বাজেট সুচিন্তিত, সুসম বলে তাকে সমর্থন করছি। বাজেটে ৫৪ কোটি টাকার মত ঘাটতি দেখান হয়েছে বলে বিরোধীপক্ষ গতকাল থেকে বাজেট আলোচনায়

অংশ গ্রহণ করে সেই ঘাটতির কথা বার বার এই সভার সামনে রাখবার চেষ্টা করছেন। গতকাল ও'দের ডেপ্‌টি লিডার বলেছিলেন এই বাজেটের মধ্যে বাংলাদেশের আর্থিক অবস্থার প্রকৃত চিত্র নেই। কিন্তু আমি বলতে চাই অর্থমন্ত্রী মহাশয় বাংলাদেশের প্রকৃত আর্থিক অবস্থার ছবি তাঁর বাজেটের মধ্য দিয়ে রেখেছেন এবং তিনি যে সাহসের পরিচয় দিয়েছেন তার জন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। গতকাল সাত্তার সাহেব বলেছিলেন প্লিশ খাতে অনেক বাড়তি খরচ ধরা হয়েছে এবং তারজন্য ঘাটতির অঙ্ক বিরাট হয়েছে। তিনি এক চোখো হরিণের মত বাজেট পড়েছিলেন। বাজেটের বিভিন্ন দিকে আমাদের অনেক খরচ বাড়াতে হয়েছে। রাজস্ব আদায় আমাদের ৪ কোটি টাকা কম ধরা হয়েছে এবং রাজস্ব খাতে খরচ কিছ্ বেড়ে গেছে। ৪ কোটি টাকা যে আদায় কম দেখান হয়েছে তার একটা কারণ হচ্ছে যে আমরা বাংলাদেশে ৩ একর পর্যন্ত জমির যারা মালিক তাদের আমরা রাজস্ব থেকে ম্ক্তি দিয়েছি। এইভাবে জনকল্যাণম্লক কাজ করতে গিয়ে বাজেটে ২ কোটি টাকার মত আয় কম ধরা হয়েছে। রাজস্ব খাতে যে আমাদের ২৭ কোটি টাকার মত ব্যয় ধরা হয়েছে সেকথা বাজেটের মধ্যে পরিস্কার উল্লেখ করেছেন অর্থমন্ত্রী মহাশয়।

এর মধ্যে আমাদের এই রাজ্যের সরকারী কর্মচারীদের কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা ব্দ্ধি করতে হয়েছে, বাংলাদেশের শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীদের মহার্ঘ ভাতা ব্দ্ধি করতে হয়েছে দ্রব্যম্ল্যের সাথে সমান তালে তাল রেখে তাঁদের বাঁচিয়ে রাখবার জন্য এবং তারজন্য ৯ কোটি টাকা বাড়তি খরচ ধরা হয়েছে। শ্ধ্ তাই নয়, ম্দ্রাস্ফীতি যেভাবে হয়েছে তার খেসারতস্বর্প আমাদের সরকারকে ৯ কোটি টাকার ঘাটতি বোঝা বইতে হচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, কেন্দ্রীয় সরকারের যে বকেয়া স্দ আছে তারজন্য আমাদের বাড়তি খরচ হচ্ছে ৯ কোটি ৭৬ লক্ষ টাকা। উত্তরবঙ্গে বন্যার তান্ডবলীলা হয়েছে। সেই বন্যার হাত থেকে বাংলাদেশের মান্ষকে রক্ষা করবার পবিত্র দায়িত্ব রয়েছে য্ক্তফ্রন্ট সরকারের হাতে এবং সেদিক থেকে আমরা দেখছি বন্যা ত্রাণ খাতে আমাদের ৪ কোটি ১৬ লক্ষ টাকা বাড়তি খরচ হয়েছে। তারপর হচ্ছে পরিকল্পনা খাত। পরিকল্পনার কাজ যাতে বন্ধ না হয় তার জন্য দ্ষ্টি দেওয়া হয়েছে। আমাদের দেশের কুখ্যাত রাজ্যপালের আমলে এই বাজেট ম্লতঃ রচনা করা হয়েছিল এবং এমনভাবে বাজেট রচনা করা হয়েছিল যাতে পরিকল্পনাগ্লি বানচাল হয়ে যায়। কিন্তু আমাদের অর্থমন্ত্রী মহাশয় লক্ষ্য রেখেছেন যাতে পরিকল্পনাগ্লি স্বার্থকভাবে র্পায়িত হতে পারে এবং সেই কারণে অনেক বেশী টাকা খরচ ধরা হয়েছে। আমরা দেখছি ১০ কোটি ৬২ লক্ষ টাকা পরিকল্পনার কাজে খরচ ধরা হয়েছে। সাত্তার সাহেব বলেছেন শ্ধ্ প্লিশের জন্য বিরাট অঙ্ক ঘাটতি হয়েছে। এটা ঠিক কথা নয়। জনকল্যাণম্লক কাজ করতে গিয়ে এই ঘাটতি বাজেট উপস্থিত করা ছাড়া আর উপায় ছিল না এবং সেই জন্য এটা করতে হয়েছে। কিছ্ক্ষণ আগে নেপালবাব্ তাঁর বাজেট বক্তৃতায় লম্বা-চওড়া বক্তৃতা দিয়ে আসর গরম করবার চেষ্টা করেছেন এবং কতকগ্লি ফাঁকা কথা বলে আসর মাৎ করলেন। কথায় বলে "কান্ বিনা গীত নাই।" নেপালবাব্ও ঠিক সেই রকম য্ক্তফ্রন্টের বিভিন্ন শরিকের মধ্যে গোলমাল হয়েছে এটা বলে স্ড়স্ড়ি দেবার চেষ্টা করেছেন, সেন্টিমেন্টে ঘা দেবার চেষ্টা করেছেন। তিনি আর একটা কথা যা বলেছেন, তা হচ্ছে সারা বাংলাদেশে একটা অরাজক অবস্থা চলেছে এবং সেই অরাজক অবস্থা স্ষ্টি করেছেন য্ক্তফ্রন্ট সরকার। নেপালবাব্কে স্মরণ করিয়ে দিচ্ছি আজকে যে অবস্থা লক্ষ্য করছি তাতে আমি মনে করি ভবিষ্যতে সমাজের যে বিরাট পরিবর্তন হবে তারই স্চনা, ইঙ্গিত দেখা দিয়েছে দিকে দিকে, কোনায় কোনায়। তাই আজকে নেপালবাব্র আতঙ্কিত হবার কারণ আছে; কেন না ও'রা প্রতিক্রিয়াশীলদের প্রতিনিধিত্ব করবার জন্য জমিদার-জোতদারদের প্রতিনিধিত্ব করবার জন্য এখানে এসেছেন। সমাজের পরিবর্তন হলে ও'দের যে অনেক ক্ষতি হবে সেই ক্ষতির আশঙ্কায় ও'রা আজ আতঙ্কিত। স্যার, ঘাটতি বাজেট কিভাবে প্রণ হবে সেই জন্য বিরোধী দলের বন্ধ্রা আতঙ্কিত হয়েছে। ঘাটতি প্রণের কথা বাজেটের মধ্যে রয়েছে যে, বছরে ১৫ কোটি টাকা ন্তন কর বসবে। কোথায় কার ঘাড়ে এই কর বসবে তা নিয়ে ও'রা আতঙ্কিত হয়েছেন।

ও'রা ধরে নিচ্ছেন যুক্তফ্রন্ট সরকার এই যে নূতন ১৫ কোটি টাকা কর বসাবেন, সেটা ও'দের ঘাড়েই বসবে এবং তা নিয়ে ও'রা আতঙ্কিত হয়েছেন। আজকে বাংলাদেশের আর্থিক অবস্থা যে খারাপ হয়েছে তার জন্য ২০ বছর ধরে যারা বাংলাদেশের শাসনযন্ত্র কব্জা করে রেখেছিলেন তারাই মূলতঃ দায়ী। নেপালবাবুরাই দায়ী। কারণ আমরা দেখতে পাচ্ছি বাংলাদেশের জনকল্যাণমূলক কাজ করতে গেলে যেসব আয়ের উৎস বাংলাদেশের সরকারের হাতে থাকা দরকার, একটা গ্যাঁড়াকলের মধ্যে ফেলে সব কিছুই দিল্লীর কেন্দ্রীয় সরকারের হাতে রাখা হয়েছে।

অর্থ কমিশনের কাছে বাংলাদেশের দাবী বার বার প্রত্যাখাত হয়েছে, ৫ম অর্থ কমিশনের হাতে বাংলার দাবী কতটা পূরণ করা হবে, সেই সম্পর্কে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। তাই বাংলাদেশের আর্থিক অবস্থার যদি পরিবর্তন করতে হয়, তাহলে সংবিধানের পরিবর্তন প্রয়োজন। আমি নেপালবাবুকে আহবান জানাচ্ছি যে, তাঁরা এই সংবিধান পরিবর্তনের জন্য আমাদের সঙ্গে যোগ দিন। পরিশেষে আমি এই বাজেট সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-40—5-50 p.m ]

**ডাঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে বাজেট প্রসঙ্গে আলোচনায় অংশ গ্রহণ করতে গিয়ে, আমি এই বাজেটের বিরোধিতা করছি। বিরোধিতা করছি এই জন্য, মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনি জানেন, কেউ পয়সা জমাবার আগে থলে সেলাই করে না। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যুক্তফ্রন্ট যে বাজেট উত্থাপন করেছেন সেই বাজেটে পয়সা জমাবার আগেই থলে সেলাই করে বসে আছেন। কোথা থেকে প্রকৃতপক্ষে টাকা আসবে, তার কোন সুস্পষ্ট ইঙ্গিত নেই। ৫৩ কোটি টাকা ঘাটতি, আমাদের আশংকা হচ্ছে ও'রা যেভাবে দফায় দফায় তোষণ নীতি করে চলেছেন কাকে তুষ্ট করতে গিয়ে এই ঘাটতির পরিমাণ কোথায় নিয়ে যাবেন জানি না। এখানে একটা আবহাওয়া সৃষ্টি করা হয়েছে যেন এদের জন্য কন্সটিটিউসন্যাল লিমিটেসন একটা আছে, কংগ্রেস যে কন্সটিটিউসন্যাল ফ্রেমওয়ার্কের মধ্যে কাজ করেছে শাসন করেছে সেটা বদল করে দিয়ে আর একটা কন্সটিটিউসন এদের দেওয়া হয়েছে। আপনি স্যার, জানেন কংগ্রেস যে কন্সটিটিউসনের মধ্যে কাজ করেছে এবং লিমিটেসনের মধ্যে শাসন করেছে তার একটা ধারা উপধারাও বদল হয় নি। সুতরাং যে [illegible] মধ্যে কংগ্রেস শাসন করেছে সেই লিমিটেসনের মধ্যেই এরা. . . .

(হট্টগোল)

আপনি স্যার এ জিনিস দেখেছেন যে কংগ্রেস যে কন্সটিটিউসনের মধ্যে কাজ করেছে তাতে তার যে লিবার্টি ছিল যে লিমিটেসন ছিল আজকে এ'রাও সেই লিবার্টি এবং লিমিটেসনের মধ্যে কাজ করছেন। বরং আপনি জানেন প্ল্যানিং-এর এফেক্ট কংগ্রেস প্রথম দিকে [illegible] পায় নি কিন্তু এ'রা পেয়েছেন। কাজেই এ'দের কাজের ক্ষেত্র আরও ব্যাপকতর হয়েছে। [illegible] কথা বলা হয়েছে, আপনি জানেন রিচেসন কিভবে এসেছে। বার বার এই দেশ বহিঃশত্রু দ্বারা আক্রান্ত হয়েছে, আপনি জানেন দেশ যে উদ্দাম গতিতে উন্নয়নের পথে চলছিল, বহিঃশত্রুর আক্রমণে, চীন আক্রমণে, পাকিস্তানের আক্রমণে আমাদের অর্থনীতিতে একটা [illegible] পরিবর্তন ঘটল, আমাদের দেশের অর্থনীতি একটা ধাক্কা খেল। তার ফলেই রিচেসন এসেছে। আপনি স্যার, জানেন রিচেসন নোটিস দিয়ে আসে না, কেউ সৃষ্টি করে না। বহিঃশত্রুর আক্রমণের যে ইমপ্যাক্ট আমাদের অর্থনীতিতে পড়েছে এবং তারই ফলে এই রিচেসন এসেছে [illegible] সদস্যরা নিশ্চয়ই এটা ভেবে দেখবেন। কংগ্রেস এই রিচেসন সৃষ্টি করেন নি, কংগ্রেস [illegible] কারও হাতে তুলে দেয় নি, দিতে চায় নি, যে সার্বভৌম রাষ্ট্র তাকে রক্ষা করতেই চেয়েছে একথা ঠিক যে বহিঃশত্রুর আক্রমণে অনিবার্যভাবেই আমাদের দেশের অর্থনীতিতে একটা ধাক্কা লেগেছে।

(হট্টগোল)

**মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনি জানেন** এখানে বার বার বলা হয়, আমরা ৫৫ **জন আর ও'রা ২২০ জন।** আমি স্যার, **নির্বাচনের ফলাফল বিশ্লেষণ করে** দেখিয়ে দিতে **পারি যে**

আমরা ৫৫ জন পঞ্চান্ন লক্ষ লোকের ভোট পেয়ে এসেছি এবং আমরা এক একজন এক লক্ষ লোকের প্রতিনিধি। আমি আরও জানিয়ে দিতে চাই যে আমি আজকে এক্সটেম্পোর বলছি কোন তথ্য নিয়ে আসিনি সেই রকম, নইলে আমি দেখিয়ে দিতে পারতাম কি একটা বিরাট ষড়যন্ত্র ঘটেছে, জনসাধারণ যে আমাদের ভোট দেয় নি তা নয়, ব্যালট পেপার বাইরে পাওয়া গেছে, নানা কারচুপি হয়েছে।

এই কারচুপিতে যেখানে স্বাধীন দেশে মানুষের মত প্রকাশের অধিকার আছে, যেখানে বোমাবাজি হয়েছে, হামলা হয়েছে, মানুষকে নিন্দা করা হয়েছে, লাঠি দিয়ে চুপিয়ে দেওয়া হয়েছে। ল' অ্যান্ড অর্ডারের কথা নিয়ে এখানে বার বার আলোচনা হয়েছে। এটা আমার কথা নয়। গতকল্য যে কেবিনেট বসেছে, আমরা তো টেলিভিসান দেখি নি, তাতে শুনেছি সুবোধ-বাবু ও জ্যোতিবাবু প্রায় হাতাহাতি হবার উপক্রম হয়েছিল। এস ইউ সি দাবী করেছে বিচার বিভাগীয় তদন্ত চাই। আজ আইন শৃঙ্খলার প্রশ্ন কোথায় গেছে? আমরা জানি ঐ রকম চীৎকার করে কোন লাভ নাই। আজকে হয়তো আপনারা কয়েকটি কংগ্রেসীকে মারতে পারবেন কিন্তু যেদিন আমাদের মারার আর সুযোগ থাকবে না, সেদিন যে আপনারা আরও বেশী মার খাবেন। এর জন্য প্রস্তুত থাকবেন। শুধু এখানে নয়, জমির ব্যাপারে অনেক কথা উঠেছে। আমাকে অনেক গালমন্দ করা হয়েছে, আমি জমি চোর, বেনামদার ইত্যাদি। আমি ১৯৬২ সাল থেকে আছি, এটা যেন ওদের বাৎসরিক অভিযোগ হয়ে দাঁড়িয়েছে। আমি বার বার তার কৈফিয়ৎও দিয়েছি। এখন এদের হাতে আইন আছে, আদালত আছে, তদন্তেরও সুযোগ আছে। তখন না হয় কংগ্রেসীরা প্রোটেকসন দিয়েছে, আমি তো আপনাদের কাছে ধর্ণা দিতে যাই নি। যে আমার জমি চলে গেছে আমাকে বাঁচাও, রক্ষা কর। আমি প্রস্তাব তুলতে চাই জমি কাদের? যীশুখৃষ্ট বলেছেন দি মিক স্যাল ইনহেরিট দি আর্থ, কংগ্রেসের গান্ধীজী বলেছেন জমির মালিক ওহি হোগা যো জমিন উপর মেহনত করতা হ্যায়। এই আদর্শ সামনে রেখে বিপ্লব যখন চুপ করেছিল তখন পশ্চিমবাংলা সরকার এই ভূমি সংস্কার আইন পাশ করেছিলেন। আমরা গলাবাজিতে বিশ্বাস করি না, বোমাবাজিতেও বিশ্বাস করি না। আমরা বিশ্বাস করি আইনের মধ্য দিয়ে শৃঙ্খলা আনয়ন করা সম্ভবপর। ভূমি সংস্কার আইন গ্রহণের আগে আমরা স্টেটস আকুইজিসন অ্যাক্ট পাশ করেছি। তখন অনুমান করা হয়েছিল ৬ লক্ষ একর জমি আমরা পাবো। এই ৬ লক্ষ একর জমি সরকারে ন্যস্ত বা ভেস্টেড হয়েছিল এবং তার ৯০ পারসেন্ট বিলিও হয়ে গেছে ডিউরিং দি কংগ্রেস রিজাইম। আজ যে কংসাবতীর কথা বলা হচ্ছে—সেই কংসাবতী প্রোজেক্টও আমরা চালু করেছি। উন্নয়নের সঙ্গে, ইরিগেসন-এর সুযোগের সঙ্গে জমির চাহিদাও বাড়বে। ৫ লক্ষ একর বিনা ডান্ডাবাজিতে আমরা বিলি করেছি। ইউ মেক লেজিসলেসন, ইউ আর ফ্রি টু ডু ইট। আজ আপনাদের ব্রুট মেজরিটি আছে, আপনারা যা ইচ্ছে তাই করতে পারেন। মেক ইট টুয়েন্টি-ফাইভ বিঘাস, মেক ইট থারটি-ফাইভ বিঘাস বাট ডু ইট বাই রুল অফ ল সেখানে গুলি, ডান্ডাবাজি চলবে কেন? কালকে পুলিসমন্ত্রী কুলতলী সম্পর্কে যে বিবৃতি দিয়েছেন, তাতে দেখা গেছে তাদের সংগঠন গিয়ে একটি বাড়িতে হামলা করেছে, জমির নাম করে বাড়ির জিনিসপত্র লুঠ করেছে। এমনও তথ্য পেয়েছি—২৪-পরগনায় জমি লুঠের নাম করে রাস্তায় দাঁড় করিয়ে মেয়েদের বস্ত্র কেড়ে নিয়েছে, বিবস্ত্রা করা হয়েছে।

[5-50—6 p.m.]

মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন যে এই কমিউনিস্টদের লুঠপাট পলিটারিয়েট বলে একটা জিনিস আছে সেটা না হলে ভোটে এখানে বসা যায় না। আজকে যে লুঠপাট পলিটারিয়েট এরা সৃষ্টি করেছেন, এদের যে দক্ষযজ্ঞ আরম্ভ হয়েছে বা যে ডান্ডাবাজি আরম্ভ হয়েছে এটা কন্সটিটিউসন্যাল চেক আপ আছে বলেই, আজকে হাইকোর্ট কোর্ট অব ল আছে বলেই এদের চেক করার উপায় নেই। আজকে যদি এটা কমিউনিস্ট রাষ্ট্রে হয়ে যেত তাহলে এদের গুলি করে মারত, অন্য দেশের নজির আমরা দেখেছি। আজকে ওদের

চেক দিতে পারা যাচ্ছে না। হিস্ট্রি বুমেরাং হয়ে পড়েছে ওদের উপর। তাই আমরা আজকে দেখতে পাচ্ছি আনন্দবাজার ও স্টেটসম্যানের কণ্ঠরোধের চেষ্টা করা হচ্ছে। পৃথিবীর কোন সভ্য দেশে এই অপচেষ্টা হচ্ছে, আজকে যারা ত্রাহি ত্রাহি চিৎকার করছেন তারা নজির তুলে দিতে পারবেন কি? মাননীয় সভাপাল মহাশয়, আসল জিনিস তা নয়, আসল জিনিস হচ্ছে এরা ডেমোক্রাসীর ঠাট বজায় রাখতে চান আর ডিক্টেটরশিপের সারবস্তু চান। এই ডিক্টেটর বলতে এজকন-জ্যোতিবাবুর কথা বলছি না, তার দলের শাসন। আজকে তাই আমরা দেখি মন্ত্রীসভার অধিবেশনে একদিকে ফরোয়ার্ড ব্লকের কৃষিমন্ত্রী এবং অন্যদিকে এস ইউ সি-র পি ডাবলিউ ডি মন্ত্রী ত্রাহি ত্রাহি চিৎকার করছেন যে না, এটা চলবে না, দলের প্রভাব চলবে না। স্যার, আজকে যতই কংগ্রেসীদের লাঞ্ছনা করা হচ্ছে ততই ওদের উল্লাস হচ্ছে, এটা স্বাভাবিক কিন্তু আমি ওদের একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই সেটা হচ্ছে 'ঘুঁটে পোড়ে গোবর হাসে'। আজকে আমি ওদের বলতে চাই যে ওহে গোবরেরা তোমরা প্রস্তুত থাক। তারপর মাননীয় সভাপাল মহাশয়, শ্রীঅমল রায় মহাশয় শিবসেনার কথা বলেছেন। কোথায় মহারাষ্ট্রে শিবসেনা কি করেছে তার জন্য কংগ্রেস সর্বভারতীয় অর্গানাইজেসন তার নিন্দা করেছে এবং আপনি জানেন স্যার, মহারাষ্ট্রের কংগ্রেসী সরকার কঠোরভাবে সেই আন্দোলন দমন করেছে। আর শিবসেনাদের সঙ্গে কংগ্রেসের যে কোন সম্পর্ক নেই সেটা আপনি জানেন। আজকে স্যার, ওরা নিজেদের অপচেষ্টা, ডান্ডাবাজি, গুন্ডাবাজি রোধ করতে পারছে না বলেই শিবসেনার সঙ্গে কংগ্রেসকে জড়াতে চাইছে। মাথা ঠিক থাকলে এরকম অপচেষ্টা হত না। মাননীয় সভাপাল মহাশয় শিক্ষার একটা দিক আছে। যখন এরা আসলেন তখন বললেন কাজ করা যাচ্ছে না, অসুবিধা ব্যাপক। কাজেই ঢেলে স্কুল বোর্ডগুলিকে অর্ডিন্যান্স করে ডিসমিস করে দিলেন একদিনেই। স্যার, পশ্চিম দিনাজপুর জেলার স্কুল বোর্ডের কিছু তথ্য আমার জানার সুযোগ হয়েছে। সেখানে যে প্রাথমিক শিক্ষককে তার স্কুলের নাবালিকা ছাত্রীকে মর্যাল পারপাসে ব্যবহার করার জন্য ত্যাগ করা হয়েছিল আজকে স্কুল বোর্ডকে ডিসমিস করে এদের প্রথম কর্তব্য হয়েছে সেই শিক্ষককে নিয়োগ করা। স্যার, এটা আমার কথা নয়, যে স্কুল সাব-ইন্সপেক্টর এটা তদন্ত করেছিলেন শ্রী কে সি রায় তার তদন্ত রিপোর্ট আমার কাছে আছে, আমি তৈরী ছিলাম না, তবে আমি সেটা পড়ে দিতে পারি। সুতরাং আমরা গিয়েছি কোথায় বা যাচ্ছি কোথায় সেটা ভেবে দেখুন, এই গুরুতর অভিযোগ রয়েছে। মাননীয় ত্রাণমন্ত্রী এখানে আছেন, কিছুদিন আগে আমি প্রশ্ন করেছিলাম যে দলবাজি কোথায় গিয়েছে। স্যার, মানুষের দারিদ্র্যের সুযোগ নিয়ে, প্রাকৃতিক বিপর্যয়ের সুযোগ নিয়ে দলবাজি কোথায় গিয়েছে দেখুন। গতবারে উত্তরবঙ্গে যে ভয়াবহ বন্যা হয়েছিল সেই বন্যায় আমি জানি আমার এলাকায় ১০০ পারসেন্ট ক্রপ ড্যামেজ হয়েছিল। মাননীয় ত্রাণমন্ত্রী এখানে বসে আছেন তিনি উত্তর দিয়েছিলেন যে সেখানে ৫ হাজার টাকা খরচ হয়েছে। স্যার, এক লক্ষের উপর লোক বাস করে এবং যেখানে ১০০ পারসেন্ট ক্রপ ড্যামেজ হয়েছে সেখানে এই অবস্থা, তাহলে দেখুন দলবাজি কোথায় গিয়েছে। তারপর আমি প্রশ্ন করেছিলাম যে আর কি সেখানে কাজ করার লোক ছিল না, তিনি বললেন যে না, ছিল, তারা যায় নি। স্যার, আসল বাধাটা হচ্ছে সেটা কংগ্রেসী এলাকা। আমরা আজকে দেখছি নিজেদের রাজনৈতিক প্রভাব বিস্তারের জন্য তারা এইভাবে প্রশাসন যন্ত্রকে ব্যবহার করছেন। উন্নয়নমূলক কাজের মাধ্যমে মানুষকে দুমুঠো খাবারের সংস্থান করে দেবেন এতে আপনাদের দলবাজির স্কোপ কোথায়? এরপর আমি জল সরবরাহের কথা বলব। স্যার, কিছুদিন আগে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছ থেকে একটা চিঠি পেলাম। স্যার, আপনি জানেন জল সরবরাহের যে ব্যবস্থা তাতে প্রতি ৪০০ জনের পল্লীতে বছর চারেক চলবে এই আশা করে একটা টিউবওয়েল দেওয়া হয়েছে, কংগ্রেসী আমলে করা হয়েছে, আমি মনে করি সব জায়গা কভার হতে এখনও বহু বাকি আছে।

আমরা চিঠি দিয়েছি। বর্ষা নেমে গেছে। কখন হবে জানি না। আমরা মনে করি কোথাও যদি হয়ে থাকে আমাদের এলাকাগুলিতে কিছু বলা হয় নি। এই জিনিস আমরা দেখতে পাচ্ছি। চিঠি থাকলে দেখিয়ে দিতাম যে সেখানে আদৌ হবে কিনা তার কোন ব্যবস্থা নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে দলবাজি আজকে কোথায় গেছে। আপনি যে

ভোটারের জোরে এখানে এসেছেন, ঠিক সেই ভোটারের জোরে গ্রামসভা ও গ্রাম পঞ্চায়েত গঠিত হয়। সেই ভোটাররাই আবার লোকসভায় ভোট দেয় এবং তার ফলে পার্লামেন্ট গঠিত হয়। আজকে একদিকে পঞ্চায়েত এখনি ভাঙ্গার প্রশ্নে আইন নিচ্ছেন। যেমন পঞ্চায়েত বাতিল করার আইন পাশ হয়ে গেল, অপর দিকে আমরা দেখতে পাচ্ছি লোকসভার লোক, কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে তাদের বিষোদ্গার—সেই লোকসভায় ওদের অংশের লোক আসে তখন তাকে ভোট দিল। আর গ্রাম পঞ্চায়েতকে ভাঙ্গার যে খড়যন্ত্র হচ্ছে, তারা যেন ডিফারেন্ট স্টেট অব পিপল—এই যে ষড়যন্ত্র হচ্ছে এটার বিশ্লেষণে নেপালবাবু আগেই বলে গেছেন যে জলাতঙ্ক রোগে পেয়ে গেলে যেমন হয়, ঠিক তেমনি এদেরও বোধহয় দিল্লীতন্ত্রে পেয়ে গেছে, এই অবস্থা এদের হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি বিষয়ে বলতে চাই। কৃষির ক্ষেত্রে আজকে জমির উপর শান্তি না আসে, আনসার্টেনটি ফ্রম দি ল্যান্ডস যদি না চলে যায়, তাহলে খাদ্য সমস্যার সমাধানের জন্য যে টার্গেট নিয়েছেন, সেই টার্গেট পূরণ হবে না। কার জমিতে কে আবাদ করবে, এই অবস্থা আজকে সৃষ্টি হয়েছে। কাজেই এদের দৌরাত্ম্যের জন্য কৃষি উৎপাদন ব্যাহত হবার লক্ষণ দেখা যাচ্ছে। আমি তাই অনুরোধ করব দলবাজির নামে নিজেদের প্রভাব বিস্তারের জন্য মানুষকে আইন শৃঙ্খলা থেকে বাইরে নিয়ে যাবেন না। আপনারা যা করতে চান তা আইনের মধ্য দিয়ে করুন। ইউ মেক ইট টেন বিঘাস বাই লেজিসলেসান এইটা আইনের মধ্য দিয়ে করুন যেন অনিশ্চয়তা মানুষের মনে না আসে, সমাজে না আসে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ডিক্টেটরশিপের সার বস্তু জানেন। আপনি জানেন ডিক্টেটরশিপ মালিক বিচার করে না, খোরাক চায় দেয়, এর অর্থই হচ্ছে এই। আজকে এই ডিক্টেটরশিপের মাধ্যমে গ্রামের উপর অত্যাচার করার চেষ্টা হচ্ছে। সহরের এই বিরাট সম্পত্তি ও বিরাট উপার্জনে তো হাত দেবার কথা নেই। আজকে যে ঘাটতি হচ্ছে সেই ঘাটতি পূরণের জন্য সহর থেকে ওঠাবার জন্য পরিকল্পনা নেই। আমরা জানি না, বোধহয় গোপনে কোন চুক্তি হয়ে গেছে। গ্রামের উপর যে অত্যাচার চালাতে যাচ্ছেন, সেই অত্যাচার হবে গ্রামের মধ্যবিত্ত সমাজের উপর। সহরের বুকে আজকে ৩০ তলা বাড়ী তৈরী হচ্ছে বিরাট বিরাট অট্টালিকা তৈরী করছে যে ধনিক গোষ্ঠী তাদের গায়ে হাত দেবার এঁদের সাহস নেই। আমি [illegible] আগেই বলেছি ডিক্টেটরশিপ এমনই ব্যবস্থা যে মালিকের বিচার করে না, খোরাক পাওয়া [illegible]। আমি আর একটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি। দেশ আপনাদের [illegible] আজকে আমাদের দায়িত্ব আছে আপনাদের বাজেট সমালোচনা করার। আজকে [illegible] কণ্ঠ যদি টুঁটি টিপে বন্ধ করেন তাহলে আপনাদের আবার অপোজিসনে ফিরিয়ে নিয়ে আসবে জনসাধারণ। এরপর স্যার, আমি আনএমপ্লয়মেন্ট সম্বন্ধে কিছু বলব। এদের এই ঘেরাও দুর্নীতি আন্দোলনের ফলে ক্যাপিটাল এখান থেকে লিপস অ্যান্ড বাউন্ডস-এর মত ফ্লাই করে চলে যাচ্ছে। আমাদের দেশে বিরাট জনসংখ্যা ক্রমশঃ আরো বাড়ছে পপুলেসন এক্সপোসান হচ্ছে। কাজেই এই অধিক মানুষকে যদি আজকে কাজ দিতে হয় তাহলে ওঁদের ব্যাব করতে হবে আবার সেই চরকা কুটিরশিল্পে। মহামানব গান্ধীজী বলেছিলেন চরকা প্রসারিত কর। কাজেই এই বাংলাদেশে চরকা কুটিরশিল্পের সুযোগ আছে এবং তাতে করে সারপ্লাস পপুলেসন কাজের সুযোগ পাবে। তাই আমি অনুরোধ করবো দলবাজি না করে দেশের ভবিষ্যতের জন্য গ্রামের কুটিরশিল্প চরকার আরাধনা করতে হবে।

[6—6-10 p.m.]

**শ্রীপ্রলয় তালুকদার :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট এখানে উপস্থিত করেছেন সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে, এই বাজেট পেশ করার ফলে কৃষি, বাণিজ্য, সেচ, পূর্ত ইত্যাদি বিভাগে যেভাবে বিলি বণ্টন করা হয়েছে তাতে আমার মনে হয় এই বাজেট বাংলাদেশে জনগণের স্বার্থ সিদ্ধি করতে পারবে, কাজেই বাজেটকে আমি সমর্থন করি। কংগ্রেস পক্ষ থেকে আজকে এবং গতকাল অভিযোগ করা হয়েছে যে এই বাজেটের মধ্যে দিয়ে নাকি বাংলাদেশকে দেউলিয়া করে দেওয়া হয়েছে। বাংলাদেশে নাকি আইন শৃঙ্খলা নেই, ঘেরাও বেড়েছে ইত্যাদি বহু কথা এখানে বলা হয়েছে। সঙ্গে সঙ্গে এই

অভিযোগও করা হয়েছে যে কেন রাজ্য সরকারী কর্মচারীদের মাইনে বৃদ্ধি করা হয়েছে, কেন ট্রাম বাসের ভাড়া কমিয়ে কলকাতা এবং হাওড়ার জনগণের দুঃখ দুর্দশা দূর করার চেষ্টা করা হয়েছে। প্রথম প্রশ্ন করি কংগ্রেসী সদস্যদের যে বাংলাদেশকে দেউলিয়া করা হয়েছে এই বাজেটে না গত ২০ বছর ধরে যেভাবে তারা দেশকে চালিয়েছেন, তার ফলে বাংলাদেশ তথা গোটা ভারতবর্ষ আজকে দেউলিয়া হয়ে পড়েছে। ভারতবর্ষ আজকে আমেরিকার কাছে বাঁধা পড়েছে, ভারতবর্ষে একটা ধনবাদী অর্থনীতির প্রতিষ্ঠা করার চেষ্টা করা হয়েছে, তার মধ্য দিয়ে আজকে ভারতবর্ষে অর্থনৈতিক সঙ্কট দেখা দিয়েছে এবং এই অর্থনৈতিক সংকটের ফলে আজকে সমস্ত স্তরে শিল্প বাণিজ্য, সমস্ত স্তরে একটা সঙ্কট দেখা দিয়েছে। শুধু কি বাংলাদেশেই কলকারখানা বন্ধ হয়েছে, আমি প্রশ্ন করতে চাই কংগ্রেসী বন্ধুদের কাছে যে তারা তাকিয়ে দেখুন মহারাষ্ট্রের দিকে, আমেদাবাদের দিকে এবং অন্যান্য জায়গায়, সেখানে কেন কারখানা বন্ধ হয়েছে, সেখানে তো কংগ্রেসীরা রয়েছেন। আইন শৃঙ্খলার কথা তাঁরা বলেছেন কিন্তু একবারও তো তেলেঙ্গনার কথা বললেন না সেখানে তো কংগ্রেস সরকার রয়েছে, কেন আজকে তেলেঙ্গনার মানুষ বিদ্রোহ করছে। আজকে বাংলাদেশে শ্রমিক আন্দোলন বাড়ছে, শ্রমিক আন্দোলন হলে নিশ্চয়ই কংগ্রেসীদের দুঃখ হবে, কারণ তাদের এতে অসুবিধা হবে, শ্রমিক আন্দোলনকে তাঁরা ভয় পান, কৃষকদের আন্দোলনকে তাঁরা ভয় পান। গত বাইশ বছর ধরে শ্রমিক কৃষকদের উপর যে অত্যাচার চলেছে, আজকে শ্রমিক কৃষক সুযোগ পেয়েছে, সেই সুযোগের তারা সদ্ব্যবহার করবে না? [illegible] ঘেরাওয়ের কথা বলছেন আমার এলাকায় বেঙ্গল জুট মিল কারখানাটি [illegible] আছে। চুক্তি হয়েছিল যে মালিক শ্রমিকদের বকেয়া পাওনা সমস্ত মিটিয়ে দেবেন, আজকে মালিকরা তা দিতে অস্বীকার করছে, এর জন্য আইনের কোন ব্যবস্থা নেই। আজকে যদি বেঙ্গল জুট মিলের শ্রমিকরা মালিককে ঘেরাও করে তাদের পাওনা আদায়ের দাবিতে, তবে কি তারা অন্যায় করবে? হ্যাঁ, সুরজমল নাগরমলকে ঘেরাও করলে তা কংগ্রেসীদের গায়ে ব্যথা লাগবে। কংগ্রেসী যে সমস্ত কাগজ রয়েছে সেই সংবাদপত্রগুলো এখন চিৎকার [illegible] করে [illegible] ফেলছে। [illegible] আনন্দবাজার, যুগান্তর, স্টেটসম্যান, এরা সব চিৎকার করছে যে [illegible] হচ্ছে। কারণ [illegible] এই সংবাদপত্রগুলিকে ভাব [illegible] যে পাতি [illegible] শ্রেণী, তাদের স্বার্থে [illegible] চিৎকার করছে। [illegible] বাংলাদেশে যে গণ আন্দোলন হচ্ছে সেটাকে [illegible] বিকৃত করে [illegible] করার চেষ্টা চলছে এবং চলবেই চলেছে। সংবাদপত্রের মাধ্যমে [illegible] তারা [illegible] সেখানে বিক্ষোভ জানাচ্ছে [illegible] আতঙ্কিত হবেন ঐ কংগ্রেসীরা এবং তাঁরা আতঙ্কিত হয়েছেন। তবে আমি বলতে চাই বাংলাদেশের মানুষ গত মধ্যবর্তী নির্বাচনে কি অবস্থা তাদের করেছে, তারপরও যদি তারা বেশী বাড়াবাড়ি করেন তাহলে আগামী দিনে বাংলাদেশ থেকে কংগ্রেসের নাম মুছে যাবে। আজকে ঘাটতি বাজেটের কথা বলা হচ্ছে, ৫৩ কোটি টাকার ঘাটতি বাজেট বলে চিৎকার করছেন আমাদের ৫৫ জন কংগ্রেসী সদস্য এই ঘাটতি ৫৫ কোটি টাকা হলে তাদের পক্ষে সুবিধা হতো, কারণ তারা এক একজন এক এক কোটি টাকা নিয়ে চিৎকার করতে পারতেন। কি করে ৫৩ কোটি টাকা ঘাটতি বাজেটে হয়েছে, আজকে ঘাটতি বাজেট হয়েছে রাজ্য সরকারী কর্মচারীদের মাইনে বৃদ্ধির জন্য যে ঘাটতি বাজেটে হয়েছে, কৃষকদের খাদ্য বাড়াবার চেষ্টা করার জন্য—এই জনহিতকর কাজের চেষ্টা করা হয়েছে এই বাজেটের মধ্য দিয়ে।

তাই এই বাজেটকে আমি অভিনন্দন জানাচ্ছি। আর সেই জন্য কংগ্রেসীরা চিৎকার করছেন যে জনগণের কি সাহায্য করা হয়েছে এই বাজেটের মাধ্যমে এবং তাদের অসুবিধা হচ্ছে। ঘাটতি বাজেট সম্পর্কে আর একটি কথা বলতে চাই, যেহেতু আমাদের অর্থ সংকট রয়েছে, সীমাবদ্ধ সুযোগ, সীমাবদ্ধ ক্ষমতা, সেজন্য কেন্দ্রের কাছ থেকে ক্ষমতা কেড়ে নিতে হবে, আরো বেশী সুযোগ আমাদের সৃষ্টি করতে হবে। তাই কেন্দ্রের বিরুদ্ধে আমাদের সংগ্রাম করতে হবে। মোরারজী দেশাই বলেছেন, পশ্চিম বাংলার যা অবস্থা চলছে তারা লক্ষ্য রেখেছেন, দরকার হলে ব্যবস্থা নেবেন। আমরাও বলে দিতে চাই কংগ্রেসকে এবং মোরারজী দেশাইকে যে, তিনি লক্ষ্য রেখেছিলেন ১৯৬৭ সালে তার পরিণতি নিশ্চয়ই তিনি ভুলে যান নি। আজ তাই ৫৫ জনে এসে দাঁড়িয়েছে তার সংগঠক, এটা বেশী লক্ষ্য রাখারই ফল। আজ একথা বলে

যেতে চাই, বাংলাদেশের লক্ষ লক্ষ শ্রমিক, কৃষক, বাংলাদেশের মেহনতী জনতা, তারাও লক্ষ্য রাখছে, মোরারজী দেশাই এবং তার সংগঠক দল বাংলাদেশ থেকে শেষ করে দেবে। আর যেহেতু ঘাটতি বাজেট সেজন্য আমাদের স্বভাবতঃই সতর্ক হতে হবে খরচ সম্পর্কে। এই খরচ সম্পর্কে একটি কথা বলতে চাই এবং এটা না বলে পারছি না, পশ্চিম বাংলার জনগণ গত মধ্যবর্তী নির্বাচন এবং তার পরবর্তীকালে আওয়াজ তুলেছিলেন যে বিশ্বাসঘাতক ধর্মবীর বাংলা ছাড়ো, বাংলাদেশের জনগণের সংগ্রামের মধ্যে দিয়ে ধর্মবীর ছুটি নিয়েছেন। কেন্দ্রী সরকার তাকে ছুটি দিয়েছেন এবং আর একজন রাজ্যপাল বর্তমানে কাজ চালাচ্ছেন। কিন্তু আমরা দেখেছি যে কেন্দ্রীয় সরকার তাকে ছুটি দিলেন এবং সেখানে অন্য একজন রাজ্যপাল নিয়োগ করলেন অথচ তার ফলে পশ্চিমবঙ্গের রাজকোষ থেকে দুই জন রাজ্যপালের বেতন দিতে হবে কেন দিতে হবে? আমি অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই বিষয়ে, ধর্মবীরের পিছনে আমাদের টাকা খরচ হচ্ছে সেটা বন্ধ করা হোক। একজন রাজ্যপালের টাকা পশ্চিমবঙ্গ সরকার দেবে, দুজনের টাকা নয়। কেন্দ্রীয় সরকারের খেয়াল-খুশী মত পশ্চিমবঙ্গের জনগণের রক্ত জল করা পয়সা খরচ হবে না।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের কংগ্রেসারা যারা ওখানে আছেন, তাঁরা বলছেন, তাঁদের উপর আক্রমণ করা হয়েছিল। হ্যাঁ, তাদের তো কষ্ট হবেই। কারণ ২২ বছর ধরে আমাদের উপর অনেক অত্যাচার করেছেন তাদের গুন্ডারা নিরীহ জনগণের উপর বার বার আক্রমণ চালিয়েছেন, বিভিন্ন জায়গায় মা-বোনেদের ইজ্জত নষ্ট করেছেন। আজ সেই গুন্ডারা পুলিশ প্রোটেকসন পাচ্ছে না, স্বভাবতঃই জনগণ যখন সেই গুন্ডাদের সায়েস্তা করবার জন্য এগিয়ে এসেছে, তখন তাদের পুলিশ সাহায্য করছে না, তাতে তাদের অসুবিধা হচ্ছে এই পুলিশ প্রোকেটসন না পাওয়ার ফলে। এখনও পুলিশের মধ্যে কিছু লোক আছে যারা এই গুন্ডাদের সাহায করতে চান। ঐ সুবোধ দত্ত, যারা দুর্গাপুরে ছাত্রদের হত্যা করেছে, সেই সুবোধ দত্তরা এখনও আছেন। তারা চেষ্টা করছে কি করে সেবোটেজ করা যায়, কি করে কংগ্রেসকে রক্ষা করা যায়। কিন্তু পশ্চিম বাংলার জনগণ সতর্ক রয়েছেন যদি বেশী বাড়াবাড়ি হয়, সুবোধ দত্তের গুন্ডারা সাহায্য করার চেষ্টা করেন, রক্ষা করার চেষ্টা করেন, তাহলে ঐ সমস্ত সাবোটেজ পশ্চিমবঙ্গের জনগণ বন্ধ করতে পারবে। তার প্রমাণ হচ্ছে ১৯৬৭ সালে যখন হাওড়া সহরে পুলিশ ধর্মঘট করেছিল, অঘোষিত ধর্মঘট, যুক্তফ্রন্টকে উচ্ছেদ করার চক্রান্ত করে সেই সময় হাওড়া শহরের জনগণ ৫ দিন ধরে সেখানে শান্তি শৃঙ্খলা রক্ষা করেছিলেন। পুলিশের দায়িত্ব পালন করেছিলেন, ট্রাফিক-এর ব্যবস্থা করেছিলেন। এই ৫ দিন তো কোন আইন-শৃঙ্খলা বিপন্ন হয় নি। কাজেই যদি গুন্ডারা মনে করেন পুলিশের সাহায্য পাবেন, পুলিশ তাদের রক্ষা করবে তাহলে ভুল করছেন এবং সেজন্য তাদের কষ্ট হচ্ছে, তাদের অসুবিধা হচ্ছে। একথা বলতে চাই, গত ২২ বছর পার হয়ে গেছে, এটা ১৯৬৯ সাল, তারা ভুলে যাবেন না যদি শ্রমিক আন্দোলনের উপর আক্রমণ হয়, যদি কৃষক, ছাত্র আন্দোলনের উপর আক্রমণ হয়, তাহলে সেই আক্রমণকে বাংলাদেশের মানুষ সহ্য করবে না, বরদাস্ত করবে না। সেই আক্রমণের তারা মোকাবিলা করবে। সেই মোকাবিলার মধ্য দিয়ে তারা যেভাবে কমে এসেছেন, ৫৫-তে নেমে এসেছেন, আগামী দিনে তারা শেষ হয়ে যাবেন। বাংলাদেশে কংগ্রেসের নামও থাকবে না। একথা বলে এই বাজেটকে আবার সমর্থন করে আর একটা কথা বলতে চাই। মাননীয় ডেপুটি স্পীকার, এটাই আমার শেষ কথা। সেটা হচ্ছে আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছি, সেই এলাকার কথা—হাওড়া শহরের অনেক সমস্যা আছে, সেখানকার রাস্তাঘাট, জল, পানীয় জলের ব্যবস্থা, টিউবওয়েল ইত্যাদি নানা সমস্যা রয়েছে, সেই সমস্যা দূর করার জন্য রাজ্য সরকার তার বাজেটে নিশ্চয়ই ব্যবস্থা করবেন। আমি এই আশা প্রকাশ করে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

## Adjournment

The House was then adjourned at 6-10 p.m. till 1 p.m on Monday, the 14th July, 1969, at the Assembly House, Calcutta-1.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 14th July, 1969, at 1 p.m.

### PRESENT

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 19 Ministers, 2 Ministers of State and 170 Members.

### STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

**Police firing**

[1-00—1-10 p.m.]

***41.** (Admitted question No. *430.) **Dr. ZAINAL ABEDIN:** Will the Minister-is charge of the Home (Police) Department be pleased to state-

(a) on how many occasions the State Police had to take recourse to firings for the maintenance of law and order within the State since February 25th, 1969, till 30th May, 1969; and

(b) how many men and women were killed and injured as a result of Police firing for the above period?

**Shri Jyoti Basu:** (a) 12 occasions.

(b) 7 men were killed and 26 men were injured.

**ডঃ জয়নাল আবেদিন:** মন্ত্রিমহাশয় জানাবেন কি যে কি ধরণের ঘটনার সাধারণতঃ পুলিশ ফায়ারিং হয়েছে?

**শ্রীজ্যোতি বসু:** সম্প্রদায়িক দাংগা হাংগামা, প্রাদেশিক দাংগা হাংগামা, তারপর নিজেদের ব্যক্তিগত ঝগড়া বিবাদ এই সব আছে।

**ডঃ জয়নাল আবেদিন:** মন্ত্রিমহাশয় জানাবেন কি এই পুলিশ ফায়ারিংএর অর্ডার কে দিয়েছিল?

**শ্রীজ্যোতি বসু:** যে অফিসার সংগে ছিলেন তিনি দিয়েছেন।

**ডঃ জয়নাল আবেদিন:** মন্ত্রিমহাশয় জানাবেন কি রাজনৈতিক দলাদলিতে যদি শান্তিভঙ্গ হয় তাহলে সে সম্বন্ধে পুলিশ ফায়ারিংএর সরকারী নির্দেশ কি আছে?

**শ্রীজ্যোতি বসু:** স্পীকার মহাশয়, আমার মনে হয় এ প্রশ্নটা এর থেকে ওঠে না।

**Shri Gyan Singh Sohanpal:** Was the firing justified in each case?

**Shri Jyoti Basu:** Some are being enquired into departmentally.

**Shri Gyan Singh Sohanpal:** How many students were killed in the firing?

**Shri Jyoti Basu:** Of the cases mentioned above no students were involved.

### Fire incidents in some districts

***42.** (Admitted question No. *445.)

**শ্রীআজিজুর রহমান:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) বিগত ১লা মার্চ ১৯৬৯ হইতে ৩০এ জুন, ১৯৬৯ পর্যন্ত ২৪-পরগণা, হুগলী হাওড়া ও কলকাতায় কতগুলি গৃহদাহের ঘটনা ঘটেছে; এবং

(খ) গৃহদাহের কারণ সম্বন্ধে কোন তদন্ত হইয়া থাকিলে সেগুলি সাধারণতঃ কি?

**Shri Jyoti Basu:**

(ক) কলিকাতা--৫

২৪-পরগনা—৮০

হাওড়া—৪

হুগলী—৫

(খ) গৃহদাহের কারণগুলি সাম্প্রদায়িক দাংগা, জমি ও মেছোভেড়ীর দখল, পারিবারিক কলহ এবং পূর্ব আক্রোশজনিত।

**ডঃ জয়নাল আবেদিন:** যারা এই গৃহদাহে অ্যাফেকটেড হয়েছেন তাদের ক্ষতিপূরণের কোন ব্যবস্থা হয়েছে কি?

**শ্রীজ্যোতি বসু:** সবগুলি হয়েছে কি না বলতে পারি না, তবে সেখান থেকে আবেদন এলেই ব্যবস্থা করা হয়।

**ডঃ জয়নাল আবেদিন:** এদের পুনর্বাসনের কোন ব্যবস্থা হয়েছে কি?

**শ্রীজ্যোতি বসু:** কতকগুলি ক্ষেত্রে পুনর্বাসনের ব্যবস্থা হয়েছে, তবে আপনি কোনটা জিজ্ঞাসা করছেন জানি না।

**ডঃ জয়নাল আবেদিন:** সাম্প্রদায়িক দাঙ্গায় যারা ক্ষতিগ্রস্ত হয়েছে অগ্নিকাণ্ডে তাদের কথা বলছি।

**শ্রীজ্যোতি বসু:** হ্যাঁ, সবক্ষেত্রেই হয়েছে।

### Police firing without the consent of U.F. Government

***47.** (Admitted question No. *242.)

**শ্রীব[illegible] রায়:** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রথম যুক্তফ্রন্ট সরকারের আমলে (১৯৬৭) এবং দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকারের আমলে (১৯৬৯) প্রাদেশিক সরকারের বিনা অনুমতিতে কেন্দ্রীয় সরকারের অধীনস্থ পুলিস, মিলিটারী অথবা আধা-মিলিটারী পশ্চিমবঙ্গের কোন্ কোন্ স্থানে কয়বার গুলিবর্ষণ করিয়াছে (তারিখ সহ);

(খ) উহাতে কোন্ ঘটনায় কয়জন আহত বা নিহত হইয়াছে; এবং

(গ) পশ্চিমবঙ্গ সরকার এরূপ ঘটনা পুনরাবৃত্তি না হওয়ার জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**Shri Jyoti Basu :**

(ক) প্রথম যুক্তফ্রন্ট সরকারের আমলে (১৯৬৭) এরূপ কোনও ঘটনা ঘটে নাই। দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকারের আমলে দুইবার এইরূপ গুলি বর্ষণের ঘটনা ঘটিয়াছে। এই ঘটনাগুলির বিবরণ নিম্নে দেওয়া হইল :—

(১) দুর্গাপুর ইস্পাত কারখানার অফিসের সম্মুখে গত ২৪-৩-৬৯ তারিখে কেন্দ্রীয় সরকারের অধীনস্থ যুক্তপ্রদেশের সশস্ত্র বাহিনী একবার গুলিবর্ষণ করে।

(২) কাশীপুর গোলাবারুদের কারখানায় গত ৮-৪-৬৯ তারিখে কেন্দ্রীয় সরকারের ডিফেন্স সিকিউরিটি ফোর্স একবার গুলিবর্ষণ করে।

(খ) (১) নিহত— ', আহত—৩

(২) নিহত -৪, আহত—৯ এবং

(গ) রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করিয়া তাহাদের ক্ষোভ প্রকাশ করিয়াছেন এবং ভবিষ্যতে রাজ্য সরকারের অনুমতি ব্যতিরেকে কেন্দ্রীয় সরকারের অধীনস্থ কোনও পুলিশ বাহিনীকে এই রাজ্যে নিরাপত্তা সংক্রান্ত কাজে নিয়োগ না করিতে অনুরোধ করিয়াছেন।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় :** পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারকে যে অনুরোধ করেছিলেন তাতে তাঁরা কি উত্তর দিয়েছেন?

**শ্রীজ্যোতি বসু :** একবার একটা আলোচনা হয়েছে। কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে আমরা এটুকু শুনেছি মৌখিকভাবে যে আমাদের অনুমতি ছাড়া এই রকম পুলিশ ব্যবহার করা হবে না, কিন্তু লিখিতভাবে কিছু পাইনি। কিন্তু এটা ঠিক কি বেঠিক আমরা বুঝতে পারছি না। কারণ ফারাক্কায় সেই কেন্দ্রীয় পুলিশ রাখা হয়েছে—যদিও নীতিটা কেন্দ্রীয় সরকার মেনে নিয়েছিলেন বলে আমাদের মনে হয়েছিল।

**শ্রীঅমৃতেন্দু মুখার্জি :** কেন্দ্রীয় গোয়েন্দা বাহিনী পশ্চিমবঙ্গ সরকার ও যুক্তফ্রন্ট সরকারের অন্তর্ভুক্ত পার্টিগুলির উপর নজর রাখছেন এটা কি জানেন?

**শ্রীজ্যোতি বসু :** জানলেও বলতাম না।

**Cases of wagon-breaking and thefts from Government godowns and workshops**

***112.** (Admitted question No. *143.)

**শ্রীসনৎকুমার রাহা :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে গত তিন বছরে ওয়াগন ভাঙার কেস কয়টি; এবং ১৯৬৮-৬৯ সালে কতজনকে সাজা দেওয়া হইয়াছে;

(খ) উক্ত তিন বছরে সরকারী গুদাম ও সরকার পরিচালিত কারখানা হইতে কয়টি ক্ষেত্রে চুরি ধরা পড়িয়াছে ও পরিমাণ কত টাকা; এবং

(গ) ঐ সময়ে সরকারের পরিচালিত সেচ কেন্দ্রে রিভার পাম্পের কতগুলি ক্ষেত্রে এবং মোট কত টাকা দামের ক্রুড অয়েল চুরির বিষয়ে ধরা পড়িয়াছে?

**Mr. Speaker :** I am told that the officers have not been able to collect necessary information. So the question may be held.

## Police Firing

*113. (Admitted question No. *196.) **Shri GYAN SINGH SOHANPAL:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the number of occasions the police opened fire in the State from 25th February, 1969 to 31st May, 1969; and

(b) how many persons were killed or injured in each firing?

**Shri Jyoti Basu:** (a) 27 occassions.

(b) A statement is placed on the table.

Statement referred to in reply to Part (b) of Assembly Question *113.

| Sl. No. | Name of the District. | Date of Police firing 25-2-69 to 31-5-69. | Place of firing. | Killed. | Injured. |
|---|---|---|---|---|---|
| | | | "A" | | |
| 1. | Hooghly .. | 23-3-69 | Belghachia, P.S. Dhaniakhali | .. | .. |
| | | 29-3-69 | Jodhan Singh Rd. P.S. Serampore. | .. | 2 |
| | | 29-3-69 | Hastings Cooli Line, Rishra, P.S. Serampore | .. | .. |
| | | 30-3-69 | Telinipara, P.S. Bhadreswar .. | 5 | 10 |
| 2. | Midnapore .. | 14-3-69 | Pathekhali, P.S. Sutahata .. | .. | .. |
| 3. | 24-Parganas .. | 19-3-69 | M. M. Sen Lane, P.S. Jadavpur | 1 | .. |
| | | 7-5-69 | Ghatiharani, P.S. Kultali .. | .. | 10 |
| | | 6-3-69 | Basbagan, P.S Titagarh. .. | .. | .. |
| | | 7-3-69 | Sundarshapath, B. T. Road, P. S. Titagarh. | .. | .. |
| | | 3-4-69 | Dhobipukur Road, P.S. Bizpur | .. | .. |
| 4. | Murshidabad .. | 27-2-69 | Kanainagar, P.S. Beldanga .. | .. | 1 |
| | | 19-4-69 | Paccamatemahulla, P. S. Berhampur. | .. | .. |
| 5. | Nadia .. .. | 15-4-69 | Sibpur, P.S. Nakasipara .. | .. | .. |
| 6. | West Dinajpur .. | 24-4-69 | Bagabari } All under Goalpukur P.S. | .. | .. |
| | | 25-2-69 | Ghoramara | | |
| | | 11-3-69 | Shripurtola | | |
| | | 16-5-69 | Chicharia | | |
| | | 17-5-69 | Barapatna | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 7. Malda | .. | 15/16-3-69 | Babupur, P.S. Gazole | .. | .. |
| 8. Jalpaiguri | .. | 16-5-69 | New Town, Alipurduar | .. | 1 |
| 9. Darjeeling | .. | 28-3-69 | Shamshing Forest Kalimpong Subdivision. | .. | .. |
| | | 21 | | 6 | 24 |

**"B" Calcutta.**

| Date of firing. | Place of firing. | Number of persons killed | Number of persons injured. |
|---|---|---|---|
| 16-3-69 | King Georges Dock | .. | .. |
| 20-3-69 | 8 Calcutta Jetty | 1 | .. |
| 6-4-69 | Rabindra Sarobar | 1 | 3 |
| 21-4-69 | Bagbazar C. P. C. Rly. Yard. | .. | .. |
| 4-5-69 | 20 Coal Berth, Calcutta Dock | .. | .. |
| 16-5-69 | 3 Garden Reach Jetty | .. | .. |
| 6 | | 2 | 3 |

**Shri Gyan Singh Sohanpal:** Will the Hon'ble Minister be pleased to state what were the causes of these clashes ?

**Shri Jyoti Basu:** During the period from 25th February 1969 to 31st May 1969, the West Bengal Police opened fire on 21 occasions as detailed in statement "A". In connection with the communal disturbances at Telenipara in the district of Hooghly police had to open fire on 30th March 1969 as a result of which 5 persons were killed and 10 persons were injured. The occasion for opening fire at M. M. Sen Lane, P. S. Jadavpur, district 24-Parganas, on 19th March 1969, as a result of which one person was killed, was attack by an armed crowd on the police party which prevented them from attacking the house of a person belonging to a rival party.

During the said period, the Calcutta Police opened fire on six occasions as detailed in statement "B". On 6th April 1969, the firing was resorted to during the disturbances at the Rabindra Sarobar Stadium where a musical soiree was scheduled to be held. A judicial commission of enquiry styled as Ghosh Commission of Enquiry is currently holding a probe into the causes of the disturbances, including actions taken by the police to deal with the situation.

Altogether 4 rounds were fired from a rifle by an Armed Police Sepoy in self-defence when he was surrounded by hostile mob.

One person was killed and three were injured due to the firing.

[1-10 to 1-20 p.m.]

In the five other occasions including the one at 8 Calcutta Jetty firing had to be resorted to by the Calcutta Police when the criminals attacked the patrolling Police party with brickbats, stones and other dangerous weapons. Executive enquiries are being held over all these incidents.

**Shri Muhammed Khuda Buksh:** Will the Hon'ble Minister in charge of the Home (Police) Department be pleased to state whether every police firing was followed by an inquiry, magisterial or otherwise?

**Shri Jyoti Basu:** Every police firing is enquired into. Some enquiries have been made and others are still in the process.

**Shri Muhammed Khuda Buksh:** Will the Hon'ble Minister be pleased to tell us whether the list he has given to the House includes the one that occurred under Beldanga P.S. in the Village Nauda?

**Shri Jyoti Basu:** I do not know when that took place. I cannot tell you off-hand. I do not think it is included.

**Shri Muhammed Khuda Buksh:** Will the Hon'ble Minister please tell us whether every firing is preceded by an order to load and an order to fire?

**Shri Jyoti Basu:** About the loading I do not know but it is preceded by an order to fire.

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** কংগ্রেসী আমলে যে সমস্ত ফায়ারিং হোত তাতে এরকম কোন এনকোয়ারী হোত কি?

**মিঃ স্পীকার:** এরকম প্রশ্ন অ্যারাইজ করে না।

**ডঃ জয়নাল আবেদিন:** এই পুলিশ ফায়ারিং-এ কোন নারী বা শিশু হত্যা হয় নি কি?

**শ্রীজ্যোতি বসু:** যেগুলোর কথা বললাম তাতে এরকম কোন ঘটনা আমার জানা নেই।

### Berhampore Central Silk Research Station

*114. (Admitted question No. *340.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) মুর্শিদাবাদ জেলার বহরমপুরে অবস্থিত সেন্ট্রাল সিল্ক রিসার্চ স্টেশনকে সিল্ক বোর্ডের হাতে তুলিয়া দেওয়ার ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের সঙ্গে কোনও যোগাযোগ করিয়াছেন কিনা; এবং

(খ) করিয়া থাকিলে, তাহার বর্তমান পরিস্থিতি কি?

**Shri Sambhu Charan Ghose:**

(ক) হ্যাঁ, করিয়াছেন।

(খ) কেন্দ্রীয় সরকারের বৈদেশিক বাণিজ্য ও সরবরাহ মন্ত্রক এই ব্যাপারটি লইয়া পশ্চিমবঙ্গের বর্তমান সরকারের সহিত আরও আলোচনা সাপেক্ষে, সেন্ট্রাল সেরিকালচারাল রিসার্চ স্টেশনের হস্তান্তর স্থগিত রাখিয়াছেন। শীঘ্রই পশ্চিমবঙ্গ সরকারের মতামত কেন্দ্রীয় সরকারকে জানানো হইবে।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** আপনি বললেন এটা ৬ মাসের জন্য স্থগিত আছে। আপনি কি জানেন কর্মচারীদের মাইনে সিল্ক বোর্ড থেকে দেওয়া হচ্ছে?

**শ্রীশম্ভুচরণ ঘোষ:** হ্যাঁ, জানা আছে। তবে সিল্ক বোর্ড থেকে মাইনে দেবার অর্থ হস্তান্তরিত নয়। গত মার্চ মাসে যখন আমি কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলাপ-আলোচনা করি তখন তাঁরা আমাকে জানিয়েছিলেন তাঁদের বাজেটে সিল্ক বোর্ডের যে টাকা অ্যালটেড আছে তা থেকে মাইনে দেওয়া হবে। সিল্ক বোর্ড থেকে মাইনে দেবার অর্থ এই নয় যে, হস্তান্তরিত হয়েছে।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন আপনার কাছে যে দুটি প্রস্তা এসেছিল তার একটি হচ্ছে সিল্ক বোর্ডকে না দিয়ে যে অবস্থায় আছে সেই অবস্থায় রাখা এব আর একটি হচ্ছে কেন্দ্রীয় সরকার যদি নিজেদের তত্ত্বাবধানে না রাখেন তাহলে পশ্চিমবঙ্গ সরকা চালাবেন। আপনারা কোনটা রেকমিন্ড করেছেন জানাবেন কি?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** এখন পর্যন্ত রেকমেন্ড করা হয় নি। এছাড়া আমরা কতগুলি প্রস্তা বিবেচনা করছি এবং শীঘ্রই কেন্দ্রীয় সরকারের কাছে পশ্চিমবঙ্গ সরকারের মতামত জানাব।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** আপনি কি জানেন যে কেন্দ্রীয় সরকার বাঙ্গালী কর্মচারীদে বিভিন্ন জায়গায় ট্রান্সফারের ব্যবস্থা করছেন?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** এরকম কোন খবর আমার জানা নেই। কিছুদিন আগে কেন্দ্রী সরকারের পক্ষ থেকে এই হস্তান্তরের ব্যাপারে আমাকে একটি পত্রে জানান হয়েছিল যে আমাদে মতামত যেন তাঁদের তাড়াতাড়ি জানাই।

**শ্রীকৃপাসিন্ধু সাহাঃ** এই সিল্ক রিসার্চ সেন্টারটি বোর্ডএর হাতে তুলে দেবার ব্যাপা কংগ্রেসের ভূমিকা কি ছিল জানাবেন কি?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** এর আগে কংগ্রেস সরকারের পক্ষ থেকে এই প্রশ্ন উঠেছিল। সিল্ক বোর্ডের হাতে যাবার ব্যাপারে তাঁরা কতগুলি সর্ত দিয়েছিলেন অর্থাৎ তাঁরা বলেছিলেন কর্ম চারীদের চাকরীর ব্যাপারে যেন কোন অসুবিধা না হয়। তবে তাঁরা বলেছিলেন বহরমপুর সিল্ক রিসার্চ সেন্টারটি কেন্দ্রীয় সরকারের হাতে দেওয়া যেতে পারে।

**শ্রীকৃপাসিন্ধু সাহাঃ** তাহলে কি একথা ধরে নেব যে এই সেন্টারটি কেন্দ্রীয় সরকারের হাতে তুলে দেবার ব্যাপারে কংগ্রেসের কোন আপত্তি ছিল না?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** এর উত্তর আগেই বলেছি।

**শ্রীসনৎকুমার রাহাঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি সিল্ক বোর্ড থেকে এখন পা সেন্ট্রাল সেরিকালচার স্টাফদের বেতন দেওয়া হচ্ছে?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** এ প্রশ্নের উত্তর আগেই দিয়েছি।

**শ্রীসনৎকুমার রাহাঃ** বর্তমানেও কি চলছে?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** হ্যাঁ, দেওয়া হচ্ছে।

**শ্রীসনৎকুমার রাহাঃ** এ সম্পর্কে মিনিস্টারিয়াল ইন্টারভেনশন হওয়া সত্ত্বেও বোর্ডের স্টাফ ওখান থেকে টাকা পায় না, তার মানে কি সিল্ক বোর্ডের হাতে চলে গেছে?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** ব্যাপারটা পরিষ্কার করে বলি, আমরা যখন কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলাপ-আলোচনা করি মার্চ মাসে, তখন তারা জানিয়ে দেন বাজেট প্রভিশনে সিল্ক বোর্ডের অ্যালটমেন্ট আছে, তাই থেকে মাইনে দেওয়া হবে, অফিসিয়াল ট্রান্সফারের ব্যাপারে আমাদের মতামত না পেলে করবেন না। অ্যাডমিনিস্ট্রেটিভ কন্ট্রোল হস্তান্তরিত হয়েছে এটা ধরে নেওয়ার সঙ্গত কারণ নাই। প্রসঙ্গতঃ এই কথা বলতে পারি, মাত্র কয়েকদিন আগে কেন্দ্রীয় সরকারের নিকট হতে চিঠি পেয়েছি এই বলে যে হস্তান্তরের ব্যাপারে তাড়াতাড়ি করার চেষ্টা করুন।

### Cases of Gherao of Government Officers

***115.** (Admitted question No. *429.) **Dr. ZAINAL ABEDIN:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the number of cases of Gherao of Government officers that took place in the months of April and May last in the district of West Dinajpur;

(b) in how many cases the Gherao affair was attended with violence or assault;

(c) what according to report received by the Government was the purpose in view in respect of the Gherao of—

(i) the Inspector of Police of Karandihi Circle, and

(ii) the Sub-Registrar of Dalkhola; and

(d) what action, if any, the Government has taken in regard to the two cases mentioned in (c)?

**Shri Jyoti Basu:** (a) Five cases.

(b) Two cases.

(c) (i) The Inspector arrested two persons in connection with a case started over the incident of Gherao and assault that happned on 7th April 1969 in the office-cum-residence of the Sub-Registrar, Dalkhola. The Inspector was gheraoed as a retaliatory measure.

(ii) The alleged misbehaviour and corruption in the office of the Sub-Registrar, Dalkhola.

(d) Reg. (i) A case was started which is pending investigation.

Reg. (ii) A case was started and charge sheet submitted against 7 accused persons on 26th May 1969.

**ডঃ জয়নাল আবেদিন:** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি ঘেরাওকে তিনি ল-লেসনেস বলে মনে করেন কি না?

**মিঃ স্পীকার:** এটা কোন প্রশ্ন নয়।

**ডঃ জয়নাল আবেদিন:** পুলিশ ইন্সপেক্টরকে সেখান থেকে সরান হয়েছে কি?

**শ্রীজ্যোতি বসু:** আমি বলতে পারি না।

**ডঃ জয়নাল আবেদিন:** সাব-রেজিস্ট্রারকে ঘেরাও-এর জন্য সাত জনের ব্যাপারে যে চার্জ-শীট দেওয়া হয়েছে তাদের কি রাজনৈতিক মতামত আছে?

**শ্রীজ্যোতি বসু:** আমি বলতে পারি না।

**শ্রীগোপাল বসু:** ডাল-খোলার সাব-রেজিস্ট্রারএর বিরুদ্ধে কি ধরনের করাপশনের অভি-যোগ ছিল?

**শ্রীজ্যোতি বসু:** নোটিশ দিলে বলতে পারি।

**শ্রীগোপাল বসু:** ডালখোলার সাব-রেজিস্ট্রার কি কংগ্রেসীদের যোগসাজসে চুরিচামারি করেছিল?

**শ্রীজ্যোতি বসু:** আমি জানি না।

**শ্রীসুরেশচন্দ্র সিংহ:** মাননীয় মন্ত্রিমহাশয় সি(১)-এ যে উত্তর দিলেন তাতে আমি প্রশ্ন করছি তার বিরুদ্ধে কি ধরনের কেস ছিল।

**Shri Jyoti Basu:** The Inspector arrested two persons in connection with a case started over the incident of gherao and assault that happened 7-4-69 in the office-cum-residence of the Sub-Registrar, Dalkhola.

**Shri Muhammed Khuda Buksh:** Will the Hon'ble Minister please tell us if he is aware that the Hon'ble High Court has expressed itself on the question of Gherao ?

**Shri Jyoti Basu:** If you know, why do you ask me?

**Corruption in test relief work in Block No. 1 of Egra Police-station**

***116.** (Admitted question No. *516.)

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৭ সালে মেদিনীপুর জেলার এগরা থানার ১নং ব্লকে স্টেট রিলিফের দুর্নীতির বিরুদ্ধে মোট কয়টি পুলিশ কেস দায়ের করা হইয়াছিল;

(খ) ঐ কেসগুলির মধ্যে এ যাবত কয়টি ক্ষেত্রে পুলিশ তদন্ত শেষ করিয়াছেন;

(গ) সে তদন্ত শেষ করিতে আর কত কাল সময় লাগিবে বলিয়া আশা করা যায়; এবং

(ঘ) উক্ত কেসে জড়িত সন্দেহে পুলিশ মোট কতজনকে গ্রেপ্তার করিয়াছেন?

[1-20 to 1-30 p.m.]

**Shri Jyoti Basu:**

(ক) চারটি।

(খ) কোনটিরই এখনও তদন্ত শেষ হয় নাই।

(গ) আগামী চার মাসের মধ্যে তদন্ত শেষ হইবে আশা করা যায়।

(ঘ) মোট ৬ (ছয়) জনকে সন্দেহ করা হইয়াছে। কাউকে গ্রেপ্তার করা হয় নাই।

**Shri Bibhuti Pahari:**

১৯৬৭ সালের কোন্ মাসে এই কেসগুলি দায়ের করা হয়েছিল?

**Shri Jyoti Basu:**

মাসটা এখানে নাই, শুধু ১৯৬৭ সাল বলে আছে।

**Shri Bibhuti Pahari:**

১৯৬৭ সালে বিধানসভায় আমি যখন প্রশ্ন করেছিলাম, তখন এই প্রশ্নের উত্তর পেয়েছিলাম—প্রায় ৩০টি কেস দায়ের করা হয়েছিল। আর আমি আজকে উত্তর পাচ্ছি ৪টা কেস দায়ের করা হয়েছিল। মন্ত্রিমহাশয় কি এই সম্পর্কে জানাবেন রাজ্যপালের আমলে এই কেসগুলি নাকচ করে দেওয়া হয়েছিল কিংবা ছেড়ে দেওয়া হয়েছিল?

**Shri Jyoti Basu:**

নোটিশ দিলে বলতে পারবো। এখানে কোন কাগজপত্র নাই।

**Shri Bibhuti Pahari:**

১৯৬৭ সালে যে কেসগুলি দায়ের করা হলো এবং যা এই দু' বছর আড়াই বছরেও তদন্ত শেষ হলো না, সেখানে কি বোসসে মন্ত্রিমহাশয় বলছেন আর চার মাসের মধ্যে কেসগুলির তদন্ত শেষ করা যাবে?

**Shri Jyoti Basu :**

আমার মনেও সেই একই প্রশ্ন ছিল। আমি ডিপার্টমেন্টে খোঁজখবর নিয়ে অবাক হয়ে গেলাম—এতদিন কি করে লাগলো এই কেসের তদন্ত করতে। আমি শুনলাম রিলিফের ব্যাপারে সংশ্লিষ্ট নথীপত্র ও কাগজপত্র যা আছে তা জোগাড় করতে এত সময় লাগে। আমি বুঝতে পারি না এতদিন কেন সময় লাগে। আমি জিজ্ঞাসা করেছি, ও'রা বলেছেন যে আগামী চার মাসে এই সব তদন্ত শেষ হবে।

**Shri Bibhuti Pahari :**

(ঘ) প্রশ্নের উত্তরে মন্ত্রিমহাশয় বলেছেন, মাত্র ছয়জনকে সন্দেহ করা হয়েছে, কিন্তু কাউকে গ্রেপ্তার করা হয় নাই। পুলিশের সন্দেহ ও আসামী কাকে বলে, তার পার্থক্য কাকে বলে জানাবেন। আর এখনো পর্যন্ত আসামীদের কেন গ্রেপ্তার করা হয় নাই—সে বিষয়ে তিনি খোঁজ নেবেন কি ?

**Shri Jyoti Basu :**

খোঁজ নিশ্চয়ই নেব। এখনো সেই সব কাগজপত্র আমার হাতে আসে নাই—যাতে করে এই ছয়-জনকে সন্দেহবশতঃ গ্রেপ্তার করা যায়।

**Shri Anil Kumar Mukherjee :**

আপনি বলেছেন মেদিনীপুর অঞ্চলের ঐ কেসগুলির শুধু তদন্ত করা হচ্ছে। বাঁকুড়া জেলার টেস্ট রিলিফ সংক্রান্ত যে কেসগুলি বাংলাদের আমলে ছেড়ে দেওয়া হয়েছিল, তার কি তদন্ত করা হবে বলবেন ?

**Shri Jyoti Basu :**

এই কেস থেকে ও সম্বন্ধে ঐ প্রশ্ন আসে না। তবে আপনি আমাকে চিঠি লিখবেন, তাহলে খোঁজ-খবর নিয়ে দেখবো।

**Shri Bibhuti Bhusan Ghosh :**

স্বরাষ্ট্র মন্ত্রী, তিনি নিজে আইনজ্ঞ, আইনে কি একথা লেখা থাকে না যে অত্যন্ত খারাপ কাজের জন্য সন্দেহ বশতঃ কাউকে গ্রেপ্তার করা যায় ?

**Shri Jyoti Basu :**

সেটা মতামতের ব্যাপার, তবে কি ধরনের অভিযোগ আছে, সেই সম্পর্কে খোঁজখবর পাবার উপর সেটা নির্ভর করে।

**Shri Balailal Das Mahapatra :**

মন্ত্রিমহাশয় কি জানেন এই কেসের সঙ্গে কংগ্রেসী বড় বড় পান্ডারা জড়িত বা যুক্ত আছেন বলে এই তদন্ত এখনো দু' আড়াই বছরেও শেষ হচ্ছে না ?

**Shri Jyoti Basu :**

আমি সব জিনিসপত্র জোগাড় করতে পারি নি এখনো।

**Shri Bibhuti Pahari :**

টেস্ট রিলিফের ইট কাটা স্কীমের দুর্নীতির সম্পর্কে তৎকালীন রিলিফ মন্ত্রী বা রিলিফ কমিশনার তদন্ত করতে গিয়ে একটি ইটও কাটা দেখেন নাই, এই সম্পর্কে তিনি কোন সংবাদ জানেন কি না ?

**Shri Jyoti Basu :**

আমি এখনো পুঙ্খানুপুঙ্খরূপে সমস্ত কাগজপত্র দেখি নি। সে জন্য আমার পক্ষে কিছু এখন বলা মুসকিল।

## Eden Gardens and Ranji Stadium

***117.** (Admitted question No. *523.)

**শ্রীঅশ্বিনী রায় :** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ইডেন গার্ডেন ও রঞ্জি-স্টেডিয়ামের দায়িত্বভার সরকার গ্রহণ করিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে—

(১) কবে গ্রহণ করা হইয়াছে, এবং

(২) রক্ষণাবেক্ষণের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

**Shri Ram Chatterjee :**

স্যার, ফাইলটা ফাইনান্সে গিয়েছে, সমস্ত ব্যাপার দেখে এটা জবাব দিতে একটু দেরি হবে।

**Mr. Speaker :** The question is held over.

## Arrests under P. D. Act

***118.** (Admitted question No. *591.)

[illegible] জানাইবেন কি, ১৯৬৯ [illegible]

(১) গুণ্ডামি

(২) চোলাই চালান,

(৩) আইন শৃঙ্খলা ভঙ্গ জনিত ঘটনার জন্য, এবং

(৪) খেলার মাঠে হাঙ্গামার জন্য "নিবারক আইনে" গ্রেপ্তার করা হইয়াছে ?

**Shri Jyoti Basu :**

এটা পরে উত্তর দেবো।

**Mr. Speaker :** The question is held over.

## Prevention of anti-social activities

***119.** (Admitted question No. *144.)

**শ্রীসনৎকুমার রাহা :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, প্রতি জেলায় সমাজ বিরোধীদের দমন করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ?

**Shri Jyoti Basu :**

সমাজ বিরোধীদের আইনের বিভিন্ন ধারায় অভিযুক্ত করিবার জন্য ঘন ঘন হানা দিয়া আটক করা হইতেছে। ২৫শে ফেব্রুয়ারী হইতে এ পর্যন্ত মোট ১,২৯৪ জন (কলিকাতা সহ) সমাজ বিরোধীকে ১৯৫০ সালের নিবর্তনমূলক আটক আইনে গ্রেপ্তার করা হইয়াছে। সমাজ বিরোধী

কার্যে লিপ্ত ব্যক্তিদের প্রতি জায়গায় তীক্ষ্ন নজর রাখা হয়েছে। সমাজ বিরোধী ব্যক্তিদের রেকর্ড পর্যালোচনা করে প্রয়োজনীয় ক্ষেত্রে প্রতি জেলায়ই আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। সমাজ বিরোধী কাজ দমনের জন্য পুলিশ পিকেটও বসান হয়েছে কিছু জায়গায়।

**শ্রীসনৎকুমার রাহা:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে সমাজ বিরোধীর সংজ্ঞা আমরা যুক্তফ্রন্ট সরকার কিভাবে ঠিক করেছি, এ প্রশ্ন এই জন্য করছি যে এর আগে সমাজ বিরোধী বলতে পলিটিক্যাল অপনেন্টসদের ধরা হত। আমরা যুক্তফ্রন্ট সরকার পুলিশকে কি নির্দেশ দিয়েছি এবং সমস্ত ব্যাপারটা পুলিশের হাতে নির্ভর করছে কি না যে কে সমাজ বিরোধী?

**শ্রীজ্যোতি বসু:** এটা মতামতের প্রশ্ন, তবে মাননীয় স্পীকার মহাশয়ের অনুমতি নিয়ে বলছি যে আমরা কোন রাজনৈতিক কারণে কাউকে গ্রেপ্তার করতে পুলিশকে বারন করেছি। সমাজ বিরোধী বলতে কি বোঝা যায় সেটা সকলেই আমরা জানি, সেটার ব্যাখ্যার এখানে প্রয়োজন নেই। তবে এটাও বলা হয়েছে যে সেই পুরানো আমল থেকে ২০ বছর ধরে পুলিশের কাছে যে রেকর্ড আলে সেগুলি পর্যালোচনা করে নুতুন কিছু এরকম হয়েছে কি না, কারা তারা এসব পর্যালোচনা করে দেখে ব্যবস্থা অবলম্বন করতে হবে। তবে যদি আমাদের সরকারের দৃষ্টি আকৃষ্ট হয় যে অন্যায়ভাবে সমাজবিরোধী বলে অন্য কোন কারণে কাউকে গ্রেপ্তার করা হচ্ছে তাহলে আমি বলব যে নিশ্চয় তাকে আমরা নিবর্তনমূলক আটক আইনে গ্রেপ্তার করতে চাই না এবং নিশ্চয় সে ছাড়া পাবে।

**শ্রীসনৎকুমার রাহা:** মাননীয় মন্ত্রিমহাশয় এই যে ১২৯৪ জনের কথা বললেন, এর মধ্যে কোলকাতায় কত?

**শ্রীজ্যোতি বসু:** আমি সব সহ বলেছি তবে ৭০০-র উপর হবে।

**শ্রীসনৎকুমার রাহা:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে কোলকাতার চেয়ে কোলকাতার আশেপাশের জেলায় এই সংখ্যা কি বেশী?

**শ্রীজ্যোতি বসু:** না, কোলকাতায় সব চেয়ে বেশী।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে সমাজবিরোধী বলে যাদের গণ্য করা হচ্ছে এবং যাদের প্রিভেনটিভ ডিটেনসান অ্যাক্টে ডিটেন করা হচ্ছে তাদের মধ্যে থেকে বিভিন্ন রাজনৈতিক দলে চলে গিয়ে শেলটার বা আশ্রয় পাবার জন্য যে একটা চেষ্টা হচ্ছে সে সম্পর্কে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী পুলিশকে সজাগ এবং সচেতন করেছেন কি না এবং এই সব তথ্য আছে কি না যে সমাজ বিরোধীরা বিভিন্ন রাজনৈতিক দলে যুক্ত ফ্রন্টের প্রশ্রয় পাওয়ার চেষ্টা করছে?

**শ্রীজ্যোতি বসু:** এরকম কিছু কিছু খবর আমাদের কাছে এসেছে এবং পুলিশকে নিশ্চয় সজাগ এবং সতর্ক করা হয়েছে।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী যেভাবে স্পষ্ট ভাষায় বলেছেন তার জন্য তাকে অভিনন্দন জানাচ্ছি যে রাজনৈতিক কারণে কাউকে গ্রেপ্তার করা হবে না এটা আমাদের যুক্তফ্রন্ট সরকারের নীতি। এখন যারা নকশালপন্থী বলে পরিচিত তারাও রাজনীতির কথা বলছেন, তাদের সঙ্গে আমাদের মতের প্রচণ্ড পার্থক্য রয়েছে। তারা হিংসাত্মক পথে যাচ্ছেন যেটা যুক্ত-ফ্রন্টের নীতির বিরোধী। এখন নকশালপন্থীদের সরাসরি সমাজ বিরোধী বলে গণ্য করা হচ্ছে কি না?

**শ্রীজ্যোতি বসু:** না।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** কেন্দ্রীয় সরকার নকশালপন্থীদের সমাজ বিরোধী বলে মনে করছেন। আমার জিজ্ঞাস্য, তাদের সম্পর্কে আপনাদের কোন নির্দেশ দিয়েছেন কি?

**শ্রীজ্যোতি বসু:** কোন নির্দেশ আমাদের কাছে নেই। তারা তাদের কি মনে করেন আমি বলতে পারবো না।

[1-30 to 1-40 p.m.]

**ডাঃ আবু আসাদ মহম্মদ ওবায়দুল গনি:** কলকাতা সহরের যে সংখ্যা আপনি দিয়েছেন এছাড়াও কোন্ কোন কনস্টিটিউয়েন্সি সম্বন্ধে জিজ্ঞাসা করতে পারি কি না—হয়ত আপনি আবার নোটিশ চাইবেন। আমি শুধু আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে বেগবাগান, তাঁতিবাগান, ফুলবাগান প্রভৃতি এলাকায় এখন বহু গুণ্ডা ঘুরে বেড়াচ্ছে। একবার ধরা হয়, কিছুদিন বাদে বেলে ছাড়া পেয়ে আবার গুণ্ডামী করছে- এই খবর কি মন্ত্রিমহাশয় জানেন?

**শ্রীজ্যোতি বসু:** ইট ইজ এ রিকোয়েস্ট ফর অ্যাকশন। আমি আগেই বলেছি নজর রাখা হয়েছে। বেলে যদি ছাড়া পায় আমি জানি না, কি করতে পারবো। তবে নিশ্চই আমার নজরে আছে।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** আপনি বললেন সমাজ বিরোধীদের দমনের জন্য ব্যবস্থা করা হচ্ছে। সমাজবিরোধীদের দমন করার জন্য আগেকার যে দমন নীতি বা পদ্ধতি ছিল, সেই সমস্ত পুরাতন পদ্ধতি ছাড়াও আমাদের সরকার দমন করবার জন্য নূতন পদ্ধতির কথা চিন্তা করছেন কি?

**শ্রীজ্যোতি বসু:** নূতন পদ্ধতির কথা আমি বলতে পারছি না। তবে আমরা এটুকু মনে করি না বা আমাদের সরকার এটা মনে করেন না যে শুধু পুলিশ দিয়ে এই ব্যবস্থা করা যায়। সেই জন্য আমরা জনসাধারণের সহযোগিতা চেয়েছি।

**শ্রীবিমলকান্তি বসু:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে সমাজ বিরোধীদের উৎপাত জায়গায় জায়গায় বেড়ে যাওয়ার দরুন পুলিশ পিকেট বসানো হয়েছিল। এই বছর গত অ্যাসেমব্লী চলাকালীন কসবা এলাকায় পুলিশ পিকেট দেখেছিলাম, কিন্তু সম্প্রতি পুলিশ পিকেট তুলে নেওয়া হয়েছে এবং এর ফলে সেখানে একটা অস্বাভাবিক অবস্থা দেখা দিয়েছে, এটা কি মন্ত্রিমহাশয় জানেন?

**শ্রীজ্যোতি বসু:** বিশেষ জায়গার কথা আমি বলতে পারি না, ওটা আসে না। সেখানে তুলে নিয়েছে, প্রয়োজন হলে আবার দেওয়া হবে।

**শ্রীসমরকুমার রুদ্র:** সমাজ বিরোধী বলে বিভিন্ন ব্যক্তি যখন লিখিত অভিযোগ করেছিলেন, তাদের বিরুদ্ধে বন্দোবস্ত গ্রহণ করার জন্য, দেখা গেছে কতিপয় উচ্চপদস্থ পুলিশ অফিসার সেক্ষেত্রে কোন রকম ব্যবস্থা গ্রহণ করেন নি, এ বিষয়ে কি মন্ত্রিমহাশয় সতর্ক আছেন এবং অনেক সমাজ বিরোধীরা প্রকাশ্যে সব কিছু করতে পারে, এমন কি পুলিশ অফিসাররা পর্যন্ত সরকারের বিরুদ্ধে সব কিছু করতে পারে, এই বিষয় কি মন্ত্রিমহাশয় জানেন?

**শ্রীজ্যোতি বসু:** আপনি জানাবেন তারপর আমি তদন্ত করে দেখবো।

**শ্রীঅজিত কুমার বিশ্বাস:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন কিছুদিন যাবত খিদিরপুর ডক এরিয়ায় হরতালের পর একটি শ্রমিক দরদী ইউনিয়ন ভাঙবার জন্য বিরোধী দলের যারা আসন গ্রহণ করেছেন তাদের সমর্থকরা, ইউনিয়নের কর্মী যুক্তফ্রন্টের সমর্থক, তাদের উপর আক্রমণ করেছে এবং প্রায় ১০ জন জখম হয়েছে, হাসপাতালে অ্যাডমিটেড হয়েছে এবং এ সম্পর্কে পুলিশকে জানানো হয়েছে এবং পুলিশ এই সম্পর্কে নিষ্ক্রিয় আছে, এটা কি জানেন?

**শ্রীজ্যোতি বসু:** এই প্রশ্ন এর থেকে ওঠে না, এটা একটা বিশেষ জায়গার বিশেষ ঘটনা।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী তথা উপ-মুখ্যমন্ত্রীকে আমি এটা জিজ্ঞাসা করছি অতিরিক্ত প্রশ্ন হিসাবে যে, কোন রাজনৈতিক দল তীর ধনুক, বল্লম, সড়কী বা ধারালো অস্ত্র

নিয়ে মারামারি কাটাকাটি করে—শুধু রাজনৈতিক দলের বক্তব্য বা শ্লোগান প্রচার করেছে তা জসাধারণের মধ্যে ছড়িয়ে পড়েছে, এই অজুহাতে এই রকম ধরনের কাজকর্মে তাদের সমাজ বিরোধী বলে গণ্য করা হবে?

**শ্রীজ্যোতি বসু:** এই সব হাইপর্থিটিক্যাল প্রশ্নের কি জবাব দেব।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** আমার প্রশ্নটা হাইপর্থিটিক্যাল ছিল না। আমি খুব সবিনয়ের সঙ্গে বলছি রাজনৈতিক দলের কর্মী—সে যে রাজনৈতিক দলের সদস্যই হোন, তাঁরা যদি দাঙ্গা-হাঙ্গামা বা হিংসাত্মক কার্যকলাপে লিপ্ত থাকেন, শুধু রাজনৈতিক দলের সঙ্গে তাদের সংযোগ বা যোগাযোগ আছে, এই কারণে কি তারা সমাজবিরোধী বলে গণ্য হতে পারবেন না?

**শ্রীজ্যোতি বসু:** এটা হচ্ছে ওপিনিয়নের কথা। কিন্তু আমি এটা বলতে পারি যে, যেহেতু রাজনীতির কথা বলা হচ্ছে সেই কারণে সে যা খুশী তাই করতে পারবে, মানুষ খুন করতে পারবে এমন কোন কথা নয়।

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে পি ডি অ্যাক্টে ধরবার অর্ডারটা ফাইন্যালি কার সই-এ হয় এবং সেটার বিচার কি শুধু পুলিশের হাত দিয়েই হয় না কোন উর্ধ্বতন কর্তৃপক্ষের সে সম্পর্কে সিদ্ধান্ত নেবার ব্যবস্থা আছে।

**শ্রীজ্যোতি বসু:** শুধু পুলিশের উপর নির্ভর করি না। উচ্চতর অফিসার তাদের উপর এবং আমার উপরও নির্ভর করে।

**শ্রীঅশ্বিনী রায়:** মার্চ পর্যন্ত যাদের গ্রেপ্তার করা হয়েছে, তার মধ্যে মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি বর্ধমান জেলায় কতজনকে ছেড়ে দেওয়া হয়েছে।

**শ্রীজ্যোতি বসু:** এটা বলতে পারবো না, নোটিশ চাই।

**শ্রীআবদুল কুয়ায়ুম মোল্লা:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি ব্ল্যাকমার্কেটিয়ার্স, হোডার্স এদের কি সমাজ বিরোধীদের মধ্যে ধরা হয়েছে এবং পুলিশকে এদের সম্বন্ধে তদন্ত করার জন্য কি কিছু বলা হয়েছে।

**শ্রীজ্যোতি বসু:** হ্যাঁ, এদের সমাজ বিরোধী বলা হয় এবং ব্যবস্থা অবলম্বন করার জন্য বলা হয়েছে।

**শ্রীপান্নালাল মাঝি:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে কলকাতা বাদে অন্যান্য জেলায় এই সমাজ বিরোধী যে গ্রেপ্তার করা হয়েছে, কোন্ জেলায় কত?

**শ্রীজ্যোতি বসু:** নোটিশ চাই।

**শ্রীবিমলকান্তি বসু:** কাশীপুর এলাকায় তিন চারদিন হলো মারাত্মক রকম সমাজ বিরোধীদের দৌরাত্ম বেড়ে গেছে এ সম্বন্ধে কিছু জানেন কি?

**শ্রীজ্যোতি বসু:** এই প্রশ্নটা এর থেকে ওঠে না, তবুও বলছি যে যখন জানলাম তখন এটা খোঁজ নিয়ে দেখবো।

**শ্রীকৃষ্ণগোপাল বসু:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে জোড়াবাগান এলাকায় যে সমাজ বিরোধীদের দৌরাত্ম বেড়ে গেছে এবং ওখানকার রাজনৈতিক দলের একজন সদস্য যিনি এই বিধানসভার সভ্য, উনি বার বার পুলিশ এবং গণতন্ত্রের কথা বার বার বলে থাকেন, এই সমাজ বিরোধীরা তাঁর বাড়ীতে আশ্রয় নিয়ে আছে এবং তিনি পুলিশের সঙ্গে যোগসাজস করছেন এ সম্বন্ধে কিছু জানেন কি, জানলে, কি ব্যবস্থা গ্রহণ করছেন জানাবেন কি?

**শ্রীজ্যোতি বসু:** এই রকম অভিযোগ করবেন লিখিতভাবে, তাব আমি তদন্ত করে দেখবো।

**শ্রীসুরেশচন্দ্র সিনহাঃ** আপনি বললেন যে রাজনৈতিক কারণে কাউকে অ্যারেস্ট করা হচ্ছে না, তাহলে রাজনৈতিক কারণ বলতে কি সংজ্ঞা দেওয়া হচ্ছে?

**শ্রীজ্যোতি বসুঃ** তার ব্যাখ্যা সকলেই জানেন, আমি মনে করি না তাই নিয়ে এখানে আলোচনার কোন প্রয়োজন আছে।

## Withdrawal of Criminal Cases

***120.** (Admitted question No. *332.) **Shri GYAN SINGH SOHANPAL:** Will the Minister-incharge of the Home (Pilice) Department be pleased to state—

(a) how many criminal cases have been withdrawn in the State by the present Government since March, 1969, up to date; and

(b) who were the persons involved and what were the charges against them?

**Shri Jyoti Basu:**

এটার জন্য সময় চাই, কেন না সব তথ্য এখনও আমার কাছে এসে পৌঁছায়নি।

## Attack on peasants by the Jotdars of Chaitanyapur

***121.** (Admitted question No. *541.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি বর্ধমান জেলার চৈতন্যপুরের কিছু জোতদার এবং কংগ্রেস পক্ষীয় কিছু ব্যক্তি মারাত্মক অস্ত্রশস্ত্রে সজ্জিত হইয়া চাষীদের আক্রমণ করে,

(খ) সত্য হইলে, উক্ত ঘটনায় কত ব্যক্তি (১) নিহত, (২) গুরুতরভাবে আহত এবং (৩) অল্প আহত হন, এবং

(গ) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**Shri Jyoti Basu:**

(ক) হ্যাঁ,

(খ) (১) ২ জন,

(২) ১৫ জন ও

(৩) ৩৩ জন।

(গ) এ সম্পর্কে ২১ জনের বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির বিভিন্ন ধারায় মামলা রুজু করা হইয়াছে।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** (খ) যে উত্তর দিলেন তার মধ্যে ক'জন জোতদার, ক'জন কৃষক?

**শ্রীজ্যোতি বসুঃ** সেই সংখ্যা আমার কাছে নেই।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** কি কারণে এই রকম দুর্ভাগ্যজনক ঘটনা ঘটেছিল?

**শ্রীজ্যোতি বসুঃ** এটাতো আমি একটা কলিং অ্যাটেনশন নোটিশের জবাবে দিয়েছি সমস্ত কিছু ব্যাখ্যা করে, আপনি সেটা পড়ে নেবেন।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে যারা ফায়ার আর্মস ব্যবহার করেছিল, এই ঘটনা ঘটবার পর এবং মামলা রুজু করবার পর তাদের আগ্নেয়াস্ত্র কি পুলিশ থেকে সিজ করা হয়েছে, অ্যাকর্ডিং টু ল?

**শ্রীজ্যোতি বসু:** হ্যাঁ সিজ করা হয়েছে।

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এই ঘটনা কোন্ স্থানে ঘটেছিল, জোতদারদের বাড়ীতে না চাষীদের বাড়ীতে?

**শ্রীজ্যোতি বসু:** পূর্ণ বিবরণ আমি দিয়ে দিয়েছি, স্পীকার মহাশয় আপনার নিশ্চয়ই মনে আছে যে স্কুলের সামনে মিটিং হচ্ছিল, তারপর কিভাবে কে কাকে আক্রমণ করেছিল সব ঘটনাই তাতে বলা আছে, এখন আন্দাজে আমি কিছু বলতে পারবো না, কলিং অ্যাটেনশনে এটা বলা আছে, পড়ে নেবেন।

[ 1-40 to 1-50 p.m. ]

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** একথা কি সত্য যে এই ভদ্রলোকের বাড়ীতে বহু অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে চাষীর নাম করে কিছু গুণ্ডা প্রকৃতির লোক গিয়ে আক্রমণ করে?

**শ্রীজ্যোতি বসু:** না, এটা ঠিক নয়।

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** যে অস্ত্রশস্ত্র ছিল তাই দিয়ে পরিবার এবং তার নিজের জীবন রক্ষা করেন, একথা সত্য কি?

**শ্রীজ্যোতি বসু:** আমার কাছে যা রিপোর্ট আছে তাতে বলতে পারি ডঃ সান্যাল যা বললেন তা সম্পূর্ণ অসত্য।

**শ্রীগোপাল বসু:** সেদিন অর্থাৎ ঐ ঘটনার দিন ঐ জোতদার চাল, ডাল নিয়ে গিয়ে কিছু কৃষকদের খাইয়েছে, একথা কি সত্য?

**শ্রীজ্যোতি বসু:** এসব প্রশ্ন কি জানি না। কে কাকে খাইয়েছে জানি না।

**শ্রীপান্নালাল মাঝি:** সেদিন যে জোতদার আক্রমণ করেছিল, সে কি আশে পাশের জোতদার-দের ডাক দিয়েছিল?

**শ্রীজ্যোতি বসু:** সেদিন রিপোর্টে বলেছি কয়েকজন জোতদার কয়েকটি অস্ত্র তাদের কাছে ছিল এবং সেই দিয়ে আক্রমণ করা হয়।

**শ্রীঅজিত বিশ্বাস:** ঐ জোতদারের বাড়ীতে কংগ্রেসী স্বেচ্ছাসেবকরা ছিল এবং তারা ফায়ার আর্ম ব্যবহার করেছিল—এটা সত্য কি?

**শ্রীজ্যোতি বসু:** আমি জানি না।

**শ্রীনারায়ণচন্দ্র নস্কর:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে চৈতন্যপুরে যে জোতদারের বাড়ীতে আক্রমণের কথা বলা হচ্ছে, সেই আক্রমণের বিষয় পূর্বাহ্নে সেই জোতদার কি মাননীয় মন্ত্রিমহাশয় এবং শ্রীঅজয় মুখাজীকে জানিয়েছিল?

**শ্রীজ্যোতি বসু:** আমাকে জানান হয় নি। অজয়বাবুকে খবর দিয়েছিল কি না আমি বলতে পারব না।

**ডঃ জয়নাল আবেদীন:** এই ঘটনা ঘটতে পারে বলে উর্ধতন অফিসারের কাছে বলা হয়েছিল এবং এই জন্য ডি এস পি, কাটোয়াকে তিনি বলেছিলেন যে শান্তিভঙ্গের ঘটনা ঘটতে পারে, তথাপি কেন স্টেপ নেওয়া হয় নি।

**শ্রীজ্যোতি বসু:** আমি যে বিবৃতি দিয়েছি, তার উপর এখন কিছু বলার নেই।

**Persons detained under P. D. Act**

***122.** (Admitted question No. *333.) **Shri GYAN SINGH SOHANPAL:** Will the Minister-in-charge of the Home (Special) Department be pleased to state—

(a) how many persons have been detained in the State under the P. D. Act by the present Government up to May, 1969;

(b) how many of them are from Kharagpur;

(c) whether any of these persons was ever before detained under the P. D. Act or convicted for committing criminal offences; and

(d) if so, how many?

**Shri Jyoti Basu:** (a) In West Bengal during the period from 26.2.69 to 31.5.69 altogether 946 persons were detained under the P.D. Act.

(b) Three.

(c) and (d) None of (b) above was detained ever before under the P.D.Act, but one of them was convicted for committing criminal offences.

**Shri Gyan Singh Sohanpal:** Do their names appear in the list of anti-social elements maintained by the P.Ss?

**Shri Jyoti Basu:** Not in the earlier list.

**Shri Gyan Singh Sohanpal:** Since when their names appeared in the list?

**Shri Jyoti Basu:** Just before they were arrested under the P.D.Act.

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী কি জানাবেন, প্রিভেন্টিভ ডিটেনশন অ্যাক্টে ডিটেনশনে নিয়ে যাবার পর লক-আপে বেধড়ক মারধর করার আইন আছে কি না?

**শ্রীজ্যোতি বসু:** এটা সম্পূর্ণ বেআইনী। এরকম কোন আইন থাকতে পারে না।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** আমি একটা কেসের কথা বলছি। সেন্ট্রাল ক্যালকাটায় সোহনলাল মণ্ডল বলে একজনকে পুলিশ ডিটেন করে। এই ডিটেন করবার পর অ্যাডভাইসরী কমিটি ছেড়ে দেয়। কিন্তু

He was practically beaten blue and worst forms of third degree methods were applied on him.

এবং সমস্ত গায়ে লাল দাগ ও রক্ত দেখতে পেয়েছি। আমি এটা পার্সন্যালি জানি। আপনি এই বিষয়টা তদন্ত করে একটু ব্যবস্থা গ্রহণ করবেন কি যাতে এই ধরনের হাইহ্যান্ডেডনেস পুলিশের বন্ধ হয়ে যায়?

**শ্রীজ্যোতি বসু:** আমি নিশ্চয় দেখব।

**ডঃ জয়নাল আবেদীন:** উনি বলেছেন রেজিস্ট্রারে আগে যাদের নাম ছিল, তাদের বাদ দিয়ে নূতন নাম করা হয়েছে। তাহলে আগে যারা ছিল তারা কি ভাল হয়ে গিয়েছে?

**শ্রীজ্যোতি বসু:** কংগ্রেস আমলে দুর্ভাগ্যবশত হাজার হাজার অ্যান্টি সোস্যাল তৈরী হয়েছে। সবাইকে ধরার প্রয়োজন হয় না। যাদের যখন দরকার হয় তাদের ধরা হয়।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** কংগ্রেস আমলে বামপন্থীদের পি ডি অ্যাক্টে ধরা হত। এখন যুক্তফ্রন্ট সরকার কি তাদের ধরবেন?

**শ্রীজ্যোতি বসু:** কংগ্রেসের মধ্যে যদি কেউ সমাজ বিরোধী কাজ করে তাহলে নিশ্চয় ধরা যাবে। কিন্তু রাজনৈতিক কারণে ধরা হবে না।

**শ্রীবিভূতি পাহাড়ী:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যে তিন জনকে ধরা হয়েছে, কংগ্রেস পার্টির সঙ্গে তাদের খুব যোগাযোগ ছিল এবং তারা সমাজ বিরোধী?

**শ্রীজ্যোতি বসু:** তাদের সমাজ বিরোধী বলে ধরা হয়েছে কিন্তু কংগ্রেসের সঙ্গে যোগাযোগ ছিল কি না আমি বলতে পারবো না।

**শ্রীঅজিতকুমার বিশ্বাস:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে সমস্ত ব্যক্তি পি ডি অ্যাক্টে গ্রেপ্তার অবস্থায় রয়েছেন তাদের মধ্যে নকশাল বলে পরিচিত কয়জন আছে যারা সমাজ বিরোধী কাজ করতেন। যদিও উত্তর হয় আছে, তাহলে তাদের পি ডি অ্যাক্টে গ্রেপ্তার করা হয়েছিল কি কেন্দ্রের নির্দেশে?

**শ্রীজ্যোতি বসু:** কেন্দ্রের নির্দেশে পশ্চিমবাংলা সরকার চলে না এ কথা জানা দরকার। তবে নকশালপন্থী কয়জন আছে, যদি কোন সমাজ বিরোধী কার্যকলাপ করে থাকেন, সেটা নোটিশ না দিলে বলতে পারবো না।

**শ্রীসনৎকুমার রাহা:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, কংগ্রেস আমলে জেলায় জেলায় এই ধরনের পুলিশ কো-অপারেশন কমিটি ছিল জোতদারদের নিয়ে। যুক্তফ্রন্টের আমলে আমরা পুলিশ কো-অপারেশন কমিটি করেছি তাতে সমাজ বিরোধী এবং দুর্নীতিকারীদের সম্পর্কে আলোচনা হত। তা, বর্তমানে যুক্তফ্রন্ট জেলায় জেলায় এই ধরনের পাবলিক কো-অপারেশনএর কোন সংস্থা তৈরী করার চিন্তা করছেন কিনা?

**শ্রীজ্যোতি বসু:** আমরা চিন্তা করছি তবে এখনও সেই রূপ দেওয়া যায় নি।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে নকশালপন্থীরা সমাজ বিরোধী কাজ করে থাকে। তা আমার জিজ্ঞাস্য হচ্ছে যে, আপনার কাছে কি এই রকম কোন খবর আছে যে, নকশালপন্থীরা সমাজ বিরোধী কোন কাজে লিপ্ত আছে?

**শ্রীজ্যোতি বসু:** হ্যাঁ আছে।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে পি ডি অ্যাক্টে যে সমস্ত সমাজ বিরোধী ধরা হয়েছে, তার মধ্যে খড়্গপুরের ওয়াগন ভাঙ্গা ভদ্রলোকেরা কিছু আছে কিনা?

**শ্রীজ্যোতি বসু:** কি কারণে বা কেন তারা সমাজ বিরোধী সে সমস্ত হিসাব আমার কাছে নেই, তবে যারা ওয়াগন ভাঙ্গে তারা নিশ্চয়ই সমাজ বিরোধী এবং তাদের পেলে নিশ্চয়ই ধরতে হবে।

**শ্রীসমরকুমার রুদ্র:** স্বরাষ্ট্র দপ্তর বা আপনি বললেন যাদেরকে সমাজ বিরোধী মনে করে গ্রেপ্তার করেছেন, তাদের মধ্যে কয়জন আলাদা দরখাস্ত করে খালাস পেয়েছেন, এটা মাননীয় মন্ত্রী কি জানাবেন?

**শ্রীজ্যোতি বসু:** আমার সেই সংখ্যা জানা নেই। আপনি নোটিশ দিলে আমি বলতে পারবো।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে নকশালপন্থীরা সমাজ বিরোধী কাজে লিপ্ত আছে এবং তা যদি থাকে, তাদের কি আটকে রাখা হয়েছে বা তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে?

**শ্রীজ্যোতি বসু:** আমি তো আগেই বলেছি যে, নোটিশ না দিলে এই হিসাবগুলি আমি দিতে পারবো না। তবে নকশালপন্থীরা হচ্ছে আংশিকভাবে রাজনৈতিক, আংশিকভাবে সমাজ বিরোধী, কোনটা কখন কি করে তার উপর নির্ভর করে ব্যবস্থা অবলম্বন করবো।

**ডঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, কংগ্রেস আমলে যাদের কথা বললেন যে হাজার হাজার সমাজ বিরোধী তৈরী হয়েছে এদের কি খাতায় নাম ছিল না কিম্বা এই যে ৯২৬ জনকে ধরা হয়েছে, এদের মধ্যে কয়জন-এর কংগ্রেস আমলে খাতায় নাম ছিল?

**শ্রীজ্যোতি বসুঃ** সেটা বলতে পারবো না কয়জনকে ধরা হয়েছিল, নোটিশ না দিলে এই প্রশ্নের জবাব দেওয়া অসম্ভব।

**শ্রীকৃপাসিন্ধু সাহাঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কিছুক্ষণ আগে বললেন যে নকশালপন্থীরা সমাজ বিরোধী কাজ করে, আমাদের জানা আছে কিন্তু তাদের ধরা সম্পর্কে আপনার কোন পরিকল্পনা আছে কিনা?

**শ্রীজ্যোতি বসুঃ** আমি তো বলেছি যে ওরা আংশিক সমাজ বিরোধী, আংশিক রাজনৈতিক। কখন কোনটা করে—যদি রাজনৈতিক কারণ হয় তাহলে সেই কারণে ধরা হবে না, আর যদি সমাজ বিরোধী কার্যকলাপে হয়, ধরা হবে। যাদের ধরেছি তাদের কয়জনকে নকশালপন্থী বলছেন, এটা আমার জানা নেই।

**শ্রীকৃষ্ণগোপাল বসুঃ** মন্ত্রিমহাশয়ের জানা আছে কিনা যে এমন কিছু সমাজ বিরোধী আছেন যাঁরা দিনে নকশাল, রাত্রিতে কংগ্রেস - এই রকম সমাজ বিরোধীদের সংস্পর্শে তিনি এসেছেন কি?

**শ্রীজ্যোতি বসুঃ** শুনেছি, তবে আমার ঠিক জানা নেই।

**শ্রীসমর রুদ্রঃ** আমার প্রশ্ন হচ্ছে যে প্রিভেন্টিভ ডিটেনশন অ্যাক্টে আটক করার নীতি একটা বিশেষ পুলিশ কর্তৃপক্ষ বা অফিসারের হাতে আছে তিনি ইচ্ছা করলে কোন ফাইল চেপে রেখে দিতে পারেন কি মাসের পর মাস ধরে?

**শ্রীজ্যোতি বসুঃ** আমি ঠিক অর্থটা বুঝলাম না, উনি পদ্ধতি জানতে চাচ্ছেন এটা কি এইসব প্রশ্ন থেকে আসে?

**মিঃ স্পীকারঃ** এ কোয়েশ্চেন হয় না, কারণ আপনার উত্তরটা জানা আছে। কোয়েশ্চেন ওভার।

## UNSTARRED QUESTIONS

### (to which written answers were laid on the table)

### Creation of New Forest areas

92. (Admitted question No. 336.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত তিন বৎসরের মধ্যে কোনও নূতন বন-অঞ্চল (ফরেস্ট এরিয়া) সৃষ্টি করা হইয়াছে কি;

(খ) হইয়া থাকিলে, জেলাওয়ারী কোন্ বৎসর কত; এবং

(গ) উক্ত বন-অঞ্চল সৃষ্টি করিতে জেলাওয়ারী কোন্ বৎসর কত টাকা ব্যয় হইয়াছে?

**The Minister for Forests:**

(ক) হ্যাঁ। অবশ্য এই নূতন বন সৃষ্টির দ্বারা মোট বনভূমির পরিমাণ বৃদ্ধি পায় নাই।

(খ) ও (গ) বিশদ বিবরণ লাইব্রেরীর টেবিলে উপস্থাপিত করা হইল।

**Development of potato cultivation in Murshidabad district**

**93.** (Admitted question No. 262.)

**অমলেন্দ্রলাল রায়: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—**

(ক) মুর্শিদাবাদ জেলায় বড়ঞা থানার আলু চাষের উন্নয়নে ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালের প্রতি বৎসরে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছিলেন;

(খ) ঐ দুই বৎসরের কোন্ বৎসর ঐ থানায় সরকারী হিসাব অনুযায়ী কত আলু উৎপন্ন হইয়াছিল; এবং

(গ) ঐ দুই বৎসরের কোন্ বৎসরে ঐ এলাকায় আলুর পাইকারী বাজার দর কি ছিল?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) মুর্শিদাবাদ জেলায় বড়ঞা থানায় আলু চাষের উন্নয়নের জন্য ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালের সরকার নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করিয়াছিলেন:—

| | ১৯৬৭-৬৮ | ১৯৬৮-৬৯ |
|---|---|---|
| (১) উভয় বৎসরেই কৃষকদিগকে জীবাণু মুক্ত উচ্চ ফলনশীল আলুবীজ বিতরণের পরিমাণ। | ২,৯৭১ কেজি | ৩,৭১৬ কেজি |
| (২) চাষীদের নিকট বিতরণের উদ্দেশ্যে বড়ঞা সরকারী খামারে বিভিন্ন ধরণের আলু বীজ উৎপাদনের পরিমাণ। | ৫,৭৭৫ কেজি | ৯,১৫০ কেজি |
| (৩) রোগের আক্রমণ প্রতিরোধের জন্য ঔষধ ছড়ানো জমির পরিমাণ। | ২২৫ একর | ৩১২ একর |
| (৪) আলুচাষের জন্য চাষীদিগকে সারের বাবদ দেয় ঋণের পরিমাণ। | ৩৭,০০০ টাকা | ৬০,০০০ টাকা |
| (খ) ঐ দুই বৎসরে উৎপন্ন আলুর পরিমাণ— .. | ১৩,৭৬৩.৫ মেট্রিক টন | ২০,১৫৫.৩ মেট্রিক টন |

(গ) ঐ দুই বৎসরে ঐ এলাকায় আলুর পাইকারী বাজার দর নিম্নরূপ ছিল:—

| মাস | | | কুইণ্টাল হিসাবে আলুর পাইকারী বাজার দর | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | ১৯৬৭-৬৮ | | ১৯৬৮-৬৯ | |
| | | | দেশী | নৈনিতাল | দেশী | নৈনিতাল |
| এপ্রিল | .. | .. | ৫৪.৫০ | ৫৮.৫০ | ৫৩.১২ | ৫৮.০০ |
| মে | .. | .. | ৭১.২৫ | ৭৫.০০ | ৬৮.৭৫ | ৭২.০০ |
| জুন | .. | .. | ৮৬.৫০ | ৯২.৫০ | ৭৮.৫০ | ৮২.০০ |
| জুলাই | .. | .. | ৯০.০০ | ৯৫.০০ | ৭৩.১২ | ৭৭.৭৫ |
| আগষ্ট | .. | .. | ১০০.২৫ | ১১০.০০ | ৭৫.০০ | ৮০.০০ |
| সেপ্টেম্বর | .. | .. | ৯৯.০০ | ১১০.০০ | ৮৮.৭৫ | ৯২.০০ |
| অক্টোবর | .. | .. | ১০৩.৫০ | ১১২.০০ | ৫১.২৫ | ৫৯.৫০ |
| নভেম্বর | .. | .. | ১০০.০০ | ১০৮.০০ | ৪৩.০০ | ৪৭.০০ |
| ডিসেম্বর | . | .. | ৫৩.০০ | ৫৯.৫০ | ৩৫.০০ | ৩৯.৫০ |
| জানুয়ারী | .. | . | ৩১.৩৭ | ৩৮.০০ | ২৯.৩৭ | ৩২.৫০ |
| ফেব্রুয়ারী | .. | . | ৩৯.৫০ | ৪৫.৫০ | ২১.২৫ | ২৫.০০ |
| মার্চ | .. | .. | ৪৩.০০ | ৫০.০০ | ১৮.৮০ | ২৪.০০ |

### Uluberia-Panpur Road in Howrah district

**94.** (Admitted question No. 353.)

**শ্রীকালীপদ মণ্ডল:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উলুবেড়িয়া-পানপুর রোডের কাজ বর্তমানে কি পর্যায়ে আছে; এবং

(খ) উক্ত রাস্তার কাজ কতদিনের মধ্যে সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) দ্বিতীয় মাইলে খালের উপর একটি সেতু নির্মাণ ছাড়া রাস্তাটির অন্যান্য কাজ শেষ হইয়াছে।

(খ) নির্মীয়মান সেতুটি অল্প করিয়া খালগর্ভে বসিয়া যাইতেছে বলিয়া পাকাপাকিভাবে নির্মাণের কাজ আপাততঃ স্থগিত রাখা হইয়াছে। অবশ্য যানবাহন চলাচলের জন্য সাময়িক ব্যবস্থা গ্রহণ করা হইতেছে এবং যতদিন স্থায়ী সেতু নির্মাণ শেষ না হয়, ততদিন ঐ ব্যবস্থা চালু রাখা সম্ভব হইবে বলিয়া আশা করা যায়।

### Establishment of B. T. Colleges in the district of Murshidabad

**95.** (Admitted question No. 363.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার (১) জিয়াগঞ্জ এবং (২) মুর্শিদাবাদ শহরে বি টি ট্রেনিং কলেজ প্রতিষ্ঠার জন্য সরকারের নিকট দুইটি প্রস্তাব আসিয়াছে।

(খ) সত্য হইলে, কোন্ কোন্ স্থানের প্রস্তাবকারিগণ উক্ত প্রস্তাব করিয়াছেন; এবং

(গ) বি টি কলেজ স্থাপন করিতে হইলে কি কি সর্ত সাধারণতঃ পালন করিতে হয়?

**The Minister for Education:**

(ক) এবং (খ) মুর্শিদাবাদ জেলার জিয়াগঞ্জে একটি বি টি কলেজ স্থাপনের জন্য একটি প্রস্তাব আসিয়াছে। স্থানীয় শিক্ষানুরাগী ব্যক্তিগণ গত ২৩শে সেপ্টেম্বর ১৯৬৮ তারিখে একটি সভায় মিলিত হইয়া উক্ত সহরে অবিলম্বে একটি বি টি কলেজ স্থাপনের প্রয়োজনীয়তা সম্পর্কে প্রস্তাব গ্রহণ করিয়াছেন এবং এই সম্পর্কে ব্যবস্থা অবলম্বনের জন্য স্থানীয় শ্রীপৎ সিং কলেজের অধ্যক্ষকে ভার দিয়াছেন। সম্প্রতি রাণী ধান্যকুমারী কলেজ অফ কমার্স নামে স্থানীয় একটি কলেজের কর্তৃপক্ষ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নিকট উক্ত কলেজে বি টি কোর্স খুলিবার অনুমোদন চাহিয়া আবেদন করিয়াছেন। আর একটি প্রস্তাব আসিয়াছে লালবাগ সহরে মুর্শিদাবাদ কলেজ অব এডুকেশন নামে একটি বি টি কলেজ স্থাপনের জন্য। উদ্যোক্তারা প্রস্তাবিত কলেজ সংগঠনের জন্য একটি গভর্নিং বডি গঠন করিয়াছেন এবং গভর্নিং বডির সভ্যগণ এই ব্যাপারে সাহায্যের জন্য রাজ্য সরকারের নিকট আবেদন করিয়াছেন এবং সঙ্গে সঙ্গে কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট এই কলেজের অনুমোদন চাহিয়া একটি আবেদন করিয়াছেন।

(গ) বি টি কলেজ স্থাপন করিতে হইলে যে যে সর্ত পালন করিতে হয় তাহা বিশ্ববিদ্যালয়ের রেগুলেশনে নির্দিষ্ট আছে। অনুমোদনের (অ্যাফিলিয়েশান) জন্য সংশ্লিষ্ট-বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার-এর নিকট আবেদন করিতে হয়।

### Age of superannuation of teachers of Government sponsored colleges in West Bengal

**96.** (Admitted question No. 369.) **Shri PRABIR KUMAR MALLIK:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the age of superannuation of teachers serving in the Government sponsored colleges;

(b) whether there is any difference of ages with the teachers of non-Government colleges affiliated to Calcutta University; and

(c) if so, the reasons thereof?

**The Minister for Education:** (a) Sixty.

(b) Yes.

(c) The Government sponsored colleges enjoy special status and do not come within the full purview of the new Calcutta University Act and statutes framed thereunder. However, pending finalisation of the age of superannuation the case of re-employment of sponsored college teachers up to the age of 65 is being considerd on the merit of each individual case.

**Payment of salary of non-Matric trained teachers of Purulia district**

**97.** (Admitted question No. 372.) Shri **PRABIR KUMAR MALLIK:**

(a) Will the Minister-in-charge of the Education Department be pleased to state if he is aware—

(i) that the salary of non-Matric trained teachers of Purulia district before its merger with West Bengal was revised by orders of the Government of Bihar with effect from 1st April, 1955, and necessary amounts were credited to the District Education Fund by the Treasury Officer for the financial year 1955-56; and

(ii) that at the time of merger with West Bengal on 1st November, 1956, the amount so credited had been lying largely undisbursed?

(b) If the answers to (a)(i) and (ii) are in the affirmative, will the Hon'ble Minister be pleased to state (1) the amount lying undisbursed in the District Education Fund in 1968-69 and (2) what steps, if any have been taken so far for payment of claims of those teachers from 1st April, 1955, to March, 1956?

**The Minister for Education:** (a) (i) and (ii) Due to non-availability of Bihar Government's order revising the pay scale of Primary teachers of Bihar with effect from 1st April, 1955, it is not possible to state now if the salary of non-Matric trained teachers was actually revised with effect from the above date. At the time of merger an amount of Rs. 70,143.12 was lying in the Purulia Treasury against arrear claims of teachers including Provident Fund deduction and contribution, etc. But there is no record to show that, this amount included arrear dues of non-Matric trained Primary teachers of Purulia district on account of their revision of pay with effect from 1st April, 1955.

(b) (1) and (2) Attempts are being made to obtain information on the points from the District Superintendent of Education, Dhanbad (Bihar). Necessary action will be taken in the matter as soon as specific information is obtained from the Government of Bihar.

**Counting of Past services of teachers of Purulia district**

**98.** (Admitted question No. 373.) Shri **PRABIR KUMAR MALLIK:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state

(a) whether the past service of Primary teachers of Purulia district before its merger with West Bengal will be counted for the purpose of calculating their terminal benefits;

(b) whether any Government order has since been issued in this regard, and

(c) if so, the dates and number of the said order?

**The Minister for Education:** (a) to (c) The matter is under consideration of the Government.

**Development of Digha**

**99.** (Admitted question No. 377.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি?

(ক) দীঘার উন্নয়নের জন্য বর্তমান সরকার এ পর্যন্ত কি কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

(খ) যদি করিয়া থাকেন তাহলে সেগুলি কি?

**The Minister for Development and Planning:**

(ক) হ্যাঁ।

(খ) দীঘা উন্নয়ন প্রকল্পের কাজ ২য় পঞ্চবার্ষিকী পরিকল্পনা হইতে চলিয়া আসিতেছে। বর্তমান সরকার তদনুসারে দীঘা উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করিয়াছেন। এ বৎসর দীঘা উন্নয়ন খাতে ৪·১৮ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে। এ বৎসরের কার্যক্রমের মধ্যে নিম্নলিখিত বিষয়-গুলি উল্লেখযোগ্য:—

(১) দীঘা উন্নয়ন প্রকল্পের প্রথম পর্যায়ের ১১০ একর পরিমিত এলাকার মধ্যে রাস্তা-ঘাট, পানীয় জল ও বৈদ্যুতিক করণের কার্যক্রম চালাইয়া যাওয়া ও জনসাধারণের মধ্যে জমি বণ্টনের বন্দোবস্ত করা,

(২) সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের দ্বারা "অবকাশ আবাস" নির্মাণের জন্য নির্ধারিত ২৭ একর জমি উন্নয়নের কাজ চালাইয়া যাওয়া ও বণ্টনের বন্দোবস্ত করা, এবং

(৩) নিম্ন আয়যুক্ত পর্যটকদের জন্য ১২টি ফ্ল্যাট নির্মাণের কাজ সুরু করা।

### Bogus Ration Cards in Calcutta

**100.** (Admitted question No. 379.)

**শ্রীআজিজুর রহমান:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মার্চ (১৯৬৯) হইতে ৩০শে জুন পর্যন্ত কলিকাতায় কতগুলি ভূয়া রেশন কার্ড ধরা পড়িয়াছে?

**The Minister for Food and supplies:**

১৯৬৯ সালের মার্চ মাস হইতে জুন মাস (২২শে জুন) পর্যন্ত কলিকাতায় মোট ২৮৩,৩৭১টি রেশন কার্ড বাতিল করা হইয়াছে, তন্মধ্যে ভূয়া রেশন কার্ডের সংখ্যা ছিল ৬১,৪০০। ৩০শে জুন পর্যন্ত তথ্য সংগ্রহ করিতে আরও কিছু সময় লাগিবে।

### Progress of work in Farakka Barrage Project

**101.** (Admitted question No. 382.)

**শ্রীআজিজুর রহমান:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ফারাক্কা ব্যারেজের কাজের এ পর্যন্ত কতদূর অগ্রগতি হয়েছে?

**The Minister for Irrigation and Waterways:**

ফারাক্কা ব্যারেজের কাজ কর্মসূচী অনুযায়ী সন্তোষজনকভাবে এগিয়ে চলেছে। মোটামুটি-ভাবে এই প্রকল্পের কাজ ১৯৭০-৭১ সালের মধ্যে শেষ হবে বলে আশা করা যায়। এপ্রিল ১৯৬৯ পর্যন্ত প্রায় ৭১ কোটি টাকা ব্যয় হয়েছে।

### Selection of site for the Headquarters of the Development Block of Bangshihari in West Dinajpur district

**102.** (Admitted question No. 412.) **Dr. ZAINAL ABEDIN**: Will the Minister-in-charge of Agriculture and Community Development (Community Development) Department be pleased to state—

(a) whether the selection of site for the Block Headquarters of Development Block of Bangshihari in the district of West Dinajpur has been finally selected; and

(b) if so, where and when the construction work will be started?

**The Minister for Agricluture and Community Development (Community Development):** (a) Yes.

(b) The site is situated at mouza Buniadpur, police-station Bangshihari.

Construction of building of Block Headquarters is started after completion of the land acquisition proceedings. In the present case the land acquisition proceedings are yet to be completed. As such the time of starting construction cannot be indicated at this stage.

**Literate persons in the State**

**103.** (Admitted question No. 384.)

**শ্রীআজিজুর রহমান:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে আক্ষরিক জ্ঞানসম্পন্ন লোকের সংখ্যা কত; এবং

(খ) উক্ত সংখ্যা মোট জনসংখ্যার ভিত্তিতে শতকরা কত পরিমাণ?

**The Minister for Education:**

(ক) ১৯৬১ সালের আদমসুমারী অনুসারে পশ্চিমবঙ্গের স্বাক্ষর লোকের সংখ্যা ১০,২০৩,৪০০ জন।

(খ) সমগ্র লোকসংখ্যার শতকরা ২৯.৩।

**Number of beggars in Calcutta**

**104.** (Admitted question No. 385.)

**শ্রীআজিজুর রহমান:** ত্রাণ ও সমাজকল্যাণ (সমাজকল্যাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতায় বর্তমানে মোট ভিক্ষুকের সংখ্যা কত এ সম্পর্কে সরকারী কোন তথ্য আছে কি; এবং

(খ) থাকিলে তাহা কত?

**The Minister for Relief and Social Welfare (Social Welfare):**

(ক) হ্যাঁ।

(খ) কলিকাতা পুলিশ এলাকায় প্রায় ৩০,০০০।

**Publication of the "Evaluation Reports"**

**105.** (Admitted question No. 387.)

**শ্রীঅমলেন্দুলাল রায়:** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উক্ত বিভাগ হইতে মূল্যায়ন রিপোর্টগুলি প্রকাশ করিবার নিয়মগুলি কি;

(খ) কোন্ বিষয়ে কখন এই রিপোর্ট তৈয়ার হইয়া থাকে; এবং

(গ) ঐ রিপোর্ট গুলি বাংলায় প্রকাশ না করিবার কারণ কি?

**The Minister for Development and Planning:**

(ক) ও (খ) রাজ্য উন্নয়ন ও পরিকল্পনা পর্ষদ কর্তৃক নির্দেশিত পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত বিশেষ বিশেষ প্রকল্পেরই মূল্যায়ন করা হয়। মূল্যায়ন রিপোর্টগুলি প্রকাশ করার কোন বিশেষ নিয়ম নাই।

(গ) রিপোর্টগুলি যোজনা কমিশন ও সমস্ত রাজ্যসরকারগুলির নিকট পাঠান হয়। ঐ কারণে রিপোর্টগুলি ইংরাজীতে প্রকাশ করা হয়। বাংলায় প্রকাশ করা হয় না।

**Holidays in schools of different categories**

**106.** (Admitted question No. 391.)

**শ্রীআজিজুর রহমান:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, প্রাইমারী স্কুল, হায়ার সেকেন্ডারী, হাই স্কুল ও জুনিয়ার হাই স্কুলে মোট ছুটির দিন কত?

**The Minister for Education:**

প্রাইমারী স্কুলসমূহে মোট ছুটির দিন রবিবার ব্যতীত, ৮৫ দিন ধার্য এবং বিশেষ কারণ বশতঃ অন্যান্য ছুটির দিন বৎসরে অতিরিক্ত অনূর্ধ ১০ দিন হইতে পারে।

মাধ্যমিক বিদ্যালয়সমূহে (হায়ার সেকেন্ডারী, হাই ও জুনিয়ার হাই) মোট ছুটির দিন রবিবার ব্যতীত ৮৭ দিন ধার্য করা হইয়াছে।

**Free distribution of urea fertiliser in certain blocks of Murshidabad district**

**107.** (Admitted question No. 405.)

**শ্রীআজিজুর রহমান:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৮ সালের মার্চ মাস হইতে ১৯৬৯ সালের মার্চ মাস পর্যন্ত মুর্শিদাবাদ জিলার রাণীনগর ১নং, রাণীনগর ২নং, জলংগী ও ডোমকল ব্লকে কি পরিমাণ ইউরিয়া সার বিনামূল্যে বিতরণ করা হয়েছে?

**The Minister for Agriculture and Community Development:**

সাধারণতঃ বিনামূল্যে কোন সার বিতরণ করা হয় না। তবে গত কয়েক বৎসর যাবত ইউরিয়া সার পাটগাছের পাতায় ছেটানর জন্য বিনামূল্যে বিতরণ করা হইতেছে।

গত ১৯৬৮-৬৯ সালে নিম্নলিখিত পরিমাণ ইউরিয়া সার ঐ সকল ব্লকে বিনামূল্যে বিতরণ করা হইয়াছে:—

১। রাণীনগর, ১নং ব্লক—৮,০০০ কেজি।

২। রাণীনগর, ২নং ব্লক—৮,০০০ কেজি।

৩। জলংগী ব্লক—৬,০০০ কেজি।

৪। ডোমকল ব্লক—১০,০০০ কেজি।

**Number of Junior and Senior Basic Schools in different districts**

**108.** (Admitted question No. 450.)

**শ্রীআজিজুর রহমান:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে বর্তমানে জুনিয়ার ও সিনিয়ার বেসিক স্কুলের জেলাওয়ারী সংখ্যা কত?

**The Minister for Education:**

পশ্চিমবঙ্গে বর্তমানে জুনিয়ার ও সিনিয়ার বেসিক স্কুলের জেলাওয়ারী সংখ্যা নিম্নরূপ:—

| জেলার নাম | জুনিয়ার বেসিক স্কুলের সংখ্যা | সিনিয়ার বেসিক স্কুলের সংখ্যা |
|---|---|---|
| বাকুড়া | ১৭৬ | ৩০ |
| বীরভূম | ১৬৮ | ২৬ |
| বর্ধমান | ১৭৬ | ৪২ |
| কলিকাতা | ২০ | ৬ |
| কুচবিহার | ১১৭ | ৪০ |
| দার্জিলিং | ১৩৭ | ৭ |
| হুগলী | ১২৭ | ৩০ |
| হাওড়া | ১২৮ | ৮ |
| জলপাইগুড়ি | ১২৫ | ১২ |
| মালদা | ১৩০ | ৯ |
| মেদিনীপুর | ১৫৮ | ৩৫ |
| মুর্শিদাবাদ | ১৮৫ | ১২ |
| নদীয়া | ১২২ | ৭ |
| পুরুলিয়া | ১৫৮ | ১৮ |
| ২৪-পরগণা | ৪৯৯ | ৪৯ |
| পশ্চিম দিনাজপুর | ১৪৫ | ৩ |
| মোট সংখ্যা | ২,৫৭১ | ৩৩৯ |

## Notice of Adjournment Motion.

[1-50 to 2 p.m.]

**Mr. Speaker:** I havt received notice of an Adjournment Motion on the subject of looting of arms and ammunition from a running train--from Dr. Zainal Abedin.

I have wthheld consent. The member may kindly read the text of the motion.

**Dr. Zainal Abedin:** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence. namely,—

In the context of lack of effective supervision by the police, with a view to procure arms and ammunitions for causing an uprise of armed revolution in West Bengal, increasing number of incidents of looting and stealing of arms and ammunitions from running trains are taking place in the State, in which stream, the occurrence of breaking and taking away of boxes containing guns and dynamites from a running train from "Kankurgachi" added one more instance on 12. 7. 69.

## Calling Attention to Matters of Urgent Public Importance.

**Mr. Speaker:** I have received seven notices of Calling Attention on the following subjects, namtly:—

1. Dislocation of power supply in the Dooars, Cooch Behar and Siliguri areas—from Shri Prasenjit Barman.
2. Strike in Kalyani and Belgachia Veterinary Colleges—from Shri Bibhuti Pahari
3. Ragging at I.I.T., Kharagpur—from Shri Bireswar Ghosh.
4. Strike in the Calcutta National Medical College and Hospital—from Shri Gyan Singh Sohanpal.
5. Clash between police and students in College Street area and Mahatma Gandhi Road on 13th July 1969—from Shri Anil Kumar Mukherjee.
6. Train robbery at Kankurgachi—from Dr. Zainal Abedin and Shri Gyan Singh Sohanpal.
7. Clash between C.P.I.(M) and P.S.P. workers at Raja Bagan Dockyard on 13th July 1969—from Dr. Zainal Abedin.

I have selected the notice of Shri Bibhuti Pahari on the subject of strike in Kalyanni and Belgachia Veternary Colleges. The Hon'ble Minister-in-charge will be please make a statement to day, if possible, or give a date.

**শ্রীসুধীর চন্দ্র দাস:** গত কয়েক মাস যাবত বেলগাছিয়া এবং কল্যাণী পশুচিকিৎসা মহাবিদ্যালয়ের ছাত্রগণ তাঁহাদের কয়েকটি দাবিদাওয়া আদায়ের জন্য নানাভাবে বিক্ষোভ করিতেছেন। দাবিদাওয়াগুলি প্রধানতঃ হইতেছে বেলগাছিয়া হইতে কল্যাণীতে পশুচিকিৎসা মহাবিদ্যালয় স্থানান্তরীকরণের সরকারী সিদ্ধান্তের পরিবর্তন, পশুচিকিৎসায় স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষাদান এবং সরকারী চাকুরিতে নিয়োগের সময় পশুচিকিৎসকদের বর্তমান নির্ধারিত বয়ঃসীমা শিথিলকরণ ইত্যাদি।

স্থির করা হইয়াছে যে আগামী শিক্ষাবর্ষ হইতে কল্যাণীতে স্নাতকোত্তর পর্যায়ে পশুচিকিৎসা শিক্ষাদান সুরু করা হইবে। বয়ঃসীমা শিথিলকরণের প্রস্তাবও সংশ্লিষ্ট বিভাগগুলির সহিত আলোচনা করিয়া শীঘ্রই সিদ্ধান্ত লওয়া হইবে। কিন্তু পশুচিকিৎসা মহাবিদ্যালয় বেলগাছিয়া হইতে কল্যাণীতে স্থানান্তরের সিদ্ধান্ত পরিবর্তন করা হইবে না।

রাজ্যের পশুচিকিৎসা ব্যবস্থা উন্নয়ন প্রকল্পের সহিত সঙ্গতি রাখিয়া পশুচিকিৎসকদের সর্বাধুনিক পদ্ধতিতে শিক্ষাদানের প্রয়োজনীয়তা বিবেচনা করিয়া গত ১৯৫৭ সালের ডিসেম্বর মাসে এই রাজ্যের মন্ত্রিসভা বেলগাছিয়া হইতে পশুচিকিৎসা মহাবিদ্যালয়টি স্থানান্তরীতকরণ অনুমোদন করেন। সেই মত কল্যাণীতে প্রয়োজনীয় গৃহাদি নির্মাণের জন্য ৫৫.৩৭ লক্ষ টাকা ব্যবস্থা করা হয়। এবং ঐ টাকার মধ্যে প্রায় ৪০.০৩ লক্ষ টাকা ভারত সরকারের নিকট হইতে পঞ্চবার্ষিক পরিকল্পনায় ব্যবস্থা অনুযায়ী সাহায্যরূপে এই রাজ্যের প্রাপ্য হয়। বেলগাছিয়া পশুচিকিৎসা মহাবিদ্যালয়ে মাত্র ২৪০ জন ছাত্র পড়াইবার ব্যবস্থা আছে। কিন্তু কল্যাণীতে ৪০০ জন ছাত্রের পড়ানোর ব্যবস্থা ছাড়াও পশুচিকিৎসা বিজ্ঞানে স্নাতকোত্তর পর্যায়ে পড়ানোর ব্যবস্থা এবং উচ্চতর পর্যায়ে গবেষণার ব্যবস্থা করা হইতেছে।

কিছু সংখ্যাক স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি সরকারের পশুচিকিৎসা মহাবিদ্যালয় স্নাতকোত্তরকরণের বিরুদ্ধে নানা চেষ্টা করিতে থাকেন। কিন্তু সর্বদিক বিবেচনা করিয়া গত ১৯৬৭ সালে ২৩শে জুন তদানিন্তন যুক্তফ্রন্ট মন্ত্রিসভা পশুচিকিৎসা মহাবিদ্যালয়টি বেলগাছিয়া হইতে কল্যাণীতে পর্যায়ক্রমে স্থানান্তরিতকরণের সিদ্ধান্ত নেন। ইহার দ্বারা বেলগাছিয়া মহাবিদ্যালয়ে পাঠরত কোন ছাত্রেরই কল্যাণীতে যাওয়ার প্রয়োজন হইবে না। তাঁহার পাঠক্রম বেলগাছিয়াতেই সম্পূর্ণ হইবে।

দেখা যাইতেছে যে ছাত্ররা তাঁহাদের বিক্ষোভ এখনও চালাইয়া যাইতেছেন। কল্যাণী মহাবিদ্যালয়ের ছাত্ররা ঐ মহাবিদ্যালয়ের সহ-অধ্যক্ষ ও অন্যান্য শিক্ষকদের এবং বিদ্যালয়ের অন্যান্য কর্মচারীদের প্রতি অত্যন্ত দুর্ব্যবহার করিয়াছেন এবং এমন কি কিছু কর্মচারীদের উপর দৈহিক অত্যাচারও করিয়াছেন। ইহা ব্যতীত মহাবিদ্যালয়ের বিভিন্ন বিভাগের সম্প্রসারণের কাজে নিযুক্ত কর্মীদের কাজ করিতে দিতেছেন না। ইহা অতি পরিতাপের বিষয়। শেষ পর্যন্ত গত ৭ই জুলাই হইতে লাগাতর ধর্মঘট সুরু করিয়াছেন। ছাত্ররা কল্যাণী বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষককে প্রবেশ করিরে দিতেছেন না। ইহাতে পঠন-পাঠনের ক্ষতি ছাড়াও আগামী শিক্ষাবর্ষে ছাত্র ভর্তির কাজে বিশেষভাবে ব্যাহত হইতেছে।

কল্যাণী মহাবিদ্যালয়ের ছাত্রদের ধর্মঘটের সমর্থনে বেলগাছিয়া মহাবিদ্যালয়ের ছাত্রগণও গত ৯ই জুলাই হইতে ধর্মঘট সুরু করিয়াছেন। উহারা বেলগাছিয়া মহাবিদ্যালয়ের প্রাঙ্গণে অবস্থিত সেন্ট্রাল মেডিকেল স্টোর্স, ভ্যাকসিন, প্রোডাকসন ল্যাবরেটরী, রিসার্চ ল্যাবরেটরী, আর্টিফিসিয়াল ইনসেমিনেশন সেন্টার, ডিজিজ ইনভেস্টিগেশন ল্যাবরেটরী ইত্যাদি অত্যন্ত প্রয়োজনীয় সংস্থাগুলির কাজকর্ম সম্পূর্ণ বন্ধ করিয়া দিয়াছেন। ঐ সমস্ত সংস্থাগুলিতে নিযুক্ত কোন কর্মচারীকেই তাহাদের কর্মস্থলে যাইতে দিতেছেন না। ফলে রাজ্যের বিভিন্ন স্থানে অবস্থিত পশুচিকিৎসা কেন্দ্রগুলিতে দৈনন্দিন চিকিৎসার জন্য প্রয়োজনীয় ঔষধপত্র সরবরাহ করা যাইতেছে না। ইতিমধ্যে বাঁকুড়া জেলা হইতে পশুপক্ষী মড়কের সংবাদ পাওয়া গিয়াছে। কিন্তু সংশ্লিষ্ট পশুচিকিৎসকগণকে সেন্ট্রাল মেডিকেল স্টোর্স এবং ভ্যাকসিন প্রোডাকসন সেন্টার বন্ধ থাকায় প্রয়োজনীয় ঔষধপত্র সরবরাহ করা যাইতেছে না। রাজ্যের বিভিন্ন স্থানে অবস্থিত প্রজনন কেন্দ্রগুলিতে সিমেন পাঠানো যাইতেছে না। ফলে ঐসব কেন্দ্রগুলিতে দৈনন্দিন কার্য ব্যহত হইতেছে। পশুচিকিৎসা মহাবিদ্যালয়ে নিযুক্ত কর্মচারীগণ এবং ঐ মহাবিদ্যালয় প্রাঙ্গণে অবস্থিত বিভিন্ন সংস্থার কর্মচারীগণ তাঁদের নিজ নিজ কর্মক্ষেত্রে প্রবেশ করিতে না পারিয়া বিশেষ অসুবিধায় পড়িয়াছেন।

এমতাবস্থায় বেলগাছিয়া পশুচিকিৎসা মহাবিদ্যালয় ও কল্যাণী পশুচিকিৎসা মহাবিদ্যালয় দুটি অনির্দিষ্ট কালের জন্য বন্ধ করিয়া দেওয়া হইয়াছে।

আমি বহুবারই ছাত্রদের সহিত তাহাদের দাবী-দাওয়া সম্পর্কে আলাপ-আলোচনা করিয়াছি। এবং কল্যাণীতে পশুচিকিৎসা মহাবিদ্যালয়ে যে সমস্ত অসুবিধার কথা তাঁরা বলিয়াছেন তাহা দূর করিবার আশ্বাস দিয়াছি। কিন্তু ছাত্ররা যদি পি ডব্লিউ ডি ইত্যাদি বিভাগের কর্মচারীদের কল্যাণী মহাবিদ্যালয়ে সম্প্রসারণের কাজে বাধা দিতে থাকেন তবে এই সব অসুবিধা দূর করা সম্ভব নয়। যাহা হউক অবস্থার উপর দৃষ্টি রাখা হইতেছে এবং স্বাভাবিক অবস্থা পুনঃ প্রতিষ্ঠার জন্য সর্বপ্রকার প্রচেষ্টা চালাইয়া যাওয়া হইবে। এ বিষয়ে আমি সকল দলের সহযোগিতা কামনা করি।

**শ্রীঅজিতকুমার বিশ্বাস:** স্যার, পুলিশ অ্যাসোসিয়েশন-এর সম্পাদক শ্রীসুবোধ দত্তকে সাসপেন্ড করার প্রতিবাদে ১৫ই জুলাই তাদের অনশন ধর্মঘট, কালো ব্যাজ ধারণ ইত্যাদি প্রোগ্রাম ছিল। কিন্তু আজ কাগজে দেখলাম একটা মীমাংসার পথ প্রস্তুত হয়েছে। এ সম্পর্কে স্বরাষ্ট্র মন্ত্রী যদি একটা বিবৃতি রাখেন তাহলে আমরা সমস্ত বিষয় অবগত হতে পারি।

[2 to 2-10 p.m.]

**শ্রীজ্যোতি বসু:** আমি তো বিবৃতি দিয়ে দিয়েছি এবং সেটা কাগজে বেরিয়েছে। পশ্চিমবঙ্গ পুলিশ অ্যাসোসিয়েশন যে পরিকল্পনা নিয়েছিলেন অর্থাৎ কালো ব্যাজ ধারণ, অনশন ইত্যাদি তাঁরা প্রত্যাহার করে নিয়েছেন। আমি বলেছি সরকার এতে খুসী হয়েছেন কারণ ওটা হলে জনসাধারণের সঙ্গে পুলিশের বিবাদ বাড়ত, সরকারের সঙ্গে বিবাদ বাড়ত এবং এতে কারুরই লাভ হোত না। সুখের বিষয় দেরিতে হলেও ওঁরা এটা প্রত্যাহার করে নিয়েছেন এবং তাঁদের সঙ্গে আমার কথা হয়েছে।

**শ্রীঅমলেন্দুলাল রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি জরুরী বিষয় এখানে উত্থাপন করতে চাই। আপনি নিশ্চয়ই জানেন সম্প্রতি দিল্লীতে হিন্দুস্থান টাইমস্ গ্রুপের হিন্দুস্থান পত্রিকায় সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্রের একটি কৌতুক রচনা প্রকাশিত হয়েছে। দিল্লীর ভেজাল দেশপ্রেমের কারবারী জনসংঘ নিয়ন্ত্রিত দিল্লীর প্রশাসন কর্তৃপক্ষ হিন্দুস্থান পত্রিকার সেই বিশেষ সংখ্যাটি সম্পূর্ণ বাজেয়াপ্ত করেছেন। ওই প্রবন্ধটি আপত্তিজনক এই কারণে। আমি মনে করি এতে বঙ্কিমচন্দ্রের উপরই আক্রমণ করা হয়েছে। দেশপ্রেম, জাতীয়তাবাদ, ভারতীয় ঐতিহ্য বলতে যা বোঝায় সমস্ত ক্ষেত্রে যিনি নূতন দিগন্ত উন্মোচন করেছিলেন সেই সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্রের সাহিত্যের উপর এই যে অনভিপ্রেত, অসঙ্গত আক্রমণ করা হয়েছে আমি মনে করি তার বিরুদ্ধে এখানে প্রতিবাদ ধ্বনি হওয়া উচিত। আমি আপনার মাধ্যমে সরকার পক্ষের চিফ হুইপকে আবেদন জানাব ৩৪৬ বিধান বলে আমাদের মুখ্যমন্ত্রী অথবা শিক্ষামন্ত্রী অথবা তথ্য ও জনসংযোগ মন্ত্রী এ সম্পর্কে এখানে বিবৃতি রাখুন এবং জনসংঘ নিয়ন্ত্রিত দিল্লীর প্রশাসন কর্তৃপক্ষকে অনুরোধ করুন অবিলম্বে ওই বাজেয়াপ্ত করবার যে আদেশ তাঁরা দিয়েছেন সেটা প্রত্যাহার করা হোক এবং বঙ্কিম সাহিত্যের মর্যাদা রক্ষা করা হোক।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুতর বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী এবং বিধানসভার সদস্যবর্গের দৃষ্টি আকর্ষণ করছি। আমি সংবাদ পেলাম উড়িষ্যার বালেশ্বর জেলার অন্তর্গত বাজদেবপুর থানায় বালাদেশের বহু চাষী চাষ করত। গত ২রা জুলাই একদল বাঙ্গালী চাষী যখন চাষ করছিল তখন একদল উড়িষ্যার চাষী তাদের জমি দখল করতে যায় এবং তার ফলে সেখানে যে বিরাট সংঘর্ষ বাধে তাতে উড়িষ্যার চাষীরা বাঙ্গালী চাষীদের ঘরবাড়ী ভেঙ্গে দেয়, লুঠপাট করে। ৫ই জুলাই তারিখেও আর একটি গ্রামে এরকম সংঘর্ষ হয়। এই সংঘর্ষের ফলে সেখানে ৩০ মাইল ব্যাপি যে বাঙ্গালী চাষীরা রয়েছে তাদের মধ্যে একটা আতঙ্ক সৃষ্টি হয়েছে। তারা আজ ঘরের বাইরে যেতে পারছে না এবং প্রকৃত প্রস্তাবে তারা ঘরে বন্দী হয়ে রয়েছে। আমি এই বিপদজনক অবস্থার মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বাংলাদেশ এবং উড়িষ্যা প্রতিবেশী রাষ্ট্র, তাদের সঙ্গে আমাদের সম্পর্ক রয়েছে। কাজেই এটা যাতে আর ছড়িয়ে না পড়ে এবং এর প্রতিক্রিয়া

যাতে বাংলাদেশে দেখা না দেয় তার জন্য সরকার হস্তক্ষেপ করুন। আমি এই ব্যাপারে শান্তি-পূর্ণ সমাধানের জন্য সরকারকে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, বাঁকুড়া জেলায় ওন্দা থানায় যে হাসপাতালে চিকিৎসাকেন্দ্র আছে তার অধিকাংশ জায়গায় গত ২২ বছর ধরে ওষুধ এবং চিকিৎসার ব্যবস্থা ছিল না। ফলে সেখানে মানুষের মনে একটা বিক্ষোভ ছিল। দুঃখের বিষয় আমাদের স্বাস্থ্যমন্ত্রী কিছুদিন আগে বিভিন্ন জায়গায়, হাসপাতালে ওষুধ পাঠান হচ্ছে, একথা বলা সত্ত্বেও দেখা যাচ্ছে আমাদের ওন্দা থানায় যে অবস্থা তাতে সেখানে রুগীদের চিকিৎসার ব্যবস্থা নাই, পথ্য নাই, এমন কি অত্যন্ত প্রয়োজনীয় ওষুধ যেমন টিটেনাস-এর সিরাম অ্যান্টি-টিটেনাস সিরাম, সাপের কামড়ের ওষুধ যেগুলি মফঃস্বলের লোকের জন্য খুবই প্রয়োজন সেই সমস্ত ওষুধও নাই। যার ফলে সাধারণ লোকের অসুবিধা হচ্ছে এবং একটা বিরূপ ধারণা সৃষ্টি হচ্ছে তাদের সরকার সম্বন্ধে। কাজেই আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তিনি যেন দয়া করে এই ব্যাপারে সুব্যবস্থা করেন। স্বাস্থ্যমন্ত্রী এখানে নাই, আপনি দয়া করে এই বার্তা তার কাছে পৌঁছে দেবেন, এই অনুরোধ রেখে বক্তব্য শেষ করছি।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি একটি বিশেষ বিষয়ের প্রতি আকর্ষণ করছি। পাণ্ডুয়া থানায় কয়েকটি গ্রামে ইতিহাস প্রসিদ্ধ স্মৃতিসৌধ বিদ্যমান রয়েছে। সেখানে পাণ্ডুরাজার কীর্তি এবং সুলতান মামুদের আমলের কয়েকটি পুরোনো মসজিদ আছে। তার সংরক্ষণের কোন ব্যবস্থা নাই। বিশেষতঃ গতকাল একটি বিষয় আমার সামনে এসেছে যেটা এখানে উল্লেখ করতে চাই। সেখানকার একটা প্রাচীন গ্রামে তিনটি নীলকুঠি আছে, যেগুলি নীলকুঠির সাহেবরা করে গিয়েছেন। সেগুলি এখন ভগ্নাবস্থায় রয়েছে। স্থানীয় লোকেরা সেখান থেকে ইট কাঠ ইত্যাদি নিয়ে যাচ্ছে, সেখানে অনেক প্রাচীন মূর্তি আছে, ব্রোঞ্জের তৈরী সাত আট সের ওজনের একটি পাত্র পাওয়া গেছে এবং তাতে অনেক প্রাচীন ইতিহাসের নিদর্শন পাওয়া যাবে বলে ধারণা হচ্ছে। এই সমস্ত স্থানীয় লোকেরা বিভিন্ন জায়গায় নিয়ে যায়, আমি অনুরোধ জানাই যে সরকার এই সমস্ত জিনিষগুলির দিকে নজর দিন এবং যাদুঘরে রাখার ব্যবস্থা করুন। আমি এই বিষয়টির প্রতি দৃষ্টি সরকারের আকর্ষণ করে বক্তব্য শেষ করছি।

**শ্রী এ কে এম ইশাখ:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি অত্যন্ত গুরুতর বিষয়ের উপর আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল উত্তর বরানগরে, উত্তর বরানগরের কংগ্রেস কমিটির সেক্রেটারী মহিম মুখার্জি ছুরিকাহত হন বি কে মৈত্র রোডে। তাঁকে অত্যন্ত নিষ্ঠুরভাবে মারা হয়েছে, ৩।৪ জায়গায় তাঁকে আহত করা হয়, সঙ্গে সঙ্গে আর জি কর হাসপাতালে ভর্তি করা হয়, এই মাত্র এ খবরও পেলাম যে তিনি মারাও গেছেন। যে সমস্ত সমাজবিরোধী গুণ্ডা দুষ্কৃতকারী দ্বারা তিনি হত হলেন সেই সমস্ত লোকগুলিকে সর্ববিধ চেষ্টা করেও অ্যারেস্টেড করা যাচ্ছে না। তিনি একটা ডায়িং ডিক্লারেশনও দিয়ে গেছেন, তাতে তিনি তিন জনের নামও করে গেছেন। পুলিশ কিন্তু কোন স্টেপ নিচ্ছে না। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী এবং উপ-মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে একথাই বলছি যে তাঁরা যদি আইন ও শৃঙ্খলা যাতে বজায় থাকে, তার ব্যবস্থা করতে পারেন তাহলে সুখী থাকব।

[2-10 to 2-20 p.m.]

**Shri Jatin Chakravorty:** Sir, I beg to lay a statement of the Minister-in-charge of the Land and Land Revenue Department on civil rules and civil suits against implementation of legal provisions of Estates Acquisition Act.

## General Discussion on the budget for 1969-70

**Shri Gayan Singh Sohanpal:** Mr. Speaker, Sir, I have gone through the budget estimates of the Hon'ble Finance Minister presented to this House on July 2 and you will pardon me, Sir, for my frankness when I say that I smelt a deep lail conspiracy hatched by the partners of the United Front Government to cripple the economy of West Bengal. Sir, on the 10th of March, 1969, while presenting the budget estimates for the year 1969-70 the Hon'ble Finance Minister made it clear that the budget estimates could not be examined by the present Government due to paucity of funds. He, however, indicated that the new Government would take a new look into these estimates. We expected that the United Front Government would recast the whole structure keeping in mind the 32-point programme which they had placed before the masses during the mid-term election. But all our hopes were frustrated when the Hon'ble Finance Minister literally produced a mouse on the floor of this House. Sir, when you call upon us to participate in the general discussion of the budget and when we rise to speak and express our views on the subject, our friends on the ruling side accuse us for criticising the budget. I wish to make it clear to my friends, lest we should be misunderstood, that we do not criticise the budget just for the sake of criticising it. This is their budget which shows a negative balance of crores of rupees. Now, I put it to you, Sir, should I not call it a deficit budget? If so, then I see no reason why our friends should feel offended when I call a spade a spade. Let there be no misgivings about our intentions. Let this be understood by one and all that we sincerely desire that every pie that we earn should be spent for the welfare of the State and its people. We welcome the Government move regarding the payment of dearness allowance to State Givernment employees at the Central Government rate. We shall be happy if the other State Government employees are paid the same dearness allowance.

Sir, we shall be happier still if the pay scales of the State Government employees are brought on par with those of the Central Government employees. We also support the Government move regarding payment of allowance to the unemployed youths and, in fact, we want that they should be paid without any further delay. We further assure that in all the efforts of the Government to solve unemployment, poverty and hunger our fullest support would be there. If they make provisions for free medical aid to every one in the state, of they take positive steps to eradicate illiteracy, if they make provisions to control floods to prevent devastation every year, our fullest support would be there. What we were trying to impress upon the Government is that we should find out ways and means to bridge the gap between income and expenditure. We must explore new avenues of improving our resources to meet all these expenses. You know many factories in the State have already closed down and others are in the process of being closed down. Some are planning to shift their factories from this State and new capital is shy of coming to the State. This being he sorry state of affairs of this State, Sir, we shall have to find out ways and means and determine how we should fill up this wide gap between income and expenditure. Certainly we don't propose to do it by begging, certainly not by fresh taxation. We will not allow the Government to impose fresh taxes on the poor and middle class people who are already on their last legs. We will not allow the Government to beg from door to door. What we want is that they should improve their resources within the State and develop production so that we can earn more and more and spend more judiciously.

There is another serious problem—a serious anxiety worrying us to-day. It is the anxiety regarding law and order. Sir, in the State no life is safe, no property is secure. In this connection I beg to draw the attention of the

honourable members to the observations made by Prof. Samar Guha, a Member of the Parliament not belonging to the Congress, which reads thus:—

> "At no time, since independence, has any Government in any State in India, within four months of assumption of responsibility of administration, had such a shameful record of so many cases of police firing, lathi charges, tear-gassing, political murders, violent assaults, bloody inter-party feuds, strikes, hartals, lock-outs, gheraos, forcible occupation of fisheries and agricultural land, and similar other violent acts. Anybody raising his voice in defence of democratic rights or rule of law is either being terrorised into silence or dubbed as a CIA agent."

Sir, truth is bitter and I know my friends would not like it when I say that a reign of terror, loot, arson and murder has been let loose in this State under the leadership of the C.P.I.(M) and in their madness they have gone to the extent of raiding the offices of the newspapers to terrorise them into silence. Sir, can there be anything more shameful than this? Is it not a threat to democracy, I ask you, Sir? Before I conclude, I appeal to the honourable members of this House to give me a helping hand so that we may force the hands of the government to restore faith among the people, restore law and order and establish a rule of law. Sir, with these words I resume my seat.

[2-20 to 2-30 p.m.]

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী:** মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় মুখ্যমন্ত্রী যে বাজেট এখানে স্থাপন করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি আপনার মাধ্যমে এই হাউসের সামনে সেই বাজেটের একটি দিক তুলে ধরতে চাই। বিরোধীপক্ষের তরফ থেকে বাজেটের ত্রুটিবিচ্যুতি, বরাট ঘাটতি এবং বিভিন্ন খাতে ব্যয়বরাদ্দের স্বল্পতা প্রভৃতি নিয়ে প্রশ্ন উঠেছে। কিন্তু সেই প্রশ্ন সম্পর্কে বাজেট রচয়িতারাও সচেতন আছেন। বাজেটে বলা হয়েছে রাজ্যসরকারগুলির যে দায়দায়িত্ব পালন করতে হবে, বর্তমানে মুখ্যমন্ত্রীর সেই দায়দায়িত্ব পালন করার মত আর্থিক সংগতির ব্যবস্থা নেই, এর জন্য প্রয়োজনীয় সংবিধান সংশোধন প্রয়োজন এটা মনে রাখতে হবে। শুধু তাই নয়, তার চেয়ে আরো বড় কথা হচ্ছে ২১।২২ বছর ধরে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে কেন্দ্র এবং বিভিন্ন রাজ্যে, আমাদের দেশের অর্থনীতিকে যে পথে পরিচালিত করা হয়েছে তার ফলে সমগ্র দেশকে আজ সর্বনাশের শেষ প্রান্তে নিয়ে এসে দাঁড় করানো হয়েছে। মুখে ভুবনেশ্বরের সমাজতন্ত্রের কথাই বলা হোক, আর কল্যাণ রাষ্ট্রের কথাই বলা হোক, তাঁদের কাজের ফল যদি দেখা যায় তাহলে দেখা যাবে ১৯৪৮ সালের জুন মাসে যেখানে রিজার্ভ ব্যাঙ্কের হিসাব মত ২৫৬ কোটি টাকার মত বিদেশী পুঁজি থাকতো, আর ও'দের নীতির ফলে সেখানে বিদেশী পুঁজির পরিমাণ চারগুণ বেড়ে হাজার কোটিকেও ছাপিয়ে গেছে। মনোপলি কমিশনের রিপোর্ট ই যে গত ৩টি পরিকল্পনায় ২০ হাজার কোটি টাকা ব্যয় করে যা কিছু করা হয়েছে, তা সমস্ত গিয়ে ৪টি বৃহৎ একচেটিয়া পুঁজিপতির হাতে জমা হয়েছে। একটা উদাহরণ দিলে সেটা পরিষ্কার হবে। ১৯৪৭ সালের ১৫ই আগষ্ট তারিখে বিড়লা কোম্পানীর মোট মূলধনের পরিমাণ ছিল ২২ কোটি টাকা, আজ তা বেড়ে কিছুদিন আগে ছিল ৪৩৪ কোটি টাকা, সম্প্রতি জানা গেছে টাটাকেও ছাড়িয়ে ৪৫৪ কোটি থেকে ৪৫৫ কোটিতে এসে দাঁড়িয়েছে। টাটার মোট মূলধনের পরিমাণ ছিল ৪৪ কোটি টাকা, তা বেড়ে ৪৫৪।৪৫৫ কোটিতে এসে দাঁড়িয়েছে। এদের হাতে এখন প্রায় ৯০০ কোটি টাকার মত মূলধন এসে জমা হয়েছে। আজ সেই জন্যই ব্যাংক ন্যাশনালাইজেশনের প্রশ্ন এসেছে। কারণ, একটি জাতির জীবন ও ভবিষ্যৎ মুষ্টিমেয় কয়েকটি লোকের মুঠোর মধ্যে এসেছে। আপনি কোন পরিকল্পনা, দেশের কোন কল্যাণ করতে পারবেন না, যদি না এই মূল প্রশ্নের সামনে এসে দাঁড়ান যে এই কয়েকটি মুষ্টিমেয় মুনাফাখোরের মুনাফাকে লক্ষ্য করে সমাজের উৎপাদন প্রভৃতি সব কিছু পরিচালিত হবে, না সাধারণ মানুষের কল্যাণে, তাদের স্বার্থকে লক্ষ্য রেখে করা হবে, এটাই হচ্ছে মৌলিক প্রশ্ন। আজকে

একটা কথা আমাদের তরফ থেকে বলা হচ্ছে, তার অনেকেই হয়তো তাৎপর্য অনুধাবন করতে পারেনি, সেটা হচ্ছে এই অর্থনৈতিক সংকট ঘনীভূত হতে হতে এমন একটা পর্যায়ে এসে পড়েছে যখন এটা রাজনৈতিক পর্যায়ে এসে দাঁড়িয়েছে। আজ এই সমস্ত শুধু অর্থনৈতিক পর্যায়ে সমাধান করা সম্ভব নয়, এর জন্য প্রয়োজন কনস্টিটিউশন্যাল চেঞ্জ, এর জন্য প্রয়োজন রাষ্ট্রের মৌলিক পরিবর্তন এবং সেই জন্য আজকে প্রশ্ন উঠেছে, এ কে গোপালন এবং নামবুদ্রিপাদের স্টেটমেন্টকে অবলম্বন করে নানা প্রশ্ন উঠেছে। কিন্তু যে প্রশ্ন এখানে উত্থাপন করা হয়েছে, সেই প্রশ্ন অনেক আগেই ঐ সিদ্ধার্থবাবুর মাতামহী স্বরাজ পার্টির নেতা হিসাবে প্রথম তুলেছিলেন, কারণ সেখানে মন্টেগু চেমসফোর্ড-এর যে সংবিধান দিয়েছিলেন সেই সংবিধানের কাঠামোর ভেতর থেকে তাদের আশা-আকাঙ্খা পূরণের কোন সম্ভাবনা ছিল না। সেই কাঠামোর ভেতর থেকে সেই চৌহদ্দির ভেতর থেকে সাধারণ মানুষের হাজার করা ৯৯ জন মানুষের আশা-আকাঙ্খা, তাদের জীবনের দাবিকে প্রতিষ্ঠা করার কোন সম্ভাবনা নেই। তাই আজকে প্রশ্ন উঠেছে এবং সময় এসেছে যে সংবিধানের পবিত্র বেদীমূলে লক্ষ লক্ষ কোটি কোটি মানুষকে বলিদান দেওয়া হবে। সংবিধান মানুষের জন্য না, মানুষের জন্য সংবিধান। অমৃতবাজার তার এডিটোরিয়ালে স্বীকার করেছে যে সংবিধান যত পবিত্র হোক, তাকে অ্যামেন্ড করা যায়, শুধু অ্যামেন্ড করা নয়, ইট ক্যান অলসো বি রিপ্লেসড। মনোপলি কমিশনের পর থেকে ব্যাংক ন্যাশনালাইজ অর্থাৎ মুষ্টিমেয় কিছু লোক কোটি কোটি কালো টাকা নিয়ে সমাজকে তাদের একেবারে মুঠোর মধ্যে রেখে দিয়েছে, সেখানে তাদের কন্ট্রোল করার যে প্রশ্ন এসেছে, সেটাকে নিয়ে এখানে টিংকারিং উইথ দি প্রবলেম এসেছে। সেখানে কন্ট্রোলের নাম করে সমস্ত জিনিসটাকে ব্যর্থ করার চেষ্টা করা হচ্ছে। এবং সেই সূত্রে কি মনোভাব প্রকাশ পেয়েছে তাও আমরা দেখবো, তাই আজ প্রশ্ন অন্য কিছু নয়, প্রশ্ন হচ্ছে যেটা এখানে উঠেছে। মার্চ মাসে যে বাজেট বক্তৃতা দেওয়া হয়েছে তাতে অর্থমন্ত্রী মহাশয় তুলে ধরেছিলেন,

I would like to say a few words to the business community of West Bengal They should not be guided entirely by a profit motive. They should give a fair deal to the labourers.

এই হচ্ছে প্রশ্ন, ঠিক তেমনি গ্রামাঞ্চলে সেখানেও প্রশ্ন এসেছে যেখানে আজ শতকরা একজনের হাতে ২০ ভাগ জমি কেন্দ্রীভূত হয়ে রয়েছে এবং প্রায় ৩৫ ভাগ লোকের হাতে কোন জমি নেই এবং ৭০ ভাগ লোকের হাতে ২০ ভাগের কম যেখানে জমি রয়েছে সেখানে জীবিকা এবং জীবনের অন্য কোন পথ উন্মুক্ত হচ্ছে না, সেখানে এই প্রশ্ন আজকে দেখা দিয়েছে। আজকে প্রশ্ন হচ্ছে এই যে ভায়লেন্স বলে এবং ল অ্যান্ড অর্ডারের কথা তুলে নানা প্রশ্ন এখানে বিরোধী পক্ষ থেকে আনা হয়েছে, কিন্তু কেন কি জন্য এটা হচ্ছে? সেটা ভাল করে তলিয়ে দেখার দরকার আছে। গত ২২ বছর ধরে মুষ্টিমেয় ধনিক এবং জমিদার-জোতদারদের স্বার্থ রক্ষার জন্য কৃষক, শ্রমিক এবং সাধারণ মানুষের উপর অনেক অত্যাচার, অনেক উৎপীড়ন, অনেক শোষণ চলেছে এবং মাথা নত করে তাদের সেইগুলো সহ্য করতে হচ্ছে। অনেকেই জানেন সেখানে হাতী নিয়ে ঘর ভেঙ্গে দেওয়া হয়েছে, এবং জোর করে সেখানকার জমি কেড়ে নেওয়া হয়েছে, সেখানে জল ঢুকিয়ে দিয়ে ভেড়ী তৈরী করা হয়েছে, এই রকম অসংখ্য জিনিস আছে এবং তার প্রতিবাদ কোন জায়গায় হলে কেউ কর্ণপাত করে না। কিন্তু আজ এই ২০ বছরের এই শোষণ, নিপীড়নের এবং অত্যাচারের ফলে যেখানে কৃষকদের ধৈর্যের বাঁধ ভেঙ্গেছে, প্লাবন যখন জেগেছে, সেই প্লাবনকে তারা এখন এইরকমভাবে চিৎকার করে রুখতে পারবেন? তা সম্ভব নয় এবং মনে

[2-30 to 2-40 p.m.]

রাখতে হবে ভারতবর্ষের মানুষ ভুলে যায় নি শোষকশ্রেণী অরাজকতা ইচ্ছাকৃতভাবে তৈরী করে, ভারতবর্ষে গোলমাল সৃষ্টি করে যখনই এদেশে শাসনের মসনদে যাঁরা বসে থাকেন, মসনদ টলমল হয়ে উঠে, তখন মসনদ রক্ষার জন্য হেন অপরাধ নেই যা তারা করেন না। আমরা সেকথা ভুলে যাই নি যে ১৯৪৫ সালে তেভাগা আন্দোলন, যখন শ্রমিক আন্দোলন ঐতিহাসিক ২৯শে

জুলাইয়ের পর্যায়ে উঠেছিল, যখন দিকে দিকে পুলিশ এবং নৌ-বিদ্রোহ হয়েছিল তখন ইংরাজরা দেওয়ালের লিখন বুঝে দেশের মধ্যে আত্মঘাতী সংগ্রাম বাধিয়ে দেয়। কলকাতায় ১৬ই আগস্টের ঘটনা, নোয়াখালির ঘটনা, পাঞ্জাবের ঘটনা কি আমরা ভুলে গিয়েছি? ঠিক তেমনি তাদের পদতলে বসে যারা রাষ্ট্র পরিচালনার শিক্ষা গ্রহণ করেছেন, আমরা ভুলে যাই নি ১৯৪৭ সালের পরে মাউন্টব্যাটেনের পদতলে বসে ওঁরা কংগ্রেসীরা রাষ্ট্র পরিচালনা করেছিলেন, তারই সেই ক্রুর সুযোগ অস্ত্ররূপে গ্রহণ করে মসনদ রক্ষায় ব্রতী হয় এবং এখন সেই ক্রুর সুযোগ নিয়ে ব্যারাকপুর, তেলেনীপাড়ার ঘটনার সৃষ্টি করছে এবং এটা পরিকল্পনা করে করা হয়েছিল এবং এটা সংবাদপত্রেও পেয়েছি। শুধু আপনারা নয়, এতে সি আই এ সমস্ত শক্তি নিয়ে এগিয়ে আসে। যে মুহূর্তে পশ্চিমবঙ্গের নির্বাচনের ফলাফল বেরল সেই মুহূর্তে ওখানকার স্টেট ডিপার্টমেন্টের যিনি কর্তা, তিনি দিল্লি এসেছেন, কলকাতায় এসেছেন এবং ঘুরে ঘুরে শলাপরামর্শ করে গিয়েছেন। এবার যে বিরাট ব্যবধান আছে এম এল এ কিনে ডিফেকসান করিয়ে ভিতর দিয়ে কিছু করা যাবে না। তাই একদিকে ভিতর থেকে এবং আর একদিকে বাইরে থেকে নানা ঘটনা সৃষ্টি করে আজকে সেখানে একটা কেস বিল্ড আপ করা হচ্ছে এখানে ইন্টারভেনশন-এর জন্য। সেই দিক দিয়ে বলতে গেলে নূতন কিছু ঘটনা হচ্ছে না। এতো পূর্ব পরিকল্পিত। বাইশ বছর ধরে নিপীড়ন সহ্য করে আজকে সহ্যের সীমা পেরিয়ে গিয়েছে। কোন বিচার পায় নি কোন দিক থেকে। সেই বাঁধভাঙ্গা মানুষ একদিকে চেষ্টা করছে মানুষের মত বাঁচার, আর এক দিকে ক্রুর পরিকল্পনা নিয়ে শোষক শ্রেণী তারা তাদের মসনদ কায়েম রাখার জন্য চেষ্টা করছে। কিন্তু মানুষ ভোলে নি। তার জীবন দিয়েছে, বহু রক্তের বিনিময়ে তারা যে অভিজ্ঞতা অর্জন করেছে তারপর তাদের আর সহজে ভুলিয়ে বাঙালীর বিরুদ্ধে অবাঙালীদের, হিন্দুর বিরুদ্ধে মুসলীমকে লাগান যাবে না। তাই যেসব পশ্চাৎপদ এলাকা আছে, যেখানে রাজনৈতিক সচেতনতা কম, সেখানে ওরা এখনও কিছু কিছু গোলমাল করতে পারে। সেইসব এলাকায় আমরা এখনও রাজনৈতিক সচেতনতা আনতে পারি নি। সেই জন্য দুর্বল অংশের মধ্যে তারা কেন্দ্রীভূত হয়েছে। সেই জন্য আমাদের সচেতন হয়ে চলতে হবে। সেই জন্য এই জিনিষগুলো ঠিক ঠিকভাবে বুঝবার প্রয়োজন আছে। তাই আজ শুধু পরিহাস করলে চলবে না, শুধু ওদের বিরুদ্ধে আচরণ করলেই চলবে না, অনেক কিছু করতে হবে। এক একটা সময় আসে যখন সেটাকে বলা যায় যুগ সন্ধিক্ষণ। আমরা জানি সেই যুগে মানুষ কি করে তার উপর নির্ভর করে বহুদিন বিস্তৃত ভবিষ্যৎ। আজকে সেই যুগ সন্ধিক্ষণ এসেছে। যেমন ১৯৪৫ থেকে ১৯৪৭ সালের মধ্যে এসেছিল ভারতবর্ষে। সেদিন আমরা পারি নি, সে ঐতিহাসিক কর্তব্য পালন করতে। তার পরিণাম আজকে ভুগছি। তেমনি এই যুগসন্ধিক্ষণের যে দায়িত্ব ও কর্তব্য আমাদের আছে সেটা যদি ঠিক ঠিকভাবে আমরা পালন না করতে পারি এর পরিণাম কি হবে সহজে অনুমান করা যায়। ইতিহাস আমাদের ক্ষমা করবে না। যারা শাসক তাদের কিছু সদুপদেশ দেওয়ার নেই। তাদেরকে সদুপদেশ দিয়ে কিছু হবে না। সুতরাং তাদের কাছে বক্তব্য কিছু নেই।

আমার বক্তব্য শুধু তাদের কাছে যারা নিজেদের মনে করেন যে, আজ দিন এসেছে পোলারাইজেশনের। কে, কোন শ্রেণীতে পোলারাইজেশন্ হচ্ছে, এ এক অনিবার্য গতি। ইতিহাসের এই গতিকে কেউ রোধ করতে পারবে না। আপনারা ঠিক করে নিন, কে কোন দিকে এবং আজকে যারা সাধারণ শোষিত মানুষের সঙ্গে আছেন তাদের দায়িত্ব মনে করে নিয়ে, তাদের সেখানে নিজেরা সমস্ত ত্রুটিবিচ্যুতি থাকা সত্ত্বেও ঐক্যবদ্ধভাবে এই চক্রান্তকে ব্যর্থ করার জন্য প্রচেষ্টা করতে হবে। আমি জানি যে এরা বিভেদ সৃষ্টি করার জন্য চেষ্টা করছে, এরা মূল শক্তিকে বিচ্ছিন্ন করে সকল শক্তিকে দুর্বল করার চেষ্টা করে প্রত্যেকটি জায়গায়। শুধু আজ নয়, ১৮৪৮ সালে যেদিন প্রথম কমিউনিস্ট ম্যানিফেস্টো বেরিয়েছিল, তার প্রথম ছত্রে আছে, স্পেকটার হান্টিং ইউরোপ। সেই ভূতের ভয় আজকে দেখান হচ্ছে এবং অ্যান্টি কমিউনিজমের রূপ ধরে যে জিনিষ আসে শেষ পর্যন্ত সমস্ত গণতন্ত্রকে সাবাড় করে ফ্যাসিজমের পথ উন্মোচন করে। তাই, আজকে সি পি আই (এম)-কে বিচ্ছিন্ন করার জন্য নানা দিক থেকে প্রচার চলছে। পূরবী মুখোপাধ্যায় বলেছেন যে, কোয়ালিশন। কার সঙ্গে কংগ্রেস কোয়ালিশন করবে? ৫৫তে কত

যোগ করলে যোগফল ১৪০ এর বেশী হবে? কাজেই এদিকে গেলে পথ নেই। সে জন্য মনে করি না যে, আজকে যারা বিভিন্ন শক্তি রয়েছেন, তারা কেউ একথা অনুভব করেন যে আজকের দিনে কংগ্রেস নিজেরাই তাদের এই পরিণাম ঘটিয়েছে। আজ দেখা যাচ্ছে যে, উর্ধ্বতন নেতৃত্বের ভিতরে গণ্ডগোল, সেটা হতে বাধ্য কারণ যখন একটা সংকট আসে তখন কোন পথ গ্রহণ করা দরকার সে সম্পর্কে একমত হতে পারে না। আজকে তারা সেখানে একটা বিরাট ফাটলের সামনে এসে দাঁড়িয়েছে। তাই, আজ প্রেসিডেন্টের নির্বাচনকে অবলম্বন করে এ সব ঘটনা আমরা দেখতে পাচ্ছি। সেজন্য যারা এই রকম সতত বিভক্ত, যাদের কোন নীতি নেই, তারা কোন পথ দেখতে পাচ্ছে না। সেই অন্ধের দ্বারা নিয়মান্ধ হবার জন্য কেউ যাবে না এবং একথা কেউ ভাববেন না যে নিজেদের অবস্থার এর দ্বারা উন্নতি হবে। একটা মাত্র পথ আছে, সেটা হচ্ছে শ্রেণী শত্রু, তারা বাইরে ওঁত পেতে বসে আছে। আজও আন্দোলনের জোয়ার আছে, যে আন্দোলন তরঙ্গের শীর্ষে আজকে যুক্তফ্রন্টের এখানে আসা সম্ভব হয়েছে। সেই আন্দোলনকে নানাভাবে প্রচারের মাধ্যমে জনসাধারণকে বিভ্রান্ত করে সেই আন্দোলনের গতি স্তিমিত করার চেষ্টা করা হচ্ছে এবং যখন টান আসবে হঠাৎ তখন প্রবল শক্তি নিয়ে বাইরের সাহায্য নিয়ে ঝাঁপিয়ে পড়ার চেষ্টা করবে। সেজন্য তাদের বিরুদ্ধে একমাত্র পথ হচ্ছে যে আন্দোলনকে ঐভাবে স্তিমিত না করে, আন্দোলনকে ৩২ দফার ভিতর বেছে নিতে হবে প্রাইওরিটি দিয়ে যে কোনগুলি এখন নেওয়া সম্ভবপর, কোনগুলি এখানে সবচেয়ে বেশী গুরুত্বপূর্ণ তার ভিত্তিতে সমস্ত ইউনাইটেড ফ্রন্টের তরফ থেকে যে আন্দোলন খানিকটা স্তিমিত হয়েছে, তাকে যদি আবার গতিবেগ সঞ্চার করতে পারা যায়, তাকে যদি আরো প্রবল বেগে এগিয়ে নিয়ে যাওয়া যায় তাহলে যত চক্রান্তই করুন না কেন, সব চক্রান্ত ব্যর্থ হতে বাধ্য। কারণ আজকের যে যুগ—এরা অনেক নিচে—আজকে দুনিয়ার সব চেয়ে শ্রেষ্ঠ যে সাম্রাজ্যবাদী শক্তি আমেরিকা, তার অর্থ নিয়ে, শক্তি নিয়ে, মারণাস্ত্র নিয়ে, আজকে ভিয়েতনামে তার অবস্থাটা কি হয়েছে? সেজন্য মানুষ যদি ঐক্যবদ্ধ থাকে, সত্যিকারের সঠিক পথে যেতে পারে তাহলে দুনিয়ার এমন কোন অত্যাচারী শাসক নেই, এমন কোন স্পর্ধা নেই যে তার ক্ষতি করতে পারে। আজকে ১৪ই জুলাই, ফল অব ব্যাসটাইলের দিন। আমরা আশা করবো, আমাদের শ্রেণী শত্রুরা যে কোন চক্রান্তই করুক না কেন, আমরা ঐক্যবদ্ধভাবে সেই চক্রান্তকে ব্যর্থ করার জন্য, শোষণের দুর্গ ব্যাসটাইলের পতনের জন্য, আমরা এক হয়ে এগিয়ে যাবো। এই কথা বলে আমি শেষ করছি।

[2-40 to 2-50 p.m.]

**শ্রীনারায়ণ নস্কর:** মাননীয় স্পীকার মহাশয়, জনগণের সরকার, যুক্তফ্রন্ট সরকার জনগণের স্বার্থে একটা বাজেট এখানে পেশ করেছেন। এই বাজেট সম্পূর্ণ নূতন চিন্তাধারা নিয়ে, নূতন পদ্ধতিতে তৈরী। এই বাজেটে জনগণ বলতে যে কথা বলা হয়েছে সেই জনগণ বলতে আমি জানি না কাদের বোঝানো হয়েছে। তবে আমি নিশ্চিত গ্রামের মানুষ যারা, যাদের পরনে কাপড় নেই, পেটে ভাত নেই, যাদের দুঃখ-দুর্দশার কাহিনী নিয়ে আমাদের যুক্তফ্রন্টএর অনেক বন্ধু নির্বাচনে বৈতরণী পার হয়েছেন সেই জনগণকে বলা হয় নি। সে জনগণ বোধ হয় এই বাজেট দেখে খুব বেশী উৎসাহিত হবেন না খুব বেশী খুসী হবে না।

কাজেই এই বাজেট খুব বেশী সেই সমস্ত জনগণের কাছে বোধ হয় আদৌ আশার সঞ্চার করতে পারবে না। আজকে এই বাজেট সম্পর্কে আলোচনা করতে যেয়ে আমরা দেখেছি জনপ্রিয় সরকার যুক্তফ্রন্ট সরকার ইতিমধ্যে কিছু কিছু যুগান্তকারী ঘোষণা করেছেন। তাঁরা আমাদের সরকারী কর্মচারীদের মাইনা বৃদ্ধি করেছেন, এটা নিশ্চয় আনন্দের কথা, কিন্তু গ্রামের মানুষ সেই তুলনায় যদি কিছু পেত, তাহলে নিশ্চয় তাদের কাছে উৎসাহের কারণ হত। আজকে ট্রামের ভাড়া কমানো হয়েছে চিপ পপুলারিটি অর্থাৎ সস্তায় হাততালি কুড়োনো হয়েছে—জানি না এর লক্ষ্য কি থাকতে পারে—এর জন্য লক্ষ লক্ষ টাকা আমাদের ক্ষতি হচ্ছে। কিন্তু ট্রামে বাসে চড়ার সৌভাগ্য গ্রামে যারা বাস করে সেই সব সবার নীচের মানুষদের খুব কমই আছে। এটা আমরা জানি আজকে কলকাতায় রেশন দেওয়ার ব্যবস্থা আছে, সারা বছর ধরে কম দামে চাল গম পাবার সুযোগ আছে—এর জন্য ঈর্ষা বা হিংসার কোন কারণ নেই, তবে এটুকু

বলতে পারা যায় যে যারা চাল উৎপাদন করে সেই গ্রামের মানুষ যারা মাথার ঘাম পায়ে ফেলে সেই চাল উৎপাদনে সহায়তা করে, তারা নিজেরা কম দামে চাল কিনে খাবার ক্ষমতা রাখে না এটা বোধ হয় কারো অজানা নেই। তাদের ভাগ্যে কম দামে এই রেশন পাওয়ার সুযোগ নেই। তাই এই বাজেট সম্পর্কে আলোচনা করতে যেয়ে আমরা দেখেছি যে জনগণ বলতে ঠিক ঐ গ্রামের মানুষ বোঝায়, তারা এর থেকে খুব বেশী উৎসাহ বা আশার কথা পাবেন বলে আমরা মনে করতে পাচ্ছি না বা যথেষ্ট সন্দেহের কারণ আছে। আজকে গ্রামে যেটা হতে চলেছে সেটা এক নতুন কাহিনী। আজকে সেখানে একটা শ্রেণী সংগ্রামের কথা বলা হচ্ছে। সমাজতন্ত্র প্রতিষ্ঠা করতে যেয়ে শ্রেণী সংগ্রাম করতে গেলে একটা বিশেষ শক্তিশালী দলের বিশেষ প্রয়োজন কিন্তু এই প্রয়োজনের কথা আমাদের পুলিশমন্ত্রী বোধ হয় ভোলেন নি। তাই আমরা দেখেছি যুক্তফ্রন্ট সরকার আসার পরে বিভিন্নভাবে বহু পুলিশ কেস তুলে নেয়া হয়েছে। এই পুলিশ কেসগুলির দিকে যদি তাকাই তাহলে দেখা যাবে তার মধ্যে বহু নরহত্যা, ডাকাতি, গুণ্ডামী, রাহাজানি ইত্যাদি কেস আছে। আজকে সেই সমস্ত আসামীরা তাদের কেস উইথড্রন হওয়ার পরে তারা যুক্তফ্রন্টের বড় শরিক সি পি আই (এম)-এর সমর্থক হয়ে জয়ধ্বনি করতে করতে তাদের মিছিলের অগ্রভাগে এসে দাঁড়িয়েছে। আজকে তাই গ্রামে ডাকাতি আরম্ভ হয়ে গেছে এবং একটাও ডাকাতির মোকাবিলা হচ্ছে না। আমরা দেখতে পাচ্ছি গ্রামে গ্রামে ডাকাতরা বহু পরিবারের বাড়ী আক্রমণ করে তাদের অনেককে খুন করেছে কিন্তু আজ পর্যন্ত লুণ্ঠিত দ্রব্য কিছু উদ্ধার হয়েছে বলে অথবা কারুর শাস্তি হয়েছে বলে আমাদের জানা নেই। আমরা দেখেছি যে, ডাকাতদলকে ধরতে গেছে পুলিশ, তারা ছোরা, লাঠি, বল্লম নিয়ে জোর করে পুলিশের হাত থেকে আসামীকে ছিনিয়ে নিয়েছে। ডাকাতির আসামীকে ধরা হয়েছে, মার্কসবাদী কমিউনিস্ট পার্টীর সদস্যরা মিছিল করে যেয়ে পি আর বন্ড দিয়ে তাদের মুক্ত করেছে—ক্যানিং থানায় এই ঘটনার নজীর সৃষ্টি হয়েছে। আজকে যতটুকু পেয়েছে, কলকাতার মানুষরাই পেয়েছে। গ্রামের মানুষরা কিছুই পায় নি। কিছুই পায় নি বললে ভুল হবে। তারা পেয়েছে লাঠি, বল্লম আর বোমা ছোড়ার শিক্ষা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই হাউসে বিভিন্ন বক্তা বিভিন্ন বক্তব্য রেখেছেন জমির বিষয় নিয়ে। কংগ্রেসীরা নানাভাবে নাকি জমি চক্রান্ত করে লুকিয়ে রেখেছে—চুরি করে রেখে দিয়েছে—নিশ্চয়ই তাদের শাস্তি হওয়া প্রয়োজন। এই ধরনের বহু অভিযোগ আমরা পাচ্ছি কিন্তু আজকে এখানে শুধু কলকাতার প্রতিনিধি নেই, গ্রামাঞ্চলেরও বহু প্রতিনিধি এখানে আছেন। আমরা জানি লক্ষ লক্ষ মানুষ যারা একটা কনস্টিটিউয়েন্সীতে আছেন তাঁদের মধ্যে কত জোতদার, কত বেনামদার আছেন—সেটা আজকে খুঁজে বের করার প্রয়োজন হয়ে পড়েছে। আজকে ৭৫ বিঘা শিলিং যদি থাকে তাহলে ৭৫ বিঘার উর্ধ্বে যাদের জমি আছে কেউ যদি বেনামী করে রাখে নিশ্চয়ই সেই সব চোর ধরা দরকার, নিশ্চয়ই সেই বেনামদারকে ধরা প্রয়োজন।

আপনাদের সেই কাজের পাশে আমাদের সমর্থন থাকবে—এতে কোন রকম ইতঃস্তত করার প্রয়োজন নেই। আজ ৭৫ বিঘা জমির মাঝে এমন ঘটনা বহু ঘটে গেছে শুধু সুন্দরবন অঞ্চলেরই যার বহু খবর পাওয়া যাবে। ২৫ বিঘা জমির মালিকের জমির উপর লালঝাণ্ডা পুতে দখল নেওয়া হয়েছে। আজ ভূমিহীন বর্গাদারদের কাছ থেকে জমি নিয়ে ২ বিঘা জমি রেখে বাকী ৫ বিঘা অন্য লোককে দেওয়া হচ্ছে। যারা ভূমিহীন তাদের বছরের পর বছর দখলীকৃত খাস জমি বিলি করে দেওয়া হচ্ছে। এই ধরনের বহু নজীর আছে। তাই আজ দেখছি ২ বিঘা যার জমি আছে তার সেই জমি নিয়ে সকলকে সন্তুষ্ট রাখার জন্য ১০ কাঠা করে ৪ জনকে দেবার ব্যবস্থা করা হচ্ছে। এটা কোন্ সমাজতন্ত্র? একে ভিখিরীর সমাজতন্ত্র বলা যায়। এইভাবে ১০ শতক পর্যন্ত জমি এক একজন মানুষকে দিয়ে অনেককে সন্তুষ্ট করা যেতে পারে, তা অস্বীকার করার উপায় নেই। কিন্তু ফসল উৎপাদনের প্রয়োজনীয়তার দিক দিয়ে জমিকে ছোট ছোট অংশ করে দিলে ফলন তাতে বাড়বে বলে আমি বিশ্বাস করি না। এই প্রসঙ্গে আমি ফিসারীর কথা আপনার কাছে নিবেদন করব। আমি এমন একটা এলাকা থেকে এসেছি যেখানে বহু ফিসারি আছে। সেসব ফিসারীর মাছ দিয়ে শুধু সুন্দরবনের লোক নয়, কোলকাতার একটা বিরাট অংশকে মাছ সরবরাহ করার দায়িত্ব তারা নিয়েছিল।

**শ্রীজয়নাল আবেদিন:** স্যার, ট্রেজারী বেঞ্চে একজনও মন্ত্রী নেই।

**মিঃ স্পীকার:** আমি ডেকে পাঠাচ্ছি।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:**

Sir, they are showing disrespect to the House and to the Chair also.

**Mr. Speaker:** I am very sorry as none of the Ministers is here. I will see that at least one or two of them remain present here while the house is sitting.

যতক্ষণ ওঁরা না আসেন আপনি বসুন।

**শ্রীনারায়ণ নস্কর:** স্যার, যে ফিসারীগুলো ক্যানিং, বাসন্তী অঞ্চলে আছে সেগুলো সব লোনা জলের ফিসারী। দীর্ঘদিন লোনাজল সেই সব ফিসারীতে থাকার ফলে সেই জল যদি বের করে দেওয়া যায় তাহলে ৫।৭ বছর সেখানে চাষ হবে না। এই ফিসারীগুলো দখল করার ক্ষেত্রে দেখা গেল হাজার হাজার মানুষ লাঠি, চৌকী, বল্লম ইত্যাদি নিয়ে তাদের আলাব ধানচাল যা কিছু ছিল সব লুঠ করে নিয়ে গেল এবং মাছগুলো পর্যন্ত লুঠ করে দেওয়া হল। ফিসারীর বাঁধ কেটে দেওয়া হল এবং এলোপাথাড়ী বাঁধ কাটার জন্য হাজার হাজার বিঘা ধানজমি নষ্ট হয়ে গেল ও চাষের সম্ভাবনা একেবারে বিলুপ্ত হলো।

[2-50 to 3-15 p.m.]

আজকে অন্য প্রশ্ন আসে না, আজকের প্রশ্ন হোল ফিসারী দখল। খবরের কাগজের একটি সংবাদে দেখলাম আমাদের মৎস্যমন্ত্রী সুন্দরবনের একটি নদীর কোন একটি চর ঘেরাও করে ২ হাজার বিঘা জমি নিয়ে ফিসারী করবেন এবং ১৯ লক্ষ টাকা ব্যয় করে মাছ চাষের একটি পরিকল্পনা গ্রহণ করবেন। ক্যানিংএর মত জায়গা যেখানে ৪।৫ বছরে চাষ বাস হবার সম্ভাবনা নেই সেখানে যদি একটি মালিকানা থাকাই অপরাধ হয় তাহলে সেই মালিককে সরিয়ে দিয়ে কো-অপারেটিভ বেসিসে বা যৌথভাবে ৫০।১০০ জনের মালিকানা দিয়ে সেখানে যদি ঐ ফিসারী করা হোত তাহলে ১৯ লক্ষ সরকারী অর্থ অপচয় করে, ২ হাজার বিঘা জমি ঘেরাওর প্রয়োজন হোত না। অথচ এই সব ফিসারী আজকে সরকারের তত্বাবধানে থাকত। কিন্তু স্যার, সেখানে আজ আশ্চর্য রকমের ঘটনা দেখা যাচ্ছে। অর্থাৎ যে ফিসারীগুলো মহা আড়ম্বরে, অতি উৎসাহ সহকারে, বিরাট মিছিল সহকারে কেটে দেওয়া হোল, ফিসারী উচ্ছেদের ব্যবস্থা হোল সেগুলো দেখছি বর্তমানে কোন অজ্ঞাত কারণে লোনা জলে ভরে আছে। যদিও পূর্বেকার মালিক নেই এবং একযোগে অনেকে ফিসারী করছে না, কিন্তু পার্টীর ষড়যন্ত্র ও দুর্নীতিতে এরকম ঘটনা ঘটছে। আজকে জমির উপর যে লাল ঝাণ্ডা, লাল পতাকা মারা হচ্ছে তাতে ভয়ের কোন কারণ নেই, এর জন্য কোন চাষী অন্যায় জেনেও মোকাবিলা করছে না। মোকাবিলা হচ্ছে তখন যখন জমি দেবার আন্দোলন শেষ হতে চলেছে এবং ওই সমস্ত মানুষকে আবার কিছুতে ভোলাতে হবে, তাই যখন চাষীদের বাড়ীতে আক্রমণ করা হচ্ছে, ধানের দাবী করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একদিন আপনাকে মেনসনে জানিয়েছিলাম এবং আজকে আবার জানাচ্ছি গ্রামাঞ্চলের প্রতিটি গ্রামে চাষীদের কাছে ধানের দাবী করা হচ্ছে, যাদের ধান নেই তাদের কাছে টাকা চাওয়া হচ্ছে এবং চিঠি দিয়ে হুমকী দেওয়া হচ্ছে ওই তারিখের মধ্যে যদি ধান বা টাকা না দাও তাহলে তোমার বাড়ী লুঠ করা হবে, যা খুসী তা করা হবে। আমি ২।১টি চিঠি পুলিশমন্ত্রীর কাছে উপস্থিত করেছি এবং আপনার মাধ্যমে এই সভায় রেখেছি। এরকম ঘটনা একটি নয় এবং এতে কংগ্রেসের উচ্ছেদের প্রশ্নও আসে না। যদি উচ্ছেদের প্রশ্ন থাকত তাহলে আমাদের দুঃখ বা অভিযোগের কারণ ছিল না। কারণ আমরা জানি যুক্তফ্রন্টের বন্ধুগণ সংখ্যায় বেশী এবং আমাদের কবরে পাঠাবার জন্য সব সময় তাঁরা সচেষ্ট—কাজেই আমাদের সেজন্য কোন দুঃখ নেই। কিন্তু ভজেয়ায় যে ঘটনা ঘটল, ক্যানিংএ যে ঘটনা ঘটল তাতে দেখছি জমির উপর লাল পতাকার ঘটনা ঘটেনি। আজকে দেখছি যুক্তফ্রন্টের ভিন্ন ভিন্ন শরিকের মধ্যে, সি পি এম

এবং এস ইউ সি-র মধ্যে গোলমাল। সে সব ক্ষেত্রে কংগ্রেসের কোন প্রশ্ন ছিল না। কিন্তু আমরা দেখলাম ভলেয়ায় ১০০টি মুসলমানের বাড়ী পুড়ে ছারখার হয়ে গেল, যথাসর্বস্ব লুঠ হলো, আজ মানুষগুলো গ্রামে গ্রামে ভিক্ষা করছে। তারা কত বড় জোতদার সেটা আমার জানা। শুধু ক্যানিংএ এরকম ঘটনা ঘটেনি, বাসন্তি থানায়, সোনাখালিতে একই ঘটনা ঘটেছে। তারা কত বড় বড়লোক সেটা আমার জানা নেই, তবে এটুকু বলতে পারি যদি ৭৫ বিঘা ধরা হয় তাহলে তারা বোধ হয় বড়লোকের আওতায় আসে না। সেখানে লাঠি, সড়কি, বল্লম হাতে নিয়ে, মাইক হাতে নিয়ে, ঢোল পেটাতে পেটাতে সি পি আই (এম)-এর দল এগিয়ে গেছে এবং একের পর এক বাড়ী থেকে গরু-বাছুর, ধান-চাল সব কিছু লুঠ করা হয়েছে। সুন্দরবনের প্রতিটি অঞ্চলে এরকম ঘটনাগুলি আমরা দেখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদি জমির উপর লাল পতাকার প্রশ্ন উঠত, যদি জমি দখলের প্রশ্ন উঠত এবং তা নিয়ে গোলমাল হোত তাহলে আমি আমার বক্তব্য এরকম-ভাবে উপস্থিত করতাম না। সেখানে জমি দখলের প্রশ্ন বড় নয়, কারণ জমি দখলের প্রশ্ন শেষ হয়েছে। সেখানে লাল ঝাণ্ডা এরকম সন্ত্রাস সৃষ্টি করেছে যে মানুষ ভয়ে সন্ত্রস্ত হয়ে আছে কখন কি হয়, কখন কার উপর আক্রমণ হয়। আমি দুটি ঘটনা এখানে বলছি। এখানে একজন ফরওয়ার্ড ব্লকের সদস্য রয়েছেন যাঁর বাড়ীতে ১ বছর আগে ডাকাতী হয়েছিল এবং সেই ডাকাতীর জন্য তিনি কেস করেছিলেন। ডাকাত ধরা পড়ল কিন্তু জনপ্রিয় যুক্তফ্রন্ট সরকারের আশীর্বাদে ডাকাত খালাস হোল এবং কেস উঠে গেল।

তারপর সেখানে ছাড়া পাওয়া ডাকাতির আসামীরা তার বাড়ীতে গিয়ে বললে আপনাকে ১৪ হাজার টাকা দিতে হবে, মামলায় খরচ হয়েছে, যদি এই টাকা না দেন তাহলে আপনার বাড়ী লুঠ করা হবে। বাড়ী তার লুঠ হয়নি, তবে একটা ঘটনা ঘটেছে। এই ভদ্রলোককে মার্কস-বাদীরা কাণ ধরে বিরাট এলেকা ঘুরিয়েছে। এই ঘটনা ঘটেছে প্রকাশ্য দিবালোকে হাজার হাজার মানুষের সামনে। যদি এই সব বলতে যাই তখনি চক্রান্তের কথা উঠে, যুক্তফ্রন্টকে নাকি ভাঙবার কথা উঠে। আমি আজ তাই প্রকৃত চাষীদের সম্বন্ধেই আবেদন রাখতে চাই। আজকে আলিপুর-দুয়ারে যে ঘটনা ঘটেছে, কংগ্রেসীরা নিশ্চয়ই আর এস পি-এর মানুষগুলোকে খুন করেনি, বেলেগাছির আসমত উল্লাকে কংগ্রেসীরা খুন করেনি। ভলেয়ার মুসলিমদের ১০০টি বাড়ী পুড়িয়ে দেওয়া হল, তাতেও তো কংগ্রেসীদের হাত ছিল না। এই ঘটনা তো নিত্যনৈমিত্তিক ঘটছে, অথচ গ্রামাঞ্চলে গিয়ে নেতারা ভিন্ন কথা বলেন—সহ্য করা যায় না, এর একটা মোকাবিলা করতেই হয়। কিন্তু অ্যাসেমব্লীতে এসে দেখি তাঁরাই আবার অন্য কথা বলেন। বলেন ওটা বলা চলে না, আমরা ঠিক আছি, আমরা মিলে মিশে আছি, রয়েছি এবং থাকবোও। খবরের কাগজে মন্ত্রিমহাশয়দের বক্তৃতা ছাপা হয়, কিন্তু পরের দিন এসে বলেন ওটা বুর্জোয়া সংবাদপত্র, যা লিখেছে ভুল লিখেছে, আমরা এর প্রতিবাদ জানাই। ঘটনাগুলি হচ্ছে এইভাবে যে গ্রামাঞ্চলে ভিন্ন ভিন্ন গ্রামে গিয়ে নেতারা যে বক্তব্য রাখেন অ্যাসেমব্লীতে এসেই আবার অন্য কথা বলেন। যখন আমরা এই সব কথা তুলে ধরি তখন ও'রা বলেন আমরা নাকি চক্রান্ত করছি, যুক্তফ্রন্ট ভাঙবার অভিসন্ধি করছি। এই সব কথাই বলা হয়। এই থেকে এটাই বুঝতে পারা গেছে, জানতে পারা গেছে তাদের রয়েছে গদির প্রতি মোহ। সুতরাং যা কিছুই হোক, গ্রামের লোক মারা যাক নির্বাচনের সময় যাদের ভাল করবেন বলেছিলেন, সুখ-স্বাচ্ছন্দ্য দেবেন বলেছিলেন তাদের সেখানে গিয়ে এখনও রুচিপূর্ণ বক্তব্য বলে আসেন, আর এখানে এসে তারা অন্য বক্তব্য রাখেন যুক্তফ্রন্টে আমরা মিলে মিশে আছি, অসুবিধা কিছুই নাই। এর পেছনেও রয়েছে সেই গদি। কাজেই আমি বলি, গদি এদের স্বর্গ গদিই এদের ধর্ম অন্য কিছু ওদের জানা নেই। তাই অধ্যক্ষ মহাশয়, আমরা যখন ঘটনার কথা বলি তখন চক্রান্তের কথা উঠে। আপনি জানেন গত শুক্রবার দিন অ্যাসেমব্লী হয়ে যাবার পর বার হয়ে যাচ্ছিলাম এখানকার স্পেশাল বাসে করে। বাস বেরোতে যাবে হঠাৎ দেখা গেল গেট বন্ধ হয়ে গেল, এন ভি এফ সদস্যরা প্রতিবাদ জানাতে এসেছে, তারা এক দিকে যুক্তফ্রন্টএর জয়ধ্বনি করছে, অন্য দিকে বলছে অজয় মুখার্জির এক নাম—বেইমান—বেইমান। অজয় মুখার্জির মুণ্ডু চাই, বলি এসবও কি কংগ্রেসের চক্রান্ত আমাদের বন্ধুরা একথাই বোধ হয় বলবেন।

(At this stage the House was adjourned for 15 minutes

(After adjournment)

[3-15 to 3-25 p.m.]

**Shri Siddhartha Sankar Ray:**

মাননীয় স্পীকার মহোদয়, আমাকে এইমাত্র বাড়ী থেকে টেলিফোন করে জানান হলো আমার বাড়ীতে অনেক পুলিশ পাঠানো হয়েছে। আপনি তো জানেন স্যার, আমাদের পাড়ার লোক পুলিশ পছন্দ করেন না। আপনি বলুন মন্ত্রীদের আমার বাড়ী থেকে যাতে পুলিশ তাঁরা তুলে নেন। সাধারণ লোক যেখানে পুলিশ প্রোটেকশন পাচ্ছেন না, সেখানে আমার পুলিশ প্রোটেকশন-এর প্রয়োজন নাই। আপনি ওঁদের দয়া করে বলুন পুলিশ তুলে নিন। আপনি তো জানেন আপনার পাড়া আমার পাড়া একই পাড়া। সেখানকার মানুষ পুলিশ পছন্দ করেন না। আপনি মন্ত্রিমহাশয়কে বলুন পুলিশ তুলে নেবার জন্য।

**Mr. Speaker:** Mr. Ray, I will convey your views to the Minister concerned.

**Shri Jamini Bhusan Saha:**

প্রোটেকশন তো ও'দের দেওয়া হয়।

**Shri Ram Chatterjee:**

মাননীয় স্পীকার মহাশয়, আমরা দেখেছি পুলিশ প্রোটেকশন ও'দেরই দরকার, ও'দের যে সময় রাজত্ব ছিল ও'রা সব সময় পুলিশ নিয়ে ঘুরতেন। সেই জন্য পুলিশ প্রোটেকশন চাই না—এটা ঠিক কথা নয়। উনি যদি এখন পুলিশ প্রোটেশন না চান, তাহলে সরকার জোর করে কি করবেন? কিন্তু সরকারের কাছে বিরোধীদলও যে রকম, সরকারও সেই একই রকম। সেই জন্য সরকার ভেবেছিলেন বিরোধী দলের নেতার কিছু হয়, যার জন্য আগে থেকে এই ব্যবস্থা করা। সাধারণ লোকের অতখানি লাগছে না, যতখানি অসাধারণ লোকের লাগে। সরকারকে আপনি লিখবেন বা বলবেন।

(এ ভয়েস: সে সময় নাই।)

সরকারের ভেবে দেখবার দায়িত্ব রয়েছে। কাজেই আপনারও যেমন দায়িত্ব আছে, সরকারেরও তেমনি দায়িত্ব রয়েছে। যেহেতু আপনি বিরোধী দলের নেতা।

## General discussion on budget for 1969-70

**Dr. Sunil Kumar Mitra:**

মাননীয় স্পীকার মহাশয়, বাজেটের উপর আলোচনার আজ তৃতীয় দিন। কয়েকদিন ধরে এই বাজেট নিয়ে যে আলোচনা সমালোচনা হয়েছে তা আমি মনোযোগ দিয়ে শুনেছি। এ সম্বন্ধে কিছু বলার আগে আপনার মাধ্যমে অত্যন্ত বিনীতভাবে এই প্রশ্ন রাখতে চাই—বিরোধী দলের নেতারা ও বন্ধুদের কাছে তাঁরা এই বাজেট বিবৃতি দু চোখ খুলে দেখবার ও বুঝবার চেষ্টা করেছেন কিনা? হয় তাঁরা সেটা বুঝতে পারেন নি, আর না হয় বুঝেও ন্যাকা সাজছেন। প্রথম প্রশ্ন হলো এই বাজেটের প্রথম দিনের প্রথম বক্তা বিরোধী দলের ডেপুটি লীডার আবদুল সাত্তার সাহেব চ্যাঁচাতে লাগলেন ঘাটতি বাজেট, ঘাটতি বাজেট। আমরা তো শুনে অবাক হয়ে গেলাম। একটু দুঃখ লাগলো, একটু করুণাও হলো তাঁর জন্য। এতদিন ধরে তো ওঁদের মুখ থেকে শুনে এসেছি ঘাটতি বাজেট। গত ২১ বছরের শাসন কালে তাঁরা ঘাটতি বাজেট রাখেন নাই? সে কথা কি তিনি অস্বীকার করতে চান? আজ আমাদের মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী যে ঘাটতি

বাজেট রেখেছেন, তার কারণও তিনি অতি সুন্দরভাবে তাঁর বাজেট বক্তৃতার মধ্যে বিবৃত করেছেন। রাজস্ব আয় কিছু কমে যাচ্ছে। তার কারণ হচ্ছে ৩ একর পর্যন্ত জমির মালিকদের খাজনা মকুব করা হবে। দীর্ঘ কংগ্রেসী শাসনে তা তাঁরা করতে পারেন নাই। এটা গরীব কৃষক স্বল্পবিত্তদের মুখ চেয়ে করা হয়েছে। অন্যদিকে রাজস্ব ও ব্যয়ও বেড়ে যাচ্ছে। তার কারণ হচ্ছে সরকারী কর্মচারীদের কেন্দ্রীয় হারে মহার্ঘভাতা বৃদ্ধি। এটা কি অন্যায় করা হয়েছে? উত্তর-বঙ্গে, বন্যা ও পরিকল্পনার ব্যয় বৃদ্ধি এবং সর্বোপরি কেন্দ্রীয় ঋণ ও তার সুদ। আমরা এত-দিন ধরে এত কথা বিরোধী দলের মুখ থেকে শুনে আসছি। কিন্তু কেন্দ্রীয় ঋণ ও তার সুদের বোঝা অন্যায়ভাবে একটি রাজ্যে চাপিয়ে দিয়ে তার অর্থনীতিতে একটা ওলটপালট এনে দেওয়ার বিরুদ্ধে তো একটা কথাও তাঁদের মুখ থেকে শুনতে পেলাম না। এই সুদখোরী কারবার, মহাজনী কারবার কেন্দ্রীয় সরকার যে আমাদের উপর চালিয়ে যাচ্ছেন, তার বিরুদ্ধে তো কোন কথা তাঁদের মুখ থেকে শুনতে পেলাম না?

এই যে মর্মান্তিক অবস্থা ২১ বছর ধরে স্বাধীনতার পরে আমরা দেখতে পাচ্ছি এতে সত্যিই আমাদের লজ্জা বোধ করতে হয়। স্যার, কি তাজ্জব ব্যাপার দেখুন। রাজ্যের উন্নয়নমূলক কাজ করবার ভার রাজ্যসরকারের আর এখানকার যে উৎপাদন বা সম্পদ তার মোটা অংশ নিয়ে নেবে কেন্দ্রীয় সরকার। আর তার থেকে একটা সামান্য অংশ তারা আমাদের দেবে কেন্দ্রীয় ঋণ হিসাবে, সেই ঋণের উপর চড়া হারে সুদ দিতে হবে। এটা একটা হাস্যকর ব্যাপার, আসুন আমরা সকলে মিলে একযোগে এর বিরুদ্ধে আন্দোলন করি, সংগ্রাম করি। স্যার, আমরা দেখছি তা না করে আজকে নেপালবাবুরা জলাতঙ্ক ও কেন্দ্রীয় রোগ প্রভৃতি বাজে ও মিথ্যা কথা বলে সাধারণ মানুষকে ভাঁওতা দিতে চাইছেন। তারা ভুলে গেছেন যে এইভাবে চললে তারা ১৯৭৪ সালে নিশ্চিহ্ন হয়ে যাবেন, ধুলোয় মিশে যাবেন। তারপর স্যার, আজকে ল অ্যান্ড অর্ডার নিয়ে ও'রা খুব হৈ চৈ করছেন, ও'রা বলছেন যে পুলিশ খাতে আমরা টাকা বাড়িয়েছি। কিন্তু মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে ওপক্ষের বন্ধুদের ১৯৫৯ সালের কথা স্মরণ করিয়ে দিতে চাই। স্যার, সেদিন আমরা রাজভবনের সামনে দেখেছি যে লক্ষ লক্ষ নিরস্ত্র মানুষ যখন খাদ্যের দাবিতে জমায়েত হয়েছিল তখন ঐ কংগ্রেস সরকারের পুলিশ তাদের চারিদিক থেকে ঘিরে তাদের উপর অকথ্য অত্যাচার চালিয়েছিল। স্যার, সেদিন যে নির্মম অত্যাচার তারা চালিয়েছিলেন সেকথা কি তারা আজকে ভুলে যাবেন। মনে নেই, তিন দিন ধরে সেই রাস্তার উপর আমরা শবদেহ দেখেছি, মনে নেই, প্রফুল্ল সেনের আমলে তিন দিন ধরে কোলকাতার বুকের উপর রায়টের কথা, যাতে বিভিন্ন পল্লি অঞ্চল জ্বলে পুড়ে ছারখার হয়ে গিয়েছিল? স্যার, ওরাও পুলিশ খাতে টাকা বাড়িয়েছিলেন, কিন্তু তফাতটা কোথায়? তফাতটা হচ্ছে, ওরা পুলিশ খাতে টাকা বাড়িয়েছিলেন পুলিশকে বড়লোক, জমিদার, জোতদার, মালিকদের দরোয়ান হিসাবে ব্যবহার করতে আর আমরা পুলিশ খাতে টাকা বাড়াতে চাই কৃষক, শ্রমিক ও সাধারণ মধ্যবিত্তের ন্যায়সঙ্গত বাঁচার অধিকারকে ও তাদের গণতান্ত্রিক আন্দোলনকে রূপদানে সহায়ক হতে। স্যার, আজকে যারা ল অ্যান্ড অর্ডার নিয়ে হৈ চৈ করছেন তাদের আমি বিগত দিনের ইতিহাস খুলে দেখতে বলি। ভূমি দখল নিয়ে নানান কথা ও'রা আলোচনায় রেখেছেন। আমি ও'দের আবার পুরোনো দিনের ইতিহাস স্মরণ করতে বলে বলি যে কংগ্রেস আমলেই প্রশান্ত মহলানবীশ কমিটির রিপোর্ট বলেছেন যে গ্রামাঞ্চলে ধনী শ্রেষ্ঠী—তারা শতকরা ১০ জন ভোগ করছেন ৫৮ ভাগ জমি, ৫ জন ভোগ করছেন ৪১ ভাগ আর ১ জন ভোগ করছেন ১৬ ভাগ জমি। একটু আগে মাননীয় বক্তা নারায়ণবাবু বলে গেলেন যে তারা সমাজতন্ত্র প্রতিষ্ঠা করেছেন, গণতন্ত্রকে রক্ষা করেছেন, আমি জিজ্ঞাসা করি এই কি তাদের গণতান্ত্রিক সমাজবাদের নমুনা। এর পর গতদিন ডঃ জয়নাল আবেদিন সাহেব বিকট চিৎকার করে বলেছেন যে তারা নাকি জমিদারীপ্রথা উচ্ছেদ করেছেন, সেটাকে কাজে রূপদান করেছেন। আমি তাই ওদের আবার পুরানো দিনের কথা স্মরণ করে বাজেট আলোচনায় নামতে অনুরোধ করি। স্যার, এরপর আমি স্বাস্থ্য খাতের বিষয়ে কয়েকটি কথা বলতে চাই। গত দিন ডঃ জয়নাল আবেদিন সাহেব যা বলেছেন তার সাথে সুর মিলিয়ে আমি বলতে চাই যে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী পানীয় জলের

যে ব্যবস্থা করেছেন দু'টি সিংকিং আর দু'টি রিসিংকিং তিনি অ্যালট করেছেন। স্যার, আমার কেন্দ্রের যে দুরবস্থা তার প্রতি দৃষ্টি দিলেই গোটা পশ্চিমবাংলার চিত্র উদ্ঘাটিত হবে বলে আমি মনে করি। আমার কেন্দ্র হাওড়া জেলার একবালপুর কেন্দ্র। ঐ কেন্দ্রে গত দু' বছর ধরে বিস্তীর্ণ এলাকা বন্যার জলে প্রায় ২।৩ মাস পড়ে ছিল। প্রায় ১২৭টি টিউবওয়েল আজকে সেখানে চোক্‌ড অবস্থায় পড়ে আছে। এখন এর ভেতরে থেকে যদি রিসিংকিং-এর দু'টিকে খুঁজে বার করতে হয় তাহলে তার থেকে বেদনাদায়ক আর কিছু হতে পারে না। আমি তাই মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে বলব যে স্বাস্থ্য খাতে যে টাকা বরাদ্দ করা হয়েছে তার সীমিত গণ্ডির ভেতরে এই পানীয় জলের ব্যবস্থা করা দরকার। সরকার তার নীতি হিসাবে এটা ঠিক করেছেন যে প্রতি ৪০০ জন লোক প্রতি একটা টিউবওয়েল। এটা যাতে তাড়াতাড়ি তদন্ত করে করা হয় সেদিকে দৃষ্টি দেওয়া দরকার। আজ স্বাধীনতার ২২ বছর পরে সাধারণ মানুষকে যাতে পুকুরের নোংরা জল না খেতে হয় তার দিকে আমি আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় দৃষ্টি দেবেন। তারপর স্যার, আমি শিক্ষার বিষয়ে কিছু বলতে চাই। আমার মাননীয় বিরোধী দলের বন্ধুরা প্রায়ই বলেন যে শিক্ষার মান উন্নয়ন করেছি, চতুর্দিকে স্কুল কলেজ ইত্যাদি স্থাপন করে দিয়েছি। আমি শুধু স্যার, আপনার মাধ্যমে এইটুকুই নিবেদন করতে চাই যে যাঁরা শিক্ষক, যাঁরা শিক্ষা দেবেন আর ছাত্র যারা শিক্ষা নেবে তাদের মানসিক প্রস্তুতি যদি গড়ে তুলতে না পারি তাহলে শিক্ষার মান উন্নয়ন কোথা থেকে হবে।

আমরা দেখি যখন শিক্ষক ক্লাশে তাদের ছাত্র পড়াতে যাচ্ছে—যদি তার বাড়ীতে আমরা যাই তাহলে দেখতে পাবো তার ছেলে বাড়ীতে টাইফয়েড রোগে ভুগছে। পয়সার অভাবে চিকিৎসার ব্যবস্থা করতে পারে না, পথ্যের ব্যবস্থা করতে পারে না। তাহলে তারা কি মন নিয়ে ছেলেদের লেখাপড়া দান করবেন? ছাত্ররা যখন পড়াশুনা করতে ক্লাশে আসবে তখন তাদের পড়াশুনার যে বই দরকার, সেই বই যদি না দেওয়া হয় এবং যদি সে না পড়তে পারে তাহলে তাদের কোথা থেকে জ্ঞান আসবে? তাই আমাদের সরকার নূতন ভাবে বৈপ্লবিক চিন্তাধারায় এতদিন ধরে কংগ্রেস সরকার যা চালিয়ে এসেছিলেন তার পরিবর্তন করে নূতন আইন সৃষ্টি করতে যাচ্ছেন আগামী ৫ বছরের মধ্যে। আমি কৃষি সম্বন্ধে কয়েকটি কথা আপনার কাছে রাখতে চাই। কৃষির ব্যাপারে কংগ্রেস সরকার কয়েক বছর ধরে কোটি কোটি টাকা অ্যালট করেছিলেন। কিন্তু আমরা কোথায়? আমরা যেই তিমিরে, সেই তিমিরেই আছি। তাই আজ আমাদের সরকার এই বিষয়ে চিন্তা করতে আরম্ভ করেছেন। এই সীমিত বাজেটের মধ্যে থেকে সেচের উন্নতি করতে, সময় মত কৃষককে বীজ, সার ইত্যাদি দিয়ে বৈজ্ঞানিক পন্থায় চাষ করার জন্য আগামী ২।৩ বছরের মধ্যে ২।৩টি ফসল ফলিয়ে যাতে দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করা যায় তার চেষ্টায় আমাদের সরকার ব্রতী হবেন। মাননীয় স্পীকার, স্যার, তাই আমি বলব যে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী যে বাজেট এনেছেন সেই বাজেটকে আমি সম্পূর্ণ সমর্থন করি এবং বিরোধী দলের বন্ধুদের বলব যে তাঁরা যেভাবে সমালোচনা করতে চলেছেন, তাঁদের সেই সমালোচনার দিকে তাঁরা একটু তাকিয়ে দেখুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-25 to 3-35 p.m.]

**শ্রীঅনাদি দাস:** মিঃ স্পীকার, স্যার, আজকে এখানে মুখ্যমন্ত্রী মহাশয় যে বাজেট উত্থাপন করেছেন আমি সেই বাজেটকে সর্বান্তঃকরণে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। স্পীকার স্যার, আমরা এই বাজেটের যে দৃষ্টিভঙ্গী দেখেছি, যে দৃষ্টিভঙ্গী নিয়ে এই বাজেট উপস্থাপিত হয়েছে এর আগে কংগ্রেস আমলে কোনদিন সেই দৃষ্টিভঙ্গী দেখতে পাই নি। এই দৃষ্টিভঙ্গী আছে বলে এবং আমরা সেই দৃষ্টিভঙ্গীর অংশ বলে, যদিও আমাদের তাঁরা যুক্তফ্রন্ট সরকার থেকে বহিষ্কার করেছেন, কিন্তু তবুও এটা জানা সত্ত্বেও যুক্তফ্রন্ট সরকারের নামে কাজ করে চলেছি এবং যুক্তফ্রন্ট সরকারকে সমর্থন করে যাবো। এই প্রতিশ্রুতি আমরা এই সভায় দিতে পারি। এই কথা সত্য যে আমাদের উপর অনেক ঝামেলা হয়েছে, উত্তরপাড়ায় আমাদের কর্মী প্রহৃত হয়েছেন, পার্টি অফিস ভেঙ্গে চুরমার করে দেওয়া হয়েছে, এমন কি

অফিস থেকে একটা সাইকেল বের করে রাস্তায় ফেলে দেওয়া হয়েছে এবং একটি লরির ড্রাইভারকে বলা হয়েছে যে এর উপর দিয়ে তুমি লরি চালিয়ে যাও। সেই লরির ড্রাইভার অস্বীকার করায় তার উপর ভয় দেখানো হয় এবং জোর করে সেই লরির তলায় সাইকেল ফেলে দেওয়া হয়েছে। এটা জানা সত্ত্বেও আমরা বলছি যে যুক্তফ্রন্ট সরকারের সঙ্গেই থাকতে চাই এবং যুক্তফ্রন্ট সরকারের জন্য আমরা লড়াই করে যাব। যারা আজকে এই কথা বলছেন তাঁরা হয়তো বিস্মিত হতে পারেন, কারণ ও'দের মধ্যে কোন আদর্শ নেই, ভবিষ্যৎ কোন লক্ষ্য নেই। কেমন করে বর্তমান ব্যবস্থা চালু রাখতে হয় সেটা এ'রা জানেন এবং আমরাও জানি। যাই হোক, বাংলাদেশের মেহনতি জনসাধারণের অনেক দুর্গতি হতে পারে, অনেক দুর্ভোগ হতে পারে, কিন্তু কোন দিন না কোন দিন, তারা এর পরিবর্তন করবেই এবং সেই পরিবর্তনের পথে কেউ এগিয়ে এসে যদি ভুল ভ্রান্তি করে তাহলেও তারা সংশোধন করে নেবে। তবে ঐক্যবদ্ধ হয়ে তাদের লড়াই করে যেতে হবে ভবিষ্যতের দিকে লক্ষ্য রেখে। এই বাজেটের মধ্যে আমরা এই প্রথম দেখতে পাচ্ছি যে মুষ্টিমেয় মানুষের বিরুদ্ধে শ্রমজীবী জনসাধারণের কল্যাণের দৃষ্টিভঙ্গী সুষ্ঠুভাবে প্রকাশ পেয়েছে। এখানে পরিষ্কার ভাষায় বলা হয়েছে, আমরা মুষ্টি-মেয় মানুষের উপকারের জন্য সমগ্র সরকারী যন্ত্র প্রয়োগ না করে, শ্রমজীবী জনসাধারণের কল্যাণার্থে তার ব্যবহার করবো। এই কথা এইভাবে তারা কল্যাণার্থে প্রয়োগ করতে যাবে কিনা সেটা অনেক জিনিসের উপর নির্ভরশীল। কিন্তু এর আগে কোন বাজেট জনসাধারণের কল্যাণের জন্য রাষ্ট্র যন্ত্রকে ব্যবহার করবার কথা উল্লিখিত হয় নি। কংগ্রেসীরা ২০ বছর যাবৎ রাজত্ব করেছেন এবং এই পশ্চিমবঙ্গের সরকার চালিয়েছেন। তারা যেভাবে প্রতি বছর বাজেট উপস্থিত করেছেন, তাতে কিন্তু এই কথা বলবার সাহস হয় নি। এই দৃষ্টিভঙ্গীর কার্যকর প্রতিফলন আমরা দেখতে পাচ্ছি এবং তাতে রাষ্ট্র যন্ত্র কি রকমভাবে কাজ করছেন আগে আমরা দেখতে পেতাম না। তবুও মেহনতি মানুষ তাদের অধিকার রক্ষা এবং তাদের দাবী আদায়ের সংগ্রাম করে চলেছে এবং তাতে রাষ্ট্র যন্ত্র সহায়ক সম্পূর্ণভাবে না হতে পারলেও অনেক জায়গায় তারা সহায়ক হচ্ছে, যদিও সরকারী যন্ত্র যতখানি প্রগতিশীল হোক বলে আমরা মনে করি, ততখানি প্রগতিশীল নয়, হতে পারে নি এই কথা ঠিক। তার কারণ আমাদের সীমাবদ্ধ ক্ষমতা। যে বৈষয়িক অবস্থার মধ্যে আমাদের এই বাজেট তৈরী করতে হয়েছে, যে বৈষয়িক ব্যবস্থার মধ্যে আমাদের রাষ্ট্র যন্ত্রকে চালাতে হচ্ছে সেই বৈষয়িক ব্যবস্থার অপসারণ ছাড়া, সেই নীতি দূর না হওয়া ছাড়া এই রকমভাবে এর থেকে বেশী এগোন খুব কষ্টকর ব্যাপার। কাজেই এই কথা কিন্তু মুখ্যমন্ত্রীকে তাঁর বাজেটের মধ্যে পরিষ্কার করে বলতে হয়েছে যে ব্যবস্থার মধ্যে চরম দারিদ্র্য এবং যেখানে অধিকাংশ নরনারী দু'বেলা পেট ভরে খেতে পায় না, সেই ব্যবস্থায় টিকে থাকবার নৈতিক অধিকার নেই, সেই ব্যবস্থা বৈপ্লবিক পরিবর্তনের দাবী করে এবং সেই বৈপ্লবিক পরিবর্তন কিভাবে আসবে তার পরীক্ষা-নিরীক্ষা চলছে, তাতে যদি কোন দল বা কোন ব্যক্তি তার সঙ্গে যুক্ত না থাকতে পারেন, সেই জনতার আন্দোলনের সঙ্গে যুক্ত থাকতে এগিয়ে না যেতে পারেন তাহলে তিনি বিচ্ছিন্ন হয়ে পড়বেন, এই বিষয়ে নিঃসন্দেহ। যারা এগিয়ে যেতে চান তারা অন্যাদের যতই ভুল ভ্রান্তি থাকুক না কেন তারা জনতার সঙ্গে থেকে জনতার এই আকাঙ্খাকে পূরণ করবার জন্য নিশ্চয়ই চেষ্টা করে চলবেন এবং সেই জন্য আমরা এই যুক্তফ্রন্টের সঙ্গে যুক্ত আছি। আমরা জানি অনেকে পেছিয়ে পড়বে। এই নৈতিক অধিকার থেকে বঞ্চিত করবার জন্য আজও কংগ্রেস তার কাজ করে চলেছে। এই পরিবর্তনকে রোখার জন্য তারা তাদের আর্থিক, সামাজিক, রাষ্ট্রিক ক্ষমতাকে এতদিন ধরে প্রয়োগ করে চলেছে এবং আজকে ক্ষমতা না থাকাতে চক্রান্ত করে চলেছে। দিল্লীতে কি হচ্ছে দেখতে পাচ্ছি, আমেরিকার সঙ্গে কিভাবে হাত মেলানো হচ্ছে। আজ খবরের কাগজে বেরিয়েছে যে খুদে হোয়াইট হাউস দিল্লীতে হতে চলেছে, আমেরিকা থেকে প্রতিনিধি আসবেন বলে। এই সমস্ত চক্রান্ত চলছে, আমাদের বৈষয়িক ব্যবস্থা যা আছে তাতে ধনীকের ধন বৃদ্ধি হয় এবং দরিদ্রকে আরও দরিদ্র করে ফেলে। সেটা বজায় রাখার জন্য সেই নিষ্পেষনকে বজায় রাখার জন্য আমরা দেখেছি যে ১৯৬৭ সালের নির্বাচনের দিন আমাদের কমরেড পানু দলুইকে এই কংগ্রেসীরা হত্যা করেছিল, সেই ১৯৬৭ সালে আমাদের আরও কমরেডকে হত্যা করবার চেষ্টায় আহত করা হয়েছিল, এই-সব তারা করে চলেছেন এবং আজও তা করে চলেছেন। কিন্তু আমরা জানি এই শত অত্যা-

চারেও এই পরিবর্তনকে রোখা যাবে না, যেমনভাবে এই কংগ্রেস সরকারকে তারা বজায় রাখতে পারেন নি। কিন্তু কিভাবে সেই পরিবর্তন হবে সেটা লক্ষ্যনীয়, বিপ্লবের মারফৎ হবে কিনা, রক্তাক্ত বিপ্লবের প্রয়োজন আছে কিনা সেটা ঐ কংগ্রেস এবং নির্বাচনী প্রতিক্রিয়াশীল তাদের কাজের ফলে সেটা নির্ধারিত হবে। এই কথা এই বাজেটের মধ্যে প্রচ্ছন্নভাবে উল্লিখিত আছে। তাতে বলা হচ্ছে যে কঠিন অর্থনৈতিক অবস্থার ক্রম বিবর্তনের পথে পুঞ্জীভূত চাপ এবং সামাজিক পরিবর্তন মানিয়ে নেবার মত নমনীয়তা থাকে না স্বল্পস্থায়ী ভিত্তিতে, সেই ব্যবস্থা যত শক্তিশালী হোক তার অবলুপ্তির বিপদ সবচেয়ে বেশী। আজ ওরা মনে করতে পারেন যে বাংলায় আমরা আবার ফিরে আসবো, তার কোন সম্ভাবনা আর কোন কিছু নেই। আমরা যারা এই মিলের মালিক, জমিদার, জোতদার, বড় বড় ব্যবসায়ী এই সমস্ত ক্ষমতা তাদের হাতে আছে, তারা মনে করেছে যে আমরা খুব শক্তিশালী, কিন্তু যতই শক্তিশালী আপাতদৃষ্টিতে হোক না কেন, তবুও এই শক্তি দিয়েও নিজেদের রক্ষা করতে পারবে না। আমরা বাইরে থাকতাম। কিন্তু এটা হতে পারে না। তার কারণ আমরা জানি আমাদের ভবিষ্যৎ আছে, ভবিষ্যৎ আদর্শ আছে। আজকে যা কিছু হোক, কালকে সংশোধন হবে, সংগ্রামের পথে মিলিত হব। সংবিধানের পথে চলেছি, তার পথে নানা রকম জঞ্জাল এসেছে এবং সেই জঞ্জালের ফলে আমাদের বিপ্লবের আন্দোলন থেকে দূরে থাকতে হচ্ছে এবং এই আন্দোলনের পথেই সংগ্রামী মানুষ মিলিত হবে এবং আজকে যাঁরা নেতৃত্বে আছেন, তাঁরা যদি সংগ্রাম থেকে বিরত হন, তাঁদের ঝেঁটিয়ে বিদেয় করে দেবে। এই কথা বলে এই বাজেট আমি সমর্থন করছি।

[3-35 to 3-45 p.m.]

**শ্রী কে, এম, ইশাক:** স্যার, অন এ পয়েন্ট অফ পারসোন্যাল এক্সপ্লানেশন। আমি মেনশন করবার সময় বলেছিলাম যে, মহিম মুখার্জি মারা গিয়েছেন। পরে জানলাম তিনি মারা যান নি। আই অ্যাম ভেরি সরি দ্যাট আই মিসলেড দি হাউস। তিনি মারা যান নি। কিন্তু তিনি সংকটাপন্ন অবস্থায় আছেন।

**শ্রীহারুন অর রসিদ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী ১৯৬৯-৭০ সালের যে বাজেট এখানে পেশ করেছেন সেই বাজেট আলোচনায় অংশ গ্রহণ করতে গিয়ে আমি সেই বাজেটের সমালোচনা করছি। তিনি এই যে বাজেট পেশ করেছেন সেই বাজেট সম্পূর্ণ নৈরাশ্যজনক। সম্পূর্ণ ঘাটতির ঝুঁকি নিয়ে তিনি যে বাজেট এনেছেন, সেই বাজেটে জনসাধারণের কল্যাণের তাদের বিভিন্ন সমস্যার সমাধানের কোন ইঙ্গিত দেখতে পাচ্ছি না। নূতন করভার তাদের জর্জরিত করবে, এই আশংকা আজ পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলের সকলকে আতঙ্কিত করেছে। এই বাজেটে দেখান হয়েছে যে রাজ্যের কর্মচারীদের কেন্দ্রীয় কর্মচারীদের হারে মহার্ঘ ভাতা দিতে গিয়ে ৯ কোটি টাকা অতিরিক্ত খরচ হচ্ছে। রাজ্য কর্মচারীদের ভাতা যে বৃদ্ধি হয়েছে তাতে আমরা খুব আনন্দিত। কারণ তাদের বর্ধিত হারে কেন্দ্রের সমপর্যায়ের ভাতা দেওয়া খুবই দরকার। কিন্তু বড়ই দুঃখের বিষয় যে, এই পশ্চিমবঙ্গে বহু শিক্ষিত যুবক বেকার হয়ে বসে আছে। তাদের অন্ন সংস্থানের কোন ব্যবস্থা করা হয় নি, তাদের বেকার ভাতা দেওয়া হবে কিনা জানি না, সে বাবদ কোন বরাদ্দ এই বাজেটে করা হয় নি। যুক্তফ্রন্ট সরকার গদীতে বসেই জনসাধারণের কাছে বাহবা পাবার জন্য আমাদের পরিবহন মন্ত্রী জনাব রসুল সাহেব আমাদের এই হাউসে নিছক করতালি পাবার আশায় প্রথমেই ট্রামের ভাড়া দু পয়সা করে কমিয়ে দিলেন। কিন্তু এই বাজেটে দেখলাম সেই ট্রাম কোম্পানীকে রক্ষা করবার জন্য এই সরকারের পক্ষ থেকে তাদের ঋণদান করতে বাধ্য হচ্ছেন। অথচ আমাদের দেশের গরীব চাষী, জোয়ান মজুর, তারা আজকে খেতে পাচ্ছে না, এখনও এগ্রিকালচার আরম্ভ হয় নি, মরশুমে না আসার জন্য তারা অর্ধাহারে অনাহারে জীবন-যাপন করছে। তাদের ইলেকসানের সময় বলেছিলাম, তোমরাই দেশের রাজা, আমরা দেশের প্রতিনিধি। তাদের

[.]যোগ সুবিধা, দুঃখ দুর্দশার দিকে নজর রাখা দরকার। এই যে অনাহারে অর্ধাহারে তারা দিন [.]পন করছে, কিন্তু সেদিকে আমরা লক্ষ্য দিতে পারছি না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বড় দুঃখের বিষয় যে ১৯৫০ সাল থেকে ১৯৬৪ সাল পর্যন্ত [.]ভিন্ন অঞ্চলে দাঙ্গা-হাঙ্গামার ফলে বহু মুসলমান পরিবার তাদের জমিজমা হারিয়েছে, তাদের [.]প-দাদার ভিটেমাটি থেকে হটিয়ে দিয়ে তাদের সম্পত্তি থেকে বঞ্চিত করা হয়েছে। এই ক্ষতি [.]রণ দেবার জন্য বাজেটে কোন বরাদ্দ দেখতে পাচ্ছি না। আমি হোমস্টেড ল্যান্ড অ্যাকুইজিসন [.]লে অংশ গ্রহণ করে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ করেছিলাম এবং বলেছিলাম যে [.]স্বাভাবিক অবস্থায় জমিটমিগুলি দখল হয়ে গেছে সে সম্বন্ধে বিবেচনা করবেন। কিন্তু সেই [.]বেচনা করবেন কি না করবেন এই বাজেটে সেটা দেখতে পাচ্ছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, [.]৯৫০ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত এই ২০ বৎসর কেবলমাত্র কলকাতাতেই মুসলমানদের ৩০টি মসজিদ অন্য সম্প্রদায়ের হাতে জবর-দখল হয়ে আছে। বড়ই দুঃখের বিষয়, এই সমস্ত [.]সজিদের পবিত্রতা রক্ষা করার জন্য এই বাজেটে কোন বরাদ্দ দেখতে পাচ্ছি না। মাননীয় [.]ধ্যক্ষ মহাশয়, কতকগুলি স্পেসিফিক মসজিদের তালিকা আপনার সামনে তুলে ধরছি-- [.]০ নম্বর দুকু খানসামা লেনে যে মসজিদ ছিল সেই মসজিদে বর্তমানে কর্পোরেশনের মেথররা [.]স করছে। যদিও তাদের থাকবার ঘর আছে। সেই ঘরগুলি তারা ট্রাম কোম্পানীর কর্ম- [.]রীদের ভাড়া দিয়েছে। দুঃখের কথা, সেই অঞ্চলে সি পি আই পার্টি-র যিনি কর্পোরেশন [.]উন্সিলর আছেন, ডঃ কে পি ঘোষ, তিনি একথা জানা সত্বেও এর কোন প্রতিকার করছেন না। [.]মন কি পরিষদীয় মন্ত্রী শ্রীযতীন চক্রবর্তী মহাশয়ও এ সম্বন্ধে অবগত আছেন। ১৭ নম্বর [.]র্টিন বাগান লেনে এখনও একটি মসজিদ ১৯৬৪ সালের সাম্প্রদায়িক দাঙ্গা-হাঙ্গামার পর [.]ফিউজিরা দখল করে নিয়ে বাস করছে। আশ্চর্যের বিষয়, কেন্দ্রীয় সরকার এই মসজিদে [.]বাসকারীদের অন্যত্র বসবাস করার জন্য টাকা মঞ্জুর করেছেন। কিন্তু রাজ্য সরকার তাদের [.]ন্যত্র বসবাস করার ব্যবস্থা না করে দেবার জন্য তারা আজ পর্যন্ত সেই মসজিদ ছাড়ে নি। [.] ডবলিউ ডি ডিপার্টমেন্ট থেকে ঐ মসজিদ মেরামত করার ব্যবস্থা হয়েছিল, কিন্তু তারা [.]খান থেকে চলে না যাওয়ায় সেই মসজিদটি মেরামত করা হচ্ছে না। ৭ নম্বর বেলেঘাটা [.]ইন রোডে প্রায় এক বিঘা জমির উপর একটি বিরাট মসজিদ আছে। ঐ মসজিদটিও [.]ফিউজিদের দখলে আছে। তারা উক্ত মসজিদে চোলাই মদের কারখানা থেকে আরম্ভ করে [.]মস্ত প্রকার অসামাজিক কাজ করছেন। সেই মসজিদের পবিত্রতা রক্ষা করার জন্য সরকারের [.]হে বার বার আবেদন করেও আজ পর্যন্ত কোন ফল হয় নি। ১১ নম্বর বেলেঘাটা মেইন [.]ডে একটি সুন্দর বাগানসহ মসজিদ আছে। সরকারের নিকট অনেক আবেদন-নিবেদন [.]রার পর পি ডবলিউ ডি কর্তৃক মেরামতের কাজ করা হয়েছে কিন্তু যে রুমে ইমাম ও [.]য়াজ্জেম থাকতেন সেগুলিও রিফিউজিরা দখল করে বসবাস করছে। তাদের সরিয়ে না দেবার [.]না এই মসজিদে নামাজ পড়ার ব্যবস্থা করা যাচ্ছে না। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই [.]জেটে অংশ গ্রহণ করে একটা বিষয় আপনার কাছে পেশ করবো। বড়ই দুঃখের বিষয় যে [.]মরা মুসলমান সম্প্রদায়, কংগ্রেস আমল থেকে যে ব্যবহার পেয়েছিলাম, আমরা আশা করে- [.]লাম যে যুক্তফ্রন্ট সরকারের কাছ থেকে আরো ভাল ব্যবহার পাবো। একটা ঘটনার উল্লেখ [.]রতে চাই যে, বর্তমান ফুড অ্যান্ড রিলিফ কমিটি বিভিন্ন লেভেল-এ যেটা গঠিত হচ্ছে, তাতে [.]মরা দেখছি যে যুক্তফ্রন্ট সরকার ছোট ছোট পার্টির অধিকার ক্ষুণ্ণ করছে।

তাদের রাজনৈতিক পার্টি বলে স্বীকার করা হচ্ছে না। জানি না রাজনৈতিক পার্টির [.]ফিনিসন কি, কি কি কন্ডিসন পূরণ করলে রাজনৈতিক পার্টি বলে স্বীকার করা যাবে-- [.]গুলি যদি যুক্তফ্রন্ট সরকার আমাদের জানিয়ে দিতেন তাহলে আমরা সুখী হতাম। মাননীয় [.]ধ্যক্ষ মহাশয়, দেগঙ্গা কেন্দ্রে প্রগ্রেসিভ মুসলীম লীগ যুক্তফ্রন্টকে ৬৪১৫ ভোটে এবং কংগ্রেসকে [.]য় ১২,০০০ ভোটে ডিফিট দিয়েছে কিন্তু বড় দুঃখের বিষয় সেখানে প্রগ্রেসিভ মুসলিম [.]লীগকে অপারেটিং পার্টি বলে স্বীকার করছেন না অথচ বলশেভিক পার্টিকে সেখানকার [.]পারেটিং পার্টি বলে স্বীকার করা হচ্ছে যদিও সেই বলশেভিক পার্টির একটি মেম্বারও এই [.]সেম্বলীতে নেই। এই বলে আমি বক্তব্য শেষ করছি।

[3-45 to 3-55 p.m.]

**শ্রীনিতাইপদ সরকার:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমাদের মুখ্যমন্ত্রী অর্থমন্ত্রী যে বাজেট এখানে উপস্থিত করেছেন তাকে আমি পূর্ণভাবে সমর্থন করছি, সঃ করছি এই কারণে যে এই বাজেটে একটা নূতন দৃষ্টিভঙ্গী উত্থাপিত হয়েছে, যে দৃষ্টিভঙ্গ আমরা পাচ্ছি যে কেন্দ্রীয় সরকার এবং কেন্দ্রীয় কংগ্রেসী নেতৃবৃন্দ আয়কর এবং সম্পদ অন্যান্য বিষয় যেভাবে কেন্দ্রীভূত করছেন এবং কেন্দ্রীয় কংগ্রেসী সরকারের হাতে সমগ্র ক্ষ যেভাবে আত্মসাৎ করে নিচ্ছেন তার বিরুদ্ধে একটা সংগ্রামের ইঙ্গিত এর মধ্যে রয়েছে। তা ছ এই বাজেটে আমাদের গ্রামের মানুষের, সহরের মানুষের, মেহনতী মানুষের সুখ দুঃখের আশা আকাঙ্খার কথা এবং তাদের জীবনের মান উন্নয়নের প্রতিশ্রুতি এই বাজেটের রয়েছে। আমরা দেখেছি কৃষকের সেচের ব্যবস্থা, সারের ব্যবস্থা, বীজের ব্যবস্থা এবং উ ধরনের চাষ যাতে তারা করতে পারে, খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা যাতে আসতে পারে তার প্রতিশ্র এই বাজেটের মধ্যে আছে। শ্রমিকদের জীবনে উন্নতি করবার প্রস্তাবও এর মধ্যে রয়েছে। ছাড়াও সরকারী কর্মচারী, শিক্ষক এবং অন্যান্য সম্প্রদায়ের মানুষের জীবনে কিছুটা সুবিধা বিধানের কথা এর মধ্যে আছে। সেই সমস্ত কারণগুলির জন্য আমি এই বাজে আন্তরিকভাবে সমর্থন জানাচ্ছি এবং একে অভিনন্দন জানাচ্ছি। সংগে সংগে আমি আপ মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই যে, আমাদের বাংলাদেশের প্রতি যে অন্যায় অবিচার কে সরকার এতদিন ধরে করে চলেছেন তারজন্য আপনার মাধ্যমে আমি একটা বিষয়ের প্রতি অকর্ষণ করছি—সেটা হল আপনি জানেন যে আয়করের একটা বিশেষ ব্যবস্থা আছে মাধ্যমে প্রচুর অর্থ কেন্দ্রীয় সরকার হস্তগত করেন অথচ তার বণ্টনের বেলায় অনেক বৈষম্য হয়। তা ছাড়াও অন্যান্য করের বিষয়েও নানা ধরনের বৈষম্য আমাদের কেন্দ্রীয় সরকা ব্যবস্থার মধ্যে আছে। এই বৈষম্য সম্পর্কে আমি আপনার মাধমে এই হাউসে উল্লেখ ক চাচ্ছি যে এখানে কংগ্রেসী সদস্যরা ভুলে গেছেন হয় তো যে তাদের আগেকার অর্থমন্ত্রী এই বৈষম্যের কথা বলে গেছেন, যদিও আন্দোলনের পর্যায়ে বা সংগ্রামের পর্যায়ে তাঁরা পারেন নি কিন্তু বৈষম্যের বিষয়ে তাঁরা উল্লেখ করেছিলেন এই হাউসে বাজেটের মাধ্যমে। শৈলবাবু বা শংকরদাসবাবু এখানে নেই, তাঁদের বাজেট বক্তৃতা উল্লেখ করে এখানে দেখাতে যে আয়কর সম্বন্ধে এই যে বৈষম্য রয়েছে এই বৈষম্যের কথা তাঁরাও স্বীকার করেছিলেন কোন আন্দোলন বা তার বিরুদ্ধে কার্যকরী ব্যবস্থার কথা তাঁরা বলতে পারেন নি অতুল্যবাবুর ব্যক্তিগত স্বার্থে তাঁরা কেন্দ্রীয় কংগ্রেস সরকারের বিরুদ্ধে লড়তে পারেন কাজেই এই সমস্ত বৈষম্যের কথা তাঁদেরও বলা উচিত ছিল—তাহলে আমরা তাঁদের ধন্য জানাতাম।

এখানে শ্রীশংকরদাস ব্যানার্জি ১৯৬৩-৬৪ সালে যে বাজেট উপস্থিত করেছিলেন হাউস-এর সামনে সেই বাজেটে তিনি দেখিয়েছেন—প্রথম অর্থ কমিশন সুপারিশ করেছি যে, রাজ্যসমূহের আয়করের অংশ আদায়ের জন্য ২০ শতাংশ এবং জনসংখ্যার জন্য ৮০ শত এই ভিত্তিতে ধার্য হওয়া উচিত। দ্বিতীয় অর্থ কমিশন স্থির করলেন যে, জনসংখ্যার ৯০ শতাংশ এবং আদায়ের জন্য ১০ শতাংশ এই ভিত্তিতে বিভাজন হইবে। তৃতীয় কমিশন যখন বিষয়টি পরীক্ষা করলেন, তখন অবস্থার যথেষ্ট পরিবর্তন হইয়াছে। আয় আইন সংশোধনের ফলে কোম্পানীসমূহ কর্তৃক প্রদত্ত আয়কর এখন কর্পোরেশন করব শ্রেণীভুক্ত হয়। ফলে এ যাবৎ রাজ্যসমূহের মধ্যে বিভাজিতব্য আয়করের হিসাব হইতে বাদ পড়ে। নিম্নলিখিত সংখ্যাগুলি হইতে এই সংশোধনের ফল স্পষ্ট হইবে। আগে সম করগুলি একসংগে ছিল। কোম্পানীগুলিকে এই করের থেকে বাদ দেওয়া হয় এবং কর্পো রেশন কর বলে আলাদা কর কেন্দ্রের হাতে জমা পড়ে। এর ফলে একটা বিরাট অংকের থেকে বাংলাদেশ বঞ্চিত হচ্ছে। ১৯৫৮-৫৯ সালে যেখানে কর্পোরেশন কর ৫৪ কোটি ৭ টাকা ছিল তখন সেখানে আয়কর ছিল ১৩৭ কোটি টাকা। ১৯৫৯-৬০ সালে কর্পোরে কর বেড়ে ১১৬ কোটি ১০ লক্ষ টাকা যেখানে হল সেখানে আয়কর কমে হল ৯৩ কোটি লক্ষ টাকা। ১৯৬০-৬১ সালে ১৩৫ কোটি টাকা কর্পোরেশন কর হল—যার ভাগ বাংলা

এবং অন্যান্য প্রদেশ পায় না—সেখানে আয়কর যেটার ভাগ আমরা পাব তার পরিমাণ কমে গি হল ৭৪ কোটি ৭ লক্ষ টাকা। অর্থাৎ ১৯৫৮-৬৯ সালে যেখানে আয়কর ছিল ১৩৭ কো টাকা, সেখানে ১৯৬০-৬১ সালে সেটা কমে হল ৭৪ কোটি ৭ লক্ষ টাকা। এবং কর্পোরে কর যেখানে ৫৪ কোটি টাকা ছিল, কোটা বেড়ে ১৯৬০-৬১ সালে হল ১৩৫ কোটি টাক এই কর্পোরেশন কর এখন আরও বেড়েছে। কিন্তু তার ন্যায্য পাওনা আমরা পাচ্ছি না য জন্য আমাদের বাজেটে ঋণ বা অন্যান্য খাতে আমাদের এই রকম ধরণের ঘার্টতির কথা বলা হচ্ছে। কিন্তু যদি আমরা সেই ন্যায্য পাওনা পাই তাহলে আমাদের এই রকম ধরণের ঘার্ট থাকে না। বাংলাদেশের কথা চিন্তা করে এসব কথা আপনাদের বলা উচিত ছিল। বাংলাদেশ যে আপনারা ডুবিয়েছেন সেকথা বলা অন্যায় নয়। "সপ্তাহ" বলে একটি সাপ্তাহিক পত্রিক এক প্রবন্ধকার লিখেছেন বাংলাদেশ আগে শিল্পে প্রথম স্থান অধিকার করে ছিল, কিন্তু প পর ৩টি পরিকল্পনার পর বাংলাদেশের স্থান চতুর্থ হয়ে গেছে। আজ এখানে মহারাষ্ট্র হ প্রথম, গুজরাট দ্বিতীয়, পাঞ্জাব তৃতীয় এবং পশ্চিমবাংলার স্থান চতুর্থ। অর্থাৎ এতদিন যাঁ গদীতে ছিলেন তাঁরা বাংলাদেশকে এমনভাবে চালনা করেছেন যার ফলে বাংলার স্থান চতু হয়ে গেছে। আপনার মাধ্যমে জানাতে চাই যে এই চতুর্থ পরিকল্পনাতেও আমাদের প্রা জঘন্যভাবে অবিচার করা হয়েছে এবং সেখানে মাত্র ২২০ কোটি টাকা কেন্দ্রীয় বরাদ্দ হবে অথচ যেখানে মহারাষ্ট্র উন্নত হয়ে চলেছে সেখানে প্রায় ১ হাজার ১২ কোটি টাকা তাকে দেব ব্যবস্থা পরিকল্পনা কমিশন করেছেন। শ্রীশৈল মুখার্জির বাজেটে এই বৈষম্যের কথার উল্লে আছে। কিন্তু কোন আন্দোলন বা কিভাবে সে টাকা আদায় করা যায় সেকথা বলা হয় নি প্রথম, দ্বিতীয় ও তৃতীয় অর্থ কমিশন যে অর্থ বরাদ্দের কথা বলেছেন সেই বরাদ্দ তা কমিশন বা কেন্দ্রীয় সরকার ছাঁটাই করে দিয়েছেন এবং তার ফলে আমাদের বছরের পর বছ এইভাবে ঘার্টতি বাজেট চলছে। তাই আজকে আয়করের ন্যায্য বণ্টন হওয়া দরকার। তাছাড় আপনি জানেন পাট আমাদের একটা গুরুত্বপূর্ণ শিল্প। এই পাটের মাধ্যমে ভারতবর্ষ ২৩ কোটি টাকা বৈদেশিক মুদ্রা অর্জন করে। এ ছাড়া চায়ের মাধ্যমে ১৮০ কোটি টাকা এব তামাকের মাধমে ১৫০ কোটি টাকা আয় হচ্ছে। এই টাকার ন্যায্য ভাগ বাংলাদেশ পাচ্ছে ন এবং যার জন্য বাংলার প্রতি এই বৈষম্য হচ্ছে। আমরা যদি এই ন্যায্য ভাগ আদায় করতে পারি বা এটা আদায় করার যদি ব্যবস্থা হয় তাহলে এই ঘার্টতির জন্য আমাদের চিৎকার করার কিছু থাকে না। এ ছাড়া পরিকল্পনা কমিশন তৃতীয় পরিকল্পনায় ১৬০ কোটি টাকা আমাদের ঋণ দিয়েছেন, কিন্তু যেখানে মহারাষ্ট্র, গুজরাট ও অনান্য প্রদেশকে তাঁরা অনুদান দিয়েছেন--অর্থা এ টাকা শোধ করতে হবে না। অথচ আমাদের বাংলাকে তৃতীয় পরিকল্পনায় যে টাকা অনুদান দেবার কথা ছিল সেটা দেওয়া হয় নি। শ্রীশৈল মুখার্জি যে বাজেট উপস্থিত করেছিলেন তা মধ্যেই এসব কথা বলা আছে যে আমাদের অনুদান কেটে দেওয়া হয়েছিল। এর জন্য আমাদে একটা বিরাট দেনা আছে। এই অনুদান যদি বরাদ্দ হোত তাহলে আমাদের এত কোটি টাক দেনা হোত না। সেজন্য যেগুলি উৎপাদনমূলক প্রকল্প তার থেকে কেন্দ্রীয় সরকারের ধা শোধ দেওয়া যায়, কিন্তু যেগুলি তা নয়, যেমন রাস্তাঘাট, স্কুল-কলেজ ইত্যাদির জন্য যে দেন সেটা মকুব করা উচিত এবং কেন্দ্রীয় সরকারেরও এগুলিকে ঋণ হিসাবে গণ্য করা উচিত নয় তা ছাড়া রিফিউজি পুনর্বাসনের জন্য যে ঋণ দেওয়া হয়েছে সেটা সম্পূর্ণভাবে মকুব কর দরকার। কারণ রিফিউজি পুনর্বাসনের দায়িত্ব সম্পূর্ণভাবে কেন্দ্রীয় সরকারের। সেইভাবে তপশীলী ও অন্যান্য অনুন্নত সম্প্রদায়ের উন্নয়নের দায়িত্বও কেন্দ্রীয় সরকারের। সেজন্য এই সব ব্যাপারে তাঁরা যে ঋণ দিয়েছেন সেসব ঋণ আমাদের মকুব করা দরকার। এত টাকা বাংলা-দেশ থেকে পাট, চা, তামাক ইত্যাদিতে যে আয় হচ্ছে সেই টাকা আমাদের আমাদের না দিয়ে সেই টাকাই আমদের ঋণ হিসাবে কেন্দ্রীয় সরকার দিচ্ছেন। এর একমাত্র যুক্তি হচ্ছে বাংলাদেশ রাজনীতিতে অগ্রসর। এবং সেজন্য বাংলাদেশের গলা টিপে ধরে তাকে মারা হচ্ছে। তাই এই হাউস থেকে প্রস্তাব ওঠা উচিত যে বাংলাদেশের খাতে যে টাকা ঋণ হিসাবে দেখান হচ্ছে সেই ঋণ মকুব করতে হবে এবং সে টাকা অনুদান হিসাবে দিতে হবে এবং তারপরেই বাংলাদেশের ঘার্টতি যে হচ্ছে সেই ঘার্টতি পূরণের পূর্ণ দায়িত্ব আমাদের নিতে হবে।

অর্থ কমিশনের কাছে আমাদের বাংলাদেশের সরকার যে মেমোরেন্ডাম দিয়েছেন সেটা আপনারা সকলেই দেখেছেন। সেই মেমোরেন্ডামের দিকে তাকিয়ে আজকে হাউস থেকে সর্ব-সম্মতিক্রমে প্রস্তাব আসুক যে বাংলাদেশের উন্নতির জন্য, বেকার সমস্যার সমাধানের জন্য, বাংলাদেশের কৃষক এবং শ্রমিকের জীবনের সর্বাঙ্গীন উন্নতির জন্য অর্থ কমিশনকে আমাদের প্রয়োজনীয় সমস্ত অর্থ অনুদান হিসাবে দিতে হবে, সমস্ত অর্থ ঋণ হিসাবে দিতে হবে। বাংলাদেশকে পরিকল্পনার জন্য ২২৫ কোটি টাকা দিলে হবে না, জনসংখ্যার ভিত্তিতে দেখলে আমাদের ৪০৫ কোটি টাকা দাবী। এই ৪০৫ কোটি টাকা আমাদের দিতে হবে এর ভিত্তিতে এখান থেকে প্রস্তাব দেওয়া হোক, একথা বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে, বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-55 to 4-05 p.m.]

**শ্রীপ্রসেনজিৎ বর্মণ:** মাননীয় মধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী ১৯৬৯-৭০ সালের জন্য যে পূর্ণাঙ্গ বাজেট হাউসে পেশ করেছেন সেই বাজেটে ৫৩ কোটি ৬৭ লক্ষ ৩৭ হাজার টাকা ঘাটতি দেখান হয়েছে। বাজেট বক্তৃতার প্রারম্ভে অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী বলেছেন যে, তিনি মার্চ মাসে যে বাজেট পেশ করেছিলেন সেই বাজেট ছিল বিগত সরকারের অর্থাৎ রাষ্ট্রপতির শাসনের সময়কার তৈরী করা বাজেট। সময় অভাবে তাঁরা তখন সেই বাজেটে আবশ্যকীয় পরিবর্তন করতে পারেন নি, সেই অবস্থাতেই তাড়াহুড়ো করে তাঁদের সেই বাজেট পেশ করতে হয়েছিল। এবার তিনি বলেছেন যে, নূতন দৃষ্টিভঙ্গীর প্রতি লক্ষ্য রেখে, বাজেটে আবশ্যকীয় পরিবর্তন করে তা পেশ করা হয়েছে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় হচ্ছে যে, সেই নূতন দৃষ্টিভঙ্গীর কোন পরিচয় এই বাজেটে আমরা দেখলাম না। শুধুমাত্র টাকার অঙ্কের পরিবর্তন ছাড়া এই বাজেটে অন্য কোন পরিবর্তন নেই। আকৃতি এবং প্রকৃতির দিক থেকে কংগ্রেস আমলের বাজেটের সঙ্গে এর কোন পার্থক্য চোখে পড়ে নি। তবে বড় পার্থক্যের মধ্যে এটুকু দেখছি যে, এর আগে কংগ্রেস আমলের কোন অর্থমন্ত্রী এত বেশী পরিমাণ ঘাটতি বাজেট দেশবাসীর উপর চাপিয়ে দেন নি। কিন্তু এবারে দেখলাম যুক্তফ্রন্ট সরকারের অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী দেশবাসীর উপর সেটা চাপিয়ে দিলেন।

মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট বক্তৃতা করেছেন তাতে ৪র্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনা তথা জাতীয় উন্নয়ন পরিকল্পনার কথা উল্লেখ করে তিনি বলেছেন যে, ৪র্থ পঞ্চবার্ষিকী পরি-কল্পনা রি-ড্রাফট করা হোক এবং রি-ড্রাফট করার সময় যে কতকগুলি লক্ষ্যের প্রতি দৃষ্টি রাখা দরকার সেগুলি হচ্ছে যে,

So that people can have social security and justice, people willing to work may get work and the present trend towards concentration of wealth is reversed.

কিন্তু দুঃখের বিষয়, আজকে এই হাউসে যে বাজেট তিনি পেশ করেছেন, সেই বাজেট এই লক্ষ্যগুলির দিকে দৃষ্টি রেখে তৈরী করা হয় নি। আমাদের পশ্চিমবঙ্গের শিক্ষা বলুন, অর্থনীতি বলুন, সংস্কৃতি বলুন, তার প্রাণকেন্দ্র বলতে যা বুঝায় সে হল কলকাতা এবং তার পার্শ্ববর্তী অঞ্চল। কিন্তু এই কলকাতা এবং পার্শ্ববর্তী অঞ্চল ছাড়া পশ্চিমবঙ্গের আর কিছু নাই। যুক্তফ্রন্ট সরকার, যাঁরা জনগণের সরকার বলে দাবী করেন, তাঁদের কাছে দেশের জনগণ এই আশা করেছিল যে তাঁরা সামগ্রিক উন্নয়নের দৃষ্টিভঙ্গী নিয়ে এই বাজেট রচনা করবেন। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় এই যে, সামগ্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে বাজেট রচিত হয় নি। এই বাজেট উত্তরবঙ্গবাসীদের অত্যন্ত নিরাশ করেছে। নিরাশ করেছে এই জন্য যে ১৯৬৭ সাল থেকে যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে এই কথা উত্তরবঙ্গবাসীদের জানান হচ্ছিল যে তারা অবিলম্বে উত্তরবঙ্গকে শিল্প সমৃদ্ধ করে তুলবেন। তাতে একদিকে অনগ্রসর উত্তরবঙ্গের শিল্পোন্নয়ন হবে, অন্যদিকে বেকার যুবকদের কর্মসংস্থানের ব্যবস্থা হবে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় এই যে, এই বাজেটে সে রকম কোন পরিকল্পনা রাখা হয় নি। আগামী কোন্

সময়ে সেখানে শিল্প স্থাপন করা হবে সে রকম কোন ইঙ্গিতও দেওয়া হয় নি। উত্তরবঙ্গে যানবাহনের দায়িত্ব পালন করে নর্থবেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন। সেই কর্পোরেশন আজ মুমূর্ষুপ্রায়, প্রতি বৎসর সেখানে লোকসান হচ্ছে। সেই কর্পোরেশনে বেকার যুবকদের কর্মসংস্থান হতে পারে। অথচ সেই কর্পোরেশন যাতে সেল্ফ সাপোর্টিং হয় সেজন্য কোন সাহায্যের ব্যবস্থা বা কোন রকম লোন দেবার ব্যবস্থা এই বাজেটে রাখা হয় নি। আমি কুচবিহারের পক্ষ থেকে একটি বিষয়ের প্রতি এই সরকারের দৃষ্টি আকর্ষণ করছি কুচবিহার স্টেট যখন মার্জড হয়, সেখানকার ডেভেলপমেন্টের জন্য এক কোটি টাকার একটা ফান্ড ছিল, এই ফান্ডকে বলা হয় জেনারেল রিজার্ভ ফান্ড অব কুচবিহার।

এই বাজেটে এবার দেখা যাচ্ছে যে, ১ লক্ষ টাকা রিসিট ছেড়ে দেখান হয়েছে। কিন্তু এক্সপেন্ডিচার খাতে ৬৪ হাজার টাকা এক্সপেন্ডিচার স্বরূপ দেখান হয়েছে। বাকী ৩৬ হাজার টাকা এটা আমার আশংকা হচ্ছে—এটাকে হয়তো ডাইরেক্ট করা হতে পারে। তা যাতে না হয়, অনগ্রসর জেলার জন্য যে টাকা বরাদ্দ করা ছিল, সেই টাকা যাতে সেখানকার উন্নয়নমূলক কাজে খরচ হয় সেদিকে যেন সরকার দৃষ্টি দেন।

[4-05 to 4-15 p.m.]

তারপরে স্যার, গত বছর উত্তরবঙ্গের মানুষ প্রলয়ঙ্করী বন্যার তাণ্ডবলীলায় পর্যুদস্ত হয়েছে। এবার তারা আশা করেছিল যে, বন্যা নিরোধের জন্য একটা স্বার্থক ব্যবস্থা হবে। এই সরকার বন্যা প্রতিরোধের জন্য কার্যকরী ব্যবস্থা অবলম্বন করবেন। কিন্তু তার বিশেষ কিছু আমরা লক্ষ্য করছি না। এখনও উত্তরবঙ্গে প্রচুর বৃষ্টি হচ্ছে এবং সেখানকার নদীগুলিতে জলস্ফীতি ঘটছে। প্রত্যেক গৃহস্থ মানুষ চিন্তায় ভাবনায় দিন কাটাচ্ছে, বহু নরনারী বিনিদ্র রজনী যাপন করছে। অথচ সেই বন্যা নিরোধের কোন সার্থক ব্যবস্থা এই বাজেটে রাখা হয় নাই। যেখানে নূতন নূতন বাঁধ করার কথা, সেসব দূরে থাক, যে বাঁধগুলি আছে তাকে রেইজ করা, বা তাকে স্ট্রেংদেন করাও হচ্ছে না। গতবার যারা বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে, তাদের রিহ্যাবিলেটেসনের ব্যবস্থা এখনও বাকী আছে। সরকার নাকি টাকার অভাবে তা করতে পারছেন না, এই কথা তাঁরা বলছেন। টকার অভাবে এই সব প্রয়োজনীয় কাজ যখন করতে পারছেন না তখন তাঁরা সরকারী কর্মচারীদের স্টেট এমপ্লয়ীজদের ডিয়ারনেস অ্যালাউন্স বাড়িয়ে দিলেন। ডিয়ারনেস অ্যালাউন্স বাড়িয়ে দেবার ব্যাপারে আমি আপত্তি করছি না, আপত্তির কথা এখানে আসে, এটা কর্মচারীদের ভাল করবার জন্য যতটা করা হয় নাই, তার চেয়ে অনেক বেশী এই কারণে করা হয়েছে যে, এর ভেতর রাজনৈতিক উদ্দেশ্য আছে। দেশের মৌলিক সমস্যার যেখানে সমাধান হচ্ছে না, সেখানে সরকারী কর্মচারীদের বেতন বাড়িয়ে সমস্যার সমাধান করা কখনও সম্ভব নয়। যদি খাদ্যাভাব দূর না হয়, কৃষির উন্নয়ন না হয়, যতই বেতন বাড়ান না কেন কর্মচারীদের তাতে কিছুতেই কুলাবে না। সেইসব সমস্যার দিকে বেশী দৃষ্টি দেওয়া দরকার ছিল, তা করা হয় নাই। তাছাড়া এই ব্যাপারে বৈষম্যমূলক আচরণ করা হয়েছে। সরকারী কর্মচারীদের যেখানে বেতন বাড়ান হয়েছে, সেখানে শিক্ষকদের বেতন বেশী করা হয় নাই, ডিয়ারনেস মাত্র ১০ টাকা বাড়ান হয়েছে। এই প্রসঙ্গে আর একটি কথা বলতে চাই এটা জনগণের দাবী যে, কেন্দ্রীয় সরকারের হারে পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারীদের ডিয়ারনেস অ্যালাউয়েন্স আপনারা বাড়িয়ে দিয়েছেন, এই জন্য জনগণ আশা করবে এই সেন্ট্রাল গভর্নমেন্টের অফিসগুলিতে যে রকম এফিসিয়েন্সি, সেটা যে স্ট্যান্ডার্ড এফিসিয়েন্সি আছে তা বলতে চাই না, তবে যতটুকু আছে, অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করা যায় আমাদের স্টেট গভর্নমেন্টের অফিসগুলিতে সেই এফিসিয়েন্সিও নাই। তার সেই এফিসিয়েন্সির ব্যবস্থা আপনাদের করতে হবে। কোন ডিপার্টমেন্টে গেলে—যেমন ডি পি আই-এর অফিসগুলি থেকে কোন কিছুর উত্তর পাওয়া যায় না। হেল্থ ডিপার্টমেন্টের কেসগুলি দিনের পর দিন পড়ে থাকে। এক ডিপার্টমেন্টের সঙ্গে আর এক ডিপার্টমেন্টের কো-অর্ডিনেসন নাই। কংগ্রেস আমলে উপরিওয়ালাদের ভয়ে কিছু কাজ হতো, এখন আর উপরিওয়ালাদের ভয়ও নাই। কাজও সেখানে কিছু হচ্ছে না।

(হাস্যরোল)

এই অবস্থা যদি চলতে থাকে, তাহলে এটা আপনারা মনে করবেন না—যতই মেজরিটি নিয়ে আসুন না কেন, সেই মেজরিটির জোরে বহুদিন রাজত্ব করে যেতে পারবেন না। জনগণ নিশ্চয়ই আপনাদের ছুঁড়ে ফেলে দেবেন।

আইন ও শৃংখলা সম্বন্ধে এই হাউসে কয়েকদিন ধরে যে বিতর্ক চলেছে সে বিতর্ক সম্বন্ধে সরকার পক্ষ থেকে এই ধারনাই সৃষ্টি করা হয়েছে যে আমাদের দেশে আইন শৃংখলার এমন কিছু অবনতি হয় নি। কিন্তু স্যার, আমাদের অভিজ্ঞতা অন্য রকম। গ্রামাঞ্চলে বেনামী জমি দখল করার নামে, এবং ভেস্টেড জমি বিতরণ করার নামে যা চলেছে তাকে গুন্ডামি ও অরাজকতা ছাড়া আর কিছুই বলা যায় না। ৭৫ বিঘার বেশী জমির মালিক যারা তাদের উপরই শুধু যে অত্যাচার চলছে তা নয়। ১৫।১৬ বিঘা জমির মালিকদের উপরও অত্যাচার চলছে। দুশো বা তিনশো—কোন কোন জায়গায় তার চেয়েও বেশী লোক লাঠি, বল্লম, তীর-ধনুক ইত্যাদি হাতে নিয়ে জমির উপর যাচ্ছে এবং স্ট্যান্ডিং ক্রপ থাকলেও সেই স্ট্যান্ডিং ক্রপের উপরে ফ্ল্যাগ পুতে মুখে মুখেই জমি বিতরণ করা হচ্ছে, এই অবস্থা চলছে। কিছুদিন আগে আমি খবর পেয়েছি যে, আমরাই কন্সটিটিউয়েন্সীতে খাড়িজা নলধোন্দ্রা নামে একটি জায়গায় মাইনরিটি কমিইনিটির লোকেদের উপর জুলুম করা হচ্ছে—সেখানে সি পি (এম) থেকে তাদের জোর করা হচ্ছে যে, তাদের সদস্য হতে হবে। তা না হলে তাদের বিরুদ্ধে অভি-যোগ নিয়ে এসে তাদের বিপর্যস্ত করবার চেষ্টা করা হবে। দরকার হলে পাকিস্তানে পাচার করে দেবে, এই ধরনের ঘটনা ঘটছে। স্যার, অত্যন্ত দুঃখের বিষয় যে এখানে ভেড়ী দখলের নামে মাছ লুঠ করা হচ্ছে। সোনারপুর থানায় সাহেবের আবাদ নামে একটি গ্রাম আছে। সেই মৌজায় কালী মন্দির ধ্বংস করা হয়েছে এবং সেই কালী মন্দির থেকে কালী প্রতিমাকে টেনে নিয়ে এসে ভেড়ীর জলে ফেলে দেওয়া হয়েছে। কাজেই এটা কি চরম অরাজকতা উচ্ছৃংখলতা ও আইন শৃংখলার অবনতির ব্যাপার নয়? এইদিকে লক্ষ্য রাখার কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Kalim Uddin Shams :**

मिस्टर स्पीकर सर, आज फाइनेन्स मिनिस्टर ने जो बजट पेश किया है, मैं इसका समर्थन करते हुए चन्द बातें बताना चाहता हूँ कि इसमें कोई शक नही कि २२ वर्षों के बाद जिस ताकत के हाथों से बंगाल देश से निकल चुका है, वही ताकत आज तरह-तरह से कासिपिरेसी करके इस गवर्नमेन्ट को—युक्त फ्रान्ट की सरकार को बदनाम करना चाहती है। अभी-अभी अपोजीशन के मेरे एक दोस्त ने ला-एण्ड आर्डर की बात कही और उनके दिल में माइनारिटी कम्युनिटी के लिए दर्द मालूम हुआ। लेकिन हम उनसे पूछना चाहते है कि क्या युक्त फ्रान्ट की सरकार ला-एण्ड आर्डर की जो बात कर रहे है, वे क्या यह बता सकते है कि चार महीने के अन्दर ला-एण्ड आर्डर ऐसा खराब हुआ है कि दो-दो दिन या चार-चार दिन कर्फ्यू आर्डर लगाना पड़ा है? मगर जिनके दिल में माइनारिटी कम्युनीटि के लिए इतना दर्द महसूस हो रहा है, उन्हीं के जमाने में इस बंगाल के अन्दर माइनारिटी कम्युनिटी खास करके मुस्लमानो के जान-माल के तबाह और बरबाद किया गया। आपको शयायद मालूम होगा कि उन्हीके जमाने में इस कलकत्ते के अन्दर १२५ मसजिदों पर कब्जा करके मुस्लमानों के हाथों से छीन लिया गया। आज वही कहते है कि माइनारिटी कम्युनिटी पर जुल्म हो रहा है। माइनारिटी कम्युनिटी पर जुल्म तो नहीं हो रहा है बल्कि वे आगे बढ़ कर ऐलान कर रहे है कि जालिम कांग्रेस के हाथों से अब राज्य हमारे हाथ में आया है, अब यहाँ हमारा राज्य है। कर्फ्यू आर्डर अब हमें दिखाई नहीं पड़ता है।

मिस्टर डिप्टी स्पीकर सर, इसमें कोई शक नहीं कि कहीं-कहीं पर कुछ धाँधली हो रही है। आप जानते है कि लेबुल बदल देने से माल नही बदल जाता है। कांग्रेस के जमाने में जो बड़े-बड़े आफिसर थे, वही आफिसर अब भी मौजूद हैं। वे लोग अन्दर ही अन्दर इस बात की कोशिश कर रहे है कि इस जनता की सरकार को किसी न किसी तरह से खत्मकर

दिया जाय। आज हम देखते हैं कि हमारी सरकार की कोशिशों के बावजूद [करपशन जोरों पर है। इस करपशन को हमें खत्म करना होगा। पहले पुलिस नाजायज पैसा अपने हाथों से डाइरेक्ट लेती थी मगर आज हम देखते है कि वह नाजायज पैसा लेने के लिए चपरासी रखी है। हमें इन तमाम चीजों को मार्क करना है। कांसिपिरेसी युक्त फ्रान्ट की सरकार के पीछे चल रही है। इसको हमें खत्म करना है। इस कांसिपिरेसी को किसी भी तरह से खत्म करने लिए हम सभी को युक्त फ्रान्ट पार्टी के साथ मजबूती के साथ खड़ा होना पड़ेगा।

मिस्टर डिप्टी स्पीकर सर, मैं आपके जरिए बताना चाहता हूँ कि इस बजट में बहुत सी ऐसी बातें है, जिन्हें अभी हमे करना है। आज हमारे देश मे जो सिड्यूल्ड कास्ट और सिड्यूल्ड ट्राइब्स् को सहूलियतें मिली हैं, ये सहूलियते उन्हे जितनी मिलनी चाहिए थी, उतनी नही मिली है, इससे कहीं ज्यादा सहूलियतें मिलने की जरूरत है। मगर जितनी मिली है, वे सहूलियते ज्यादा नही हैं।

मिस्टर डिप्टी स्पीकर सर, बगाल मे एक माइनारिटी कम्युनिटी है, जिन्हे मुस्लमान कहते है। ये मुस्लमान एजुकेशनली, इकनामिकली और सोशली इतने बैकवर्ड है, इतने पीछे चले गए है कि अगर इन पर और पिछडो लोगो की तरह ख्याल नही किया गया, तो ये और भी बैकवर्ड हो जायेंगे। इसलिए हम उम्मीद करते हैं कि युक्त फ्रान्ट की सरकार आइन्दा इस किस्म की बात को जरूर सोचेगी कि जैसे सिड्यूल्ड कास्ट और सिड्यूल्ड ट्राइब्स के लिए All walks of life में सीटे रिजर्भ रहती है, इसी तरह से बगाल मे इकनामिकली, सोशली और एजुकेशनली बैकवर्ड मुस्लमानो के लिए All walks of life मे सीटे रिजर्भ की जाँयगी।

मिस्टर डिप्टी स्पीकर सर, आपके एक बात और बताना चाहता हूँ कि इस बगाल के अन्दर मुस्लमानो के लिए एक मदरसा ऐजुकेशन वोर्ड है। मदरसा एजुकेशन बोर्ड की हालत बहुत ही खराब है, इसकी हालत को सुधारना बहुत ही जरूरी है। अब हम यह समझते है कि हमारी सरकार युक्त फ्रान्ट की सरकार मदरसा एजुकेशन बोर्ड को तरक्की देकर मदरसा यूनिवर्सीटी बनाने का इन्तजाम करेगी। हम आशा करते है कि हमारी सरकार जब नया बजट लायेगी तो उसमें मदरसा एजुकेशन बोर्ड को डेभलप करके मदरसा यूनिवर्सीटी कायम करने का कोई इन्तजाम करेगी।

मिस्टर डिप्टी स्पीकर सर, हम आपसे कहना चाहते है कि बंगाल के अन्दर हमारी युक्त फ्रान्ट सरकार की ३२ दफा कर्मसूची के अन्दर एक बात लिखी हुई है कि बगाल का वह इलाका जहाँ नेपाली बोलनेवाले लोग है, उनको रीजनल लैंग्वेज तसलीम किया जायगा। हम भी यह चाहते है कि बंगाल के उस इलाके मे जहाँ नेपाली बोलनेवाले है, उनको रीजनल लैंग्वेज तसलीम करना चाहिए। युक्त फ्रान्ट की यह aim, and object बहुत ठीक है। मगर हम इसके साथ ही यह भी कहना चाहते है कि बिहार से आया हुआ इलाका पुर्लिया, वेस्ट दीनाजपुर, मुर्शिदाबाद का वह इलाका जहाँ उर्दू बोलनेवालो की तदाद बहुत ज्यादा है। युक्त फ्रान्ट की सरकार से हम उम्मीद करते है कि जैसे नेपाली बोलनेवाले दार्जिलिंग के लिए नेपाली को रीजनल लैंग्वेज तसलीम किया है, वैसे ही हमारी सरकार इस बात की ओर ख्याल करेगी कि उन इलाको में जहाँ के लोग उर्दू बोलते है, वहाँ पर उर्दू को रीजनल लैंग्वेज करार देगी। मुझे यह भी समझना चाहिए कि इस बगाल के अन्दर हिन्दी बोलनेवालो की तादाद अच्छी खासी है। मेरा कहना यह है कि जिस प्रकार की सहूलियतें नेपाली भाषा बोलनेवालो को मिलती है, जैसा उर्दू बोलनेवालो को मिलती है उसी तरह की सहूलियतें हिन्दी बोलनेवालो को मिलनी चाहिए।

मिस्टर डिप्टी स्पीकर सर, आपको शायद मालूम न हो कि इस कलकत्ते में गवर्नमेन्ट डिपार्टमेन्ट मे—लोकल सेल्फ गवर्नमेन्ट डिपार्टमेन्ट मे जब कम्पटीशन होता है तो उसका इम्तहान बगला जबान में ही सिर्फ होता है। मिस्टर डिप्टी स्पीकर सर, हम कहना चाहते है कि कलकत्ता शहर कस्मोपोलिटन शहर है। जहाँ बंगला जबान बोलनेवाले है, वही दस लाख उर्दू जबान वोलनेवाले हैं और उससे भी कहीं ज्यादा हिन्दी बोलनेवाले हैं। अब कांग्रेस

के हाथ से यहाँ की सरकार जनता के हाथ में चली गई है और वह पूरे बंगाल की जनता का ही नहीं, पूरे देश की जनता का मुबारकवाद हासिल कर रही है, तो अब यह सरकार ख्याल रखेगी कि जब कही भी कम्पीटीशन होगा, तब बंगला जबान के अलावा उर्दू जबान और हिन्दी जबान या जिस सख्स की जो मदर टंग हो, उस जबान में मुकाबिला का इन्तजाम करेगी। जिसकी जो जबान हो, उसी जबान में कम्पीटीशन में बैठने की इजाजत देगी।

मिस्टर डिप्टी स्पीकर सर, इस कलकत्ते के अन्दर माइनारिटियो के लिए दो-तीन स्कूल और कालेज हैं। एक सखावत मेमोरियल गर्ल्स स्कूल है। मुस्लमानों की तालीम के लिए सखावत मेमोरियल गर्ल्स स्कूल कायम किया गया था। ताज्जुब की बात है कि इन जालिम-बेइमान कांग्रेसियों ने अपने जमाने में सखावत मेमोरियल गर्ल्स स्कूल मे उर्दू को निकाल दिया था। अब हम आशा करते है—उम्मीद करते है कि अपनी सरकार से, जनता की सरकार से, युक्त फ्रान्ट की सरकार से, कि वह सखावत मेमोरियल गर्ल्स स्कूल की तालीम की जो कण्डिशन है, उस टर्म्स और कण्डिशन को सुधारेगी। साथ ही उसमें उर्दू पढ़नेवाली लड़कियो के लिए खास ख्याल रखा जायगा।

अभी अभी एजुकेशन डिपार्टमेन्ट से एक सर्कुलर दिया गया है, प्राइमरी स्कूल की मैनेजिंग कमेटी को तोडने की। यह बहुत ही अच्छी बात हुई है मगर इसमें एक डिफेक्ट है कि यहाँ पर जो प्राइमरी गर्ल्स स्कूलों को मुस्लमानो ने चलाया है, उनमे मुस्लमानो की लड़कियाँ पढती है उन स्कूलो में पर्दा सिस्टम है। पर्दा सिस्टम मुस्लमान लड़कियो के लिए बहुत अहम और जरूरी चीज है। कमेटी के लिए जो सिस्टम लगाया गया है, गार्जियन का, डिस्ट्रिक्ट इन्स्पेक्टर आफ स्कूल का, उसमे पता चलता है कि उसमे मर्द भी आ जायँगे। लिहाजा हम आपके माध्यम से सरकार से कहेंगे कि मैनेजिंग कमेटी के कान्स्टिट्यूशन के लिए जो सर्कुलर दिया गया है, उसमें इस बात का फौरन ख्याल रखा जाय कि मुस्लमान लड़कियो के स्कूलो मे जो मैनेजिंग कमेटी बने, उसमे किसी भी हिसाब से कोई कानून नही लागू होना चाहिए। कोई भी ऐसी बात नहीं लागू करनी चाहिए, जिससे कोई मर्द मेम्बर बन जाय।

मिस्टर डिप्टी स्पीकर सर, अभी हम सखावत मेमोरियल गर्ल्स स्कूल की बात कर रहे थे। कलकत्ते मे एक कालेज, मौलाना आजाद कालेज है। जहाँ उर्दू आनर्स और पर्सियन आनर्स डिपार्टमेन्ट है। आपको सुनकर दुख होगा कि मौलाना आजाद कालेज फुल-फ्लेज्ड आनर्स कालेज होने के बाद भी आनर्स डिपार्टमेन्ड मे चार टीचर—४ प्रोफेसर रखे नहीं गए है। वहाँ तीन ही रखे जाते है। पर्सियन डिपार्टमेन्ट में भी तीन ही रखे जाते है। मिस्टर डिप्टी स्पीकर, हमे अफसोस है कि कांग्रेस ने जो कासिपिरेसी की थी, कांग्रेस के उस कांसिपिरेसी की वजह से जो कोशिश की जा रही थी, मोहसिम कालेज हुगली के प्रिन्सिपल डा० साबिर खाँ के सिलसिले में कांग्रेस एक जमाने से उसकी कोशिश कर रही थी। हमारी युक्त फ्रान्ट की सरकार को शायद किसी तरह से गल्त फहमी हुई है और मोहसिम कालेज के पिन्सिपल डा० साबिर खाँ को वहाँ से हटाया गया है। हम समझते है कि मौलाना आजाद कालेज मे अभी प्रिंसिपल की जगह खाली है क्योंकि वहाँ के प्रिंसिपल प्रेसिडेन्सी कालेज में चले गए है और प्रेसिडेन्सी कालेज के प्रिंसिपल डी० पी० आई० हो गए है। लिहाजा डा० साबिर खाँ को जो मोहसिम कालेज के प्रिंसिपल थे, जिन्हें ट्रान्सफर किया गया है, उन्हें मौलाना आजाद कालेज में दोबारा भेजकर मौलाना आजाद कालेज जिस मक्सद से ऐजूकेशन की खिदमत कर रहा है, उसे ज्यादा खिदमत करने का मौका मिलेगा।

मिस्टर डिप्टी स्पीकर सर, अपनी तकरीर खत्म करने के पहले मैं अपनी सरकार के बजट का समर्थन करते हुए दो-एक बातें कहना चाहता हूँ। हमारी सरकार ने जो बजट दिया है, वह निश्चय ही डिफिसिट बजट है। हम युक्त फ्रान्ट के लोग आज सेन्टर गवर्नमेन्ट, यूनियन गवर्नमेन्ट से माँग करेंगे कि वह हमारी मुतालबा को, हमारी कमी को पूरा करे। हमको हमारा हिस्सा मिलना चाहिए। अगर यूनियन गवर्नमेन्ट हमारी कमी को पूरा नही करती तो पोर्ट में जो स्टमेडोरिंग सिस्टम है, जिसके जरिए लाखो-करोड़ों रूपया बीच में शर्माया-

दार, कांग्रेस के एजेन्ट, दलाल—टाटा, बिरला, डालमियाँ के भाई-बन्धु खा रहे हैं उसे युक्त फ्रन्ट के प्लेटफार्म—युक्त फ्रान्ट के सेन्टर से मजबूर करेंगे, स्टेम्डोरिंग सिस्टम को खत्म करने के लिए में चाहूँगा गवर्नमेन्ट आफ वेस्ट बंगाल इस सिस्टम को खत्म करे। पोर्ट एण्ड डक में जो जहाज आते हैं, उसमें जो स्टेमडोरिंग होता है—उसके बीच के दलाल और एजेन्ट को खत्म करके गवर्नमेन्ट आफ वेस्ट बगाल के हवाले कर दिया जाय। इस तरह से हम इसकी आमदनी से अपने प्रान्त का बहुत कुछ डेभलपमेन्ट कर सकते हैं।

इसके बाद फिर में इस बजट का समर्थन करते हुए, अपनी तकरीर को खत्म करते हैं और यह उम्मीद करते हैं कि हमारी युक्त फ्रान्ट की सरकार मुस्लमानों के लिए वैसी ही रिजर्भ सीट का इन्तजाम करेगी, जैसे कि वह सिडयूल्ड कास्ट और सिडयूल्ड ट्राइब्स के लिए कर रही है।

[4-25 to 4-35 p.m.]

**দর্শকদের গ্যালারীতে এস বি-র উপস্থিতি সম্বন্ধে অভিযোগ**

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** মিঃ ডেপুটি স্পীকার স্যার, আমি হাউসে এসে দেখছি আমাদের বেঞ্চের পিছনে যেসব গ্যালারী আছে, সেইসব গ্যালারীতে এস বি-র লোক এসে বসে আছে এই হাউসে এইভাবে আগে কখনও হয় নি। (বিভিন্নগ্যালারীর দিকে দেখাইয়া) এদিকে ওদিকে বসে আছে এবং দেখুন আমি বলার পর একে একে চলে যাচ্ছে। আমার প্রশ্ন আমাদের ওয়াচ করবার জন্য কি ওদের এখানে আনা হয়েছে?

**মিঃ ডেপুটি স্পীকারঃ** আপনি অঙ্গুলী দেখিয়ে স্ট্রেঞ্জারদের দেখাবেন না। আমাদের যে অফিসার আছেন, তাঁদের মাধ্যমে আমি খোঁজ খবর নিচ্ছি। নাউ শ্রীশচীন্দ্রমোহন নন্দী টু স্পীক

**শ্রীশচীন্দ্রমোহন নন্দীঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী চার মাস পর তাঁর সুচিন্তিত বাজেট উপস্থিত করেছেন। প্রথমে যখন তিনি এই বাজেট উপস্থিত করেছিলেন তখন আপনি জানেন সেই বাজেট ছিল রাজ্যপালের বাজেট। তিনি এবং সরকার পক্ষ এই সম্বন্ধে কোন দায়িত্ব নিতে চান নি। চার মাস পরে ভেবে চিন্তে একটা ভাল বাজেট তিনি উপস্থিত করেছেন। আগেকার বাজেট এবং এই যে পরের বাজেট—অর্থাৎ আগের বাজেট যেটার দায়িত্ব অর্থমন্ত্রী নিতে চান নি এবং এই বাজেট যেটা তাঁর সুচিন্তিত বাজেট—এই দুই বাজেটের মধ্যে দিয়ে দেখা যায় তাহলে দেখতে পাব বিরাট একটা পার্থক্য দেখা যাচ্ছে। প্রথম পার্থক্যটা হচ্ছে রাজস্ব খাতে আগেকার বাজেট ছিল ২৩৪ কোটি ৭৭ লক্ষ ৪১ হাজার টাকা, আর পরের বাজেটে ৪ কোটি ২৫ লক্ষ টাকা কমিয়ে করা হয়েছে ২৩০ কোটি ৫২ লক্ষ ৩১ হাজার টাকা।

এই একটা মস্তবড় পার্থক্য দেখা যাচ্ছে। অন্য সমস্ত রাজস্বগুলি সবই ঠিক থাকছে, তার কর-কাঠামো কিছু বদলায় নি। শুধুমাত্র ৪ কোটি ১৫ লক্ষ টাকা কমানোর ফলে যে বাজেটের দায়িত্ব ছিল না, সেই বাজেটের দায়িত্ব এল, এবং সরকার পক্ষের লোক আগে যে আলো দেখতে পান নি সেই আলো এই বাজেটের মধ্যে দেখতে পাচ্ছেন, নতুন দৃষ্টিভঙ্গী, অদ্ভুত পরিবর্তন এর মধ্যে দেখতে তারা পাচ্ছেন। অথচ এই বাজেটের কর-কাঠামোর কোন পরিবর্তন হল না। সে সম্বন্ধে ১৯৬৪-৬৫ সালে এখন যারা সরকার পক্ষে আছেন তখন তারা বিরোধী পক্ষে ছিলেন, সেইসব নেতাদের দু-একটি কথা বলতে চাই। ১৯৬৪-৬৫ সালের ১২-২-৬৫ তারিখে জেনারেল বাজেট-এর আলোচনার সময় শ্রীহরেকৃষ্ণ কোঙার বলেছিলেন কেন্দ্র ও পশ্চিমবঙ্গের উক্তি মেলালে দেখা যাবে যে ৪৫ টাকা কি তার চেয়ে কিছু বেশী হবে যা দাঁড়ায়। তারপর মিউনিসিপ্যাল ট্যাক্স, পঞ্চায়েৎ ট্যাক্স আরো অন্যান্য পরোক্ষ ট্যাক্স আছে, এটা দিন দিন বাড়ছে এবং সাধারণ মানুষের ঘাড়ে চাপছে। এগুলি কেন সাধারণ মানুষের উপর চাপছে। পরোক্ষ

ট্যাক্স সম্বন্ধে এটা ছিল যে ৪৫ টাকা মাথাপিছু হারে বাড়ছে কি তার চেয়ে কিছু বেশী হবে। ১৯৬৮-৬৯ সালে এটা আরো বেড়েছে, তার কোন রকম কম হয় নি। গত ১৯৬৭ সালে যখন অর্থমন্ত্রী ছিলেন আমাদের এখানকার উপমুখ্যমন্ত্রী, তিনি যখন বাজেট পেশ করেছিলেন, শৈলবাবু একটা কথা বলেছিলেন—১৯৫২ সালে ২৯ কোটি ছিল, তার থেকে অনেকে, প্রায় ২ শত কোটি টাকা হয়েছে। উপমুখ্যমন্ত্রী, তখনকার অর্থমন্ত্রী বলেছিলেন যে, হ্যাঁ, ট্যাক্স বাড়ছে বটে তবে গরীবের উপর বাড়িয়েছেন পরোক্ষ ট্যাক্স। আজকে সেই সমস্ত কর-কাঠামোর একটুও বদলায় নি, একটা পয়সাও কমান হয় নি। অথচ আশ্চর্যের ব্যাপার, সরকার পক্ষের লোক, তারা এই বাজেটে অদ্ভুত নতুন আলো দেখতে পাচ্ছেন। ২০ বছর ধরে তাদের সমস্ত গরীবের জন্য এত দুঃখ এত কান্না, ২২ বছর পরে সেই চোখের জল আর নেই। পরোক্ষ ট্যাক্স-এর বোঝা আর গরীবের উপর চাপছে না, সে সম্পর্কে আজ সরকার পক্ষ থেকে একটি কথাও শোনা যাচ্ছে না। সেই সময়ে আমাদের মাননীয় সভ্য শ্রীহরেকৃষ্ণ কোঙার বলেছিলেন যে গভর্নমেন্টের রাষ্ট্রায়ত্ব ব্যবসা সম্বন্ধে একটু খোঁজ করলেই দেখা যাবে যে এই লোকসান মূলতঃ অযোগ্যতা ও দুর্নীতির জন্য। এই রাষ্ট্রায়ত্ব ব্যবসা সম্পর্কেও আমাদের সরকার পক্ষের লোকেরা একটা কথাও বললেন না। আমরা আইনটাইনের আপেক্ষিক তত্ত্ব বৈষয়িক ক্ষেত্রে দেখছি যে এই জায়গা থেকে ঐ জায়গায় চলে গেলেন আর দেখা গেল পরোক্ষ ট্যাক্স আর গরীবের ঘাড়ে চাপছে না, রাষ্ট্রায়ত্ব ব্যবসায় আর দুর্নীতি হচ্ছে না, সবই ঠিক আছে। মাননীয় মন্ত্রী, শ্রীশম্ভূচরণ ঘোষ তখন বিরোধী পক্ষে ছিলেন, তিনি বলেছিলেন—তখন১৯ কোটি টাকার ঘাটতি বাজেট ছিল, এখন মাত্র ৫৩ কোটি টাকার ঘাটতি হয়েছে। সেই ১৯ কোটি টাকার ঘাটতি সম্বন্ধে তখনকার বিরোধী পক্ষের নেতা শ্রীশম্ভূচরণ ঘোষ, তিনি বলেছিলেন, আজকে আপনারা যদি নতুনভাবে কর চাপানোর কথা চিন্তা করেন, তাহলে বাংলাদেশের মানুষের আর্থিক অবস্থার আরো দুরবস্থা হবে। ১৯ কোটি টাকা ঘাটতি পূরণের সময় বলেছিলেন যে সেলস ট্যাক্স, স্টেট এক্সসাইজ ডিউটি, মোটর ভিকল্‌স প্রভৃতি বিভিন্ন পরোক্ষ ট্যাক্স-এর মাধ্যমে মানুষের জীবন দুর্বিসহ হয়ে থাকবে।

[4-35 to 4-45 p.m.]

সেলস ট্যাক্স ব্যাপারে তিনিও বলেছিলেন স্টেট এক্সসাইজ ডিউটি, মোটর ভিকল্‌স ট্যাক্স ইত্যাদি পরোক্ষ ট্যাক্সের মাধ্যমে মানুষের জীবন দুর্বিসহ হয়েছে। এই দুইজন এখন সরকার পক্ষের নেতা—তখন বিরোধী পক্ষে ছিলেন—তাঁদের কথা। সেই সমস্ত বাজেটের যে ফিচার্স আজকের বাজেটেও তা আছে, তার একটুও বদলায় নি কিন্তু আজকে দেখতে পাচ্ছি সরকার পক্ষের সুর নীরব। আমরা আশা করেছিলাম যে অন্ততঃপক্ষে তাঁরা এই সমস্তগুলি সম্পর্কে একটা প্রতিবাদ রাখবেন, এগুলি কমানোর প্রয়োজনীয়তার কথা বলবেন এবং এ সম্বন্ধে সমালোচনার সুরও দেবেন কিন্তু তা পাই নি, পেয়েছি কেবল অটুট প্রশংসা এবং তাঁরা অদ্ভূত আলো দেখতে পাচ্ছেন। এবার ঘাটতি সম্বন্ধে একটা কথা বলি। ঘাটতিটা আমাদের দিক থেকে বলা হয়েছে নৈরাশ্যজনক—এই ঘাটতি সম্বন্ধে আমাদের সরকার পক্ষ খুব আমলই দেন নি, আমি বলতে চাই যে ঘাটতি হলেই একটা দেশের খুব অন্ধকারময় অবস্থার চিত্রের কথা যে থাকবে তার কোন মানে নেই, ঘাটতি যদি কন্সট্রাকটিভ কাজের জন্য হয় এবং সেই ঘাটতি পূরণের ব্যবস্থা যদি থাকে তাহলে আমার মনে হয় যে সেই বাজেটে দেশের কোন ক্ষতি হতে পারে না। এখন ঘাটতি কিভাবে হল সেটা দেখা যাক—ঘাটতি ৫৩;৬৭ লক্ষ, ঘাটতির পরিমাণটা খুব বেশী তাতে চিন্তা করার কোন কারণ নেই বলে আমি মনে করি। আমার মনে হয় প্রত্যেক বাজেটেই অনেক ঘাটতি থাকতে পারে কিন্তু সংগে সংগে সেই ঘাটতি পূরণের ব্যবস্থা থাকে। এখানে একটা ঘাটতি পূরণের কথা হয়েছে ১৫ কোটি টাকা ট্যাক্স বসাবেন। যখন ১৯ কোটি টাকা ঘাটতি ছিল তখন ট্যাক্স বসানোর সময় ও'রা খুব সোচ্চার ছিলেন। এখন ১৫ কোটি টাকা ট্যাক্স—৭৫ কোটি টাকা ৫ বছরে বসাবেন, এখন প্রায় ট্যাক্স ৫০ টাকা পার হেড পড়ছে, আর যদি ৪ কোটি লোক ধরি তাহলে ১৫ কোটি টাকা ট্যাক্স প্রায় অ্যানাদার ৪ টাকা করে ঘাড়ে চাপবে, তার মানে প্রায় আরও ৮ পার্সেন্ট করে চাপবে। এটা সকলেই জানেন যে আমাদের দেশের লোকের এখন ট্যাক্স বহনের ক্ষমতা খুব কম। এই ট্যাক্স কিভাবে বসবে এখন সেটা

বলেন নি। ১৫ কোটি টাকা যদি চলে যায় তাহলে ৩৮ কোটি টাকা থাকছে—এই টাকাটা ইফ, বাট এর উপর রয়েছে। যদি কেন্দ্রীয় সরকারের ফাইন্যান্স কমিশন টাকা দেন, যদি রিসিডুলিং অব লোন হয়, যদি কিছু টাকা বেশী হয়, প্রভৃতি তাহলে এই ঘাটতিটা পূরণ হবে। যদি না হয় তখন কি হবে, না এবার ধরা আছে ৫৫ কোটি ৪৪ লক্ষ টাকা আমাদের ডেভালপ্‌মেন্ট প্ল্যানে আগে ছিল ৪৪ কোটি ৪২ লক্ষ টাকা, আমাদের মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী আরো ১০·৬২ লক্ষ টাকা বাড়িয়ে দিয়েছেন, ভাল কথা কিন্তু এই ঘাটতি পূরণ না হলে পরে এই ৩৮ কোটি টাকা যে ঘাটতি থাকবে তার যেটুকু পূরণ হবে, বাদবাকী সমস্ত ডেভেলপমেন্ট প্ল্যানের উপর পড়বে—সেটা ডেভেলপমেন্ট প্লানে কাটা যাবে।

এই অবস্থা যখন তখন আমাদের এই বাজেটে দেখতে পাচ্ছি যে ঘাটতি পূরণের সোজা ব্যবস্থা না থাকার ফলে সমস্ত টাকা রেভেনিউ যা আদায় হবে তার সবই এস্টাবলিসমেন্ট-এর জন্য খরচ হবে। সুতরাং ডেভেলপমেন্টের জন্য আমাদের টাকা বাকী পড়বে। সেজন্য এটাই আজ বাজেটের প্রধান লক্ষানীয় বিষয়। আজ অর্থমন্ত্রী মহাশয় যদি নিশ্চয়তা দিতে পারতেন যে এই ঘাটতি এইভাবে পূরণ করা হবে তাহলে চিন্তার কিছু ছিল না, অথচ আর মাত্র কয়েক মাস বাকী। আমাদের উন্নয়নের অবস্থা কি সেটা দেখুন। কিছুদিন আগে স্বাস্থ্যমন্ত্রী মহাশয় প্রত্যেক এম, এল, এ-এর কাছে চিঠি দিয়েছেন যে আমাদের প্রত্যেকটি এম, এল, এ-এর এলাকায় ৪টি করে টিউবওয়েল সারানোর ব্যবস্থা হবে।

যেখানে একশো-দেড়শো টিউবওয়েল পড়ে রয়েছে, যেখানে নূতন টিউবওয়েল-এর কথা নেই সেখানে ৪টি টিউবওয়েল সারানোর অর্থ মার খাওয়াবার ব্যবস্থা। এতেই ইণ্ডিকেট করছে দেশের উন্নয়নের অবস্থাটা কি। এই ঘাটতি যদি পূরণ না হয় তাহলে এখানে একটাও হেল্থ সেন্টার হবে না, হাসপাতাল হবে না, স্কুল হবে না, কোন কিছুই হবে না।

[4-45 to 4-55 p.m.]

**শ্রীনাথানিয়েল মুর্মু:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী এই বিধান সভায় যে বাজেট উপস্থিত করেছেন আমি তাকে সমর্থন করছি। এটা সমর্থন করছি এই কারণে যে, আমাদের পক্ষ থেকে অনেক মাননীয় সদস্যেরা বলেছেন নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে এই বাজেট বিধানসভায় আনা হয়েছে। নূতন দৃষ্টিভঙ্গীর কথা এইমাত্র ওই পক্ষের মাননীয় সদস্য শচীন নন্দী মহাশয়ও স্বীকার করেছেন। তিনি তাঁর বক্তব্যের মধ্যে স্বীকার না করলেও একথা বলেছেন যে, আমাদের স্বাস্থ্যমন্ত্রী মহাশয় প্রত্যেক এম এল এ-কে জানিয়েছেন যে আপনার এলাকায় এত টিউবওয়েল হবে। ২০ বছরের শাসনে এরকম নজির যে কোন মন্ত্রী কোন এম এল এ-কে এরকমভাবে কোন জিনিস জানিয়েছেন। আমি বহুদিন এই হাউসে আছি, আমি তো এরকম কোন চিঠি কখনও পাইনি। আমাদের সম্পত্তি খুবই কম কিন্তু তাঁরা এটা স্বীকার করেছেন যে এর একটা ইকুইটেবল ডিস্ট্রিবিউশন হওয়া উচিত এবং এটাই একটা দৃষ্টিভঙ্গী। এই দৃষ্টিভঙ্গীর কথা স্বীকার করা সত্ত্বেও আমি সরকার পক্ষের সদস্য হয়ে কয়েকটি আশংকার কথা বলতে চাই। আমাদের দৃষ্টিভঙ্গী যতই ভাল হোক না কেন যে প্রশাসন যন্ত্র আজকে কাজ করছে তাদের মধ্যে যদি মৌলিক পরিবর্তন না আনা যায় তাহলে এই ব্যয়-বরাদ্দের যতই সুসম বণ্টন করি না কেন নীচের তলায় যথাযথ বণ্টন হবে কি না সেই আশংকা আমি করছি। আমি ইকুইটেবল ডিস্ট্রিবিউশন সম্বন্ধে বলতে চাই। বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা সম্বন্ধে আপনি জানেন সেখানে ডায়ার্কি, ডুয়েল কন্ট্রোল রয়েছে। একদিকে বোর্ড অব সেকেন্ডারী এডুকেশন এবং আর একদিকে এডুকেশন ডাইরেকটরেট। এই দুটির উৎপাতে আজকে শিক্ষা ব্যবস্থা কোথায় গেছে সেটা আপনারা সকলেই জানেন। আপনারা জানেন আজকে কোন স্কুলের ম্যানেজিং কমিটিতে গোলমাল হলে বা ছেলেদের মধ্যে গোলমাল হলে বোর্ড অব সেকেন্ডারী এডুকেশনকে যদি জানান হয় তাহলে বোর্ড অব সেকেন্ডারী এডুকেশনের ততক্ষণ পর্যন্ত কিছু করার নেই যতক্ষণ পর্যন্ত না ডি আই, ডি পি আই তাঁদের রিপোর্ট দিচ্ছেন।

ডি আই মানে হচ্ছে এডুকেশন্ ডাইরেকটোরেটের কন্ট্রোল। এই বিধানসভার অনেকবার বলেছি এই ডায়ার্কি তুলে দেওয়া হোক। শিক্ষা ব্যবস্থা থাকবে ঠিকই এবং সেটা বোর্ডের হাতে তুলে দেওয়া হোক। বোর্ডের মধ্যে অনেক গলদ আছে জানি। কিন্তু সেই গলদ দূর করে দিয়ে তাড়াতাড়ি বিরোধগুলির নিষ্পত্তি করে দিতে হবে। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে এই দাবী উপস্থিত করছি। আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় একটা আশ্বাস দিয়েছিলেন যে, নূতন ডি এ যেটা চালু করেছেন্ তাতে ফেব্রুয়ারী থেকে মার্চ মাসের ডি এ জুন মাসে দেওয়া হবে। কিন্তু দুঃখের বিষয় আজকে জুলাই মাসেও সেটা দেওয়া হয়নি। আমাদের শিক্ষামন্ত্রী যে আশ্বাস দেবেন বা অন্য কোন মন্ত্রী যে আশ্বাস দেবেন সেটা তাঁরা শুধু কথায় রাখবেন না, সেটা আসলে রাখবার চেষ্টা করবেন। শিক্ষামন্ত্রী আর একটা আশ্বাস দিয়েছিলেন্ কলেজ শিক্ষকদের মাইনে সম্পর্কে এবং সেটা হচ্ছে ১লা এপ্রিল থেকে একটা ইউনিফর্ম স্কেল চালু হবে ৩০০ থেকে ৮০০ টাকা। কিন্তু আজ পর্যন্ত সেটা চালু হয়নি। এরকম কেন হবে? আমি শিক্ষামন্ত্রীর কাছে আবেদন রাখছি অবিলম্বে শিক্ষা ব্যবস্থাকে নূতনভাবে ঢেলে সাজতে হবে এবং তিনি যেসব প্রতিশ্রুতি দিয়েছিলেন সেগুলি যেন অবিলম্বে চালু করেন। ডি এ যেটা দিয়েছেন সেটা সঙ্গত হয়েছে এবং তার জন্য আমাদের ৯ কোটি টাকার বরাদ্দ এবং আরও কিছু টাকার বরাদ্দ করতে হয়েছে। আমরা জানি এই ডি এ বরাদ্দ করবার ব্যাপারে আমরা সকলের প্রতি সুবিচার করতে পারিনি। প্রাথমিক শিক্ষক এবং চতুর্থ শ্রেণীর কর্মচারীদের সঙ্গে যদি তুলনা করি তাহলে দেখব আমরা সুবিচার করিনি। আমি অর্থমন্ত্রী মহাশয়ের কাছে দাবী জানাচ্ছি তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর কর্মচারীদের ক্ষেত্রে ডি এ-র যে তফাৎ বা ডিস্ক্রিমিনেসন রয়েছে সেটা যেন দূর হয় এবং সকলকে যেন এক হিসাবে ডি এ দেওয়া হয়। আর একটা ব্যাপারে আমি দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে উপজাতি কল্যাণ দপ্তর। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন এই তপশীল এবং উপজাতিদের প্রতি কত অন্যায় করা হয়েছে গত ২০ বছর ধরে। আপনি ওখানে বসে অনেক কথা বলেছিলেন এবং আমরাও বলেছি। কিন্তু খতিয়ে দেখছি যেখানে ছিল সেখানেই রয়েছে। আমি আশা করেছিলাম এই তপশীল এবং উপজাতির উন্নয়ন খাতে অগ্রাধিকার দেওয়া হবে। কিন্তু আজকে দেখছি ২ কোটির কিছু বেশী টাকা দিয়েছেন্। এটা কেন হবে? তাই আমি অনুরোধ করছি মন্ত্রিমণ্ডলী আর একবার বিবেচনা করুন এবং তপশীল ও উপজাতির উন্নয়নের ক্ষেত্রে যাতে আরও অধিক অর্থ বরাদ্দ করা যায় এবং কেন্দ্রীয় সরকারের উপর চাপ দিয়ে যাতে আরও অধিক অর্থ আনা যায় তার ব্যবস্থা করুন। স্যার, এই তপশীল উন্নয়ন দপ্তর সম্বন্ধে আমার কিছু বলার আছে। কিছু কিছু কর্মচারী আছেন যাঁদের আমলাতান্ত্রিক মনোভাবের জন্য সেখানে এক অচল অবস্থার সৃষ্টি হয়েছে। আমি নাম করেই বলছি। এই তপশীল এবং উপজাতি উন্নয়ন দপ্তরের সেক্রেটারী কে কে সেন সম্বন্ধে আমি অভিযোগ আনছি। তিনি বোর্ড অব রেভিনিউ-তে অনেক ভাল করেছেন। কিন্তু এই তপশীল উন্নয়নের ব্যাপারে যে ব্যয়-বরাদ্দ করা হয়েছে সেখানে দেখেছি ৬।৭ বছরে তার যথাযথ ব্যয় হয়নি এবং তার জন্য দায়ী তিনি। আমি দাবী করছি এই তপশীল এবং উপজাতি উন্নয়ন্ দপ্তর থেকে তাঁকে অপসারণ করা হোক, তাঁর সেক্রেটারীসিপ তুলে নেওয়া হোক।

এর আগে যিনি ছিলেন শ্রীসুখময় রায়, আই এ এস তাঁর উপর আমাদের অগাধ বিশ্বাস ছিল, তাঁকেই তপশীলী এবং উপজাতি কল্যাণ দপ্তরে আনা হোক সেক্রেটারী হিসাবে, এই দাবী আমি আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর কাছে জানাচ্ছি।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন এই ট্রাইব্যাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট সম্বন্ধে আমরা পূর্বেও আলোচনা করেছি। সংবিধানে এটা স্বীকৃত হয়েছে যে আদিবাসী উপজাতিদের মাতৃভাষায় প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করা হবে।

imparting primary education in their mother tongue.

আমরা জানি যে এই আলোচনা আমরা গতানুগতিকভাবে করে চলেছি। ওমিশন অ্যান্ড কমিশন করে চলেছি। আমি আশা করব, যুক্তফ্রন্ট মন্ত্রিমণ্ডলী এ বিষয়ে সুবিবেচনা করবেন এবং যাতে যুক্তফ্রন্ট সরকার সাঁওতালদের ক্ষেত্রে সাঁওতালী ভাষায় প্রাথমিক শিক্ষা চালু হয়, তার ব্যবস্থা করবেন্। এবং তা করা হলে নিজেদের মাতৃভাষায় শিক্ষা পাবার ফলে শিক্ষার হারও তাড়াতাড়ি

বাড়বে, তাই আমি যুক্তফ্রন্ট সরকারের নিকট অনুরোধ করি যাতে তাঁরা এই কাজগুলি করেন। আমি যে সাজেশন রাখলাম, আশা করি অর্থমন্ত্রী এবং যুক্তফ্রন্ট মন্ত্রিমণ্ডলী এগুলি পুনর্বিবেচনা করবেন, যাতে নূতন দৃষ্টিভঙ্গী সম্পন্ন বাজেট যথাযথ রূপায়িত হয় এবং তার জন্য যদি প্রশাসনিক ব্যবস্থার অদল-বদল করা দরকার হয় তা তাঁরা করবেন। এই আশা করে বাজেটের প্রতি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**কুমার জগদীশচন্দ্র সিংহ:** মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী মহাশয় ২রা জুলাই তারিখে এই সভার সামনে যে বাজেট উপস্থিত করেছেন, সেই বাজেটের আলোচনায় অংশ গ্রহণ করে আমি আপনার মাধ্যমে কয়েকটি কথা রাখব। স্যার, আমি প্রথমেই দেখতে পাচ্ছি যে এবারের বাজেটে ৫৩ কোটি ৬৭ লক্ষ ৭৬ হাজার টাকার মত ঘাটতি। এই ঘাটতি পূরণের জন্য মুখ্যমন্ত্রী মহাশয় অনেক কিছু বলেছেন। কিন্তু সবে থেকে এক নম্বর আইটেমে যেকথা বলেছেন, সেটা দেখে আমার মনে ভয়ের সঞ্চার হয়েছে। আমি আপনাকে স্মরণ করিয়ে দেবার জন্য একটু পড়ে দিই—"চলতি বৎসরে অতিরিক্ত কর নির্ধারণের কয়েকটি নতুন ব্যবস্থা অবলম্বন করা বাঞ্ছনীয় হবে এবং যথা সময়ে সভার সম্মুখে প্রয়োজনীয় ব্যবস্থাগুলি পেশ করা হবে। আমরা পশ্চিম বঙ্গে চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনা কালে নতুন কর ব্যবস্থা ও অন্যান্য পদ্ধতির দ্বারা ৭৫ কোটি টাকা তোলার ইচ্ছা রাখি।"

স্যার, নতুন করে আপনার সামনে একথা বলার কিছু নাই। কেন না আজকে বাংলাদেশের অর্থনৈতিক যে অবস্থা তাতে বাংলাদেশের জনসাধারণ মৃতপ্রায় হয়ে গেছে, জিনিষপত্রের দাম ক্রমশঃ বাড়ছে এবং আজকে কাগজে আপনি নিশ্চয়ই দেখেছেন, ডেপুটি স্পীকার, স্যার, যে আমাদের ইন্ডাস্ট্রি মিনিস্টার মাননীয় সুশীল ধাড়া মহাশয় বলেছেন যে পশ্চিম বাংলা থেকে ইন্ডাস্ট্রিয়াল ক্যাপিটাল সরে যাচ্ছে, মূলধন চলে যাচ্ছে। ইন্ডাস্ট্রিয়াল ক্যাপিটাল যে পশ্চিম বাংলা থেকে সরে যাচ্ছে একথা মুখ্যমন্ত্রী মহাশয়ও তাঁর বিবৃতির মাধ্যমে স্বীকার করেছেন। এই অবস্থাতে নূতন কলকারখানা স্থাপন করা যাবে না। যেগুলি আছে সেগুলিকেও বাড়ান যাবে না, কর্মসংস্থানও হবে না। নূতন কর্মসংস্থান না হলে বেকারের সংখ্যা আরও বেড়ে যাবে। সেখানে এই ৭৫ কোটি টাকার যে করভার পশ্চিম বাংলার জনসাধারণের উপর পড়বে, তাতে তাদের অবস্থা যে কোথায় গিয়ে দাঁড়াবে, সেটা আপনার মাধ্যমে মন্ত্রিসভাকে বিবেচনা করবার জন্য অনুরোধ করছি। আর কি কি বিষয়ের উপর তাঁরা কর বসাবেন সেটা উহ্য রেখে দিয়েছেন। সময় মত দরকার মত তাঁরা সেটা সভার সামনে আনবেন, খুব ভাল কথা। যখন দরকার হবে তখন কর নিয়ে আসবেন, দরকার না হলে, সত্য কথা, নতুন করে কর বসাবার দরকার নাই। যদি উন্নয়নমূলক কাজ কিছু করা না হয়, তাহলে ৭৫ কোটি টাকার দরকার হবে না।

কাজেই স্যার, এই মন্ত্রিসভা যদি পরিষ্কার করে বলেন যে তাঁরা উন্নয়নমূলক কাজ কিছু করবেন না, যেমন চলছে গতানুগতিকভাবে সেইভাবে চলবে, তাহলে বুঝতে পারবো আমরা কোথায় দাঁড়িয়ে আছি। একদিকে ফ্লাইট অফ ক্যাপিটাল তেমনি অন্যদিকে নূতন করভার যদি পশ্চিম বাংলার জনসাধারণের উপর পড়ে, তাহলে কোথায় যাব। সেকথা আমি পশ্চিমবঙ্গের মন্ত্রিসভার কাছে প্রথমে তুলে ধরছি।

[4-55 to 5-05 p.m.]

আর একটি তথ্য মুখ্যমন্ত্রীর বাজেট বিবৃতির ভেতর পেয়েছি। সেটা হচ্ছে যে সেন্টার থেকে যে সমস্ত টাকা পাওয়া যায়, তার অতিরিক্ত বরাদ্দ দাবী তিনি করেছেন। আমি মনে করি আমাদের এই হাউসের এমন একজনও সভ্য নাই যিনি এই প্রস্তাবকে সমর্থন করবেন না। নিশ্চয়ই সকলে একবাক্যে এটা সমর্থন করবেন। দিল্লীর কাছে থেকে পশ্চিমবাংলার উন্নতিকল্পে আরো আমাদের টাকা দরকার। এই দাবী নূতন কিছু না এবং প্রত্যেক বছর মাননীয় অর্থমন্ত্রী এই হাউসের সামনে যখন তাঁর বাজেট পেশ করেন, তখন তিনি এই দাবীর কথা তোলেন। অবশ্য দিল্লী সেকথায় কান দেন কি না—তা বুঝতে পারছি না। যদি তাঁরা কান

দিতেন তাহলে বছর বছর মাননীয় অর্থমন্ত্রীরা এই সভার সামনে এই দাবী নূতন করে তুলে ধরতেন না। আমি মনে করি—এই সভার প্রত্যেকটি সভ্য অন্ততঃ মুখ্যমন্ত্রীর এই প্রস্তাবকে সমর্থন জানাবেন।

স্যার, আমি খাদ্য ব্যাপারে দেখছি যে গত মার্চ মাসে যে বাজেট তিনি পেশ করেছিলেন তাতে এই ব্যাপারে ১০ কোটি ৩৬ লক্ষ টাকার বরাদ্দ করেছিলেন। সেখানে এখন তিনি আরো তিন কোটি ৩৯ লক্ষ টাকা বাড়িয়ে ধরেছেন। খুব সাধু প্রস্তাব—তাঁকে আমার অভিনন্দন জানাচ্ছি। এই ফুড প্রোডাকশন বাড়াবার যে ব্যবস্থা হচ্ছে তার সঙ্গে আমাদের ইরিগেশন এবং ফ্লাড কন্ট্রোল-এর ব্যবস্থাও আছে। মাননীয় সেচমন্ত্রী এখানে কয়েকদিন আগে প্রশ্নোত্তরের সময় বলেছিলেন, তিনি বেশ বহুসংখ্যক স্যালো টিউবওয়েল এবং কিছু সংখ্যক ডিপ টিউবওয়েল করবেন। সেই ডিপ টিউবওয়েল, স্যালো টিউবওয়েল কবে হবে সে সম্পর্কে এখনো কোন নির্দিষ্ট পরিকল্পনা সরকারের কাছ থেকে পাই নি। আপনি জানেন স্যার, যেমন একদিকে ইরিগেশন দরকার, যেমন একদিকে ভাল সার, ভাল বীজ বাংলাদেশের চাষীর কাছে পৌঁছে দেওয়া দরকার তেমনি আর একদিকে দরকার ফ্লাড কন্ট্রোল। এই ফ্লাড কন্ট্রোল-এর ব্যবস্থা যদি না হয় তাহলে পরে এই অতিরিক্ত টাকা ফুড প্রোডাকশনএর জন্য খরচ করা হবে—সেটা ঐ বানের জলে ধুয়ে যাবে। কাজেই আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে অনুরোধ করবো তাঁরা বন্যা নিয়ন্ত্রণের উপর যেন একটু বেশী জোর দেন। কেন না গেলবারে আমরা দেখেছি আমার কান্দি এলাকার বিস্তীর্ণ এলাকা জুড়ে যে বন্যা হয়েছিল, সেই বন্যার জল চার মাসের মধ্যে নামে নি। কেন সেই জল নামে নি—তার কারণ আমি শুনতে পাচ্ছি যে অন্যান্য বছরের তুলনায় গঙ্গার জলের লেভেলের না কি নীচে ছিল। সেই জন্য কি বন্যার জল নামে নি, দাঁড়িয়ে ছিল।

যে সমস্ত নদী দিয়ে জল নামে সেই নদীগুলি মজে যাচ্ছে। আর ব্যারহারওয়া-কাটোয়া লাইনে রেলওয়ের যে কালভার্ট সেই কালভার্ট এতই ছোট যে সেই কালভার্ট দিয়ে নাকি জল বেরুতে পারে না। আমরা শুনেছি যে ফারাক্কা পরিকল্পনার সঙ্গে এটাও জড়িত রয়েছে। এই রেলওয়ে কালভার্টগুলি যাতে আরো বড় করা যেতে পারে তার ব্যবস্থা করা দরকার। কান্দী মহকুমায় যে সমস্ত বাঁধ গত বছর ভেঙ্গে গিয়েছে তার অধিকাংশ বাঁধ আজকে মেরামত করা হয় নি। যদিও স্যার, আপনি জানেন যে মন্ত্রিসভা এই হাউসে আশ্বাস দিয়েছেন যে আমরা এই বাঁধগুলির মেরামত বিষয়ে খুবই অগ্রনী হয়েছি এবং আমরা আমাদের ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট জেলা মহকুমার শাসকদের হুকুম দিয়েছি যে তাঁরা যেন এই কাজে অগ্রাধিকার দেন। স্যার, আমি যা খবর নিয়ে এসেছি তাতে বলতে পারি, যে বাঁধগুলি ভেঙ্গেছিল তার শতকরা ১০টি এখনও পর্যন্ত মেরামত হয়েছে। তাও যদি আপনি দেখেন তাহলে অবাক হয়ে যাবেন যে কিভাবে পয়সার অপচয় হয়েছে। যতটা মাটি পড়ার কথা ততটা পড়ছে না। অধিকাংশ জায়গায় ইরিগেশন ডিপার্টমেন্ট নিজস্ব কন্ট্রাক্টার দিয়ে মেরামত করাচ্ছেন। স্টেট রিলিফের কাজ খুব কম হয়েছে এবং কাজ খারাপ সেটা আমি দেখে এসেছি। স্যার, এবিষয়টা আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টিতে আনতে চাই। এরপর আর একটা কথা না বললেই নয়, সেটা হচ্ছে ফুড প্রোডাকশনের সঙ্গে অন্ততঃ জড়িত, কিন্তু আমার ভয় হচ্ছে যে সেকথা বললে আমার মাননীয় বন্ধুরা আমার উপর রাগ না করেন, আমি জমির সুসম বণ্টন ব্যবস্থার কথা বলতে চাই। আজকে যদি খবরের কাগজ দেখেন বা রেডিও শোনেন, আমি রোজ খবরের কাগজে বা রেডিওতে শুনতে পাই যে অমুক জায়গায় আজকে এই মারামারি হল, অমুক জায়গায় জমি নিয়ে এই ঝগড়া হল এবং এই ঝগড়া বেশীর ভাগ ঐ যুক্তফ্রন্টের শরিকদলের মধ্যে হচ্ছে। আর যেটা ঘটছে তার দরুন যুক্তফ্রন্টের পঞ্চ প্রধান চিন্তিত হয়ে পড়েছেন। যুক্তফ্রন্টের ৫টি দল তারা ব্যবস্থা করার জন্য চেষ্টা করছেন। সুতরাং এই যে ল্যান্ড প্রবলেম একে যদি আইন শৃঙ্খলার মাধ্যমে সুসম বণ্টন ব্যবস্থা না করা যায় বা সরকার যদি সেই ব্যবস্থা না করেন তাহলে আমি বলতে পারি যে বাংলাদেশের বহু হাজার একর জমি এবারে বিনা চাষে পড়ে থাকবে।

(এ ভয়েসঃ অসম্ভব।)

আমি মনে করি মাননীয় সদস্য অসত্য ভাষণ দিচ্ছেন। তাই স্যার, আমি এদিকটার প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আর এই সঙ্গে 'ল' অ্যান্ড অর্ডারের প্রতিও তাঁদের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমরা 'ল' অ্যান্ড অর্ডার বলতে কি বুঝি সেটা আপনি আইনজ্ঞ আপনাকে বিশেষ কিছু বলার নেই। তারপর স্যার, আমি সমর্থন করি মাননীয় মুখ্যমন্ত্রী যে কথা বলেছেন যে "সকল শ্রেণীর জনগণকে রক্ষার জন্য পুলিস ব্যবহার করা হবে, কিন্তু মেহনতী জনসমাজের স্বার্থের বিরুদ্ধে কিছু সংখ্যক ব্যক্তির উপকারের জন্য পুলিশ নিয়োগ করা হবে না"। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের এই প্রস্তাব সাধু প্রস্তাব এবং আমি এই প্রস্তাবকে সমর্থন জানাই। কিন্তু সেই সঙ্গে আমাদের যে ভয় বা আশংকা যে ক্ষুদ্র মেহনতী জনসাধারণের স্বার্থে এটা দলীয় স্বার্থে যদি যায় তাহলে বৃহত্তম স্বার্থ--দেশের স্বার্থ ক্ষুণ্ণ হবে। সেদিকে দৃষ্টি রাখার জন্য আমি আশা করি আপনি মন্ত্রিমন্ডলীকে এই সভার কথা ও আমাদের কথা স্মরণ করিয়ে দেবেন।

[5-05 to 5-15 p.m.]

**শ্রীআবুল হাসানঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় একটি বিষয়ের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। যেদিন থেকে যুক্তফ্রন্টএর বিধান সভা চালু হল, সেদিন থেকে দেখতে পাচ্ছি যে দুজন সদস্য শ্রী কুমার জগদীশ সিংহ এবং খোদাবক্স সামনের বেঞ্চে কেন বসে আছেন বুঝতে পারছি না। আমি আপনার কাছে জানতে চাচ্ছি ও'রা কোন অপোজিসনে আছেন, না নির্দলের লোক? যদি নির্দলে থাকেন তাহলে ও'রা কেন সামনের বেঞ্চে বসবেন, সেটা আপনি একটু দয়া করে জানাবেন।

**মিঃ ডেপুটি স্পীকারঃ** মাননীয় সদস্যকে জানাচ্ছি যে সিট অ্যালটমেন্টের ব্যাপারে স্পীকার তাঁর নিজের ডিস্ক্রিসান ইউজ করে যেখানে যার বসার প্রয়োজন মনে করবেন হাউসের লিডারের সঙ্গে পরামর্শ করে সেইভাবে তিনি ব্যবস্থা করেছেন। এবিষয়ে যদি কোন মাননীয় সদস্যের কিছু বক্তব্য থাকে তাহলে তিনি হাউসের লিডারকে জানাতে এবং স্পীকারের সঙ্গে যোগাযোগ করতে পারেন।

**শ্রীরেণুপদ হালদারঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে তিন দিন ধরে বাজেটে সাধারণ অধিবেশন চলেছে। এই সাধারণ অধিবেশনে বিরোধীপক্ষের সদস্যরা বলেছেন যে এ বাজেট নৈরাশ্যজনক। এই বাজেট সম্পর্কে তাঁরা কোন আশার আলো দেখতে পাচ্ছেন না বাজেটে যে ঘাটতি আছে সেটা সম্পর্কে তাঁরা আতঙ্কগ্রস্ত এবং এই ঘাটতি পূরণের ব্যাপারে সরকার কি সিদ্ধান্ত নেবেন, কিভাবে ট্যাক্স করবেন, কাদের উপর ট্যাক্স চাপবে সেই সম্পর্কে তাঁরা সংশয় প্রকাশ করেছেন। আর একটি কথা তাঁরা বলেছেন যে প্রত্যক্ষ কর ও পরোক্ষ করের বিরুদ্ধে আমরা যখন বিরোধী পক্ষে ছিলাম তখন প্রতিবাদ জানিয়েছিলাম, এইবারে সেই পরোক্ষ কর দেখতে পাচ্ছি, এই সম্পর্কে তাঁরা সংশয় প্রকাশ করেছেন। এই কর বৃদ্ধি সম্পর্কে আমি পরে বলবো। প্রথমে এই ঘাটতি বাজেট সম্পর্কে তাঁরা যে আশঙ্কা প্রকাশ করেছেন এবং যেসমস্ত কথা বলেছেন আমি মনে করি বাজেটের মধ্যে এটা পরিষ্কারভাবে উল্লেখ করা আছে এবং বিভিন্ন সরকারী পক্ষের সদস্যরা সেই ঘাটতি সম্পর্কে সেকথা উল্লেখ করেছেন। কাজেই তার উপর আমার আর বলার প্রয়োজন হবে না। একটু আগে জগদীশ সিংহ মহাশয়, যাঁকে আমরা ইন্ডিপেন্ডেন্ট সদস্য বলে জানি, তিনি কিন্তু সব সময় বিরোধী পক্ষের ওকালতি করে চলেছেন একটু আগে তিনি কর বৃদ্ধির প্রশ্ন তুলে বলেছেন যে, যদি ডেভেলপমেন্ট ওয়ার্ক করতে হয় তাহলে কর বৃদ্ধির প্রয়োজন আছে। তাহলে এর থেকে বোঝা যাচ্ছে যে ডেভেলপমেন্ট ওয়ার্কের প্রয়োজন আছে এবং এই ডেভেলপমেন্টের জন্য যে কর ধার্যের প্রয়োজন আছে এই কথা সকল সদস্যাই স্বীকার করেন। কারণ, যেসমস্ত প্রয়োজনীয় কাজ করা দরকার, তা যদি সরকার করতে না পারে তাহলে জনগণের যে অগ্রগতি সেটা ব্যাহত হবে এটা আমরা সকলেই জানি। তবু আমরা মনে করি যে যারা বড় বড় ধনী চাষী রয়েছে এই কর তাদের উপর চাপানো দরকার এবং যারা কলকারখানার মালিক, হাজার হাজার, লক্ষ লক্ষ টাকা মুনাফা করছে যারা, এই সব মালিক

পুঁজিপতি ও চোরাকারবারী, এদের উপর বেশী করে কর ধার্য করে এই ঘাটতি যাতে পূরণ করা যায় তার ব্যবস্থা করতে হবে এবং ভূমিহীন চাষী, গরীব, নিম্নবিত্ত চাষী ও মধ্যবিত্ত সমাজ এই করের আওতা থেকে, ট্যাক্সের আওতা থেকে যাতে বাদ পড়ে যায়, সেদিকটা বিশেষভাবে লক্ষ্য রাখতে হবে। আমার মনে হয় এই রকম ধরনের যারা ধনী শ্রেণীর লোক, যারা গরীব লোক তাদের উপর যাতে কর না বসে, কর যাতে উঁচু শ্রেণীর লোক, অর্থাৎ যারা বড় বড় কলকারখানার মালিক বা ধনী চাষী যারা আছে তাদের উপর ট্যাক্স বৃদ্ধি হয় সেই ব্যবস্থা করে যাতে এই ঘাটতি পূরণ করা যায় সেই ব্যবস্থা করা উচিত। তাছাড়া আমি আর একটা প্রস্তাব এই ঘাটতি পূরণ করার ক্ষেত্রে বলতে চাই। আমরা জানি পি ডবলিউ ডি-র রাস্তার পাশে যারা দোকান করে আছে বহুদিন ধরে, সেই সমস্ত দোকানগুলো মাঝে মাঝে সরকার পক্ষ থেকে ভেঙ্গে দেওয়ার ব্যবস্থা করেন। অথচ আবার পরে দেখতে পাওয়া যায় সেই সমস্ত দোকানগুলো আবার তৈরী হয়ে রয়েছে। সেই দোকানের মালিকরা সেখান থেকেই তাদের জীবিকা অর্জন করে থাকে। আমি প্রস্তাব করছি সেই সমস্ত দোকান থেকে বাৎসরিক কিছু ট্যাক্স নিয়ে তাদের যদি ঐসব জায়গায় বসানোর ব্যবস্থা করা যায় যাতে ঐ সমস্ত রাস্তার কোন ক্ষতি না হয়, এমন করে যদি বসানোর ব্যবস্থা করা যায় এবং রাস্তার যাতে অবনতি না ঘটে—তাদের কাছ থেকে যদি একটা বাৎসরিক ট্যাক্স নেবার ব্যবস্থা করা যায় তাহলে তার থেকে সরকার এর পাঁচ কোটি টাকার মত সংগ্রহ করা সম্ভব হবে। তাই এ সম্পর্কে আমি বলতে চাই যে ট্যাক্স গরীব লোকেদের ক্ষেত্রে না বসিয়ে তাদের রেহাই দিয়ে দেওয়া হোক এবং বড়লোকদের এটা বসানোর একান্ত প্রয়োজন। এছাড়া আমি আর একটা কথা বলতে চাই যে ডেভেলপমেন্টের ক্ষেত্রে আমাদের কৃষি উৎপাদনের বৃদ্ধির জন্য, কৃষি ব্যবস্থা উন্নতির জন্য আরও বরাদ্দ থাকার দরকার। আরও টাকা বরাদ্দ করা দরকার শিক্ষা খাতে। সেচের ক্ষেত্রে আরও বেশী অর্থ বরাদ্দ করা প্রয়োজন, আরও বেশী রাস্তা করার জন্য বরাদ্দ বেশী দরকার। স্বাস্থ্য কেন্দ্রের উন্নতির জন্য বিশেষ করে আরও বেশী বরাদ্দ হওয়া উচিত, কারণ এইগুলি জনস্বার্থে অত্যন্ত প্রয়োজনীয় এবং অপরিহার্য হয়ে পড়েছে। এইগুলো দূর করবার জন্য অবিলম্বে সেই রকম ব্যবস্থা নেওয়া সরকারের উচিত। আমি আর একটা কথা বলতে চাই আপনার মাধ্যমে যে আজকে এই যে কৃষিব্যবস্থার অবনতি ঘটেছে সেই সম্পর্কে অবিলম্বে দৃষ্টি দেওয়া দরকার, ফলন যাতে বাড়ে, এবং আমাদের যে খাদ্যনীতি আছে সেটা যাতে পূরণ হয়, যাতে অবিলম্বে কার্যকরী ব্যবস্থা করা হয় তার অনুরোধ জানাচ্ছি। অন্যান্য সদস্যরা যা বলেছেন, আমিও বলবো যে কৃষির উপর বিশেষ করে জোর দেওয়া দরকার এবং রাতে সাধারণ মানুষের স্বার্থ রক্ষিত হবে এই বলে আমি এই বাজেটকে সমর্থন করছি।

**শ্রীশান্তিমোহন রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী যে বাজেট উপস্থিত করেছেন সেই বাজেটকে এক কথায় বলতে গেলে বলতে হয় যে এটা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত বাজেট। যতই এই বাজেটকে আমাদের সামনে ফুলিয়ে ফাঁপিয়ে উপস্থিত করা হোক না কেন এই বাজেটের সাহায্যে আমাদের পশ্চিমবাংলার অধিবাসী-দের কোন কল্যাণ হবে বলে মনে করি না। স্যার, আপনি জানেন যুক্তফ্রন্টের অন্যতম শরিক সি পি এম বাইরে এবং এই হাউসের মধ্যেও সমাজতন্ত্র, সমাজতন্ত্র বলে সোচ্চার হন। কিন্তু এই বাজেটে সেই সমাজতন্ত্রের কোন রূপরেখা আমরা দেখতে পাচ্ছি না। তাঁরা হয়তো বলবেন যে আমরা কেবল মাত্র চার মাস যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠা করেছি, এখন আমাদের দ্বারা সম্ভব নয়। তাঁদেরই অন্যতম সি পি এম নেতা নামবুদ্রিপাদের নেতৃত্বে কেরলে যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়েছে আপনারা জানেন।

[5-15 to 5-25 p.m.]

তিনি যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে আমাদের দেশের যারা কোটি কোটি টাকার শিল্প-পতি তাদের খোলা চিঠি দিয়ে আহ্বান জানিয়েছিলেন যে কেরলে এসে তোমরা শিল্পের প্রতিষ্ঠা কর, আমরা জমি দেব, আমরা স্ট্রাইক করাব না, আমরা বোনাস নিয়ে শ্রমিকদের দ্বারা কোন সংগ্রাম করাব না। প্রায় গলবস্ত্র হয়ে নামবুদ্রিপাদ শিল্পপতিদের কাছে আবেদন জানিয়েছিলেন। আমাদের এখানে পশ্চিমবাংলায় যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠা হওয়ার সঙ্গে সঙ্গে আমাদের মাননীয়

উপ-মুখ্যমন্ত্রীও শিল্পপতিদের কাছে আবেদন জানিয়ে বলেছেন, তোমরা নির্ভয়ে বাংলাদেশে শিল্প প্রতিষ্ঠা কর। শিল্পপতিদের যদি এত তোয়াজ করতে হয় তবে মুখে এত সমাজতন্ত্রের বুলি কেন? সমাজতন্ত্রের ফাঁকা বুলি দিয়ে যেন ও'রা পশ্চিমবাংলায় বিভ্রান্তি সৃষ্টি করতে না পারে সেই জন্য আপনি ডেপুটি স্পীকার মহাশয় দৃষ্টি দেবেন আশা করি। এটা আমার কথা নয়, এস এস পি নেতা ফার্নাণ্ডেজ সাহেব বলেছেন, জ্যোতিবাবু দিনের বেলা মেহনতী জনতার মানুষ আর রাত্রি বেলা যান তিনি শিল্পপতিদের সংগে ফ্লিস্ট করতে। সুতরাং সমাজতন্ত্রের ফাঁকা বুলি দিয়ে বর্তমান যুক্তফ্রন্ট সরকার পশ্চিমবাংলার অধিবাসীদের বিভ্রান্ত করতে চান। আপনি জানেন স্যার, আমরা যখন আমাদের এখানে এই পশ্চিমবাংলায় ল'লেসনেসের কথা বলি, তখন বাম কমিউনিস্ট সদস্যরা সোচ্চার হয়ে উঠেন। আপনি দেখেছেন হরেকৃষ্ণবাবু আমাদের বিরোধীদলের নেতা সিদ্ধার্থবাবুর দিকে আংগুল দেখিয়ে সকলের সামনে বললেন, 'তোমায় বাইরে পেলে পিটিয়ে লাস করে দেব'। এর চেয়ে ল'লেসনেস আর কি হতে পারে? ও'দের আর একজন নেতা রণদিভে বিলেতে গিয়ে সেখানে জনমণ্ডলীর সামনে বিবৃতি দিয়ে এসেছেন, আমরা তো মার্কসীয় পথেই এগোচ্ছি। যেখানে যেখানে সি পি এম-এর নেতৃত্বে যুক্তফ্রন্ট সরকারের প্রতিষ্ঠা হয়েছে সেখানে একদিকে কৃষকদের আমরা জমি দখল করতে বলেছি, আর অন্যদিকে পুলিশকে নিষ্ক্রীয় করে দিয়েছি এবং আপনি জানেন সম্প্রতি গোপালন এবং নামবুদ্রিপাদ সাহেব দু'জনে যৌথ বিবৃতি দিয়েছেন এই বলে যে, আমরা কনস্টিটিউশনে আছি টু রেণ্ড ফ্রম উইদিন দি কনস্টিটিউশন, সুতরাং আমাদের কথা দিয়ে প্রমাণ করতে হবে না, সি পি এম পশ্চিমবাংলায় অরাজকতা, অশান্তি সৃষ্টি করতে চাইছে, তাদের কথাতেই এটা প্রমাণিত হচ্ছে। তারা শুধু পশ্চিমবাংলায় অরাজকতা আনছে না, অশান্তি, বিশৃংখলা সৃষ্টি করতে চাইছে না, পশ্চিমবাংলায় যাতে সত্বর গৃহযুদ্ধ বাধান যায় পশ্চিমবাংলায় যাতে সত্বর... ... ... ... ... ... ... ... ... সশস্ত্র বিপ্লব আনা যায় তার জন্য চেষ্টা করছে। আমি তাই বলছি, সারা পশ্চিমবাংলায় শিল্পের ক্ষেত্রে, সারা পশ্চিমবাংলায় কৃষির ক্ষেত্রে, সারা পশ্চিমবাংলায় শিক্ষার ক্ষেত্রে, জীবনের সমস্ত ক্ষেত্রে আজকে যে অরাজকতা, অস্থিরতা দেখা দিয়েছে, তাতে মাননীয় সদস্যা শ্রীমতী গীতা মুখার্জী যতই গাল ফুলিয়ে এবং গলা ফুলিয়ে বাজেটের প্রশস্তি করতে চান না কেন, এই বাজেটে পশ্চিমবাংলার কোন কল্যাণ হবে না।

অবশ্য আমাদের পশ্চিমবাংলায় অনেক কমিউনিস্ট পার্টি আছে। সি পি এম বলেন আমরা সব চেয়ে বড় কমিউনিস্ট পার্টি, সি পি আই বলেন আমরা সব চেয়ে বড় কমিউনিস্ট পার্টি, এস ইউ সি-রা বলেন আমরা সব চেয়ে বড় কমিউনিস্ট পার্টি, ওয়ার্কার্স পার্টি বলেন যে আমরা সব চেয়ে বড় কমিউনিস্ট পার্টি, আর সি পি আই-রা বলেন আমরা সব চেয়ে বড় কমিউনিস্ট পার্টি। এদের মধ্যে কোন পার্টি সব চেয়ে বড় কমিউনিস্ট তা নিশ্চয়ই তাঁরা ডান্ডাবাজী করে স্থির করবেন সেটা আমাদের স্থির করার ব্যাপার নয়। তাই বলছি, তাঁরা আজকে সমস্ত ক্ষেত্রে যেভাবে অরাজকতা সৃষ্টি করছেন সেই অরাজকতায় পশ্চিমবাংলায় সমাজতন্ত্র প্রতিষ্ঠিত হওয়া কখনও সম্ভবপর নয়। তাঁরা যদি সত্যি সত্যি সমাজতন্ত্র চান তাহলে এই অধিবেশনে আমরা আশা করবো তাঁরা যেন খাদ্যদ্রব্যের ব্যবসায় রাষ্ট্রায়ত্ব করণের কথা ঘোষণা করেন। তাঁরা যদি বাস্তবিক সমাজতন্ত্র চান, তাহলে এই যে ট্রান্সপোর্ট মিনিস্টার আছেন, তার সুযোগ নিয়ে বাস দেবেন, লরী দেবেন জনে জনে, কোন ধনীকে না দিয়ে যেন কো অপারেটিভ সোসাইটিকে দেন। আজকে কৃষিক্ষেত্রেও তাঁরা যে বাঁধ করবেন, খাল করবেন, স্লুইস গেট করবেন, সেই সব বাঁধ, খাল, স্লুইস গেট দেবার কো-অপারেটিভ করে তার মাধ্যমে করুন। বড় বড় রাস্তা করবেন বলে সংকল্প নিয়েছেন। এখন পর্যন্ত যে রাস্তা তৈরী করেছেন—আমরা চাইবো যদি সমাজতন্ত্র চান তাহলে সেই সব বড় বড় রাস্তার কাজ, কৃষি ব্যবস্থায় যেসব বাঁধ, খাল, স্লুইস গেট দরকার হয় সেগুলি দেবার কো-অপারেটিভ তৈরী করে তার মাধ্যমে করুন, তাদের সাহায্য করুন এবং তা যদি করেন তাহলে আমরা বুঝবো যে তাঁরা সমাজতন্ত্র করতে চান। যেহেতু সমাজতন্ত্রের ইচ্ছা তাঁদের নাই, এই বাজেটে তার কোন ইচ্ছা দেখতে পাচ্ছি না সেহেতু এই বাজেটের বিরোধীতা ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীগিরিশ মাহাতো:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে আমি সমর্থন করি এবং সমর্থন করে এই হাউসের অর্থমন্ত্রী

তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে এই পুরুলিয়া জেলা পূর্বে ইংরাজ রাজত্বকালে ধানবাদ এবং পুরুলিয়া জেলা মিলে মানভূম জেলা নাম নিয়েছিল। সেই সময় আমাদের ঐ পুরুলিয়া জেলায়, ধানবাদ শিল্পাঞ্চল থাকার জন্য তথা লাক্ষা শিল্প থাকার জন্য অর্থনৈতিক উন্নতির অনেক সুবিধা ছিল। কিন্তু কংগ্রেস রাজত্ব হবার পর থেকে লাক্ষা শিল্প যেটা মানভূম-এর অর্থনৈতিক লাভ ছিল সেটা ধ্বংস হয়ে গেছে। শুধু তাই নয়, মানভূমকে তিন খণ্ডে ভাগ করে দেওয়া হয়েছে। কতকটা দিয়েছেন ধানবাদ জেলা করে, কতকটা দিয়েছেন টাটানগর করে, আর আমরা পশ্চিম বাংলার সঙ্গে যুক্ত হলাম। অর্থনৈতিক শক্তিটাকে একেবারে টুকরো টুকরো করে দিল। আমরা আশা করেছিলাম, স্বাধীনতার পরে ঐ পুরুলিয়া আন্দোলনে অগ্রগামী ছিল, সেই আন্দোলনে অর্থনৈতিক উন্নতি হবে বলে আশা করেছিলাম কিন্তু কংগ্রেস রাজত্বে ভাষাকে দমন করার উদ্দেশ্য নিয়ে আমাদের যে লাক্ষা শিল্প, তাকে একেবারে নিঃশেষ করে দিয়েছে। আগে আমাদের ধানবাদে যে অর্থনৈতিক লাভ ছিল, সেটা চলে গেল। জঙ্গল যা ছিল সেটা নিঃশেষ করে দিল। এখন সেই মানভূম জেলার পরিবর্তে পুরুলিয়া জেলা হয়েছে তাতে আজ দেখা যাচ্ছে যে সেখানে যে জঙ্গল ছিল সেটা ধু ধু মাঠে পরিণত হয়েছে, যে জমি সেখানে রয়েছে সেটাতে আর আবাদ হচ্ছে না। কংগ্রেসের রাজত্বের পর যখন যুক্তফ্রন্টের রাজত্ব ছিল তখন আমরা বহু আশা করেছিলাম—দিনের পর দিন পুরুলিয়ায় না খেতে পেয়ে লোক মারা যাচ্ছে, দুর্ভিক্ষের কবলে পড়ছে, আমরা আশা করে আছি, শুধু আশা নয়—এই যুক্তফ্রন্ট সরকারের ৩২ দফা কর্মসূচীর মধ্যে আমাদের পুরুলিয়া জেলার স্থান আছে।

[5-25 to 5-35 p.m.]

পুরুলিয়া জেলা ভবিষ্যতে অর্থনৈতিক উন্নতি লাভ করবে এই আশা আমাদের আছে। আমাদের যুক্তফ্রন্টের মন্ত্রিমহাশয়রা পুরুলিয়ায় যাচ্ছেন, তাঁরা অনুভব করেছেন—তাঁরা আমাদের কাছে বলেছেন যে পশ্চিমবঙ্গের অন্যান্য জেলায় যা অর্থনৈতিক উন্নতি হয়েছে তার চেয়ে বহু নিম্নে স্থান রয়েছে পুরুলিয়া জেলার। তাই আমাদের সমস্ত দৃষ্টি দিতে হবে এই পুরুলিয়া জেলার প্রতি। এই বাজেটে দেখছি উত্তরবঙ্গের স্থান রয়েছে, কলকাতার স্থান রয়েছে কিন্তু পুরুলিয়ার কোন বিশেষ স্থান নেই এই বাজেটের মধ্যে। আমরা যুক্তফ্রন্টের মন্ত্রীদের কাছে এসেছি, তাঁদের অনুরোধ করেছি—মন্ত্রীরা সকলেই জানেন, এই হাউসের সমস্ত লোক জানেন এবং পশ্চিমবাংলার সমস্ত লোক জানেন যে ১৯৬৭ সালে পুরুলিয়া, বাঁকুড়ায় ভীষণ দুর্ভিক্ষ হয়েছে, ১৯৬৮ সালেও আমাদের ওখানে আবাদ হয় নি, এ বৎসরও এখনও কোথাও ভাল জল হয় নি—চষীরা সব নিঃশেষ হয়ে গেছে লেভী রিকুইজেশন আইনে, এখন অর্থনৈতিক উন্নতির কোন উপায় নেই। যা ধান আমাদের থাকে সেগুলি কাপড়, নুন, তেল কিনবার জন্য বিক্রি করে দিতে হয়। আজ গ্রামে গ্রামে হাহাকার করছে। আমরা রিলিফ মন্ত্রীর কাছে কতবার গেছি, রিলিফ মন্ত্রীকে অনুরোধ করেছি যে আমাদের পুরুলিয়া জেলার যতক্ষণ পর্যন্ত অর্থনৈতিক উন্নতি না করে দিচ্ছেন কোন শিল্পের ব্যবস্থা না করে দিচ্ছেন ততদিন পর্যন্ত আমাদের রিলিফ দিতে হবে—রিলিফ মন্ত্রী আমাদের বলেছেন যে আমার কাছে পুরুলিয়া জেলার জন্য কোন বিশেষ কোটা নেই, আমার কাছে টাকা নেই, আমি কোথা থেকে টাকা পাব—ফাইন্যান্স ডিপার্টমেন্ট আমাদের টাকা দিচ্ছে না। আমরা ছুটে গেছি কৃষিমন্ত্রীর কাছে। আমি ১২ই তারিখে পুরুলিয়ার গিয়েছিলাম রিলিফ কমিটির মিটিং-এ—মাত্র অঞ্চলের দুজনকে গরু কেনার টাকা দিয়ে এসেছি। যেখানে আমাদের ওখানে মড়কে শত শত গরু মারা গেছে, সেখানে আমরা কৃষি মন্ত্রীকে বলেছি গরু বলদ কেনার জন্য টাকা দেওয়া হোক—এতদিন পরে মাত্র অঞ্চলের দুজনকে টাকা দিয়ে এলাম। কৃষিমন্ত্রীর কাছে গেছি, তিনি বলেছেন আমার কাছে টাকা নেই, পুরুলিয়ার জেলার জন্য বিশেষ কোন কোটা দেয় নি, আমি কোথা থেকে দেব? আজ আমাদের সেখানে সেচের কোন ব্যবস্থা হয় নি। শুধু তাই নয়, এখনও সেখানে আমলাতান্ত্রিক অফিসাররা রয়েছেন আমি প্রথম বাজেটের সময় বলেছিলাম। আমাদের ওখানে গত ১২ই তারিখে একটা কি কংগ্রেসের প্রদর্শনী হয়ে গেল—আমাদের জনসাধারণ জিজ্ঞাসা করছে এখনও কি কংগ্রেসের রাজত্ব আছে? আমি সেখানে দেখে এলাম মানবাজার ১নং, ২নং ব্লকে সমস্ত কংগ্রেসীদের নিমন্ত্রণ

করে নিয়ে গেছে কৃষি প্রদর্শনীতে তারা নাকি কৃষি ট্রেনিং দেবেন। আমি পেপারে দেখলাম আমাদের কৃষিমন্ত্রী পেপারে বলেছেন কৃষি ট্রেনিং দেয়া হচ্ছে। সেই কৃষি ট্রেনিং কারা দেবেন-- যারা কৃষির কোন নাম জানে না, কখনও কৃষি কাজ করেনি তাদের কৃষি ট্রেনিং দেয়া হচ্ছে। তাই আজ যুক্তফ্রন্টের কার্যতালিকাকে যদি সাফল্যমণ্ডিত করতে হয় তাহলে এই সমস্ত আমলাতান্ত্রিক অফিসারদের, যারা লক্ষ লক্ষ টাকা চুরি করেছে তাদের যদি শাস্তি দেয়া না হয় তাহলে যুক্তফ্রন্টের ৩২ দফা কার্যসূচী কখনই সাফল্যমণ্ডিত হবে না। তাই আপনার মাধ্যমে আমি অনুরোধ করছি যে পুরুলিয়া জেলায় শিল্পের অনেক রকম ব্যবস্থা আছে—সেখানে লাক্ষা শিল্প হতে পারে, সিমেন্টের কারখানা হতে পারে—সেদিকে একটু দৃটি দিতে হবে এবং পুরুলিয়া জেলায় অতি শীঘ্র রিলিফ দিতে হবে, জি আর দিতে হবে। সেখানে বহু পঙ্গু লোক জি আর পায় না—কংগ্রেস আমলে তা বন্ধ হয়ে গেছে। মাত্র কয়েক জায়গায় চলছে। তাই আমি মন্ত্রিসভাকে এবং হাউসকে অনুরোধ করব অতি শীঘ্র পুরুলিয়ার দিকে আপনারা দৃষ্টি দিন, নইলে আবার কংগ্রেস রাজত্বের মত দুর্ভিক্ষ দেখা দেবে—এই বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তৃতা শেষ করছি।

**Shri Prem Thapa:** Mr. Deputy Speaker Sir, It is my maiden speech in this great and honoured House. I am grateful to my voters who have helped to come here. Sir, my victory was significant in more than one ways. What the Congress failed in practice which they propagated, we were successful in that namely the integretion and unity among the hill people of Darjeeling and the plain people, and the sole credit goes to the different constituents of the United Front. It is with pride I can say that I come from Siliguri constituency where the voters are predominantly Bengalees. The dirty game of the Congress candidate, Shri Arun Kumar Moitra, who is one of the then Secretaries of the Pradesh Congerss Committee, canvassing amongst the Bengali voters not to vote a hill man candidate- thus disturbing the soul of Gandhiji and Nehruji—fell flat. The gulf created by the Congress leaders between the hill people and plain pople were bridged to a great extent by my victory. Mr. Deputy Speaker, Sir, while the whole of the toiling masses in the plains suffered during the 21 years' rule of the Congress, we the hill people of Darjeeling suffered most. It is a known fact that the hill people of Darjeeling received step-motherly treatment from the Congress and they plainly made it their business not to improve. The result is dwindled economy, unemployment rampant, stagnancy in education and deterioration in health thus sufferings and tragedy multiplied. And nature has neither been kind to us. Sir, May I take this opportunity to support the budget provisions presented to the House by the Hon'ble Finance Minister? I have not only hopes but complete belief that the popular United Front Government which has shown special interest in the development of the hill areas and upliftment of all the people so far neglected, would provide separate budgetary provisions for the hills. But, unfortunately, the same is missing. However, whatever money will be spent for the development of the hill areas should really go for the development and not into the pockets of the bureaucrats, big merchants and contractors. Let the blunder of the Congress be not repeated by making rich the richer and poor the poorer.

Sir, my constituency is a peculiar constituency with peculiar problems. I represent two of the four sub-divisional towns of the District of Darjeeling. Siliguri town has multifarious problems. The Municipality is in a tottering condition. Recently an Administrator has been appointel after 11 years of the same Board functioning without any interruption and making the condition worse from bad. There have been no effort to improve the roads and sanitary conditions and there are practically no street-lights in many parts of the fast-growing Siliguri town.

I would urge upon the Government to probe into the 11 years' misdeeds of the past board of the municipality. Siliguri is subjected not only to the

misdeeds of the municipal board but even to that of the two rivers—River Mahananda and the Phuleswari. These rivers which flow through the heart of the town subject Siliguri people to a perpetual threat by inundating the new areas almost daily. Government should take immediate steps to train these two rivers.

[5-35 to 5-45 p.m.]

Now, Sir, coming to the educational problem of the hill areas I would like to say that the people there have always been depending mostly on the mercy of the foreign missionaries for their educational advancement. During the British regime as well as the Congress regime—during 21 years' rule—Congress has done nothing for the educational upliftment of the hill people. Kurseong which is one of the towns under my constituency has two Government-managed schools—one Victoria School for boys and the other Dow Hill School for Girls where lakhs of rupees are spent every year for the benefit of the children of the big bureaucrats, managers and proprietors of tea gardens and big marchants. Common people of Kurseong do not derive any benefit from these two schools. Kurseong's need is for a first grade college, and I suggest that the Victoria School be converted into a first grade college for the backward people of Kurseong Subdivision, and if it is done, I assure you, Sir, no capital expenditure will be involved. As you all know, Darjeeling hill areas are abundant with natural resources. I know it for certain that there exists a coal mine at Victoria under Kurseong Police Station, but Government has done nothing to explore it so far, and they have done nothing to protect the area. As a result, day in and day out digging of the mine by certain individuals continues perpetually. It has become a danger to the people of Tindharia because of the creation of tunnel like holes for removal of coal. Rains may badly affect the area and I apprehend a disaster to the residents of Tindharia and a dislocation of Darjeeling Railway tracks and highways Government should immediately explore and investigate into the affair of the whole area.

As regards the implementation of Nepali language in all official works in the district of Darjeeling, I request the Government to take necessary steps immediately. All the Government publications available in Bengali and English should also be published in Nepali. Sir, things would be much easier and matters would be expedited if a Government Press for Nepali publication is set up in Darjeeling.

Thank you.

**শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই বাজেটকে সম্পূর্ণ সমর্থন করতে গিয়ে আমি আপনার মাধ্যমে জানাতে চাই যে, এই যে বাজেট উপস্থিত করা হয়েছে এই বাজেটে কোন সমাজতান্ত্রিক বাজেট নয় এবং এই বাজেটের মধ্য দিয়ে বাংলাদেশের জনসাধারণের সর্বাঙ্গীন উন্নতি হবে একথা আমরা বলবার চেষ্টা করিনি। আপনি জানেন গত ২০ বছর ধরে কংগ্রেস তরফ থেকে যে রাজত্ব চালান হয়েছিল তাতে তাঁরা পশ্চিমবাংলার অর্থনীতি জরাজীর্ণ করে দিয়েছেন, পশ্চিমবাংলার মানুষকে দুঃখকষ্টে ফেলেছেন এবং মুষ্টিমেয় জমিদার, জোতদারের পকেট বোঝাই করেছেন। এই অবস্থা থেকে পরিত্রাণ পাবার জন্য বাংলাদেশের জ্যসাধারণ যুক্ত-ফ্রন্টকে গদীতে বসিয়েছেন এবং যুক্তফ্রন্ট সরকারও সেই দৃষ্টিভঙ্গী নিয়ে এই বাজেট রচনা করেছেন।

আমাদের এই বাজেটে আমরা দুটি বিষয় লক্ষ্য করছি। একটা হচ্ছে আপনি জানেন যে আমাদের যে সীমাবদ্ধ সংবিধান আছে তাতে রাজ্যের ক্ষমতা অত্যন্ত সীমাবদ্ধ। সেই সীমাবদ্ধ ক্ষমতার ভিতর, সীমাবদ্ধ অর্থনৈতিক ক্ষমতার ভিতর কি করে মানুষের উন্নতি করা যায় তার জন্য আমরা কতকগুলি প্রস্তাব রেখেছি। আপনি বোধ হয় লক্ষ্য করেছেন যে এই বাজেটে কৃষির উন্নতির জন্য, সরকারী কর্মচারীদের কিছু সুযোগ-সুবিধা দেবার জন্য এবং অন্যান্য সুযোগ-সুবিধা দেবার জন্য অধিকতর ব্যয়বরাদ্দ বাড়াতে হয়েছে। আপনি এটা লক্ষ্য করেছেন

যে কেন্দ্রীয় সরকার উন্নয়ন পরিকল্পনা খাতে আমাদের বরাদ্দ করেছেন ২২০ কোটি টাকা, কিন্তু এই সময় মধ্যে আমাদের কাছ থেকে তাদের প্রাপ্য হচ্ছে ঋণ এবং সুদ বাবদ ২৩৪ কোটি টাকা। অর্থাৎ দেখা যাচ্ছে এক দিকে কেন্দ্রীয় সরকার আমাদের রাজ্য থেকে নিয়ে যাচ্ছেন পাট, তামাক এবং চা বাবদ, আয়কর বাবদ প্রচুর টাকা, কিন্তু সেই টাকা থেকে আমাদের যে প্রাপ্য অংশ তা দেবার ব্যবস্থা করছেন না। অপর দিকে আমাদের জনকল্যাণমূলক কাজ করবার জন্যে যে পরিমাণ অর্থ প্রয়োজন, সেই পরিমাণ অর্থও আমাদের জন্য বরাদ্দ হচ্ছে না। সুতরাং এই বাজেটের মধ্যে এই ঘাটতি পরিস্ফুট হয়ে উঠেছে। কাজেই আমাদের সরকার যতটা পেরেছেন এই সীমাবদ্ধ ক্ষমতার ভিতরই জনকল্যাণমূলক কাজের কিছু কিছু অর্থ বরাদ্দ করেছেন। এখানে একটা প্রশ্ন উঠেছে সহরের জন্য বরাদ্দ হয়েছে, গ্রামের জন্য বরাদ্দ হচ্ছে না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাত্র ৪ মাস হল আমাদের যুক্তফ্রন্ট সরকার হয়েছে। গত ২০ বছরে আমাদের কলকাতায় কংগ্রেস সরকার ট্রামের ভাড়া কমানোর পরিবর্তে ভাড়া বাড়িয়ে দিয়েছেন, আমরা সেটা কমিয়ে দিয়েছি। এটা কি জনগণের জন্য কাজ নয়? সরকারী কর্মচারীর জন্য আমরা ৩ কোটি টাকা বরাদ্দ করেছি, এটা কি জনকল্যাণমূলক কাজ নয়? গ্রামের মধ্যে আমরা দেখছি খাস জমি, বেনামী জমি উদ্ধার করে কৃষকদের মধ্যে তা বন্টন করার ব্যবস্থা করেছেন এবং সার ইত্যাদি ব্যাপারেও কিছু কিছু মঞ্জুর করার ব্যবস্থা করেছেন, গ্রামাঞ্চলে রেশন ব্যবস্থা প্রসারণ করার ব্যবস্থা করেছেন, এটা কি জনকল্যাণমূলক কাজ নয়? এভাবে সহরের এবং গ্রামের মানুষের উন্নতি করার জন্য আমরা সাধ্যমত চেষ্টা করছি। কিন্তু আপনি এটা জানেন যে এই বাজেটের মধ্য দিয়ে যে কথা বলবার চেষ্টা করেছি সেটা হল পশ্চিমবাংলার মানুষের সর্বাঙ্গীণ উন্নতি করতে গেলে সংবিধানে যে ব্যবস্থা রয়েছে, তার পরিবর্তনও করা দরকার। অর্থাৎ কেন্দ্রের সঙ্গে যুক্ত থেকেও সরকারের সঙ্গে যে সম্পর্ক তার পরিবর্তন প্রয়োজন। আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবাংলা থেকে যে পরিমাণ টাকা নিয়ে যাওয়া হচ্ছে, তা থেকে আমাদের দেশের লোককে তার ন্যায্য অংশ দেওয়া হচ্ছে না। এখানে কংগ্রেস পক্ষ থেকে বলা হচ্ছে কংগ্রেসের কাছে আমরা দয়া চাইছি। আমরা দয়া চাইছি না, আমরা আমাদের ন্যায্য অংশ দাবি করছি, আমাদের ন্যায্য অংশ থেকে আমাদের বঞ্চিত করা হচ্ছে। এবং সেজন্যই আমরা দাবি তুলেছি এই বাজেটের মধ্যে, সংবিধানে যে ব্যবস্থা আছে, তার পরিবর্তন করে আমাদের রাজ্যকে সম্পদ আহরণের সুযোগ দিতে হবে। অর্থাৎ আমাদের রাজ্যে সম্পদ আহরণের যে সুযোগ আছে, সম্ভাবনা আছে, পাটের ভিতর দিয়ে, চায়ের ভিতর দিয়ে, অন্যান্য ট্যাক্সের ভিতর দিয়ে, যত টাকা পাবার সম্ভাবনা আছে সেই টাকা পাবার ব্যবস্থা এবং সুযোগ আমাদের দিতে হবে। দু' নম্বর কথা হচ্ছে পশ্চিমবঙ্গ ভারতবর্ষের একটা অঙ্গ রাজ্য, সুতরাং কেন্দ্র থেকে ঋণ এবং সুদ বাবদ যে টাকা দেয় আছে কেন্দ্রের কাছে সেটা মকুব করে দিয়ে, সেটা আমাদের উন্নয়নমূলক কাজে ব্যবহার করার সুযোগ দিতে হবে। তিন নম্বর কথা হচ্ছে উদ্বাস্তুদের দায়িত্ব কেন্দ্রীয় সরকার নিয়েছিলেন, সেই ঋণের টাকা সম্পূর্ণ মকুব করে দেওয়া হোক, যাতে উদ্বাস্তু পুনর্বাসন ক্ষেত্রে আমরা তাদের সুযোগ দিতে পারি, এবং তার জন্য আরও টাকা মঞ্জুর করা হোক। এইভাবে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের প্রতি অবিচারের জন্য প্রতিবাদ করছি এবং সেই অবিচারের প্রতিবাদ ধ্বনিত করছি। আজকে আমাদের দেখতে হবে আমরা এই ঘাটতি বাজেট কেন করেছি। কংগ্রেস নেতার মুষ্টিমেয় লোকের স্বার্থে পরিচালিত হয়ে আমাদের রাজ্যের প্রতি সুবিচার করলেন না। একথা আপনি জানেন যে কেন্দ্র আমাদের প্রতি অবিচার করেছে, আমাদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করেছে, ফলে আমরা যে জনকল্যাণমূলক কাজ করতে চাই সেটা করতে পাচ্ছি না। আমরা যদি কংগ্রেসের মত চালাতে চেষ্টা করতাম, তাহলে ঘাটতি বাজেট হত না।

কিন্তু কংগ্রেসের নীতির পরিবর্তন করে জনকল্যাণমূলক কর্মসূচী গ্রহণ করার দরুন বাজেটে এই ঘাটতি হবার সম্ভাবনা দেখা দিয়েছে। হয়ত ঘাটতি হবে; সেই ঘাটতি পূরণ করতে গেলে বর্তমান সংবিধানের সংশোধন করা প্রয়োজন। আমাদের এই বাজেটে সেই দাবী উত্থাপন করা হয়েছে। আমাদের যুক্তফ্রন্টের ৩২ দফা কর্মসূচীর মধ্যেও সেই দাবী উত্থাপিত হয়েছে। সারা পশ্চিমবাংলার জনগণের সামনে এই দাবী রেখে সমস্ত মানুষকে ঐক্যবদ্ধ রেখে কেন্দ্রের বিরুদ্ধে আমাদের এই বক্তব্য রাখবার সময় আমরা আশা করেছিলাম কংগ্রেস বন্ধুরাও আমাদের এই দাবী

সমর্থন করবেন এবং কেন্দ্রের কাছ থেকে যাতে বেশী অর্থ বরাদ্দ পেতে পারি তার জন্য তাঁরাও চেষ্টা করবেন। তাঁরা সেই পথে না গিয়ে অন্য পথের কথা বলছেন।

[5-45 to 5-55 p.m.]

১৯৬৭ সালে যখন নূতন যুক্তফ্রন্ট সরকার হলো, তখন কংগ্রেসের নেতারা পার্লামেন্টে ও এখানে ঠিক ঐ একই কথা বলতে সুরু করেছিলেন যে এখানে আইন-শৃংখলা বলে কিছু নাই। চালের দাম বেড়ে গেছে, ইত্যাদি নানা রকম কথা বলে ষড়যন্ত্র করে ভোটে অবতীর্ণ হলেন। তাঁরা মনে করেছিলেন আবার ভোটে জিতে আসর জাঁকিয়ে বসবেন। তারই স্বার্থে তখন তাঁরা আইন-শৃংখলা নাই, চালের দাম বেড়ে গেছে—এই সব ধুয়া তুলে চীৎকার করছিলেন। কিন্তু এত চীৎকার করা সত্ত্বেও বাংলাদেশের মানুষ তাঁদের ভোট দিল না—মাত্র ৫৫টি আসন তাঁরা পেয়েছে। আপনি জানেন স্যার, আজ পশ্চিমবাংলায় আইন ও শৃংখলার অবনতি ঘটাবার জন্য কংগ্রেসের তরফ থেকে নানাবিধ ষড়যন্ত্র ও চক্রান্ত চলছে। আপনি জানেন আমাদের বামপন্থী পার্টির উপর আক্রমণ চালিয়ে, কৃষক শ্রমিকদের আক্রমণ চালিয়ে কংগ্রেসী জোতদাররা, তাদের গুণ্ডারা গুলি করে কৃষকদের হত্যা করেছে। নদীয়া জেলায় তাহেরপুর কলোনীর শ্রমিকদের উপর অ্যাসিড নিক্ষেপ করে ১১ জনকে আহত করেছে। তারা অনেকদিন হাসপাতালে ছিল তার জন্য। আজকে দেখা যাচ্ছে কংগ্রেস পক্ষের মালিকরা গুণ্ডা লেলিয়ে দিয়ে শ্রমিকদের দমন করবার চেষ্টা করছে, তাঁদের আজকে পায়ের তলার মাটি সরে যাচ্ছে। তাই আজকে তাঁরা গুণ্ডামীর আশ্রয় নিয়ে চীৎকার আরম্ভ করেছেন বাংলাদেশে আইন-শৃংখলা নাই। আমি তাঁদের জানাতে চাই অবস্থার অনেক পরিবর্তন হয়ে গেছে। আজকে আর গুণ্ডামী ও পুলিশের ভয় দেখিয়ে মানুষকে তাদের ন্যায়সংগত আন্দোলন থেকে বিরত করা যাবে না বা তাদের সেই আন্দোলনকে দমন করা যাবে না। আজ গ্রামের কৃষক শ্রমিক জেগেছে, ছাত্র কর্মী সবাই জেগে উঠেছে। আজ পশ্চিমবাংলায় যে ঐক্যবদ্ধ আন্দোলন সুরু হয়েছে, তাতে কংগ্রেস একেবারে ধুয়ে মুছে যাবার উপক্রম হয়েছে তাই আজ এত ভয়। এই বাজেটকে পরিপূর্ণ সমর্থন করতে উঠে কংগ্রেসকে দেওয়ালের লিখন দেখতে বলি। কংগ্রেসকে খতম করবার জন্য সাধারণ মানুষের এই আন্দোলন এগিয়ে চলেছে, দিন দিন শক্তিশালী হচ্ছে। আমি এই বাজেটকে পরিপূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Shri A. K. M. Ishaque:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ব্যয়বরাদ্দের যে আনুমানিক হিসাব দাখিল করেছেন, আমি তার বিরোধিতা করছি। একটি গণতান্ত্রিক দেশে বাজেট প্রস্তাব আসে, বিরোধীপক্ষেরা প্রয়োজন বোধে কখনো তার সমর্থন দেন, কখনো বা তার বিরোধিতা করেন এবং দেশের উন্নতির জন্য মাঝে মাঝে কিছু নূতন প্রস্তাবও তার সংগে রাখেন। গণতান্ত্রিক দেশের এই বিধি। আমরা এটা করি কেন? এই গণতন্ত্রকে সবল করবার জন্য, সুষ্ঠু করবার জন্য। কিন্তু আজকে যদি আমরা দেখি এই গণতন্ত্রকে হত্যা করবার জন্য অপচেষ্টা করা হচ্ছে, তাহলে সর্বশক্তি দিয়ে তাকে বাধা দেওয়ার দায়িত্ব শুধু আমাদের বিরোধীপক্ষের নয়, সরকার পক্ষের সভ্যদেরও সে দায়িত্ব রয়েছে।

আজও আমরা দেখছি যে এই পশ্চিমবাংলায় গণতন্ত্রকে হত্যা করার চেষ্টা করা হচ্ছে। মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন যে এই বিধানসভায় বসে গণতন্ত্রকে আরো সবল ও শক্তিশালী করবার জন্য ক্ষমতার বিকেন্দ্রীকরণের ব্যবস্থা করা হয় এবং সেই ব্যবস্থায় এই বিধানসভায় বসে আমরা জেলা পরিষদ আইন রচনা করেছি, আঞ্চলিক পরিষদ সৃষ্টি করেছি, স্কুল বোর্ড তৈরি করেছি, আর তা করে এই সব সংস্থার মাধ্যমে আমরা গণতন্ত্রকে জোরদার করতে চেয়েছি। স্যার, এই আইনের বিধানু অনুযায়ী লোকে জেলা পরিষদ, আঞ্চলিক পরিষদ ও স্কুল বোর্ডে নির্বাচিত হয়েছে এবং তাদের হাতে দায়িত্ব দেওয়া হয়েছে একটি নির্দিষ্ট কাজ করবার জন্য। স্যার, পশ্চিমবঙ্গে যুক্তফ্রন্ট সরকার হল, এল, এসে বিধানসভা বসবে সে সময়টুকুও অপেক্ষা কররে পারল না, এই আইনসংগতভাবে রচিত সংস্থাগুলিকে তাঁরা অর্ডিন্যান্স করে বাতিল করে দিলেন। এর থেকে লজ্জার কথা এবং গণতন্ত্রকে এইভাবে হত্যা করার অপচেষ্টা

আর কোন সভ্য দেশে হয়েছে বলে আমার জানা নেই। তারপর স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন, যে জেলা পরিদ আইন আমরা এই বিধানসভায় বসে রচনা করেছি এবং যে আইনের মধ্যে একে বাতিল করার পদ্ধতি লেখা আছে সেই পদ্ধতি অবলম্বন করতে যে সামান্য সময়টুকু প্রয়োজন সেই সময়টুকু পর্যন্ত ও'রা অপেক্ষা করতে পারেন নি। স্যার, গণতন্ত্রকে ও'রা নির্মম-ভাবে হত্যা করেছেন, এইভাবে তারা বাতিল করেছেন। তারপর স্যার, আপনি জানেন যে গণতন্ত্রকে সবল ও সুষ্ঠু করবার জন্য আমরা ক্ষমতার বিকেন্দ্রীকরণ করে শিক্ষার দায়িত্ব মধ্যশিক্ষা পর্যদের উপর ন্যস্ত করেছিলাম। ও'রা তখন এদিকে বসে তারস্বরে চিৎকার করে বলেছিলেন যে মধ্যশিক্ষা পর্যদের হাতে আরো ক্ষমতা দেওয়া হোক। যেটুকু ক্ষমতা দেওয়া সম্ভব এবং যেটুকু ক্ষমতা তাদের দেওয়া ন্যায্য বলে আমরা মনে করেছিলাম সেই ক্ষমতা তাদের দিয়েছিলাম এবং চেয়েছিলাম যে এই সংস্থাটি ইনডিপেন্ডন্টলি ওয়ার্ক করুক, কাজ করুক, এ দাবী ও'দের সেদিন ছিল। কিন্তু অত্যন্ত দুঃখ ও বেদনার কথা যে কোলকাতা হাইকোর্টের একজন অবসরপ্রাপ্ত জজ যিনি মধ্যশিক্ষা পর্যদের প্রেসিডেন্ট হয়েছিলেন তাঁকে বাধ্য করা হয়েছিল অগণতান্ত্রিক পদ্ধতিতে পদত্যাগ করবার জন্য। একের পর এক ও'রা এইভাবে গণতন্ত্রকে হত্যা করার অপচেষ্টা করে যাচ্ছেন। স্যার, মাত্র ২।৩ মাস হল ও'রা ক্ষমতায় এসেছেন এরই মধ্যে বাংলাদেশে যতগুলি শিক্ষা প্রতিষ্ঠান আছে—হাই স্কুল, মাইনর স্কুল ক্লাস সেভেন এইট পর্যন্ত, প্রাইমারী স্কুল, এই সব স্কুলে যে সমস্ত ম্যানেজিং কমিটি লিগ্যালি কনস্টিটিউয়েট ছিলেন সেই সমস্ত লিগ্যালি কনস্টিটিউয়েট ম্যানেজিং কমিটিগুলিকে আজকে সর্বত্র ভয় দেখানো হচ্ছে এবং কিছু কিছু জায়গায় বাতিল করা হচ্ছে। চাঁপাগাছি হাই স্কুল গত বছরের আগের বছর মাত্র রেকগনিশন পেয়েছে ১৯৬৭ সালে, ওটা আমার এলাকার প্রান্তে এবং ১৯৬৮ সালে এই হাই স্কুলের ম্যানেজিং কমিটির নির্বাচন হয়ে গিয়েছে, ১৯৬৯ সালের ফেব্রুয়ারি মাসে খিচুড়ি সরকার ক্ষমতায় এসে ১৯৬৯ সালের মে মাসে সেই স্কুলের কম্পাউন্ডে জোর করে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির লোকেরা মিটিং করলেন এবং তাঁরা সমস্ত ম্যানেজিং কমিটির লোকেদের থ্রেট করলেন এই বলে যে তোমাদের পদত্যাগ করতে হবে। গণতন্ত্রকে রক্ষা করার বা তাকে বাঁচানোর এই কি প্রচেষ্টা? একজন শিক্ষক, যিনি নিজের হাতে পদত্যাগপত্র দাখিল করেছেন এবং ম্যানেজিং কমিটি যে পদত্যাগপত্র গ্রহণ করেছেন মার্কসবাদী কমিউনিস্টরা সেই লোককে সঙ্গে নিয়ে সেই স্কুলে গেল।

[5-55 to 6-05 p.m.]

তাঁরা তাঁদের দলবল নিয়ে দরবার করছেন, তাদের দলের অনেকে মন্ত্রীও হয়েছেন—তাঁরা দরবার করছেন যে এই স্কুলের ম্যানেজিং কমিটি বাতিল করা হোক। জানি না, সেই স্কুলের ম্যানেজিং কমিটি এখন পর্যন্ত আছে কি না। গণতন্ত্র হত্যা করবার জন্য ও'রা এই সব অপচেষ্টা সর্বত্রই করে যাচ্ছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিশিষ্ট আইনজীবী হিসাবে আপনি জানেন যে গণতন্ত্র রক্ষা করতে গেলে আইনের শাসন আমাদের মেনে নিতেই হবে, গণতন্ত্র রক্ষা করতে গেলে আদালতের সম্মান আমাদের রক্ষা করতেই হবে এবং আদালত যে রায় দেন সেই রায় মেনে নেওয়াই হচ্ছে গণতন্ত্র রক্ষা করবার একটা পদ্ধতি। অত্যন্ত লজ্জার কথা যে এই সরকার ক্ষমতায় এসে ইতিমধ্যেই যেখানে যত চোর, ডাকাতদের বিরুদ্ধে ফৌজদারী মামলা ছিল, সেই কেসগুলি প্রত্যাহার করবার জন্য নোটিশ পাঠিয়ে দিয়েছেন। আপনি শুনলে অবাক হবেন স্যার, ইতিমধ্যে কিছু কিছু জাজ্ তাঁরা সেই সমস্ত কেস প্রত্যাহার করতে অস্বীকার করেছেন। এই সেদিন আমি আমার চেম্বারে বসে শুনছিলাম, এক ভদ্রলোক তাঁর দুঃখের কথা বলছিলেন। সেই ভদ্রলোকের বাড়ীতে ডাকাতি হয়েছিল। এখানকার সেই অর্ডারের ভিত্তিতে সেই হুকুমনামা পাঠিয়ে দিলেন এবং সরকারের সেই হুকুমনামার ভিত্তিতে সেই ডাকাতরা খালাস পেয়েছে। ডাকাতরা গিয়ে তাকে ভয় দেখাচ্ছে, তুমি আমাদের বিরুদ্ধে এই ক্ষমতা প্রয়োগ করেছিলে, আমাদের এত টাকা খরচ হয়েছে, সেই টাকা তিন দিনের মধ্যে দিতে হবে। ডাকাতরা ছাড়া পাবার পরে এই সব কথা বলছে। এরা বলে এদের নাকি তথাকথিত বিপ্লব সুরু হয়েছে বাংলার মাঠে মাঠে। প্রথম থেকে এই যে গণতন্ত্র হত্যার যে অপচেষ্টা হচ্ছে এ আমার জানা নেই। অধ্যক্ষ মহাশয়, বাংলার মাঠে মাঠে গণতন্ত্র হত্যার যে অপচেষ্টা হচ্ছে সে অপচেষ্টার কথা আমি পরে আরো বলবো। আজকে বাজেট আলোচনা করতে গিয়ে আপনার কাছে যেকথা আমি রাখছি সেটা এই,

ও'রা প্রত্যেকটি সময়ে বলেন কেন্দ্র চক্রান্ত করছে পশ্চিমবঙ্গের বিরুদ্ধে। আমরা আপনার মাধ্যমে এ'দের এই অ্যাসিওরেন্স দিচ্ছি, যদি আমরা কখনও দেখি বা বুঝি যে কেন্দ্র পশ্চিমবঙ্গের বিরুদ্ধে কোন রকম ষড়যন্ত্র করছেন সেদিন ও'রা কেন, আমরাই প্রথম প্রতিবাদে মুখর হয়ে উঠবো, বাধা দেব সেই চক্রান্তকে ব্যর্থ করবার জন্য। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যদি ও'রা চক্রান্ত করেন বাংলাদেশকে সমূলে ধ্বংস করবার জন্য, তাহলে আমরা সেখানেও বাধা দেব। আমরা দেখছি ও'রা বাংলাদেশকে ধ্বংস করবার জন্য একের পর এক চক্রান্ত করে যাচ্ছেন। আজকে সরকারের যে সমস্ত অপচয়ের নমুনা আমরা দেখছি এই রকম নির্লজ্জ নমুনা আমরা আর কখন দেখি নি। স্যাকসবি ফারমারের কথাই ধরুন। খবরের কাগজে আপনি বহুদিন দেখেছেন যে এই স্যাকসবি ফারমার কোম্পানী বলে দিচ্ছে, টাকা দিয়ে আমাদের প্রতিষ্ঠান কিনে নাও। এই স্যাকসবি ফারমারের বহু টাকা দেনা আছে, তা আমরা শুনেছি এবং এখন পর্যন্ত এই স্যাকসবি ফারমার কোম্পানী ৯ কোটি টাকার অর্ডার পেয়ে আছে, কিন্তু মাল তৈরী করে সাপ্লাই করবার মত সামর্থ তাদের নেই। এই স্যাকসবি ফারমারের দায়িত্ব গ্রহণ করা হল স্যার, আপনি এটা মনে রাখবেন। অধ্যক্ষ মহাশয়, এই স্যাকসবি ফারমার হচ্ছে একটা বৃটিশ ফার্ম। ক্যালকাটা ট্রাম কোম্পানী যখন চালানো দুষ্কর হয়ে উঠল এবং যখন এটা লুজিং কনসার্ন হয়ে গেল, তখন সেই ট্রাম কোম্পানীর ওনলি অ্যাডমিনিস্ট্রেশন অ্যাকুইজেশন করা হল। আপনি মনে রাখবেন মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই ট্রাম কোম্পানীও হচ্ছে বৃটিশ ফার্ম। এটা অত্যন্ত বেদনার কথা যে আমরা জানি এবং দেখছি যে যখনই কোন বৃটিশ ফার্ম লুজিং কনসার্ন হয়ে যাচ্ছে মার্কসিস্ট কমিউনিস্ট পার্টি—

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, যেটা কংগ্রেস দলের সঙ্গে সর্ব-সম্মতিক্রমে পাশ হয়েছে এই আইন, ট্রাম কোম্পানীকে হাতে নেওয়ার আইন, সে সম্বন্ধে উনি বলছেন, এটা কি বিধিসঙ্গত হচ্ছে?

**মিঃ ডেপুটি স্পীকারঃ**

He is only referring the matter. He is not discussing in details.

**শ্রী এ কে এম ইশাকঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমরা দেখলাম যখনই এই ট্রাম কোম্পানী লুজিং কনসার্ন হয়ে গেল, সঙ্গে সঙ্গে এই ট্রাম কোম্পানীর অ্যাডমিনিস্ট্রেশনকে অ্যাকুইজিশন করা হলো এবং করলেন কে, যুক্তফ্রন্ট সরকারের একটি অংশের মন্ত্রী, মার্কসিস্ট কমিউনিস্ট মন্ত্রী। আমরা জানি ব্রিটিশের সঙ্গে এদের সখ্যতা আছে, ১৯৪২ সাল থেকে এদের ব্রিটিশের সঙ্গে সখ্যতা দৃঢ় হয়েছে। সারা ভারতবর্ষে ১৯৪২ সালে যখন ভারত ছাড় আন্দোলনে উন্মত্ত হয়ে উঠেছে, তখন এই মার্কসবাদী পার্টির বাবুরা পাঞ্জাবী গায়ে দিয়ে মাঠে মাঠে ঘুরে বেড়িয়েছে। সেই সময় থেকে তাদের সঙ্গে সখ্যতা আছে আমরা জানি। শুনলে আপনি অবাক হয়ে যাবেন, মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির একজন মন্ত্রী তাঁর অসুখ হয়েছে, এই স্যাকসবি ফার্মার অ্যান্ড কোম্পানী তাকে বিলাত থেকে ওষুধ আনিয়ে খাইয়েছে। এই স্যাকসবি ফার্মার কোম্পানীর অ্যাডমিনিস্ট্রেশন অ্যাকুইজেশন করে সরকারের টাকার যে অপচয় করা হয়েছে এটা খালি পশ্চিমবঙ্গের বিরুদ্ধে পশ্চিমবঙ্গকে ধ্বংস করার একটা ষড়যন্ত্র ছাড়া আর কিছু নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে আরও অবাক হয়ে যাবেন যে বাংলাদেশে আমাদের সরকারী আয় যা ছিল সেই আয় কত নীচে নেবে গেছে এবং তাঁরা এটা ষড়যন্ত্র করে সেই আয় কমাচ্ছেন। ১৯৬৭ সাল পর্যন্ত সেলস্ ট্যাক্স এই পশ্চিমবঙ্গ সরকারের ৫০ থেকে ৫৫ কোটি টাকা পর্যন্ত আদায় হতো এবং এখন নৈরাজ্যের সৃষ্টি হয়েছে ব্যবসা-বাণিজ্য এমন মন্দা এনে দিয়েছে, ব্যবসায়ীদের মনে এমন ভীতির সৃষ্টি করেছেন যে আজ ব্যবসা প্রায় বন্ধ হতে চলেছে এবং সেই সেলস্ ট্যাক্স বাবদ মাত্র এখন ১০ থেকে ১২ কোটি টাকা আয় হচ্ছে। পশ্চিমবঙ্গকে ধ্বংস করবার ষড়যন্ত্র, পশ্চিমবঙ্গকে দুর্বল করবার ষড়যন্ত্র, এই ষড়যন্ত্র যতদিন চলবে, ও'রা চালাবেন, আমরা বিরোধীতা করে যাবো। আমরা খালি এই মন্ত্রিসভাকে এই অনুরোধ করে যাবো যে ও'রা ষড়যন্ত্র পরিত্যাগ করুন, যে অপকর্ম করছেন এবং সেটাকে কেন্দ্র করছে বলে যে অভিযোগ করছেন বলে মানুষকে ভুল বোঝানো হয়, তাহলেও মানুষ বুঝবে যে কে ষড়যন্ত্র করছে এবং যদি এই ষড়যন্ত্র বন্ধ না করেন, যে ইতিহাসের কথা রোজ বলেন সেই ইতিহাস ও'দের

বিচার করবে, ইতিহাস কাউকে ক্ষমা করে না, এই বলে আমার বক্তব্য শেষ করে, এই বাজেটের বিরোধিতা করছি।

**শ্রীনিতাই ভান্ডারী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী এই বিধানসভায় যে বাজেট উপস্থিত করেছেন তাকে আমি পরিপূর্ণভাবে সমর্থন জানাচ্ছি। পশ্চিমবঙ্গ সরকারের যে সীমিত আর্থিক ক্ষমতা তার মধ্যে যেভাবে বাজেটকে তিনি রচনা করেছেন তা সর্বাঙ্গসুন্দর হয়েছে। সেজন্য এই বাজেটকে আমি পরিপূর্ণ সমর্থন করছি। এই সমর্থন জানাতে গিয়ে একটা কথা মাননীয় মন্ত্রিমহাশয়কে বলতে চাই, সেটা হচ্ছে এই কংগ্রেসী আমলে বাজেটে বরাদ্দকৃত অর্থ যেভাবে অপব্যয় করা হয়েছে, যেন যুক্তফ্রন্ট সরকারের আমলে সেইভাবে বাজেটের যে সীমিত অর্থ তার যেন একটা কপর্দকও অপব্যয় না হয়।

[6-05 to 6-15 p.m.]

জনগণ যেসব প্রকল্পের জন্য দাবী উপস্থিত করছে তার উপর ভিত্তি করে যেন এই রাজ্যের অর্থ ব্যয় করা হয়। আমরা কংগ্রেস আমলে দেখেছি জনগণের দাবী-দাওয়া কংগ্রেস সরকার উপেক্ষা করে চলেছে। কারণ কংগ্রেস শাসন ছিল একচেটিয়া পুঁজিপতি, জমিদার, জোতদারদের শাসন। তাদের স্বার্থ রক্ষা করতে গিয়েই তাঁরা বাজেটের অর্থ ব্যয় করে গিয়েছেন এবং তার মধ্য দিয়ে বহু অর্থের অপচয় করে গিয়েছেন। কিন্তু যুক্তফ্রন্ট সরকার জনগণের সরকার। তাই বাজেটের বরাদ্দকৃত অর্থ জনগণের কল্যাণেই ব্যয়িত হবে এবং জনগণের দাবীদাওয়া পূরণের জন্য ব্যয়িত হবে কংগ্রেস শাসনে যা কায়েমী স্বার্থ সিদ্ধির জন্য ব্যয়িত হয়েছে—এটা আমরা বিভিন্ন প্রকল্পে লক্ষ্য করলে দেখতে পাই। ডি ভি সি-র কথা এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে। কোটি কোটি টাকা ব্যয় হয়েছে ডি ভি সি-র পরিকল্পনার পিছনে। আর আমরা হাওড়া, হুগলীর লোক ডি ভি সি-র জলে হাবুডুবু খাচ্ছি। যখন কংগ্রেস সরকার ডি ভি সি-র পরিকল্পনা রূপায়ণের কাজ হাতে নিয়েছিলেন, তখন হাওড়া, হুগলী জেলার লোক সোচ্চারে দাবী উত্থাপন করেছিলেন, আগে নিম্ন দামোদর সংস্কার করুন। নিম্ন দামোদর যদি সংস্কার না করা হয় এবং উপেক্ষা করা হয় তাহলে আমাদের সর্বনাশ উপস্থিত হবে। আজকে দেখছি নিম্ন দামোদরকে উপেক্ষা করে ডি ভি সি-র পরিকল্পনা রূপায়িত করা হয়েছে। তার ফলে আমাদের হাওড়া, হুগলী জেলার লোক প্রতি বছর বন্যায় হাবুডুবু খাচ্ছি। প্রতি বছর লক্ষ লক্ষ টাকার শস্য ডি ভি সি-র জলে নষ্ট হয়ে যাচ্ছে। এইভাবে ও'রা পরিকল্পনা রচনা করেছিলেন মুষ্টিমেয় কায়েমী স্বার্থকে রক্ষা করার জন্য এবং তার জন্য জনগণের স্বার্থকে উপেক্ষা করেছেন। এছাড়া আমরা দেখেছি এই কংগ্রেস শাসনে কিভাবে নির্লজ্জভাবে কায়েমী স্বার্থকে তোষণ করা হয়েছে। আমাদের হাওড়া জেলায় মার্টিন রেলপথ আছে, এটা স্যার বীরেন মুখার্জীর একচেটিয়া কারবার। তার স্বার্থকে রক্ষা করবার জন্য কংগ্রেস জনগণের যোগাযোগ ব্যবস্থাকে সম্পূর্ণভাবে উপেক্ষা করে গিয়েছেন। আজকে মার্টিন কোম্পানীর ট্রেনে সাধারণ মানুষকে যেতে হয় তার ছাদে চেপে, কিংবা পাদানীতে ঝুলে তাদের জীবন বিপন্ন করে। অথচ জনসাধারণের কাছ থেকে আদায় করা টাকায় যে রাস্তা নির্মাণ করা হয়েছে সেই রাস্তা দিয়ে কোন বাস চালু করা হয় নি। এইভাবে কংগ্রেস দীর্ঘ ২১ বছর ধরে তাদের বশংবদ লোকদের তোষণ করে গিয়েছেন। আজকে ও'রা দীর্ঘ ২১ বছর পরে গণতন্ত্রের কথা বলছেন, ও'রা বলে গেলেন গণতন্ত্রের জন্য ও'রা কত কি করেছেন, আজকে যুক্তফ্রন্টের আমলে গণতন্ত্র নাকি শেষ হয়ে গেছে এবং তার জন্য তাঁরা ব্যথায় মরে যাচ্ছেন। কিন্তু দীর্ঘ ২১ বৎসর শাসনে কংগ্রেস প্রাথমিক শিক্ষা ব্যবস্থা এবং সামগ্রিক শিক্ষা ব্যবস্থাকে কোথায় এনে দাঁড় করিয়েছেন। শিক্ষার ক্ষেত্রে যেখানে পশ্চিমবঙ্গ সর্বশ্রেষ্ঠ ছিল, এখন ৬ ষষ্ঠ স্থানে এসে দাঁড়িয়েছে। প্রাথমিক শিক্ষক নিয়োগ এবং বিদ্যালয় স্থাপনের ব্যাপারে পরিপূর্ণ অব্যবস্থা তাঁরা করেছেন। গত নির্বাচনের পূর্বে যেভাবে তাঁরা প্রাথমিক স্কুল স্থাপন করেছেন, সেটা সত্যই আশ্চর্যের ব্যাপার। যেখানে প্রাথমিক স্কুল আছে সেখানে জনসাধারণের ভোটের জন্য একটু দূরে আর একটা প্রাথমিক স্কুল স্থাপন করেছেন।

কিন্তু এমন গ্রাম বহু আছে যেখানে কোন প্রাথমিক বিদ্যালয় নেই, সেখানে বিদ্যালয় হল না। এইভাবে জনসাধারণকে নির্বাচনের পূর্বে কিছু টিউবওয়েল, কিছু প্রাইমারী স্কুল, কিছু স্পেশাল ক্যাডারএর মাস্টারী দিয়ে তারা ভেবেছিলেন যে আমরা আবার শাসনের গদিতে বাংলাদেশে টিকে থাকতে পারবো। এইভাবে ওরা গণতন্ত্র প্রতিষ্ঠা করেছেন, আর সেইভাবে গণতন্ত্র প্রতিষ্ঠা করার জন্য বাংলাদেশের সংগ্রামী গণতান্ত্রিক মানুষ ওদেরকে আজ শাসনের ক্ষমতা থেকে টেনে নামিয়ে দিয়েছে এবং যুক্তফ্রন্টকে শাসনের গদিতে বসিয়েছে। যুক্তফ্রন্ট তব ৩২ দফা কর্মসূচী রূপায়ণের জন্য কায়েমী স্বার্থের বিরুদ্ধে আঘাত হানার জন্য, জোতদারদের বিরুদ্ধে আঘাত হানার জন্য দুর্বার অভিযান চালিয়েছে। সেই অভিযানকে সফল করে বাংলাদেশের মানুষ তার অবস্থাকে উন্নত করবে এবং বাংলাদেশে নূতন শাসন ব্যবস্থা প্রতিষ্ঠা করবে। সেই আশা নিয়ে আমি মাননীয় প্রধান মন্ত্রিমহাশয় যে বাজেট উপস্থাপন করেছেন তাকে পরিপূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, যুক্তফ্রন্টের মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী হিসাবে যে বাজেট উপস্থাপন করেছেন আমি তাকে সমর্থন করছি। দীর্ঘক্ষণ ধরে কংগ্রেসী বন্ধুদের বাজেট বক্তৃতা শুনে আমরা এইটুকু বুঝলাম যে এই বাজেট ঘাটতি প্রায় ৫৩ কোটি ৬৭ লক্ষ টাকার মত। এই ঘাটতি বাজেটের জন্য তারা অত্যন্ত বিচলিত, আতঙ্কিত হয়েছেন। কিন্তু তাদের আমি সবিনয়ে নিবেদন করবো যে, কোন কল্যাণমূলক সরকার যদি সত্যি সত্যি তারা জনগণের কল্যাণ কামনা করে মঙ্গল করার চেষ্টা করেন তবে ঘাটতি বাজেট পেশ করার জন্য সাহস তাদের থাকে। দীর্ঘ ২০ বৎসর কংগ্রেস প্রশাসনকে স্মরণ করিয়ে এই ঘাটতি বাজেট সম্বন্ধে একটু অ্যানালিসিস করে তাদের বলতে চাই যে, ঘাটতির প্রতিটি টাকা জনকল্যাণমূলক খাতেই ব্যয়িত হবে, এবং এটা কোন মন্ত্রীর নিজের প্রয়োজনে ব্যয়িত হবে না। এখানে কৃষির টাকা কৃষকদের মধ্যে ব্যয় হবে, সেটা রাতারাতি কোন কৃষিযন্ত্র উৎপাদক কোন কোম্পানী গড়ে তোলা হবে না, সেই টাকা দিয়ে। রিলিফএর টাকা যেটা, সেটা ত্রাণকার্যে ব্যয় হবে। সেটা কংগ্রেসের মত ইলেকশন ক্যাম্পিয়ান-এ নিশ্চয়ই ব্যয় করা হবে না। শিক্ষা খাতের টাকা স্কুল-কলেজ গড়ে তোলার জনাই ব্যয় করা হবে; ডি এম সেন-এর মত কুখ্যাত অফিসারকে দ্বিগুণ টাকা মাইনে দিয়ে অপচয় করা হবে না, এটা তাঁদের স্মরণ করিয়ে দিচ্ছি, যে ঘাটতি বাজেট উপস্থিত হয়েছে আপনি জানেন মাননীয় উপাধ্যক্ষ মহাশয়

Budget of the Government is the reflection of the Economic status of the people of that State.

কোন সরকারের বাজেট সেই রাজ্যের জনগণের অর্থনৈতিক অবস্থার একটা প্রতিফলন, একথা যদি সত্যি হয় তাহলে এই ঘাটতি বাজেট দেখে একথা স্বীকার করতে হবে যে, পশ্চিমবাংলা আজকে অর্থনৈতিক বিপর্যয়ের সম্মুখীন হয়েছে একথা সত্য, কিন্তু আমি কংগ্রেস বন্ধুদের জিজ্ঞাসা করতে চাই, এই অর্থনৈতিক বিপর্যয়ের জন্য দায়ী কে? যখন আমাদের স্বাধীনতা আসে বৃটিশ আমলে বা ১৯৪৭ সালে, যখন তাদের ভক্ত কংগ্রেসের হাতে ভারতবর্ষের স্বাধীনতা তুলে দিয়ে যান তখন সারা বাংলাদেশকে যে অবস্থায় রেখে গিয়েছিলেন সে সম্বন্ধে এই কংগ্রেসীদের প্রভু এবং গুরু গান্ধীবাদী জহরলাল স্বীকার করে গেছেন

Bengal, once a rich and flowrishing State, after 185 years of British rule, is to day in a miserable mess of poverty-striken, starving and dying people. The pagoda tree was sucked again and again till the most terrible famine had eaten up this Bengal.

ইংরাজ শাসনের পরে আমাদের দেশে যে দুর্ভিক্ষ আরম্ভ হয়েছিল এবং সেই ইংরাজরা বাংলাদেশের অর্থনৈতিক প্যাগোডা ট্রিকে বার বার নাড়া দিয়ে সমস্ত ফল ভোগ করলেন এবং তারপর দীর্ঘ ২২ বছর ধরে এই কংগ্রেসীরা তার পাতা, ডালপালা সমস্ত ভোগ করে তারা গাছটিকে ভক্ষণ করে গেছেন।

[6-15 to 6-21 p.m.]

একথা শুধু আমার নয়, একথা হচ্ছে আজকের যিনি কংগ্রেসের লীডার শ্রীসিদ্ধার্থশংকর রায়, তিনি ১৯৫৮ সালে একথা স্বীকার করে গেছেন

The irrefutable conclusion to which I came was that far from in any way aiding Bengal and Bengalees to prosper and advance the administration of the Congress Party are fast leading Bengal to destruction and the Bengalees to ruination.

আজকে তিনি এখানে হয়ত নেই কিন্তু তাঁর পার্শ্বচরেরা এখানে উপস্থিত রয়েছেন, ১৯৫৮ সালে তিনি একথা স্বীকার করে গেছেন যে কংগ্রেস পার্টি এবং কংগ্রেস অ্যাডমিনিস্ট্রেশন বাংলা-দেশকে ধ্বংসের মুখে ঠেলে দিয়েছেন এবং আমরা যখন জানি ১৯৫৮ সালের পর থেকে এই কংগ্রেসী শাসন বাংলাদেশের এমন কিছু ইকনমিক আপলিফমেন্ট হয়নি যাতে দেশের জন-সাধারণের উন্নতি হয়েছে তখন আমরা এই কনক্লুশনে আসতে পারি যে আজকে এই অর্থনৈতিক বিপর্যয়ের জন্য এই দীর্ঘ ২২ বছরের কংগ্রেসী অপশাসনই দায়ী। ডেপুটি স্পীকার মহাশয়, আজকে আমি বলব যে আজ এই যে ঘাটতি বাজেট উপস্থাপিত হয়েছে এতে আমরা প্রকৃতপক্ষে বাংলাদেশের জনসাধারণের কল্যাণ করার জন্য চেষ্টা করছি। আমার মনে হয় এর আগে আর কোন সরকার কোনদিন কৃষি খাতে এত অর্থ বরাদ্দ করেন নি, কোনদিন শিক্ষার জন্য এতটা চিন্তা করেন নি এবং তাঁরা জনসাধারণের নানাবিধ উন্নতি সাধন করে পশ্চিমবাংলাকে উন্নতরূপে পরিণত করার চেষ্টা করেন নি এবং এই ঘাটতি পূরণের জন্য অর্থমন্ত্রী যে সমস্ত বক্তব্য রেখেছেন বা যে সমস্ত পথ নির্দেশ দিয়েছেন সে সম্বন্ধে আমার একটু বলার আছে। তাঁর প্রথম ইংগিতটা আমরা একটু বেদনার সংগে স্মরণ করছি যে তিনি বলেছেন যে ৭৫ কোটি টাকা ট্যাক্স তিনি বসাবেন এবং জনসাধারণের থেকে সেটা আদায় করবেন। এ ব্যাপারে তাঁকে আমি অনুরোধ করব যে এই ৭৫ কোটি টাকা ট্যাক্স যেন গরীব জনসাধারণের উপর বসানো না হয়, কারণ আমি দেখেছি আমার নির্বাচনী এলাকা উলুবেড়িয়া দক্ষিণ কেন্দ্রে সেখানে শত শত লোক নিরন্ন এবং বস্ত্রহীন অবস্থায় রয়েছে এবং তারা খুব অল্প পরিমাণ খেয়ে এবং গ্রাসাচ্ছদন করে আছে। আমি শুধু উলুবেড়িয়ার কথা বলছি না। কারণ উলুবেড়িয়া হচ্ছে

the diminutive picture of the whole of rural Bengal.

সমস্ত পল্লী বাংলার একটা ছোটখাট প্রতিকৃতি। সুতরাং এই হচ্ছে বাংলা দেশের অবস্থা। এখানে আমরা দেখেছি শীতকালে ছোট ছোট ছেলেদের বুকে হাত চাপা দিয়ে শীত কাটাতে হয়। সুতরাং তাদের উপর যেন করভার না চাপান হয়। উপরন্তু যুক্তফ্রন্ট সরকার যেন চেষ্টা করেন তাদের সর্ববিধ কল্যাণ সাধন করবার জন্য। রবীন্দ্রনাথের একটা কথা মনে পড়ে "দ্বারে যদি থাকে দাঁড়াইয়া, ম্লান মুখ বিষাদে বিরস, তবে মিছে সহকার শাখা, তবে মিছে মঙ্গল কলস।" আজকে যদি একটা লোকও নিরন্ন অবস্থায় মৃত্যুমুখে পতিত হয়—আজকে যদি একটা লোককেও নানা রকম দুঃখ কষ্টে দিন যাপন করতে হয়, তার শীতের পরিধানের বস্ত্র যদি না থাকে তাহলে যুক্তফ্রন্ট সরকারের সমস্ত মঙ্গলকর প্রচেষ্টা, তাদের সমস্ত প্রতিশ্রুতি এবং ৩২ দফা কর্মসূচীর প্রতি তাঁদের আনুগত্য সমস্তই ব্যর্থ হয়ে যাবে। সেই জন্য আমি অর্থমন্ত্রীকে অনুরোধ করবো যে এই গরীব জনসাধারণের উপর যেন করভার না চাপান হয়। আর আমি তাঁকে বলবো যে কেন্দ্রীয় সরকার আমাদের কাছে সুদ বাবদ যে টাকা পান সেটা যেন বন্ধ করে দেওয়া হয়। কারণ যে দেশ দীর্ঘদিন ধরে অর্থকৃচ্ছতার মধ্যে আছে সেই পশ্চিমবাংলাকে যদি ভারতের অঙ্গ রাজ্য হিসাবে তাঁরা স্বীকার করেন তাহলে পশ্চিমবাংলার অর্থনৈতিক দায়িত্ব কেন্দ্রকে নিতে হবে। সেই হিসাবে আমি অর্থমন্ত্রীকে অনুরোধ করবো যে তিনি কেন্দ্রের সুদ যেন না মিটান এবং সে দিক থেকে রেহাই পাবার চেষ্টা করা দরকার। আজকে সকলেই জানেন পশ্চিমবাংলার প্রতি কেন্দ্রের বৈষম্যমূলক আচরণের কথা। আজকে কলকাতা সহর এবং কলকাতা বন্দর—এই কলকাতা বন্দর ৪০ পারসেন্ট এক্সপোর্ট, ৩০ পারসেন্ট ইমপোর্ট এই বন্দরের মধ্য দিয়ে হয় এবং কলকাতা বন্দরের মধ্য দিয়ে ভারতবর্ষের আজও ৫০ ভাগ বৈদেশিক মুদ্রার চলাচল হয়। কিন্তু কেন্দ্রীয় সরকার এই কলকাতার প্রতি বিরূপ মনোভাব গ্রহণ করেছেন এ কথা আপনি জানেন। আজকে

যদি বাঙ্গালীকে বাঁচতে হয় তাহলে আমি অর্থমন্ত্রীকে বলবো যে বাঙ্গালীকে কেন্দ্রের বিরুদ্ধে লড়াই করে বাঁচতে হবে। আজ যদি বাংলার ইতিহাস পর্যালোচনা করি তাহলে দেখবো যে মোঘল পাঠানের আমলে বারভুঁইয়ারা সব সময় কেন্দ্রের অন্যায় অবিচারের বিরুদ্ধে লড়াই করে গেছে।

বৃটিশ শাসনের পরবর্তী যুগে বিংশ শতাব্দীর প্রথম দিকে বাংলার বীর সন্তানরা এখানে যে অগ্নিযুগের সৃষ্টি করেছিলেন তার ফলেই বৃটিশরা ভারত ছাড়তে বাধ্য হয়েছিল। এছাড়া কর্মবীর মহানায়ক নেতাজী সুভাষচন্দ্র যে বৈপ্লবিক কর্মপ্রচেষ্টা করেছিলেন তার ফলেই ইংরাজরা ভারত ছাড়তে বাধ্য হয়েছিল। সেজন্য কেন্দ্র যদি এই রকম অবিচার করে তাহলে সেই কেন্দ্রের বিরুদ্ধে আমাদের লড়াই করতে হবে। তাই আমি অর্থমন্ত্রী মহাশয়কে বলব তিনি যেন টেনিসনের ইউলিসিসের মতন বলেন

What we are we are
One equal temper of that heroic heart
Made weak by time and fate
But strong in will to strive to seek to find
And not to yield.

আমরা সেই ঐতিহ্যপূর্ণ বাংলার বংশধররা, যদি দরকার হয় তাহলে আমরা কেন্দ্রের বিরুদ্ধে লড়ব এবং আমাদের দাবী আমরা আদায় করে নেব এবং তাদের এই অবিচারের প্রতি আমরা মাথা নত করব না। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker:** The House stands adjourned till 1 p.m. to-morrow.

## Adjournment

The House was accordingly adjourned at 6-21 p.m. till 1 p.m. on Tuesday, the 15th July, 1969, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 15th July, 1969, at 1 p.m.

**Present**

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 23 Ministers, 2 Ministers of State and 194 Members.

## STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

**State Social Welfare Home**

***60.** (Admitted question No. *90.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শিক্ষা (সমাজ শিক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গে রাষ্ট্রীয় সমাজ কল্যাণ ভবন মোট (১) কয়টি ; এবং (২) তাহাদের নাম কি?

[1—1-10 p.m.]

**Shri Satya Priya Roy:**

(ক) পশ্চিমবঙ্গে শিক্ষা-অধিকারের অধীনে পরিচালিত রাষ্ট্রীয় কল্যাণ ভবনের সংখ্যা—১০ (দশ)।

(খ) তাহাদের নাম ও ঠিকানাঃ—

১। বাণীপুর নরসিংদাস কোঠারী রাষ্ট্রীয় কল্যাণ-ভবন—ইউনিট নং ১,

২। বাণীপুর নরসিংদাস কোঠারী রাষ্ট্রীয় কল্যাণ-ভবন—ইউনিট নং ২,

৩। বাণীপুর নরসিংদাস কোঠারী রাষ্ট্রীয় কল্যাণ-ভবন—ইউনিট নং ৩,

৪। বাণীপুর রাষ্ট্রীয় কল্যাণ-ভবন, ক্যাম্প নং ১, পোঃ বাণীপুর, জেলা ২৪-পরগণা,

৫। আমতলা রাষ্ট্রীয় কল্যাণ-ভবন, পোঃ বোটানিক্যাল গার্ডেনস, জেলা হাওড়া,

৬। বহরমপুর রাষ্ট্রীয় কল্যাণ-ভবন, পোঃ বহরমপুর, জেলা মুর্শিদাবাদ,

৭। সিউড়ী রাষ্ট্রীয় কল্যাণ-ভবন, পোঃ সিউড়ী, জেলা বীরভূম,

৮। কাঁথি রাষ্ট্রীয় কল্যাণ-ভবন (বালিকাদিগের জন্য), পোঃ কাঁথি, জেলা মেদিনীপুর,

৯। বাঁকুড়া রাষ্ট্রীয় কল্যাণ-ভবন (বালিকাদিগের জন্য), পোঃ ও জেলা বাঁকুড়া, এবং

১০। ধান্যকুড়িয়া রাষ্ট্রীয় কল্যাণ-ভবন (বালিকাদিগের জন্য), পোঃ ধান্যকুড়িয়া, জেলা ২৪-পরগণা।

ইহাদের মোট আসন সংখ্যা ১,৭০০।

**শ্রীসনৎকুমার রাহাঃ** এই যে রাষ্ট্রীয় ভবনগুলো তৈরী হয়েছে এর মূল উদ্দেশ্য কি এবং প্রত্যেক জেলায় হবে কিনা জানাবেন কি?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** প্রত্যেক জেলায় হবে এ রকম কোন পরিকল্পনা এখন পর্যন্ত নেই। এই ভবনগুলি তৈরী করবার উদ্দেশ্য হচ্ছে ছোট ছোট অনাথ ছেলে মেয়েদের এখানে রেখে ভরণপোষণ এবং শিক্ষাদীক্ষার ব্যবস্থা করা।

**শ্রীসনৎকুমার রাহাঃ** এই অনাথ ভবনে ভর্তি করবার ব্যবস্থা কি কায়দায় হয় জানাবেন কি ?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** ভর্তির জন্য দরখাস্ত করা হয় এবং সেখানে যে আধিকারিক আছেন তিনি সেখানে ভর্তি করেন।

**শ্রীসনৎকুমার রাহাঃ** অনাথদের জন্য এই যে ভবনগুলি করা হয়েছে তাতে আমার জিজ্ঞাস্য হচ্ছে বর্তমানে সমাজ ব্যবস্থায় বহু দরখাস্ত আমাদের কাছে আসে কাজেই এগুলি আমরা কিভাবে রেকমেন্ড করতে পারি এবং কি কন্ডিসনে ভর্তি করা হয় ?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** অনেকগুলি সর্ত আছে, সেগুলি বিশদভাবে জানাতে গেলে নোটিস পাওয়া দরকার। আমি মনে করি এটা প্রচার করা দরকার। বর্তমানে আসন সংখ্যা ১,৭০৫ এবং এছাড়া ৫৪টি সাহায্যপ্রাপ্ত ভবন আছে অর্থাৎ সবশুদ্ধ ৭ হাজার আবাসিকের জায়গা দেওয়া যেতে পারে। খুব বেশী জায়গা আছে তা নয় এবং প্রত্যেক জেলায় করা যাবে কিনা বর্তমান সরকারের আর্থিক অবস্থায় সে সম্পর্কে কোন পরিকল্পনা গ্রহণ করেন নি।

**শ্রীসনৎকুমার রাহাঃ** এই ভবনগুলো সম্পর্কে বাণীপুর থেকে বহু কমপ্লেন এসেছে। সরকার কি এরকম কোন অভিযোগ পেয়েছেন ?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** আমার কাছে কোন অভিযোগ এসে পৌঁছায় নি। আমি এই বিষয়ে খবর নেব।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ** মন্ত্রিমহাশয় বলবেন কি, এই অনাথ বলতে কি সংজ্ঞা নির্ধারিত করেছেন ?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** পিতামাতা নেই এটাই প্রধানতঃ সংজ্ঞা। তবে তাঁদের মধ্যে যদি একজন না থাকে তাহলেও আসতে পারে। এছাড়া তাদের কোন আয় না থাকলেও অনাথ ভবনে জায়গা দেওয়া যেতে পারে।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি এই সমস্ত অনাথ ভবনে কোন রকম শিক্ষার ব্যবস্থা আছে কিনা?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** অনেকগুলি শিক্ষা বিদ্যালয় আছে, যেমন আগেই বলা হয়েছে বহরমপুরে একটি জুনিয়ার হাইস্কুলে ৮ম শ্রেণী পর্যন্ত চলছে, এই রকম অন্যান্য জায়গায়ও আছে। যে-গুলিতে নাই সেখান থেকে অন্য জায়গায় পড়ার ব্যবস্থা হয়ে থাকে।

## Land Mortgage Banks in Murshidabad district

***123.** (Admitted question No. *97.)

**শ্রীসনৎকুমার রাহাঃ সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—**

**(ক) মুর্শিদাবাদ জেলায় এ পর্যন্ত মোট কতগুলি ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্ক চালু আছে; এবং**

**(খ) কতগুলি ব্যাঙ্ক লোকসানে চলিতেছে ?**

**শ্রীমতী রেণু চক্রবর্তীঃ** (ক) একটি মাত্র ব্যাঙ্ক আছে, এবং তার কোন ব্রাঞ্চ নাই।

(খ) ১৯৬৭-৬৮ সালে ঐ ব্যাঙ্কে লোকসান হয়েছে। ১৯৬৮-৬৯ সালের অডিট এখনও না হওয়ায় ঐ বৎসরে লাভ লোকসান কি হয়েছে, বলা সম্ভব নয়, তবে ব্যাঙ্ক থেকে সোসাইটির বিরুদ্ধে ১৪৫টি নোটিস জারী করেছে, ১০৩ ধারায়।

**শ্রীসনৎকুমার রাহাঃ** লোন পাবার জন্য দরখাস্ত কত আছে ?

**শ্রীমতী রেণু চক্রবর্তীঃ** নোটিস চাই।

**শ্রীসনৎকুমার রাহাঃ** লান্ড মর্টগেজগুলি লোকসানে চলছে, এর কারণ কি ?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** প্রধান কারণ হচ্ছে বহু লোক ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্ক থেকে লোন নিয়েছে কিন্তু তা ফেরৎ দিচ্ছে না, ঋণ শোধ করছে না, সেটাই হচ্ছে প্রধান কথা। যেমন ধরুন ১৯৬৫ সালে ৪৯ হাজার ২১৫ টাকা লং টার্ম লোন দেওয়া হয়েছিল তাতে ৬,১০৫ টাকা আদায় হয় নি, এই রকমভাবে ১৯৬৬-৬৭ এবং ১৯৬৮-৬৯ সালে এবং এখন পর্যন্ত প্রায় ৩ লক্ষ টাকা জমা হয়ে গেছে এই লোন, এখন পর্যন্ত তারা সেগুলি ফেরৎ দেন নি।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** এই যে লোনগুলি ফেরৎ দেয় না, তার জন্য ব্যাঙ্কের তরফ থেকে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, তাদের এগেনস্টে কি লোন আদায়ের জন্য মামলা দায়ের করা হয়েছে ?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** কো-অপারেটিভ সোসাইটি অ্যাক্টের ১০৩ ধারা অনুযায়ী কোর্টের সাহায্যে জমিগুলি বিক্রয় করা ছাড়া উপায় নাই। অতএব সেখানে ঐ ১০৩ ধারা অনুযায়ী আমরা প্রসিড করছি।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** যা লোন দেওয়া হয়েছে সে লোন আদায় হচ্ছে না। গভর্নমেন্ট আগেই বলেছেন যে ল্যান্ড মর্টগেজ ব্যাংক মাধ্যমে কৃষকদের সাহায্য করা হবে, নির্ভিন্ন প্ল্যানে তারা টাকা নিয়ে টাকা ফেরৎ দিচ্ছে না, এই অবস্থায় সরকারী তরফ থেকে কি কোন নীতি অবলম্বন করা হয়েছে ?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** একথা সত্য যে এই সরকার আসার পর, এখন পর্যন্ত আমরা ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্কের অবস্থা সম্পর্কে খুব একটা দৃষ্টি দিতে পারি নি। কৃষি-ঋণের দিকেই আমরা বেশী দৃষ্টি দিয়েছি। স্যালো টিউবওয়েলের জন্য যে সমস্ত টাকা ফিনান্স করা হয়েছে সেগুলি সত্য সত্যই বসেছে কিনা সেটা দেখা দরকার, আমি একথা বলতে পারি ঐগুলি যদি ঠিকমত বসে এবং স্যালো টিউবওয়েল কাজ আরম্ভ করে তাহলে অধিক পরিমাণে ফসল ফলবে। ফলনের সময় এ বিষয়ে আমাদের আবার দৃষ্টি দিতে হবে, আমি মনে করি এতদিন এ বিষয়ে নির্দিষ্টভাবে কিছু করা হয় নি, তাই টাকা আদায় হচ্ছে না।

**শ্রীপান্নালাল মাঝি:** আপনি দয়া করে জানাবেন কি ল্যান্ড মর্টগেজ ব্যাংক কতদিন চালু হয়েছে এবং টোটাল ইনভেস্টমেন্ট কত ?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** নোটিস চাই।

[1-10—1-20 p.m.]

**Shri Samar Kumar Rudra:**
এখানে যে টাকা ঋণ দেওয়া হয়, তার জন্য সরকারের কাছে জমি বন্ধক থাকে, জামিন হিসেবে থাকে, সেখানে ঐ ঋণ বা সুদের টাকা ফেরৎ পাবার অসুবিধা নাই। তাহলে ব্যাঙ্কগুলি লোকসানে চলছে—একথা মন্ত্রিমহাশয়া বললেন কেন ?

**Shrimati Renu Chakraborty:**
আপনি যেকথা বলেছেন তা সম্পূর্ণ ঠিক। জমিগুলো আমাদের হাতে রয়েছে। অন্যান্য ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্কের অবস্থা এত খারাপ নয়। কিন্তু মুর্শিদাবাদে এটা লস-এ চলছে। আমাদের এটা দেখতে হবে—জমি হাতে রয়েছে, অথচ লস কেন হচ্ছে। আমি প্রতিশ্রুতি দিতে পারি, আমি এ বিষয়ে নিশ্চয়ই অনুসন্ধান করবো।

### Steps against some officers of Co-operative Department

***124.** (Admitted question No. *205.)

**শ্রীঅমলেন্দুলাল রায়:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি প্রথম যুক্তফ্রন্ট সরকার কর্তৃক গঠিত পাওয়ারলুম এনকোয়ারী কমিশনের রিপোর্টে কো-অপারেটিভ ডিপার্টমেন্টের যে সকল কর্মচারীদের বিরুদ্ধে যথা, রেজিস্ট্রার অফ কো-অপারেটিভ সোসাইটিজ,

**চীফ অডিটার অফ কো-অপারেটিভ সোসাইটিজ, অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রারস অফ কো-অপারেটিভ সোসাইটিজ, পাওয়ারলুম অ্যাডভাইজার দুর্নীতি বা অসংগত আচরণের উল্লেখ করা হইয়াছে সেই সকল কর্মচারীদের বিরুদ্ধে সরকার এপর্যন্ত কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?**

**Shrimati Renu Chakravartty:**
পাওয়ারলুম অনুসন্ধান কমিশনের রিপোর্টে যাঁদের বিরুদ্ধে অভিযোগ করা হইয়াছে তাঁহাদের মধ্যে সমবায় দপ্তরের একমাত্র চীফ অডিটারের নাম আছে। তাঁর কাছ থেকে কৈফিয়ৎ চাওয়া হইয়াছে। সরকার সেই কৈফিয়ৎ পরীক্ষা করিতেছেন। এবং তদনুযায়ী যথাযথ ব্যবস্থা করা হইবে।

প্রসংগত উল্লেখযোগ্য যে পাওয়ারলুম অ্যাডভাইসার কুটির ও ক্ষুদ্র শিল্প দপ্তরের কর্মচারী সমবায় দপ্তরের কর্মচারী নন।

কমিশনের সভাপতির পৃথক একটি রিপোর্টে সমবায় দপ্তরের চীফ অডিটর এবং আরো কয়েকজন অ্যাসিসটেন্ট রেজিস্ট্রারদের সম্পর্কে কিছু কিছু অভিযোগের উল্লেখ আছে। এই-সব অভিযোগ সম্বন্ধে সংশ্লিষ্ট কর্মচারীদের কাছ থেকেও কৈফিয়ৎ তলব করা হইয়াছে। এগুলি এখন পরীক্ষাধীন। এইগুলি সম্বন্ধে প্রয়োজনমত ব্যবস্থা গ্রহণ করা হইবে। যথাযথ অনুসন্ধানের জন্য এই রিপোর্টটি রাজ্যের তদারকি কমিশনের কাছেও পাঠানো হইয়াছে।

**Shri Amalendra Lal Ray:**
শুধু অ্যাসিসটেন্ট রেজিস্ট্রার বা চীফ অডিটর সম্পর্কে বিরূপ মন্তব্য করা হয় নাই, আপনার ডিপার্টমেন্টের সবচেয়ে বড় অফিসার যাঁরা আছেন, যেমন—রেজিস্ট্রার, কো-অপারেটিভ সোসাইটিজ, এই রকম দু-জন অফিসারের বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে কিনা?

**Shrimati Renu Chakravarty:**
হ্যাঁ, ভূতপূর্ব দু-জন রেজিস্ট্রার সম্পর্কে মন্তব্য আছে।

**Shri Amalendralal Roy:**
তাঁদের সম্পর্কে মন্ত্রিমহাশয়া কি ব্যবস্থা নিচ্ছেন?

**Shrimati Renu Chakravarty:**
এই দু-জন অফিসার অন্য দপ্তরে চলে গেছেন। এই সমস্ত ব্যাপার এখন সি এল এস এস আই-এর অধীনে আছে। আমাদের অধীনে যেটা আছে তার সম্পর্কে আমরা স্টেপ নিচ্ছি।

**Shri Amalendralal Roy:**
এই যে একশোটি পাওয়ারলুম সোসাইটির অধিকাংশই ইল্লিগ্যাল, ইরেগুলারভাবে তৈরী হয়েছে বলে অভিযোগ করা হয়েছে। তিনি কি বলবেন এক-আধজন অফিসারের ব্যাপার নয় ঐ ডিপার্টমেন্টের বহু অফিসার এই জালের মধ্যে জড়িত, এই সমস্ত কো-অপারেটিভ সোসাইটির এক একটি ধরে যে যে অফিসার এই দুর্নীতির মধ্যে জড়িত ছিলেন, তাদের প্রত্যেকের বিরুদ্ধে স্টেপ নিচ্ছেন?

**Shrimati Renu Chakravarty:**
যে ৫।৬টি সোসাইটি সম্বন্ধে নির্দিষ্টভাবে ঐ কমিশনের রিপোর্টের মধ্যে বলা হয়েছে, তার প্রত্যেকটি সম্বন্ধে এনকোয়ারী করা হচ্ছে। তা বাদে অন্য সমস্ত পাওয়ারলুম সোসাইটি সম্বন্ধেও এনকোয়ারী করা হবে। প্রথম যে ৫টি কিংবা ৬টি সম্বন্ধে নির্দিষ্টভাবে বলা হয়েছে তাদের মধ্যে কয়েকটির এনকোয়ারী করা ইতিমধ্যে খতম করেছি।

**Shri Kashi Kanta Maitra:**
তিনি মাত্র কয়েকজন অফিসারের নাম করলেন। কিছুদিন আগে আমরা সংবাদপত্রে দেখেছি—তাঁরা যে বোর্ড অফ অ্যাডমিনিস্ট্রেটর করেছেন তার চেয়ারম্যান হচ্ছেন খ্যাতনামা সাহিত্যিক শ্রীগোপাল হালদার। ঐ বোর্ড অফ অ্যাডমিনিস্ট্রেটর-এর মধ্যে এমন দু-জন অফিসার আছেন

মিঃ সেনগুপ্ত ও মিঃ মুখার্জি, যাঁদের বিরুদ্ধে এন সি রে কমিশনের এনকোয়ারী রিপোর্টে গুরুতর অভিযোগ করা হয়েছে, অথচ তাদের ঐ বোর্ড অফ অ্যাডমিনিস্ট্রেটর-এর মধ্যে ইনক্লুড করা হয়েছে ?

**Shrimati Renu Chakravarty :**
ঐ পাওয়ারলুম কো-অপারেটিভ সোসাইটির এনকোয়ারী রিপোর্টের মধ্যে হয় নাই।

**Shri Kashi Kanta Maitra :**
যে সমস্ত অফিসারের বিরুদ্ধে দুর্নীতি ও চুরির অভিযোগ আছে, সেই সমস্ত অফিসারদের বিরুদ্ধে ডিপার্টমেন্টাল অ্যাকসন নেন নাই, উপরন্তু তাদের মধ্যে দু-জন করাপ্ট অফিসার ঐ অ্যাডমিনিস্ট্রেটিভ হিসাবে বোর্ডে নিয়েছেন, যার সভাপতি গোপাল হালদার তার মধ্যে আছেন?

**Shrimati Renu Chakravartty :**
আমি জানি না। যদি আপনি তা জানান আমি নিশ্চয়ই স্টেপ নেব। আমি পি এল এনকোয়ারী কমিশন রিপোর্টে ঐ নাম পাই নি।

**শ্রীপান্নালাল মাঝিঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে পাওয়ারলুম এনকোয়ারী কমিশনের রিপোর্টে যে সব অফিসারের নাম আছে তার মধ্যে চীফ অডিটারের নাম করলেন। আমার জিজ্ঞাস্য, এখনও কি এই ব্যক্তি চীফ অডিটারের পদে বহাল আছেন এবং তিনি কতদিন ধরে সেই পদে আছেন?

**শ্রীমতী রেণু চক্রবর্তীঃ** চীফ অডিটার এখনও আছেন। আমাদের দপ্তরে বিশেষ করে চীফ অডিটারের সম্পর্কে যে সব অভিযোগ আছে সেগুলি আমরা পুঙ্খানুপুঙ্খরূপে দেখেছি, তাঁর কৈফিয়ৎ সেটাও দেখেছি। আমি মনে করি বেশ কয়েকটা ব্লু বুক যেটা বলে, যেটা কমিশনের রিপোর্ট, সেখানে যা যা বলা হয়েছে সেটা সম্পূর্ণ ঠিক। কিন্তু ইয়েলো বুকের সবগুলো ঠিক নয়, অনেকগুলোই ঠিক। তবে যদি আমাদের কোন রকম স্টেপ নিতে হয় তাহলে এমন স্টেপ নিতে হবে যে অতীতে যেমন পাওয়ারলুম অ্যাডভাইসরের মত হয়েছিল সেটা যাতে না হয় সেটা দেখার দরকার।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তীঃ** মাননীয় মন্ত্রিমহোদয়া একথা জানাবেন কি যে পাওয়ারলুমে যারা দুর্নীতির সঙ্গে জড়িত সেই দুর্নীতিতে কতকগুলি রাজনৈতিক দলের কর্মী এবং নেতা জড়িত আছেন সে সম্পর্কে কোন রিপোর্ট পেয়েছেন কি?

**শ্রীমতী রেণু চক্রবর্তীঃ** আমাদের কো-অপারেটিভ ডাইরেকটরেট ও পাওয়ারলুম সম্পর্কে দুটি নির্দিষ্ট ব্যাপারে আমাদের দায়িত্ব আছে বলে মনে করি। প্রথমতঃ রেজিস্ট্রেসান। রেজিস্ট্রেসানের ব্যাপারে আমরা এটা লক্ষ্য করে রেখেছি, যে কথা বলা আছে পাওয়ারলুম কমিশনে যে বহু পারিবারিক সোসাইটি রেজিস্টার্ড হয়েছিল এটা সম্পূর্ণ ঠিক। কারা এটা করেছিলেন, অনেকদিনের ব্যাপার, সেটা আমরা অনুসন্ধান করবার চেষ্টা করছি। অসুবিধা হচ্ছে যে ফাইলে সমস্ত কিছু লেখা থাকে না, ফাইল দেখেছি, মুখের কথার উপর হয়েছে, আমরা আরো অনুসন্ধান করে দেখছি। যারা এখনও পর্যন্ত আমাদের দপ্তরে আছেন, তারা বলছেন যে উপর থেকে রাজনৈতিক চাপ এসেছিল বলেই আমরা করেছি। এখন প্রমাণ হিসাবে আইনতঃ যদি আমাকে প্রমাণ করতে হয় তাহলে বিশেষ প্রমাণ পাব না। তবে এই সমস্ত সোসাইটি যেগুলির কো-অপারেটিভ ক্যারেকটার সম্পূর্ণভাবে ব্যাহত হয়েছিল সেগুলি যাতে ভেঙ্গে দিয়ে নূতন করে করা যায়—যেটুকু সীমাবদ্ধ ক্ষমতা আছে কো-অপারেটিভ সোসাইটি এ্যাকটে, সেটা আমরা করবো। সবচেয়ে বড় কথা কো-অপারেটিভ সোসাইটি এ্যাকটের আমূল পরিবর্তন করতে হবে, যার জন্য আমরা 'ল' কমিটি করেছি। আমরা আশা করি এবারের অধিবেশনে সংশোধনী আনা না গেলেও পরের অধিবেশনে আনা যাবে।

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই জুডিসিয়াল এনকোয়ারী যেটা এন সি রায় এনকোয়ারী কমিটি হয়েছিল, তারা যে রিপোর্ট দিয়েছেন এটা জুডিসিয়াল কমিশন অব এনকোয়ারীস এ্যাকটে গঠিত হয়েছিল এবং এ'দের আদালতের ক্ষমতা দিয়ে এ'রা

তদন্তে নেমেছিলেন। আমি জিজ্ঞাসা করছি যে এটা জানেন কিনা যে কিছুদিন আগে কাগজে দেখেছি—গেজেট নোটিফিকেসানে, এই কো-অপারেটিভ ডিপার্টমেন্টের পক্ষ থেকে কনজিউমার্স কো-অপারেটিভ মুভমেন্ট ইন ওয়েস্ট বেঙ্গল-এর উপর আপনারা একটা ওয়াইড টার্মস অব রেফারেন্স দিয়ে এনকোয়ারী কমিশন বসিয়েছেন, বিভিন্ন কাগজে বিজ্ঞাপন দেখেছি। এন সি রায় এনকোয়ারী কমিশনের রিপোর্টে শুধু কো-অপারেটিভ ডিপার্টমেন্টের অফিসাররাই জড়িত তা নয় বা স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্টের অফিসাররাই জড়িত তা নয়, কয়েকজন উচ্চ পদস্থ আই এ এস অফিসাররাও জড়িত। একজনের নাম আমার যতদূর মনে পড়ছে মিঃ এন কে চ্যাটার্জী ফরমার সেক্রেটারী, স্মল অ্যান্ড কটেজ ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্ট, যিনি পরবর্তীকালে সেন্ট্রাল গভর্নমেন্টের চাকরিতে যান। আই এ এস অফিসার শ্রী এস কে দত্ত তিনি জয়েন্ট সেক্রেটারী ফাইন্যান্স ডিপার্টমেন্ট, এই এন কে চ্যাটার্জী আই এ এস, তার বিরুদ্ধে এন সি রায় এনকোয়ারী কমিশনে পক্ষপাতিত্বের অভিযোগ থাকা সত্ত্বেও এন কে চ্যাটার্জীকে আপনি কনজিউমার্স কো-অপারেটিভ এনকোয়ারী কমিশনের চেয়ারম্যান করেছেন একথা সত্য কিনা?

[1-20—1-30 p.m.]

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** এন এন চ্যাটার্জী হচ্ছেন আমাদের কনজিউমার্স কো-অপারেটিভ এনকোয়ারী কমিটির চেয়ারম্যান, এটা ঠিক। কিন্তু এন এন চ্যাটার্জীর নাম এতে দেখলাম না, হয়ত কোন জায়গায় ইনডাইরেকটলি মেনসান্ড আছে। কিন্তু নাম নেই বলে এটা আমার দৃষ্টি আকৃষ্ট হয় নি।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** আপনি বললেন অনেক সময় অফিসারকে জিজ্ঞাসা করেছেন যে এগুলি হচ্ছে কেন- তাঁরা বলেছেন রাজনৈতিক চাপের জন্য। কোন রাজনৈতিক দল চাপ দিয়েছিলেন সেটা জানেন কি?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** ২০ বছর ধরে যে রাজনৈতিক দল এই রাজ্যে রাজত্ব করে এসেছেন, সেই রাজনৈতিক দল স্বভাবতঃই হবে।

**শ্রীঅশ্বিনী রায়:** আপনি বললেন চীফ অডিটরের বিরুদ্ধে যে সমস্ত অভিযোগ আছে, তার কতকগুলি সাবসট্যানসিয়েটেড হয়েছে এবং বাকিগুলি আরো এনকোয়ারী করা হচ্ছে। তাহলে যাঁর বিরুদ্ধে কতকগুলি অভিযোগ আছে, সেই চীফ অডিটর কি করে সেই পদে যথাযথ কাজ চালিয়ে যেতে পারেন এবং তাঁকে এখনও কেন সাসপেন্ড করা হয় নি?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** এমার উপরে এখন আমাদের ফাইন্যাল সিদ্ধান্ত নেওয়া হয় নি, শীঘ্রই আমরা এটা নেব।

### Appointment of Lawyers in Ghosh Enquiry Commission

***125.** (Admitted question No. *311.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রবীন্দ্র সরোবর স্টেডিয়ামে গত ৬ই এপ্রিল তারিখের ঘটনার ব্যাপারে যে বিচার-বিভাগীয় কমিশন গঠিত হয়েছে সেই কমিশনের সমক্ষে রাজ্যসরকারের পক্ষে মোট কতজন ব্যবহারজীবী হাজির হচ্ছেন এবং কোন্ দপ্তর কর্তৃক তাঁরা নিযুক্ত [illegible]ছেন;

(খ) যেসব আইনজীবীরা রাজ্যসরকার কর্তৃক নিযুক্ত তাঁদের প্রত্যেকে কে কি [illegible]নিক ফী (ডেলি প্রফেসনাল ফীজ) পাচ্ছেন- বিচার বিভাগীয় তদন্ত [illegible] চলাকালীন পরামর্শ বা কনসালটেশনের জন্য কি পৃথক পৃথক ফী [illegible] আইনজীবীদের;

(গ) উক্ত তদন্ত কমিশনের জন্য এ পর্যন্ত বিভিন্ন খাতে মোট কত টাকা রাজ্যসরকারের খরচা হয়েছে;

(ঘ) ১৯৬৬ সালে নিযুক্ত লাহিড়ী কমিশনে কতজন আইনজীবী নিযুক্ত হয়েছিলেন এবং কি হারে তাঁদের পৃথক পৃথক ফী ধার্য হয়েছিল; এবং

(ঙ) উক্ত লাহিড়ী কমিশনের আইনজীবীদের ফী বাবদ মোট কত টাকা এবং অন্যান্য খরচ বাবদ মোট কত টাকা সরকারের খরচ হয়েছিল?

**Shri Jyoti Basu :**

(ক) মোট ৭ জন। এর মধ্যে রাজ্য সরকারের পক্ষে ৩জন ও কলিকাতা পুলিশের পক্ষে ৪ জন। এঁরা সকলেই স্বরাষ্ট্র (আরক্ষা) দপ্তর কর্তৃক নিযুক্ত হয়েছেন।

(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(গ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(ঘ) ৬ জন। পৃথক পৃথকভাবে প্রতি উপস্থিতির জন্য একজন ৭০ গোল্ড মোহর লভবেন (১,১৯০ টাকা), একজন ৩০ গোল্ড মোহর লভবেন (৫১০ টাকা), একজন ২০ গোল্ড মোহর লভবেন (৩৪০ টাকা) এবং ৩ জন প্রত্যেকে ১৫ গোল্ড মোহর লভবেন (২৫৫ টাকা) হারে পাইয়াছেন। একজন বাদে বাকী ৫ জন প্রত্যেকেই প্রতি আলোচনার জন্য ৫ গোল্ড মোহর লভবেন (৮৫ টাকা) হারে পাইয়াছেন।

(ঙ) আইনজীবীদের ফী বাবদ মোট ২,৫৩,৭৯০ লক্ষ টাকা ব্যয় হইয়াছে। অন্যান্য খরচ ২,০৩,৩১৩ টাকা ব্যয় হইয়াছে।

**শ্রীকাশীকান্ত মৈত্র :** মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী কি অনুগ্রহপূর্বক জানাবেন—এই সমস্ত আইনজীবীরা যে এই হারে ফিজ পেয়েছেন, কেউ ৩০ গোল্ডমোহর, কেউ ২০ গোল্ড মোহর হিসাবে পেয়েছেন। রবীন্দ্র সরোবরে এনকোয়ারী কমিশনে ল-ইয়াররা স্টেট ডিপার্টমেন্ট, হোম ডিপার্টমেন্ট কর্তৃক নিযুক্ত হয়েছেন। মোট এ পর্যন্ত কত টাকা এর জন্য ব্যয় হয়েছে?

**শ্রীজ্যোতি বসু :** সেটা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হয়েছে।

**শ্রীকাশীকান্ত মৈত্র :** আমরা লাইব্রেরী টেবিলের অ্যান্সার এখনও পাই নি, সেই জন্য আমাদের অসুবিধা হয়েছে, তাই আমরা জিজ্ঞাসা করছি। এটা কি আপনি দয়া করে বলবেন?

**শ্রীজ্যোতি বসু :** এ পর্যন্ত ৫৯ হাজার ৭২১ টাকা ৪০ পয়সা।

**শ্রীকাশীকান্ত মৈত্র :** মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী বললেন যে স্বরাষ্ট্র দপ্তর এবং পুলিশ দপ্তর থেকে এটা নিযুক্ত করা হয়েছে। রাজ্যসরকার যখন যেখানে দাঁড়িয়েছেন, সেখানে স্বরাষ্ট্র দপ্তর যখন এনগেজ করছেন, তখন পুলিশ থেকে আলাদা, রাজ্যসরকার থাকতে আইনজীবী থেকে আলাদা, এইভাবে ল-ইয়ার কাউন্সেলের যে পদ্ধতি, এটা কি বিধিসম্মত?

**শ্রীজ্যোতি বসু :** হ্যাঁ, বিধিসম্মত, এই রকম করা যায়।

**শ্রীকাশীকান্ত মৈত্র :** মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলবেন কি—পশ্চিম বাংলায় যে রকম আর্থিক দুরবস্থা চলেছে, তাতে করে রবীন্দ্র সরোবর এনকোয়ারী কমিশনে যে সমস্ত নাম করা ২।১ জন আইনজীবী নিযুক্ত হয়েছেন, সেখানে সত্যিই এত অধিক ব্যয়ে ৭ জন করে কৌশলী স্টেট ডিপার্টমেন্ট ও পুলিশ ডিপার্টমেন্ট কর্তৃক নিযুক্ত করা অর্থনৈতিক কারণে কি যুক্তিযুক্ত হয়েছে?

**শ্রীজ্যোতি বসুঃ** বলতে পারব না। কোন খরচ না হলে ভাল হত। কিন্তু উপায় নেই এই রকম এনকোয়ারী হলে করতে হয়। তবে এখন আরো দু মাস সময় বাড়িয়ে দেওয়া হয়েছে ঘোষ কমিশনের। সেইজন্য আমরা এটা স্থির করেছি যে ল-ইয়ার আমাদের কমিয়ে দিতে হবে, অন্ততঃ দু-তিন জন করে কমিয়ে দিতে হবে এবং ইতিমধ্যে প্রথমবার তাদের ফিজ দেবার পর আমরা এটা বলেছি, ও'রা মেনে নিয়েছেন, আপনাদের যে ফিজ সেটা আগে বলুন, কারণ সব সময় কোর্টে থাকতে হচ্ছিল, দুর্বলতা কি ঘটে, এখন আর সেরকম হচ্ছে না। এখন যারা এনকোয়ারী কমিশনে থাকবেন তাদের ফিজ কমিয়ে দেওয়া হবে।

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে লাহিড়ী এনকোয়ারী কমিশন যখন চলে তখন আমাদের এই হাউসে বিরোধী দলের নেতা ছিলেন আপনি এবং তখন আমার প্রশ্ন ছিল এবং সেই প্রশ্নে আপনিও অংশ গ্রহণ করেছিলেন। তাতে তখনকার তদানিন্তন অ্যাডভোকেট জেনারেল শ্রীশঙ্করদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় স্টেট গভর্নমেন্টের কাউন্সেল হিসাবে লাহিড়ী কমিশনের কাছে প্রত্যেকদিন হাজির হচ্ছিলেন এবং অ্যাডভোকেট জেনারেল অফ বেঙ্গল হিসাবে ১,০২০ টাকা ফিজ পেয়েছিলেন। বর্তমানে কোন অ্যাডভোকেট জেনারেল এই গরু পুর্লে কমিশনে অ্যাপিয়ার করছেন না। অ্যাপিয়ার করছেন সিনিয়ার কাউন্সেল হিসাবে শ্রীভোলা সেন, যিনি কংগ্রেসের একজন সমর্থক বলে বারে আমরা জানি, তিনিও হাজার কুড়ি টাকা কি করে পান, যদিও তিনি অ্যাডভোকেট জেনারেল নন?

**শ্রীজ্যোতি বসুঃ** তাঁর সঠিক ফিজ আমরা যা মনে করেছি, সেইভাবে দেওয়া হয়েছে এবং তিনি কংগ্রেসের লোক কিনা আমার জানা নেই।

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী কি জানাবেন যে এই ধরনের সাতজন আইনজীবি নিয়োগ করার ব্যাপারে জুডিসিয়াল ডিপার্টমেন্ট কি কনসালটেড হয়েছে, কেন না কাগজের রিপোর্টে দেখেছি

Judicial Department has not sanctioned this expenditure. Is it correct?

**শ্রীজ্যোতি বসুঃ** এটা আমাদের স্বরাষ্ট্র দপ্তর থেকেই তাদের দেওয়া হচ্ছে।

### Permanent Cinema Halls

***126.** (Admitted question No. *465.)

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় বর্তমানে মোট কয়টি স্থায়ী সিনেমা হল আছে;

(খ) কলিকাতায় বর্তমানে সিনেমা হাউসের সংখ্যা কত;

(গ) ইহা কি সত্য যে কলিকাতার কতকগুলি সিনেমা হলে বাংলা ছবি একেবারে দেখানো হয় না; এবং

(ঘ) সত্য হইলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**Shri Ajoy Kumar Mukhopadhyaya:**

(ক) ৩৪৩।

(খ) ৭৬।

(গ) হ্যাঁ।

(ঘ) সমস্ত স্থায়ী সিনেমা লাইসেন্স প্রাপ্ত ব্যক্তিকে নিজ নিজ সিনেমা হাউসে বৎসরে মোট চলচ্চিত্র প্রদর্শনীর অন্ততঃ শতকরা কুড়ি ভাগ পশ্চিমবঙ্গে নির্মিত চলচ্চিত্র প্রদর্শনের জন্য সংরক্ষিত রাখিতে নির্দেশ দেওয়া হইয়াছে। অবশ্য কয়েকটি বিশেষ ক্ষেত্রে ঐ নির্দেশ হইতে সাময়িক অব্যাহতি দেওয়ার ব্যবস্থা আছে।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** কোন্ কোন্ সিনেমা হলকে কলকাতায় আপনারা বাংলা ছবি দেখানো থেকে অব্যাহতি দিয়েছেন।

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** আমাদের কাছে কেউ এখনও প্রার্থনা করে নি, কারণ এই আইনটা সবে ১৯৬৮ সালে পাশ হয়েছে।

**শ্রীনিতাইপদ সরকারঃ** আমরা জানি কলকাতায় কতকগুলো সিনেমায় একদম বাংলা সিনেমা দেখানো হচ্ছে না, সেই ক্ষেত্রে ঐ ধরনের কোন ব্যবস্থা হবে কিনা যে, সেখানে বাংলা ছবি মাঝে মাঝে দেখাতেই হবে ?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** যাদের বাদ দেওয়া হবে না, তাদের সবাইকে দেখাতে হবে এবং এখনও পর্যন্ত আমাদের কাছে কেউ ছাড়ের জন্য লেখে নি।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তীঃ** সিনেমা প্রচারের জন্য যে সব কুৎসিত চিত্র দেখানো হয় সেগুলো কি রাজ্য সরকার বন্ধ করবেন ?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** এই প্রশ্ন এখান থেকে আসে না।

**শ্রীনিরঞ্জন মুখার্জীঃ** কলকাতায় স্থায়ী সিনেমা হল কববার জন্য যে সমস্ত বিধি নিষেধ আছে, তা কি কিছু শিথিল কবা হয়েছে ?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** আমার জানা নেই। নোটিস দিলে জানাতে পারি।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** আপনি একটা কথা বলতে পাবেন কি যে বাংলাদেশের সিনেমা যা তৈরী হয়, সেই চলচ্চিত্রগুলো আজকে মার খাচ্ছে এবং মার খাওয়ার কারণ আপনি জানেন যে মার্কেট স্কুইজড হয়ে গেছে, ইস্ট পাকিস্তানে চলে গেছে, এই অবস্থার মধ্যে মাননীয় মন্ত্রি-মহাশয় এই কথা আমাদের জানাবেন কি যে কথাটা তিনি এর আগে বললেন যে বাংলাদেশে সিনেমাগুলোয বাংলা সিনেমা দেখাবার একটা অর্ডার হয়েছে, সেটা কি ইমিডিয়েটলি করবার জন্য তৎপর হবেন ?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** শতকরা ২০ ভাগ দেখান হবে। এ সম্বন্ধে সব অর্ডার চলে গেছে।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** সরকারের হুকুমকে অমান্য করে যারা আজ পর্যন্ত সিনেমা দেখাচ্ছেন, যারা বাংলা চিত্র দেখাচ্ছেন না তাদের সম্বন্ধে কি কোন ব্যবস্থা গ্রহণ করা হবে ?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** সরকারের অনুমতি না নিয়ে করলে তার ব্যবস্থা হবে, অবশ্য আমরা জানতে পারলে।

**শ্রীসমরকুমার রুদ্রঃ** আমার প্রশ্নটা হচ্ছে শতকরা ২০ ভাগ যা বই এখানে ওঠে সেইগুলো সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে মুখ্যমন্ত্রী মহাশয় বললেন। বাংলাদেশে যে সমস্ত ছবি ওঠে সেই প্রত্যেকটি ছবি এখানে প্রদর্শনের কোন রকম সুযোগ সুবিধা আছে কি, অর্থাৎ প্রত্যেকটি ছবি দেখানো ২০ ভাগ সংরক্ষণ ব্যবস্থা রেখেছেন তার মধ্যে থেকে কোন সুযোগ পাবেন কিনা।

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** প্রত্যেকটি দেখাতে হবে তার কোন মানে নেই, কোন ছবি যদি গ্রহণযোগ্য না হয়, তাহলে তাদের দেখাতে আমরা বাধ্য করতে পারি না। বাংলায় তৈরী ছবির শতকরা ২০ ভাগ দেখাতে হবে।

**শ্রীসমরকুমার রুদ্রঃ** বাংলা ছবিগুলি প্রদর্শনের জন্য সেন্সার সার্টিফিকেট পেলে পর সেই প্রত্যেকটি বাংলা ছবি যাতে বাংলাদেশে প্রদর্শনের সুবিধা পায়, মুখ্যমন্ত্রী তার সুবিধা করে দেবেন কি ?

[1-30—1-40 p.m.]

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** জবাব এখনই দিলাম। প্রত্যেকটা যে দেখাতে হবে, যেটা অচল সেটাও দেখাতে হবে, তা নয়। এটা বিজনেসের ব্যাপার। তবে বাংলা ছবি দেখাতে হবে।

**শ্রীপান্নালাল মাঝিঃ** মাননীয় মুখ্যমন্ত্রী জানাবেন কি এই যে শতকরা ২০ ভাগ বাংলা ছবি দেখাবার অর্ডার গভর্নমেন্ট থেকে, তা কার্যকর করার জন্য একটা টাইম লিমিট করা হবে কিনা?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** যখন থেকে অর্ডার গিয়েছে, তখন থেকে দেখাতে হবে।

**শ্রীবিভূতিভূষণ পাহাড়ীঃ** মাননীয় মুখ্যমন্ত্রী জানাবেন কি যে বাংলাদেশের যে হলগুলিতে বাংলা ছবি দেখান হয় না, সেই সিনেমা হলগুলির মালিক বাঙ্গালী না অবাঙ্গালী?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** সে হিসাব আমার কাছে নেই।

**শ্রীবিজয় সিং নাহারঃ** মাননীয় মুখ্যমন্ত্রী বললেন বাংলাদেশের ছবির কথা। কিন্তু বাংলাদেশে যদি হিন্দী, তামিল বা অন্য ভাষার ছবি হয় সেগুলো দেখানোই কি চলবে না, বাংলাভাষার ছবি দেখাতে হবে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** না, বাংলাভাষার।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ** বাংলার চলচ্চিত্রশিল্পকে রক্ষার জন্য সরকারের নিজস্ব হাউস খুলবার কোন পরিকল্পনা আছে কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** না, আমরা এখনও ও ব্যবসা চালু করব বলে ঠিক করি নি।

## Collection of Central taxes from the State

***127.** (Admitted question No. *521.)

**শ্রীঅশ্বিনী রায়ঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ হইতে আদায়ীকৃত কেন্দ্রীয় ট্যাক্সের কোনও তথ্য সরকারের জানা আছে কি,

(খ) থাকিলে (১) ১৯৬৬-৬৭ সাল হইতে ১৯৬৮-৬৯ সাল পর্যন্ত বিভিন্ন খাতে প্রতি বৎসর আদায়ের পরিমাণ, এবং

(২) প্রতি বৎসর আদায়ীকৃত ট্যাক্সের মধ্যে পশ্চিমবঙ্গ রাজ্যের প্রাপ্য অংশ প্রত্যেকটি খাতে **কত ছিল?**

**Shri Ajoy Kumar Mukhopadhyaya:**

(ক) পশ্চিমবঙ্গ হইতে আদায়ীকৃত কেন্দ্রীয় ট্যাক্সের পরিমাণ কত তাহা সঠিক জানা নেই।

(খ) (১) এই প্রশ্ন ওঠে না।

(২)

(হাজার টাকা হিসাবে)

| | ১৯৬৬-৬৭ | ১৯৬৭-৬৮ |
|---|---|---|
| ইনকাম ট্যাক্স | ১৫,০৭,৩২ | ১৯,১২,১৮ |
| ইউনিয়ন এক্সাইজ ডিউটি | ১৮,১৪,৩৫ | ১৮,৪৭,৮৩ |
| এস্টেট ডিউটি | ৩১,১১ | ১,১৬,৪০ |
| রেলওয়ে প্যাসেঞ্জার ফেয়ার ট্যাক্সের পরিবর্তে অনুদান | ১,০৪,০০ | ১,০৪,০৪ |

১৯৬৮-৬৯ সালের হিসাব এখনও পাওয়া যায় নাই (বিস্তারিত বিবরণের জন্য বাজেটের লাল বই দ্রষ্টব্য)।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, 'ক'-এর উত্তরে বললেন যে এইরূপ তথ্য জানা নেই। কিন্তু সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে জানবার চেষ্টা করেছেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** সেন্ট্রাল গভর্নমেন্ট কিভাবে ট্যাক্স আদায় করেছেন তা জানি না।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** অন্তত কি ট্যাক্স আদায় হচ্ছে তা জানার চেষ্টা এখন থেকে করবেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** তা ভেবে দেখা যাবে।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** আদায়কৃত ট্যাক্স পশ্চিম বাংলাকে যা দেওয়া হয় তার কোন ভিত্তি আছে কি? কি নীতিতে দেওয়া হয় সেটা জানা আছে কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** ইনকাম আদার দ্যান এগ্রিকালচারেল ইনকাম। সেগুলো আমাদের পশ্চিম বাংলাকে দেওয়া হয় ১০·৯১ পার্সেন্ট আর চতুর্থ অর্থ কমিশন বলেছিলেন এটা ১২·৯৮ পার্সেন্ট দেওয়া হোক।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** যে টাকা দেওয়া হয় সেটা কি সমস্ত ইন্ডিয়ার আদায়ের উপর দেওয়া হচ্ছে, অর্থাৎ টোট্যাল ইনকামের উপর না এখন থেকে যা আদায় হয় তার উপর?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** টোট্যাল থেকে। ৮০ পার্সেন্ট পপুলেসনের উপর এবং ২০ পার্সেন্ট রাজ্যে সংগ্রহের উপর।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে বাংলাদেশে কেন্দ্রীয় সরকার কত পরিমাণ ট্যাক্স আদায় করে থাকেন এবং আমাদের পশ্চিমবঙ্গ সরকারকে তার কতটা অংশ দিয়ে থাকেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** নোটিস চাই।

**শ্রীনিতাইপদ সরকারঃ** মাননীয় মুখ্য মন্ত্রিমহাশয় আমাকে জানিয়েছেন, ইনকাম ট্যাক্স থেকে আমাদের প্রাপ্য তারা দেন কিন্তু ঐ ইনকাম ট্যাক্স-এর মধ্যে কর্পোরেশন ট্যাক্স ধরা হয় কিনা এটা জানাবেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** হ্যাঁ।

**শ্রীনিতাইপদ সরকারঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, এই কর্পোরেশন করের জন্য আমরা কি দাবী করতে পারি, এটা জানাবেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** দাবী করতে পারি তবে দেবেন কিনা তাঁদের ইচ্ছা।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় এটা বলবেন কি যে পপুলেসন-এর ভিত্তিতে ট্যাক্সটা আমরা পেয়ে থাকি। কিন্তু ইনকাম ট্যাক্স-এর ভিত্তিতে বা আদায়ীকৃত ট্যাক্স-এর ভিত্তিতে পাওয়া দরকার। এই নিয়ে পশ্চিমবঙ্গ সরকার কি কোন প্রতিবাদ করেছেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** আমরা বলেছি, তাঁরা শোনেন নি।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি বললেন যে ৮০ পার্সেন্ট পপুলেসন বেসিস-এর ভিত্তিতে পশ্চিমবঙ্গকে দেয়। অন্যান্য রাজ্যকে পপুলেসন বেসিস-এ কত দেয় সে সম্পর্কে আপনার তথ্য জানা আছে কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** সবই ঐ একই হিসাব।

**শ্রীনিতাইপদ সরকারঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যে ৫ম অর্থ কমিশনে আমাদের বক্তব্য রাখা হয়েছে, তার মধ্যে পাট, চা ইত্যাদি বাবদে আমাদের যা প্রাপ্য এবং কর্পোরেশন কর বাবদে আমাদের যা প্রাপ্য সেটা ন্যায্যভাবে দাবী করা হয়েছে কিনা?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় :** আমরা দাবী অনেক করেছি, তাঁরা এখনও সিদ্ধান্ত করেন নি দেবেন কিনা।

### Fall in the State income

***128.** (Admitted question No. *543.) **Shri GYAN SINGH SOHANPAL :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) if it is a fact that there has been an appreciable fall in the earnings of the State from various taxes during the period from 15th March to 15th June, 1969; and

(b) what were the earnings of the State from various taxes during the above period in the year 1968?

**Shri Ajoy Kumar Mukhopadhyay :**
এটায় আমাদের যে হিসাবটা দেওয়া হয়েছে তাতে একটু ভুল হয়ে গেছে। আমি সেইজন্য উইথড্র করছি, ওটার খাঁটি হিসাব পরে দেব।

### Report of N. C. Roy Powerloom Enquiry Commission

***129.** (Admitted question No. *591.)
**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় :** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি শ্রী এন সি রায় পশ্চিমবঙ্গের বিভিন্ন পাওয়ারলুম কো-অপারেটিভগুলি সম্বন্ধে যে তদন্ত করিয়া রিপোর্ট পেশ করিয়াছিলেন তাহার ভিত্তিতে সরকার এ পর্যন্ত কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ?

**শ্রীমতী রেণু চক্রবর্তী :** পাওয়ারলুম অনুসন্ধানের কমিশন-এর রিপোর্ট-এর বিরুদ্ধে অভিযোগ করেছেন, তাদের মধ্যে সমবায় দপ্তরের একমাত্র চীফ অডিটর-এর নাম আছে। তার কাছ থেকে কৈফিয়ৎ চাওয়া হয়েছে, সরকার সেই কৈফিয়ৎ পরীক্ষা করছেন এবং তদনুযায়ী যথাযথ ব্যবস্থা করা হবে। কমিশনের সভাপতি পৃথক একটি রিপোর্ট-এ সমবায় দপ্তরের চীফ অডিটর এবং আরো কয়েকজন অফিসার সম্পর্কে কিছু অভিযোগের উল্লেখ আছে। এই সব অভিযোগ সম্বন্ধে সংশ্লিষ্ট কর্মচারীদের কাছ থেকেও কৈফিয়ৎ তলব করা হয়েছে। চীফ অডিটব সম্পর্কে কমিশনের যে নীল বই আছে, তাতে কয়েকটি অভিযোগ সঠিক। তার বিষয়ে কি ব্যবস্থা নেওয়া যায় তাহা সরকারের বিবেচনাধীন আছে। এন সি রায়-এর ব্যক্তিগত হলুদ বই যে সকল অফিসারদের সম্পর্কে মন্তব্য কবেছেন, তাদের বিষয় আরো বিষদ অনু-সন্ধানের জন্য কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগ ভিজিল্যান্স কমিশন-এর কাছে পাঠিয়েছেন।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় :** মাননীয় মন্ত্রিমহাশয় যে উত্তর দিলেন শুধু অভিযোগ সম্পর্কে, কিন্তু আমার প্রশ্ন হচ্ছে বিভিন্ন কো-অপারেটিভ সোসাইটিগুলি তাদের কর্মকর্তাদের বিরুদ্ধে যেসব অভিযোগ এসেছে তাদেব সেই অভিযোগ সম্বন্ধে কি ব্যবস্থা অবলম্বন করছেন?

**শ্রীমতী রেণু চক্রবর্তী :** সোসাইটিগুলি এই কমিশন-এর রিপোর্ট-এ নাম আছে, সেই সোসাইটিগুলি ৮৪(১)-এ এনকোয়ারী করা হচ্ছে, সেটা করা হলেই যাদের বিরুদ্ধে অভিযোগ সঠিক প্রমাণিত হবে, নিশ্চয়ই তাদের বিরুদ্ধে আমাদের স্টেপ নিতে হবে। তবে আমি এখানে বলে রাখি, যে যতক্ষণ পর্যন্ত না আমাদের বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটি অ্যাক্ট কিছুটা সংশোধিত হচ্ছে, ততক্ষণ পর্যন্ত কোন কুইক পেনাল অ্যাকসন নেওয়া মুস্কিল।

**শ্রীঅমলেন্দুলাল রায় :** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, এর আগে এই প্রশ্নের জবাব কিছুটা হয়ে গেছে, উনি বলেছেন যে ৪।৫ কো-অপারেটিভ সোসাইটি-র বিরুদ্ধে নাকি অভিযোগ আছে, কিন্তু আমি যতটা এর মধ্যে পড়ে দেখেছি ১০০টা কো-অপারেটিভ সোসাইটির মধ্যে অধিকাংশ, কতকগুলি বাই-ল আদৌ না মেনে তৈরী করা হয়েছে, এরিয়া অফ অপারেশন,

রেসিডেন্স, ক্লজ তৈরী হয়েছে, কতকগুলি ওয়ার্কার্স তাড়িয়ে নাম ভাঁড়িয়ে তৈরী হয়েছে, ফ্যামিলি সোসাইটিজ আছে, গভর্নমেন্ট অফিসারদের নিয়ে সোসাইটি তৈরী হয়েছে। বহুবিধ অভিযোগ প্রত্যেকটি সোসাইটির বিরুদ্ধে, সেজন্য আমি জানতে চাই আপনার কাছে, আপনি ৪।৫টি কথা বলেছেন, এতো সমস্ত কো-অপারেটিভ-এর বিরুদ্ধে তদন্ত হওয়া দরকার। সেটা হচ্ছে কিনা, ১০০টা কো-অপারেটিভ-এর বিরুদ্ধে তদন্ত হওয়া দরকার সেটা হচ্ছে কিনা?

[1-40—1-50 p.m.]

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** আমি একটুখানি স্পষ্ট করে দিই—কমিশনের রিপোর্ট হিসাবে গভর্নমেন্ট নীল বইটা অ্যাকসেপ্ট করেছেন, অর্থাৎ ৩ জনের দ্বারা স্বাক্ষরিত রিপোর্টটি। সেখানে ১০০টা সোসাইটির নাম নেই, সেখানে কয়েকটা নির্দিষ্ট সোসাইটির নাম করা আছে কিন্তু আমরা সিদ্ধান্ত করেছি কুটির শিল্প এবং সমবায় বিভাগ যেহেতু হলুদ বইটাতেও অনেকগুলি সোসাইটির নাম আছে সেহেতু সমস্ত সোসাইটিগুলিরও আমরা এনকোয়ারী করব, তবে প্রাথমিকভাবে কমিশনের যে রিপোর্টগুলি প্রথমে আমরা করছি।

**শ্রীঅমলেন্দুলাল রায়:** আপনি নীল বইয়ে নিশ্চয় দেখেছেন যে ২৭টি কো-অপারেটিভ আছে, শুরু হয়েছে মায়া ব্যানার্জির কো-অপারেটিভ দিয়ে, কাকদ্বীপ পাওয়ারলুম কো-অপারেটিভ সোসাইটি লিঃ—তার প্রত্যেকটিতে ওয়ার্কার যে রেসিওতে নিতে হয় সেই রেসিওতে ওয়ার্কার নেওয়া হয় নি এবং এমন ওয়ার্কার নেওয়া হয়েছে যে ওয়ার্কার নিজেরাই জানে না তাদের কমিটি অব ম্যানেজমেন্টের ভিতর রাখা হয়েছে—তা ছাড়াও আরও পাঁচটি নাম আছে যেখানে ৪।৫ বছর কোন অডিট হয় নি। তা ছাড়া অসংখ্য কো-অপারেটিভ সোসাইটি আছে। সেই জন্য বলছি যে তাদের সম্বন্ধে কি ব্যবস্থা করছেন সেটা দয়া করে আমাদের একটু জানান।

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** আমি তো বললাম যে এগুলি প্রথমে আরম্ভ হয়েছে এবং দু-একটা কেস হয়েও গেছে। একটা কথা বলে দিই এখানে, এই কুকীর্তিগুলিকে ঢাকার তারা একটা হাতিয়ার ব্যবহার করছে, সেটা হচ্ছে কোর্ট এবং আপনারা জানেন যে কাকদ্বীপ পাওয়ার-লুম ইজ আন্ডার পারসিয়াল সাসপেন্স। সেখানে আবার খুঁজে বের করতে হবে যে সেখানে আমরা ঢুকতে পারি কিনা বা এনকোয়ারী করতে পারি কিনা - সেই সোসাইটির সেক্রেটারীর সঙ্গে আবার মায়া ব্যানার্জির ঝগড়া চলছে। তারা সেখানে কোর্টের ইনজাংসন নিয়েছে এবং সেইভাবে এখন তালা বন্ধ রয়েছে। অতএব অনেকগুলি অসুবিধার ভিতর আমাদের কাজ করতে হচ্ছে। তবে এ বিষয়ে নিঃসন্দেহ যে মায়া ব্যানার্জির ব্যাপারে আমরা কোন এনকোয়ারী করব না এটা তো হতে পারে না—ফারস্ট চান্সেই আমরা করবো। কিন্তু এখনও পর্যন্ত আমাদের কতকগুলি অসুবিধা রয়েছে। প্রথম পদক্ষেপেই আমাদের কোর্ট ইনজাংসন দিয়ে দিচ্ছে যার ফলে এই যে সমস্ত দুর্নীতি চলছে এগুলি ধরা আমাদের পক্ষে খুব মুস্কিল হচ্ছে।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মন্ত্রিমহাশয়া এই হাউসে একটা গুরুত্বপূর্ণ বিবৃতি দিলেন যে এন সি রায় এনকোয়ারী কমিশনের রিপোর্টে চীফ অডিটর কো-অপারেটিভ সোসাইটির বিরুদ্ধে যে সমস্ত গুরুতর অভিযোগ আছে সে সম্বন্ধে তিনি

Prima-facie satisfied that those allegations are Prima-facie true.

এই স্টেটমেন্ট হাউসে করলেন এবং তাঁর বিরুদ্ধে সোকজ করা হয়েছে। কিন্তু সাধারণতঃ আমরা দেখি আর্দালী, পিওন, কেরাণী তাদের যখন সোকজ করা হয় তখন এজ প্রিলিমিনারী স্টেপ-এ তাদের সাসপেন্ড করা হয়। এই কো-অপারেটিভ সোসাইটির চীফ অডিটর এমন কি ভি আই পি হলেন যে যেখানে মন্ত্রিমহাশয়া এতবড় দায়িত্ব নিয়ে বলছেন যে

Prima-facie I am satisfied that the allegations are correct. "Even then how is it that the officer is not forthwith placed under suspension?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** আমি একথা বলি নি যে তিনি সাসপেন্ডেড হবেন না, কথা হচ্ছে সাসপেন্সান করতে হলে পাওয়ারলুম অ্যাডভাইসর-কে সাসপেন্ড করেছিলাম কিন্তু শাস্তি দিতে পারি না।

**শ্রীআবদুল লতিফঃ** আপনি বলেছেন এনকোয়ারী কমিশন রিপোর্ট-এর ভিত্তিতে করা হবে। আমি জানতে চাই তিনি কিভাবে এবং কার দ্বারা এই তদন্তগুলি করেছেন এবং তিনি কি আশ্বাস দেবেন যে এই তদন্তের পর আবার একটা এনকোয়ারী কমিশন বসাতে হবে না?

**শ্রীমতী রেণু চক্রবর্তীঃ** আমি স্বভাবতঃই চেষ্টা করব আমার দপ্তরের মধ্যে যাঁরা কিছুটা নির্ভরযোগ্য এবং যাঁরা কাজ করছেন, তাঁদের মধ্যে থেকেই আমাকে সেকসন ৮৪(১) করতে হবে।

## Loans to the peasants from Central Co-operative Banks

***130.** (Admitted question No. *601.)

**শ্রীমনোরঞ্জন বক্সীঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৯ সালের জানুয়ারি মাস হইতে মে মাস পর্যন্ত পশ্চিমবাংলায় কোন্ জেলায় কোন্ কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক কৃষক সম্প্রদায়কে কত পরিমাণ অর্থ ঋণ বাবদ প্রদান করিয়াছেন?

**Shrimati Renu Chakravartty:**
একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

**শ্রীমনোরঞ্জন বক্সীঃ** এর মধ্যে কত আদায় হয়েছে?

**শ্রীমতী রেণু চক্রবর্তীঃ** আদায়ের অবস্থা শোচনীয়। ১-১১-৬৮ তারিখ পর্যন্ত ঋণ পড়েছিল ১৩ কোটি ৩১ লক্ষ টাকা, আর ৩০-৬-৬৯ তারিখ পর্যন্ত বহু তাগাদা দিয়ে ৮ কোটি ৩৮ লক্ষের মত টাকা আমরা আদায় করতে পেরেছি।

**শ্রীপান্নালাল মাঝিঃ** আপনি প্রত্যেক জেলার হিসাব দিলেন যে কত লোন বিলি হয়েছে। কিন্তু কেন্দ্রীয় ব্যাঙ্ক থেকে এই লোনের মধ্যে কতটা সর্ট-টার্ম লোন এবং কতটা মধ্য-মেয়াদী লোন।

**শ্রীমতী রেণু চক্রবর্তীঃ** নোটিস চাই। আমি একটু কারেক্ট করে দিই। ওভারডিউ অন সেন্ট্রাল ব্যাঙ্ক, এটা আদায় নয়—মধ্যে ১৩ কোটি ৪৮ লক্ষ টাকা নেমে এসে হয়েছে ৮ কোটি ৩৪ লক্ষ টাকা।

[1-50—2 p.m.]

**শ্রীপান্নালাল মাঝিঃ** মন্ত্রিমহাশয়া জানাতে পারেন কি, এ বছর যে সমস্ত প্রাইমারী সোসাইটি সেন্ট্রাল ব্যাঙ্কের লোন পরিশোধ করতে পারে নি সেখানে সর্ট টার্ম লোন মধ্য-মেয়াদী পর্যায়ে যা রূপান্তরিত করা হয়েছে তার পরিমাণ কত?

**শ্রীমতী রেণু চক্রবর্তীঃ** আপনি যদি মধ্য-মেয়াদী ঋণ সম্বন্ধে আলাদা প্রশ্ন দেন তাহলে বলতে পারব। এগুলি সর্ট টার্ম লোন।

**শ্রীসনৎকুমার রাহাঃ** মন্ত্রিমহাশয়া জানাবেন কি, বিভিন্ন জেলায় কো-অপারেটিভকে এই যে ৩।৪।৫।৬ লক্ষ টাকা দেওয়া হচ্ছে সেই টাকা দেওয়া সম্পর্কে সরকারী নীতি কি, তাঁদের ডিমান্ড কত এবং কি হারে দেওয়া হয়?

**শ্রীমতী রেণু চক্রবর্তীঃ** এতে কোন নীতি নেই। যুক্তফ্রন্ট হবার পর এরকম একটা প্রচার ছিল যে কোন লোন ফেরৎ দেবার প্রয়োজন নেই। প্রশ্ন হোল ৭০।৭৫ ভাগ লোন যদি ফেরৎ না দেওয়া হয় তাহলে রিজার্ভ ব্যাঙ্ক থেকে টাকা পাওয়া যায় না। ৪।৫টি ছাড়া ২১টি ব্যাঙ্কের মধ্যে দেখা গেল কোন ব্যাঙ্কই টাকা নিতে পারে নি। ৫০ লক্ষ টাকা দেওয়া হোল কৃষি বিভাগ থেকে, স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কে যাতে তাঁরা ডিস্ট্রিক্ট সেন্ট্রাল ব্যাঙ্কের যে সমস্ত দেয় রয়েছে রিজার্ভ ব্যাঙ্কের সেটা শোধ করতে পারেন। কিন্তু এরপর দেখা গেল বিভিন্ন ব্যাঙ্কে আমরা কিছু কিছু ঋণ টানবার ব্যবস্থা করা সত্ত্বেও এক্সিকিউটিভ অফিসার বসাতে চাচ্ছে, সেখানে কোর্ট কেস হচ্ছে, মামলা হচ্ছে। এই সম্বন্ধে আমি পরে স্টেটমেন্ট দেব।

## Veterinary Hospitals

***131.** (Admitted question No. *678.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** পশু পালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবাংলার কয়টি ব্লকে পশু চিকিৎসা কেন্দ্র আছে; এবং

(খ) প্রতি ব্লকে গড়ে ঔষধ বাবদ কত টাকা মঞ্জুরী আছে ?

**শ্রীসুধীরচন্দ্র দাস:** (ক) ৩৩৪টি ব্লকে আছে।

(খ) গড়ে বার্ষিক ৯৯৮ টাকা।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** কয়টা ব্লকে ডাক্তার নেই জানাবেন কি ?

**শ্রীসুধীরচন্দ্র দাস:** মোটামুটি ৬১টি ব্লকে এখন পর্যন্ত ডাক্তার নেই, ২৭৩টি ব্লকে ডাক্তার আছে।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** যেসব ডাক্তার আছেন তাঁরা যদি দূরের গ্রামে যান তাহলে কত ফী নেবেন সেটা জানাবেন কি ?

**শ্রীসুধীরচন্দ্র দাস:** মোটামুটি ডাক্তাররা ২ টাকা করে ফী নেবেন এবং ছাগল ভেড়ার জন্য অর্ধেক ফী নেবেন। যাতায়াতের খরচ যারা রোগী নিয়ে এসেছেন তাঁদের বহন করতে হবে এইভাবেই নিয়ম চলেছে।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** আপনি কি জানেন যে ওষুধ দেওয়া হয় তা গরুর পক্ষে যথেষ্ট নয় এবং পশু চিকিৎসা হাসপাতালের ডাক্তাররা গরুর মালিকের কাছ থেকে টাকা আদায় করে ইনজেকসন দেবার জন্য ?

**শ্রীসুধীরচন্দ্র দাস:** যে পরিমাণ ওষুধ সরবরাহ করা হয় তাতে সব রোগীর চিকিৎসা করা যে সম্ভব হয় না অনেক জায়গায় এটা আমি জেনেছি। যেখানে ওষুধ থাকে না সেখানে কেনবার জন্য বলে দেওয়া হয়, এইভাবেই চলেছে। আর্থিক সামর্থ্য বেশী হলে নিশ্চয়ই বেশী করে ওষুধ সরবরাহ করব।

**শ্রীবিভূতি পাহাড়ী:** যদি কোন পশু চিকিৎসক কোন ভেটিরিনারি কেন্দ্রে অর্থাৎ ব্লকে জোড়া বলদ দেখতে যায় তাহলে তিনি কত ফী নেবেন জানাবেন কি ?

**মিঃ স্পীকার:** দ্যাট কোশ্চেন ডাজ নট অ্যারাইজ।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** বাঁকুড়া জেলার ওন্দা থানায় গরুর রোগ দেখা দিয়েছে, চাষের সময় বহু কৃষকের গরু মারা যাচ্ছে, গরুর রোগ হওয়াতে ডাক্তারকে খবর দেওয়া হয়েছে। এসে বলেছেন ওষুধ নেই। এই রোগের ওষুধ যাতে পাওয়া যায় তার কোন ব্যবস্থা করবেন কি ?

**মিঃ স্পীকার:**
It is not a question but a request for action to the Hon'ble Minister.

## Area of operation of Fishermen's Co-operative Societies

***132.** (Admitted question No. *98.)

**শ্রীসনৎকুমার রাহা:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মৎসজীবী সমবায় সমিতিগুলির কার্যক্ষেত্র সীমাবদ্ধ করা হয় কিনা, এবং

(খ) উত্তর যদি "হ্যাঁ" হয় তাহলে মোটামুটি কিরূপ পরিমাণ এলাকায় ইহার কার্যক্ষেত্র সীমিত থাকে ?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** (ক) হ্যাঁ।

(খ) প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে সাধারণতঃ ১টি বা ২টি গ্রামের মধ্যে কোন কোন ক্ষেত্রে একটি থানার মধ্যে এবং কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে একটি জেলার মধ্যে জেলা বড় হইলে কয়েকটি মহকুমার মধ্যে কার্যক্ষেত্র সীমিত থাকে।

**শ্রীসনৎকুমার রাহা:** মাননীয় মন্ত্রিমহোদয় জানাবেন কি এই যে এরিয়া অপারেশন বা কার্যক্ষেত্র সীমিত থাকে তার একই জেলার একটা বড় ফিশারী কোন বড় লোক যদি ডাকে তাহলে কো-অপারেটিভে যারা ছোট ছোট আছে তারা কম্পিটিশনে হেরে যায়, তাহলে তো কো-অপারেটিভের উদ্দেশ্যই ব্যর্থ হয়ে যায়। তাহলে ছোট ছোট মৎস্যজীবীরা কো-অপারেটিভ করে বাঁচবে কি করে? ধরুন একটা পুরোণো দিনের পুষ্করিণী, তাতে মাছ চাষ করে এখন অকশনে যদি হায়ার বিডার এসে কেড়ে নেয় তাহলে সেক্ষেত্রে কি হবে?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** যে অসুবিধার কথা আপনি বললেন এ ছাড়াও আরও অনেক অসুবিধা আছে, প্রধান অসুবিধা হল এই—প্রতি বছর প্রায় এগুলি অকশনে উঠে, ছোট ছোট মৎস্যজীবী সমিতিতে যারা আছে, তারা অকশনে টিকতে পারে না, না হয় মহাজনদের কাছ থেকে টাকা নিয়ে এসে উচ্চ হারে টাকা দিয়ে অকশনে দাঁড়াতে হয়, অথবা বড়গুলি তাদের গিলে ফেলে। সেজন্য একটা নূতন প্রস্তাব আলোচিত হচ্ছে এবং সম্প্রতিকালে আরম্ভ হয়েছে, এগ্রিকালচারেল রিফাইনেন্স কর্পোরেশন-এর কাছ থেকে আমরা ফিশারী কো-অপারেটিভগুলিকে প্রোজেক্ট বেসিসে খুব নির্দিষ্টভাবে সুপারভিসন করে অ্যাডভান্স করার চেষ্টা করা হচ্ছে তা করলে হতে পারে কিন্তু ভূমি রাজস্ব বিভাগকে অন্ততঃ দুটি কাজ করতে হবে এবং তার জন্য আমরা দাবী করেছি। একটা হল ৫।১০ বছরের জন্য লীজ না দিলে হবে না। আর দ্বিতীয় হল—এই যে রিজনেবল রেন্ট বলে তিন বছরের আয়ের গড় হিসাবে ধার্য করেন সেই রেটকে মিনিমাম প্রাইস ধরে করতে হবে অকশনে। প্রকৃত মৎস্যজীবী যারা তাদেরই যেন রিজনেবল গ্রান্ট দেওয়া হয় যদি এই দুটি দাবী ভূমি রাজস্ব বিভাগ স্বীকার করে নেন তাহলে তারা টিকতে পারবে নইলে পারবে না।

**শ্রীসনৎকুমার রাহা:** এই কো-অপারেটিভগুলি ছোট ছোট মৎস্যজীবীরা নামে মাত্র থাকে, বড় বড় লোকেরা তাদের ষোল-আনা এক্সপ্লয়েট করে এটা কি সত্য, তাহলে ছোট ছোট মৎস্য-জীবীদের জন্য কি ব্যবস্থা করা হবে?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** আপনি সঠিকভাবে মূল রোগটি ধরেছেন। অধিকাংশ মৎস্যজীবী কো-অপারেটিভগুলির কয়েকজনের কুক্ষিগত হয়ে আছে। সাধারণতঃ মৎস্যজীবী নয়, অন্য ব্যবসায়ী তারাও এই মৎস্যজীবী সমিতিতে আছে, তারাই এটাকে কুক্ষিগত করে। বাই-ল-তে আছে শতকরা ১০ ভাগ অমৎস্যজীবীকে নেওয়া যায়, কিন্তু তার ভিতর দিয়েই তারা কুক্ষিগত করে। এই ১০ ভাগ না হলে সমিতি চলতে পারে কিনা এবং কিভাবে প্রকৃত মৎস্যজীবীদের পাঠান যায় এটাই হল আলোচনার বিষয়বস্তু। এখন পর্যন্ত এ সম্বন্ধে কোন পরিকল্পনা বৃহৎ সমবায় বিভাগ থেকে অনুসন্ধান করে নিতে পারি নি।

## Hana Khali Mechhogheri

***139.** (Short notice.) (Admitted question No. *1301.)

**শ্রীবিনয়কৃষ্ণ কোনার এবং শ্রীঅমৃতেন্দু মুখার্জী:** ভূমি এবং ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জেলার "হানাখালি" মেছোঘেরিটি সরকারের খাস হইয়াছে কি;

(খ) খাস হইয়া থাকিলে, তাহা সরকারের দখলে আসিয়াছে কি এবং

(গ) ঐ মেছোঘেরির আয়তন কত?

[2—2-10 p.m.]

**Shri Hare Krishna Konar:**

(ক) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গ সরকারের দখলে আসবার পরে ঐ ফিশারী সর্বশ্রী সমর সরকার, প্রবীর সরকার ও প্রদীপ সরকারকে ১৯৬১ সাল পর্যন্ত ৩ বছরের জন্য লীজ দেওয়া হয়। লীজের মেয়াদ শেষ হবার পর ঐ সরকাররা অলিপুর কোর্টে টাইটেল স্যুটের মামলা করেন ও ইনজাংসন পান। ১৯৬৭ সালে সেই মামলা ও ইনজাংসন বাতিল হয় এবং গভর্নমেন্ট ঐ ফিশারীর দখল নেন এবং এ সম্বন্ধে সরকাররা আবার হাইকোর্টে মামলা দাখিল করেন। মাননীয় হাইকোর্ট সুনীল সরকারকে আছি নিযুক্ত করেন। এখন ওটা রিসিভারের জিম্মায় আছে।

(গ) ৩৮৮·৪৩ একর।

**Shrimati Ila Mitra:**

এই মেছোঘেরি এখন সরকারের দখলে আছে ধরে নিতে পারি কি?

**Shri Hare Krishna Konar:**

এই ফিশারীটি পূর্বে জনৈক মুখার্জীদের ছিল। পরে মধ্যস্বত্ব হিসেবে সেটা গভর্নমেন্টের হাতে ভেস্ট হয় এবং ভেস্টেড হবার পরে আগেই তো বললাম সরকারদের বন্দোবস্ত দেওয়া হয়েছিল তিন বছরের জন্য। লীজ আর তাদের দেওয়া হয় নাই কংগ্রেস আমলে। তারপর তারা আলিপুর কোর্টে মামলা করলেন, তা পরে খারিজ হয়ে গেল। পুলিশ পাঠিয়ে আমরা ১৯৬৭ সালে তার দখল নিয়েছিলাম। সেখানে চারশো বিঘা চাষের জমি আর বাকিটায় জল। ঐ সরকাররা আমার কাছে এসেছিলেন আমি তাঁদের বলেছিলাম দখল আমরা নেব ও জমি বিলি করবো, আর জলটা দেখে কাকে বিলি করবো,—কি করবো না—ন্যায্য খাজনা পেলে তা বিবেচনা করে দেখবো। ইতিমধ্যে এঁরা দখল আমাদের ছেড়ে দিয়েছেন সই করে। আবার হাইকোর্টে মামলা করে সরকাররা দখল নিতে চায়। আমরা হাইকোর্টকে জানাই আমরা দখল নিয়েছি, সেখানে আমাদের পুলিশ আছে। মাননীয় হাইকোর্ট তা সত্ত্বেও দুজনকে সেখানে পাঠিয়েছিলেন। তাঁরা ফিরে এসে বলেন হ্যাঁ, পুলিশ সেখানে আছে, আর অন্য লোকও সেখানে বসে আছে। তাঁরা নিজেদের সরকারের লোক বলে জাহির করেন। তারপর মাননীয় হাইকোর্ট সিদ্ধান্ত করেন সুনীল সরকারকে রিসিভার নিযুক্ত করেন। হাইকোর্টের ইনজাংসন রয়েছে, সরকারের দখলের অধিকার নাই।

**Shrimati Ila Mitra:**

রিসিভার আছে, যেখানে আপনি বলছেন এই জমি তাদের নয়, সরকার যে ঘোষণা করেছেন সেই সমস্ত খাস জমি কৃষকদের দেওয়া হবে, এই ঘোষিত নীতির ফলে সেই জমি কি আমরা দখল নিতে পারি এবং কৃষকদের মধ্যে বিলি করতে পারি?

**Shri Hare Krishna Konar:**

মাননীয়া সদস্যা জানেন যখন ইনজাংসন জারি করা হয়, সরকারের হাত-পা বাঁধা হয়ে যায়।

**Shrimati Ila Mitra:**

সেই হাত-পা বাঁধার বিরুদ্ধে কি আপনারা কিছু করতে পারেন না?

**Mr. Speaker:**

এইসব কোশ্চেন হবে না, কেসটা সাবজুডিস।

**Shri Samar Kumar Rudra:**

বিবাদমান পক্ষদ্বয়ের মধ্যে রিসিভার নিযুক্ত করতে গেলে উভয়পক্ষের সম্মতির দরকার হয়। সুনীল সরকারকে রিসিভার নিযুক্তির ব্যাপারে সরকারের সম্মতি নেওয়া হয়েছিল কি?

**Shri Hare Krishna Konar:**

আমার তো জানা নাই।

## Government Khas lands

***140.** (Short notice.) (Admitted question No. *1302.)

**শ্রীবিনয়কৃষ্ণ কোনার এবং শ্রীঅমৃতেন্দু মুখার্জী:** ভূমি এবং ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মোট কত জমি আজ পর্যন্ত সরকারী খাসে বর্তাইয়াছে;

(খ) এই সময় কালে মোট কত জমি সরকার দখল লইয়া ভূমিহীন বা গরীব কৃষকদের মধ্যে বন্দোবস্ত দিয়াছেন;

(গ) খাস জমি দখল লইয়া ভূমিহীনদের মধ্যে বন্দোবস্ত দিবার পথে কোন বাধা আসিয়াছে কি এবং বাধাগুলি কি কি ধরনের; এবং

(ঘ) গত ১৯৬৭ সালের আগস্ট মাস হইতে মোট কত বেনামী জমি উদ্ধার করা হইয়াছে; কোন্ জেলায় কত?

**Shri Hare Krishna Konar:**

(ক) ১৯ লক্ষ ৩৪ হাজার ২৩৭ একর, এর মধ্যে ফরেস্টের জমি হল খুব বেশী। চায়ের জমি আনুমানিক প্রায় ৬ লক্ষ একর।

(খ) প্রধানত বাৎসরিক লীজে জমি বন্দোবস্ত দেওয়া হয়, এ বছর এখন পর্যন্ত কত দেওয়া হইয়াছে তাহার কোন সঠিক হিসাব আমাদের দপ্তরে আসে নাই, তবে আনুমানিক আড়াই লক্ষ একর জমি কৃষকদের বন্দোবস্ত দেওয়া হইয়াছে বলা যায়।

(গ) অনেক ক্ষেত্রে আদালতে নিষেধাজ্ঞার ফলে জমির দখল নেওয়া অথবা বন্দোবস্ত দেওয়া স্থগিত রাখিতে হইয়াছে।

(ঘ) ২ লক্ষ ১৫ হাজার ৩১৮ দশমিক ৪৫ একর। একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থিত করা হইল।

**শ্রীনিতাইপদ সরকার:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, বহু জায়গায় এই যে জমিদার জোতদাররা বে-আইনীভাবে জমি হস্তান্তর করেছিল এই জমি গরীব কৃষকরা নিয়েছিল, বর্তমানে সেই জমি খাস হয়েছে, এখন আমার জিজ্ঞাস্য, এই সমস্ত জমির ক্ষেত্রে কি ব্যবস্থা করা হবে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** এ প্রশ্ন থেকে এটা আসে না। যখন বাজেট বিতর্ক হবে তখন আলোচনা করবেন আমি জবাব দেব।

**শ্রীমতী ইলা মিত্র:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই জমি সম্পর্কে কি কোন গভর্নমেন্ট স্যাংসান হবে বা এ সম্পর্কে কি কোন ঘোষনা করা হবে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** গত বিধানসভার অধিবেশনে সাধারণ নীতি বলা হয়েছিল, আবার এই খাতে যখন আলোচনা হবে তখন বিস্তারিত বলা হবে।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** মাননীয় মন্ত্রিমহাশয় একথা বললেন যে, ২ লক্ষ একরের মত বেনামী জমি উদ্ধার করা হয়েছে। এখন এই বেনামী জমি উদ্ধারের ব্যাপারে আমার যেটা প্রশ্ন সেটা হচ্ছে যখন এস্টেট অ্যাকুউজিসান অ্যাক্ট ও ল্যান্ড রিফর্মস অ্যাক্ট পাশ হয়ে গেল তখন 'বি' ফর্মে যারা রিটার্ন দিয়েছিল যে এটা আমার একসেস, সেই 'বি' ফরম সামনে রেখেই কি বেনামী জমি উদ্ধারের ব্যবস্থা করা হচ্ছে না অন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** যতগুলি জমি স্বেচ্ছায় 'বি' ফর্মে দিয়েছিল সেগুলি আগেই সরকারে বর্তেছে। এগুলি 'বি' ফর্মেও লুকিয়েছে বা অন্য ভাবে হস্তান্তর করেছে ছেলেমেয়ের নামে অথবা দেবতার নামে করেছে, জমি বাগানবাড়ী বা মেছো ঘেরি নামে করেছে। এইসব চুরিগুলি তদন্ত করে ধরা হয়েছে।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** এই খাস জমি বিলি বণ্টনের জন্য বিভিন্ন জেলায় রিপ্রেজেনটেটিভ অর্গানাইজেশানগুলিকে নিয়ে একটা এডভাইসারী বোর্ড করা হয়েছিল। কিন্তু আমরা দেখছি আজও মন্ত্রিমহাশয় অনুমানের উপর নির্ভর করে বলছেন।

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** আপনি জানেন যে বিলিগুলি হয় অঞ্চল ভিত্তিতে বা জে এল আর ও-র ভিত্তিতে। তারা রিপোর্টগুলি কমপাইল করে জেলায় পাঠাবে, জেলা রিপোর্ট কমপাইল করে এখানে পাঠাবে। স্বভাবতঃই বুঝতে পারছেন যে যতক্ষণ না বিলি শেষ হচ্ছে এবং তার পরেও আরো ২-১ মাস না গেলে পারা যায় না। তবে ১৫ই জুন বলা হয়েছিল যাতে অন্তত বিলিটা বর্ষার আগে তাড়াতাড়ি হয়। তবে তার মানে এই নয় যে, ১৫ই জুনের পর বিলি হবে না, বিলি চলবে।

[2-10—2-20 p.m.]

**শ্রীপান্নালাল মাজী:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, ৬ লক্ষ একরের কিছু বেশী চাষের জমি দখলে পাওয়া গেছে এবং তার মধ্যে ২ লক্ষ ৫০ হাজার একর জমি বিলি করা হয়েছে, বাকি বিলিতে বাধাপ্রাপ্ত হয়েছে। বাকি জমিতে যে বাধা হয়েছে সেটার কারণ কি?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** প্রশ্নের উত্তরগুলি যদি না শোনেন তাহলে মুস্কিল। আমি বলেছি খাস জমির মধ্যে প্রায় ৬ লক্ষ একর হল চাষের জমি। কিন্তু সবটা দখলে নেওয়া হয়েছে বলা হয় নি। কারণ, এর মধ্যে লক্ষাধিক একর হচ্ছে কোর্টের ইনজাংসান আটকে আছে, আর বেনামী উদ্ধার প্রায় ২ লক্ষ একর জমি কোর্টের অধীনে আটকে আছে। কিছু ডাঙা জমি আছে। এছাড়া পার্ক ভেস্টেড জমি আছে, তাতে বলা আছে এক বিঘা জমির মধ্যে থ্রি এইটথ সরকারে বর্তাইল। এইসব অসুবিধার জন্য অনেক জমি নেওয়া যায় নি।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন- এই বেনামী জমি উদ্ধার কাজের প্রয়োজনে আপনাদের উর্ধতন কর্মচারীরা শতকরা ৮০-৯০ জন এমপ্লয়িকে কমপেনসেশনের কাজে নিযুক্ত করছেন এবং ১০ জনকে বেনামী জমি উদ্ধারের কাজে নিযুক্ত করছেন, এটা কি জানেন?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** এটা বলা মুস্কিল। এইরকম কোন রিপোর্ট আমার কাছে নেই। তবে শাসনযন্ত্রের দুর্বলতার কথা মাননীয় সদস্যরা সকলেই জানেন।

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** এই প্রশ্ন এই প্রসঙ্গে হবে কিনা আমি ঠিক জানি না, তবে যখন জমি উদ্ধারের প্রশ্ন আসছে তখন আমি আপনাকে একটা প্রশ্ন করছি। অনেক গরীব মানুষ আছে যাদের ৫ হাজার টাকার জমি ৫০০ টাকার কবলুতির মেয়াদ বন্দোবস্তে হস্তান্তরিত হয়ে গেছে এবং তারা জমিচ্যুত হয়ে গেছে। তাদের সম্বন্ধে আইনত কোন ব্যবস্থা গ্রহণ করবেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** এটা ঠিক এ বিষয়ে আসে না। এটা খাস জমির ব্যাপারে আসে না। এটা বরং আমরা বাজেট বিতর্কের সময় আলোচনা করবো।

## STARRED QUESTIONS

(to which answers were laid on the Table)

### Introduction of Bengali in the works of State Legislature

***133.** (Admitted question No. *271.)

**শ্রীঅমলেন্দুলাল রায়:** স্বরাষ্ট্র (সংসদীয় বিষয়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিধানসভা ও বিধান পরিষদের যাবতীয় কাজ বাংলা ভাষার মাধ্যমে চালু করার বিষয় সরকার কতদূর অগ্রসর হইয়াছেন;

(খ) সদস্যদের মধ্যে যাহারা বাংলা ভাষা জানেন না তাহাদের জন্য কোন বিকল্প ব্যবস্থা করা হইবে কিনা; এবং

(গ) উক্ত (ক) ও (খ) প্রথা কতদিনের মধ্যে চালু হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Home (Parliamentary affairs):**
(ক) সীমিত ব্যবস্থার মধ্যে সরকার কিছু সংখ্যক বিলের বাংলা প্রতিলিপি সদস্যগণের মধ্যে বিতর করিতেছেন এবং বাংলা ভাষায় জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর বাংলা ভাষাতেই দেওয়া হইতেছে।

(খ) বাংলার সঙ্গে সঙ্গে ইংরাজীতেও বিল প্রকাশিত হইতেছে এবং যে সকল সদস্য বাং জানেন না তাঁহারা ইংরাজী অথবা নিজ নিজ মাতৃভাষায় তাঁহাদের বক্তব্য রাখিতে পারেন।

(গ) এ সম্বন্ধে কোন নির্দিষ্ট তারিখ দেওয়া সম্ভব নয়, তবে (ক) সম্বন্ধে যত শীঘ্র সম্ভ চালু করিবার চেষ্টা করা হইতেছে।

**Defalcation of Court fees and postage stamps in Contai Sub-treasury**

***134.** (Admitted question No. *518.)
**শ্রীবিভূতি পাহাড়ী:** অর্থবিভাবের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি সাব-ট্রেজারীতে কোর্ট ফী ও পোস্টেজ স্ট্যাম্প সম্পর্কে যে দুর্নীতি ১৯৬৪ সালে ধরা পড়িয়াছিল তাহার জন্য সরকার সংশ্লিষ্ট সরকারী কর্মচারিগণের বিরুদ্ধে এ পর্যন্ত কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন;

(খ) যে সমস্ত সরকারী কর্মচারী উক্ত ঘটনায় জড়িত ছিল বর্তমানে তাহারা কোন সরকারী কাজে নিযুক্ত আছেন কিনা, এবং

(গ) সরকার কোর্টফী ও পোস্টেজ স্ট্যাম্পের মূল্য বাবদ কোন অর্থ ঐ সংশ্লিষ্ট কর্মচারিগণের নিকট হইতে আদায় হইয়াছে কিনা এবং হইয়া থাকিলে তাহা কত?

**The Minister for Finance:**
(ক) ১৯৬৪ সালে কাঁথি সাব ট্রেজারীতে কোর্ট ফী ও পোস্টেজ স্ট্যাম্প সম্পর্কে দুর্নীতি ধরা পড়ার সঙ্গে সঙ্গে ২৬এ আগস্ট ১৯৬৪ তারিখে সংশ্লিষ্ট স্ট্যাম্প কর্ণিককে সাসপেন্ড করা হয় এবং কাঁথি থানায় পুলিশকে প্রথম জানান হয়। বর্তমানে বিষয়টি বিচারাধীন আছে।

(খ) উক্ত ঘটনায় অন্য কোন সরকারী কর্মচারি জড়িত ছিল না। সুতরাং এ প্রশ্ন উঠে না।

(গ) বিষয়টি বিচারাধীন থাকায় কোর্ট ফী ও পোস্টেজ স্ট্যাম্পের মূল্য বাবদ কোন অর্থ সংশ্লিষ্ট কর্মচারীর নিকট হইতে আদায় করা হয় নাই।

**Fourth Plan provision for the State**

***135.** (Admitted question No. *522.)
**শ্রীঅশ্বিনী রায়:** অর্থবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চতুর্থ পরিকল্পনায় রাজ্যের মোট ব্যয়ের পরিমাণ কি নির্ধারিত হইয়াছে; এবং

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে (১) রাজ্যের আভ্যন্তরীণ সংগ্রহের পরিমাণ ও (২) কেন্দ্রীয় সরকারের সাহায্য ও অনুদানের পরিমাণ কত?

**The Minister for Finance:**
(ক) চতুর্থ পরিকল্পনায় রাজ্য সরকারের মোট ব্যয়ের পরিমাণ আপাতত ৩২০:৫ কোটি টাকা নির্ধারিত হইয়াছে।

(খ) (১) কেন্দ্রীয় সরকারের সাহায্য ও অনুদান বাবদ অর্থ বাদ দিলে বাকি আনুমাণিক ৯৯:৫ কোটি টাকা রাজ্য সরকারের আভ্যন্তরীণ সংগ্রহের পরিমাণ।

(২) কেন্দ্রীয় সরকারের সাহায্য ও অনুদানের পরিমাণ আপাতত ২২১ কোটি টাকা স্থির হইয়াছে; তম্মধ্যে আশা করা যায় শতকরা ৩০ ভাগ হইবে অনুদান ও শতকরা ৭০ ভাগ হইবে ঋণ।

### Findings of N. C. Roy Powerloom Enquiry Commission, 1967

***136.** (Admitted question No. *574.) **Shri KASHI KANTA MOITRA :** Will the Minister-in-charge of the Co-operation Department be pleased to state—

(a) if the Government is aware of the findings of N. C. Roy Powerloom Enquiry Commission, 1967, as contained in its report in regard to offices of Co-operation Department particularly the Chief Auditor of Co-operative Societies and the former Registrars of Co-operative Societies; and

(b) if so, what steps have been taken so far in this respect?

**The Minister for Co-operation :** (a) Yes.

(b) Chief Auditor of the Co-operative Societies is the only officer of the Co-operation Department mentioned in the Report. An explanation was called for from him. The explanation of the Chief Auditor is under examination. There appears to be some substance in several allegation against him. Suitable action will be taken against him in the basis of allegations substantiated.

(2) A separate report made by the Chairman of the Commission mentioned certain other charges against the Chief Auditor of Co-operative Societies and some other officers of the Co-operation Department. Explanations were also called for from these officers. These are under examination and in these cases also necessary action will be taken. This report has been sent to the Vigilance Commission by Cottage and Small Scale Industries Department for proper investigation.

### Pensioners

***137.** (Admitted question No. *140.)
**শ্রীসনৎকুমার রাহা:** অর্থবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মে মাস, ১৯৬৯তে পেনসনভোগী অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারীর সংখ্যা কত;

(খ) এই সকল পেনসনভোগীদের মধ্যে মাসিক ২০০ টাকার নিম্নে পেনসন পান কতজন; এবং

(গ) যুক্তফ্রন্ট সরকাব নিম্ন পেনসনভোগীদের জন্য পেনসনের পরিমাণ বৃদ্ধি করিবার কথা চিন্তা করিতেছেন কিনা?

**The Minister for Finance :**
(ক) ৩১,৩৫৩ জন।

(খ) ৩০,২০১ জন।

(গ) গত যুক্তফ্রন্ট সরকার নিম্ন পেনসনভোগীদের পেনসনের পরিমাণ বৃদ্ধি করিয়াছিলেন। পেনসন বৃদ্ধি করিবার কোন পরিকল্পনা উপস্থিত সরকারের বিবেচনাধীনে নাই।

### Collection of milk for the milk supply in Calcutta

***138.** (Admitted question No. *275.)
[illegible] **রায়:** পশু পালন এবং পশু চিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হরিণঘাটা ডেয়ারী হইতে [illegible] দুধ সরবরাহ করিবার জন্য কোন্ কোন্ জেলা হইতে দুধ সংগ্রহ করা হয়;

(খ) ১৯৬৮-৬৯ ও ১৯৬৯ সালের মে মাস পর্যন্ত কোন্ জেলা হইতে মাসিক গড়ে কি পরিমাণ দুধ সংগ্রহ করা হয়;

(গ) সরকার কি অবগত আছেন যে জেলায় জেলায় এই দুধ সংগ্রহের ব্যবস্থার ফলে সংশ্লিষ্ট জেলায় দুধ সরবরাহ ব্যবস্থা বিশেষভাবে বিঘ্নিত হয়; এবং

(ঘ) অবগত থাকিলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Animal Husbandry and Veterinary Service :**

২৭৫ (ক) বর্তমানে নদীয়া, ২৪-পরগনা ও মুর্শিদাবাদ জেলা হইতে দুধ সংগ্রহ করা হয়।

(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

## UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the Table)

### Recording the past services of Junior Basic trained teachers of Primary Schools

**109.** (Admitted question No. 371.) **Shri PRABIR KUMAR MALLIK:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the practice of recording the continuous past service of Junior Basic trained teachers in traditional Primary Schools under District School Boards or the District Inspector of Schools prior to their appointment in Junior Basic Primary Schools in their Service Books is followed; and

(b) if not, the reason thereof?

**The Minister for Education :** (a) The practice of recording the continuous past service of Junior Basic trained teachers in traditional Primary Schools under District School Boards or in G.S.F.P. Schools under the control of District Inspector of Schools prior to their appointment in Junior Basic Schools is in vogue.

(b) This question does not arise.

### Harirampur to Beldanga Road in police-station Bangshihari, district Nadia

**110.** (Admitted question No. 406.) **Dr. ZAINAL ABEDIN:** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) when the scheme of pucca road from Harirampur to Beldanga in police-station Bangshihari, district West Dinajpur, was sanctioned;

(b) the estimated expenditure of the above road scheme; and

(c) when the road is expected to be completed?

**The Minister of State for Public Works (Road):** (a) In October, 1964.

(b) Rs. 6,75,700.

(c) By March, 1970.

### Total number of licensed wine shops in West Dinajpur district

**111.** (Admitted question No. 415.) **Dr. ZAINAL ABEDIN:** Will the Minister-in-charge of the Excise Department be pleased to state—

(a) the total number of licensed wine shops at present in the district of West Dinajpur;

(b) whether permission of opening new wine shops has been given in the district of West Dinajpur after February 25, 1969; and

(c) if so (i) in how many cases and (ii) where and to whom?

**The Minister for Excise:** (a) The number of licensed wine shops is now 51. The details are given below—

Country Spirit Shops—38.

Foreign Liquor 'Off' Shops—3.

(b) No such permission was given.

(c) Does not arise.

**Harirampur Primary Health Centre**

**112.** (Admitted question No. 416.) **Dr. ZAINAL ABEDIN:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the number of existing members of medical and para-medical staff in the Primary Health Centre at Harirampur in the district of West Dinajpur;

(b) whether indoor facilities are available to the patients in the above Health Centre;

(c) whether any gazetted medical officer is posted there; and

(d) what action the Government has taken or proposes to take to make it a full-fledged health centre?

**The Minister for Health:** (a) Medical Officer—One, Para-medical staff—Pharmacist—One, Nurses—Three.

(b) There is privision for ten indoor beds. These beds, however, have not yet been opened.

(c) No.

(d) Steps are being taken to post a Graduate Medical Officer and the remaining number of para-medical staff, viz., one Sanitary Inspector or Health Assistant. one Public Health Nurse, one Midwife and also a Clerk so that the Health Centre can function as a full-fledged Primary Health Centre with ten indoor beds.

**Supervision of the construction of the Second Hooghly River Bridge**

**113.** (Admitted question No. 417.) **Dr. ZAINAL ABEDIN:** Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state—

(a) who will supervise the construction of the Second Hooghly River Bridge;

(b) the expected time of completion of the said bridge;

(c) whether the present Hooghly River Bridge will require any modification on the approach areas for better traffic facilities; and

(d) if so, whether any scheme has been prepared for this modification and the estimated cost for the same?

**The Minister for Development and Planning:** (a) A Statutory Body called "The Hooghly River Bridge Commissioners" to be appointed by the State Government will be responsible for construction of the proposed Hooghly River Bridge.

(b) About five years subject to availability in time of fund from the Government of India and the requisite land for the approaches.

(c) Yes.

(d) The scheme for improvement of traffic circulation in the Howrah Station area estimated to cost Rs. 1.95 crores and now under execution by the Public Works (Special Roads) Directorate includes the required modification for the Howrah Approach of the Rabindra Setu (existing bridge). As for the Approach on the Calcutta side a scheme has been prepared by the C.M.P.O. which is awaiting finalisation in consultation with other concerned departments.

### Construction of a bridge over the river "Sui" in West Dinajpur

**114.** (Admitted question No. 419.) **Dr. ZAINAL ABEDIN:** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) whether the Government has any plan for the construction of a bridge on the river "Sui" in police-station Itahar, district West Dinajpur, on the Patiraj-Churaman-Chanchul Road; and

(b) if so, when the scheme is likely to be implemented?

**The Minister of State for Public Works (Roads):** (a) No.

(b) Does not arise.

### Procurement of rice and paddy in West Dinajpur district

**115.** (Admitted question No. 435.) **Dr. ZAINAL ABEDIN:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) the quantity of paddy and rice procured in the district of West Dinajpur during the current procurement period;

(b) the quantity procured otherwise than by levy before 25th of February, 1969, and the quantity procured after February 25, 1969, in the above district; and

(c) the quantity procured by levy in the above district?

**The Minister for Food and Supplies:** (a) Quantities of rice and paddy procured in West Dinajpur district during the period from 1st November, 1968 to 28th June, 1969:

| | |
|---|---|
| Rice .. .. .. | 19,388 M.T. |
| Paddy .. .. .. | 56,165 M.T. |
| Total in terms of rice .. .. | 56,832 M.T. |

(b) Quantity procured in West Dinajpur otherwise than by levy on producers and levy on rice mills—

Quantity procured in terms of rice before 25th February, 1969—18,214 M.T.

Quantity procured in terms of rice from 25th February, 1969, to 28th June, 1969—9,117 M.T.

(c) Quantity procured in West Dinajpur by levy on producers and levy on rice mills from 1st November, 1968 to 28th June, 1969—,

Levy on rice mills (in rice)—19,332 M.T.

Levy on producers in terms of rice—10,169 M.T.

**Income and expenditure of Agricultural Farm in Raninagar police-station**

**116.** (Admitted question No. 437.)

**শ্রীআজিজুর রহমান:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলার রাণীনগর থানার এগ্রিকালচারাল ফার্মের জন্য গত ১৯৬৭-৬৮ এবং ১৯৬৮-৬৯ সালে—

(১) মোট কত খরচ হয়েছে;

(২) মোট আয় কত ছিল; এবং

(৩) কত লাভ বা ক্ষতি হয়েছে?

**The Minister for Agriculture and Community Development:**

(১) ১৯৬৭-৬৮—টাঃ ১৫,৫৭৫·২৪
১৯৬৮-৬৯—টাঃ ২০,৮৭০·০৯

(২) ১৯৬৭-৬৮—টাঃ ১৪,১৫৫·৩০
১৯৬৮-৬৯—টাঃ ২২,৩৫১·৪৫

(৩) ১৯৬৭-৬৮—ক্ষতি টাঃ ১,৪১৯·৯৪
১৯৬৮-৬৯—লাভ টাঃ ১,৪৮১·৩৬

**Institution of criminal proceedings against the office-bearers of the Khoa Samabay Krishi Unnayan Samity Ltd.**

**117.** (Admitted question No. 451.) **Dr. ZAINAL ABEDIN:** Will the Minister-in-charge of the Co-operation Department be pleased to state—

(a) whether any criminal proceedings have been instituted against the office-bearers of the "Khoa-Dangram" Co-operative Society in police-station Bangshihari, district West Dinajpur;

(b) if so, by whom and when the proceedings first started; and

(c) the reasons for such proceedings?

**The Minister for Co-operation:** (a) A criminal case was instituted in the court of the Subdivisional Magistrate, Raiganj, against the office-bearers and others of Khoa Samabay Krishi Unnayan Simity Ltd. (not Khoa Dangram Co-operative Society) the office of which is situated at Dangram, police-station Bansihari, district West Dinajpur.

(b) The case was instituted by Shri Parbati Charan Sinha, Secretary, Banshihari,-Kushmandy Agricultural Co-operative Marketing Society Ltd., P.O. Baniadpur, district West Dinajpur, on 3rd April, 1967.

(c) From the copy of the complaint filed by the Banshihari-Kusmandy Agricultural Co-operative Marketing Society in the Court of the Subdivisional Magistrate, Raiganj, it appears that the case was instituted on the allegation of defalcation of a sum of money and misappropriation of a certain quantity of paddy by the accused persons in connection with the paddy procurement operation during 1965-66 season.

**Buri Mondal Bundh in Itahar Block in West Dinajpur**

**118.** (Admitted question No. 452.) **Dr. ZAINAL ABEDIN:** Will the Minister-in-charge of Irrigation and Waterways Department be pleased to state—

(a) whether the Government is considering the proposal of Buri Bondal Bundh in the development block of Itahar in the district of West Dinajpur;

(b) if so, the present position of the scheme;

(c) the total estimated expenditure of the above scheme; and

(d) how many acres of land will come for irrigation facilities under the above scheme?

**The Minister for irrigation and Waterways:** (a) Yes. A scheme, namely, "Flood Protection and Drainage of the Buri Mondal area in police-station Itahar, district West Dinajpur" is under consideration.

(b) In conformity with the observations made by the Technical Committee of the West Bengal Flood Control Board a revised scheme has been drawn up after undertaking further investigation. This scheme is expected to be discussed in the next meeting of the Technical Committee.

(c) Rs. 13.25 lakhs.

(d) 4473.6 acres.

### Incidents of fire in Gorahar village of Itahar police-station

**119.** (Admitted question No. 453.) **Dr. ZAINAL ABEDIN:** Will the Minister-in-charge of the Relief and Social Welfare (Relief) Department be pleased to state—

(a) whether the Government has received any petition from the villagers of the village of Gorahar, police-station Itahar, district West Dinajpur, praying for relief measures;

(b) if so, what action the Government has taken in this regard; and

(c) whether any enquiry was made and the extent of damage caused due to fire there?

**The Minister for Relief and Social Welfare (Relief):** (a) Yes.

(b) and (c) Prompt enquiries were made by B.D.O., Itahar, with the help of his Extension Officers and relief measures undertaken. 52 Kgs. of foodgrains as Gratuitous Relief and 12 pieces of clothings including blankets given to 7 landless families. Question of distribution of H.B. grants and loans is under consideration. Property damaged by fire assessed at Rs. 8,430.

### Family Welfare Planning Centre at Panchthupi Maternity and Child Welfare Centre

**120.** (Admitted question No. 480.)
**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পাঁচথুপী মাতৃমঙ্গল ও শিশুকল্যাণ কেন্দ্রে অবস্থিত পরিবার পরিকল্পনা কেন্দ্রটির জন্য বিভিন্ন পাঁচসালা পরিকল্পনায় সরকার কত টাকা খরচ করিয়াছেন;

(খ) ঐ টাকা কি কি বাবদ খরচ করা হইয়াছে; এবং

(গ) খরচের হিসাবপত্র কাহার নিকট আছে?

**The Minister for Health:**

(ক) এই পরিবার মঙ্গল পরিকল্পনাটি খুলিবার এবং চালু করিবার জন্য এ পর্যন্ত সরকার ২১,৩২২ টাকা খরচ করিয়াছেন।

(খ) এই টাকা এই কেন্দ্রের ব্যবহারের জন্য সাজসরঞ্জাম, আসবাবপত্র, গর্ভনিরোধক ঔষধপত্র ক্রয় করিতে এবং এই কেন্দ্রের কর্মীদের বেতনাদি প্রদানের জন্য ব্যয় করা হইয়াছে।

(গ) সংশ্লিষ্ট সংস্থাই হিসাবপত্র রাখিয়া থাকেন। সংস্থাটি কত ব্যয় করেন তাহার বিবরণ এই বিভাগের নিকট পাঠানো হইয়া থাকে।

**Industrial and Borstal School at Banjetia House, Berhampore**

**121.** (Admitted question No. 482.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** ত্রাণ ও সমাজ-কল্যাণ (সমাজ-কল্যাণ) দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুরের ব্যাঞ্জেটিয়া (বেনজেটিয়া) হাউসে যে ইন্ডাস্ট্রিয়াল ও বোর্স্টাল স্কুল আছে তাহাতে বর্তমানে রিফর্মেটারি হইতে ছাড়প্রাপ্ত কতজন ছেলেমেয়ে আছে; এবং

(খ) এ সকল ছেলেমেয়ে সম্পর্কে সরকারী পরিকল্পনা কিভাবে কার্যকরী হইতেছে?

**The Minister for Relief and Social Welfare (Social Welfare):**

(ক) ব্যাঞ্জেটিয়া হাউসে কোন বোর্স্টাল স্কুল নাই। নিরপরাধ শিশুদের রিফর্মেটারি স্কুল (রিফরমেটরি স্কুল ফর নন-ডেলিনকোয়েন্ট চিলড্রেন) হইতে ১৪ বৎসরের উপরে ছেলেদের পশ্চিমবঙ্গ শিশু আইন অনুযায়ী ইন্ডাস্ট্রিয়েল স্কুলে পাঠান হয়। ২৫এ জুন, ১৯৬৯ তারিখে ইন্ডাস্ট্রিয়েল স্কুলে আবাসিকদের সংখ্যা ছিল ৩৭ জন। ঐ স্কুলে মেয়ে ভর্তি করা হয় না।

(খ) প্রতিষ্ঠানটিতে ছেলেদের জন্য থাকা, খাওয়া এবং সাধারণ শিক্ষার (পঞ্চম শ্রেণী পর্যন্ত) ব্যবস্থা আছে। ইহা ব্যতীত পঞ্চম শ্রেণীর উপরের ছেলেদের বাহিরের স্কুলে সাধারণ শিক্ষার ব্যবস্থা করা হয়। বর্তমানে সাধারণ শিক্ষণপ্রাপ্ত ছেলেদের সংখ্যা—

Class I—17.
Class II—1.
Class III—4.
Class IV—2.
Class V—2.

Outside school—

Class X—1.
Class VI—1.

যোগ্যতা অনুসারে ৭টি ছেলেকে মুর্শিদাবাদ ইনস্টিটিউট অব টেকনোলজিতে ইলেকট্রিক্যাল এবং মেকানিক্যাল ইঞ্জিনীয়ারিং বিষয়ে ট্রেড ট্রেনিং-এর ব্যবস্থা করা হইয়াছে।

মানসিক অবসাদগ্রস্ত দুইটি ছেলের শিক্ষার ব্যবস্থা করা যায় নাই।

**Steps taken by the Government for reforming delinquent and non-delinquent children**

**122.** (Admitted question No. 400.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** ত্রাণ ও সমাজকল্যাণ (সমাজকল্যাণ) দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) ডেলিনকোয়েন্ট ও নন-ডেলিনকোয়েন্ট ছেলেমেয়েদের সংশোধনের জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি;

(খ) বহরমপুর রিফর্মেটারিগুলিতে ঐ সকল ব্যবস্থা আছে কি না; এবং

(গ) বিভিন্ন পাঁচশালা পরিকল্পনায় সরকার এই বাবদে কত অর্থ বরাদ্দ করিয়াছিলেন?

**The Minister for Relief and Social Welfare (Social Welfare):**

(ক) ডেলিনকোয়েন্ট মেয়েদের সংশোধনের জন্য কোন ব্যবস্থা করা হয় নাই। নন-ডেলিনকোয়েন্ট মেয়ে এবং ডেলিনকোয়েন্ট ও নন-ডেলিনকোয়েন্ট ছেলেদের বোর্স্টাল, ইন্ডাস্ট্রিয়াল এবং রিফরমেটারী স্কুল-এ আহার ও বাসস্থানের ব্যবস্থা ছাড়া মেয়েদের জন্য সাধারণ শিক্ষা, হাতের কাজ, সূচীশিল্প, সেলাই, বাগান তৈরী ও তাঁতশিল্প শিক্ষা দেওয়ার ব্যবস্থা আছে এবং ছেলেদের জন্য সাধারণ শিক্ষা, মাটির কাজ, টেলারিং, বই বাঁধান, ব্ল্যাকস্মিথি, দারুশিল্প ও ছাপাখানার কাজ

শিক্ষা দেওয়ার ব্যবস্থা আছে। ইহা ব্যতীত বহরমপুরে বোর্স্টাল ও ইন্ডাস্ট্রিয়াল স্কুলের ছেলেদের যোগ্যতা অনুযায়ী মুর্শিদাবাদ ইনস্টিটিউট অফ টেকনোলজিতে মেকানিক্যাল এবং ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ারিং বিষয়ে ট্রেড ট্রেনিং দেওয়ার ব্যবস্থা হইয়াছে।

(খ) হ্যাঁ, আছে।

(গ) বরাদ্দের পরিমাণ নিম্নরূপঃ—

পাঁচশালা পরিকল্পনা ও বরাদ্দের পরিমাণ

(১) প্রথম পাঁচশালা পরিকল্পনা—কিছুই নয়।

(২) দ্বিতীয় পাঁচশালা পরিকল্পনা—১৬,৮২,০০০ টাকা।

(৩) তৃতীয় পাঁচশালা পরিকল্পনা—৪৩,৬০,০০০ টাকা।

(৪) চতুর্থ পাঁচশালা পরিকল্পনা—

(ক) বাৎসরিক প্ল্যান স্কীম (১৯৬৬-১৯৬৯)—১৩,৬০,০০০ টাকা।

(খ) কমিটেড স্কীম—১,৭৭,০০০ টাকা।

**Persons appointed in factories during last three years**

**123.** (Admited question No. 496.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারের এ সম্বন্ধে কি কোন তথ্য আছে যে, গত তিন বছরে কলকারখানায় মোট কত লোক নিযুক্ত হইয়াছেন এবং এই নিযুক্তদের মধ্যে কত জনের স্থায়ী বাস বাংলাদেশে; এবং

(খ) এই নিযুক্তদের মধ্যে বাংলা ভিন্ন অন্য ভাষাভাষী কত?

**The Minister for Labour:**

(ক) পশ্চিমবঙ্গের সমস্ত কলকারখানায় গত তিন বৎসরে নবনিযুক্তদের সংখ্যার কোনও তথ্য নাই। তবে গত তিন বৎসরে ঐ কলকারখানাগুলির দৈনিক উপস্থিতির গড় নিম্নরূপঃ—

১৯৬৫—৯,১০,১৯১

১৯৬৬—৮,৩৯,৯৭৮

১৯৬৭—৮,৬৫,২৯৭

ইহাদের মধ্যে কতজনের স্থায়ী বাস বাংলাদেশে সে তথ্য সরকারের নাই।

(খ) নিযুক্তদের ভাষাভিত্তিক তথ্য সঠিক জানা নাই।

**Government aid to the Calcutta Homoepathic Medical College and Hospital**

**124.** (Admitted question No. 505.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা হোমিওপ্যাথিক কলেজ হাসপাতালের জন্য সরকার ১৯৬৮-৬৯ ও ১৯৬৯ সালে মে মাস পর্যন্ত কত টাকা সাহায্য দান করিয়াছেন; এবং

(খ) উক্ত হাসপাতালের পরিচালনা কমিটিতে কোন সরকারী লোক আছেন কিনা এবং থাকিলে, তাহার নাম ও পরিচয়?

**The Minister for Health :**

(ক) (১) ১৯৬৮-৬৯ সালে ৪৭,৮৫০ টাকা।

(২) ১৯৬৯ সালে মে মাস পর্যন্ত কোন সাহায্য দেওয়া হয় নাই।

(খ) না।

## Callinfi Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker :** The Minister-in-charge of the Education Department will please make a statement on the subject of difficulties of admission in colleges, called attention by Shri Gyan Singh Sohanpal on the 11th July, 1969.

**Shri Satyapriya Roy :** Speaker Sir, with reference to the Calling Attention notice given by the honourable member Shri Gyan Singh Sohanpal regarding difficulties of admission in colleges I rise to say it is a fact that in the last few years the problem of admission of students in degree colleges specially in science subjects in and around Calcutta has been acute. This year also the problem is equally so with a larger number of students coming out successful in the Higher Secondary Examination, although the number of successful candidates in the School Final Examination has appreciably fallen. It has been found that there is no dearth of accommodation in colleges in arts subject. Accommodation in commerce subjects is not altogether inadequate taking the intake capacity as a whole. But there is a great demand for admission in science subjects exceeding the available accommodation in colleges in particular areas. This is presumably due to the fact that the prospects of a better livelihood attract the students to the science course notwithstanding lack of aptitude of some of them and ability to pursue it in many cases. The present recession which has resulted in a lower employment potential for students coming out from technical institutions is also creating a greater rush for admission in science courses in the degree colleges. This rush which is noticeable after the results of the School Final and Higher Secondary examinations have been announced arises out of two causes namely :—

(i) Most of the students desire admission only to a few renowned colleges in and around Calcutta. Even students hailing from mofussil areas have a tendency to flock to Calcutta for such admission.

(ii) Many students apply simultaneously for admission to more than one college in Calcutta thereby artifically inflating the rush for admission.

To cope with the rush of students for admission in the Degree Colleges the Government have adopted certain measures to increase the present intake capacity in these colleges. This may be summed up as below :—

(1) Orders have been issued for introduction of shift system in sponsored colleges where this system has not yet been introduced and where a rush of students, exceeding the capacity in the Day Section, is expected.

(2) Similar shift system is proposed to be introduced in the Government Colleges also.

(3) Calcutta University has been requested to arrange issue of permission with the concurrence of the University Grants Commission for the relaxation of the upper enrolment limit by 20 per cent. in the big colleges in Calcutta where the intake capacity has been restricted under the scheme Phased Reduction of roll strength.

(4) The Calcutta, Burdwan and North Bengal Universities have also been requested to consider the possibility of arranging increase of intake capacity of non-Government non-sponsored affiliated colleges within their respective jurisdiction where there will be rush for admission exceeding the accommodation in the Day Section.

(5) A scheme has already been prepared by the Education Department for extension of affiliation in a number of Pass and Honours Subjects in Degree Courses as well as in a number of subjects in the pre-University courses in a large number of sponsored colleges to afford additional facilities to the intending students. The Education Department has also drawn up a scheme for the opening of Commerce Units under the sponsored scheme in a number of sponsored colleges where an appreciable number of students seeking admission in the particular course is expected. This is in addition to Commerce Colleges which are already functioning in sponsored college buildings.

All these measures are expected to substantially meet the needs of the students who will be seeking admission in the Degree Colleges and will be considered eligible for such admission by the respective college authorities.

The United Front Government, as the statement will show, unmistakably have done everything possible within the short time to ease the admission problem. But the total solution of the problem demands deeper socio-economic changes.

**Mr. Speaker:** I have received two notices of Calling Attention on the following subjects, namely :—

1. Strike of Press workers at Burdwan—from Shri Aswini Roy.
2. Inadequate supply of canal water from distributories at Bhatar, Burdwan and Galsi P.S.—from Shri Aswini Roy and Shri Phakir Chandra Roy.

I have selected the notice on the subject of inadequate supply of canal water from distributories at Bhatar, Burdwan and Galsi P.S.—from Shri Aswini Roy and Shri Phakir Chandra Roy.

The Minister-in-charge may please make a statement on the subject today if possible, or give a date for the same.

**Shri Jatin Chakraborty:** Next Monday.

**শ্রীসত্যপ্রিয় রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে ঋষি বঙ্কিমচন্দ্রের প্রতি অশ্রদ্ধা জানানো হয়েছে, এই দোষে দিল্লীর হিন্দুস্থান পত্রিকা বাজেয়াপ্ত করে যে আদেশ দিলেন দিল্লী মেট্রোপলিটন অথারিটি সেই সম্পর্কে আমাদের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। সেই সম্পর্কে আমার বক্তব্য আমি হাউসের সামনে রাখতে চাই। দিল্লী অ্যাডমিনিস্ট্রেশন অথারিটি গত ৬ই জুলাই ১৯৬৯ তারিখের গেজেটে এই আদেশ বলবত করেন যে, বঙ্কিমচন্দ্রের যে লেখা পড়ে বলছি, সেই লেখা বাজেয়াপ্ত করা হয়েছে, কারণ

Lt. Governor of the Union territory of Delhi hereby declares—every copy of the said newspaper containing the said article is sought to be forfeited to Government.

কারণ দেখানো হচ্ছে হিন্দুধর্মের উপর নাকি আঘাত করা হয়েছে। যে প্রবন্ধের কথা বলা হয়েছে সেটা বঙ্কিমচন্দ্রে লোকরহস্য থেকে নিয়ে হিন্দুস্থান পত্রিকায় তার হিন্দী অনুবাদ প্রকাশ করা হয়েছিল, হিন্দী টাইটেল দেওয়া হয়েছিল "রামায়ণ বিলাইয়েতী আলোচনা" অর্থাৎ ইংরেজরা ভারতবর্ষের সাহিত্য, ইতিহাসকে বিকৃত করে কি করে প্রচার করছে এই সম্বন্ধে শ্লেষ করবার

জন্য প্রবন্ধটি রচিত হয়েছিল। কাজেই রামায়ণের অত্যন্ত বিকৃত ব্যাখা ইংরেজদের মুখে বসিয়ে দেওয়া হয়েছিল। ওখানে প্রকাশিত হওয়ায় মেট্রোপলিটন অথোরিটী মনে করলেন এতে বুঝি বঙ্কিমচন্দ্রের যে বাস্তব বক্তব্য তাই রেখেছেন, এবং হিন্দুধর্মের উপর আঘাত করছেন এবং ঐ সংখ্যা বাজেয়াপ্ত করা হয়েছে। সরকারের পক্ষ থেকে এইটুকুই বলতে পারি আমরা অবিলম্বে ঐ বাজেয়াপ্ত করণের আদেশ তুলে নিয়ে ঋষি বঙ্কিমের প্রতি যাতে শ্রদ্ধা জানাতে পারেন সেই অনুরোধ আমরা পশ্চিমবঙ্গের পক্ষ থেকে জানাবো লেফটেনেন্ট গভর্নর ইউনিয়ন টেরিটরির কাছে।

[2-20—2-30 p.m.]

**Shri Balailal Das Mahapatra:**
মাননীয় অধ্যক্ষ মহাশয় একটি জরুরী বিষয়ে আপনার এবং যুক্তফ্রন্ট সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি সম্ভবত লক্ষ্য করেছেন পশ্চিম বাংলার কোন কোন ইঞ্জিনীয়ারিং কলেজে রেগিং-এর নামে যে নির্লজ্জ এবং বর্বর প্রথা প্রচলিত রয়েছে। গত ১২ই জুলাই স্থানীয় সংবাদপত্র বসুমতীতে প্রকাশ পেয়েছে একটি ঘটনার কথা। খড়্গপুর আই আই টি-তে ২রা জুলাই ওখানকার অ-বাঙ্গালী ছাত্ররা আটজন বাঙ্গালী ছাত্রের উপর নানাভাবে অত্যাচার করে লোহার রড দিয়ে ছেলেদের গলার মধ্যে কাপড় কাচা সাবান ঢুকিয়ে দেওয়া হয়, একশ পাওয়ারের বালবকে তাদের চুমু খেতে বাধ্য করান হয়, অশ্লীল কথা, অকথ্য ভাষা তাদের সামনে উচ্চারণ করা হয়। যৌণনগ্ন চিত্র ছেলেদের সামনে রেখে তাদেরকে উলঙ্গ করিয়ে দাড় করিয়ে রাখা হয়। এইভাবে নানা অত্যাচার করা হয় এবং এটা অনেকদিন থেকেই প্রচলিত রয়েছে। কিছুদিন আগে আমরা সংবাদ পেয়েছিলাম শিবপুর ইঞ্জিনীয়ারিং কলেজ সম্পর্কে। সেই দিন বাংলাদেশে একটা ভয়ানক বিক্ষোভ দেখা দিয়েছিল। সেইজন্য সেখানে বন্ধ হয়েছিল, এখন খড়্গপুরে চলছে যার ফলে সেখান থেকে পাঁচজন ছেলে পালিয়ে এসেছে। এর আগে আমরা সংবাদপত্রে দেখেছি অভিভাবকবর্গ এ সম্পর্কে নানা আলোচনা করেছেন প্রতিবাদ জানিয়েছেন। আমি এই ঘটনার প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী এবং সমস্ত সদস্যবর্গের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই বর্বর প্রথার মূলোৎপাটন হয়। তার জন্য ব্যবস্থা অবলম্বন করতে অনুরোধ করছি। আই আই টি-এর সঙ্গে ভারত সরকারের সম্পর্ক রয়েছে। প্রয়োজন হলে পশ্চিমবঙ্গ সরকার ভারত সরকারের সাহায্য গ্রহণ করুন। ভারত সরকার যদি সাহায্য না করেন সহযোগিতা না করেন বাঙ্গলা দেশের ছাত্রদের স্বার্থে নতুন ইঞ্জিনীয়ারিং কলেজ প্রতিষ্ঠার জন্য অনুরোধ জানাচ্ছি।

**Shri Pijus Kanti Mukherjee:**
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই সুযোগে আপনার সামনে এবং সরকারের সামনে একটা জরুরী বিষয়ের উল্লেখ করছি। গত ১০ই জুলাই থেকে ন্যাশনাল মেডিক্যাল কলেজ-এ ধর্মঘট চলছে এবং যার ফলে আউটডোর পেসেন্টদের বহু অসুবিধা ভোগ করতে হচ্ছে। দুর্গতির সীমা নেই। কারণ অনেক যোগ্য প্রার্থীর দাবি উপেক্ষা করে জনৈক জুনিয়র প্রফেসারকে যেহেতু তিনি জনৈক মন্ত্রীর ঘনিষ্ঠ আত্মীয় অধ্যক্ষ পদে নিয়োগ করা হয়েছে। যার ফলে এই গোলমাল। অত্যন্ত সংকটাপন্ন অবস্থা। আউটডোর পেসেন্টদের বিনা পয়সায় চিকিৎসার যে সুযোগ ছিল আপাতত সেই সুযোগ থেকে তারা বঞ্চিত হয়েছে এবং অত্যন্ত অসুবিধার সম্মুখীন হয়েছে। এর প্রতিকারের জন্য আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ স্পীকার:** আপনি মন্ত্রীর নাম বলুন তাহলে উনি যদি থাকেন বলতে পারবেন।

**শ্রীপিযূষকান্তি মুখার্জী:** অধ্যক্ষ হচ্ছেন, শ্রীপঙ্কজ লাহিড়ী।

**শ্রীযতীন চক্রবর্তী:** কোন্ মন্ত্রী নাম করুন, কে সেই মন্ত্রী?

**মিঃ স্পীকার:**
Please name the Minister because it is a very serious charge against the Hon'ble Minister. The House is entitled to know his name.

**শ্রীপিযূষকান্তি মুখার্জী:** কোন মন্ত্রীর আত্মীয় বলা হয়েছে।

**মিঃ স্পীকারঃ** আপনি চার্জ করুন।

It is your duty to charge the particular Minister. The House is bold enough to take action.

**শ্রীপীযূষকান্তি মুখার্জীঃ** মন্ত্রী হচ্ছেন, আমাদের পরিষদীয় মন্ত্রী শ্রীযতীন চক্রবর্তী মহাশয়।

**শ্রীযতীন চক্রবর্তীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যার জন্য আমি বার বার দাবী করছিলাম একথা, এর আগের দিন আমি হঠাৎ আলোচনার সময় দেরী করে ফেলেছিলাম। আমাকে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলেন। কংগ্রেস তরফ থেকে একজন বলেছিলেন একথা, বোধ হয় মাননীয় সদস্য শ্রীনেপাল রায় এবং ওদেরই কাগজেই—জনসেবকে এই রকম একটা অভিযোগ করেছে যে, ঐ পি এন লাহিড়ী—আমি এইটুকু বলতে পারি যে তিনি আমার আত্মীয়ত ননই, কারণ আমি হলাম রাঢ়ীর শ্রেণীর ব্রাহ্মণ আর উনি হচ্ছেন বারেন্দ্র শ্রেণীর এবং আমি এখানে পূর্ণ দায়ীত্ব নিয়ে বলছি আমার সঙ্গে তার কোনরকম আত্মীয়তা নেই, আমি তাকে প্রথম গতকাল মাত্র দেখেছিলাম। এই রকম মিথ্যাবাদী যদি কোন সদস্য হয় তাহলে তার সম্পর্কে আপনার ব্যবস্থা অবলম্বন করা উচিত।

**শ্রীবজলে আহম্মদঃ** মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমাদের বিষয়বস্তুতে জনৈক মাননীয় কংগ্রেস সদস্য বলেছেন যে, ন্যাশনাল মেডিক্যাল কলেজ-এ যে ক্রাইসিস গেছে স্ট্রাইক-এর ব্যাপার নিয়ে তাতে আমার একটা কথা বলার আছে যে, সংশ্লিষ্ট বিভাগীয় মন্ত্রিমহাশয় যে কোন কমিশান বা যা কিছু হোক করে এটার অবিলম্বে যদি মীমাংসা না করেন তাহলে ওখানে যেসমস্ত রুগী আছে তারা অত্যন্ত কষ্ট এবং অসুবিধার মধ্যে পড়বে তার আশু মিমাংসা করা দরকার। এখুনি এনকোয়ারী যা করা দরকার করা যেতে পারে। যেসব কর্মচারীরা স্ট্রাইক করেছে তাদের দাবী কি আছে জানাতে পারে এবং তাদের অসুবিধার কথা, রুগীদের কথা চিন্তা করে যাতে এর আশু মিমাংসা হয় সেটা বিভাগীয় মন্ত্রিমহাশয় যথা শীঘ্র সম্ভব ব্যবস্থা অবলম্বন করবেন।

## General discussion on budget for 1969-70

[2-30—2-40 p.m.]

**Shri Siddhartha Shankar Ray :**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকারের প্রথম স্বরচিত বাজেটটি একটা বৈপ্লবিক বাজেট হবে বলে ঘোষণা করা হয়েছে। তাই, এই বাজেট বইগুলি পাওয়ার পর থেকে আমি বইয়ের প্রত্যেকটি পাতায় পাতায় বিপ্লব খুঁজে বেড়াচ্ছিলাম। কিন্তু দুঃখের বিষয় কোন জায়গায় বিপ্লবের চিহ্নও পেলাম না। বিপ্লবের ছিটেফোটাও কোথাও পেলাম না। তবে হ্যাঁ, বর্তমান বিপ্লবের যুগে বিপ্লবের চিহ্ন হচ্ছে লাল এবং সেই বিপ্লবের একমাত্র চিহ্ন দেখলাম যে বাজেট বইটি লাল। স্যার, এই বাজেট বইটা লাল, এটা নূতন কিছু নয়। এটা বিলাত থেকে আমদানী করা রেড বুক বলা হয়। বিলাত থেকে আমদানী করা কোন জিনিস যদি বিপ্লব হয় তাহলে বিপ্লব করেছেন। দ্বিতীয় বিপ্লব দেখলাম সেই লাল চিহ্নে যে এই বাজেট পড়লে পরিষ্কার দেখবেন বাংলাদেশের বিপ্লবের যে চিহ্ন যে লাল চিহ্ন তার লাল বাতী জ্বালা হয়েছে। এ ছাড়া আর কিছু নেই।

এই বাজেট প্রকৃতপক্ষে দেখা যায় যে একটা দেউলিয়া বাংলা সৃষ্টি করার চেষ্টা হচ্ছে। আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে দোষ দিচ্ছি না, তাঁর এই বাজেট আনতেই হত এইরকমভাবে কারণ সামনে যে বন্ধুরা আছেন মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির বন্ধুরা তাঁরা এই প্রকারের বাজেট না আনলে হয়ত ভীষণ আপত্তি করতেন কারণ তাঁরা বাংলাদেশকে সর্বনাশের পথে নিয়ে যেতে চান, বাংলাদেশকে অরাজকতায় পরিপূর্ণ করতে চান। তা না হলে এইরকম দেউলিয়া বাজেট কোন হাউসের সামনে কোন দায়িত্বশীল সরকার আনতেন না। কেন আমি দেউলিয়া বলছি এই বাজেটকে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন সংবিধানের ২৬৬ ধারা এবং ২৬৭ ধারা অনুযায়ী ৩টি প্রধান খাতে বাজেটের আয়ব্যয়ের কথা পরিষ্কারভাবে বলতে হয়—একটা হচ্ছে

কনসোলিডেটেড ফান্ড একটা হচ্ছে কন্টিনজেন্সী ফান্ড, আর একটা হচ্ছে পাবলিক অ্যাকাউন্টস। এই কনসোলিডেটেড ফান্ডে রাজস্বের আয়ব্যয়ের হিসাব এবং যে টাকা ধার করে পাওয়া যায় কিম্বা যে টাকা সুদ দেওয়া হয় এইরকম সমস্ত টাকা কনসোলিডেটেড ফান্ডে থাকে। সেই কনসোলিডেটেড ফান্ডে দেখতে পাচ্ছি যে, মার্চ মাসে যে বাজেট এনেছিলেন মুখ্যমন্ত্রী মহাশয় তাতে রাজস্বের আয় ছিল ২৩৪ কোটি ৭৭ লক্ষ ৪১ হাজার টাকা, আর এখন ৩-৪ মাস পর বলা হচ্ছে যে না, আগে যা বলেছিলাম তা ঠিক হয় নি, আমাদের রাজস্বের আয়র ২৩০ কোটি হবে, অর্থাৎ কিনা আগে যা মার্চ মাসে বলেছিলাম সেটা আমি একটু সংশোধন করতে চাই—এখন ৪ কোটি ২৫ লক্ষ টাকা কম রাজস্বের আয় হবে। একদিকে ৪ কোটি ২৫ লক্ষ টাকা রাজস্ব কম আদায় হবে, আর রাজস্বের ব্যয় তাঁরা বলছেন মার্চ মাসে যেটা বলেছিলাম সেটা সংশোধন করে বলছি আমাদের রাজস্বের ব্যয় ২৭ কোটি ৩৪ লক্ষ টাকা বেড়ে গেছে, অর্থাৎ কিনা আয় কমে গেল ৪ কোটি ২৫ লক্ষ টাকা, ব্যয় বেড়ে গেল ২৭ কোটি ৩৪ লক্ষ টাকা। দ্বিতীয় হচ্ছে কন্টিজেন্সী ফান্ড—লেখা আছে সংবিধানের ২৬৭ ধারাতে যে কন্টিনজেন্সী ফান্ড একটা আইন করে করতে হবে। কোন প্রদেশ সরকার যদি চায়, হঠাৎ যদি কোন খরচ করতে হয় ঝড় ঝঞ্ঝা হয় তার জন্য খানিকটা আলাদা করে টাকা রেখে দেয়া দরকার। তাই বাংলাদেশে এই ২৬৭ ধারা অনুযায়ী ১৯৫০ সালে একটা আইন পাশ হয়েছিল, সেই আইনটার নাম হচ্ছে দি কন্টিনজেন্সী ফান্ড অব ওয়েস্ট বেঙ্গল অ্যাক্ট ১৯৫০—মাননীয় অধ্যক্ষ মহাশয়, তার ২নং ধারায় বলা আছে

"There shall be established a Contingency Fund in the nature of an imprest entitled 'the Contingency Fund of West Bengal' into which shall be paid from and out of the Consolidated Fund of West Bengal a sum of 5 crore of rupees."

বাজেটের লাল বইয়ের ৩নং পাতা খুলে যদি দেখেন তাহলে দেখবেন এই প্রথমবার বাংলাদেশের সরকার কনসোলিডেটেড ফান্ড তুলে দিয়েছেন। কনসোলিডেটেড ফান্ড-এ দেখবেন বাজেট এস্টিমেট-এর ১৯৬৯-৭০-তে এক পয়সাও নেই। ১৫ লক্ষ টাকা ছিল—১৯৬৮-৬৯-এর বাজেটের লাল বইয়ের প্রথম খণ্ডের ৯ পাতায় দেখবেন সেই ১৫ লক্ষ টাকা খরচ হয়ে গেছে। তাই ১৯৬৯-৭০-তে এক পয়সাও আনছেন না। অর্থাৎ কিনা সেই দ্বিতীয় খাত কনসোলিডেটেড ফান্ড তারা তুলে দিলেন। তৃতীয়তঃ পাবলিক একাউন্ট বলে একটা খাত আছে। সেই পাবলিক এ্যাকাউন্ট-এ সরকারী কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ড-এর টাকা, রেন্ট কন্ট্রোল এ যে টাকা জমা দেওয়া হয়েছে সেই টাকা এবং কোর্ট-এ যেসমস্ত টাকা জমা দেওয়া হয় সেই টাকা ট্রাস্ট হিসাবে গভর্নমেন্টের কাছে রাখা হয়েছে। কিন্তু সেই পাবলিক এ্যাকাউন্ট-এ রিসিট কত দেখান হচ্ছে—৩৬৬ কোটি ৪২ লক্ষ ৬৮ হাজার টাকা এবং পাবলিক এ্যাকাউন্ট-এ খরচ দেখান হচ্ছে ৪৮ কোটি ৭৫ লক্ষ ১২ হাজার টাকা। তাহলে পাবলিক অ্যাকাউন্ট-এ কত জমা থাকে? প্রভিডেন্ট ফান্ড-এর টাকা, রেন্ট কন্ট্রোল-এর টাকা, কোর্ট-এর টাকা জমা থাকা উচিত ছিল—১৮ কোটি টাকা। কিন্তু দেখতে পাচ্ছি যে সেই পাবলিক অ্যাকাউন্ট-এর টাকা বাজেটে যে ঘাটতি তাতে খাইয়ে দেওয়া হয়েছে এবং পুরো সেটা দেখান হচ্ছে ৫৩½ কোটি টাকা। অর্থাৎ কিনা প্রভিডেন্ট ফান্ড, রেন্ট কন্ট্রোল, কোর্ট-এর টাকা ট্রাস্টি হিসাবে সরকারের কাছে যা জমা আছে তা সমস্ত খরচ করে দেওয়া হয়েছে। আপনারা ৬৮৯ কোটি টাকা খরচ করবেন। এত টাকা কোন সরকার কোনবার খরচ করেন নি। প্রায় দেড় কোটি টাকা তাঁরা প্রত্যহ খরচ করবেন। বাংলার মানুষ দেখবেন এই টাকা তাঁরা কিভাবে খরচ করবেন এবং এর দ্বারা দেশের সমস্যার সমাধান করবেন। সমস্ত প্রভিডেন্ট ফান্ড, রেন্ট কন্ট্রোল ও কোর্ট-এর টাকা খরচ করে বাংলার মানুষকে তাঁর কোন দিকে নিয়ে যান সেটাও মানুষ দেখতে চাইবে। এইরকম দেউলিয়া অবস্থা হচ্ছে। মার্কসিস্ট কমিউনিস্ট বন্ধু এই ধারনা মনে করে গৃহাভিমুখে যাবেন না যে তাঁদের মন্ত্রীরা কংগ্রেসী মন্ত্রীদের থেকে কম টাকা পাচ্ছেন। শ্রীপ্রফুল্ল সেন যখন মুখ্যমন্ত্রী ছিলেন—১৯৬৬-৬৭ সালে সে সময়ের লাল বইয়ের প্রথম খণ্ডে ৬৬ পাতায় পাবেন যে, সেসমস্ত মন্ত্রীদের পেছনে খরচ হোত ১০ লক্ষ ৫৬ হাজার টাকা। আর এই দ্বিতীয় বিপ্লবী যুক্তফ্রন্টের মন্ত্রীরা নেবেন ১৬ লক্ষ ৬৭ হাজার টাকা। এ আশা মনে পোষণ করে বাড়ি যাবেন না যে তাঁদের মন্ত্রীরা স্বার্থ ত্যাগ করছেন, বরং তাঁরা ৩ লক্ষ টাকা বেশী খরচ করছেন। দ্বিতীয় যদি আপনারা মনে করে থাকেন যে, আপনারা সমস্ত স্বার্থ ত্যাগ করে বাজে খরচ করছেন না, তাহলে দেখবেন যে ৫ লক্ষ ১৮ হাজার টাকা যে

দরিদ্র মানুষের টাকা তা নিয়ে জীপ, গাড়ী, ট্রাক কেনা হবে। গ্রান্ট ৭, ৩, ৫৪ ৩৫, ৪৪, ৩৭-এ দেখবেন ৫ লক্ষ ১৮ হাজার টাকার গাড়ী, জীপ কেনা হবে। একটা জীপের দাম ৩১ হাজার টাকা। কোথাও শুনেছেন একটা জীপের দাম ৩১ হাজার টাকা?

[2-40—2-50 p.m.]

তৃতীয়তঃ দেখছি খানাপিনাও বাদ যাবে না, অর্থাৎ এই সরকার এন্টারটেইনমেন্ট-এর জন্য ১০ হাজার টাকা বরাদ্দ করবেন বাংলাদেশ দেউলিয়া হওয়া সত্ত্বেও। চতুর্থতঃ ক্যালকাটা ট্রাম-ওয়ে কোম্পানী যেটি জ্যোতিবাবুর মানসপুত্র বা মানসকন্যা। উনি যখন ক্যালকাটা ট্রামওয়ে কোম্পানী নিলেন আমরা তখন তাঁর প্রস্তাব সমর্থন করেছিলাম। কিন্তু আমরা তাঁকে সতর্ক করে বলেছিলাম ক্যালকাটা ট্রামওয়ে কোম্পানী নিলেন লোকসান করবেন না, ক্যালকাটা ট্রামওয়ে কোম্পানী নিলেন সাবধানে চালাবেন, ক্যালকাটা ট্রামওয়ে কোম্পানী নিলেন বাংলাদেশের মানুষের অর্থের অপচয় করবেন না। কিন্তু কোন কোন কাগজে লেখা হচ্ছে ৯ লক্ষ টাকা লোকসান, কোন কোন কাগজে লেখা হচ্ছে ৯০ লক্ষ টাকা লোকসান এই কোম্পানীর। এই যুক্তফ্রন্ট সরকারের স্বরচিত বাজেটে যা দেখছি তাতে আমি মার্কসিস্ট কমিউনিস্ট বেঞ্চের বন্ধুদের প্রশ্ন করছি তাঁরা কি জানেন কত টাকা দিচ্ছেন এই সরকার ক্যালকাটা ট্রামওয়ে কোম্পানীকে যার শেয়ার হোল্ডার ইংরেজ, যে কোম্পানী ইনকর্পোরেটেড ইন ইংল্যান্ড, যার প্রফিট পাবে শেয়ার হোল্ডাররা? প্রথম-বার মার্চ মাসে ৪২ লক্ষ টাকা দিয়েছে এবং সাদা বইতে দেখছি ২ কোটি ১০ লক্ষ টাকা—অর্থাৎ ১ বছরে এই ট্রামওয়ে কোম্পানীকে দিচ্ছে ধার হিসেবে ২ কোটি ৫২ লক্ষ টাকা। ফিরে পাবেন এর এক পয়সা? আমি জানতে চাই কি সর্তে এই ধার দেওয়া হয়েছে? কোন মর্টগেজ, কোন রোলিং স্টক মর্টগেজ করা হয়েছে কি? কিছুই জানি না অথচ দেখছি ২ কোটি ৫২ লক্ষ টাকা ১ বছরে একটা বিলেতী কোম্পানীকে এঁরা দেবেন।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** স্যার, আমি একটা বৈধতার প্রশ্ন উত্থাপন করছি। বিরোধী দলের নেতা ট্রামওয়ে কোম্পানী গ্রহণ করা সম্বন্ধে যে আইন এই বিধানসভায় গৃহীত হয়েছে তার উপর আলোচনা করছেন। আমাদের ৩২৮ নম্বর বিধির ৪ উপধারায় বলা হয়েছে

a member while speaking shall not reflect on any determination of the House except on a motion for resinding it.

ট্রামওয়ে কোম্পানীর সেই আইন যদি খারাপ হয়ে থাকে তাহলে সেই আইন বাতিল করে নূতন আইন নিয়ে এসে উনি আলোচনা করতে পারেন। কিন্তু যেটা গ্রহণ করা হয়েছে এই বিধান অনুযায়ী তার বিরুদ্ধে এরকম বলা অন্যায় বলে মনে হয়।

**মিঃ স্পীকারঃ**

Mr. Ray is right to deal with a subject which comes under the budget.

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, ২ কোটি ৫২ লক্ষ টাকা ট্রামওয়ে কোম্পানীকে ১ বছরে ধার দেওয়া হয়েছে। আমি বলব এই যে লস সেই লসকে চালাকী করে ধার হিসেবে দেখান হয়েছে এবং এটা বাংলাদেশের মানুষ কোনদিন ফিরে পাবে না। এছাড়া আছে ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেসন। মাননীয় স্পীকার মহাশয়, এক বছরে এই ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনকে কত দিতে হচ্ছে জানেন? ৮৪ লক্ষ টাকা দিয়েছে মার্চ মাসে এবং সাদা বইতে বলেছেন ২ কোটি ৪০ লক্ষ টাকা আরও দিতে হবে। অর্থাৎ দেখা যাচ্ছে ৩ কোটি ৪০ লক্ষ টাকা দিতে হবে এই ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনকে। তাহলে আমরা দেখতে পাচ্ছি শুধু কোলকাতার মানুষের ২ কোটি ৫২ লক্ষ টাকা ট্রামওয়ে কোম্পানীকে এবং ৩ কোটি ৪০ লক্ষ টাকা ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনকে দিতে হবে। কথা হচ্ছে কেন ট্রামওয়ে কোম্পানী থেকে লাভ হয় না? রাস্তায় যখন চলি তখন তো দেখি ট্রামে বসবার জায়গা নেই, বাস ভর্তি, বসবার জায়গা নেই। তাহলে কেন সেখান থেকে আয় হচ্ছে না? কেন সেখানে লোকসান হচ্ছে? কেন সরকারকে প্রায় ৬ কোটি টাকা এক বছরে এই দুটি সংস্থাকে দিতে হবে সেটা আমাদের জানা দরকার।

কারণ বাংলাদেশের যে বাজেট আমাদের সামনে উপস্থিত হয়েছে তাতে প্রায় ৬৮৯ কোটি টাকা খরচ করবেন এই বছর, তাতে সাড়ে তিপ্পান্ন কোটি টাকা যে ঘাটতি, সেই ব্যাকগ্রাউন্ডে এটা জানা দরকার বাংলাদেশকে অরাজকতার পথে নিয়ে যাচ্ছেন কিনা। কিভাবে খরচ করবেন, কন্টিজেন্সী ফান্ড, কনসোলিডেটেড ফান্ড, রেভিনিউ রিসিট এবং এক্সপেন্ডিচারে অনেক বেড়ে গেল, পাবলিক অ্যাকউন্টে সব খরচ করে দিলেন, এক পয়সাও রাখা হয় না, ধার এত হল, এত কোটি কোটি টাকা, কোন্ অবস্থায় আমরা যাচ্ছি? সেটা আমাদের জানা দরকার। এর উপর আমদের মুখ্যমন্ত্রীর অসুবিধা আমি বুঝি, অবস্থা বাংলাদেশের নিশ্চয়ই খারাপ। বর্তমান অর্থনৈতিক অবস্থায় আমাদের এমনভাবে ব্যবস্থা করতে হবে যাতে প্রকৃতপক্ষে সমস্যা সমাধানের পথে আমরা চলতে পারি। ১৮ লক্ষ মানুষ এখনও বেকার আছে, এটা জানা দরকার। এখানে শিল্প স্থাপন করতে হবে, ব্যবসা বাণিজ্য যাতে আরও বেশী হয়, প্রত্যেক অঞ্চলে যাতে ছোট বড় মাঝারী শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠে তার জন্য চেষ্টা করতে হবে। কিন্তু সেটা কখনো হতে পারে না, যদি বাংলাদেশে অরাজক অবস্থা চলে, আইন ও শৃংখলা বজায় না থাকে। আমরা চাই দেশে আইন ও শৃংখলা বজায় থাকুক, কিন্তু ও'রা তা চান না। যদি আজকে প্রত্যেকটি অঞ্চলে শিল্প প্রতিষ্ঠা হয় তাহলে বাংলাদেশের মানুষের সমস্যার সমাধানের পথ হয়, কিন্তু তা যদি হয় তাহলে আমার মার্কসবাদী বন্ধুরা লাল ঝাণ্ডা নিয়ে ইনক্লাব করে চলতে পারবেন না। তাই এ'রা বাংলাদেশের সমস্যার সমাধান চান না, বাংলাদেশের মানুষের দুঃখ-দারিদ্র্য লাঘব হোক এটা ত'ারা চান না, তাঁরা চান বাংলাদেশে অরাজকতা আসুক। তা না হলে কেন এই অবস্থা? আমি এখানে জানাতে চাই যে পাঁচটি ভিত্তির উপর গণতন্ত্র প্রতিষ্ঠিত, সেই পাঁচটির উপর আঘাত করা হয়েছে, ব্যক্তিগত স্বাধীনতার উপর আঘাত করা হয়েছে, সংবাদপত্রের স্বাধীনতার উপর আঘাত করা হয়েছে, মার্কসবাদী দল ছাড়া যতগুলি রাজনৈতিক দল আছে তাদের স্বাধীনতার উপর আঘাত করা হয়েছে, এমন কি আজকে আদালতের উপর..................................................

(ফ্রম গভর্নমেন্ট বেঞ্চঃ—মায়ের চেয়ে মাসীর দরদ বেশী)

আমি এটা জানি যে আমরা বক্তৃতার সময় মার্কসবাদী ভাইদের কাছ থেকে যদি চেঁচামিচি না হয় তাহলে বুঝতে হবে, আমার বক্তৃতা ঠিক হচ্ছে না। ও'রা যখন প্রতিবাদ করছেন, তখন এটাই বুঝতে হবে যে আমার বক্তৃতা ঠিক পথেই যাচ্ছে আমি সত্য কথাই বলছি। আমি ৪র্থ যেটা বলছিলাম সেটা হল আদালতের উপর পর্যন্ত এ'রা হস্তক্ষেপ করছেন, এবং পরিশেষে যেটা জরুরী ব্যাপার সেটা হল এ'রা বাংলা দেশ থেকে আইনের শাসন দূরীভূত করতে চান। আপনি দেখুন স্যার, কিভাবে ব্যক্তিগত স্বাধীনতা নষ্ট হচ্ছে। প্রায় ৬০ জনের বেশী রাজনৈতিক খুন হয়েছে, আট শতের বেশী লোক জখম হয়েছে, আর রাজনৈতিক হামলা হয়েছে আরও বেশী। (নয়েজঃ বাজে কথা) জ্যোতিবাবু পুলিশ মন্ত্রী হুকুম দিয়েছেন খুনী আসামী, ডাকাতির আসামী, মারপিটের আসামী, এদের বিরুদ্ধে যে মামলা আছে তা প্রত্যাহার করা হোক, প্রত্যেক জেলায়। আইনমন্ত্রী ওখানে বসে আছে, আমি তাঁকে জিজ্ঞাসা করি, এটা কি তাঁকে জিজ্ঞাসা করা হয়েছে? তাঁকে জিজ্ঞাসা করা হয়নি, কাশীকান্তবাবু যে প্রশ্ন করেছিলেন, তা থেকে বুঝা গেছে। বিচার বিভাগীয় মন্ত্রী জানতে পারেন নি, আর স্বরাষ্ট্র মন্ত্রী খুনের মামলা ডাকাতির মামলা তুলে নেবেন, কাজেই আইনের শাসন কোথায়? আমিও ছিলাম ৯-১০ মাস আইন মন্ত্রী, বিচার মন্ত্রীর অনুমতি ছাড়া এইসব করা চলত না। আমি জানি না আজকে কি হচ্ছে, কেন এই সব হচ্ছে। সংবাদপত্রের স্বাধীনতা হনন, পরিষ্কার দেখতে পেলাম আনন্দবাজার পত্রিকা, হিন্দুস্থান স্ট্যান্ডার্ড ও স্টেটসম্যান পত্রিকা অফিসের উপর আক্রমন হয়েছে।

[2-50—3 p.m.]

জ্যোতিবাবু বক্তৃতা দিলেন। বক্তৃতা দিয়ে কেবলমাত্র বললেন কী? আমি বড় অসুখী। অসুখী! নিন্দা করতে পারলেন না তিনি? তিনি বলতে পারলেন না যে আমি এর নিন্দা করছি? আমাকে তিনি ঠিক করে দিন। ঐ সংবাদপত্রের অফিসের সামনে যে হামলা হলো আজ পর্যন্ত এরকম আক্রমণ করা চলে না। আমি যতদূর জানি মুখ্যমন্ত্রী যদি মনে করে আমি ভুল বলছি, কি একজনকেও গ্রেপ্তার করা হয়েছে? ছবি বের করা হয়েছে। সেখানে পরিষ্কার ছবিতে দেখা যাচ্ছে দুর্বৃত্ত কারা। সেখানে পরিষ্কার দেখাচ্ছে ছবিতে কারা পেট্রোল লাগিয়ে আগুন দিতে

যাচ্ছে। ছবিতে টেন টাইমস মেগনিফাই করা যায় এবং যারা আসামী দুবৃত্ত তাদের আইডেনটিফাই করতে এক মুহূর্তও দেরী হয় না। কাউকে ধরা হচ্ছে? যখন একটা ক্রাইম কমিটেড হচ্ছে, সেই ছবি তোলা হয়েছে। সেই ক্রাইম কমিটেড করা হচ্ছে, সেই ছবি পাওয়া সত্বেও আজ পর্যন্ত একজন আসামীকেও গ্রেপ্তার করা হলো না! আর ও'রা চেঁচিয়ে উঠলেন—মার চেয়ে মাসীর দরদ বেশী! আপনারা বুঝি ভেবেছেন বাংলাদেশের মানুষ কেবল আপনাদেরই পাঠিয়েছেন প্রতিনিধি করে? আপনারা ভুলে যান শতকরা ২২টা ভোটও পান নি। মার্কসিস্ট কমিউনিস্ট এসেছেন, ২৮০ জন তো আসেন নাই—সে কথা আপনারা ভুলে যান। আর প্রত্যেকে যাঁরা এসেছেন তাঁরাও জনসমর্থন নিয়ে এসেছেন। এখানে এসে আপনারা ভুলে যান যে, ভারতের সংবিধানে এই অধিকার দেওয়া আছে প্রত্যেক রাজনৈতিক দলকে উঠে দাঁড়িয়ে বলবার জন্য। আমি একশোবার বলবো। কমিউনিস্ট পার্টির সরোজবাবু কি যেন বলতে যাচ্ছিলেন—তাঁকে আমি উত্তর দেব তাঁদেরই নেতা ডাঙ্গে সাহেবের বক্তৃতা থেকে। একটু ধৈর্য ধারণ করুন—পরে তাঁর কথা বলবো। তাই কথা হচ্ছে আপনারা একবার হিসেব করে দেখুন তো! কংগ্রেসকে ছেড়ে দিন, কংগ্রেস তো আপনাদের শত্রু। আপনারা কংগ্রেসকে তো দেখে নেবেন, কংগ্রেসকে মারধোর করবেন, আপনাদের গোর্খা লীগ, ফরওয়ার্ড ব্লক, এস ইউ সি, আর এস পি ইত্যাদি যতগুলি দল আছে তাদের বিরুদ্ধে আপনারা কতবার হামলা করেছেন। কতবার তাদের সঙ্গে মারামারি করেছেন—লজ্জা পাবেন না, আমার কাছে তার সব হিসেব আছে। আপনার মার্কসিস্ট কমিউনিস্টরা আগামী ১৯৭২ সালের ভেতর যতটা পারি ক্ষমতা দখল করি—যুক্তফ্রন্ট সরকারকে ভেঙ্গে পার্লামেন্টারী নির্বাচন যখন হবে তখন আবার মধ্যবর্তী নির্বাচনের চেষ্টা করবেন। ১৯৭২ সালে একলা মার্কসিস্ট কমিউনিষ্টরা ঐ নির্বাচনের চেষ্টা করবেন—এ খবর আমরা পেয়েছি। আপনারা কংগ্রেসের চক্রান্তের কথা বলেন, কংগ্রেস কোন চক্রান্ত করে আপনাদের সরাবেন। বরং কংগ্রেস চক্রান্ত করবে আপনারা যাতে গদিতে থাকেন। আপনারা দৈনিক দেড় কোটি টাকা জনসাধারণের জন্য খরচ করছেন। আমরা দড়ি দিয়ে বেঁধে আপনাদের ঐ গদিতে বসিয়ে রাখবো এবং বাংলাদেশের জনসাধারণকে দেখাবো কিভাবে আপনারা কোটি কোটি টাকা খরচ করে বাংলাদেশের সমস্যার সমাধান করছেন। আপনাদের আমরা পালিয়ে যেতে দেব না।

তারপর মাননীয় স্পীকার মহাশয়, আদালতের স্বাধীনতার উপর মার্কসবাদী কমিউনিস্টরা আক্রমণ করছেন। একজন ভদ্রলোক তিনি এক বিবৃতিতে বলেন যে, আইন আদালত সম্পর্কে তিনি বলেন যে, "আদালত জনসাধারণের কাছে ন্যায়দণ্ডের হর্তাকর্তা বলে পরিচিত ছিল। সেই আদালত আজ জোতদার ও শিল্পপতিদের রক্ষক হিসাবে এগিয়ে আসছেন। আদালত শাসক শ্রেণীর হয়ে জনগণের বিরুদ্ধে কাপালিকের ভূমিকা পালন করতে উদ্যত। তিনি বলেন যে, শ্রেণী সংগ্রাম যতই তীব্র হবে আইন আদালতের মুখোশও তত খুলে পড়বে।" আদালতের উপর পরিষ্কার আক্রমণ, তার স্বাধীনতার উপর পরিষ্কার আক্রমণ। বক্তা কে এবং কোন কাগজ থেকে পড়ছি জানতে চাইছেন? তাহলে শুনুন, 'গণশক্তি কাগজ আর বক্তা হচ্ছেন শ্রীপ্রমোদ দাশগুপ্ত, আপনাদের দলের সম্পাদক। এই আদালতের উপর আক্রমণ এটা আপনাদের একটা বিরাট পরিকল্পনার অংশ। সংবাদপত্রের উপর আক্রমণ, অন্যান্য রাজনৈতিক দলের উপর আক্রমণ, আদালতের উপর আক্রমণ, ব্যক্তি স্বাধীনতার উপর আক্রমণ এটাই তো আপনাদের নীতি, আপনারা স্বীকার করছেন না কেন? আপনারা যে নীতি অনুসরণ করছেন তাতে এইসব লেখা আছে, আমরাও কিছু পড়াশোনা করেছি, প্রত্যেক দেশেই তাই করেছেন, এখন বাংলাদেশে সেটা করবার জন্য আপনারা উদ্যত। কিন্তু সুখের বিষয় আপনাদের মতলব জেনে গিয়েছি। ১৯৭২ সালে পালিয়ে গিয়ে যে নতুন নির্বাচন করবেন সেটা হতে দেব না, আপনাদের থাকতে হবে। মাননীয় স্পীকার মহাশয়, সরকারী কর্মচারীদের এ'রা ক্ষেপিয়ে ভুল পথে নিয়ে যাবার চেষ্টা করছেন। সরকারী কর্মচারীদের সম্বন্ধে আমি এই কথাই বলব যে, তাঁদের ভুল পথে নিয়ে যাবার চেষ্টা হচ্ছে। স্যার, আমি বুঝতাম যদি সরকারী কর্মচারীদের সম্বন্ধে বৈপ্লবিক ব্যবস্থা হত। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানেন যে, আমি যখন এক কালে কংগ্রেসের মন্ত্রী ছিলাম, তখন তিনিও মন্ত্রী ছিলেন, প্রধান যে কারণে পদত্যাগ করেছিলাম সেটা হচ্ছে সরকারী কর্মচারীদের সম্বন্ধে। তখন কতকগুলি প্রস্তাব দেওয়া হয়েছিল, আমি সেগুলি আবার রাখতে চাই। ডি এ বাড়িয়ে কিছু হবে না। অন্যান্য সমাজতান্ত্রিক দেশে যেরকম আছে সেরকম প্রত্যেক সরকারী কর্মচারীকে

একটা করে কার্ড দিয়ে দিন, সেই আইডেনটিটি কার্ড দেখিয়ে তাঁরা যাতে নিত্য ব্যবহার্য দ্রব্য সস্তায় পেতে পারে তার ব্যবস্থা করুন। আর তাতে যে লোকসান হবে সরকারকে সেটা বহন করতে হবে, সেটা অন্যান্য সমাজতান্ত্রিক দেশে আছে, এমন কি ইংল্যান্ডেও আছে, আপনারা সে ব্যবস্থা করুন। যদি কোন সরকারী কর্মচারীকে মেডিক্যাল সার্টিফিকেট দেয়—তাঁর যদি শরীর খারাপ হয়, খুব অসুস্থ হয়, যদি সরকারী ডাক্তার মেডিক্যাল সার্টিফিকেট দেন এই বলে যে তাঁর শরীর খুব খারাপ, তাঁর চেঞ্জে যাওয়া দরকার তাহলে সেই ব্যয়ও সরকারকে বহন করতে হবে। এগুলি করতে পারলেই বৈপ্লবিক হবে, শুধু ডি এ দিয়ে কোন বৈপ্লবিক জিনিস হবে না। তা ছাড়া মাননীয় স্পীকার মহাশয়, এঁদের ভুল পথে নিয়ে যাবার জন্য পে কমিশনের কথা বলা হয়েছে। এই পে কমিশনের রিপোর্ট কবে বেরুবে সেটা আমিও জানতে চাই। স্যার, আমি সরকারী কর্মচারীদের পক্ষ থেকে এই দাবী করছি যে আপনারা পরিষ্কার ভাবে বলুন যে পে কমিশনের রিপোর্ট কবে বেরুবে, এটা তাঁদের জানা দরকার। এর সঙ্গে আমি আবার অনুরোধ জানাবো যে সরকারী কর্মচারীদের সম্বন্ধে একটা বৈপ্লবিক পথে চলুন, ঐ মামুলি জিনিস ৯-১০ টাকা ডি এ বাড়িয়ে কিছু হবে না। আপনাদের এমন ব্যবস্থা করতে হবে যাতে প্রকৃতপক্ষে তাঁদের সাহায্য হয়। স্যার, এখন হচ্ছে কি না, একজন সরকারী কর্মচারী যাঁকে ১৫ জন পরিবার-বর্গকে বহন করতে হয় যা ডি এ পাবে একজন অবিবাহিত, যাঁর একটাও ডিপেনডেন্ট নেই, সেও সেটা পাবে। এটা পুরানো জিনিস, এটা আবহমানকাল ধরে চলে আসছে, এরকম চলতে পারে না, এতে বৈপ্লবিক কিছু নেই। বিপ্লব যদি করতে চান—সামাজিক বিপ্লব, সেটা নিশ্চয় আমরা সমর্থন করবো। নতুন চিন্তাধারা নিয়ে আপনারা মানুষের সমস্যার সমাধানের চেষ্টা করুন আমাদের সমর্থন পাবেন। কিন্তু এরকম ভাবে চললে হবে না। এই মার্কসবাদী বন্ধুরা হতে দেবেন না। ১৮ লক্ষ মানুষ যেখানে বেকার তাঁরা তো কোন জিনিস করতে দেবেন না। শ্রীসুশীল ধাড়া মহাশয় বলছেন ফ্লাইট অফ ক্যাপিটাল হচ্ছে, অন্যান্য মন্ত্রীরা মার্কসবাদী কমিউনিস্ট মন্ত্রীরা বলছেন যে, না হয় নি।

[3—3-25 p.m. including adjournment]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাংলাদেশে এপ্রিল ১৯৬৮ থেকে এপ্রিল ১৯৬৯ সাল পর্যন্ত কতকগুলি শিল্প কত উৎপাদন হয়েছে তার পরিসংখ্যান আমি সংগ্রহ করেছি অনেকের কাছ থেকে। যতীনবাবুর ইউনিয়নের অনেক বন্ধু, তারা অবশ্য সরকারীভাবে আমার কাছে আসে নি, জোর করে যাদের মাঠে নিয়ে যায়, তারা এসে আমার কাছে দিয়ে গেছেন। তারা আমার কাছে এসে বলে, সিদ্ধার্থবাবু এগুলি জোর করে বলুন—বাংলাদেশকে সর্বনাশের পথে নিয়ে যাচ্ছে। আমি তাই জোর করে এটা হাউসের সামনে রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অটোমোবাইল ইন্ডাস্ট্রিতে এপ্রিল ১৯৬৮ সালে ১ হাজার ৩৭৫টি গাড়ি হয়েছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এমন পরিসংখ্যান দিচ্ছি যেটার ভুল বের করতে এক মিনিট যাবে। আমি ইন্ডাস্ট্রির নাম দিয়ে দিচ্ছি এবং টোট্যাল প্রোডাকসান সেই ইন্ডাস্ট্রিতে কত হয়েছে সেটা বলে দিচ্ছি। যেমন অটোমোবাইল ইন্ডাস্ট্রিতে মটর কার এপ্রিল ১৯৬৮ সালে যেখানে ১ হাজার ৩৭৫টি হয়েছিল এপ্রিল ১৯৬৯ সালে সেখানে ১ হাজার ২৭৫টি হয়েছে। তাহলে এখানে ফল ইন প্রোডাকসান হচ্ছে ৭·৩ পার্সেন্ট। সেইরকম সিল্ক ম্যানুফ্যাকচারিং যেখানে ২,২৫,২৫০,০০ মিটারস এপ্রিল ১৯৬৮ সালে হয়েছিল, সেখানে এপ্রিল ১৯৬৯ সালে ১,৯৮,০৭৫,০০ হয়েছে অর্থাৎ ১২·১ পার্সেন্ট লস অব প্রোডাকসান হয়েছে। সেইরকম কটন টেক্সটাইল উইভিং-এ ২৯·১৪ পার্সেন্ট, কটন স্পিনিং-এ ৩৯·৭ পার্সেন্ট, পটারিজ ২৩·১ পার্সেন্ট, সিগারেট ৬·৫ পার্সেন্ট সোয়িং মেশিনে ২৫·১ পার্সেন্ট, ইলেকট্রিক ফ্যানে ৩·৯ পার্সেন্ট, টেক্সটাইল মেশিনারিতে ২৬·৫ পার্সেন্ট স্টীলে ১৫·১৮ পার্সেন্ট। এই যে লস অব প্রোডাকসান হয়েছে এপ্রিল ১৯৬৮ সাল থেকে এপ্রিল ১৯৬৯ সাল পর্যন্ত, ও'রা এটা কেউ স্বীকার করবেন না। ও'রা তাই চান যে বাংলাদেশ সর্বনাশের পথে যাক। আমি সরকারের কাছে চ্যালেঞ্জ করছি যে আপনারা এটা অনুসন্ধান করে দেখুন। আমি যে ফিগারগুলি দিয়েছি তার জন্য একটা নিরপেক্ষ তদন্ত কমিশন নিযুক্ত করুন।

**শ্রীযতীন চক্রবর্তী:** আপনি কোন ইয়ারের ফিগার দিলেন।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** আমি এপ্রিল ১৯৬৮ সাল থেকে এপ্রিল ১৯৬৯ সালের ফিগার দিলাম।

**শ্রীযতীন চক্রবর্তীঃ** এপ্রিল ১৯৬৮ সাল থেকে এপ্রিল ১৯৬৯ সালে আমরা কি ছিলাম? আমরা তো ১৯৬৯ সালের ফেব্রুয়ারীতে এসেছি।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** আপনারা আসা মাত্রই কমে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য খুব সোজা। এপ্রিল ১৯৬৮ সালে বাংলাদেশে যে উৎপাদন হয়েছিল, এপ্রিল ১৯৬৯ সালে যখন যতীনবাবু মন্ত্রী হলেন, তখন সেই উৎপাদনের হার কমে গেছে। আমি চ্যালেঞ্জ করছি এই সরকার যদি আমার ফিগারের প্রতিবাদ করতে চান তাহলে একটা ইন্ডিপেনডেন্ট এনকোয়ারী কমিশন, আন্ডার দি এনকোয়ারী কমিশন অ্যাক্ট বসান। হাইকোর্টের জাজের দরকার নেই, যাকে খুশী নিয়োগ করুন, সেখানে পরিষ্কার প্রমান হয়ে যাবে যে আমি যে কথা বলছি তা সত্য। এখানে চেঁচামেচি করে প্রতিবাদ করে কোন লাভ নেই, এটা জনসভা নয়, এটা বিধান-সভা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভায় আমি বক্তৃতা দিচ্ছি। তাই সম্পূর্ণ দায়িত্ব নিয়ে আমি এখানে বক্তৃতা দিচ্ছি। আপনাদের রাজত্বকালে বাংলাদেশে উৎপাদনের হার কমে গেছে, এর যদি প্রতিবাদ করতে চান তাহলে একটা ইন্ডিপেনডেন্ট এনকোয়ারী কমিশন বসান, তা থেকে সমস্ত বেরিয়ে যাবে এবং প্রকৃত কি অবস্থা সকলে জানতে পারবে। তার জন্য চেঁচামেচি করার দরকার নেই। তার জন্য মারপিঠ করবার দরকার নেই। আপনাদের মার্কসিস্ট কমিউনিস্ট পার্টি কি বলছেন। যাঁরা কনস্টিটিউশনের মাধ্যমে, সংবিধানের মাধ্যমে ঢুকেছেন মন্ত্রীসভায়, তাঁরা বলছেন সংবিধান ভেঙ্গে দেবার জন্য। আমি একজন ভদ্রলোকের কথা বলছি, যিনি এই নিয়ে বক্তৃতা দিয়েছেন, তিনি বলেছেন ই এম এস নাম্বুদ্রিপাদ যদি সংবিধান ভাঙ্গতে চান তাহলে প্রথমে তাঁকে পদত্যাগ করতে হবে, তারপর সংবিধান ভাঙ্গবার কথা হবে। কেন না তিনি সংবিধান অনুসারে কেরলের মুখ্যমন্ত্রী হয়েছেন এবং জ্যোতি বাসু পশ্চিমবাংলার পুলিশ মন্ত্রী হয়েছেন, এই ভদ্রলোক বলেছেন, যদি সংবিধান ভাঙ্গতে হয় তাহলে আগে পদত্যাগ করতে হবে, এটা আমার বক্তব্য নয়, বক্তা হচ্ছেন এস ডাঙ্গে ঐ কমিউনিস্ট পার্টির নেতা, তাঁর উপদেশ আপনা-দের কাছে, এটা আমার বক্তব্য নয়। মাননীয় উপ-মুখ্যমন্ত্রী মহাশয় এখন এখানে নেই, প্রকৃত পক্ষে তাঁর কাছে আমি পাঁচ ছয়টি প্রশ্ন রাখতে চাই, আশা করি তিনি উত্তর দেবেন। আমি মুখ্যমন্ত্রীকে করতে চাচ্ছি না, এই প্রশ্নগুলো আমি জ্যোতিবাবুর কাছেই করতে চাই কারণ তিনি ও'দের নেতা, এই আশিজন যাঁরা বরাবর চেঁচান। মাননীয় স্পীকার মহাশয়, দুটি সংবাদ-পত্রের অফিসে যে হামলা হলো তাতে জ্যোতিবাবু বলেছেন যে তিনি অসুখী, তিনি কি সে হামলার নিন্দা করতে প্রস্তুত আছেন এবং যারা প্রকৃত দোষী তাদের গ্রেপ্তার করার আদেশ তিনি দেবেন কি, এটা হচ্ছে প্রথম প্রশ্ন। আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে যে, প্রমোদবাবু যে আদালতকে অবমাননা করে যেসমস্ত বিবৃতি দিয়েছেন, আমি একটু আগে যেটা পাঠ করে শোনালাম, সেই বিবৃতি কি জ্যোতিবাবু সমর্থন করছেন? মুখ্যমন্ত্রী কি সেই বিবৃতি সমর্থন করছেন? এই সরকার কি সে বিবৃতি সমর্থন করছেন। এই নীতি কি সমর্থন করেন যে এই আইনের শাসন ব্যতীত কোন জমিদারের জমি বা ভেড়ী বলপূর্বক বেদখল কি জ্যোতিবাবু সমর্থন করেন, এটা জানা দরকার। মুখ্যমন্ত্রী কি এটা সমর্থন করেন? চতুর্থ প্রশ্ন আমার হচ্ছে যে, প্রত্যেক রাজ-নৈতিক দলের গণতান্ত্রিক মত, তাদের মতামত প্রকাশের অধিকার সংরক্ষিত করা হবে, এই প্রতিশ্রুতি কি জ্যোতিবাবু দেবেন? আমার পাঁচ নং প্রশ্ন হচ্ছে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি কি এই প্রশ্নের জবাব দেবেন যে, তাঁরা গণতন্ত্রে বিশ্বাসী এবং তাঁরা কি বলবেন যে তাঁরা চিরকাল সংসদীয় গণতন্ত্র বজায় রাখার চেষ্টা করবেন এবং সেটা চিরকাল বজায় থাকবে? এই প্রশ্নের জবাব পাওয়া দরকার। কারণ এই পাঁচটি প্রশ্নের উত্তরের উপর নির্ভর করছে বাংলাদেশের ভবিষ্যত। আইনের শাসনের নামে যাঁরা রাইটার্স বিল্ডিংসে ঢুকেছেন, তাঁরা প্রকৃতপক্ষে বাংলাদেশকে জঙ্গলের আইনের রাজত্বে পরিণত করছেন। এই জঙ্গল আইনের বিরুদ্ধে আমরা নিশ্চয়ই রুখে দাঁড়াবো। এই প্রশ্নের উত্তর চাইব জ্যোতিবাবুর কাছ থেকে। আশা করি ধীর স্থির মস্তিষ্কে না রেগে না চটে আমাদের উত্তর দেবেন। তার কথা মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির

নীচের লোকেরা শুনছে কি শুনছে না, জানি না, আমি শুধু বলব তিনি কি মনে করেন, তাঁর এই প্রশ্নের উত্তর দেওয়া দরকার। লেডি উইন্ডারমেয়রজ ফ্যানএ যে প্লে অস্কার ওয়াইল্ডের আছে তাতে পড়েছি

You have lost your figure, you have lost your character, on Tuppy, don't lose your temper, you have only one.

আমি জ্যোতিবাবুকে বলি

You may have lost authority, you may have even lost your support but, Mr. Jyoti Basu, please do not lose your temper because you have only one.

এই টেম্পার লুজ না করে তিনি এই প্রশ্নের উত্তর দিন। আমি জানতে চাই বাংলাদেশ কিভাবে বাঁচবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে ধন্যবাদ দিচ্ছি, লালবাতি জ্বালেন নি বলে। যদি লালবাতি জ্বালাতেন তাহলে লালবাতি জ্বালার সঙ্গে সঙ্গে আমি বলতাম, বাংলাদেশের কপালে আজ লালবাতি, আর আপনিও লালবাতি জ্বালালেন।

(At this stage the House was adjourned for 15 minutes).

[3-25—3-35 p.m.]

(After adjournment)

**শ্রীমহম্মদ খোদা বক্সঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রি বিধানসভায় যে বাজেট পেশ করেছেন, তা আমি সর্বান্তকরণে সমর্থন করি। এইজন্য করি যে, এই বাজেটের প্রথম পদক্ষেপেই যারা দুঃস্থ, যারা গরীব তাদের ১ বিঘা করে জমির খাজনা মকুব করা হয়েছে। এই টাকাটা বিশেষ কিছু নয়। কিন্তু তাদের মধ্যে সাহস দেওয়া হয়েছে, যার ফলে কৃষির উন্নতি হবে এবং তারা এজন্য চেষ্টা করবে। যার জন্য আমেরিকার পি এল ৪৮০-রঅর দরকার হবে না। যার জন্য আমাদের দেশের লোক মনে করছে যে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হতে হবে। আরও এইজন্য সমর্থন করছি যে, যারা দুঃস্থ যাদের ভিটে বাড়ী নেই তাদের পাঁচ কাঠা করে জমি বিনামূল্যে দেওয়া হবে। এটা অত্যন্ত প্রশংসার কাজ। এ ছাড়া, সরকারী কর্মচারীরা যারা আজকে আকাশ ছোঁয়া দুর্মূল্যের বাজারের জন্য সংসার চালাতে হিমসিম খেয়ে যাচ্ছেন, তদের মহার্ঘ ভাতা কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের মহার্ঘ ভাতার সমান করে দেওয়া হয়েছে। এই রকম নানাবিধ ভাল কাজ করা হচ্ছে। শিকারী বিড়ালের গোঁপ দেখলে চেনা যায়। কাজেই, এই সরকার যে সমস্ত দেশের মঙ্গল করবে তা বোঝা যাচ্ছে। এখন অনেকে বলবেন স্বাধীনতার পর অনেক উন্নতি হয়েছে বা হচ্ছে। কিন্তু গ্রাম বাংলার দিকে দেখলে আমরা তার কোন লক্ষণ দেখতে পাই না। ২০ বছর স্বাধীনতা লাভের পরও সেখানে শতকরা ৮০।৯০ জন নিরক্ষর। শিক্ষার ব্যবস্থা অত্যন্ত অপ্রতুল, সুব্যবস্থার খুবই অভাব।

সেখানে মানুষ অতিষ্ঠ হয়ে যাচ্ছে। সেখানে রাস্তাঘাট অত্যন্ত দুর্গম, একেবারে চলার অযোগ্য, নানা রকম অসুবিধা—শিক্ষা, স্বাস্থ্যের কোন ব্যবস্থা নেই। সেখানে ডাক্তার-বদ্যি অভাব, ঔষধ মেলে না। এইসব নানা রকম অব্যবস্থার জন্য গ্রাম-পল্লীর লোক মরণের পথে এগিয়ে যাচ্ছে। দীর্ঘ ২০ বৎসর যাদের হাতে শাসন ব্যবস্থা ছিল তাদেব অযোগ্যতা এটার প্রমাণ হয়েছে। এই ২০ বৎসর পর্যন্ত দেশের যারা সাধারণ লোক, শতকরা ৮০ ভাগ, তারা লাখ লাখ দূরে গ্রামে পড়ে আছে, শহর থেকে তাদের জন্য কোন চিন্তা করা হয় নি। যুক্তফ্রন্ট সরকার মাত্র ৪ মাস শাসনভার হাতে নিয়েছে এখনই বলবার সময় আসে নি, কিন্তু এই ২০ বৎসর শাসনযন্ত্রে এখন মরচে পড়ে গেছে যে, সেই শাসনযন্ত্রকে কাজে লাগান খুবই কণ্টকর, হয়ত একেবারেই অসম্ভব। সেজন্য আমি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রিমহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ করবো যে সতর্ক দৃষ্টি রাখুন। যে সাড়ে তিপ্পান্ন কোটি টাকা ঘাটতি বাজেট হয়েছে, তা বাংলাদেশের লোক পূরণ করবে কিন্তু সর্বদিকে নজর রেখে দৃষ্টিভঙ্গী দেন তাহলে বাংলাদেশের মঙ্গল হবে। গত বৎসর প্রবল বন্যায় দেশে খুব কষ্টকর অবস্থা গেছে, কিন্তু আমি এ বিষয় জানাবার জন্য ত্রাণমন্ত্রীর কাছে গিয়েছিলাম এবং আশ্বাসও পেয়েছিলাম, কিন্তু সেখানে

সরকারী দুয়ারে ঘুরেছি কিন্তু এখনও পর্যন্ত সেখানে সাহায্য যায় নি। যে সমস্ত খাল, বিল তার আউটলেট মজে গিয়ে সমস্ত বন্যার কারণ হয়। এই খাল কাটার জন্য, এই বিলের সংস্কারের জন্য আমি ইরিগেশন মন্ত্রীর কাছে গিয়েছিলাম, তিনি অবশ্য একথা সহানুভূতির সংগে লক্ষ্য করেছেন বটে কিন্তু সেই হাজার হাজার লোক যেখানে কষ্ট পাচ্ছে, তাদের জন্য কবে ব্যবস্থা হবে, কি ব্যবস্থা হবে, সেখানকার লোক এবং আমি কিছু বুঝতে পারছি না। আমি সেজন্য বলব যে, এর মূল কারণ হচ্ছে যমুনা নদী সংস্কার। নদীয়া ও ২৪-পরগণার মধ্যে ৫টি থানা দিয়ে যে যমুনা নদী গেছে, এই যমুনা নদী সংস্কার করা হয়—কারণ, চারিদিকে বিল, খাল যমুনা নদীর শাখা হিসাবে যমুনা নদীতে গিয়ে পড়েছে। কাজেই, এই যমুনা নদীকে যদি সংস্কার করা হয় তাহলে লক্ষ লক্ষ লোকের উপকার হবে এবং অধিক ফলনও সেখান থেকে পাওয়া যাবে। এই বিষয়ে আমি আপনার মারফৎ সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো এবং ইরিগেশন বাবদে যে সমস্ত স্যালো টিউবওয়েল দেওয়া হয়েছে সেই সমস্ত স্যালো টিউবওয়েল-তে যদি বিদ্যুৎ সরবরাহ করা যায় তাহলে খরচ অনেক বাঁচবে। কৃষকরা কৃষি কার্য করতে অনেক সাহস পাবে, উৎসাহ পাবে। আমি একথা বলবো যে সেখানে ডিপ টিউবওয়েল-এ বিদ্যুৎ সববরাহ গেছে সেখান থেকে স্যালো টিউবওয়েল-এ বিদ্যুৎ দেওয়া অতি সহজ। এক্ষেত্রে আমি বর্ধমান জেলার কয়েকটি জায়গা যেখানে ক্যানাল এরিয়া, সেখানে জল যায় না, সেই সমস্ত জায়গায় যদিও বাঁধ মেরামত হয়েছে কিন্তু মেরামতের পর দেখা যায়, বর্তমানে আবার সেই বাঁধ জলে প্রায় ভেংগে গেছে এবং এতে ঠিকাদারদের অসুবিধা হচ্ছে। এই বাঁধগুলি ভেংগে যাওয়ার কারণ হচ্ছে যে, বাঁধগুলিকে ভাল করে মেরামত করা হয় না। গলসি থানায় নূতন যে ক্যানেল কাটা হয়েছে, এই স্থানে পাইপগুলি দেবার কথা আছে। বুদবুদ থানার মধ্যে দিয়ে যে ক্যানেল গেছে সেখানে লিফট ইরিগেশন-এর দরকার। কিন্তু বর্ধমান সেচ দপ্তরে নাকি এই পাম্প মেসিন-এর ব্যবস্থা নেই। সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় যদি ঐ সমস্ত ব্যবস্থা করেন তাহলে সেই অঞ্চলের খুব উপকার করা হবে।

[3-35—3-45 p.m.]

এক্ষেত্রে আমি বলতে চাই যে, আমাদের দুস্থ গরীব অঞ্চলের যে সমস্ত অভাব অভিযোগ এখনও কৃষি ঋণ সব জায়গায় পৌছায় নি—শ্রাবণ মাস আসতে চললো, কৃষকের ঘরে ঋণ এর মধ্যে যাওয়া উচিত ছিল, কিন্তু এখনও ঋণ যায় নি। ক্যাটল পার্চেজ লোন এত অল্প যে তাতে কোন কাজ হয় না। আমি অধ্যক্ষ মহাশয়ের মারফৎ সংশ্লিষ্ট মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যাতে তাড়াতাড়ি যায় এবং কৃষকেব হাতে পৌছায় তার ব্যবস্থা করবেন। তারপর বলা হয়েছিল কো-অপারেটিভের যারা টাকা পরিশোধ করবে তাদের ঋণ দেওয়া হবে, পরিশোধ না করলে ঋণ পাবে না, কিন্তু এ রকম বহু জায়গা আছে যেখানে টাকা পরিশোধ করা সত্ত্বেও ঋণ পাচ্ছে না। এই অবস্থায় কৃষি-বাংলার এমন অবস্থা হয়েছে যে ভবিষ্যতে যে চাষের কাজ তারা করবে কোন দিক দিয়ে, তারা ফাইন্যান্স যোগাড় করতে পারছে না। সুতরাং আমি অধ্যক্ষ মহাশয়ের মারফৎ অনুরোধ করব তাড়াতাড়ি এই ঋণ যাতে ব্লকের মারফৎ পৌছায় তার ব্যবস্থা করবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅক্ষয় বর্মণ:** মিঃ স্পীকার স্যার, যুক্তফ্রন্ট সরকারেব এই দেউলিয়া বাজেটের বিরুদ্ধে বলতে গিয়ে প্রথমেই আমাকে বলতে হচ্ছে যে এই বাজেট অপরিণামদর্শিতার এক চরম পরিণতি কারণ বাজেটে ঘাটতি ৫৩ কোটি টাকার উপর হয়েছে। এই বাজেট পাশ করানো হচ্ছে অনেক দেরীতে এবং আর্থিক বছর শেষ হবার মাত্র সাড়ে সাত মাসের মত আছে। এর মধ্যে সমস্ত কাজ আমাদের করতে হবে এই বছরের এবং দেখা যাচ্ছে এই যে ৫৩ কোটি টাকা ঘাটতি বাজেট হল—অবশ্য মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী এর ৪টা উপায় বাৎলে দিয়েছেন যে এই ৪টা উপায়ে ঘাটতি বহুলাংশে কমিয়ে ফেলা যেতে পারে এবং এই ৪টার মধ্যে ৩টিতে কেন্দ্রীয় সহায়তার কথা বলেছেন এবং আরো দুটো বলেছেন এবং করের কথাও তিনি বলেছেন কিন্তু আমার মনে হয় শেষ পর্যন্ত হয়ত আমাদের ঐ কর নির্ধারণের উপর নির্ভর করতে হবে।

অন্যান্য যে ৩টি ব্যবস্থার কথা বলা হয়েছে সেই তিনটি ব্যবস্থায় আমাদের আশা যদি ফলপ্রসূ না হয় তাহলে আমার তো মনে হচ্ছে শেষ পর্যন্ত কর নির্ধারণের উপর সম্পূর্ণভাবে আমাদের নির্ভর করতে হবে এবং এই করের সম্পর্কে অমাদের মননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী বলেছেন —তিনি নিজেই স্বীকার করেছেন যে ভরতবর্ষের মধ্যে বাংলাদেশে সর্বোচ্চ করের হার, একথা জেনেও তিনি কেন বাংলাদেশে কর বৃদ্ধি করার প্রস্তাব করেছেন জানি না। পরে হয়ত দেখা যাবে যে করের উপর আমাদের নির্ভর করতে হবে—৫৩ কোটি টাকা অবশ্য পূরণ হবে না, বহলাংশে কমে যাবে তিনি এই আশা পোষণ করছেন কিন্তু আমার মনে যে এই ৩টি ব্যবস্থার উপর আমাদের নির্ভর করলে চলবে না, করের উপর আমাদের নির্ভর করতে হবে। কাজেই আমার বিশেষ অনুরোধ মুখ্যমন্ত্রীর কাছে যে এই কর বসাতে গিয়ে সাধারণ গরীব মানুষ যাতে এই কর ব্যবস্থার মধ্যে না পড়ে এদিকে তিনি যেন একটু দৃষ্টি রাখেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Clifford Hicks :** Mr. Speaker Sir, the budget that is before this House has in it difficulties of all kinds. But this budget with all its difficulties has to be accepted, supported and endorsed, I believe, by all men of goodwill. We are deeply concerned about those people who have no where to lay their heads, nothing to call their own. We are attempting, in this budget, to give to the life of West Bengal a new direction and to introduce, if possible, a new set of values into public life This budget is no clever arrangement of statistics nor is it an adjustment of figures very cleverly worked out by balance sheet experts to hide the nakedness of the land. This budget is West Bengal and it is West Bengal's cry for help—a cry that each one of us must hear and to which all of us including the Congress Party should respond.

We live in an world that is financially and economically too complicated and we are too inter-dependent and too inter-related to look upon the budget as society looks upon an orphan child. A slight charge in the price of gold or in the production of oil or tidal waves. The budget, therefore, does not come into existence in society in the manner in which an orphan child appears without a known parentage and a known ancestry. In this sense I give it to you that this budget is perhaps not actually the budget of the honourable Ajoy Kumar Mukherjee. In this sense I give it to you that this budget is not actually the budget of the U. F. Government but is the legacy given to West Bengal by 20 years of what is called Congress administration, the Congress service to the public, Congress welfare schemes to us, the people of India. We of the U.F. have hardly been in power for six months. Yet we have been blamed for every conceivable problem under the sun. Sir, if a rule of barely six months is sufficient to make us blame-worthy then surely logic at least requires that a rule of 20 years is more than sufficient to make another party to be also blame-worthy. The U.F. Government, Sir, I venture to suggest has almost willy-nilly been made the Executor of a Bankrupt's Estates. In this budget, Sir, are serious financial problems that belong to the area of "Centre-State relations" but here we of the U.F. Government are constantly told that we must not be so critical of the Centre. The Finance Minister of the last Congress Government of West Bengal, on the 19th February, 1964 said on the floor of the House, "It may not however be possible for us to find resources that would be necessary if the present pattern of financing the plan between the Centre and the States is maintained". This is the complaint of a Congress Minister in as recent as 1964 but we of the U.F. are not supposed to complain. We have seen congress' financial administration at the Centre bad, in our State worse and in the Corporation of Calcutta worst of all. The story is the same—never enough money in spite of enormous quantities of foreign aid, heavy taxation of the people of India, and manipulations of the Income Tax Act, and nationalisation of this and that including Life Insurance.

**[3-45—3-55 p.m.]**

The process continues till we have almost a garden of Eden scene. In the Centre we have a lady Prime Minister and a gentleman Finance Minister looking together longingly at the forbidden fruit of bank nationalisation. What will be left after this? Will it be fire next time? Again, Mr. Speaker, Sir, we are being ridiculed for not fulfilling election promises. When the Congress throws this at us we can hardly believe that they are serious. Does the Congress Party really want any research done into the history of promises that were never fulfilled? May I just read one of them? On the 28th February, 1964, on the floor of this House the Finance Minister of the last Congress Government, Mr. Saila Kumar Mukherjee, said—"I can assure you, Sir, with the full concurrence of our Chief Minister that in the next seven years, i.e. up to the Fourth Five-Year Plan period there will be complete eradication of unemployment in West Bengal." He saved himself by putting a proviso : Provided there were no strikes for the next seven years.

We are criticised for our differences. We, Sir, make no secret of the fact that we are different parties, sometimes very different and we regret our differences. But, Sir, what are you to make of a party, one party, one committee of one party that has taken weeks to agree even on a candidate for the Presidentship of India, that matter is still undecided. The President of France holds great power and responsibility. Yet while the people and the Parliament of France were able to decide a successor to General De Gaulle, the Congress Party has still to decide on who exactly it will have as a successor to the late Dr. Zakir Hussain. But, Sir, we are criticised for our disagreements The last session of the Congress Working Committee, you will remember, was held in a kind of glasshouse at Bangalore. Do I have to remind even the Hon'ble Leader of the Opposition of the proverb of people who live in glass-house?

Finally, Sir, law and order. This is the theme song, the chorus, the signature tune of all our critics at home and abroad. Sir, we all regret the problems of law and order. We are not in favour of anybody taking the law in his own hands. But, Sir, while regretting all such problems we have to ask whether in these twenty years the common people of India have really been encouraged to put their faith in the law, to respect the law, to trust the law for justice and for the protection and attainment of their needs and rights.

Democracy may be stabbed to death but democracy may also be killed by a backlog of thousands of court cases that will take years and years to settle Democracy may be brutally, violently killed but democracy may also be quietly, gently, non-violently starved to death. Sir, this budget is concerned with human needs—not balance sheets.

The deficit it presents is the deficit in human kindness that this State has known for twenty years. In executing it, Ajoy Kumar Mukherjee, our Hon'ble Chief and Finance Minister, accepts a crown of thorns. We of this House should support and honour him.

**শ্রীআকতাবুদ্দিন আহম্মদঃ** মাননীয় স্পীকার স্যার, আমি বাজেট আলোচনার আগে একটা কথা বলে রাখি, আজ ২০ বছর ধরে কংগ্রেস জনসাধারণকে একথা বলে আসছে যে কংগ্রেস সরকার শিশু সরকার, স্বাধীনতা তারা সবে পেয়েছে, জনসাধারণের কাজ তাঁরা নিশ্চয়ই করবেন, তবে একটু সময় সাপেক্ষ। ২০ বছর ধরে জনসাধারণ তাদের এই কথা শুনে শুনে তিক্ত বিরক্ত হয়ে গেছে। আজকে বাংলাদেশের মানুষ ২২ বৎসর পরে কংগ্রেসকে সরিয়ে যুক্তফ্রন্টকে বসিয়েছে বড় আশা ভরসা নিয়ে। আজকে বাংলাদেশের মানুষ চায় যুক্তফ্রন্ট গদিতে বসবার সঙ্গে সঙ্গে তাঁদের সমস্ত পুঞ্জীভূত সমস্যার সমাধান করবেন। কিন্তু যুক্তফ্রন্ট সরকারের বাজেট

দেখে তাদের সেই আশা উড়ে যাচ্ছে। তারা নিরাশ হয়ে যাচ্ছে। এই বাজেট সম্বন্ধে বলতে গেলে বলতে হয়, স্যার, এই বাজেট হল চিনি মিশান কুইনাইন, এই বাজেটের দ্বারা যে জনসাধারণের কোন উপকার হবে তা ভাবতে পারা যায় না।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার কোন মেম্বার কি এখানে লিখিত ভাষণ পড়তে পারেন?

**মিঃ স্পীকারঃ** না, উনি কোন লিখিত ভাষণ পড়ছেন না।

**আহম্মদ আক্তারুদ্দিনঃ** মাথা পিছু ৪৫ টাকা ট্যাক্সে মানুষ মুষড়ে পড়ছে, মেরুদণ্ড খাড়া রাখতে পাচ্ছে না, এই যখন অবস্থা তখন বিপুল অংকের একটা ঘাটতি বাজেট এই সভায় উপস্থিত হয়েছে। এই ঘাটতি কিভাবে পূরণ হবে তার কোন সমাধান এই বাজেটের মধ্যে দেখা যায় না। সরকার বিধানসভার পাশ কাটিয়ে অর্ডিন্যান্স বলে ট্যাক্স ধার্য করার পরিকল্পনা নিতে পারেন। কিন্তু সরকার যে গণতন্ত্রের কথা বলেন এই পথে চললে সেই গণতন্ত্রকে বিনষ্ট করা হবে বলে আমি মনে করি। তাই আমি মনে করি কোন কোন বিষয়ের উপর এই ট্যাক্স ধার্য করা হবে এবং কি উপায়ে ঘাটতি পূরণ হবে তার একটা বিস্তৃত আলোচনা এই সভায় হওয়া উচিত। স্পীকার মহাশয়, যুক্তফ্রন্টের ৩২ দফা কর্মসূচী যা আছে তাতে জনকল্যাণের কথা আছে, সংখ্যালঘুদের কল্যাণের কথা, সেখানে এই ট্রাইবল ওয়েলফেয়ারের জন্য টাকা বরাদ্দ করেছেন এবং তাদের জন্য ওয়েলফেয়ার বোর্ড গঠন করেছেন। আমি তপশীলী জাতি উপজাতির কল্যাণের জন্য যা করা হচ্ছে তাতে সমর্থন জানাই। আমি এই সম্পর্কে একথাও বলতে চাই যে এই সরকারের রাজ্যের মাইনরিটিদের ওয়েলফেয়ারের জন্য একটা আলাদা বরাদ্দ করা উচিত ছিল। আজকে ২২ বছর ধরে সংখ্যালঘু বিশেষ করে মুসলিম সম্প্রদায় বিভিন্ন দিক থেকে বিভিন্ন উপায়ে বঞ্চিত হচ্ছে, তাদের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে, ব্যবসা বাণিজ্যের দিক থেকে বঞ্চিত হচ্ছে, তাদের সংস্কৃতি রাজনৈতিক মতামত ডুবে যেতে বসেছে, সেদিকে সরকারের লক্ষ্য নাই। আমি দাবি করি যে মাইনরিটিদের জন্য একজন মন্ত্রী নিয়োগ করা উচিত, এ বিষয়ে আমি মতামত দিই যে তার একটা আলাদা দপ্তর থাকা উচিত।

[3-55—4-05 p.m.]

**Shri Panchu Gopal Bhaduri:**

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রীর বাজেট বরাদ্দ সমর্থন করতে উঠে আমি প্রথমেই একটু বিস্ময় প্রকাশ না করে পারছি না। আমাদের বিরোধীপক্ষের প্রধান লীডার—তিনি শিক্ষিত লোক। কিন্তু তিনি পশ্চিমবঙ্গের উৎপাদনের যে অধোগতি হয়েছে তার জন্য কি করে যুক্তফ্রন্ট সরকারকে দায়ী করতে পারলেন এটা আমি বুঝতে পারলাম না। যে উৎপাদন ঘাটতির জন্য দায়ী হচ্ছে অর্থনৈতিক সংকট এবং যে অর্থনৈতিক সংকট ভারতবর্ষে ১৯৬৬ সালে এসেছে, যাতে ইঞ্জিনীয়ারিং শিল্প আক্রান্ত হয়েছে এবং পরে ভোজ্য নিত্য ব্যবহার্য জিনিষপত্রে সংক্রামিত হয়েছে, ছড়িয়ে পড়েছে, তাতে যে উৎপাদন হ্রাস পেয়েছে তার জন্য পুঁজিবাদকে দায়ী করতে পারেন, তিনি যে পুঁজিবাদের হয়ে ওকালতি করেন তাকে দায়ী করতে পারেন। কিন্তু যুক্তফ্রন্ট সরকারকে তার জন্য যে কি করে দায়ী করা যায় এটা একেবারে সম্পূর্ণ আমার বুদ্ধির অগম্য। তেমনি আবার তিনি দেউলিয়া দেউলিয়া করছেন। সমস্ত ভারতবর্ষকে ৬ হাজার কোটি টাকা বৈদেশিক ঋণ সহ একেবারে প্রায় দেউলিয়া অবস্থায় কংগ্রেস সরকার কিংবা অন্য কেউ নিয়ে গিয়েছেন। কাজে কাজেই সমস্ত ভারতবর্ষকে দেউলিয়া করবার দায়িত্ব যেখানে সেইদিকে তিনি দৃষ্টি আকর্ষণ করছেন না। তিনি দৃষ্টি আকর্ষণ করছেন সমস্ত ভারতবর্ষের কংগ্রেসের ২০ বছরের কুশাসনের ঐতিহ্যের মধ্য দিয়ে তার উত্তর দায়িত্ব হিসেবে যে অংশটুকু পশ্চিমবঙ্গের ঘাড়ে এসে পড়েছে, সেই বোঝা তাকে বইতে হচ্ছে। তার জন্য যুক্তফ্রন্ট সরকারকে আজকে দায়ী করলে চলবে না। সেদিক থেকে একটি কথা সততার সঙ্গে তাঁর বলা উচিত ছিল, যেহেতু কেন্দ্রের হাতে প্রধান প্রধান আয়ের উৎস রয়েছে, সেইজন্য কেন্দ্রের কাছে বিধানসভার পক্ষ থেকে ইউনানিমাস একটি প্রস্তাব আমি করে সমস্ত ঋণ মকুব এবং প্ল্যানের প্রয়োজনীয় অর্থ বরাদ্দ দাবী করে কেন্দ্রের কাছে প্লেস করা।

দ্বিতীয়তঃ, আর একটি বিস্ময়ের কথা সেটা হচ্ছে অনেকে ফ্লাইট অফ ক্যাপিটেল বলছেন —পংজি নাকি যুক্তফ্রন্ট সরকারের ভয়ে বাংলাদেশ থেকে পাঁই পাঁই করে পালাচ্ছে। পংজির রপ্তানী, পংজির পলায়ন—এই সম্পর্কে আমি বিরোধীপক্ষের সদস্যদের কাছে আপনার মারফৎ অনুরোধ করবো যে উনিশ দশকের শেষ দিক থেকে ইউরোপের অর্থনৈতিক ইতিহাসটা আবার যেন তারা নতুন করে পড়ে দেখেন। যখন পংজি একচেটিয়া পংজির ভূমিকা নিল, তখন ফাইন্যান্স পংজির আবির্ভাব হলো। এই ফাইন্যান্স পংজি অধিক অধিক মুনাফা এবং শোষণের ক্ষেত্রসমূহে স্বদেশের বাইরে উপনিবেশে ও আধা উপনিবেশে রপ্তানী হতে লাগলো। এই ফাইন্যান্স পংজির অন্যতম বৈশিষ্ট্য হলো বিদেশে রপ্তানী। আমাদের দেশ যদিও এটা বিকশিত পংজিবাদের দেশ নয়,—এটা পেছিয়ে পড়া দেশ। কিন্তু এখানে শিশু পংজি অকালে এঁচোড়ে পেকে গিয়ে একচেটিয়া প্রকৃতি পাচ্ছে এবং একচেটিয়া প্রকৃতি পেয়ে ফাইন্যান্স পংজির যে সমস্ত লক্ষণ—সেই হিসেবে এঁরাও এখানেতে যেসব রাজ্যে পংজি খানিকটা পুষ্ট, সেখান থেকে অন্য রাজ্যে, অন্য এলাকায় বেশী মুনাফার জন্য, বেশী শোষণের জন্য এমন কি ভারতবর্ষের বাইরেতেও পংজি রপ্তানী হচ্ছে। পংজির এই রপ্তানীর জন্য যেটা ১৯৫০ দশকের শেষ থেকে আরম্ভ হয়েছে। এর জন্য দায়ী যদি কেউ হয়, তাহলে দায়ী হচ্ছে আমাদের এই সিদ্ধার্থবাবুদের মুরুব্বি শ্রেণীর পংজিপতিরা, তাঁরা দায়ী এবং পংজিবাদের অমোঘ নিয়মে এই পংজি রপ্তানী হচ্ছে।

আর একটা কথা মাননীয় সভাপাল মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই। ৩২ দফা কর্মসূচীর মধ্যে আমাদের মন্ত্রীসভাকে অগ্রাধিকার স্থির করতে হবে এবং এমন একটা ক্ষেত্র বাছাই করতে হবে যাতে এমন উন্নয়নমূলক কাজ আমরা করতে পারি, যার দ্বারা দেশের বেশীরভাগ সংখ্যক লোকের মনে আশা জাগবে এবং সর্বভারতীয় স্তরে আমাদের যুক্তফ্রন্ট গঠন করা সম্ভবপর হবে। ভূমি সংস্কারের ক্ষেত্র হচ্ছে সেই ক্ষেত্র। সেদিক থেকে আমি বলি যে ২৫ একর জোতের জায়গায় ১৫ একর পারিবারিক উচ্চ সীমা করলে ৬ লক্ষ একর জমি সরকারের কাছে যা এসেছে তার উপর আরো ১৫ লক্ষ একর জমি আসতে পারে। তাহলে এই প্রায় ২০ লক্ষ একর জমি নিয়ে যদি এর পুনর্বণ্টন সম্পর্কে কৃষি ব্যবস্থার কাঠামো গত পরিবর্তনের দিকে নজর দেওয়া যায় এবং ৫টি মন্ত্রক তাদের যদি সমন্বয় করেন—কৃষি, ভূমিরাজস্ব, সেচ, পঞ্চায়েৎ ও সমবায়, এগুলি করে সমবায়ের ব্যাপক প্রসার এবং সমবায় ভিত্তিক আমলাতন্ত্রের বাইরে, নতুন ক্যাডার যারা ইউথ-এ স্পিরিট অব ডেডিকসান কাজ করবে সেই ক্যাডার সৃষ্টি করা হয় এবং ভূমি সপর্কের মধ্যে যদি কাঠামোর পরিবর্তনের চেষ্টা করা যায় তাহলে এমন অবস্থা হতে পারে যে সংদসের বাইরে কৃষক সাধারণের মধ্যে ভূমি সম্পর্কে আমূল পরিবর্তনের জন্য মাস স্যাংসান করা সম্ভব হবে। আর সেটা করার জন্য মাননীয় সভাপাল মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কংগ্রেস দল কুমারাপ্পা কমিশনের এগ্রেরিয়ান রিফর্ম সম্পর্কে যত কিছু প্রস্তাব ছিল সেগুলি তারা জমিদার এবং পংজিবাদী মুরুব্বিদের স্বার্থে করতে পারেন নি যদিও সংবিধানের মধ্যে কৃষকদের স্বার্থের ততটুকু অগ্রগতি করা সম্ভব ছিল। আমাদের দেশে নকশালপন্থীরা আদৌ সংবিধানের সুযোগ নিতে চান না। সংবিধানের মধ্যে এমন কি সংসদীয় গণতন্ত্রে অংশ গ্রহণ করাকে তারা শোধন বাদ বলেন। শাসনযন্ত্রে বিপ্লবের ছোঁয়া না লাগলে ভূমি সম্পর্কে কোন পরিবর্তন তাদের গ্রাহ্যের মধ্যে পড়ে না। আমরা যুক্তফ্রন্টের শরিকরা বিশ্বাস করি যে সংবিধানের সুযোগ নিয়ে আমরা জনগণের পক্ষে কল্যাণকর কিছু করতে পারি এবং সে বিশ্বাস নিয়েই আমরা এখানে হাজির হয়েছি। তারপর দেউলিয়া সম্পর্কে যে কথা উঠেছে সে সম্পর্কে আমি বলব যে আমাদের দেশ যে প্রায় দেউলিয়া অবস্থায় এসেছে সে সম্পর্কে আমি বিরোধীদলকে ভেবে দেখতে অনুরোধ করি। এই দেউলিয়া অবস্থায় সাম্রাজ্যবাদের যা কিছু ঘাঁটি এবং সেই সাম্রাজ্যবাদের যে লগ্নী মূলধন গত কংগ্রেসী শাসনের মধ্যে ২০ বছর ধরে চলে এসেছে সেটা ১৯৪৮ সালে ২৮০ কোটি টাকা থেকে ১,৯৬০ কোটি টাকা হয়েছে। একদিকে সাম্রাজ্যবাদের শোষণ বেড়েছে অপর দিকে একচেটিয়া পংজির দৌরাত্ম এবং শোষণ প্রচণ্ডভাবে বেড়েছে। গ্রাম সমাজে এখনও পর্যন্ত সাম্রাজ্যবাদের জের বা শোষণ রয়েছে। একচেটিয়ার একটা বজ্র গ্রিপ আমাদের অর্থনীতির

উপর রয়েছে। এটা আমাদের ভাঙ্গতে হবে এবং এর মধ্যে দিয়ে আমাদের পশ্চাদপদ কৃষির উপর ভিত্তি করে তার অগ্রগতি করে আমাদের সমাজ ব্যবস্থায় স্থায়ীত্ব আনতে হবে। আমাদের দেশকে দেউলিয়া অবস্থা থেকে টেনে বের করতে হলে এখানে যে বৈপ্লবিক কর্মসূচী নেওয়ার দরকার আমি বিরোধীপক্ষকে জিজ্ঞাসা করি সেই গনতান্ত্রিক বিপ্লবের কর্মসূচী নিতে তাঁরা রাজি আছেন কি স্যার, আমরা একটা কথা জানি যে রামের ভালো করতে গেলে রাবণ চটে যায়। কৃষকের ভালো করলে জেতদার মহাজনরা চটে যায়, শ্রমিকের ভালো করতে গেলে পূঁজিপতি চটে যায় এবং সেদিক থেকে আমি মনে করি আমাদের যুক্তফ্রন্ট সরকার সমস্ত লোককে সন্তুষ্ট করতে পারবেন না। আর এটা আমি মুক্ত কন্ঠে বলতে পারি যে সিদ্ধার্থবাবু, যিনি পূঁজিপতি শ্রেনীর ওকালতি করতে ব্যস্ত তাঁকে কোনদিন হয়ত আমাদের যুক্তফ্রন্ট সরকার সন্তুষ্ট করতে পারবেন না। এই সঙ্গে আমি বলি যে সিদ্ধার্থবাবু যখন আইনশৃঙ্খলা বা রুল অব 'ল' এর কথা বলেন তখন তাকে ১৯৬২ সালের কথা মনে করিয়ে দিতে চাই। এই হলে তখনকার বিরোধীপক্ষ থেকে সিদ্ধার্থবাবু বললেন যে বিরোধীপক্ষ এবং তখনকার বিরোধীপক্ষের নেতা থেকে আমি নিজেকে সম্পূর্ন দূরে নিয়ে যার এবং তিনি বিরোধীপক্ষ বিশেষ করে কমিউনিষ্টদের বিরুদ্ধে বললেন। স্যার, কংগ্রেস পক্ষ সেদিন প্রত্যেক ইউনিয়ান অফিস, পার্টি অফিস, পার্টি নেতা, তাঁদের শুধু যে গ্রেপ্তার করলেন তাই নয়, পার্টি অফিস ধংস করা, দখল করা, ঝান্ডা পোড়ানো, ছবি পোড়ানো, লাইব্রেরী পোড়ানো এরকম প্রত্যেক জায়গায় করেছিলেন। এটা কি রকমের আইনের রাজত্ব বা রুল অব 'ল' প্রতিষ্ঠা করেছিলেন জানি না। গ্রামের লোকদের কাছে গিয়ে জিজ্ঞাসা করুন, সহরের শ্রমিকদের কাছে গিয়ে জিজ্ঞাসা করুন এতদিন ধরে রুল অব ল-র সুবিধা তারা কোনদিন পায়নি কংগ্রেস আমলে। এই রুল অব লর সুবিধা যদি ব্যাপক খেটে খাওয়া মেহনতি মানুষ কোন দিন পেয়ে থাকে, ভরসা যদি তাদের মনে জেগে থাকে, তবে তা এই যুক্তফ্রন্ট সরকারের আমলে সেই ভরসা জেগেছে। সংবিধান সম্বন্ধে এই কথা আমি বলতে পারি যুক্তফ্রন্টের শরিকরা এই কথা মানে যে সংবিধান নিয়ে পূঁজিবাদ শেষ করা যায় না, সম্পত্তি কোথাও শেষ করা যায় না। কিন্তু গণতান্ত্রিক বিপ্লবের কর্মসূচী বহুদূর পর্যন্ত এগিয়ে যায়। কেন্দ্রে পর্যন্ত যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠা করার আইনগত কোন বাধা সংবিধানের মধ্যে নেই। সেই জন্য সংবিধানের সুযোগ নিশ্চই আমরা নেব। সংবিধানের সুযোগ নিয়ে আমরা দেশের জনগণের যতখানি উন্নতি করতে পারি তার চেষ্টা করবো এবং জনগণের মধ্যে অদম্য চাহিদা সৃষ্টি করবো। তারপরে যেভাবে উন্নতি করা যায়, জনগণ নিজেরা সে পথ বেছে নেবে। এই কথা বলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য আমি শেষ করছি।

[4-05—4-15 p.m.]

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী যে বাজেট আমাদের সামনে রেখেছেন, সেই বাজেটকে আমি সম্পূর্ণ রূপে সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষমহাশয়, এটা খুব আশার কথা যে দীর্ঘদিন বাদে এই প্রথম যুক্তফ্রন্ট সরকারের মন্ত্রীসভা কর্তৃক এবং অর্থমন্ত্রী কর্তৃক যে প্রদত্ত বাজেট হাউসের কাছে উপস্থাপিত হয়েছে, আমরা মনে করি তাতে বিশেষ ভাবে দৃষ্টি দেওয়া হয়েছে কৃষি উন্নয়নের দিকে। আমি যুক্তফ্রন্ট সরকারের মন্ত্রীসভার কাছে এবং বিশেষ করে অর্থমন্ত্রীর কাছে এই কথা বলব যে পশ্চিমবাংলার বৈষয়িক উন্নয়নের মূল বীজ নিহিত রয়েছে সামগ্রিকভাবে সার্বিক কৃষি উন্নয়নের উৎপাদন বৃদ্ধির মধ্যে এবং কৃষিকে লাভজনক করার মধ্যে। পৃথিবীর প্রত্যেক দেশে এই ভাবে কৃষিক্ষেত্রে এগ্রিকালচারাল সারপ্লাশ বা উদ্বৃত্ত সৃষ্টি ক'রে সেটা তার নিয়ে এসে শিল্প ক্ষেত্রে বিনিয়োগ করে শিল্পোন্নয়ন করে এবং গ্রাম ও সহরের লক্ষ লক্ষ বেকার কর্মক্ষম মানুষকে চাকুরী দিয়ে থাকে। মাননীয় অধ্যক্ষমহাশয়, এই হাউসে কয়েকজন সদস্য গত কয়েকদিন যাবত আমাদের কৃষি সম্বন্ধে কয়েকটি গুরুত্বপূর্ণ প্রশ্ন তুলছেন। আমি আপনাকে বলতে চাই যে আমাদের কৃষি-মন্ত্রী ডাঃ ভট্টাচার্য্য ঘোষণ করেছেন ২০ লক্ষ একর জমিতে উচ্চ ফলনশীল ধানের রোপনের

ব্যবস্থা হবে। মুখ্যমন্ত্রী এবং সমগ্র মন্ত্রীসভার কাছে আমি তাই আশা করবো যে পরিকল্পনা তাঁরা গ্রহণ করেছেন সেটাকে ফলো আপ করে কার্যকরী করুন, এটা যেন টকিং স্টেজে পড়ে না থাকে অথবা কাগজিক গালভরা প্রস্তাবে পর্যবসিত না হয়। যদি এই ২০ লক্ষ একর জমিতে উচ্চ ফলনশীল ধান ফলানো যায়, এবং সরকারী সংখ্যাতত্ত্বের ভিত্তিতে দেখা যায় প্রতি একরে ৫০ মণ করে ফলবে, তাহলে আমি বলতে পারি বাংলাদেশে কৃষকের ঘরে এই গুরুত্বপূর্ণ প্রস্তাব কার্য-করী করার ফলে অতিরিক্ত ১৫০ কোটি টাকা গিয়ে পৌঁছাবে। বাংলার আর একটা সম্পদ হচ্ছে পাট। এই বছর পাটের উৎপাদন আশা করা যাচ্ছে ২৫০ লক্ষ মণ হবে। যদি পাটের সর্বনিম্ন দর মণপিছু ৬০ টাকা হয় অর্থাৎ কৃষকের ঘরের দাম হয়, তাহলে আমি হিসাব করে দেখেছি বাংলার গরীব কৃষকদের ঘরে ১৫০ কোটি টাকা গিয়ে পৌঁছবে। আজকে যুক্তফ্রন্ট সরকারের সবচেয়ে বড় সমস্যা ঘাটতি নয়, সবচেয়ে বড় সমস্যা হচ্ছে আমরা কি করে রিসোর্স তৈরী করবো। নতুন সম্পদ কি করে বাড়ান যায় আর সেই সম্পদ সমভাবে সর্বাধিক মানুষের মধ্যে ছড়িয়ে দেওয়া যায়। আমরা রিসোর্স ট্যাপ করে ইন্ডাস্ট্রি তৈরী করবো, রিসোর্স ট্যাপ করে আমরা ক্ষুদ্র ও বৃহৎ শিল্প প্রসারের আয়োজন করবো, নতুন কর্মসংস্থান করবো, রিসোর্স ট্যাপ করে লক্ষ লক্ষ বেকার যুবককে কাজে নিয়োগ করতে পারবো। আজকে আমি আপনার মাধ্যমে বলতে চাই, এই বিধানসভায় গত কয়েক বছর ধরে বলে আসছি পশ্চিম বাংলার সবচেয়ে বড় অর্থকরী ফসল হচ্ছে চা এবং পাট। এর থেকে যে কোটি কোটি টাকা কেন্দ্রীয় সরকার রোজগার করছেন বৈদেশিক মুদ্রারূপে, সেই টাকার হারাহারি অংশ পশ্চিমবঙ্গ সরকার পাচ্ছে না, দীর্ঘ-দিন ধরে বঞ্চনার বোঝা আমাদের ঘাড়ে চেপে যাচ্ছে। এই হাউসে গত কয়েকদিনে কয়েকজন মাননীয় সদস্য তাঁদের বক্তব্যে সেকথা বলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে যুক্তফ্রন্ট সরকারের মন্ত্রীসভা এবং ওপক্ষের বন্ধুদের বলব যে আপনারা ভেবে দেখেছেন যে যেভাবে চটকল মালিকরা শিল্পে চরম অরাজকতা ও লুণ্ঠন চালিয়েছেন, পাট ক্রয়-বিক্রয়ের নামে যে মর্মন্তুদ নিষ্ঠুর শোষণনীতি চালিয়েছেন, যেভাবে আন্ডার ইনভয়সিং ও ওভার ইনভয়সিং মাধ্যমে কোটি কোটি টাকা বাজার থেকে লুঠছেন, সরকারকে প্রাপ্য কর ফাঁকি দিচ্ছেন শ্রমিককে ন্যায্য পয়সা থেকে বঞ্চিত করছেন এবং পাট চাষীদের ঠকাচ্ছেন, এইভাবে দেশের অবস্থা চললে আগামী ১০ বছরের মধ্যে পাট এবং চা শিল্প কোথায় গিয়ে দাঁড়াবে? এটা ভেবে আমি শিউরে উঠছি। আমি কয়েকটি তথ্য আপনার কাছে রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছু-ক্ষণ আগে মাননীয় সদস্য পাঁচুগোপাল ভাদুড়ী বললেন ফ্লাইট অব ক্যাপিটাল হচ্ছে না। আমি বলছি ফ্লাইট অব ক্যাপিটাল হচ্ছে।

কিভাবে ফ্লাইট অব ক্যাপিটাল হচ্ছে, ছোট ছোট কারবারী ও সংস্থার হাত থেকে টাকা গিয়ে একচেটিয়া পুঁজিপতিদের হাতে গিয়ে পৌঁচেছে সেটা বিশ্লেষণ করলেই ধরা পড়বে। তবে সময় এত অল্প যে সব তথ্য পেশ করা সম্ভব হবে না। আমরা নিজদেশে পরবাসী হয়ে রয়েছি। এইভাবে ফ্লাইট অব ক্যাপিটাল হচ্ছে। আমি সংখ্যাতত্ত্ব দিয়ে দেখাবো যে বাংলাদেশের টাকা, লাইফ ইন্সিওরেন্সের টাকা, স্টেট ফাইন্যান্সিয়াল কর্পোরেশনের টাকা, বাংলাদেশের শেয়ার হোল্ডারদের লক্ষ লক্ষ কোটি কোটি টাকা, ব্যাঙ্কের লগ্নীর টাকা এক শ্রেণীর অসাধু অসৎ মাড়োয়ারী পুঁজিপতির দল এই বাংলাদেশ থেকে লুঠ করে নিয়ে ভারত-বর্ষের অন্যান্য জায়গায় নিয়ে যাচ্ছে। এই লুঠেরাদের দল দিল্লী এবং বম্বে থেকে বলছে যে গেল গেল বাংলাদেশ গেল। কয়েকটি কোম্পানীর কারসাজির কথা বলছি। প্রথমে আমি বলছি যে ডেভেনপোর্ট প্রাইভেট কোম্পানী লিমিটেড, এই ডেভেনপোর্টের ম্যানেজিং এজেন্সী নিলেন কারা? সি এল বাজোরিয়া। এই সি এল বাজোরিয়া এই ডেভেনপোর্টের অধীনে পাঁচটি বড় বড় কোম্পানী—হাসিমারা টী কোম্পানী, তিস্তাভ্যালী টী কোম্পনী লিমিটেড, নিওকামতা টী কোম্পানী লিমিটেড, গিলে টী কোম্পানী লিমিটেড, হলদী বাড়ী টী কোম্পানী থেকে আরম্ভ করে বড় বড় পাঁচটি কোম্পানীর সমস্ত শেয়ার তারা হাতের মুঠোর ভেতর নিলেন—বাংলাদেশের সরকারের জানা দরকার যে কিভবে তারা এই লুণ্ঠন করে যাচ্ছে এই সি এল বাজোরিয়া। এই পাঁচটি টী কোম্পানীর প্রত্যেকটির আর্থিক অবস্থা বাজোরিয়ার খপ্পরে যাওয়ার আগে খুব ভাল ছিল। যেমন হাসিমারা টী কোম্পানীর ১০ টাকার শেয়ার বাজারে ১৩০ টাকায় বিক্রী হচ্ছিল

এবং শতকরা ১০০ ভাগ প্রতি শেয়ারে লাভ ঘোষণা করা হচ্ছিল। বাজোরিয়া মালিক হবার পর ডিভিডেণ্ট দেওয়া হয় না, প্রতিটি ১০ টাকার শেয়ার বাজারে ৪ টাকায় বিক্রী হচ্ছে। কেন হল এই অবস্থা? বাংলাদেশের সরকারের কাছ থেকে টাকা নিয়েছে, লাইফ ইন্সিওরেন্স থেকে টাকা নিয়েছে, ষ্টেট ফাইনান্স কর্পোরেশন থেকে টাকা নিয়েছে এবং টী-বোর্ড থেকে কোম্পানী টাকা নিয়েছে। চা-বাগানের উন্নয়নের জন্য, সম্পদ বৃদ্ধির জন্য। এবং সেই টাকা নিয়ে কি করলেন জানেন বাজোরিয়া? দু-কোটি ছিয়াত্তর লক্ষ টাকা চা-বাগানের উন্নয়নের জন্য ব্যয় না করে পশ্চিমবঙ্গ থেকে পাচার করে বোম্বাইয়ে সাক্সেরিয়া কটন মিলে ইনভেস্ট করলেন। এতে পশ্চিমবাংলার কোন লাভ হল না—পুঁজি চলে গেল অন্য রাজ্যে, বঞ্চিত হল এ রাজ্যের বেকার কর্মক্ষম যুবকেরা চাকরী থেকে, রাজ্যের রাজস্ব বন্ধ হল। কিছুদিনের মধ্যেই এই সাক্সেরিয়া মিলের লালবাতি জ্বলে গেল, এই লালবাতি পরিকল্পিত উপায়ে ম্যানেজমেণ্ট জ্বালাবার ব্যবস্থা করলেন। পশ্চিমবঙ্গের সমগ্র দু-কোটি ছিয়াত্তর লক্ষ টাকা বাজোরিয়া পরিবারের পকেটস্থ হয়ে গেল। জনগণের টাকা, সরকারী সংস্থার টাকা, ব্যক্তিগত পুঁজিপতির মুনাফার অঙ্ক স্ফীত করল দু-কোটি ছিয়াত্তর লক্ষ সাদা টাকা কালো টাকায় রূপান্তরিত হল। শুধু তাই নয়, এই সাক্সেরিয়া কটন মিলের মালিক, কন্ট্রোলিং এজেন্ট ছিলেন বাজোরিয়ার জামাতা। শুধু তাই নয় ম্যাকলীওড কোম্পানীর গরীব শ্রমিকদের ৫ লক্ষ ৭২ হাজার টাকা শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ডের টাকা, সি এল বাজোরিয়া বোম্বাইয়ে নিয়ে গিয়ে এই কটন মিলে ইনভেস্ট করেছিলেন। পশ্চিম বাংলার কয়েকটি চা-বাগান যার মূল মালিক রাজ্য সরকার—বন্ধক দিয়ে বাজোরিয়া যে কয়েক লক্ষ টাকা পেলেন তা দিয়ে ৪ লক্ষ ৯৭ হাজার টাকা কানপুরের ব্রিটিশ ইন্ডিয়া কর্পোরেশনের শেয়ার কিনে সমগ্র টাকাটা কানপুরের একটি শিল্পে ইনভেস্ট করলেন। এর পরিমাণ হবে প্রায় ২০ লক্ষ টাকা, এ রাজ্য থেকে এই টাকাটা চলে গেল। সেখানে গিয়ে ইনভেস্ট করলেন। ফ্লাইট অব ক্যাপিটাল হয় নি? এ টাকাটা কি বাজোরিয়ার টাকা? শুধু তাই নয়, এই ৫টি টী কোম্পানী উঠিয়ে নিয়ে—চা-বাগানের উন্নতি সাধনে, শ্রমিকদের উন্নতি সাধনে, দেশের মৌল সম্পদ সৃষ্টির কাজে নিয়োগ না করে ৭ লক্ষ ৩১ হাজার আরও অতিরিক্ত টাকা তারা এই সমস্ত চা-বাগান থেকে নিয়ে, হলদীবাড়ী টী স্টেট থেকে নিয়ে গিয়ে তারা কাটিহার জুট মিলে ইনভেস্ট করলেন। কারণ বাজোরিয়া বাণিজ্যিক ব্যক্তিগত আর্থিক স্বার্থ এই কাটিহার চটকলে জড়িত। ৭ লক্ষ ৩১ হাজার টাকা ইনভেস্টেড হলো কানোরিয়া ইন্ডাস্ট্রীতে, কানোরিয়া ইন্ডাস্ট্রীর কর্তৃত্ব করেন সি এল বাজোরিয়ার ভগিনী। দেখুন কিভাবে কোম্পানীর গ্যাঁড়াকল করে পশ্চিম বাংলাকে শোষণ করবে একচেটিয়া পুঁজির মালিকরা। এ রাজ্যের টাকা চলে যাচ্ছে। ৩ লক্ষ ৩১ হাজার টাকা শেয়ার হোল্ডারের টাকা বাংলার টাকা, সরকারের টাকা, তারা নিয়ে গিয়ে আর একটা ইন্ডস্ট্রীতে ইনভেস্ট করলেন সি এল বাজোরিয়া, কেন করলেন

Because Bajarie's son-in-law is an important covenanted officer there...... .

কাটিহার চটকলে পশ্চিম বাংলার হলদিবাড়ী চা কোম্পানীর লক্ষ লক্ষ টাকা বিনিয়োগ করা হয়েছে। আর এই চটকল লালবাতি জ্বালার মুখে। শুধু তাই নয়, এক কোটি টাকা লোকসান হয়ে গেছে। এইভাবে বাংলার চা-শিল্পের টাকা শেষ হয়ে যাচ্ছে। সাংমা টী কোম্পানী, রূপচেরা টী কোম্পানী, আমলকী টী কোম্পানী, রানীচরা টী কোম্পানী, দেজুভ্যালী টী কোম্পানীর টাকা দিয়ে ম্যাকলিওড গ্রুপ ব্রিটিশ ইন্ডাস্ট্রীজ কর্পোরেশনের ৭৪,৪০০ সাধারণ শেয়ার ক্রয় করা হয়েছে। এই টী কোম্পানীগুলির ৩ লক্ষ ৩১ হাজার টাকা ব্রিটোনিয়া ইঞ্জিনীয়ারিং এই কোম্পানীতে ইনভেস্টেড হয়েছে। এইভাবে ইনটারলকিং অব শেয়ার পদ্ধতি মাধ্যমে একচেটিয়া পুঁজির মালিকরা গোটা অর্থনীতিকে মুঠোর মধ্যে আনতে বদ্ধপরিকর আজ। এ চক্র যদি ভেঙ্গে না দেওয়া হয় তাহলে দেশের বৈষয়িক উন্নতি হবে কি করে? ভয়াবহ বেকারী দূর করা হবে কি করে? ম্যাকলিওড কোম্পানীর অধীনস্থ ৭টি চটকলের ১০ লক্ষ টাকা জে এফ লো অ্যান্ড কোং লিঃ-এর স্টার্লিং শেয়ার ক্রয় করেছে। এই জে এফ লো কোম্পানীর হেড অফিস লন্ডনে অবস্থিত। ফলে শ্রমিকরা বঞ্চিত হচ্ছে, রাজ্য সরকার

বঞ্চিত হচ্ছেন। সামগ্রিক অর্থনীতি পঙ্গু হয়ে পড়ছে। আমি মুখ্যমন্ত্রীর কাছে বলছি যে তদন্ত কমিশন বসান। আজকে তদন্ত কমিশন বসিয়ে দেখান যে কিভাবে বাংলাকে মাড়োয়ারী শিল্পপতিরা তলায় তলায় ফোঁপরা করে দিছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাংলাদেশের আর একটা সবচেয়ে বড় সমস্যা সেটা হচ্ছে ভয়াবহ বেকার সমস্যা যা সিদ্ধার্থবাবু বলেছেন। কিন্তু তার জন্যও আমরা দায়ী নই। কিন্তু আজকে মনে রাখতে হবে আজকে সবচেয়ে বড় সমস্যা হচ্ছে বেকারী দূরীকরণের সমস্যা। এ রাজ্যে বারশো ইঞ্জিনীয়ারিং গ্রাজুয়েট পথে পথে ঘুরে বেড়াচ্ছে, ১৫০ জন এগ্রিকালচারাল গ্রাজুয়েট, ডিপ্লোমা হোল্ডার্স পথে পথে ঘুরে বেড়াচ্ছে চাকরীর ধান্ধায়। এবং হাজার হাজার উচ্চ দক্ষতাসম্পন্ন কারিগর এবং লক্ষ লক্ষ কর্মক্ষম সহর ও গ্রামের মানুষ ও কর্মী পথে পথে ঘুরে বেড়াচ্ছে "চাকরী দাও, চারকী দাও, কাজ করে আমরা দেশকে গড়তে চাই", এই তাদের স্লোগান ।আমি বলতে চাই যে আনএমপ্লয়মেন্ট ডোল এটা বাজে কথা, ধোঁকাবাজী, আনএমপ্লয়মেন্ট ডোল কেন ? দেশের তারুণ্যের সম্পদকে ফর এ মেস অব পটেজ, তারা বিক্রি করবে না। আমরা কৃপা চাই না, আমরা কাজ চাই, আমরা চাকরী চাই, আমরা দেশকে গড়তে চাই। কম মাইনে হোক তাতে ক্ষতি নেই, ১০০ টাকা, ১৫০ টাকা, ৫০ টাকা, তাই সই। বেকারীর দুঃসহ যন্ত্রণা আর সহ্য হয় না। কিন্তু সেদিকে সরকারের দৃষ্টি দিতে হবে, গঠনমূলক রচনাত্মক কর্মসূচী নিয়ে সামনে আসতে হবে। কিন্তু সিদ্ধার্থবাবু দে-কমিটির রিপোর্ট সম্বন্ধে বললেন কবে সে রিপোর্ট বার হবে, জানতে চান সরকারী কর্মচারী, বেতন কি হবে জানতে নাকি ব্যগ্র। এত দরদ কোথা থেকে আসছে? আমি সোস্যালিস্ট হিসাবে বলতে চাই যে পৃথিবীর সমস্ত সমাজতান্ত্রিক দেশে সোস্যালিস্ট কমিউনিস্টরা বলেছেন "ইকনমিজম" কখনও সোস্যালিজমের স্থান নিতে পারে না। লেলিন সাবধান করেছিলেন, নেতাজী সাবধান করেছিলেন। গত সপ্তাহে মাওসেতুং-এর লেখা পড়ছিলাম, চীনে তিনি রিসেন্টলি বলেছেন

They are against the resurgenca of the tidal wave of economism!

আর্থিক দাবী দাওয়ার ঠুলি পরেই যেন দেশের মৌল সমস্যার বিচার না করা হয়। আজকে দেখুন ইন্ডিয়ান এয়ার লাইনস কর্পোরেশনের খবর। খবর কাগজে দেখেছিলাম সেখানকার পাইলটরা স্ট্রাইক করেছিলেন। কাগজে দেখলাম তাদের ইকনমিক ডিম্যান্ডস কি কি। এদেশে এয়ার লাইনস কর্পোরেশনের একজন পাইলট মিনিমাম বেতন বছরে ২২ হাজার থেকে ৪০ হাজার টাকা পান।

[4-15—4-25 p.m.]

পাইলটরা ট্রেড ইউনিয়ন আন্দোলনের পথে নামছেন নাকি। তাদের দাবী খাওয়া ভালো হচ্ছে না। তাঁদের দাবী প্রতিদিন পাঁচ টাকা চায়ের জন্য চাই, আঠেরো টাকা দৈনিক মধ্যাহ্ন ভোজের অর্থাৎ লাঞ্চের জন্য চাই আর ২২টা ডিনারের জন্য খরচ দিতে হবে। আর হাসেম সেখ রামা কৈবর্ত ? ডঃ লোহিয়া বলেছিলেন কয়েক কোটি লোকের এদেশের দৈনিক আয় ১৯ পয়সা। তাদের জন্য কোন লড়াইয়ের কথা, ধর্মঘটের কথা, বন্ধের কথা বলেন নি। লক্ষ লক্ষ বেকার যুবকদের কর্মসংস্থানের প্রয়োজনীয়তাটা বড়, না যাঁরা কাজে নিযুক্ত আছেন তাঁদের চাকুরীর শর্তগুলো এমোলুমেন্টস-এর আইডিয়াল কন্ডিসন-এ পোঁছে দেওয়ার কাজটা বেশী প্রয়োজন, সমাজতন্ত্রবাদের দৃষ্টিভঙ্গীতে সেটাই জিজ্ঞাসা করছি? এই লক্ষ লক্ষ বেকারদের গ্রামের ভূমিহীন গরীব কৃষকদের কথাটা ভাবতে হবে, তারা অসহনীয় অবস্থায় দিন কাটাচ্ছে। তাদের জন্য আগে কিছু করা একান্ত দরকার। আজকে যুক্তফ্রন্ট সরকারকে সোস্যালিস্ট সরকার হিসাবে বিবেচনা করে ঘোষণা করার সময় এসেছে। আজকে যাঁরা এমপ্লয়েড আছেন তাঁদের সার্ভিস কন্ডিসন আরো ভালো হোক আমরা চাই। বাট ফারস্ট থিং মাস্ট কাম ফারস্ট। তাঁদের অবস্থার উন্নতি করতে হবে, কিন্তু মনে রাখতে হবে তাদের সকলকে আইডিয়াল কনডিসানে পোঁছে দেওয়ার চাইতেও বড় কাজ ভেঙ্গে পড়া মুমূর্ষু গ্রামীণ অর্থনীতিকে পুনরুজ্জীবিত

করা গ্রামের মানুষের জীবনে কৃষকদের জীবনে স্বাচ্ছন্দবোধ আনা। গ্রাম বাঁচলে শহর বাঁচবে। গ্রামের লক্ষ লক্ষ লোক যারা তলায় পড়ে আছে তাদের আগে টেনে তুলতে হবে উপরের দিকে। আজকে পাইলটরা ১৮ টাকা দৈনিক দুপুরের খাবার ২২ টাকা রাতের খাবার, এই দাবী নিয়ে স্ট্রাইক করার হুমকি দিচ্ছেন। হয়ত শুনবো রাজনৈতিক কোন কোন দলও সামিল হয়ে বলবেন "এ লড়াই বাঁচার লড়াই, এ লড়াইয়ে জিততে হবে" ইত্যাদি। আর বি ই কলেজের বা ইঞ্জিনীয়ারিং কলেজের পাশ করা যুবকরা, বি-এ, এম-এ, পাশ করা যুবকরা পিয়নের চাকরী বা টিউশনির ধান্ধায় বেড়াচ্ছে। এগ্রিকালচারাল গ্রাজুয়েটেরা বেকার হয়ে বসে আছে। অথচ শোনা যাচ্ছে 'সবুজ বিপ্লব' সাধিত হয়েছে। ফ্রন্ট সরকারকে বিরাট কর্মযজ্ঞে নামতে হবে তার তার মধ্যে দিয়েই বেকারীর বিরুদ্ধে সত্যিকারের লড়াই হবে। আজকে আমাদের সামনে যেসব বড় বড় বকেয়া প্রকল্প রয়েছে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দাবী করবো, তিনি যেন সমস্ত শক্তি দিয়ে দৃঢ়তার সংগে সেইসব বকেয়া জাতিগঠনমূলক প্রকল্পগুলিকে রূপায়িত করার সংকল্প ঘোষণা করুন। কেন্দ্রের বিরুদ্ধে মেকী লড়াইয়ের গদা ঘোরালে চলবে না। এইসব বড় বড় প্রকল্পগুলি সম্বন্ধে কেন্দ্রের মনোভাব যাচাই করতে হবে—কেন্দ্রীয় সরকার প্রয়োজনীয় অর্থ রাজ্য-সরকারকে দেবেন কিনা পরিষ্কারভাবে জেনে নিতে হবে। রাজ্য-সকারের ন্যায্য প্রাপ্য অর্থ সাহায্য জোরালোভাবে রাজ্যের বক্তব্য তুলে ধরতে হবে, সারা ভারত জুড়ে এবং বিশেষ করে দিল্লীতে জোরালোভাবে রাজ্যের বক্তব্য তুলে ধরে কেন্দ্রের ভণ্ডামির মুখোস খুলে দিতে হবে। এ বিশ্বাসে আমি আজও অটল—যদি গভীর দেশপ্রেম থাকে, সততা, নিষ্ঠা, কঠোর পরিশ্রম ও শৃঙ্খলাবোধ থাকে তবেই দেশকে গড়তে পারা যাবে, যে কোন চ্যালেঞ্জের সম্মুখীন হওয়া যাবে। বড় বড় প্রকল্পগুলি কুড়ি বছরেও কার্যকরী হয় নি, পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে। হাওড়ার দ্বিতীয় পুল, তিস্তা ব্যারেজ ও বহুমুখী উত্তরবঙ্গ নদী নিয়ন্ত্রণ প্রকল্প, কলকাতার স্টেডিয়াম, দুর্গাপুর এক্সপ্রেস হাইওয়ে, মেমারী ডাইভারসন রোড, চক্রবেড় রেল, হলদিয়া জাতীয় সড়ক যেখানে চার কোটি টাকা খরচ হবে—কেন্দ্রীয় সরকার টাকা দেবেন। মেদিনীপুরের দুবদা বেসিন প্রকল্প, হিংলা-ইরিগেসন প্রজেক্ট, ক্ষুদ্র সেচ প্রকল্পগুলির রূপায়ন, বর্ধমানের সদরঘাট ব্রীজ, নদীয়া জেলার গোপিয়া নদী, জলাঙ্গী নদী, পলদা, কলিঙ্গ মনসা, ভান্ডারদহ ইত্যাদি বিল সংস্কার। মৎস্য চাষের জন্য দেশে প্রোটিন খাদ্যের সরবরাহ বৃদ্ধির জন্য শত শত খাল বিল ভেড়ী সরকার নিজের হাতে নিয়ে সংস্কার করতে পারেন, তাতে হাজার হাজার গরীব মৎস্যজীবীর কর্মসংস্থান হবে। এইসব কাজগুলো কার্যকরী করতে পারলে আমরা হাজার হাজার দক্ষ কর্মক্ষম বেকার যুবকদের কাজ দিতে পারবো। বেকার ভাতা দিয়ে কি সমস্যার মোকাবিলা করা যায়? অ্যাগ্রো ইন্ডাস্ট্রিজ, স্মল ইন্ডাস্ট্রিজ-এর প্রসার ঘটাতে পারলে অগণিত বেকার মানুষদের কাজের ব্যবস্থা হবে। কৃষি উন্নয়নের সাথে সাথে শিল্পের প্রসার হওয়াই স্বাভাবিক, আর শিল্পজাত দ্রব্যের চাহিদাও বাড়বে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শুধু মুখে বিপ্লবের কথা বললে কবে না। যে দুর্নীতি সমাজের রন্ধ্রে রন্ধ্রে প্রবেশ করেছে সেই দুর্নীতির মূলোৎপাটন করতে হবে। মনে রাখতে হবে যুক্তফ্রন্ট শুধু চৌদ্দটি রাজনৈতিক দলের ফ্রন্টই নয়—সমগ্র পশ্চিম বাংলার চার কোটি মানুষের ফ্রন্ট। মনে রাখতে হবে মুখে শুধু বিপ্লবের কথা বললেই চলবে না, বুঝতে হবে বিপ্লব কাকে বলে। লেনিন বলতেন, বিপ্লব নোংরা হাতের কাজ নয়। বিপ্লব মওদল—দেবতার খেয়াল খুসী চরিতার্থতার হাতিয়ার নয়, বিপ্লব ধ্বংসের প্রমত্ত তান্ডবও নয়। বিপ্লব হচ্ছে মৌলিক দ্রুত আমূল পরিবর্তন। তার জন্যে নতুন সামাজিক ভাবধারা সৃষ্টি করতে হবে। তার জন্যে দেশে জনমানসে ভাব বিপ্লবের ক্ষেত্র প্রস্তুত করতে হবে। তার জন্যে ভাব-রাজ্যে আজকে বিপ্লব আনতে হবে। তবেই আমরা দেশকে এগিয়ে নিয়ে যেতে পারবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই আমরা একটা দারুন সংকটের মধ্যে এসে গিয়েছি। কিন্তু আমি নিরাশ নই। আমরা এই সঙ্কট কাটিয়ে উঠতে পারবো বলে আমি বিশ্বাস করি। আজকে মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো, দলের নেতা হিসাবে দেশের নেতা হিসাবে, এই কারেন্ট বিধানসভার বাজেট অধিবেশনে তিনি ঘোষণা করুন যেমন বিহারে আইয়ার কমিশন বসেছিল দুর্নীতির তদন্তের জন্য, তেমনি ব্যাপক ক্ষমতা সম্পন্ন, উচ্চ ক্ষমতা সম্পন্ন দুর্নীতি নিবারণ

ট্রাইবুন্যাল গঠনের ঘোষণা এই বাজেট অধিবেশনেই করা হোক। এটা যুক্তফ্রন্টের ৩২ দফা কর্মসূচীর অন্তর্ভুক্ত। এই দুর্নীতির নিবারণ ট্রাইবুন্যালে দেশের প্রাক্তন মন্ত্রী বর্তমান মন্ত্রী, ট্রেড ইউনিয়ন নেতা, রাজনৈতিক নেতা, সরকারী কর্মচারী, অফিসার যিনিই দুর্নীতির দায়ে অভিযুক্ত হবেন তাঁর বিষয় বিচারের জন্য ট্রাইবুন্যালে পাঠিয়ে দিতে হবে। বিচারে যা রায় হবে সরকারকে তা মেনে নিতে হবে। আমি বলতে চাই, বাংলাদেশের মানুষ এই কথাই বলতে চায়, কুড়ি বছরের কংগ্রেসী রাজত্বে বিচারের বাণী নীরবে নিভৃতে কেঁদেছে, সুবিচার পায় নি, অন্যায় বিচারের প্রতিকার হয় নি। যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে জনসাধারণকে এই আশ্বাস দিতে হবে—যে সমাজ দুর্নীতির ভিত্তি আমরা টলিয়ে দেব। আমরা চাই সরকার জোরের সংগে ঘোষণা করবেন যে দেশের সকল মানুষ বিচার পাবেন। আমরা আধপেটা খেয়ে দিন কাটাতে প্রস্তুত, আরো ত্যাগ স্বীকার করতে প্রস্তুত, কোমরের বেল্ট আরো কষতে রাজী, বৃহত্তর স্বার্থে, দেশের স্বার্থে। কিন্তু আমরা অবিচার, দুর্নীতি, অত্যাচার শোষণ বরদাস্ত করবো না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শক্তির বড়াই আমাদের কোন শরিক দল যেন না করেন। শক্তির যথার্থ পরিচয় দৌরাত্ম্যে নয়, উপদ্রবে নয়, শক্তির পরিচয় নিজ দলের শক্তির সমাবেশ করে অপর দলকে স্তব্ধ করে দেওয়ার মধ্যে নয়। শক্তির যথার্থ পরিচয় সংযমে, চারিত্রিক দৃঢ়তায়, নিষ্ঠায়, সততায়, শক্তির সত্যিকারের পরিচয় পরমতম সহিষ্ণুতায়, শক্তির যথার্থ পরিচয় অপরাজেয় সংকল্প নিয়ে নিয়ে নিষ্ঠা, সততা নিয়ে সমস্ত দুর্নীতি অবিচারের মূলোৎপাটন করার মধ্য দিয়ে লাঠি, শড়কী, তীর-ধনুক, বল্লম বা প্রজ্জ্বলিত মশালের প্যারেড করে সাময়িকভাবে কাউকে ভয় দেখান যায়, কিন্তু দেশের জনগণের অন্তর জয় করা যায় না। আজকে আপনার কাছে, এই সভার কাছে এই কথাই বলবো, বাংলাদেশের সমস্যা বুঝে বাস্তববাদী দৃষ্টিভংগী নিয়ে প্রতিকারের ব্যবস্থা করতে হবে। বড় বড় লুঠেরার দল বাংলাদেশকে লুঠ করছে। শুধু তাই নয়, একদিকে এভাবে ফ্লাইট অফ ক্যাপিটাল হচ্ছে, আর একদিকে বাংলাদেশের উপর বিড়লা গোষ্ঠী বজ্রমুষ্টির চাপ বৃদ্ধি পাচ্ছে। আপনি জানেন বিড়লারা আসতে আসতে এন্ড্রুইল হস্তগত করেছে। বিড়লারা আসতে আসতে সম্পূর্ণ ইন্ডিয়া কেবলসে শেয়ার কর্নার করেছে। বিড়লা গোষ্ঠী ইন্ডিয়ান কপার কর্পোরেশন-এ শেয়ার কর্নার করেছে, গোয়েঙ্কাদের শেয়ার হাতিয়ে তাদের মাধ্যমে ইন্ডিয়ান আয়রণ-এর শেয়ার ক্রয় করে গোয়েঙ্কা আর ডানকান ব্রাদার্স সেই কোম্পানী দুটোর মধ্যেও আসতে সচেষ্ট। গোয়েঙ্কা আর ডানকান ব্রাদার্স হ্যাভ অলরেডি কর্নার্ড শেয়ারস অব সেভারেল কোম্পানীজ তার মধ্যে গিলেন্ডার্স আরবুথনট, শওয়ালেশ আছে। এ ছাড়া ডানকান ব্রাদার্সের অধীনস্থ বামার-লরি কোম্পানী, ইউলিয়াম জোগার, এগুলো একচেটিয়া পুঁজিপতিরা নিজেদের পূর্ণ দখলে আনার চক্রান্ত করছে। বাংলার চা-বাগানের শতকরা প্রায় ৭০ ভাগ দেশ স্বাধীন হবার পর এবং চটকলের শতকরা ৮০ ভাগ এই সব অসৎ বাংলাদেশের স্বার্থ বিরোধী বাঙ্গালী বিদ্বেষী মাড়োয়ারী কালো-বাজারী লুঠেরা শিল্পপতিদের হাতে চলে গেছে গত ২০ বছরে। প্রতিটি ক্ষেত্র থেকে বাঙ্গালীকে উৎখাত করাই এদের কাজ। যুক্তফ্রন্ট সরকার কি তাদের বরদাস্ত করবেন ?

আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলছি এইভাবে বিড়লার এবং একচেটিয়া পুঁজিপতিদের যে কন্ট্রোল বাংলাদেশের উপর চেপে যে শ্বাস রোধকর পরিস্থিতির সৃষ্টি হয়েছে তার বিরুদ্ধে দাঁড়ান। আপনি সুস্পষ্ট নীতি ঘোষণা করুন আমরা আপনার পিছনে আছি। বাংলার ৪ কোটি মানুষ আছে তার পিছনে। নতুন দেশপ্রেমের জোয়ার সৃষ্টি করে পশ্চিম বাংলাকে পুনরুজ্জীবিত করতে হবে। শ্লোগান দিয়ে দেশ গড়া যায় না। আমি আপনার কাছে আহ্বান জানাচ্ছি যে ১৫ কোটি টাকা আমরা জলঢাকা প্রকল্পে খরচ করেছি। আমি আপনাকে বলছি এত বড় প্রকল্প সর্বনাশের মুখে দাঁড়িয়ে যাচ্ছে। আপনি মুখ্যমন্ত্রী, আপনি কড়া হাতে এগিয়ে এসে সমস্যার মোকাবিলা করুন। যদি বিপর্যয়ের হাত থেকে এই জলঢাকাকে বাঁচাতে না পারেন, আগামী ১।১২ মাসের মধ্যে তাহলে সম্পূর্ণভাবে এই ১৫ কোটি টাকা জলে চলে যাবে। সমস্ত অর্থটি অপচয় বলে গণ্য হবে। সমস্ত উত্তর বাংলার প্রতি ক্ষতি সাধিত হবে, জলঢাকা

প্রকল্প ব্যর্থ হবে বা বিনষ্ট হবে। আমি আপনাকে বলছি যে ৭৫ লাখ টাকা কংগ্রেসর আমলে খরচ করা হয়েছিল আমেদপুরের ন্যাশনাল সুগার মিলস-এর জন্য, সমস্ত টাকা জলে চলে গেল। ভারতের মধ্যে সর্বাধুনিক যন্ত্রপাতি নিয়ে এক জাতীয় কারখানা স্থাপন করা হয়েছিল। কিন্তু সুতিকা ঘরে এর অপমৃত্যু ঘটলো কেন? কোনই কি প্রতিকার নেই? আপনি নেতৃত্ব দিন, যুক্তফ্রন্ট নেতৃত্ব দিয়ে আমেদপুরের সুগার মিল নিয়ে নিন। আমি খুসী হয়েছি যে, আপনারা সেকস্‌বাই ফারমার নিয়ে নিয়েছেন। শুধু নিলেই হবে না, ইট মাস্ট বি রান প্রফিট্যাবিলি, এফিসিয়েন্টলি। আমি পূর্ব জার্মানী কমিউনিস্ট সরকারের একটি পুস্তক পেলাম গত সপ্তাহে, তাতে বলা হয়েছে লিবারম্যান ডিবেটের উল্লেখ করে যা তিনি বলেছিলেন যে, সোসালিস্ট ইকোনমিতে এভরি ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্ল্যান ইউনিট হ্যাজ টু বি রান ইকোনমিক্যালি এন্ড প্রফিট্যাবিলি। লিবারম্যান ডিবেট সমগ্র সোসালিস্ট রাষ্ট্রের মধ্যে আলোড়ন সৃষ্টি করেছে। রুশ কমিউনিস্ট অর্থনীতিবিদ এই থিয়োরীর প্রবক্তা এতদিন শোনা যেত পুঁজিবাদী রাষ্ট্রের অর্থনীতিই কেবলমাত্র লাভ-লোকসানের নীতির ভিত্তিতে চলে। কিন্তু তা নয়। সমাজবাদী রাষ্ট্রের অর্থনীতিও সেই লাভ-লোকসানের চুলচেরা হিসাব করে, দক্ষতার হিসাব করে এগুচ্ছে। তিনি প্রাভদাতে প্রফিটস, প্রিমিয়াম এন্ড লসের উপর যে প্রবন্ধ লিখেছিলেন, আজ বাংলার যুক্তফ্রন্টের শরীক দলের সভ্যদের সবাইকে বলবো যে আপনারা লিবারম্যান ডিবেটকে ফলো করুন। আপনারা দেশকে গড়ে তুলুন। শুধু ন্যাশনালাইজ করলেই হবে না, উৎপাদন বাড়াতে হবে। উৎপাদন বৃদ্ধির কথা কেউই বলেন না। কোন শ্রমিক নেতা উৎপাদন বৃদ্ধির কথা বলেন না কেন? কোন ক্ষেত্রে যেন উৎপাদন সঙ্কুচিত না হয় এবং উৎপাদন বাড়িয়ে আমরা দেশকে এগিয়ে নিয়ে যাব। এটা আমাদের মনে রাখতে হবে যে স্লাইস্‌ অব দি কেক দ্যাট ইভেন্ট টু হ্যাভ উড্‌ আলটিমেটলি ডিপেন্ড অন দি সাইজ অব কেক ইটসেল্ফ। যদি কেকটা আমরা বড় তৈরী করতে পারি তাহলে সেই কেকের স্লাইসটা অন্ততঃ বড় হবে। প্রতিটি কমিউনিস্ট দেশের নেতারা উৎপাদন বৃধির কথা, শৃঙ্খলার কথার উপর অত্যাধিক জোর দেন। ভারতের বেলায় অন্য নীতি হবে কেন। শ্রমিকদের ন্যায্য দাবী, মজুরীর জন্য লড়তে হবে, মালিকের লুণ্ঠন, শোষণ বন্ধ করতে হবে। কিন্তু সেই সঙ্গে শ্রমিকদের দায়িত্ব ও কর্তব্য সম্বন্ধে ট্রেড ইউনিয়ন নেতাদের স্মরণ করিয়ে দিতে হবে। আজকে বিদায় নেওয়ার আগে আপনাদের বলবো যে নিরাশ হবার কোন কারণ নেই। আমাদের সরকারকে ভেঙ্গে দেবার ক্ষমতা দেশের জনসাধারণ ছাড়া আর কারও নেই। আমরা যেন শক্ত হাতে পাঞ্জা কসতে পারি। আমাদের মনে রাখতে হবে, যে সংকট আমাদের সামনে সেই সংকট থেকে আমাদের উত্তীর্ণ হতে হবে আমাদের অপরাজেয় সঙ্কল্প নিয়ে। শুধু সোসালিজমের মন্ত্র উচ্চারণ করে অত্যাচার, অবিচার, শোষণ, দুর্নীতির ভূতকে তাড়ান যাবে না। জাতীয় চরিত্র তৈরী করতে হবে। সততা চরিত্র কঠোর, পরিশ্রম, ত্যাগ ও দেশের প্রতি কর্তব্য পালন আজ সবচেয়ে বেশী দরকার। বাংলাকে সেই নেতৃত্ব নিতে হবে।—

"ওরে তুই আপন বেগে চল এগিয়ে দুর্নিবার,
ওরে তোর চলার পথে ঠেকিয়ে রাখে সাধ্য কার,
মরণের শঙ্কা মাঝে, বিজয়ের ডঙ্কা বাজে
সেই ধ্বনিতে মিলিয়ে ধ্বনি টুটিয়ে বাধা চূর্নিবার, চল এগিয়ে দুর্নিবার।"

দুর্নিবার গতিতে যুক্তফ্রন্ট এগিয়ে চলুক এবং এই আশ্বাস নিয়ে যাব যে সংকট যত তীব্র, রোগ যত তীব্র এবং বিকট সমস্যা যত জটিল হোক সমাধানের তথা সাফল্যের গৌরবও তত মহীয়ান হবে। মনে রাখতে হবে রাত্রি যত অন্ধকার হবে প্রভাত পাখীর কাকলী তত সুনিশ্চিত। জয়হিন্দ্‌।

[4-25—4-35 p.m.]

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ ৪ দিন ব্যাপী বাজেটের উপর যে আলোচনা হয়েছে আমি অত্যান্ত মনোযোগ সহকারে তা শুনেছি এবং কোন কোন বক্তার বক্তৃতা শুনে আমি খুবই আনন্দিত হয়েছি যা আমার বন্ধু বলেছেন এবং আমার অব্যবহিত পূর্ববর্তী

বক্তা শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয়ের কথা শুনে সত্যিই আমি উৎসাহিত হয়েছি। প্রথমে মার্চ মাসে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যখন যুক্তফ্রন্টের বাজেট এখানে পেশ করেন তখন তিনি নীতি হিসাবে বলেছিলেন যে তাঁরা মোটামুটিভাবে যাতে বাংলার জনসমাজ ন্যায় বিচার পেতে পারে, জনগণ সামাজিক নিরাপত্তা লাভ করতে পারে সেই ব্যবস্থা সৃষ্টি করাই হবে তার প্রধান কাজ এবং সেদিকে তিনি লক্ষ্য রাখবেন।

বস্তুতঃ প্রত্যেক দেশের বাজেটে যারা সরকার পরিচালনা করেন মূলতঃ তাদের নীতি প্রতিফলিত হয় এটা সর্বত্র আমরা দেখতে পাই। গত মার্চ মাসে যে বাজেট আমাদের সামনে দেওয়া হয়েছিল অত্যন্ত অল্প সময়ের মধ্যে যুক্তফ্রন্ট সরকার সেই বাজেট তৈরী করবার অবকাশ পান নি বলে তাঁরা স্বীকার করেছিলেন যে সেই বাজেট পূর্বতন যারা কর্তৃপক্ষ, তাদের হাতে তৈরী ছিল এবং তিনি তার পূর্ণ দায়িত্ব নিতে প্রস্তুত ছিলেন না। তারপর ৪ মাস কেটে গেছে—এই ৪ মাসে আমরা আশা করেছিলাম যে নানাদিক চিন্তা করে তাঁদের যে বৈপ্লবিক দৃষ্টিভঙ্গী তা এই বাজেটের মধ্যে ফুটিয়ে তুলবেন, কিন্তু দুর্ভাগ্যক্রমে আমাদের নেতা সিদ্ধার্থবাবু যেমন বলেছিলেন আমিও ঠিক সেই হিসাবে পুঙ্খানুপুঙ্খরূপে বাজেটের প্রত্যেক পাতা লক্ষ্য করেও দেখলাম না নূতন কিছু দৃষ্টিভঙ্গী, বৈপ্লবিক তো দূরের কথা, নূতনত্ব কিছুই পেলাম না—সেই গতানুগতিক কাঠামোর মধ্যেই মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী জুলাই মাসে আমাদের সামনে তাঁর সংশোধিত বাজেট উপস্থিত করেছেন। কেবল দেখলাম কি? কতকগুলি জায়গায় অবিবেচনাপ্রসূত অধিক অর্থসংস্থানের ব্যবস্থা করেছেন মাত্র, নূতন কিছু পলিসি তার মধ্যে নেই—টাকা দুহাতে ছড়াবার ব্যবস্থা তিনি দেখিয়েছেন। মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী ৪ মাসের জন্য যে ভোট অন অ্যাকাউন্ট নিয়েছিলেন বিধানসভার অনুমোদন নিয়ে তারপর ৪ মাস চলে যাবার পরেও কোন খাতে আগেকার বাজেটে যে অধিক অর্থ দেখানো হয়েছিল, এমন কথা তিনি বলেন নি। শুধু তিনি কয়েকটা খাতে অতিরিক্ত ব্যয়-বরাদ্দের দাবী আজ আমাদের সামনে উপস্থিত করেছেন। সংশোধিত বাজেট থেকে এটাই প্রমাণ হচ্ছে যে বাজেটে যেসব সংখ্যা দেখানো হয় তার মধ্যে অনেক থেকে যায় কাল্পনিক। গত মার্চ মাসে যে বাজেট আমাদের সামনে দেওয়া হয়েছিল সেই বছরের প্রারম্ভে ঘাটতি আশঙ্কা করা হয়েছিল ২২ কোটি ৬৪ লক্ষ টাকা, এখন সেটা সংশোধন করে বলেছেন যে ঘাটতি মোটেই নেই পরন্তু ১১ কোটি ৮৮ লক্ষ টাকা আমাদের উদ্বৃত্ত মার্চ মাসের শেষে থেকে গেল। তাহলে বোঝা যাচ্ছে যে ৩৪ কোটি ৫২ লক্ষ টাকা বাজেটের মধ্যে হাত সাফাই করে রখা ছিল। এই হাত সাফাইয়ের নীতিটা যদি বর্তমান বাজেটে তিনি অনুসরণ করে থাকেন তাহলে জানি না বর্তমানে যে ৬৫ কোটি ৫৫ লক্ষ টাকা ঘাটতি দেখানো হচ্ছে তার মধ্যে কতটুকু বেরিয়ে যায়। (সরকার পক্ষের বেঞ্চ হইতেঃ আপনি কিছুই পড়েন না) আমার বন্ধুরা যাঁরা বাজেট সম্বন্ধে খুব বেশী ওয়াকিবহাল, তাঁরা পিছন থেকে টিপ্পনি করছেন, তাঁরা তাঁদের বক্তব্য যথা সময়ে রাখবেন।

তিনি জানেন না যে আমাদের রাজস্ব খাতে ৫১ কোটি ৭৭ লক্ষ টাকা এবং মূলধন খাতে ১৩ কোটি ৭৮ লক্ষ টাকা—অর্থাৎ যদি যোগ জানেন তাহলে দেখবেন যে ৬৫ কোটি ৫৫ লক্ষ টাকা হচ্ছে মোট ঘাটতির পরিমাণ। এই বিরাট ঘাটতির কারণ সম্পর্কে যা বলা হয়েছে তা সর্বতোভাবে স্বীকার করা যায় না।

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** স্যার, ডাঃ সান্যাল যখন পি ডি এফ-এর কিছুকাল মন্ত্রী ছিলেন তখন তিনি নাকি ১৯৬৭ সালে গোপনে চেষ্টা করেছিলেন ফাইন্যান্স মিনিস্টার হতে?

**মিঃ ডেপুটি স্পীকারঃ**
It is no point of order. I would request the honourable members not to raise on some flimsy grounds

**ডাঃ নলিনাক্ষ সান্যালঃ** আমি যখন মন্ত্রিমণ্ডলীতে ছিলাম সে সময় বিভূতি পাহাড়ী মহাশয় কো-অপারেটিভ-এর ব্যাপার নিয়ে বিশেষ সুযোগ নিতে [illegible] এসেছিলেন।

**শ্রীবিভূতি পাহাড়ী:** তিনি সর্বৈব মিথ্যা কথা বলছেন। ৯১ দিনের মধ্যে কোন সময়ে তাঁর সঙ্গে আমি দেখা করি নি।

**Mr. Deputy Speaker:** Mr. Pahari, you have denied the allegation which has been made by Dr. Nalinaksha Sanyal. Now, please take your seat.

**শ্রীনেপালচন্দ্র রায়:** অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, আমাদের বক্তা যখন বক্তৃতা করলেন তখন প্রিভিলেজ তুলতে কোন আইন বলে আপনি তাঁকে অ্যালাউ করেছেন সে বিষয়ে আপনার রুলিং চাই। নিয়ম বা এই হাউস-এর কনভেনসন হচ্ছে যদি কোন বক্তা কারুর সম্বন্ধে কোন রকম অপ্রীতিকর কথা বলেন তাহলে তিনি তার ক্ল্যারিফিকেসন-এর জন্য বলতে পারেন আফটার দি স্পীচ ইন বিটুইন স্পীচ বলতে পারেন না।

**মিঃ ডেপুটি স্পীকার:**
Please continue, Dr. Sanyal. There is no point of order raised by Mr. Nepal Ray.

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** এই যে বিরাট ঘাটতি, এই ঘাটতির কারণ সম্পর্কে মুখ্যমন্ত্রী কিছু কিছু তথ্য আমাদের কাছে উপস্থিত করেছেন। এই কারণ স্বাভাবিকভাবে স্বীকার্য নয়। এর পেছনে কিছু সাফাই আছে কিনা কে জানে। এই বাজেটের প্রতি খাতে একটা জিনিস স্পষ্ট হয়েছে যে বর্তমান বছরে ৪ কোটি জনগণের মধ্যে মুষ্টিমেয় আড়াই লক্ষ সরকারী কর্মচারী, আরও সম পরিমাণ আধা সরকারী কর্মচারী ও শিক্ষকবৃন্দ ইত্যাদি সমস্ত নিয়ে ৬ লক্ষ লোকের বিশেষ সুবিধার জন্য একটা স্পেস্যাল প্রিভিলেজ ক্লাস সৃষ্টি করা হয়েছে। তাদের জন্য হৃদয় বিগলিত হয়ে গেল এবং তার ফলে সেন্ট্রাল গভর্নমেন্টের ডি এ ইত্যাদি আরও সুযোগ সুবিধা দেবার জন্য ৯ কোটি টাকার মত দেবার ব্যবস্থা করা হোল যে সময় বাংলার পল্লীতে পল্লীতে বুভুক্ষু নরনারী সামান্য রিলিফের জন্য হাহাকার করছে সে সময় এই ব্যবস্থা করা হল।

[4-35—4-45 p.m.]

চাষীর যখন জমিতে চাষ করবার উপযুক্ত উপায় নেই সেই সময় ৪ কোটি লোকের মাঝখানে মাত্র ৬ লক্ষ লোককে সুবিধা দেবার জন্য বাংলাদেশকে দেউলিয়া করে দিলেন আমাদের মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী। এটা দেখে স্বভাবতই মনে হয় এর মধ্যে অন্য কোন মতলব আছে। এই ক্রান্ত শুধু কয়েকটা জায়গায় তাঁদের বৈপ্লবিক কার্যকলাপ ছড়িয়ে দেবার জন্য করছেন এটা বললে বোধহয় অন্যায় হবে না। এটা যদি হয় তাহলে এর চেয়ে বড় দুর্নীতি বাংলাদেশে আর কখনও কেউ করতে পারে নি। আমাদের কাছে বলা হয় কংগ্রেসের আমলে নানা জায়গায় দুর্নীতি হয়েছে। আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে পারি কি, তাঁদের বহু ঘোষিত এবং অগ্রাধিকার দেওয়া হবে বলে যা ঘোষণা করেছিলেন অর্থাৎ বাংলাদেশের নূতন যুক্তফ্রন্ট সরকার সম্পূর্ণভাবে এখানকার দুর্নীতি রোধ নয়, উচ্ছেদ করবেন বলে যা বলেছিলেন তার কি হোল? এই বাজেটে আমি তো দেখলাম না সেই দুর্নীতি দূর করবার জন্য নূতন কোন কর্মপন্থা গ্রহণ করা হয়েছে বা নূতন কোন কার্যসূচী নেওয়া হয়েছে বা নূতন কোন প্রতিষ্ঠান গড়ে তুলেছেন। তার তো কোন লক্ষণ দেখতে পাচ্ছি না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, সংশোধিত হিসেবে অতিরিক্ত খরচ দেখান হয়েছে কর্মচারীদের কেন্দ্রীয় হারে অতিরিক্ত মহার্ঘ ভাতা দিতে নয় কোটি টাকা এবং উত্তরবঙ্গের বন্যা বিধ্বস্ত জনগণের জন্য ৪ কোটি কয়েক লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এই দুটি ছাড়া অন্য বিষয়ে যে অবতারণা করা হয়েছে সে সম্পর্কে বিশেষ মতভেদের অবকাশ আছে। এই বিপুল ঘাটতির একমাত্র উদ্দেশ্য হচ্ছে কেন্দ্রীয় সরকারের সঙ্গে মুখোমুখি সংগ্রাম করবার রাস্তা খুঁজে বেড়ান। এই রাস্তায় কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে অহেতুক উত্তেজনা সৃষ্টি করা যেতে পারে, কিন্তু পশ্চিম বাংলার জনসাধারণের জীবনের মান উন্নয়ন করবার রাস্তা এটা নয়। ৫৫ কোটি ৬৫ লক্ষ টাকা ঘাটতির পর বাংলাদেশের অর্থনীতির উপর প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে কি প্রভাব আসতে পারে সেটা ভাবা দরকার। কিভাবে

এই ঘাটতি পূরণ করা যেতে পারে সে সম্পর্কে বলতে গিয়ে আমাদের মুখ্যমন্ত্রী প্রধানতঃ ৪টি পথের কথা বলেছেন। নূতন কর চাপান, কেন্দ্রকে প্রদেয় আসল এবং সুদ পরিশোধের ব্যবস্থার পুনর্বিন্যাস করা, অর্থ কমিশনের চূড়ান্ত সুপারিশের ফলে পরিকল্পনা বহির্ভূত রাজস্ব খাতে ঘাটতি সম্পূর্ণভাবে পূরণ এবং পরিকল্পনার ব্যয়ের জন্য রাজ্যগুলিকে সাড়ে তিন হাজার কোটি টাকা থেকে বাড়িয়ে সাড়ে চার হাজার কোটি যদি করা হয় তাহলে রজ্যের অন্য কেন্দ্র থেকে অতিরিক্ত সহয়তা পাবার সম্ভাবনা আছে।

আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে বিশেষভাবে অনুরোধ করি যে তিনি যে চারটি কার্যক্রম দেখিয়েছেন, তার যৌক্তিকতা এবং সম্ভাব্যতা সম্বন্ধে বিশেষভাবে প্রনিধান করুন। আমার ক্ষুদ্র বুদ্ধিতে মনে হয় এই চারটি উপায়ই অনিশ্চিত এবং কিছুটা অবাস্তব। যদি ঘাটতি পূরণের টাকা না মেলে? এতদিন দু-পক্ষ থেকে অনেক কাদা ছোঁড়াছুঁড়ি হয়েছে রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে বেশীরভাগ আলোচনা শুনেছি। এবার অর্থনৈতিক দিকটা চিন্তা করে দেখুন। যদি ঘাটতি পূরণের টাকা না মেলে, তাহলে তার পরিণতি কি হবে? কর্মচারীদের জন্য বাড়তি ভাতা এবং ট্রাম বাসের জন্য যে অতিরিক্ত লোকসানের ভাগ তা ঘর থেকে আগেই বেরিয়ে যাবে। টাকা যখন পড়বে কম রাজস্বের টাকা, ওয়েজ এন্ড মীন্স ফান্ডে যখন দেখা যাবে টাকা নাই, তখন এর প্রতিক্রিয়া হবে কার উপর? যে সব কর্মসূচী আমাদের সামনে তুলে ধরা হয়েছে কৃষি শিল্প স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠান এবং আরও যে সমাজকল্যাণমূলক ব্যবস্থা, তার জন্য টাকা পাওয়া যায় না, এই সমস্ত উন্নয়নমূলক পরিকল্পনা টাকার অভাবে বাতিল হয়ে যাবে। পশ্চিম বাংলা কেন্দ্রীয় সরকারের মত নোট ছাপিয়ে ডেফিসিট ফিন্যান্স মীট করতে পারবে না এই রকম সম্ভাবনা তো নাই। সুতরাং সারা ভারতের তুলনায় আমরা আরও পিছিয়ে যাব। যদি আপনারা মনে করে থাকেন এই হচ্ছে কেন্দ্রের সঙ্গে সংগ্রামের মস্ত বড় হাতিয়ার তাহলে আপনি অত্যন্ত ভুল করবেন। তার কারণ আপনি নিজেই হিসাবের মধ্যে দেখিয়েছেন ২০০ কোটি টাকা কেন্দ্র আমাদের পঞ্চবার্ষিকী পরিকল্পনার ৪র্থ পর্যায়ে দেবে, দেওয়ার দায়িত্ব নিয়েছে কিন্তু ২৩৪ কোটি টাকা ঋণ এবং সুদের জন্য অমাদের দেওয়া আছে কেন্দ্রের কাছে। যদি কেন্দ্রকে বুঝিয়ে ফিন্যান্স কমিশনকে আপনাদের যুক্তির সারবত্তা উপলব্ধি করিয়ে এই টাকার অংক না বাড়াতে পারেন তাহলে যে কোন মুহূর্তে সমস্ত উন্নয়নমূলক কাজ বন্ধ হয়ে যাবে। এই অবস্থায় আপনাদের বিশেষ ভাবা উচিত ছিল না কি? আর এদিকে কতবগুলি খরচ করে ফেলতে চাচ্ছেন যার জন্য কোন নূতন অর্থনৈতিক শক্তির উৎস তৈরী হচ্ছে কি? এমন কি নূতন করে দেশের কল্যাণের কাজে সার্ভিসেস বা কমোডিটিজ কিছু তো তৈরী হচ্ছে না। অতএব আপনার ভাবা উচিত ছিল, এইভাবে অর্থের অপচয় করার কি অধিকার অপানার আছে। আর যদি ধরে নেওয়া যায় কোন জায়গায় কোন গোপন পথ রেখেছেন, গোপন আয়ের পথ কিছু রেখেছেন, হয়তো লটারী করে টাকা আসবে, এই রকম করে যদি কোন টাকা পান তাহলে আর্থিক পরিণতি কি হবে? তাও ভাবতে হবে। এই যে ৬৫ কোটি টাকা ঘাটতি তা থেকে যদি বাৎসরিক উদ্বৃত্ত হাতে রাখবার জন্য ২০ কোটি টাকা রেখে দেন, ৪৫ কোটি টাকা অতিরিক্ত লোকের হাতে এসে পড়ে তার সেই পরিমাণ সঙ্গে সঙ্গে দেশের লোকের মধ্যে ভোগ্যবস্তু উৎপাদন করে সরবরাহের ব্যবস্থা না হয়, তাহলে সেখানে মুদ্রাস্ফীতি বা দ্রব্যমূল্য বৃদ্ধি অবশ্যম্ভাবী। এ সম্বন্ধে চিন্তা করুন।

[4-45—4-55 p.m.]

আপনি আপনার বক্তৃতার মধ্যে ইতিপূর্বে বলেছেন যে বাংলাদেশে ক্রমবর্ধমান যে মুদ্রাস্ফীতি এবং মূল্যবৃদ্ধি, তার অন্যতম প্রধান দায়িত্ব কেন্দ্রীয় সরকারের অর্থনীতির। আমি বলবো ঠিক অনুরূপভাবে আপনি যদি বে-হিসেবী খরচ করতে লাগেন এবং সঙ্গে সঙ্গে আমাদের এখানে উৎপাদন বৃদ্ধির অর্থনীতির দিকে জোর না দেন, তাহলে এখানেও মুদ্রাস্ফীতি অনিবার্য। তার ফলে আপনি যে কথাটা বলেছেন প্রাইসেস উইল চেইঞ্জ এন্ড সাপ্লাইজ উইল চেইঞ্জ প্রাইসেস।

এই দুই অপরিহার্য পরিণাম এখানেও হবে। এই স্পাইরেল অফ প্রাইসেস যদি বন্ধ করতে হয় তাহলে এই রকম টাকা পয়সার অপচয়ের হাত থেকে দেশকে রক্ষা করুন। এই ইনফ্লেসনারী

প্রেসার বন্ধ করতে হলে আর একটা উপায় অবলম্বনের দরকার আছে। সেটা হচ্ছে যে অতিরিক্ত ভাতা দেবার সংকল্প আপনি করেছেন এই টাকা এককালীন যদি কর্মচারীদের না দেওয়া হয় এবং তাদের প্রভিডেন্ট ফান্ড হিসেবে যে অতিরিক্ত টাকা দেওয়া হচ্ছে সেটা যদি বন্ড হিসেবে বা প্রভিডেন্ট ফান্ড হিসেব দেওয়া হয় তাহলে সরকার পক্ষ থেকে নগদ মুদ্রা বের করবারও প্রয়োজন হবে না এবং কিছু পরিমাণ স্বল্প সঞ্চয়ের টাকাও বেড়ে যাবে। তার ফলে আপনার আর্থিক কিছু সুরাহা হবারও সম্ভাবনা রয়েছে। এটাও একবার অনুগ্রহ করে ভেবে দেখবেন।

এই প্রসংগে পশ্চিম বাংলার শিল্পে এবং ব্যবসায় গত দু-তিন বছরে যে মন্দা দেখা দিয়েছে তার উপরও আপনার এই বাজেটের প্রতিক্রিয়া কি হতে পারে তাও ভাববেন। ব্যবসায়ী মহল কিছু কিছু শঙ্কিত হয়ে আছে একথাও অনস্বীকার্য।

(এ ভয়েস ঃ এতক্ষণে ঠিক জায়গায় এসেছেন !)

বাংলাদেশে ১৯৩০ সালে তদানীন্তন গভর্নমেন্ট রাজনৈতিক কারণে আমাকে বিশ্ববিদ্যালয়ের চাকরী থেকে অপসারণ করবার সিদ্ধান্ত করেন। তারপর আমি নিশ্চয়ই আমার উপজীবিকা হিসেবে চাঁদার খাতা নিয়ে দরিদ্র শ্রমজীবীদের থেকে টাকা নিয়ে বাঁচবার রাস্তা না দেখে আমি শিল্প-বাণিজ্যে যোগদান করবার চেষ্টা করি এবং আমার নিজের ব্যবসায় ভাল শিল্পপতিদের সংগে আমার যে পরিচয় [illegible] যে সংযোগ গত ৩০ বছর পেয়েছি, তার জন্য আমি বিন্দুমাত্র লজ্জিত হবার কারণ দেখি নি। কারণ আমাদের দেশে অর্থনৈতিক সংগ্রামে, আর্থিক উন্নতির [illegible] যারা লড়েছে, যারা চাঁদার খাতা নিয়ে বেড়ায় তাদের থেকে তাদের মর্যাদা কম নয়। আমাদের ব্যবসায়ী মহলে এর মধ্যে শংকা হয়েছে যে জিনিস তারা বাইরে থেকে আনতে চায় বাংলাদেশে তা যদি উৎপন্ন না হয়, তার মূল্যমান রক্ষা করা সম্ভব হবে না।

সেখানে এই ক্ষেত্রে দেখা যাচ্ছে যে পরিমাণ মাল বাংলার বাজারে আগে আসত গত অনেক সপ্তাহ [illegible] সেই মাল আসা কমে গিয়েছে এবং এই যদি কমে যাওয়ার রাস্তা আমরা বন্ধ করতে না পারি [illegible] জিনিসপত্রের সরবরাহ কমে যাবে, লোকের হাতে পয়সা [illegible] তার ফলে মূল্য বৃদ্ধি হবে এটা সহজেই আমরা অনুমান করতে পারি। [illegible] শ্রী [illegible] ছিলেন। [illegible] তিনি একথা [illegible] চেষ্টা করেছিলেন কিনা যে বাংলাদেশের তথাকথিত [illegible] শিল্প এবং [illegible] যে মন্দা দেখা দিয়েছে [illegible]। [illegible] না যে বাংলার বর্তমানে যে অর্থনৈতিক অবস্থা সে সম্পর্কে [illegible] মনে সন্দেহ নেই। ১৯৪৮ সালে বাংলাদেশের শিল্পের যা গতি ছিল [illegible] উৎপাদনের সংগে তুলনায় তখন বাংলার শিল্পজাত দ্রব্যের অংশ ছিল ২৮.৬ শতাংশ। সর্বভারতীয় শিল্পজাত দ্রব্যের মূল্যের তুলনায় বাংলার শিল্পের মূল্য ২৮.৬ পারসেন্ট [illegible] হত। তারপর থেকে আমরা দেখছি এ ফিগার সরকারী বই-এ ছাপানো [illegible] এবং মাননীয় অর্থমন্ত্রী মহাশয় নিশ্চয় সেটা লক্ষ্য করেছেন, বাংলার এই অংশ কমতে আরম্ভ করেছে। ১৯৬৬ সাল পর্যন্ত সরকারী যে হিসাব পাওয়া গিয়েছে তাতে দেখা যায় আমরা ২০.২ পারসেন্ট নেমে গিয়েছি। মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় বন্ধুদের আমি এই কথাই বলতে চাই যে কংগ্রেস আমলে তিনটি পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময় যে নীতি তাঁরা অনুসরণ করেছিলেন তারও একটা যুক্তি ছিল। সর্বভারতীয় ক্ষেত্রে পশ্চাৎপদ যে সমস্ত অঞ্চল তার সামগ্রিক উন্নতির দিকে লক্ষ্য রেখে অপেক্ষাকৃত এগিয়ে রয়েছে যে সমস্ত রাজ্য তাদের চেয়ে অনগ্রসর রাজ্যের দিকে তাঁরা বেশী দৃষ্টি দিয়েছিলেন। সে যুক্তি ভালো কি মন্দ সে বিচার আমরা এখানে করতে চাই না। কিন্তু একথা মনে রাখা দরকার যে এই যখন বাংলার শিল্পের অবস্থা, এটার যখন ক্রমবর্ধমান নিম্ন গতি তখন কিন্তু একটা মজার জিনিস লক্ষ্য করা যাচ্ছে। সেটা হচ্ছে আমাদের কর্মবিনিয়োগ—এমপ্লয়মেন্ট সেকটরে বাংলাদেশের কিন্তু তেমন নিম্নগতি হয় নি। বাংলাদেশে আমরা মোটামুটি দেখতে পাচ্ছি যে ১৯৬০-৬১ সাল থেকে ১৯৬৫-৬৬ সাল পর্যন্ত পঞ্চবার্ষিকী পরিকল্পনার ক্ষেত্রে, সর্বভারতীয় ক্ষেত্রে দেখা যাচ্ছে যে ১৯.০৯ মিলিয়ন এমপ্লয়মেন্ট ইনলার্জ ইন্ডাস্ট্রীজ ছিল, সেটা বেড়ে ১৫.৪৬ মিলিয়ন বাই এন্ড অব ১৯৬৫-৬৬ হয়েছিল।

[4-55—5-05 p.m.]

এবং ২৮ পারসেন্ট অ্যাভারেজ গ্রোথ রেট অর্থাৎ বছরে ৫ পারসেন্ট করে এমপ্লয়মেন্ট বেড়েছিল সেই প্ল্যান পিরিয়ডে। বাংলাদেশও তার সঙ্গে তাল রেখে চলেছিল। পরবর্তী পর্যায়ে দেখা যাচ্ছে এই গ্রোথ রেট ১৯৬৬-৬৭ সালে আপনাদের সরকারে আসবার আগে কমে ০.৮ পারসেন্ট নেমে গেছে এবং তারপর ইন্ডাস্ট্রিওয়াইজ এমপ্লয়মেন্ট ১৯৬৭-৬৮ সালে অলমোস্ট নেগলিজিবল। দুটি জিনিস আমরা লক্ষ্য করেছি যে বাংলাদেশে মোটামুটি ইন্ডাস্ট্রিতে যে রিসেসান হয়ে গেছে, ঠিক তার সঙ্গে সঙ্গে কর্মসংস্থানের সুযোগ কমে যায় নি। ১৯৬৭ সালে ৯ লক্ষ এমপ্লয়মেন্ট পেয়েছিল, ১৯৬৮ সালে তা সামান্য কমেছে, ৮ লক্ষ ৩৭ হাজারের মত সংখ্যা দেখা যায়। কাজেই খুব বেশী কমে নি। তার প্রধান কারণ একটা ছিল। মহারাষ্ট্র, দিল্লী বা তামিলনাড়ুতে নূতন করে যারা শিল্প গড়ে তুলছে, তাদের নূতন করে কাজে লোক নিয়োগের ব্যবস্থা আছে এবং উন্নততর শিল্প যন্ত্রপাতিতে কম লোকে কাজ চালাতে পারে। বাংলার শিল্পগুলি পুরানো এবং বেশীরভাগই হচ্ছে শ্রমভিত্তিক শিল্প, অন্য জায়গায় সেখানে মূলধনভিত্তিক শিল্প, তাই যেখানে ক্যাপিটাল ইনটেনসিভ ইন্ডাস্ট্রি বেশী গড়ে উঠেছে। সেই জন্য ঠিক প্রোপোরসানে কমপ্যারেটিভ ফিগার দিয়ে তুলনা করা চলে না, কেন না, কণ্ডিসন আর নট একজ্যাকটলি প্যারালাল। যাই হোক, বাংলাদেশে বেশী দিনের কথা নয়, জানুয়ারী ১৯৬৯ থেকে জুন ১৯৬৯ পর্যন্ত সরকারী পর্যায়ে যে ফিগার পাওয়া গেছে তাতে দেখা যায় মাত্র ৪৬টি নূতন কোম্পানী বাংলাদেশে ফ্লোটেড হয়েছে। অথরাইজড ক্যাপিটাল ৩ কোটি ৫৬ লক্ষ টাকা, যার মধ্যে ৪২টি প্রাইভেট লিমিটেড কোম্পানী অর্থাৎ সেখানে পাবলিক [illegible] বিনিয়োগের উপর তারা নির্ভরশীল নয়, তাদের অথরাইজড ক্যাপিটাল ৩ কোটি ৮ লক্ষ টাকা। আর মাত্র ৭টি নূতন কোম্পানী রেজিস্টার্ড হয়েছে। যেটা পাবলিক লিমিটেড [illegible] পর্যায়ে তাদের অথরাইজড ক্যাপিটাল মাত্র ৪৮ লক্ষ টাকা এবং এর সঙ্গে সঙ্গে দেখা যাচ্ছে মার্চ ১৯৬৯ সালে ১১টি কোম্পানী রেজিস্ট্রেসন হয়েছে। অথচ মহারাষ্ট্রে ২২টি [illegible] কোম্পানী রেজিস্ট্রি হয়েছে, দিল্লীতে ১৫টি, তামিলনাড়ুতে ১২টি হয়েছে এবং এর পরে যদি কেউ বলেন বাংলাদেশে শিল্পের অগ্রগতি অব্যাহত আছে, তাহলে তাকে [illegible] করা ছাড়া আর কোন আমার উপায় নেই। এখন আমার একজন বন্ধু প্রখ্যাত অর্থনীতিবিদ ডাঃ ভবতোষ দত্ত মহাশয়, তিনি কয়েক সপ্তাহ আগে স্টেটসম্যানপত্রিকায় এক প্রবন্ধ দিয়েছিলেন, তার এই অনুলিপি ওয়েস্ট বেঙ্গলের এই সাপ্তাহিক পত্রিকায় তোলা হয়েছে জুন মাসের ২৮ তারিখে। তিনি বাংলার রিভাইভিং ইন্ডাস্ট্রিজ, ওয়েস্ট বেঙ্গল, সম্পর্কে একটা বেশ সুচিন্তিত প্রবন্ধ লিখেছিলেন। তাঁর প্রবন্ধে শিল্প মন্দার কারণ সম্পর্কে মোটামুটি কিছু বলেছেন। সেখানে তিনি বলেছেন

What is really disquieting is that the rate of growth in West Bengal has slowed down as compared with its own past and its resilience under difficult conditions has become smaller. There are indications that unless corrective and forward steps are taken the rate of growth may remain below what may be regarded as optimal.

শিল্পে এই বিপর্যয়ের জন্য ডাঃ দত্ত প্রধানতঃ দায়ি করছেন

unco-ordinated development of capital intensive sectors of the economy.

যেটা প্লানিং কমিশন-এর দরুন হয়েছে এবং প্লানিং কমিশন-এর আর একটা ব্যর্থতা দেখা দিয়েছিল সেটা হচ্ছে

Factors like bottlenecks in the supply of essentials in industrial outputs reveal lack of co-ordination between different fields of industrial activity.

সৌভাগ্যক্রমে সর্বভারতীয় ক্ষেত্রে শিল্পে মন্দাবস্থা বর্তমানে কাটিয়ে ওঠার লক্ষণ দেখা দিয়েছে কিন্তু পশ্চিম বাংলায় শিল্পের স্বাস্থ্য এখনও ফিরে আসার লক্ষণ দেখতে পাওয়া যাচ্ছে না। কাজেই এই অবস্থায় বিশেষ সাবধান হওয়া প্রয়োজন। ডাঃ দত্ত বলেছেন

The really vital problem of a State like West Bengal is to attain and maintain the trend of growth which would be substantially higher than the rate experienced in the past. This is important at least for the high rate of population growth in this State.

[illegible]

তারপর ডাঃ দত্ত আরও বলেছেন যে পশ্চিম বাংলার আর্থিক অবস্থায় আমাদের আগামী পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় শিল্পে উন্নয়নের যে প্রয়োজনীয়তা রয়েছে, তাতে গুরুত্ব দিতে হবে। কারণ শিল্পের উন্নতির উপর বাংলার তরুণদের ভবিষ্যত নির্ভর করছে। বেকারত্ব ঘোচাবার জন্য মুখ্যমন্ত্রী স্বীকার করেছেন আমাদের দেশের শিল্পের ব্যাপক প্রসার হওয়ার প্রয়োজন রয়েছে। সেদিক থেকে দেখা যাচ্ছে আমাদের যদি ১০ পারসেন্ট—আমাদের যদি ৩ পারসেন্ট করে পপুলেসন বাংলায় বাড়ছে। অন্ততঃ ৫ পারসেন্ট করে যদি আমরা তার তুলনায় অর্থ-নৈতিক ভিত যদি শক্ত করতে না পারি—তা করতে গেলে আমাদের ক্যাপিটাল ইনভেস্টমেন্ট করতে হবে। অন্ততঃ ১০ পারসেন্ট করে বাড়াতে হবে, এই হিসাব তিনি দেখিয়েছেন। ৩১০ কোটি টাকা আগামী পঞ্চবার্ষিকী পরিকল্পনায় পাঁচ বছরের মধ্যে খরচ করলে বাংলাদেশ কিছু উন্নত হতে পারে, এটা সম্পূর্ণ হিসাবের ভুল, মন্ত্রিমহোদয় বলুন যে বাংলাদেশের অর্থ-নীতি শক্ত করতে হোলে অন্ততঃ ১৬০০ কোটি টাকার প্রয়োজন হবে। এই ১৬০০ কোটি টাকা, তার মধ্যে যদি পাবলিক সেকটার থেকে ৩১০ কোটি টাকার বেশী না পাওয়া যায়, তাহলে বাকি ১৩০০ কোটি টাকার জন্য নির্ভর করতে হবে আমাদের প্রাইভেট সেকটারের উপর।

[5-05—5-15 p.m.]

কিভাবে ঐ পরিমাণ মূলধনের বিনিয়োগ আকর্ষণ করা যাবে সেই জন্য সরকারকে এখন থেকে বিশেষভাবে চিন্তা করতে আমি অনুরোধ জানাই। ডাঃ দত্ত বলেছেন

The inducement to invest is the combined result of current costs, scientific forecasting and subjective judgement operating in a climate which affects everyone.

পশ্চিম বাংলায় এই ফ্লাইট অফ ক্যাপিটাল হচ্ছে কিনা এই নিয়ে কেউ কেউ মাথা ঘামিয়েছেন। আমি যেসব বন্ধুরা পিছন থেকে টিপ্পনী কাটছেন, তাঁদের সংযত হতে অনুরোধ জানাই। কারণ যে গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আজকে আমরা আলোচনা করছি এটা তাঁদের আমাদের এবং ভবিষ্যৎ মানুষের কাজে লাগবে। এতে ভাঁড়ামির স্থান নেই। ফ্লাইট অফ ক্যাপিটাল এখান থেকে বিশেষ কিছু হয়েছে বলে আমি মনে করি না। এই বিষয়ে সরকারের যাঁরা মুখপাত্র তাঁদের সঙ্গে আমি একমত। বাংলাদেশে অ্যাকচুয়ালি ফ্লাইট অফ ক্যাপিটাল হয়েছে একথা আমি বিশ্বাস করি না। কিন্তু নূতন ক্যাপিটাল যদি নিয়োগ না হয়, এখানে নূতন শিল্প প্রসারের দিকে যদি শিল্পপতিরা যদি না ঝোঁকে, শিল্পের অধিনায়করা বাংলার বাইরে নূতন শিল্প গড়ার কথা চিন্তা করে তাহলে প্রকৃতপক্ষে আমাদের দেশের কল্যাণ হতে পারে না। বাংলাদেশের প্রতি যদি না ঝোঁকে, বাংলাদেশের প্রতি নির্ভরতা যদি কমে যায় তাহলে বলব নিশ্চয় এ রকম ফ্লাইট অফ ক্যাপিটাল হচ্ছে। আমি আপনার কাছে দেখাব যে কিভাবে পশ্চিম বাংলায় ১৯৬৮-৬৯ সালে ৫৪৬ কোটি টাকা ১৯৬৫-৬৬ থেকে বেড়ে পেড আপ ক্যাপিটাল ৬০৩:৩ কোটি টাকায় উঠেছিল। কিন্তু তার পরবর্তী পর্যায়ে ১৯৬৮-৬৯ সালের পরে যা দেখা যাচ্ছে ফিগার-এর আগেই আমি দেখিয়েছি মত্র ৪টি পাবলিক লিমিটেড কোম্পানী এখানে নূতন কাজ করতে এসেছে এবং বিটুইন ১৯৬৬ অ্যান্ড ১৯৬৮, ১৯৬৮-৬৯ সালে ২৪টি কোম্পানী তার প্রাইভেট ক্যাপিটাল ৪·৯৫ লক্ষ টাকা তারা বাংলাদেশের কর্মপ্রচেষ্টা থেকে সরিয়ে নিয়ে গিয়েছিল এবং ১৪টা কোম্পানী এক কোটি ২০ লক্ষ টাকার প্রাইভেট ক্যাপিটাল বাইরে থেকে বাংলাদেশে ঐ সময় শিল্প প্রতিষ্ঠার জন্য এসেছে। কাজেই ফ্লাইট অফ ক্যাপিটালের উপর আপনাদের জোর দিতে বলি না। কিন্তু বর্তমানে ক্লাইমেট তৈয়ারী করার দরকার হবে প্রাইভেট সোরস থেকে ১৩-শো কোটি টাকার জন্য। বাংলাদেশের শিক্ষাবিদ অর্থনীতিবিদ বলেছেন এই ১৩-শো কোটি টাকা এমন কি হাজার কোটি টাকা যদি প্রাইভেট ইনভেস্টমেন্ট বাইরে থেকে আনতে হয়, তবে তার জন্য উপযুক্ত পরিবেশ সৃষ্টি করতে হবে।

আজকে একথা আমি লক্ষ্য করেছি। যদিও ফ্লাইট অফ ক্যাপিটাল ঠিক হয় নি, ক্যাপিটাল ইজ অন স্ট্রাইক নূতন শিল্প গড়ছে না, পুরানো শিল্প প্রসার মন্দীভূত। এই অস্বাভাবিক অবস্থা কাটিয়ে ওঠার রাস্তা শীঘ্রই বার করতে হবে। এই প্রসঙ্গে ডাঃ দত্তের একটা কথা বলছি। তিনি বলেছেন

An important factor which has effect both economic and extra-economic is the impact of labour disputes. There was a sharp increase in the number of man days lost in West Bengal on account of industrial stoppages from 2.8 million in 1966 to 6.1 million in 1967 and 6.7 million in 1968. Such high increase in the rate of loss of production on account of industrial disputes can easily produce larger impact on investment psychology.

এটা ডাঃ ভবতোষ দত্তের কথা, আমার কথা নয়। ভারতীয় সংবিধানে সেন্ট্রাল স্টেট রিলেসন সম্পর্কে যে ব্যবস্থা আছে তার বিরুদ্ধে যুক্তফ্রন্ট সরকার জেহাদ ঘোষণা করেছেন। এই রাজনৈতিক দিকটার কথা আমি বিশেষভাবে বলছি না, বাজেট আলোচনায় এর অর্থনৈতিক দিকটাই আলোচ্য। কেন্দ্রের হাতে অর্থাগমের যে সুযোগ আছে রাজ্যগুলির হাতে সেই সুযোগ নেই বা থাকা সম্ভব নয়। সেজন্য আমাদের আর্থিক সঙ্গতি বাড়াবার জন্য যে সব ন্যায়সংগত দাবী তোলা দরকার তাতে সম্পূর্ণ সহযোগিতা করতে আমরা প্রস্তুত একথা আমি পূর্বেও বলেছি। বিশেষতঃ আর্টিকেল ৭৪এ কেন্দ্রের প্রাপ্য যেভাবে করা হয়েছে, তার পরিবর্তনের জন্য সংবিধান সংশোধন করার দাবী ন্যায্য এবং যেভাবে প্ল্যানিং কমিশন, ফাইন্যান্স কমিশন-এর দায়িত্ব খর্ব করে চলেছেন তারও প্রতিকার প্রয়োজন। সেন্টার স্টেট-এর মধ্যে সমস্ত পর্যায়ে অর্থ বণ্টন যাতে নির্দিষ্ট ন্যায় নীতি অনুযায়ী করা হয় সেদিকে দৃষ্টি দিয়ে পারমানেন্ট ফাইন্যান্স কমিশন গঠন করা ও সকল রাজ্যের আস্থাভাজন নিরপেক্ষ যোগ্য ব্যক্তি নিয়ে যাতে ঐ কমিশন করা হয়, তার জন্য ক্ষমতা অব্যাহত হয় সেদিকে দৃষ্টি দিতে হবে। এর জন্য সংবিধানের মধ্যেই আর্টিকেল ৩৬৮-এ যে ব্যবস্থা আছে তদনুযায়ী সংশোধন করার চেষ্টা করা উচিত। সেজন্য সমস্ত কন্সটিটিউসন চ্যালেঞ্জ করার যৌক্তিকতা আমরা দেখি না। সম্প্রতি ২ জন মার্কসবাদী কমিউ[illegible] এখানে সি পি আই (এম) নেতা প্রমোদ দাশগুপ্ত মহাশয় যা বলেছেন সেইভাবে এই কন্সটিটিউসন-এর আনুগত্যের প্রতিশ্রুতি দিয়ে যারা গণতন্ত্রকে ধ্বংস করার উদ্দেশ্য নিয়ে সরকারী গদি দখল করেছেন ও কারণে অকারণে কেন্দ্রের এবং কেন্দ্রীয় নেতাদের বিরুদ্ধে নানা রকম মিথ্যা ও অর্ধসত্য তথ্যের পরিবেশন করে জনমতকে [illegible] করার চেষ্টা করছেন তার পরিণাম কখনই ভাল হবে না উদাহরণস্বরূপ আমি বলতে চাই, সম্প্রতি ভারতের উপ-প্রধানমন্ত্রী শ্রীমোরারজী দেশাই কলকাতায় ইন্ডিয়ান কাউন্সিল অফ কারেন্ট অ্যাফেয়ার্স আয়োজিত কোন একটি সভায় যে বক্তব্য তিনি রেখেছেন, তা দিয়ে যে মিথ্যা অপপ্রচারের চেষ্টা হয়েছে সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

[5-15—5-25 p.m.]

আমি নিজেই সেই সভায় সভাপতি ছিলাম এবং আমার চেয়ে এ বিষয়ে প্রত্যক্ষদর্শী আর কেউ নেই। যখন উপ-প্রধানমন্ত্রীকে জিজ্ঞাসা করা হয় যে বাংলাদেশে যে অরাজকতার সৃষ্টি হয়েছে এ বিষয়ে কেন্দ্র কি করছেন? তার জবাবে তিনি সাফ বলে দিলেন যে কেন্দ্র কিছুই করছে না, করতে চায় না। তারপরে যখন তাঁকে জিজ্ঞাসা করা হল তাহলে এ বিষয়ে কিছু দৃষ্টি দেবেন না, তার জবাবে তিনি বললেন যে দৃষ্টি কেন্দ্র নিশ্চয় দিচ্ছে শুধু বাংলাদেশ কেন সমস্ত ভারতবর্ষে শান্তি ও শৃঙ্খলা রক্ষার জন্য সর্বদা কেন্দ্র সতর্ক দৃষ্টি দিয়ে থাকে।

(তুমুল গোলমাল)

এর থেকে এটা মানে করা যায় না যে বাংলাদেশের উপর কেন্দ্র বিশেষ কোপ দৃষ্টি রেখেছে। আমাদের সংবিধানে আছে যে প্রত্যেক অংশে শান্তি এবং শৃঙ্খলা রক্ষার জন্য দায়ী যেমন পুলিশমন্ত্রী প্রত্যেক রাজ্যের আছে, তেমনি কেন্দ্র নিষ্ক্রিয় নিশ্চিন্ত নেই কিন্তু তারপরে যখন আবার জিজ্ঞাসা করা হল যে আপনি তাহলে কখন হস্তক্ষেপ করবেন, তার উত্তরে মোরারজী

(তুমুল গোলমাল)

পরিষ্কারভাবে বলেছিলেন যে তোমাদের বাংলাদেশে মুখ খুললেই তো বিপদ, কিছু বললেই তার রাজনৈতিক তাত্ত্বিক অর্থ বের করা হয়—কাজেই এ বিষয়ে আমার কিছু না বলাই ভাল। তবে একথা তোমরা বুঝে রাখতে পার যতক্ষণ পর্যন্ত সংবিধানকে বিনষ্ট করবার চেষ্টা না

হচ্ছে, যতক্ষণ পর্যন্ত বাংলাদেশের সাধারণ মানুষ তাদের জীবনযাত্রা নির্বাহ করবার পথে সম্পূর্ণভাবে বাধাপ্রাপ্ত না হচ্ছে, অরাজকতার পথে, হিংসার পথে উৎখাত না হচ্ছে, যতক্ষণ পর্যন্ত আমরা না দেখতে পাচ্ছি যে এখানে জীবন ও ধন-সম্পত্তি রক্ষার কোন ব্যবস্থা নেই ততক্ষণ পর্যন্ত কেন্দ্র নিশ্চয় হস্তক্ষেপ করবে না। এই কথার উপর যদি কেউ মোরারজী ভাইকে নানাভাবে তাঁর কথাকে বিকৃত করে কথা বলবার চেষ্টা করেন তাহলে খুব অন্যায় করা হবে। (তুমুল গোলমাল) কালকেও শুনলাম আমাদের মাননীয় বন্ধু জ্যোতি বসু ঐ ময়দানের সভায় মোরারজী ভায়ের কথা উল্লেখ করলেন। তাঁরা জানেন এবং কাগজেও হয়তো বেরিয়েছে যে আমি সেখানে সভাপতি ছিলাম—যদি আমাকে দয়া করে জিজ্ঞাসা করতেন তাহলে কি পরিপ্রেক্ষিতে তিনি কি বলেছেন তা পরিষ্কার করে বুঝতে পারতেন কিন্তু সে পথে তাঁরা যাবার দরকার মনে করলেন না, তাঁরা চান যে কোন রকমে কেন্দ্রকে অপদস্থ করা—এই তাঁদের নীতি। আজ আমি দুঃখিত হচ্ছি যে অজয়বাবুর মন্ত্রীসভার মধ্যে একজনকেও পাওয়া গেল না যিনি মোরারজী দেশাইকে দমদম বিমানঘাঁটি কিম্বা রাজভবনে গিয়ে অভ্যর্থনা জানাতে পারেন। আমি বলতে চাই সংবিধান সংশোধন পুনর্বিন্যাস বা ঢেলে সাজার জন্য যদি কেউ চিন্তা করেন বা জনমত তৈরীর জন্য প্রচার করেন তার জন্য কোন সুস্থ মস্তিষ্ক গণতন্ত্রে বিশ্বাসী দেশব্রতী অপরাধ নিতে পারেন না, আমিও নেব না। বিশিষ্ট সমাজসেবী এবং চিন্তাশীল জননায়ক শ্রীজয়প্রকাশ নারায়ণ তাঁর নূতন দৃষ্টিভঙ্গীতে সর্বোদয়ের আদর্শে ট্রাস্টিশিপ বা অছিভিত্তিক বিকেন্দ্রিত গ্রাম পঞ্চায়েত ও তারই আদর্শে গঠিত সর্বদলীয় বা দলের ঊর্ধে অধিষ্ঠিত সমাজসেবী রাষ্ট্র পরিচালকমণ্ডলী গঠনের কথা বলে বেড়াচ্ছেন, অপরদিকে নকশালপন্থী নূতন আদর্শবাদের কর্মপন্থায় সশস্ত্র বিপ্লবের ও মাও-বাদের প্রচার কার্য চালান হচ্ছে।

একটার মূলনীতি সত্য ও অহিংসার উপর প্রতিষ্ঠিত, আর একটার ভিত্তি রক্তাক্ত বিপ্লব, অরাজকতা ও আইন শৃঙ্খলা ভাঙ্গার উপর গড়ে তোলা। (গোলমাল) এর মধ্যে সমাজের কল্যাণকামীরা কোনটাকে কতদূর এগিয়ে দেওয়া চলতে পারে তা বিবেচনা করবেন। (গোলমাল) বাজেটে বৈপ্লবিক কিছু দেখছি না। এখানে যখন ভূমিরাজস্ব মন্ত্রী উপস্থিত আছেন তখন আমার বলতে ইচ্ছা হচ্ছে যে তাঁর ল্যান্ড রেভেনিউ পলিসিটা তিনি কি দেখালেন। এটা আমি কোন সময়ে বিশ্বাস করি না যে তিনি এমন একটা প্রতিক্রিয়াশীল আইন আমাদের সামনে দিতে পারেন। সরকারের খাস জমিগুলি নিয়ে যদি কালেকটিভ ফার্মিং বা কো-অপারেটিভ ফার্মিং-এর গোড়াপত্তন করতে পারতেন তাহলে বুঝতাম যে তিনি একটা নূতন পথ দেখাচ্ছেন। ফ্রেগমেন্টেসন অফ হোল্ডিং-এর ফলে ২।১ বিঘার বেশী জমি কেউ পাচ্ছে না। আমার গ্রামে ১০ কাঠা করে জমি ভূমিহীন কৃষকদের ভাগ করে দিয়েছে। এতে কার পাশে, তাঁদের দল উপকৃত হবে। (গোলমাল) পরিশেষে আমি বলতে চাই সকল শ্রেণীর জনগণকে রক্ষার সুব্যবস্থা করুন, ক্রমবর্ধমান শিল্পোন্নয়নের দ্বারাই ক্রমবর্ধমান বেকারত্বের মোকাবিলা করতে হবে এবং শিল্পে শান্তি ও দেশে আইন শৃঙ্খলা রক্ষার দিকে সবিশেষ চেষ্টা করতে হবে। (গোলমাল) এই রাজ্যের জনগণের জন্য অধিকতর সুখের ও কল্যাণের জীবন গড়ে তোলার কাজে আমাদের সম্পূর্ণ সহযোগিতা নিশ্চয়ই পাবেন।

**Shri Siddhartha Sankar Ray :**

হরেকৃষ্ণবাবু যখন বলবেন তখন দেখবেন পরিষদীয় গণতন্ত্র কাকে বলে।

**Shri Hare Krishna Konar :**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বাংলাদেশের মানুষ যাদের ইতিহাসের আবর্জনার স্তূপে ছুড়ে দিয়েছে তাদের কাছ থেকে স্পর্ধার বাণী শোনা ভাল লাগে না। অথচ সেকথা আজকে শুনতে হচ্ছে। আমি বাজেটের অঙ্কের হিসাবের মধ্যে যাব না, আমাদের মুখ্যমন্ত্রী সে সম্বন্ধে বলবেন। বিরোধীপক্ষ থেকে একটা কথা বারবার বলা হয়েছে যে ওটা একটা ঘাটতি বাজেট। সত্যিই এটা ঘাটতি বাজেট এবং আমরাও সেটা লুকাইনি। ২১ বছরে ৫০ কোটি মানুষকে কংগ্রেস নেতারা যে ভাবের যে সঙ্কটের মধ্যে ফেলেছেন এবং কেন্দ্রীয় সরকার যেভাবে গোটা দেশকে পঙ্গু করে রেখেছেন তারই অঙ্গ হিসাবে আমাদের পশ্চিমবঙ্গেও আমরা তার ফল ভুগছি।

[5-25—5-35 p.m.]

এবং সেই সংকটের বহিঃপ্রকাশ হচ্ছে আমাদের বাজেট। মাননীয় স্পীকার মহাশয়, আমরা এসে যখন বাজেট পেলাম সেই বাজেটে ছিল অনেক ঘাটতি। আমরা ঘাটতি বাড়িয়েছি, হ্যাঁ, বাড়িয়েছি। আমরা শিক্ষা খাতে বাড়িয়েছি খরচ, সেচ খাতে খরচ বাড়িয়েছি, পানীয় জল খাতে বাড়াতে হয়েছে, কর্মচারীদের খাতে খরচ বাড়ান হয়েছে। এতে আমরা লজ্জিত নই, আমরা গর্বিত। বিরোধীপক্ষ আকুল হয়েছেন কোথা থেকে টাকা উঠবে? যে জনসাধারণ কংগ্রেসকে পরাস্ত করে আমাদের এখানে বসিয়েছেন তাঁরাই স্থির করবেন টাকা কোথা থেকে আসবে। আমাদের যতটুকু ক্ষমতা আছে তাতে আমরা এখানকার কোটিপতি, বড়লোকদের ঘাড়ে যতটুকু পারি নিশ্চয়ই চাপাবার চেষ্টা করব। কিন্তু আমরা জানি কেন্দ্রীয় সরকারের আইন যা আছে তাতে আমাদের ক্ষমতা সীমাবদ্ধ। আমরা জানি বাংলাদেশের চা, পাট, ইনকাম ট্যাক্স, বাংলাদেশের পণ্য আয় থেকে সারা ভারতবর্ষের যে শত শত; কোটি কোটি টাকা আয় হয় তা থেকে আমরা বঞ্চিত হব। এটা আমাদের কথা নয়, ভারতবর্ষের প্রতিটি রাজ্যের কথা। এ'দের সকলকে বঞ্চিত করে সমস্ত কিছু যদি কেন্দ্রের হাতে জড় করা হয় তাহলে দেশের সামগ্রিক উন্নতি হবে না। পশ্চিমবাংলার মানুষ কংগ্রেসকে পরাস্ত করেছে পশ্চিমবাংলার প্রয়োজনের জন্য। পশ্চিমবাংলার টাকা আমরা ভিক্ষা করতে চাই না, আমরা কারুর পায়ে তেল দিতে চাই না। আমাদের পাওনা টাকা কেন্দ্রের কাছ থেকে কেন আমরা পাব না? বাংলাদেশের মানুষ জানে কেমন করে সেই টাকা আদায় করতে হয় এবং প্রয়োজন হলে সেই পথে আমাদের এগিয়ে যেতে হবে। বাংলাদেশের মানুষ জানে কিভাবে সেই পথে এগিয়ে যেতে হবে, বিরোধীদলের বিচলিত হবার কারণ নেই। বাংলাদেশের মানুষ নির্বাচনে আমাদের জয়যুক্ত করেছে কংগ্রেসের শত চেষ্টা সত্ত্বেও, কেন্দ্রীয় সরকারের শত অপপ্রচার সত্ত্বেও। তাঁরা চেয়েছেন আমরা নূতনভাবে কাজ করি, যেভাবে গত ২০ বছর ধরে চলেছে সেইভাবে চললে চলবে না। সেইজন্যই আমরা যুক্তফ্রন্ট থেকে বলেছি আমরা কি কি করব। তাতে দুটি কথা ছিল—আমরা জমিদারদের চুরি ধরব, জমি চোরদের কাছ থেকে জমি কাড়বার চেষ্টা করব এবং আমরা এটাও বলেছিলাম এই ব্যাপারে শুধু সরকারী অফিসারদের এবং কর্মচারীদের উপর নির্ভর করব না, যে জনসাধারণ আমাদের নির্বাচিত করেছেন তাঁদের প্রত্যক্ষ সহযোগিতা নেব।

মাননীয় স্পীকার মহাশয়, আমি এই জন্য গর্বিত গত ৪ মাসের মধ্যে আমরা প্রায় সেই পথে অনেকটা এগুতে পেরেছি। বিশেষ করে যে দপ্তরের দায়িত্ব আমার উপর রয়েছে তাতে আমি দেখেছি গ্রাম বাংলার প্রতিটি জেলায় হাজার হাজার লক্ষ লক্ষ কৃষক নূতন অভিযানে নেমেছে। সেই অভিযান হোল যুক্তফ্রন্টের নীতি কার্যকরী করবার অভিযান, সেই অভিযান হোল জোতদার এবং ভেরির মালিকদের কাছ থেকে জমি টেনে বার করবার অভিযান এবং সেইভাবেই তারা এগিয়ে চলেছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি কি জানেন কিভাবে জমি চুরি করেছে? আইন আমার নয়, যুক্তফ্রন্টের নয়—আগেকার আইন ছিল ৭৫ বিঘার বেশী কেউ রাখতে পারবে না চাষের জমি। কিন্তু সেখানে দেখছি কংগ্রেসের আমলে কংগ্রেসের মিনিস্টারদের সাহায্যে, অফিসারদের সাহায্যে, অফিসারদের ঘুস দিয়ে, পুলিশের সাহায্যে লক্ষ লক্ষ বিঘা জমি এ'রা চুরি করেছে এবং তা সত্ত্বেও যেটুকু লুকাতে পারেনি সেটাও কোর্ট কাছারির আশ্রয় নিয়ে, পুলিশের সাহায্যে বেঁচে থাকার চেষ্টা করেছে। ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকার হোল এবং তারপর থেকে আজ পর্যন্ত নূতনভাবে বেনামী জমি ধরার অভিযান হোল এবং তাতে অনেক অদ্ভুত অদ্ভুত জিনিস ধরা পড়ল। কিভাবে জমি চুরি করেছে সে সম্বন্ধে আমি গতকাল একটি বিবৃতি দিয়েছিলাম এবং তাতে আমি বলেছিলাম কিভাবে জমিদার এবং জোতদাররা এমন কি আইনের অপব্যবহার করছে, আইনের ব্যাভিচার করছে। আমি তার মধ্যে ২৮টি যে উদাহরণ দিয়েছিলাম সেগুলি আর স্মরণ করিয়ে দিতে চাই না। তবুও জিজ্ঞাসা করি, বলুন কি করবেন? জলপাইগুড়ির মেছুয়া মহম্মদ এস্টেট ১ হাজার ১৭৯ একর জমি সরকারের আইন অনুযায়ী, নিয়ম অনুযায়ী সাব্যস্ত হোল এটা ভেস্টেড হবে সরকারে ন্যস্ত হবে সরকারে। তিনি হাইকোর্টে মামলা করে হেরে গেলেন, সুপ্রিম কোর্টে মামলা করে হেরে গেলেন এবং সুপ্রিম কোর্ট অর্ডার দিলেন

৩ মাসের মধ্যে সমস্ত জমির অধিকার গভর্ণমেণ্টকে দেওয়া হোক। মাননীয় স্পীকার মহাশয়, জানেন কি, ওই ভদ্রলোক এসে আবার হাইকোর্টে মামলা করলেন, সুপ্রিম কোর্টের রায় চেপে গেলেন। মাননীয় স্পীকার মহাশয়, এমন বিচার কখনও শুনেছেন যে, হাইকোর্ট আবার ইনজাংসন দিয়েছে গভর্ণমেন্টের বিরুদ্ধে সুপ্রিম কোর্টের রায় থাকা সত্ত্বেও? বলুন জমির মন্ত্রী হিসেবে আমি কি করব? এ'রা বলছেন আইনের মারফত চলুন। আমি তো সেই পথেই চলেছি। কিন্তু বলুন আমি কি করব? আমি কি জলপাইগুড়ির ওই হাজার হাজার কৃষককে বলব যে আইন নিয়ে ধুয়ে খাও।

আমি জলপাইগুড়ির হাজার হাজার কৃষককে বলবো, আইন নিয়ে ধুয়ে খাও। যে ভদ্রলোক আইনে ব্যাভিচার করলেন, যে ভদ্রলোক আইনের অপ-ব্যবহার করলেন, আইনের বিচারকে অপ-ব্যবহার করে নিভৃতে কাঁদালেন কৃষককে এবং এইভাবে জমি চুরি করলেন আমি সেই ভদ্রলোককে বলব আইন ধুয়ে খাও? চুপ করে বসে থাক? সেই কৃষক যদি গিয়ে চোরাই জমি টেনে বার করে আমি তাকে অভিনন্দন করব, তাকে বলব, তুমিই আইনে মর্যাদা রেখেছো। এই রকম একটি দুটি নয় আমি ২৮টি উদাহরণ দিয়েছি, দেখে নেবেন। বলুন, আমি কি করব। কংগ্রেসী নেতা, বলাই পাল ২৪১ একর জমি চুরি করলেন, এভাবে রেখে দিলেন। ১৯৬১ সালে নিজের বোন গভর্ণমেণ্টে ধরিয়ে দিল। গভর্ণমেণ্ট রায় দিতে গেল, ভদ্রলোক হাইকোর্টে গেলেন, হাইকোর্ট ইনজাংশন করলেন। অগস্ত্য যাত্রা, অগস্ত্য ফিরিল না, আর মা বিন্ধ্য পর্বত মাথা তুলিতে পারিল না। ১৯৬১ সালে ইনজাংশন, আজও ইনজাংশন রয়ে গেছে। আমি কি বলবো কৃষককে বলুন, আমার হাত পা বাঁধা। এখানে ভেড়ির কথা বলা হচ্ছে। আপনি গাড়ী করে বাসে চেপে চলুন বসিরহাটে যাবেন। দে-গঙ্গা পেরিয়ে যাবেন, চারদিকে তাকিয়ে তাকিয়ে যাবেন, জল তক তক করছে, মাছের ঘেরী। আপনি কি জানেন অধ্যক্ষ মহাশয় এর বেশিরভাগ ইতিহাস কি? কৃষকের রায়তী স্বত্বের জমি, কংগ্রেসী পুলিশকে পেছনে রেখে জমিদার গুণ্ডা লেঠেল লাগিয়ে জোয়ারের জলকে ঢুকিয়ে দিল বাঁধ কেটে, কৃষকের জমির উপর দিয়ে জল চলে গেল, তারপর লেঠেল লাগিয়ে সেই বাঁধ দেওয়া হল, এগুলি মাছের ঘেরী, কৃষক কেঁদেছে। আমি জানি, আমরা তখন গভর্ণমেণ্টে ছিলাম না, আমি নিজে কতবার গিয়েছি, কৃষক গিয়েছে এস ডি ও-এর কাছে ম্যাজিস্ট্রেটের কাছে, মন্ত্রীদের কাছে, কি জবাব দিয়েছেন তাঁরা? মামলা করগে যাও। কে করবে? যে গরীব কৃষক-এর খাবার জোটেনা জমি যার জলের তলায় মামলা করবে সে? কেন জোতদারদের গ্রেপ্তার করা হয়নি? কেন তাদের জেলে পোরা হয়নি? মামলা করবে লোয়ার কোর্টে, আর যদি জেতেও তাহলে আপীল হবে আর তখন সিদ্ধার্থবাবুদের মতো উকীল মোক্তার ব্যারিষ্টাররা আছেন, জমিদারদের অভাব হবে না। এইভাবে কৃষক কেঁদেছে। আমি জানি। অধ্যক্ষ মহাশয়, আপনি যাবেন সোনারপুরে ভাঙ্গড়ে ব্যানিং-এ, সেখানে দেখবেন হাজার হাজার কৃষক বছরের পর বছর কেঁদেছে, তার চোখের লোণা জল আর সমুদ্রের লোণা জল এক হয়ে গেছে ভেরীগুলিতে। আজকে যুক্তফ্রণ্ট হাওয়াতে যে কৃষক ১৯৬৭ সালে ৩ টাকা কেজি করে চাল খেয়েছে সে বুক বেঁধেছে, এবং আজ যখন যুক্তফ্রণ্ট হয়েছে সেই কৃষকরা দলে দলে হাজারে হাজারে গিয়ে বাঁধ কেটে দিয়ে যদি জল বার করে দেয় তাহলে কি অপরাধ করল? এতো ন্যায্য পাওনা। মা যেমন তার হারানো ছেলেকে ফিরে পায় তেমনি কৃষক তার হারানো জমি ফিরে পেয়েছে দীর্ঘদিনের পর। তাই লক্ষ লক্ষ কৃষক মেতেছে, যুক্তফ্রন্ট কি অন্যায় করেছে? অবিচার করেছে? বরং আমি বলব কৃষককে সেলাম বাজাই। আমি পারিনা, আমার হাত পা বাঁধা, ইনজাংশনে বাঁধা, নানা বেড়াজালে বাঁধা রয়েছে। কিন্তু কৃষকের তো হাত পা বাঁধা নয়? সে কেন আটকা থাকবে? আমি তা বুঝিনা। আমি তাই কৃষককে সেলাম জানাই, কেননা সেই আইনের মর্যাদা রেখেছে, সে জোতদার জমিদারদের কাছ থেকে চোরাই জমি বার করতে পেরেছে। গত ৪ মাসে গরীব কৃষক অন্ততঃ ২ লক্ষ বিঘা জমি, চোরাই জমি দখল করেছে। হ্যাঁ, হতে পারে বই কি একটু বাড়াবাড়ি, বন্যার জল যখন আসে তখন কি একটু উপচে পড়ে না? আজ লক্ষ লক্ষ কৃষক দীর্ঘদিনের মার খাওয়া কৃষক দাঁড়িয়ে নিজ অধিকার প্রতিষ্ঠা করতে গিয়ে যদি একটু এদিক ওদিক হয়ে যায়, তাহলে সামান্য রক্ত দেখে কি আমি তাজা ছেলেটাকে ফেলে দেব? কৃষক জেগেছে, আমি

[5-35—5-45 p.m.]

কি তাকে ফেলে দেব? আমি তাকে অভিনন্দন জানাই। যে ত্রুটি বিচ্যুতি আছে কৃষকই সংশোধন করে নেবে, সে জানে কেমন করে সংশোধন করতে হয়।

মাননীয় অধ্যক্ষ মহাশয় প্রশ্ন উঠেছে আইন-কানুন নাকি মানা হচ্ছে না। কোন্‌টা মানা হচ্ছে না? কিন্তু আমি জিজ্ঞাসা করবো—আমাদের বলার অনেক কিছু আছে। কোন্‌ ধাঁচের আইন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুপ্রীম কোর্টের অর্ডার থাকা সত্ত্বেও কি করে জোতদার হাইকোর্ট থেকে ইনজাংশন পায়? হাইকোর্টের অর্ডার আছে যে, যে কোন লীজ হোল্ডার হোক না কেন ষ্টেটস এ্যাকুইজিশান অ্যাক্ট চালু হবে। তা সত্ত্বেও নীচের কোর্ট ইনজাংশন দেয় যে গোবেরিয়া ফিসারী সরকারের লাট, সরকার নিজের হাতে নিতে পারবেন না। কি করে এটা হয়? গভর্ণমেণ্টের নোটীশ পর্যন্ত দেওয়া হল না। জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, হানাহানি ফিসারী সরকার তার মালিক, লীজ দিয়েছিলেন তিন বছরের জন্য। আলিপুর থেকে ইনজাংশন দিলে কোর্ট সেটা বাতিল করে দিলেন। আমাদের পুলিস গিয়ে দখল নিল, পুলিস সেখানে বসে থাকলো। আমি নিজে একটু অপরাধ করেছি কেন? যখন ঐ সরকাররা এসে বলেছিলেন আমার কাছে আপনারা পুলিস নিয়ে গিয়ে দখল নেবেন। আমিও বলেছিলাম হ্যাঁ, নেব। সাতদিন দেরী করুন। আমি বলেছিলাম আই ডু নট ওয়ান্ট টু বি এ বেগার ইন ইওর হ্যান্ড, আমি ঐ দখলের ছুরিটা আমার হাতে রাখতে চাই। আমি বলে দিয়েছিলাম যে ঐ ৪০০ বিঘা জমি আমি বিলি করবো, আর ৬০০ বিঘা জলা আমি বন্দোবস্ত দেব যে বেশী খাজনা দেবে তাকে। শুধু একাই কথা বলেছিলাম—দেখবেন যেন পুলিস মারধোর না করে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অপরাধ করেছি, বাংলাদেশের কৃষকদের কাছে আমি আমার অপরাধ স্বীকার করবো—আমি বিশ্বাস করেছিলাম যে এরা ভদ্রলোক। যখন এস. পি. যান, ডি. এস. পি. যান, আমি তাদের বলেছিলাম চালাঘরগুলোতে আগুন দেবেন না, ওদের পেটাবেন না। জানেন কী হলো? নিজের হাতে ও'রা পজেসন লিখে দিলেন। আমার পুলিস বসে থাকলো। শুধু ওদের মারা হয় নাই, ওদের পিটিয়ে তাড়িয়ে দেওয়া হয় নাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৮ দিন পরে আমার উপর ইনজাংশন এলো। আমাকে জিজ্ঞাসা করার প্রয়োজন হলো না। গভর্ণমেণ্ট ফাল্‌তু, আর জোরদার নাকি সত্যবাদী। আমার উপর অর্ডার এলো গভর্ণমেণ্ট ইজ প্রিভেনটেড ফ্রম টেকিং ওভার পজেসান।

আমার অফিসার দিয়ে বলে পাঠালাম যে আমাদের পজেশান নেওয়া হয়ে গেছে, এই দেখুন সই, ঐ দেখুন পুলিস। কিন্তু কোর্ট আমাদের কথা বিশ্বাস করলেন না। তাঁরা বললেন কোর্টের লোক যাবে। তাঁরা গিয়ে দেখে এলেন পুলিস বসে আছে, পুলিস দখল নিয়েছে। পুলিসের পাশে কয়েকজন লোকও বসে আছেন। তাঁরা বললেন আমরা সরকারের কর্মচারী। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি পুলিসকে বলে দেব—অর্ডার দেব জোতদারের লোক দেখলে পেটাবে? আমি সে অর্ডার দেই নাই। ফলে কী হলো? আমার উপর অর্ডার হলো সরকারের দখলটা তো আনডিসপিউটেড নয়। অতএব বেড়ালিকে মাছ বাছতে দেও। সলিল সরকার হয়ে গেল রিসিভার। আমি আরো একটা অপরাধী—আমি জোতদার ও ভেড়ির মালিকদের বিশ্বাস করেছিলাম ভদ্রলোক বলে। আমি কড়ালোক বলে। আমি কড়ালোক বলে পরিচিত। আমি একটু দুর্বলতা দেখিয়েছিলাম। আমি এখন ঠিক করেছি আর আমি দুর্বলতা দেখাবো না। এরা মানুষ নয়। এদের বিরুদ্ধে কঠোরতম ব্যবস্থা অবলম্বন করতে হবে। তবে যদি আমি পাপের প্রায়শ্চিত্ত করতে পারি। বলুন মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এমনি করে যদি বিচারের ব্যাভিচার হয়। শ্রমিক যখন যায় সে চট্‌ করে ইনজাংশন পায় না। আর কারখানার মালিক গেলে, কোর্টকে মিথ্যা কথা বললেও অমনি ইনজাংশন। শুধু ইনজাংসন নয় গভর্ণমেণ্টের কাছেও জিজ্ঞাসা করতে হবে না। কি অবস্থা। তাহলে গভর্ণমেণ্ট আছে কি জন্য? কেন আছে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদি জোতদার এবং মিল মালিক—তারা যদি আইনকে বে-আইনে পরিণত করে, তারা যদি লিগ্যাল প্রসেস অফ ল-কে, আইন-পদ্ধতির ব্যাভিচার করে, তারা যদি বিচারকদের উচ্চ আসন থেকে টেনে নীচে নামিয়ে এনে

পুলিস কনেষ্টবলের কাজে লাগিয়ে দেয়, তাহলে আমরা বলুন কী করতে পারি? বাংলাদেশের মানুষকে আমরা কী বলবো? বই-এর পাতার তিনটা অক্ষরের জন্য তো মানুষ নয়? আইন মানুষকে চালায় না। দুনিয়ার মানুষ ইতিহাস তৈরী করেছে, সমাজজীবন বদলে গেছে, আইন উল্টে গেছে। আজ যদি তারা দেওয়ালের লিখন না বোঝেন, যদি কেউ আজ যদি তারা মনে করেন যে জোতদারীদের চুরি করতে সাহায্য করবো আইনের ব্যাভিচার করে, যদি কেউ মনে করেন আইনের নাম করে ইতিহাস উল্টে দেব—তাহলে তাকে স্মরণ করিয়ে দেব—ইতিহাস উল্টান যাবে না। মানুষকে পেটান যাবে না। বরং আমাদের দুর্দিন ঘনিয়ে আসবে। বড় কঠিন পরীক্ষা আজ আমরা যুক্ত তা থেকে রক্ষা করতে চাই। আমরা চাই সত্যই অর্ডারের ওয়েতে, শৃঙ্খলার ওয়েতে জিনিষটা চলুক। কিন্তু কি চলবে? এই যদি বলেন জোতদার চুরি করিয়া থাকুক, তাহারা চুরির মাল ভোগ করুক, এস, পি, জৈন-এর অনুচরেরা সেকথা বলতে পারেন আমরা পারি না। এই যদি হয় যে তারা করবে আর আমরা বসে থাকবো তাহলে লোকে কেন আমাদের ভোট দিয়ে পাঠিয়েছে। বারে বারে প্রশ্ন উঠেছে আইনের মর্যাদা সম্পর্কে। আমরা জানি আইনের মর্যাদা কিন্তু তা বলে আমরা আইনকে বেশ্যাবৃত্তি করতে দেব না। এই আইনকে তার সত্যিকারের উচ্চ আসনে বসিয়ে আমরা তাকে মর্যাদা দিতে চাই, আমরা মানুষকে তা দেখাতে চাই। তাই যখন জনসাধারণ এগিয়ে যায় আমরা তাদের সাহায্য করি। যখন জনসাধারণ বে-আইনী কাজের বিরুদ্ধে, চুরির বিরুদ্ধে এগিয়ে যায়, যখন কৃষক তার হারানো জমিকে ফিরিয়ে নিয়ে আসে তখন আমি আনন্দে দু হাত তুলে নেচে বলি আমি পারি নি, তোমরা করেছ, তোমাদের আমি সেলাম জানাই, আমি এখান থেকেও আবার কৃষকদের সেলাম জানাই। ভুল করছ, কর, কোন আপত্তি নেই। নতুন চলতে শিখছে একটু আছাড় খাবে বই কি একটু ভুল করবে বইকি, সে যদি ভুল করে আমরা শুধরে নেব কিন্তু তাই বলে জমিদার জোতদারের দালালি করতে পারবো না, সেজন্য লোকে আমাদের পাঠায়নি। মাননীয় সভাপাল মহাশয়, প্রশ্ন উঠেছে যে আমরা সংবিধান মানি কিনা? না মেনে এলাম কি করে। কিন্তু যারা সংবিধানের শ্রাদ্ধ করলো তাদের আমি জিজ্ঞাসা করি যে কোন সংবিধানে আছে যে ১৯৬৭ সালের যুক্তফ্রন্টকে তাড়ানো যায়? মাননীয় স্পীকার মহাশয়, আপনাকেও তাড়িয়েছিল, পরে তো প্রমাণ হল যে এটা বে-আইনী কাজ করেছিল। যারা এইসব করে তাদের মুখে সংবিধানের কথা শোভা পায় না। "২ কাণ কাটা গাঁয়ের রাস্তার মাঝখান দিয়ে যায়, এক কাণ কাটা তার তব, লজ্জা থাকে: যারা সংবিধানের কথা বলছেন, বলুন কোন সংবিধানে আছে যে বাংলাদেশের মাথার উপর দিয়ে, যেখানে 'ল' এ্যান্ড অর্ডার আমাদের হাতে, আমরা যদি ফেল করি আলাদা কথা, আমার মাথার উপর দিয়ে, আমাদের বিরোধীতা করে আমাদের এখানে গুলি চালিয়ে আমাদের লোককে খুন করা যায়? মাননীয় স্পীকার মহাশয়, কাশীপুরে ৫ জন শ্রমিক মারা গেল, ৫টি মা বিধবা হল, ৫টি মাথার সিঁদুর মুছে গেল এটা আমার কাছে বড় কথা নয়, আমার কাছে এটা বড় হল যে সংবিধানকে হত্যা করা হচ্ছে, তাদের মুখে সংবিধান? মাননীয় সভাপাল মহাশয়, আমরা ওদের মত বড়াই করি না, ভাঁওতা দিই না, আমরা বলি যে সংবিধানে ত্রুটি আছে, আমরা বলি আইন-কানুনে ত্রুটি আছে, আছে বইকি, এই সংবিধান অনুযায়ী রাজ্য-গুলিকে শুকিয়ে মারা হচ্ছে, এগুলিকে বদলাতে হবে, এতে এত চিৎকার কেন? গত ২১ বছরে কতবার সংবিধান সংশোধন করা হয়েছে সেটা অস্বীকার করছেন কেন? আমরা মনে করি সংবিধানে ত্রুটি আছে, এই সংবিধানের অতি পবিত্র জিনিষ ফাণ্ডামেন্টাল রাইট, সত্যই পবিত্র অধিকার কিন্তু দেখছি ২২৬ ধারার অপব্যবহার করে ঐ জমি চোরেরা লক্ষ লক্ষ বিঘা জমি আজকে আটকে রেখেছে, তাহলে বুঝতে হবে যে পবিত্র জিনিষকে অপবিত্র করা হচ্ছে। সংবিধানের নামে যখন দেখি কোটিপতি মালিক, জোতদার, জমিদার জোচ্চরেরা তারা জোচ্চুরি কাজ চালিয়ে যাচ্ছে তখন আমরা সোজাসুজি বলি বর্তমান সংবিধান ও আইনকানুনকে কোটিপতিরা টাকার জোরে ব্যবহার করছে, মা লক্ষ্মীকে বড়লোকেরা যেমন ঘরে আটকে রেখে দেয়। নিশ্চয় আমরা সংবিধান বদলাতে চাই। সংবিধান দিয়েই এসেছি, আইন মেনেই এসেছি। কি অপরাধ, কি পাপ, আমরা সংবিধান বদলাতে চাই। শুধু আমরা নয় বাংলাদেশ তথা ভারতবর্ষের সমস্ত মানুষ চায়। মাননীয় সভাপাল মহাশয়, সিদ্ধার্থবাবু বিজ্ঞের মত

বললেন, 'বলুন জ্যোতিবাবু', মাস্টারমহাশয় এসেছেন, হরিদাস পাল, কে তার কথার জবাব দেবে। বাংলার মানুষের কাছে আমরা জবাব দেব না ইতিহাসের আবর্জনা স্তূপে যারা পড়েছেন তারা জবাব দেবেন।

[5-45—5-55 p.m.]

বিচার মানেন কিনা—প্রমোদবাবু কি বললেন? আমিও তাই বললাম। আমি কি অন্য কিছু বললাম? বিচারের মর্যাদা রাখতে চাই, সঙ্গে সঙ্গে দেখাতে চাই যে জোতদার, জমিদারের দল কেমন করে বিচারের ব্যাভিচার করেছেন। প্রমোদবাবু সেই ব্যাভিচারের বিরুদ্ধে দাঁড়াতে পেরেছেন এবং আমি মনে করি সেই ব্যাভিচারের বিরুদ্ধে দাঁড়াবার প্রয়োজন আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ও'রা বলেছেন সাবধান, কম্যুনিষ্ট পার্টি মার্কসবাদী, সবাইকে খেয়ে ফেলবে ১৯৭২ সালের নির্বাচনে। তিনি বলছেন আমরা মশাই ১৪টি পার্টি, আমাদের তফাৎ আছে। আছে বৈকি। আমরা কি ও'দের মত গোপন করি? আমরা ১৪টি পার্টি, আমাদের মতপার্থক্য আছে, তবুও আমরা মিলেছি। কেন মিলেছি? কংগ্রেস এবং কংগ্রেস পার্টি যেভাবে দেশকে শ্মশান করে তুলেছে তা থেকে বাঁচাবার জন্য আমরা মিলেছি। আমরা মিলেছি শুধু আমাদের জন্য নয়, বাংলার মানুষ আমাদের মিলিয়েছে। ১৯৬৭ সালের আগে আমরা মিলতে পারিনি, ১৯৬৭ সালে আমাদের মানুষ মিলিয়েছে। আমরা তারপরে ঝগড়া করেছি, মাঝে মাঝে সন্দেহ হয়েছে, কিন্তু তবুও মানুষ আমাদের মিলিয়ে দিয়েছে। ঐ মানুষই তো আমাদের ভরসা। আমাদের মতপার্থক্য সত্ত্বেও আমরা মিলি। আপনারা বিচলিত হবেন না, আমরা ঠিক মিলে থাকবো। আজ আমাদের মাঝে মাঝে গোলমাল হয়। হয় বৈকি। ১৪টি পার্টির মধ্যে গোলমাল হবে না? একটু হবে বৈকি। আমরা তো একটুও গোপন করি না। আমরা এই কথা বলেছি যে মানুষের প্রতি আমাদের বিশ্বাস আছে। অজয়দা গান্ধীবাদ মানেন, আমি গান্ধীবাদ মানি না। তিনি মানুষকে ভালবাসেন। তিনি চোর জোচ্চরদের বিরুদ্ধে, তাই তিনি নরকের কীটগুলোর সঙ্গে থাকতে পারলেন না। আর আমরাও মানুষকে ভালবাসি। তাই আমরা এক জায়গায় মিলতে পেরেছি, পারব। হয়ত অজয়দার সঙ্গে মতপার্থক্য হতে পারে, কিন্তু মানুষকে ভালবাসলে ইতিহাস আমাদের একজায়গায় দাঁড় করাবে। ১৯৬৭ সালে আমাদের একজায়গায় দাঁড় করিয়েছে, ১৯৭২ সালেও আমাদের আবার একজায়গায় দাঁড় করাবে। আপনাদের বিচলিত হবার কোন কারণ নেই। ঐ সস্তায় ঐ কৌশল আপনাকে খেয়ে নেবে, গ্রাস করে নেবে—এটা শিখিয়েছে কে, এই সব কোথায় শিখিয়েছেন? মোরারজীভাই শিখিয়েছেন, না, চাবনভাই শিখিয়েছেন? ঐসব চলবে না। কিন্তু বলছে কারা? কংগ্রেস, যারা শতধা বিভক্ত, পরস্পর লেঙ্গী মারামারিতে অভ্যস্ত এবং কংগ্রেস ভবনের সামনে মেয়েদের শাড়ী টানাটানিতে পর্যন্ত অভ্যস্ত, তারা বক্তৃতা মারছেন আমাদের। আমি জিজ্ঞাসা করি, এইবারে কি হল? শ্রীমতী গান্ধী এবং চাবন সাহেব, প্রেসিডেন্ট নির্বাচনে—লজ্জা হয় না। কালকের কাগজে সেটা বেরিয়েছে। তারপরেও লজ্জা হয় না এটা বলতে যে আমরা গ্রাস করবো। এই যে কংগ্রেস ভেঙ্গে চুরমার হয়ে যাচ্ছে। জানেন ইতিহাস যখন একটা পার্টিকে মারে তখন এমনি করেই মারে। ভিতর থেকে পচে গলে দুর্গন্ধ হয়ে যায় এবং তার ভিতর থেকে ভাল লোক ছিটকে বেরিয়ে আসে, গন্ধে থাকতে পারে না, আর নরকের কীটগুলো পরস্পর খাওয়া-খায়ি করে। তাই সুরু করেছে। আপনারা আমাদের কাছে বড় বড় কথা বলছেন, জ্যোতিবাবুর কথা মার্কসবাদী কম্যুনিষ্ট পার্টির মেম্বাররা শুনবেন কি—বলছেন কে? শ্রীসিদ্ধার্থশংকর রায় বলছেন কে? যারা নিজেরা পরস্পর লেঙ্গী মারামারি করে। এখন লেঙ্গী মারামারি হয় না? এই ভোটের ব্যাপারে আপনাদের দলের লোকেরা আমাদের কাছে আসেনি? আপনারা বলেন নি, কার দিকে দেবেন ইন্দিরা গান্ধীর দিকে, না, তার বিরুদ্ধ দিকে? এই সব সাজে কেন? আমরা জানাব আমরা জানি ইতিহাস আমাদের দিকে আছে। আপনাদের চীৎকারে আমরা মরব না। আমরা নিজেরা যদি কোন দিন ভুল করি তাহলে তাহলে মানুষ আমাদের ক্ষমা করবে না। যদি মানুষ আমাদের সঙ্গে থাকে তাহলে শত ঝড়-ঝাপ্টাকে অতিক্রম করে আমরা এগিয়ে যেতে পারব।

অধ্যক্ষ মহাশয়, শেষ একটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করবো। গত ৪ মাসের মধ্যে ওঁরা বহু চীৎকার করেছেন। আমি এই কথা বলব, লেট দেম বার্ক, ক্যারাভান উইল গো অন। তাঁরা যতই চীৎকার করুন আমরা এগিয়ে যাব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গ্রামে গ্রামেই বেশী ঘুরি। আমি সহরে বেশী বক্তৃতা দিই না, গ্রাম আমার বড় ভাল লাগে। ও'রা চীৎকার করছেন, লোকে হাতে লাঠি, তীর ধনুক, বল্লম, সড়কী নিয়েছে। চৈতন্যপুরের জমিদারবাবুরা কি করেছে? সরকারের খাস জমি বিলি হয়েছে, সেই জমি চাষ করতে গেলে সেখানে বন্দুক দিয়ে গুলি করে ২ জনকে খুন করে দিল, হাতে ব্যথা লাগলো না। জোতদারগুলো ধরতে পারে, আর কৃষকরা লাঠি ধরবে না কেন?

চন্দনপুরের জমিদাররাই তো কৃষকদের লাঠি ধরবার অধিকার দিয়েছে। বন্দুক দিয়ে গুলি করে মারাটা অপরাধ নয়, আর সাঁওতাল কৃষক তারা যদি লাঠি নিয়ে তীর ধনুক নিয়ে যা চিরকাল তারা ব্যবহার করে এসেছে—কৈ আমি তো আতঙ্কিত হই নি, আমি যখন দেখি হাজার হাজার ভল্যান্টিয়ার, হাজার হাজার কৃষক যখন লাঠি নিয়ে মার্চ করে তখন আমি তো আতঙ্কিত হই না, আতঙ্কিত হবে ঐ চোরের দল, আতঙ্কিত হবে পকেটমারের দল, আতঙ্কিত হবে ডাকাতের দল। তাতে আমরা দেখি, এই তো সেই শক্তি জাগছে—মোরারজীভাই বলেছেন যে আমরা নজরে রাখছি এবং প্রাক্তন একজন সেনাপতি বলেছেন যে ভারতে ভোটটাকে বাতিল করে দিয়ে প্রেসিডেন্ট ফর্ম অব শাসন হওয়া দরকার। মানে পিছনে মিলিটারীর বেয়নেটটা নিয়ে আমরা তো দেখছি যে বাংলার ঘাড়ে এবং বিভিন্ন রাজ্যের ঘাড়ে সেন্ট্রাল রিজার্ভ ফোর্সকে চাপানোর চেষ্টা হচ্ছে, কাশীপুরে আমরা দেখেছি। আমরা দেখেছি দুর্গাপুরে। যখন চ্যবন সাহেব গেলেন তার ভেতর দিয়ে কি ইঙ্গিত ফুটে উঠেছে, অর্থাৎ আবার এক চক্রান্ত হচ্ছে বাংলাদেশের মানুষের বিরুদ্ধে এবং যুক্তফ্রন্ট সরকারের বিরুদ্ধে। কিন্তু আজকে আমি খুব কনফিডেন্ট, আমি খুব বিশ্বাস রাখি, আমার বাংলার মানুষ পারবে। ১৯৬৭ সালের ২১শে নভেম্বর যে অন্ধকার রাত্রি যখন বাংলাদেশের উপর নিশাচরের মত বন্দুকের বেয়নেট নিয়ে আক্রমণ নিয়ে আক্রমণ করেছিল তখন বাংলার মানুষ—হ্যাঁ, বাংলার মানুষ তিন টাকা, চার টাকার চাল খেয়েছিল, কিন্তু তারা সেদিন গর্জে উঠেছিল আর আজ গ্রামে গ্রামে লক্ষ লক্ষ কৃষক অপূর্ব অভিযানে নেমেছে, তার সঙ্গে কারখানার শ্রমিক, আজ আমরা বলতে পারি আসুক ঝড়, আসুক আঘাত, উই আর প্রিপেয়ার্ড ফর অল ইভেনচুয়্যালিটি, যে কোন আক্রমণের বিরুদ্ধে গণতন্ত্রকে রক্ষার জন্য, দেশকে সুখী সমৃদ্ধ করার জন্য বাংলাদেশের ভূমিকা পালন করার জন্য আমরা এগিয়ে যেতে পারি। আমরা ইতিহাসের কাছে জবাব দেবো, ইতিহাসের আবর্জনা স্তূপে যারা পড়ে গেছে তাদের কাছে জবাবদিহি করবো না, এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** মাননীয় সভাপতি মহাশয়, আজ কদিন ধরে বাজেট সম্বন্ধে বিতর্ক হলো, আমি সেইগুলো সম্বন্ধে সব খবর রাখি এবং অনেক শুনেছি। আমাদের বিরোধী বন্ধু তিনি বললেন যে মার্চ মাসে যখন বাজেট পেশ করি তখন দেখিয়েছিলাম ২২ কোটি ৬৩ লক্ষ টাকা ঘাটতি, আর এখন যে বাজেট পেশ করলাম সংশোধনী বাজেট, তাতে দেখাচ্ছি ১১ কোটি ৮০ লক্ষ টাকা, বাড়তি হয়েছিল এটা গত বছর। অথচ এর সমস্ত কারণ-গুলো আমার এই বাজেট বক্তৃতায় দিয়াছিলাম। তিনি বললেন অবভিয়াসলি প্রিভিয়াস এসটিমেট ইজ রং। এটা তিনি সমস্তটা পড়ে দেখেন নি, দেখলে দেখতেন যে আমরা কেন ভেবেছিলাম যে গত বছর নেগেটিভ ব্যালেন্স হবে, তার কারণ আমাদের তখন ১৭ কোটি ৮৩ লক্ষ টাকা সেন্ট্রাল লোন উইথ ইন্টারেস্ট দেনা ছিল, আমরা সেটা দিয়ে দেবো মনে করেছিলাম তা যদি দিয়ে দিতে পারতাম তাহলে ২২ কোটি ৬৩ লক্ষ টাকা ঘাটতি হতো, কিন্তু টাকার অভাবে দিতে পারি নি। এই সামান্য হিসাবটুকু পড়ে দেখাও যদি বিদায় না করায় তাহলে আমি নাচার। সেই টাকাটা দেওয়া হয় নি বলে ঘাটতিটা বাড়তি হয়ে গেল বছরের শেষে। ডাঃ সান্যাল আবার এর ভেতর হাত সাফাই পেয়ে গেলেন, তার অভ্যাস হাত সাফাই করা, কাজেই সকলের হাত সাফাই দেখেন। আমাদের ডেফিসিট যে হিসাবটা আমরা দেখিয়েছিলাম যে ৬৫ কোটি ৫৫ লক্ষ টাকা ডেফিসিট, তার মধ্যে ওপেনিং ব্যালেন্স ১১ কোটি ৪৮ লক্ষ

টাকা বাদ দিলে ৫৩ কোটি ৬৬ লক্ষ টাকা ডেফিসিট হয় কিন্তু ডাঃ সান্যাল বারবার চালিয়ে গেলেন যে আমাদের ডেফিসিট ৬৫ কোটি ৫৫ লক্ষ টাকা। ১১ কোটি ৮৮ লক্ষ টাকা অল্প অংক কিনা, তার চোখে ঠেকে নি। আমরা যে পঞ্চবার্ষিকী পরিকল্পনা করেছি তাতে আমরা দেখেছি যে আমাদের ঘাটতি হবে, সেই ঘাটতির জন্য আমরা বলেছিলাম যে ৭৫ কোটি টাকা ট্যাক্স এবং ক্ষুদ্র সংগ্রহে আদায় করতে হবে।

[5-55—6-05 p.m.]

এতে তাঁরা বলেছেন সর্বনাশ হয়ে যাবে, এত টাকা গরীবদের উপর ট্যাক্স করবেন। কিন্তু আমি জিজ্ঞাসা করি কংগ্রেস তার দ্বিতীয় পরিকল্পনায় যখন ৪৩ কোটি টাকা বাড়তি ট্যাক্স করেন, তখনকার ৪৩ কোটি টাকা এখনকার ৮০।৮৫ টাকার বেশী মনে রাখবেন এবং তৃতীয় পরিকল্পনায় ৪১ কোটি টাকা ট্যাক্স করেন তখন তো কই ডাঃ সান্যাল ঘাবড়ে যান না। আমাদের যে ঘাটতি হয়েছে, তা তো ও'রা বললেন আমরা অযোগ্য সরকার বলে ঘাটতি করে ফেলেছি, কিন্তু সুযোগ্য কেন্দ্রীয় সরকার কি করছেন? তাঁরা বড় কিনা তাই তাঁদের ২৫০ কোটি টাকা ঘাটতি হয়েছে এবং গত বছর হয়েছিল ১৯৬৮-৬৯ সালে ২৬০ কোটি টাকা। তাঁরা ঘাটতি পূরণে ট্যাক্স বাড়ালেন, আর আমরা ট্যাক্স বাড়াব তাই শুনেই ও'রা বলা সুরু করেছেন। ইতি-মধ্যেই কেন্দ্রীয় সরকার ট্যাক্স বাড়িয়ে দিয়েছেন। শুধু ট্যাক্স বাড়ান নয়, তাঁদের হাতে বাড়তি একটা সুযোগ আছে। তারা ৪।৬ পয়সা খরচ করে এক হাজার টাকার নোট ছাপিয়ে বাজারে ছাড়তে পারেন। এই করে তাঁরা হাজর হাজার টাকার নোট ছাপান আমরা তা পারি না, তবু তাঁরা ট্যাক্স করেছেন আমরা ট্যাক্স করলেই দেশের সর্বনাশ হয়ে যাবে—এটা সাধারণ মানুষে বুঝতে পারে না, পন্ডিত যাঁরা তাঁরা বোঝেন। এই যে এত ঘাটতি—কেন এই রকম হল? আমরা সাড়ে চার মাসে এত ঋণ, এত ঘাটতি সব করে ফেললাম। ২০।২২ বছর ধরে কংগ্রেস করে রেখে গিয়েছে, আমরা উত্তরাধিকারসূত্রে পেয়েছি কি করব? এটা তাই ঘাড়ে নিয়ে চলতে হচ্ছে। তারা কো লাইবেলিটিস রেখে গিয়েছেন। এটা তাদেরই কীর্তি। তাঁরা এমন সব কাজে লগ্নী করেছেন যাতে বরাবর ক্ষতি হচ্ছে। আজ ওঁরা বলছেন, "তোমাদের স্টেট ট্রান্স-পোর্টে ক্ষতি হচ্ছে। কিন্তু স্টেট ট্রান্সপোর্ট করেছেন ও'রা, আর ক্ষতি দিতেও সুরু করেছিলেন ও'রা এবং বরাবর ক্ষতি দিয়ে যাচ্ছেন। তাঁরা স্টেট ট্রান্সপোর্ট প্রভৃতি আন-প্রোডাকটিভ স্কীমে লগ্নী করেছেন। সবগুলিই ক্ষতিতে চলছে। আমরা তার উত্তরাধিকারী। ৩১-৩-৬৯ পর্যন্ত এই বাংলা সরকার কেন্দ্রীয় সরকারের কাছে পাঁচশত কোটি টাকা ঋণ করে গিয়েছেন এবং বাজারে আরও ঋণ করেছেন ৭৪ কোটি টাকা। সে ঋণের আমরা উত্তরাধিকারী। তাই আজ আমাদের একটু এই রকম অবস্থায় পড়তে হয়েছে। আমরা সরকারী কর্মচারী, দুঃস্থ শিক্ষক এবং লোক্যাল বডিসের কর্মচারীদের কিছু মহার্ঘ ভাতা বাড়িয়েছি। তাইতে ও'রা বলেছেন, তোমরা ডেফিসিট ফাইন্যান্স করছো, এতে ইনফ্লেসন বেড়ে গেল। কিন্তু আগের সরকার ৫২ কোটি টাকা ডি এ করে গিয়েছিলেন, আমরা বাড়িয়েছি ১৮ কোটি টাকা। আমাদের দোষ হয়েছে, তাঁরা যা করে গিয়েছেন সেটা কিছু নয়।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** কংগ্রেস দিয়ে গিয়েছিল ৫২ কোটি টাকা।

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** তার সমালোচনা আপনার করছেন না। আমরা ১৮ কোটি টাকা দিয়েছি তার সমালোচনা করছেন। কংগ্রেস ৫২ কোটি টাকা দিয়েছে নির্বাচনের আগে, তবু কংগ্রেস ভোট পেল না। আমরা জেতার পর টাকা দিয়েছি। আপনারা নির্বাচনের আগে ৫২ কোটি টাকা দিয়ে ভোট পেলেন না, আমরা জেতার পর ১৮ কোটি টাকা দিয়েছি। টাকার সঙ্গে ভোটের সম্পর্ক নেই।

তারা আমাদের নীতি সমর্থন করেছেন, তাই আমাদের ভোট দিয়েছেন। এই ডি এ বাড়াতে হল কেন? সেটা হয়েছে ভারত সরকারের পরিকল্পনার ত্রুটির জন্য, তাঁদের ডেফিসিট ফাইন্যান্সিং-এর জন্য। আজ এই ইনফ্লেসান সারা ভারতব্যাপী, শুধু পশ্চিমবঙ্গে নয়। সেই ইনফ্লেসান-এর জন্য জিনিসপত্রের দাম বেড়ে গেল। এই কর্মচারীরা, যাঁদের বাঁধা আয়, আয় বাড়াতে পারি নি। বছরে সামান্য সামান্য ইনক্রিমেন্ট হয়। এইভাবে জিনিসপত্রের দাম বেড়ে গেলে তাঁদের সংসার চলে না বা চলতে পারেনা। তাঁদের সামান্য সামান্য ডি এ বাড়িয়েছি।

সেটা আমরা এমন কি দোষের কাজ করেছি? কিন্তু এই বাড়াবার জন্য দায়ী কে? দায়ী ভারত সরকার, তাঁদের ফিসক্যাল পলিসি এর জন্য দায়ী। ভারত সরকার নিজেদের জালে নিজেরা জড়িয়ে পড়েছেন। এই রকম ইনফ্লেসান করার জন্য ভারত সরকারের কর্মচারীরা জোর করে তাঁদের দাবী আদায় করে নিলেন। আমাদের পশ্চিমবঙ্গে ভারত সরকারের যত কর্মচারী থাকেন, আমাদের বাংলাদেশের কর্মচারীর সংখ্যা তার চেয়ে কম। তারা সকলেই পাশাপাশি বাস করেন, অথচ ভারত সরকারের কর্মচারী বেশী ডিয়ারনেস অ্যালায়েন্স পাচ্ছেন আর আমাদের কর্মচারীরা পাচ্ছেন না। তাই, আমরা তাঁদের সমান করে দিয়েছি। এটা আমরা কি অপরাধ করেছি? এখন আমাদের এই ঘাটতি পূরণের জন্য কয়েকটি বিষয় বলেছিলাম যে কি করে হতে পারে। আমাদের যে চলতি নন-প্ল্যান-এ খরচ, সেই খরচটার সমস্তটাই যাতে ফাইন্যান্স কমিশন আমাদের দেন, সেজন্য আমরা তাঁদের কাছে দরখাস্ত করেছি। এটা আইনে আছে, দিতে পারেন, না দিলে বলবার কিছু নেই। তবে আমরা আশা করছি সেটা তাঁরা পূরণ করবেন, তা না হলে আমাদের এই অবস্থাটা একটু খারাপ হয়ে যাবে এ বিষয়ে সন্দেহ নেই। তারপর এই যে সেন্ট্রাল অ্যাসিস্ট্যান্ট এটাও বাড়াবার কথা হচ্ছে, আমরা নিয়েছি। ভারত সরকারের যতগুলি রাজ্য আছে কংগ্রেসী বা অকংগ্রেসী, সব রাজ্যের মুখ্যমন্ত্রীরা যেদিন সমবেত হয়েছিলেন, তাঁরাও বলেছিলেন, সব রাজ্যকে ৩ হাজার ৫ শত কোটি টাকা দিচ্ছেন ভাগ করে নিতে। এতে চলবে না, আরো বেশী দিতে হবে। কাজেই এই চাপ সকলেরই আছে, কংগ্রেসী, অকংগ্রেসী, শুধু আমাদেরই নয়। সেখান থেকে আমরা আরো কিছু পাবো এটা আশা করতে পারি। এই বছর আমাদের সরকার যে পঞ্চবার্ষিক পরিকল্পনার ব্যবস্থা করেছেন তাতে দেখা যাচ্ছে যে, তাঁরা ডান হাত দিয়ে যে সাহায্য করলেন বাঁ হাত দিয়ে ফিরিয়ে নিলেন উপরন্তু আরো কিছু বেশী তাদের দিতে হবে, তাহলে আমরা পঞ্চবার্ষিক পরিকল্পনা চালাবো কি করে? আমাদের এই বাজেট বক্তৃতায় যেসব অঙ্ক দিয়েছি তার দিকে আপনারা দেখবেন যে পঞ্চবার্ষিক পরিকল্পনার জন্য গভর্নমেন্টকে যে সাহায্য কেন্দ্রীয় সরকার করছেন তার চেয়ে বেশী টাকা তাঁরা কংগ্রেস আমলে তাঁদের যে ধার আর তার সুদ, যা তাদের পাওনা হয়েছে কিস্তিতে, সেটা তাঁদের সাহায্য টাকার চেয়ে বেশী নিচ্ছেন। অর্থাৎ আমরা যদি কিছু ট্যাক্স ইত্যাদি করে তা থেকে দেন, এবং তার সুদ শোধ করি তাহলে দেশের ভাল কাজে তা লাগতে পারে না।

[6-05—6-14 p.m.]

যখন আমাদের সমস্ত মুখ্যমন্ত্রীদের ডেভেলপমেন্ট কাউন্সিলের মিটিং-এ ডেকেছিলেন তখন আমরা বলেছিলাম যে আপনাদের দৃষ্টিভঙ্গী বদল করুন—এখানে আপনারা কিছু টাকা দেবেন এবং বলবেন যে তোমরা কজনে ভাগ করে নিয়ে চলে যাও এতে হবে না। আপনারা এই ফাইভ ইয়ার প্ল্যান তৈরী করেছেন এই ফাইভ ইয়ার প্ল্যানের দৃষ্টিভঙ্গী বদল করুন, আপনারা মুখে যা বলে এসেছেন কাজে তা করুন, একে এমনভাবে ঢেলে সাজান যাতে সমাজতন্ত্রের সোসালিস্টিক সিস্টেম আসতে পারে, আস্তে আস্তে সেদিকে গড়িয়ে যান। আমাদের কথা তাঁরা গ্রাহ্যই করেন নি, তাঁরা তাঁদের সেই ক্যাপিটালিস্টিক সিস্টেম চালিয়ে যাচ্ছেন। আজ তাই আমাদের এখন একটু অসুবিধায় পড়তে হয়েছে। আমরা যে ট্যাক্স আদায় করছি তাতে আমরা যতটা আশা করেছিলাম ততটা পাচ্ছি না। তার অনেকগুলি কারণ আছে। প্রধান কারণ হচ্ছে যে দেশে শিল্পে একটা মন্দা এসেছে যেটা ডাঃ সান্যাল স্বীকার করে গেছেন। সেই শিল্প বেশী হলে, বেশী বিক্রি হলে তার উপর আমাদের সেলস ট্যাক্স, অন্যান্য ট্যাক্স আমরা বেশী পাই। কাজেই সেটা কমতি হয়ে যাবার জন্য আমাদের ট্যাক্স আদায়টা কিছু কমে যাচ্ছে যাতে আমাদের আর্থিক অবস্থার একটু সংকোচন হচ্ছে। আপনারা দেখবেন সারা ভারতে যে ওয়াগন তৈরী হয় তার শতকরা ৬১·৩ ভাগ আমাদের বাংলাদেশে তৈরী হয়। সেখানে ঐ ওয়াগনগুলি সবই কেনেন ভারত সরকারের রেল বিভাগ—সেই ওয়াগনের অর্ডার কমিয়ে দেওয়ার জন্য আমাদের এখানে ৬১·৩ ভাগের জায়গায় ৩৯ ভাগ কাজ আমরা পাচ্ছি। কাজ পাচ্ছি না, শিল্পে মন্দা হয়েছে, শ্রমিক বেকার হয়েছে, কোম্পানীর আয় কমে যাচ্ছে, তারা শ্রমিকদের ছাঁটাই করে আয় বাঁচাবার চেষ্টা করছে, এর জন্য দায়ী ভারত সরকার। রোলিং মিল, লেদার,

**লোহার গুডস এর ৪০ থেকে ৫৬ পারসেন্ট** আমাদের এখানে তৈরী **হয়**—তাদের রিসেসান হয়ে **গেছে। তাই প্রধানতঃ আমরা মার খেয়েছি** এসব ব্যাপারে। তাই, **আমরা** এ আর সি-র কাছে **যে রিপোর্ট দিয়েছিলাম তার কপি** আপনাদের কাছে দিয়েছি, তাতে দেখবেন আমাদের অবস্থা **কেন খারাপ হয়েছে।** আরো একটা জিনিস যেটা **হরেকৃষ্ণবাবু বলেছিলেন**, আমাদের সংবিধানে অনেক ত্রুটি আছে—অন্য ত্রুটি তিনি দেখিয়েছেন, আমি শুধু আর্থিক দিকটা দেখব। আমাদের সংবিধানে সমস্ত বড় বড় আয়গুলি নেবার ট্যাক্সগুলি বসাবার অধিকার ভারত সরকারের হাতে। ইনকাম ট্যাক্সের একটা ভাগ আমরা পেতাম, এখন সেটাকে দুভাগ করে দিয়ে ব্যক্তিগত আর কোম্পানীগত করে দিলেন এবং এই কোম্পানীগত আয়করটা করে দিলেন কর্পোরেশন ট্যাক্স—তার এক পয়সাও আমরা পাব না পশ্চিম বাংলায় কত কলকারখানা আছে, তাদের যে ট্যাক্স আমরা আগে পেতাম ওঁরা দিল্লীতে পার্লামেন্ট আইন করে আমাদের সেই পাওনা বন্ধ করে দিলেন। ইনকাম ট্যাক্স-এর উপর একটা সার চার্জ বসিয়ে দিলেন, বললেন সার চার্জের ভাগ তোমরা পাবে না, এটা আমাদের কেন্দ্রীয় সরকারের একলার। কাজেই বড় বড় কাজ যা কিছু দেশের উন্নয়নের কাজ রাস্তাঘাট, স্কুল, পাঠশালা, হাসপাতাল, এই সমস্ত কাজ রাজ্য সরকারের দায়িত্ব, কিন্তু বড় ট্যাক্স বসানোর দায়িত্ব ভারত সরকারের। আমাদের তাঁদের কাছে গিয়ে ভিক্ষার ঝুলি নিয়ে দাঁড়াতে হয়, দুটাকা দেবেন, পাঁচ টাকা দেবেন—দিলেন তো কাজ করতে পারলাম, না হলে পারলাম না। সংবিধানের এই ত্রুটি কি সংশোধন করার প্রয়োজন নেই বলে আপনারা মনে করেন? বাংলাদেশকে যদি ঠিকমত চলতে হয় তাজ এর আসন উপর দাঁড়িয়ে, ভিক্ষার উপর না দাঁড়িয়ে, তাহলে নিশ্চয় সংবিধান পরিবর্তনের প্রয়োজন আছে।

আমি খুব বেশী বলতে চাই না। বাক স্বাধীনতার কথা বলেছেন। বাক স্বাধীনতা কি আমরা ওঁদের আমলে পেয়েছিলাম? (এ ভয়েসঃ তখন তো আপনিও ছিলেন।) আমি যখন মন্ত্রী ছিলাম তখন আপনাদের সহবাসে আমার কিছু ফুটিয়ে উঠতে পারি নি। আজ বেরিয়ে এসেছি বলে বেঁচে গেছি, তা না হলে আজ যেমন কংগ্রেস রসাতলে যাচ্ছে সেই রকম রসাতলে তলিয়ে যেতাম। ল অ্যান্ড অর্ডার-এর কথা বলেছেন। ল অ্যান্ড অর্ডারের কথার জবাব ল অ্যান্ড অর্ডার-এর রক্ষকমন্ত্রী তিনি তাঁর বাজেট বক্তৃতায় দেবেন। এ বিষয়ে কিছুটা হরেকৃষ্ণবাবু বলেছেন। তবে আমি সাধারণভাবে বলব যে যুগ যুগ ধরে যে শ্রমিক ও কৃষক বৃটিশ ও কংগ্রেস আমলে নিপীড়িত, শোষিত শ্রমিক ও কৃষক বৃটিশ ও কংগ্রেস আসনে ছিল তারা আমাদের আমলে একটু স্বস্তির নিশ্বাস ফেলছে। নবজাগরণের এটা একটা সূচনামাত্র। এই সূচনায় তারা তালে তালে পা হয়তো ফেলতে পারছে না, কোথাও হয়তো একটু বাড়াবাড়ি করছে, কিন্তু তাদের আমরা সংযত করবো। আমরা তাদের অগ্রগতিকে ব্যাহত করব না। আমরা শান্তি শৃঙ্খলা রক্ষার নামে তাদের হাতে-পায়ে শৃঙ্খল পরিয়ে দেব না এবং তাদের আমরা সাহায্য করব। দেশে শান্তি যাতে অব্যাহত থাকে সে বিষয়ে আমরা সর্বতোভাবে চেষ্টা করব এবং তাদের ভুল-ত্রুটি সংশোধন করে তাদের ঠিক পথে আমরা এগিয়ে নিয়ে যাব। আমি জানি একলা পশ্চিম বাংলায় সমাজবাদ প্রতিষ্ঠা করা সম্ভব নয়। সারা ভারতে যদি সমাজবাদের মত আবহাওয়া সৃষ্টি হয় তাহলে পশ্চিমবঙ্গে সমাজবাদ প্রতিষ্ঠিত হবে। কিন্তু সে রকম লোকের হাতে সরকার না গেলে সমাজবাদ হবে না। আমরা সমাজবাদ করব বলে বলছি না। আমরা যে দুরন্ত ধনিকতন্ত্র চলছে তাকে কিছুটা সংযত করার চেষ্টা করব, গরীবদের কিছুটা এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করব। আমরা বর্তমানে একটা লক্ষণ ভাল দেখছি না। ভারতের বুকে যারা একদিন জগদ্দল পাথরের মত বসে ছিল তাদের মধ্যে আজ ভাঙ্গন ধরেছে। আগামী নির্বাচনে সেখানে নিশ্চয় সমাজবাদের সাড়া জাগবে এই বিশ্বাস নিয়ে আমি বক্তব্য শেষ করলাম এবং আশা করি সকলে আমার এই বাজেটকে সমর্থন করবেন।

**Mr. Speaker:** The general discussion on the budget is over. The House will meet at 10 a.m. to-morrow and there will be no questions. The House stands adjourned till 10 a.m. on Wednesday, the 16th July, 1969.

## Adjournment

The House was accordingly adjourned at 6-14 p.m. till 10 a.m. on Wednesday, the 16th July, 1969, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 16th July, 1969, at 1 p.m.

### Present

Mr. Speaker (SHRI BEJOY KUMAR BANERJEE) in the Chair, 18 Ministers, 1 Minister of State and 198 Members.

## UNSTARRED QUESTIONS

### (to which written answers were laid on the table)

[10-00—10-10 a.m.]

### Number of schools upgraded during the year 1969-70

**125.** (Admitted question No. 350.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯-৭০ সালের মে মাস পর্যন্ত পশ্চিমবঙ্গের কোন্ জেলায় কতগুলি (১) চার-শ্রেণীযুক্ত জুনিয়ার স্কুল দশম শ্রেণীর স্কুলরূপে, (২) চার-শ্রেণীযুক্ত স্কুল একাদশ শ্রেণী স্কুলরূপে এবং (৩) দশ-শ্রেণীর স্কুল একাদশ-শ্রেণী স্কুলরূপে উন্নীত হইবার জন্য আবেদন করিয়াছেন;

(খ) তাহাদের মধ্যে এ পর্যন্ত কোন্ শ্রেণীর কতগুলি স্কুল কোন জেলায় উন্নীত হইবার অনুমতি পাইয়াছে; এবং

(গ) কোন্ শ্রেণীর স্কুল কি কি শর্ত পূরণ করিলে উন্নীত হইবার যোগ্যতা রাখে?

**The Minister for Education:**

(ক) (১) বাঁকুড়া—১৪, বীরভূম—২০, বর্ধমান—২৯, কলিকাতা—৬, কোচবিহার—৯, দার্জিলিং—১, হুগলি—১৮, হাওড়া—১০, জলপাইগুড়ি—৭, মালদহ—৩, মেদিনীপুর—৩৪, মুর্শিদাবাদ—১৪, নদিয়া—১২, পুরুলিয়া—৭, পশ্চিম দিনাজপুর—৭ এবং ২৪-পরগনা—৭০। মোট—২৬১।

(২) কোন আবেদন নাই। তাহা ছাড়া জুনিয়র হাই স্কুলকে সরাসরি একাদশ শ্রেণীর স্কুলে রূপান্তরিত করা হয় না।

(৩) হাওড়া—৮, কলিকাতা—১৬, চব্বিশপরগনা—১৮, নদিয়া—৫, মুর্শিদাবাদ—৬, বাঁকুড়া—৬, বর্ধমান—১০, হুগলি—৫, মেদিনীপুর—১০, বীরভূম—৪, পুরুলিয়া—৩, মালদহ—১, কোচবিহার—১, জলপাইগুড়ি—১, দার্জিলিং—১ এবং পশ্চিম দিনাজপুর—৩। মোট—৯৮।

(খ) এ পর্যন্ত বিভিন্ন জেলার নিম্নলিখিত-সংখ্যক বিদ্যালয়কে অনুমোদনদানের জন্য মধ্যশিক্ষা পর্ষদের নিকট সুপারিশ করা হইয়াছেঃ—

(১) জুনিয়র হাই স্কুল হইতে দশম শ্রেণীর বিদ্যালয়ঃ বাঁকুড়া—৩, বীরভূম—৬, বর্ধমান—৮, কলিকাতা—১, কোচবিহার—৩, দার্জিলিং নাই, হুগলি—৭, হাওড়া—৩, জলপাইগুড়ি—২, মালদহ—১, মেদিনীপুর—৭, মুর্শিদাবাদ—৬, নদিয়া নাই, পুরুলিয়া—৩, পশ্চিম দিনাজপুর—২ এবং চব্বিশপরগনা—২৫। মোট—৭৭।

(২) নাই।

(৩) দশম শ্রেণীযুক্ত বিদ্যালয় হইতে একাদশ শ্রেণীযুক্ত বিদ্যালয়ঃ হাওড়া—৫, কলিকাতা—৫, চব্বিশপরগনা—৬, নদিয়া—১, মুর্শিদাবাদ—৩, বাঁকুড়া—১, বর্ধমান—৫, হুগলি—১, মেদিনীপুর—৫, বীরভূম—১, পুরুলিয়া—২, মালদহ—নাই, কোচবিহার—নাই, জলপাইগুড়ি—নাই, দার্জিলিং—১ এবং পশ্চিম দিনাজপুর—১। মোট—৩৭।

(গ) জুনিয়র হাই স্কুল দশম শ্রেণী বিদ্যালয়রূপে এবং দশম শ্রেণী বিদ্যালয় একাদশ শ্রেণী বিদ্যালয়রূপে উন্নীত হইতে হইলে যেসকল শর্ত পূরণ করা প্রয়োজন সেই সম্বন্ধে মধ্য-শিক্ষা পর্ষদের দুইটি নির্দেশনামার অনুলিপি লাইব্রেরী টেবিলে রক্ষিত হইল।

### Price of rice in different districts

**126.** (Admitted question No. 401.) **Dr. ZAINAL ABEDIN:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) the price of rice in different districts in the months of February, March, April and May, 1969: and

(b) the price of rice during the same months in 1968 in different districts?

**The Minister for Food and Supplies:** (a) and (b) Statements are laid on the Library Table.

### Number of C.P.I. (M) workers wounded and murdered during the United Front Ministry

**127.** (Admitted question No. 296.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যুক্তফ্রন্ট সরকারের আমলে জেলাওয়ারী কয়জন সি পি (এম) কর্মী এবং সমর্থক দুর্বৃত্তদের আক্রমণে আহত এবং নিহত হইয়াছেন সে সম্পর্কে কোন সরকারী তথ্য আছে কি;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত আহত বা নিহতদের সংখ্যা কোন্ জেলায় কত,

(২) কোন্ ঘটনায় সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**The Minister for Home (Police):**

(ক) হ্যাঁ।

(খ) (১) এ বিষয়ে একটি তালিকা দেওয়া হইল।

(২) বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন অভিযোগে মামলা রুজু করা হইয়াছে এবং উপদ্রুত অঞ্চলে পুলিস-পাহারার ব্যবস্থা করা হইয়াছে।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 127.

**জেলাওয়ারী হিসাব**

| জেলার নাম | | | নিহত | আহত |
|---|---|---|---|---|
| কলিকাতা | ... | ... | ১ | ৪ |
| চব্বিশপরগনা | ... | ... | ৬ | ৮০ |
| মুর্শিদাবাদ | ... | ... | × | ১০ |
| হাওড়া | ... | ... | × | ১ |
| নদিয়া | ... | ... | ২ | ৯ |
| বাঁকুড়া | ... | ... | × | ৫ |
| বীরভূম | ... | ... | × | × |
| বর্ধমান | ... | ... | ৩ | ৪৭ |
| পুরুলিয়া | ... | ... | × | × |
| মেদিনীপুর | ... | ... | × | × |
| হুগলি | ... | ... | × | × |
| জলপাইগুড়ি | ... | ... | ২ | ১ |
| দার্জিলিং | ... | ... | × | × |
| মালদহ | ... | ... | × | ৫ |
| কোচবিহার | ... | ... | × | ৭ |
| পশ্চিম দিনাজপুর | ... | .. | ১ | ৭ |
| | মোট | ... | ১৫ | ১৭৬ |

**Re-excavation of river Jamuna in Nadia district**

**128.** (Admitted question No. 313.)

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** সেচবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) নদিয়া জেলার চাকদহ থানা, কল্যাণী ও হরিণঘাটা থানার মধ্যে দিয়ে প্রবাহিত মজে যাওয়া যমুনা নদীর সংস্কারের কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা; এবং

(খ) এই যমুনা নদীর সংস্কার সম্বন্ধে কোন সরকারী সমীক্ষা এ পর্যন্ত হয়েছে কিনা এবং হয়ে থাকলে তার ফলাফল কি?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) না।

(খ) নদিয়া ও চব্বিশপরগনা জেলার মধ্য দিয়া প্রবাহিত যমুনা নদীর সংস্কারের জন্য একটি প্রকল্প দেশবিভাগের পূর্বে প্রস্তুত করা হইয়াছিল, কিন্তু ঐ প্রকল্পটি পরিত্যক্ত হয়। দেশবিভাগের পর অনুসন্ধান করিয়া দেখা যায় যে, বেরাহী হইতে গাইঘাটা অংশের মধ্যে নদীটি একেবারে মজিয়া গিয়াছে। নদীটির সংস্কার খুবই ব্যয়সাপেক্ষ।

### Re-excavation of the Gopia river in Nadia district

**129.** (Admitted question No. 314.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার গোপিয়া নদী সংস্কারের পরিকল্পনাটি বর্তমানে কি অবস্থা আছে;

(খ) ইহা কি সত্য যে, ১৯৬৭ সালে এই নদীটির সংস্কারসাধন করে সমগ্র অঞ্চলের চাষযোগ্য জমিতে সেচের প্রকল্পটি গৃহীত হয়েছিল এবং ঐ সম্পর্কে তদন্ত ও সমীক্ষা কাজ চলেছিল; এবং

(গ) সত্য হইলে, উক্ত সমীক্ষার ফলাফল বা প্রতিবেদন কি?

**The Minister for Irrigation and Waterways:**

(ক), (খ) এবং (গ) প্রয়োজনীয় অনুসন্ধানের পর 'ফিসারি-কাম-লিফ্‌ট ইরিগেশন স্কীম ইন গোপ বিল' নামে অভিহিত একটি প্রকল্প ১৯৬৭ সালের সেচবিভাগ কর্তৃক প্রস্তুত হইয়াছিল। প্রকল্পটিতে ৩,৫০০ একর জমিতে খরিফ চাষের ও ১,৭৫০ একর জমিতে রবিশস্য চাষের জন্য সেচ ব্যবস্থার এবং বিলের নিচু এলাকায় মাছচাষের ব্যবস্থার প্রস্তাব আছে। সেচবিভাগ কর্তৃক প্রকল্পটি চূড়ান্তভাবে গৃহীত বা মঞ্জুর হয় নাই। উহা এখন কৃষিবিভাগের বিবেচনাধীন রহিয়াছে।

### Grants-in-aid to Junior High Schools consequent on their conversion into High Schools

**130.** (Admitted question No. 370.) Shri **PRABIR KUMAR MALLIK:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if it is a fact that the Junior High Schools on their upgrading into Secondary High Schools are not entitled to any grant-in-aid including the lump grant which they were enjoying before being upgraded;

(b) if so, the reason thereof; and

(c) if not, the exact position regarding grant-in-aid to schools?

**The Minister for Education:**

(a) Yes.

(b) As soon as aided Junior High Schools change their status and are upgraded to High or Higher Secondary Schools, as the case may be, they become unaided institutions. These new High or Higher Secondary Schools are admitted to the grant-in-aid scheme on their applying and on the availability of funds.

(c) Does not arise.

### Abolishing of Land Revenue for land of School Board-managed Primary Schools

**131.** (Admitted question No. 374.) Shri **PRABIR KUMAR MALLIK:** Will reference to reply to clase (ga) to the starred question No. 172 (Admitted question No. *205), dated the 13th January, 1966, delivered in the West Bengal Legislative Council, will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if the question of abolishing land revenue for land for School Board-managed Primary Schools has been finally considered; and

(b) if so, the results thereof?

**The Minister for Education:**

(a) It is under consideration of Government.

(b) Does not arise.

### Number of persons arrested under the P. D. Act

**132.** (Admitted question No. 398.) **Dr. ZAINAL ABEDIN:** Will the Minister-in-charge of the Home (Special) Department be pleased to state how many men and women have been arrested under P. D. Act since 25th February, 1969, throughout the State till 31st May, 1969?

**The Minister for Home (Special):** A total of 946 men were arrested throughout the State during the period 25th February, 1969 to 31st May, 1969. There was no woman detainee.

### Land for the proposed health centre in Raninagore P.S.

**133.** (Admitted question No. 447.))

**শ্রীআজিজুর রহমান:** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার রাণীনগর থানার প্রস্তাবিত স্বাস্থ্যকেন্দ্রের জন্য সরকার জমি অধিগ্রহণ করিয়াছেন কি; এবং

(খ) করিয়া থাকিলে কোন্ সময়ে গ্রহণ করিয়াছেন?

**The Minister for Health:**

(ক) ও (খ) রাণীনগর ১নং এবং ২নং ব্লকের কোন স্বাস্থ্যকেন্দ্রের জন্য কোন জমি অধিগ্রহণ (অ্যাকুইজিসন) করা হয় নাই। তবে রাণীনগর ২নং ব্লকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য ১৯এ ফেব্রুয়ারি, ১৯৬৮ তারিখে কিছু জমি সরকারকে দান করা হইয়াছে।

### State Government Sponsored Small-Scale Industries

**134.** (Admitted question No. 470.)

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলী:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী উদ্যোগে পশ্চিম বাংলায় বর্তমানে কতগুলি ক্ষুদ্রশিল্প পরিচালিত হইতেছে জানাইবেন কি;

(খ) এই শিল্পগুলির নাম কি এবং কোথায় কোথায় অবস্থিত; এবং

(গ) এই শিল্প বর্তমানে আর কোন জায়গায় প্রবর্তন করার জন্য চিন্তা করিতেছেন কি?

**The Minister for Cottage and Small-Scale Industries:**

(ক) ২৭টি—তন্মধ্যে ১১টি প্রশিক্ষণ কেন্দ্র, ৮টি সার্ভিসিং কেন্দ্র, ৫টি প্রশিক্ষণ-তথ্য-উৎপাদন কেন্দ্র ও ৩টি উৎপাদন কেন্দ্র—

(খ) এতৎসংক্রান্ত বিস্তৃত তথ্যাবলী নিম্ন তালিকায় প্রদত্ত হইল।

(গ) না।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 134

### (ক) প্রশিক্ষণ কেন্দ্র

(১) উড ইন্ডাস্ট্রীজ ইন্‌স্টিটিউট, কল্যাণী, নদিয়া।

(২) সেন্ট্রাল ওয়ার্কশপ, ভ্যাগ্রান্টস্‌ হোম, আন্দুল, হাওড়া।

(৩) মডেল ব্ল্যাকস্মিথ ওয়ার্কসপ, আহমেদপুর, বীরভূম।

(৪) মডেল কার্পেন্ট্রি ওয়ার্কসপ, শক্তিগড়, বর্ধমান।

(৫) কাটলারী টিউসনাল ক্লাস, পুরুলিয়া।

(৬) স্পোর্টস গুডস ট্রেনিং সেন্টার, বরানগর, কলিকাতা।

(৭) স্কীম ফর বুক বাইন্ডিং, বোরস্টাল স্কুল, বহরমপুর।

(৮) টেলারিং ইন্ডাস্ট্রি, এই সি মুখার্জী টি বি আফটারকেয়ার কলোনী, ডিগরী, মেদিনীপুর।

(৯) আর্টিস্টিক লেদার, লেদার ট্রাভেলীং ইউনিট, এইচ সি মুখার্জী টি বি আফটার-কেয়ার কলোনী, ডিগরী, মেদিনীপুর।

(১০) মালদহ শিল্প বিদ্যাপীঠ, মালদহ।

(১১) টেলারিং ইনস্টিটিউট, নিউ সি আই টি রোড, কলিকাতা-১৪।

### (খ) সার্ভিসিং কেন্দ্র

(১) মডেল সার্ভিসিং ফর ফুটওয়ার (১টি ইউনিট)—(১) কলিকাতা এবং (২) কার্শিয়াং

(২) মডেল সার্ভিসিং ফর ট্যানারী, তিলজলা, কলিকাতা।

(৩) সাপ্লাই অফ প্রসেসড্‌ ক্লে ফর স্যানিটারী ওয়ার্কস্‌ অ্যান্ড ইলেকট্রিক্যাল গুডস্‌, বেলিয়াঘাটা, কলিকাতা এবং বেলঘরিয়া, চব্বিশপরগনা।

(৪) সেন্ট্রাল ইঞ্জিনীয়ারিং অর্গানাইজেসন, দাশনগর, হাওড়া।

(৫) সার্জিক্যাল ইনস্ট্রুমেন্টস্‌ ফ্যাক্টরী, বারুইপুর, চব্বিশপরগনা।

(৬) কাটলারী সার্ভিসিং স্টেশন, কার্সিয়ং, দার্জিলিং।

(৭) সেন্ট্রাল লক ফ্যাক্টরী, বরগাছিয়া, হাওড়া।

(৮) কোয়ালিটি মার্কিং ফর স্মল-স্কেল ইন্ডাস্ট্রিজ প্রোডাক্টস, কলিকাতা (গুণগত মান নির্ধারণ পরিকল্পনা)।

### (গ) প্রশিক্ষণ-তথা-উৎপাদন কেন্দ্র

(১) ইন্টিগ্রেটেড স্কীম ফর ট্রেনিং-কাম-প্রডাকসন সেন্টার ফর উড ইন্ডাস্ট্রীজ (৩টি ইউনিট) —(১) দুর্গাপুর, (২) কল্যাণী এবং (৩) শিলিগুড়ি।

(২) ডেভেলপমেন্ট অফ বোন চায়না অ্যান্ড ফাইন আরদেনওয়ার, বেলেঘাটা, কলিকাতা।

(৩) ট্রেনিং-কাম-প্রোডাকসন সেন্টার ফর মেকানিক্যাল টয়, চুঁচুড়া, হুগলি।

(৪) ট্রেনিং-কাম-প্রডাকসন সেন্টার ফর ব্ল্যাকস্মিথ (৪টি ইউনিট)—(১) নলহাটি (বীরভূম), (২) রসুলপুর (বর্ধমান), (৩) আহমেদপুর (বীরভূম) এবং (৪) বারুইপুরে (চব্বিশপরগনা)।

(৫) ট্রেনিং-কাম-প্রোডাকশন সেন্টার ফর কার্পেন্ট্রি (৫টি ইউনিট)—(১) নলহাটি (বীরভূম), (২) মহম্মদবাজার (বীরভূম), (৩) আহমেদপুর (বীরভূম), (৪) রসুলপুর (বর্ধমান) এবং (৫) গুস্কারা (বর্ধমান)।

(ঘ) উৎপাদন কেন্দ্র

(১) সাপ্লাই অফ লিথোগ্রাফিক সেরামিক ট্রান্সফার, বেলেঘাটা, কলিকাতা।

(২) ডেভালপমেন্ট অফ কমন ক্লে গ্লেজড্ পটারী, বেলঘরিয়া, চব্বিশপরগনা।

(৩) ম্যানুফাকচার অফ হসপিটাল অ্যাপ্লায়েন্সেস্, দাসনগর, হাওড়া।

### Fixation of minimum price for Jute

**135.** (Admitted question No. 472.)

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলীঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পাটের বর্তমান সর্বনিম্ন ও সর্বোচ্চ মূল্য কি;

(খ) শিল্পজাত দ্রব্যের সাথে সামঞ্জস্য রক্ষা করে পাটের সর্বনিম্ন মূল নির্ধারণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(গ) এই মূল্য নির্ধারণের জন্য কোন কমিটি আছে কিনা এবং থাকিলে তাহার নাম ও পরিচয় কি?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) প্রতি মণ যথাক্রমে ৬০ টাকা ও ৭৪ টাকা।

(খ) পাট চাষের খরচ এবং আনুষঙ্গিক অন্যান্য খরচের কথা বিবেচনা করিয়া রাজ্যসরকার কর্তৃক কলিকাতা ও মফঃস্বল বাজারের জন্য প্রতি মণ পাটের সর্বনিম্ন দর যথাক্রমে ৫০ টাকা ও ৪৫ টাকা নির্ধারণ করিবার সুপারিশ করা হইয়াছিল, কিন্তু দুর্ভাগ্যবশত ভারত-সরকার কলিকাতা বাজারের জন্য সর্বনিম্ন পাটের দর প্রতি মণ ৪০ টাকা নির্ধারণ করিয়াছেন।

(গ) হ্যাঁ। ভারত-সরকারের খাদ্য, কৃষি ও সমাজ-উন্নয়ন এবং সমবায় মন্ত্রকের অধীনস্থ "কৃষিদ্রব্য মূল্যায়ন কমিশন"।

### Metalled roads in different districts of West Bengal

**136.** (Admitted question No. 524.)

**শ্রীঅশ্বিনী রায়ঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গ রাজ্যে মোট কত মাইল পাকা রাস্তা আছে; এবং

(খ) উক্ত রাস্তার মধ্যে জেলা-ভিত্তিক কত মাইল রাস্তা পাকা আছে তাহার পরিমাণ.

**The Minister of State for Public Works (Roads):**

(ক) ৬,৩১২ মাইল (তৃতীয় পরিকল্পনার শেষ পর্যন্ত)।

(খ) সংলগ্ন বিবরণী দ্রষ্টব্য।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 136

**পূর্ত (সড়ক) বিভাগের অধীনে ৩১-৩-৬৬ পর্যন্ত জেলা ভিত্তিক পাকা রাস্তার বিবরণ**

| জেলার নাম | মাইল |
|---|---|
| দার্জিলিং ... ... ... | ৪৫৬ |
| জলপাইগুড়ি ... ... ... | ৪৫০ |
| কুচবিহার ... ... ... | ২৪৫ |
| পশ্চিম দিনাজপুর ... ... ... | ৩৬৫ |
| মালদহ ... ... ... | ২৩১ |
| মুর্শিদাবাদ ... ... ... | ৪৪২ |
| নদিয়া ... ... ... | ৩৪২ |
| ২৪-পরগনা ... ... ... | ১১৫ |
| হাওড়া ... ... ... | ২০০ |
| হুগলী ... ... ... | ৪৫৫ |
| বর্ধমান ... ... ... | ৫১৫ |
| বীরভূম ... ... ... | ৩৯৪ |
| মেদিনীপুর ... ... ... | ৬৫৫ |
| বাঁকুড়া ... ... ... | ৪০৬ |
| পুরুলিয়া ... ... ... | ২৫০ |

**Krishnagore-Dogachhi Road**

**137.** (Admitted question No. 577.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলায় কৃষ্ণনগর দোগাছি অঞ্চলের মধ্যেকার সড়কটির নির্মাণের বিষয় সরকার এ পর্যন্ত কি ব্যবস্থা করেছেন; এবং

(খ) এই সড়কটি নির্মাণের কাজ কবে নাগাদ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) এ পর্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয় নাই।

(খ) যথেষ্ট আর্থিক সঙ্গতি না হওয়া পর্যন্ত সাঠিকভাবে বলা সম্ভব নহে।

**Setting up of free primary schools in certain thana areas of Burdwan district**

**138.** (Admitted question No. 604.)

**শ্রীমনোরঞ্জন বক্সী:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯ সালের জানুয়ারি মাস হইতে যে মাস পর্যন্ত বর্ধমান জেলার ফরিদপুর, কাঁকসা, অন্ডাল, উখারা, বুদবুদ, আউশগ্রাম এবং গলসী থানার অন্তর্গত কতকগুলি গ্রামে অবৈতনিক প্রাথমিক বিদ্যালয় স্থাপনের জন্য সরকার কোন আবেদনপত্র পাইয়াছেন কিনা; এবং

(খ) পাইয়া থাকিলে কোন্ থানায় কোন্ কোন্ গ্রামের জন্য; এবং

(গ) তন্মধ্যে কোন ক্ষেত্রে মঞ্জুরি দেওয়া হইয়াছে কিনা এবং হইলে তাহা কোথায়?

**The Minister for Education:**

(ক) ও (খ) ১৯৬৯ সালের জানুয়ারি হইতে মে মাসের মধ্যে বর্ধমান জেলার গ্রামাঞ্চলে অবৈতনিক প্রাথমিক বিদ্যালয় স্থাপনের জন্য কোন প্রস্তাব পাওয়া যায় নাই। কিন্তু ১৯৬৮ সালের নবেম্বর-ডিসেম্বর মাসে বর্ধমান জেলার বিদ্যালয়সমূহের জেলা পরিদর্শক ঐ জেলার গ্রামাঞ্চলে ১১৪টি নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের প্রস্তাব শিক্ষা-অধিকারে পাঠাইয়াছেন। তন্মধ্যে প্রশ্নে লিখিত থানাগুলির কোন্ কোন্ গ্রামে নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের প্রস্তাব পাওয়া গিয়াছে তাহা নিম্নে দেওয়া হইলঃ—

(১) ফরিদপুর থানা—(ক) গাথালিয়া ও (খ) হরিবাজার।

(২) কাঁকসা থানা—(ক) গ্যাড়াদহ, (খ) তেলিপাড়া ও (গ) ধনতোড়।

(৩) অন্ডাল থানা (উখারা অঞ্চল সহ)—(ক) সিলেকটেড কাজোরা জামবোদ কোলিয়ারী প্রাথমিক বিদ্যালয় (উখারা অঞ্চল), (খ) ভাতবুড়ো, (গ) শঙ্করপুর (উখারা অঞ্চল), (ঘ) উখারা (৩নং) (উখারা অঞ্চল), (ঙ) সোনাবান্ধি, (চ) মধুসূদনপুর (উখারা অঞ্চল), (ছ) দক্ষিণখণ্ড উত্তরপাড়া ও (জ) কুটীরডাঙ্গা।

(৪) বুদ্বুদ—নাই।

(৫) আউশগ্রাম—(ক) বাগবাটী, (খ) গোস্বামীখণ্ড মল্লিকপুর, (গ) ভালাডাঙ্গা সাঁওতাল প্রাথমিক বিদ্যালয় ও (ঘ) ধোবাঘাটা।

(৬) গলসী থানা—(ক) গোপডাল, (খ) সিংপুর, (গ) বড়দীঘি, (ঘ) ঘোষ কমলপুর, (ঙ) সাঁকো মিদ্যাপাড়া, (চ) চান্না আদিবাসী প্রাথমিক বিদ্যালয়, (ছ) শিকারপুর রাসকপুর, (জ) বিক্রমপুর শ্রীদুর্গা প্রাথমিক বিদ্যালয় ও (ঝ) জয়কৃষ্ণপুর।

(গ) এখনও মঞ্জুরী দেওয়া হয় নাই। পশ্চিমবঙ্গের অন্যান্য জেলার সহিত বর্ধমান জেলায় প্রস্তাবিত নূতন প্রাথমিক বিদ্যালয়গুলির অনুমোদনের বিষয় বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

**Grants to Government Sponsored Day Students' Homes in West Bengal**

**139.** (Admitted question No. 623.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** শিক্ষা দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী পরিচালনাধীনে রাজ্যে কোথায় কোথায় 'ডে স্টুডেন্টস হোম' চলিতেছে; এবং

(খ) ঐগুলির জন্য সরকারের ১৯৬৮-৬৯ সালে এককালীন (নন-রেকারিং) এবং পৌনঃপুনিক (রেকারিং) ভিত্তিতে কত খরচ হইয়াছে?

**The Minister for Education:**

(ক) নিম্নলিখিত চারিটি স্থানে সরকার কর্তৃক স্পনসর্ড ডে স্টুডেন্টস হোম চলিতেছে—

(১) শ্রীরামকৃষ্ণ ডে স্টুডেন্টস হোম, ৯ পশুপতি বোস লেন, কলিকাতা-৩।

(২) ঈশ্বরচন্দ্র পাঠভবন (ডে স্টুডেন্টস হোম), ২৯৯ আচার্য প্রফুল্লচন্দ্র রোড, কলিকাতা-৯।

(৩) ডে স্টুডেন্টস হোম ফর গার্লস, ১৪৭ রাসবিহারী অ্যাভিনিউ, কলিকাতা-২৯।

(৪) দি রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অফ কালচার (ডে স্টুডেন্টস হোম), গোল পার্ক, কলিকাতা-২৯।

(খ) এককালীন—নাই। পৌনঃপুনিক—৩,০৫,৫০৫ টাকা।

মন্তব্য—১৯৬৭-৬৮ সালের বকেয়া পৌনঃপুনিক গ্র্যান্ট বাবত যে ১৬,৯৬৭ টাকা উক্ত বৎসরে দেওয়া হইয়াছে তাহা এই হিসাবের মধ্যে ধরা হইয়াছে।

### Utilisation of the Forest Department Land for the purpose of play ground of girl students

**140.** (Admitted question No. 630.) **Shri PRABIR KUMAR MALLIK:** Will the Minister-in-charge of Forest Department be pleased to state whether Government is considering the proposal of the utilisation of Forests Department land comprising C.S. Plot No. 143 of Mauza Berhampur, Kasaribazar (J.L. No. 96), in the district of Murshidabad, for the purpose of play ground of girls students?

**The Minister for Forests:** Yes, not the entire plot but only a part thereof, measuring 0.72 acre.

### Benefit of U.G.C. pay scales for Physical Instructors and Librarians

**141.** (Admitted question No. 631.) **Shri PRABIR KUMAR MALLIK:** (a) Will the Minister-in-charge of the Education Department be pleased to refer to G.O. No. 2128-Edn(CS)/5P-9/69, dated 11th December, 1968, and state whether the benefit of U.G.C. scales of pay has been extended to (i) Instructors of Physical Education and (ii) Librarians of Universities and Colleges having necessary qualifications?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state the number of such beneficiaries as on the 1st April, 1969 and the total amount disbursed so far since the issue of the Government Order?

(c) If the answer to (b) be in the negative, the reasons of non-implementation of the revised scales of pay.

**The Minister for Education:** (a) Yes.

(b) and (c) Necessary particulars in respect of Directors/Instructors of Physical Education, who are already borne on the old U.G.C. scales of pay, are being called for from the Principals of non-Government Colleges. Fixation of pay of this category of personnel will be taken up by the D.P.I. after the receipt of the said particulars.

Certain clarifications have been sought for by the D.P.I. in the matter of the fixation of pay of Librarians in the new improved scale. These are being examined in the Department and orders will soon follow.

**Dr. Nalinaksha Sanyal:** Mr. Speaker, Sir, I submitted an adjournment motion this morning. I know that time was short because the morning session was at 10 O'clock and the office could not possibly receive it earlier than five minutes ago, and I think this has got your consent.

**Mr. Speaker:** The office people were here from 9 a.m. I had just seen your adjournment motion when the bell was ringing and I have declared it out of order for shortness of time.

**Dr. Nalinaksha Sanyal:** Sir, may I have your permission to read it?

**Mr. Speaker:** I have declared it out of order. Please take your seat.

**Dr. Nalinaksha Sanyal:** According to which rule it is out of order. I may be permitted to read it as usual. It is an important matter. A CPI (M) worker tried to assault a member of the House.

**Mr. Speaker:** Dr. Sanyal, please take your seat. I have declared it out of order.

**Dr. Nalinaksha Sanyal:** Sir, I rise on a point of privilege.

**Shri Jatin Chakraborty:** On a point of order, Sir. If any adjournment motion is ruled out of order by the Speaker, in that case the honourable member who has tabled that adjournment motion cannot be allowed to read out the text of the motion as has become the convention. When you do not declare a thing out of order, only in that case he can read out the text of the motion. Just now you have said, Sir, that it has been ruled out of order. In that case can there be any point of privilege by the member?

**Mr. Speaker:** No. Honourable members are aware that I have allowed every honourable member to read out the adjournment motions all these days. You know it was agreed upon that if a motion is declared as out of order, then that should not be allowed to be read. I have declared your motion as out of order and you are not entitled to read it.

**Dr. Nailnaksha Sanyal:** On a point of privilege, Sir. May I submit, Sir, an honourable member of this House, Pashupaty Mondal belonging to the SUC Party of village Narayanpur was attempted to be assaulted personally and his house was looted by a number of workers belonging to the CPI (M) only yesterday afternoon when the House was in session.

I would like you to at least provide ample protection to the members of the Assembly both in regard to their person and their property. I am seeking adequate protection from you as a point of privilege for the members of the Assembly. Can I not have that protection from you, Sir, by a definite order of the Government in this connection?

**Mr. Speaker:** I will look into the matter and do whatever I consider necessary.

### Calling attention to matters of urgent public importance

**Mr. Speaker:** I have received three notices of calling attention on the following subjects, namely:—

(1) Closure of Banga Luxmi Cotton Mill—from Shri Kalipada Mondal.

(2) Strike by Press workers at Burdwan—from Shri Aswini Roy.

(3) Closure of Bengal Veterinary College—from Shri Kalipada Mondal.

I have selected the notice on the subject of closure of Banga Luxmi Cotton Mill from Shri Kalipada Mondal. The Minister-in-charge may please make a statement today, if possible, or on some other day.

**Shri Krishnapada Ghosh:** I shall make the statement on Monday next.

**Shri Muhammed Khuda Buksh:** Sir, I rise on a point of order. My point of order is that when an honourable member rises on point of order and makes his submission, we also ought to be afforded an opportunity to contribute to the debate on the point of order. Sir, the point of order that my honourable friend the Minister-in-charge of Parliamentary Affairs raised was that when a ruling has been given by the Hon'ble Speaker that a certain motion is out of order, that motion may not be permitted to be discussed on the floor

of the House. Sir, I bow down to your ruling—that is the accepted convention and that has been held by a succession of brilliant Speakers, and you have done the same thing. But my point is that you, Sir, adduced your reason for not being able to agree to the reading out of the adjournment motion because it was handed to you just while the bell was ringing, and the honourable member admitted that because of paucity of time he could not hand it to you in time. Sir, he is regretful for that. But, Sir, if he had been a little alert and given his motion in time, probably you would not have ruled it out of order. Sir, your observation was that you did not allow the motion only because you did not have the time to go through it. Sir, if you had not read the motion, how could you possibly have ruled it out of order?

**Mr. Speaker:** There is nothing in your point of order. I have already explained my position.

## Message

**Secretary (Shri S. Banerjea):** Sir, I beg to report that a message has been received from the West Bengal Legislative Council that the Council at its meeting held on the 11th July, 1969, passed the Howrah Improvement (Amendment) Bill, 1969, with amendments. The concurrence of the Assembly in the amendments made by the Council has been requested. Sir, I lay the Bill, as amended, and the message on the table.

## The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969

**Mr. Speaker:** Now, we take up the West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969. I call upon Shri Sachindra Mohun Nandy to initiate the discussion.

[10-10—10-20 a.m.]

**Shri Sachindra Mohun Nandy:**
মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের শিক্ষামন্ত্রী যে ওয়েস্ট বেঙ্গল (রুর‍্যাল) প্রাইমারী এডুকেশন (টেম্পোরারী প্রভিশান) বিল ১৯৬৯ এনেছেন, সে সম্বন্ধে বলতে গিয়ে আমি বলতে চাই যে, তাঁর বিলটার উদ্দেশ্য মহৎ এবং তাঁর উদ্দেশ্য এমবিসনস উচ্চাভিলাষপূর্ণ, তিনি বাংলার সর্বত্র অবৈতনিক, সার্বজনীন এবং বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রবর্তন করতে চান, যেটা সংবিধানের নির্দেশ ছিল, সেটা তিনি পূর্ণ করতে চান। তার জন্য তিনি বর্তমানে যে গ্রামীণ প্রাথমিক শিক্ষা প্রশাসনিক ব্যবস্থা আছে তার পুনর্বিন্যাস করতে চান। আমার মনে প্রশ্ন জেগেছে—গ্রামীণ প্রাথমিক শিক্ষা প্রশাসনিক ব্যবস্থার পুনর্বিন্যাসের দ্বারা তিনি কি করে সমস্ত বাংলার সর্বত্র সার্বজনীন, অবৈতনিক এবং বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রবর্তন করবেন। তাঁর স্টেটমেন্ট অফ অবজেক্ট এন্ড রিজনস-এ আছে যে ১৯৩০ সালে যে প্রাথমিক শিক্ষা আইন হয়েছিল, সেটা পূর্ণাঙ্গ নয়, তার দ্বারা বাংলাদেশের প্রাথমিক শিক্ষা ব্যবস্থার প্রসার করা যায় না এবং সেটা শুধুমাত্র গ্রামীণ প্রাথমিক শিক্ষাব্যবস্থা সম্বন্ধে। তাই যদি হয় তাহলে তাঁকে একটা পূর্ণাঙ্গ প্রাথমিক শিক্ষা বিল নিয়ে আসতে হবে--যা শহরাঞ্চলে ও গ্রামাঞ্চলে চালু করতে হবে। তাঁর উদ্দেশ্যও তাই কিন্তু সেটা যদি তাঁর উদ্দেশ্য হয়, তাহলে তিনি এখনই গ্রামীণ প্রাথমিক শিক্ষায় যে প্রশাসনিক ব্যবস্থা আছে, সেটা বদলে দিয়ে কেমন করে কমপ্রিহেনসিভ বিল আসার পথে সেটা বাধাস্বরূপ হচ্ছে তা বোঝা যাচ্ছে না। তাহলে তিনি একটা পূর্ণাঙ্গ প্রাথমিক শিক্ষা বিল নিয়ে আসুন। তাতে আবার তিনি বলছেন যে দেরী হয়ে যাবে। তিনি এ বিষয় অর্থাৎ এই প্রাথমিক শিক্ষা প্রসারের

বিষয় এত গুরুত্ব দিচ্ছেন যে, হাউসের সিটিং পর্যন্ত অপেক্ষা করতে পারলেন না। ৯ই মে রাজ্যপালকে দিয়ে একটা অর্ডিন্যান্স পাস করে নিলেন। তাতে বোঝা যাচ্ছে প্রাথমিক শিক্ষার প্রসারটা অত্যন্ত গুরুত্বপূর্ণে এবং তিনি এটা অত্যন্ত জরুরী মনে করেন সেজন্য খুব তাড়াতাড়ি যে প্রশাসনিক ব্যবস্থা আছে সেটা বদল করে দিলেন। তাহলে দেখা যায় প্রাথমিক শিক্ষার প্রসারে অসুবিধা হচ্ছে। এখন যে ব্যবস্থাটা আছে, সেটা তিনি কি অসুবিধা হচ্ছে তা পরিষ্কার করে বললে পরতেন। তিনি কেবল মুখে বলেছেন। সরকার পক্ষের যেসমস্ত সদস্য আছেন তাদের কাছে আসল কথা বলেছেন এখন যে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড ১৯৩০ সাল থেকে আছে সেটা দুর্নীতিতে ভরা, অযোগ্য এবং সেখানে নাকি কংগ্রেসের ঘুঘুর বাসা। আসলে তাঁদের উদ্দেশ্য হচ্ছে এটা ভেঙ্গে দেওয়া যে প্রাইমারী অ্যাক্ট আছে।

(এ ভয়েসঃ ঘুঘুর বাসা ভেঙ্গে কিসের বাসা হবে।)

তিনি ওপেন মাইন্ডেড নন--যা তাঁর মনে আছে তা পরিষ্কার করে বলে দিলেই হতো যে, যে স্কুল বোর্ড আছে তা খারাপ, অযোগ্য, করাপট। সেটা পরিষ্কার করে বললেন না কেন? কেন সাফটার ফিউজ পথ নিলেন, চোরা পথ নিলেন, একটা বাঁকা পথ নিলেন? সেটা তিনি বলুন যে এই সমস্ত দ্বারা আমাদের চলছে না, কাজেই ওটা ভেঙ্গে দিতে হবে। যে দুর্নীতি ও অযোগ্যতার অভিযোগ আছে, সেই অভিযোগ না করে অন্য ঘোরা পথে এই বিল আনাটা ঠিক অনেস্ট হল না; এটা ওপেন মাইন্ডেড হওয়া উচিত ছিল। এটা শিক্ষামন্ত্রীর কাছ থেকে আশা করেছিলাম। সেটা ভেঙ্গে দিয়ে এখন কাদের হাতে দেওয়া হচ্ছে? ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডে কংগ্রেসী ঘুঘুর বাসা ছিল না, ছিল আমলাতন্ত্রের ঘুঘুর বাসা। সেই আমলাতন্ত্র জড়িত ছিল এর সঙ্গে গত ৩৭ বছর ধরে এই দুর্নীতির সঙ্গে, অযোগ্যতার সঙ্গে। এখন করা হচ্ছে সেই ডাইনীর হাতে এই পুত্রটাকে সমর্পণ করা হচ্ছে। যদি বুঝতে পারতাম শিক্ষামন্ত্রীর উদ্দেশ্য এই মেলাফাইড সম্বন্ধে এই সমস্ত আমলাতন্ত্র সম্বন্ধে, তাহলে ডিস্ট্রিক্ট ইন্সপেক্টরদের সাসপেন্ড করে তাদের হাত থেকে প্রশাসনিক ব্যবস্থা নিয়ে আসতেন। তাদের যদি চার্জ করতেন তাহলে বুঝতে পারতাম তাঁর উদ্দেশ্য সৎ এবং তিনি করতে চান—তা সঠিক।

তা না করে যে আমলাতন্ত্র এই দুর্নীতির সঙ্গে জড়িত ছিল, যে আমলাতন্ত্র এই ইন-এফিসিয়েন্সীর সঙ্গে জড়িত ছিল সেই আমলাতন্ত্রের হাতেই আজকে সমস্ত প্রাইমারী এডুকেশন-টাকে তুলে দেওয়া হচ্ছে। আজকে যখন মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এই বিলের উত্তর দেবেন তখন আমি আশা করবো তিনি বলবেন যে, এই ৯ই মে'র অর্ডিনান্সের পরে প্রায় ২ মাসে শিক্ষার প্রসার কতদূর হয়েছে, কারণ তাঁদের মতে নাকি ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডগুলি না ভাঙ্গলে শিক্ষার প্রসার হচ্ছিল না। ম্যাননীয় স্পীকার মহাশয়, আমরা জানি এটা আসল কথা নয়, আসল কথা হচ্ছে, যেটা আমাদের পক্ষ থেকে বলা হয়েছে এবং এই বিলের মধ্যে আপাতত যে সমস্ত কথা বলা হয়েছে—বিলের প্রিএমবল একটা কথা, বিলে স্টেটমেন্ট অব অবজেক্ট অ্যান্ড রিজন একটা কথা আর একটা কথা হচ্ছে মন্ত্রিমহাশয় নিয়ম অনুসারে যে স্টেটমেন্ট দেবেন, এই তিনটার মধ্যে কোন সামঞ্জস্য পাওয়া যাচ্ছে না, তাতেই আসল উদ্দেশ্য প্রকাশ পাচ্ছে। সেটা হচ্ছে তাঁদের মনের মধ্যে যে ধারনা আছে যে এখানে কংগ্রেসের বড় ঘাঁটি, সেই ঘাঁটি ভেঙ্গে তাঁরা নিজেদের ঘাঁটি প্রতিষ্ঠিত করতে চান। তা করুন, কিন্তু ঐসব বড় বড় বুলি গুলি ছেড়ে দিন। কংগ্রেসের পক্ষে যেটা অন্যায় হয়েছে বলছেন সেটাই আপনারা জোরদার করতে চান সেটা সোজা করে বলুন। আপনারা এখানে আপনাদের দলগত স্বার্থ সিদ্ধি করতে চান, প্রাথমিক শিক্ষার কথা ছে'দ কথা, এটা বলুন। স্যার, যখন এডুকেশান গ্র্যান্ট এখানে আসবে তখন আমি বিস্তারিত আলোচনা করবো তবে এখন আমি ২-১টি কথা বলে শিক্ষার প্রসার কিরকম হচ্ছে সেটা দেখাতে চাই। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় শুনে রাখুন, নবদ্বীপ মিউনিসিপ্যালিটিতে সরকারী ব্যবস্থা কিছু নেই, মিউনিসি-প্যালিটি থেকেও কিছু করা হয় নি। স্টেট প্রাইমারী স্কুল সেটা হঠাৎ এই যুক্তফ্রন্ট সরকার আসার পর তিন মাসের মধ্যে সমস্ত ভূঁইফোড় স্কুল গজিয়ে উঠেছে এবং সেই সব স্কুল সরকারী স্পনসর্ড প্রাইমারী স্কুল তার পাশে পাশে এই সমস্ত স্কুল গজিয়ে উঠেছে। পাড়াগাঁয়ে একটা স্কুল আছে সরকারের অধীনে সেখানে ছেলে ১০০-র উপর ছিল, সেটা কমে ৭ জনে দাঁড়িয়েছে তার ৪ জন শিক্ষক তাঁরা ঠিকই আছেন। ছেলে ৭ জন আর তার পাশেই স্টেট প্রাইমারী স্কুলে

সেখানে আবার যুক্তফ্রন্টের সরিকদের মধ্যে ঝগড়া আছে। সেখানে সি পিএম একটা স্কুল করেছে তার ৫ মিনিটের রাস্তার মধ্যে সি পি এম ছাড়া যুক্তফ্রন্টের অন্যান্য শরিকদল আর একটা স্কুল করেছে। তা ছাড়া আর একটা স্কুল আছে যেখানে ১৫০-২০০ জন ছেলে, যেটা ২ বছর ধরে চলছে সেখানে জানিয়ে দওয়া হয়েছে যে সেখানে স্কুলের প্রয়োজন নেই। ৭ জন ছেলে যেখানে সেখানে শিক্ষক ঠিকই আছেন। আরো নাকি স্কুলের অনুমোদন দেওয়া হবে এবং সেখানে নাকি আরো শিক্ষক নেওয়া হবে। স্যার, শিক্ষা বাড়ছে না তবে যুক্তফ্রন্টের দলের লোকেদের চাকরি বাড়ছে, এজন্যই বিল এসেছে, সেজন্য আমি সমর্থন করছি না।

[10-20—10-30 a.m.]

**শ্রীবিমলকান্তি দাস:** মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয় যে বিল ওয়েস্ট বেঙ্গল প্রাইমারী এডুকেশান (টেম্পুরারী প্রভিসান), এনেছেন সেটা আমি সর্বান্তকরণে সমর্থন করছি। ঔপনিবেশিক যুক্তি আন্দোলনের দিনে যখন বাংলাদেশ বৃটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সংগ্রামের অগ্রভাগে দাঁড়িয়েছিল, যখন বাংলাদেশের হাজার হাজার মানুষ হাসিমুখে কারা-প্রাচীরের অন্তরালে, ফাঁসির অঞ্চে, কালাপানির পরপারে আন্দামানের গোপন কক্ষে জীবনের জয়-গান গাইছিল সেদিন কংগ্রেসের নেতৃবৃন্দ করাচী কংগ্রেস থেকে সুরু করে এমন কি জাতীয় পরি-কল্পনা কমিশন পর্যন্ত একটা কথা বলেছিলেন যে স্বাধীন ভারতে প্রাথমিক শিক্ষা হবে অবৈতনিক এবং বাধ্যতামূলক।

,তারপরে দেশ স্বাধীন হয়েছে। কংগ্রেসের কুশাসনে ২১ বছর কেটে গেল। ভারতবর্ষের মানুষ জীবন মৃত্যুর হাতে শুকনো পাতার মত ঝরে পড়েছে। কিন্তু ২১ বছরে তাদের কোন প্রতিশ্রুতি বাস্তবে রূপায়িত হয় নি। তার চেয়ে লজ্জা, ক্ষোভ এবং ঘৃণার কথা হচ্ছে এই, বিদেশী শাসনে যে রাজ্য শিক্ষায় দ্বিতীয় স্থান অধিকার করেছিল, ২১ বছবের কংগ্রেস শাসনে তাকে যষ্ঠ স্থান অধিকার করতে বাধ্য করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাংলাদেশের সংগ্রামী মানুষ নিশ্চেষ্ট হয়ে বসে থাকে নি, এর চূড়ান্ত প্রতিশোধ গ্রহণ করেছে। এই হাউসের সামনে আমি এই কথা বলছি যে, একদিন কংগ্রেস এই হাউসে এসেছিল সরকারী গদীতে আসীন হয়ে, আর আজ তারা সেখান থেকে সরে গিয়ে দুর্বল বিরোধীদলে প্রতিপন্ন হয়েছে। শুধু কি তাই, বাংলাদেশেব বিধানসভায় কংগ্রেস এসেছে ৫৫টি আসন নিয়ে। সংখ্যা এমন যে দুটি ৫ দিয়ে গঠিত হয়। পাচের পর আর একটি পাঁচ দিলে ৫৫ হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভায় বলবার সুযোগ আপনি দেবেন, কি আক্ষরিক, কি ভাবগত দুটি অর্থে বাংলাদেশে কংগ্রেসেব পঞ্চত্বপ্রাপ্তি ঘটেছে। যেসব কারণে বাংলাদেশে কংগ্রেসের পঞ্চত্বপ্রাপ্তি ঘটেছে তার মধ্যে একটি কারণ হচ্ছে প্রাথমিক শিক্ষার প্রতি বিমাতৃসুলভ আচরণ। প্রাথমিক শিক্ষাকে দলীয় স্বার্থে ব্যবহার আর শিক্ষাব নামে দেশকে অশিক্ষায় ভরিয়ে তুলবার চক্রান্ত। ১৯৩০ সালে যে আইন রচিত হয়েছিল, ২১ বছরের মধ্যে সেই আইনকে বাতিল করে পূর্ণ একটা আইন আনবার কথা কংগ্রেসী নেতৃবর্গ ভাবতে পারেন নি। ২১ বছরের মধ্যে স্কুল বোর্ডগুলি নিজেদের দলগত স্বার্থে পরিণত হয়েছে। এই কথা আমি দায়িত্বেব সঙ্গে বলছি। আমাদের মালদহ জেলার কথা অন্তত আমি জানি। সেখানে স্কুল বোর্ড যথারীতি বিজ্ঞাপন দিতেন শিক্ষক নিয়োগের জন্য এবং তাদেব যথারীতি পরীক্ষা নেওয়া হত, এমন কি তাদের মৌখিক পরীক্ষাও হত। কিন্তু মৌখিক আবর্জনার স্তুপে সব দিয়ে ফেলে দেওয়া হত। কিন্তু স্কুল বোর্ডেব কংগ্রেস নেতৃবর্গ রাত্রির গোপন অন্ধকারে বসে ঠিক করতেন কাকে কাকে নেওয়া হবে। এমনি করে সমস্ত স্কুল বোর্ডগুলিতে দুর্নীতিতে ভরে গেছে। আমরা শুনেছি সমস্ত স্কুল বোর্ডগুলিব প্রশাসন ব্যবস্থা ভেঙে দিচ্ছেন। কাজেই তাঁকে অভিনন্দন না করে পারি না। এই কথা ঠিক, যদি আমরা তাদেরকে বন্যার ভাঙন সহ্য করতে না পারি তাহলে পলিমাটির আশা আমরা করবো না। ২১ বছব ধবে কংগ্রেস সম্পূর্ণ দলীয় স্বার্থে এই প্রাথমিক স্কুল বোর্ডগুলিকে কাজে লাগিয়েছেন। প্রাথমিক শিক্ষাব অগ্রগতির ক্ষেত্রে কিছুমাত্র উল্লেখযোগ্য অবদান রেখে যেতে পারেন নি। আমি যেখান থেকে নির্বাচিত হযে এসেছি আমার অপর পক্ষের কংগ্রেস প্রার্থী স্কুল বোর্ডের প্রেসিডেন্ট ছিলেন। তিনি নির্বাচনে সম্পূর্ণভাবে, যথেচ্ছভাবে স্কুল বোর্ডের জীপ প্রচার অভিযানে ব্যবহার করেছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা আমি নিঃসন্দেহে বলতে পারি যে, আজকে পূর্ণাঙ্গ প্রাথমিক

বিল আসবার প্রারম্ভে এই যে বাস্তুঘুঘুদের বাসা ভেঙে দেওয়া হচ্ছে সেগুলি বাংলাদেশের বিপ্লবী মানুষ অভিনন্দন না করে পারে না। কেন না, বাংলাদেশের মানুষদের আমরা কি প্রতিশ্রুতি দিয়ে এসেছিলাম? আমরা বাংলার মহান অঙ্গীকার। ২১ বছর কংগ্রেসের বিরুদ্ধে সংগ্রাম করবার সময় আমরা সেকথা বলিনি যে কংগ্রেস আমাদের পোলাও, মাংস খেতে দাও। আমরা বলেছিলাম, আমরা গরীব মানুষ, দুবেলা পেট ভরে দুমুঠো ভাত চাই, মাথা বাঁচাবার ঠাঁই চাই, একটু শিক্ষার আলো চাই। এই কথা বলা কি অপরাধ? ও'রা বার বার আমাদের জেলে পুরেছেন, বার বার কারাপ্রাচীরের অন্তরালে নিষ্ঠুর নির্যাতন করেছেন, সহীদের রক্তে বার বার বাংলাদেশকে ভাসিয়ে দিয়েছেন। তাই আজ সবচেয়ে আনন্দ হচ্ছে সেই বাস্তুঘুঘুদের বাসা ভেঙে দিয়ে প্রাথমিক শিক্ষার অগ্রগতির ক্ষেত্রে মুখোস খুলে দেওয়া হয়েছে। আমি তাই দৃঢ়কণ্ঠে এই বিলকে সমর্থন করছি।

**শ্রীআবদুস সাত্তার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী যে বিলটি এনেছেন তার বিরোধিতা করে আমি বলছি যে এই বিলটি সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত। এর পিছনে কোন সততা নেই, কোন যুক্তি নেই। তিনি ষ্টেটমেণ্ট অব অবজেক্টস এণ্ড রিজন্স'এর মধ্যে বলেছেন, ১৯৩০ সালের প্রাইমারী এডুকেশন এ্যাক্ট, আমি শিক্ষামন্ত্রীর সংগে একমত যে এই "Primary Education in rural areas in this State was administered through the District School Boards constituted under the provisions of the Bengal (Rural) Primary Education Act, 1930. It was urgently necessary to reorganise the administration of primary education in the aforesaid areas and pending such re-organisation, to supersede the District School Boards and to provide for certain connected matters. With that object in view the West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Ordinance, 1969, was promulgated." আইনকে পরিবর্তন করা বা তার প্রভিশনকে কিছু ওলট পালট করার দরকার আছে। কিন্তু সেই আইনকে পরিবর্তন করার নামে যেভাবে অসদুদ্দেশ্যে এই সমস্ত স্কুল বোর্ডগুলোকে সুপারসিড করেছেন, সেটা সম্পূর্ণ বেআইনী হয়েছে এবং রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত ভাবে করেছেন। এর কোন প্রয়োজন ছিল না। তার কারণ আমি বলবো ১৯৩০ সালের যে আইন আছে সেই আইনে মোটামুটি ডুয়েল সিস্টেম অব এ্যাডমিনিস্ট্রেশন অব স্কুলস। ডিস্ট্রিক্ট ইনসপেক্টর অব স্কুল ইনি হচ্ছেন সেই বোর্ডের সেক্রেটারী, সেখানে কোন অ্যাপয়েনমেণ্ট বা ট্রান্সফার বোর্ডের একার করার কোন অধিকার নেই। আইন অনুসারে ডি আই-এর প্রত্যেক অ্যাপয়েনমেন্টের পেছনে রিপোর্ট লাগে এবং আমার মনে হয় মাননীয় শিক্ষামন্ত্রী জানেন কিনা জানি না যে, অ্যাপয়েন্টমেন্টের পেছনে ডি আই তার সাব ইন্সপেক্টারের কাছ থেকে রিপোর্ট নিয়ে একটা প্যানেল তৈরী করেন। সেই প্যানেল থেকে তারপর ডি আই রিপোর্ট নিয়ে তারপর অ্যাপয়েন্টমেণ্ট হয়। কিন্তু আমি বলবো এই যে প্যানেল করেন, এটা তাদেরই কর্মচারী করেন, আজকে তিনি এই রি-অর্গানাইজ করার নামে তিনি সব স্কুল বোর্ডগুলোকে সুপারসিড করেছেন এই অর্ডিন্যান্স করে এটা তাঁর স্বেচ্ছাচারিতার চরম নিদর্শন। তার কারণ হচ্ছে যে, তিনি যখন একটা কম্প্রিহেনসিভ বিল আনবেন, কম্প্রিহেনসিভ বিল আনবার কথা যখন আছে তখন আমি কি বলতে পারি যে তিনি সমস্ত বোর্ডগুলোকে সুপারসিড করে শিক্ষা বিস্তারের কতটা সাহায্য করেছেন, তিনি কি বলতে পারেন যে এই অর্ডিন্যান্সের মাধ্যমে কয়টি স্কুল নূতন হয়েছে। তিনি কি বলতে পারেন যে, কয়েকদিনের মধ্যে সমস্ত আমূলে পরিবর্তন করে একটা সুন্দর সুস্থ প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করতে পারবেন। কিছুই করতে পারেন নি, তিনি যেটা করবেন, যারা ২০ বছর শাসন করেছেন তাঁদের যদি কোন গলদ থাকেও, সেটা শোধরাবার জন্য কেন এক মাস দুমাস অপেক্ষা করলেন না অপেক্ষা না করার কারণ কি। তিনি বলছেন স্কুল বোর্ডগুলোতে সমস্ত কংগ্রেসের ঘুঘুর বাসা ছিল, কিন্তু আজকে সেই স্কুল বোর্ডে অ্যাডভাইসারী কমিটি করে তিনি তাঁর দলের লোককে বসিয়েছেন এবং আরও জানাচ্ছি যে, তিনি ডি আই-কে ইনফ্লুয়েন্স করে সমস্ত ভালকে কাজ করিয়ে নিচ্ছেন এবং যে ডি আই এর বিরুদ্ধে অভিযোগ করেছিল তাদের লোককে সেখানে বসিয়ে সেই ডি আইকে এখন তারা খোসামোদ করছেন এবং সেই ডি আই-এর বিরুদ্ধে এখন আর কোন অভিযোগ নেই। মাননীয় মন্ত্রিমহাশয় যদি একটু দেখেন যে সুপারসিড করার আগে তিনি যদি একটু আইনটা পড়তেন সেকশন ২২ এবং সেকশন ২১, সেখানে স্টেট গভর্নমেন্টের কন্ট্রোলের ব্যবস্থা রয়েছে। যদি কোন স্কুল বোর্ড তার ডিউটি পারফরম না করে কিংবা নেগলিজেন্স অব

ডিউটিজ এর জন্য দায়ি হয় তাহলে আমার মনে হয় উইদাউট শোয়িং এনি কজ, এই স্কুল বোর্ড ২২ ধারা অনুসারে সুপারসিড করতে পারতেন। যদি সত্যিকারের কোন স্কুল বোর্ড গর্হিত কাজ করে, অন্যায় করে, দুর্নীতি করে তাহলে ২২ ধারা অনুসারে তিনি সেটাকে সুপারসিড করতে পারতেন। কিন্তু তিনি এক কলমের খোঁচায় নূতনভাবে সমস্ত বোর্ডকে কেবল সুপারসিড করার জন্য আইন করছেন, এটা কোনরকম গণতান্ত্রিক রাষ্ট্রে কোথায় হয়নি। একটা ইলেকটিভ বডিকে সুপারসিড করার জন্য এইভাবে একটা আইন করা ঠিক নহে অথচ আইনের প্রভিশন আছে সেকশন ২২ অব দি রুর‍্যাল প্রাইমারী এডুকেশন অ্যাক্ট, তাতে আছে যদি কোন বোর্ড,

If at any time it appears to the State Government that a Board is not competent to perform or persistently makes default in the performance of, the duties imposed upon it by or under this or any other Act, or exceeds or abuses its powers, the State Government may, by an order in writing, specifying the reasons for so doing, remove all appointed and elected members of such Board and direct that the vacancies shall thereupon be filled by election in respect of elected members and by appointment in respect of appointed members or that all the vacancies shall be filled by appointment.

এই সমস্ত প্রভিসন আছে, জানি না তিনি এই সমস্ত দেখেছেন কিনা। এইটা না দেখে তিনি সমস্ত বোর্ড সুপারসিড করছেন। তিনি বিল মুভ করে বলেছেন প্রাথমিক শিক্ষা এতদিন কিছুই হয় নি, অবস্থা খুব খারাপ। তিনি তাঁর স্বভাবসুলভ বক্রোক্তির মাধ্যমে এই কথা বলেছেন। কিন্তু আমি বলব গত ২০ বছরে রুর‍্যাল প্রাইমারী এডুকেশন অ্যাক্ট অনুসারে আজকে গ্রামে গ্রামে কত স্কুল হয়েছে, তা কি তিনি জানেন না। প্রাথমিক শিক্ষার সঙ্গে অ্যাটেনডেন্স কমিটি আছে এবং সেই ধারা হচ্ছে, ৬১, ৫৬ এবং ৫৯। এইসব ধারাগুলো তিনি পড়েন নি। ৬ থেকে ১১ বছর বয়স্ক ছেলে মেয়েরা আমি ১৯৬৬ সালে দেখেছি, হাওড়া, হুগলী, মেদিনীপুরে শতকরা ৮০ জন প্রাইমারী স্কুলে যায় এবং মালদহে সবচেয়ে কম, কিন্তু সেখানে শতকরা ৬০ জন যায়।

১৯৪৭ সালে স্বাধীনতার গত ২০ বছরে কি প্রাথমিক শিক্ষার প্রসার হয় নি? স্কুলের সংখ্যা ৫।৬ গুণ বেড়েছে। প্রায় প্রতি গাঁয়ে স্কুল হয়েছে। কিন্তু যেসমস্ত স্কুল নূতন হয়েছে সেগুলোর অনুমোদনের জন্য আপনার ডিপার্টমেন্টে ২।৩ বছর পড়ে আছে। আজ পর্যন্ত কোন স্কুল আপনি স্যাংসন দেন নি। চরবাজীপুর, পীরজুপুর, খামার হতে পদ্মানদীর ওপারে যেখানে ২ হাজার লোকের বাস আছে তারা দুটো স্কুল করেছে, কোন স্কুল সেখানে নেই, দু বছর হল স্যাংসনের জন্য পাঠিয়েছে, আজও স্যাংসন হয় নি। এইভাবে দেখছি আপনারা প্রাথমিক শিক্ষার প্রসারের নামে যেসমস্ত কথা বলেছেন..... .........

(গোলমাল ও বাধাদান)

[10-30—10-40 a.m.]

নূতন বিল আনার নামে আপনারা যেভাবে অ্যামেন্ডমেন্ট এনেছেন এটা স্বেচ্ছাচারিতার চরম নিদর্শন ছাড়া আর কিছু নয়।

(**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** ঘাঁটি ভাঙগছে তো তাই এত জ্বালা।) ঘাঁটি ভাঙ্গছে, (মার্কসবাদী কমিউনিস্টদের বেঞ্চের দিকে দেখাইয়া) কিন্তু ও'দের নূতন ঘাঁটি হচ্ছে। আপনারা ফরওয়ার্ড ব্লক বা অন্যান্য পার্টিরা সুবিধা পাবেন না। ঘুঘুর বাসা থেকে চিলের বাসা হচ্ছে। সেকসান ৭এ আছে,

Nothing in this Act shall be construed as affecting or implying in any way the dissolution of any District School Board as a body corporate

আপনারা সুপারসিড করছেন। আমি জানি না কেন এই সেকসান অ্যামেন্ডমেন্ট করেছেন। ডিসসলিউসান অব দি স্কুল বোর্ড এক কথা আর সুপারসেন আর এক কথা। এই ভয় মনে কেন হল আমি বুঝতে পারছি না।

আমি আপনাকে বলবো, এই যে, সেকশান ৭ অর ক্লজ৭-এ একটা নূতন অ্যাক্ট-এ বলেছেন। এটা একটা রিডানডেন্ট। এটা আনার অন্য কারণ নেই।

Nothing in this Act shall be construed as effecting or implying in any way the dissolution of any District School Board as a body corporate.

সুতরাং এই যে এটা বলেছেন, এটা একটা রিডানডেন্ট, আর একটা অর্ডিন্যান্স ছিল,, আপনি সেকশান ৪(বি) যোগ করেছেন, তার পাওয়ার্স, ডিউটিজ, অ্যান্ড ফাংশনস একটা ব্যক্তির হাতে অর্পণ করেছেন। আমি আপনাকে বলবো যে একটা গণতান্ত্রিক বডিকে আপনি সুপারসিড করে, একটা আমলাতন্ত্রের হাতে দিয়েছেন। আপনার পাওয়ার কি থাকছে---আপনি আবার এখানে বলছেন

The State Government may, by an order published in the official gazette, supersede all District School Boards for such period as may be specified in the order and may, from time to time, by like order, extend the period of supersession

হয়ত আনলিমিটেড যতদিন ইচ্ছা মাঝে মাঝে সুপারসেশান করবেন, আপনারা ওখানে এডভাইসার কমিটি বসাবেন, অলরেডি বসিয়েছেন ২-১ জনকে, আমি দেখতে পাচ্ছি সেখানে আপনারা বাম কমিউনিস্ট দলের লোক বসিয়েছেন। অন্যান্য দলের লোকেরা সুযোগ পায়নি, আমার পাশের ভায়েরাও সুযোগ পায় নি। সেইভাবে একটা আমলাতন্ত্রের হাতে সমস্ত বোর্ড-এর ভার দিয়েছেন। আপনারা এখন ভাবছেন যে, কংগ্রেস আমলে গণতন্ত্রের হত্যা হয়েছে, ইত্যাদি হয়েছে বলেছেন। আমি আপনাকে একটা কথা বলবো যে, এই ২০ বৎসরে অন্ততপক্ষে কংগ্রেস আমলে যেসমস্ত প্রাইমারী শিক্ষকদের এপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে, তারা যদি পার্টিবাজী করতো তাহলে আজকে যেসমস্ত শিক্ষক আছেন তাঁরা সবাই কংগ্রেসকে ভোট দিত। আজকে কংগ্রেস পার্টিবাজী করেনি, কংগ্রেস নিরপেক্ষভাবে অ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন। তাই আজকে এইসমস্ত শিক্ষকের ভোট আপনারা পাচ্ছেন। আজকে আপনারাই পার্টিবাজী করছেন, কংগ্রেস পার্টিবাজী করে নি। তাই আজকে ঐ স্কুল বোর্ড-এ আপনাদের দলের লোকেরা [illegible] এবং তাদের চাকুরী আপনারাই দিচ্ছেন। আমার শেষ নিবেদন, মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে [illegible] বলবো যে, আপনি সং [illegible] নিয়ে এই বিল আনেন নি। আমরা আশা করবো, [illegible] যখন একটা কমপ্রিহেনসিভ [illegible] আনবেন তখন এই বিলটাকে হাউসে না রেখে উইথড্র [illegible] দয়া করে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীক্ষীতিভূষণ রায়বর্মনঃ** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী প্রাইমারী শিক্ষা সম্পর্কে [illegible] এই বিলকে আমি সম্পূর্ণ সমর্থন করে এবং [illegible] শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ [illegible] সামনে দু-একটা কথা বলতে চাই। [illegible] সেজন্য কিছু [illegible] বলা সম্ভব নয়। কাজেই আমাদের বিরোধী [illegible] যে দাবী করেছেন এখানে যে, পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে শতকরা ৮০ ভাগ [illegible] শিক্ষা দেওয়া হচ্ছে। সে সম্পর্কে বলবো যে এরা যখন গদিতে ছিলেন, তাদেরই যে এস্টিমেট কমিটি তার একটা অংশ আপনার মাধ্যমে এই হাউসে পড়ে শোনাচ্ছি। [illegible] কমিটির রিপোর্ট হচ্ছে ১৯৬৬-৬৭ তাতে আমাদের বর্তমান বিরোধীপক্ষের [illegible] তারাই একজন চেয়ারম্যান। তিনি এই রিপোর্ট-এ বলছেন

In this connection the committee like to refer to the observations made by Sir John Sargent in 1961 to the effect that "Since 1947 the development that has taken place at the top of the educational structure has been out of proportion to that lower down. So long as the increase in the number of places at the top is proportionately greater than at the stages from which they are effected, some lowering of standards would appear inevitable."

[10-40—10-50 a.m.]

**কোটেশন ও'রা শেষ করে বলছেন**

The Committee endorse the view of Sir John Sargent that the best way of unearthing hidden human talent is through the spread of education in the lower stage.

তারপরে আর একটা জায়গায় ও'রা বলছেন চব্বিশপরগনায় একটা সার্ভে করেছিলেন প্রাইমারী এডুকেশনে যা ওয়েস্টেজ হচ্ছে সে ব্যাপারে তাঁরা বলেছেন

"The Committee think that the percentage of drop-out in the backward districts would be much higher." ওটা 33.1 per cent. fall out দেখিয়েছেন "The Committee learn that the per capita expenditure per student in primary stage is Rs. 30.22 per year. The Committee consider the percentage of wastage in both human materials and economic resources as very high and recommend that a non-official Expert Committee be constituted to investigate into the matter and suggest measures for checking the huge wastage."

মিঃ স্পীকার স্যার, আমার বক্তব্য হচ্ছে এই যে, কংগ্রেসী বাস্তুঘুঘুদের ঘাঁটি বলে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডগুলিকে যে ভেঙ্গে দেয়া হচ্ছে আমাদের বাস্তব অভিজ্ঞতা ঠিক সেটা। আমরা ১৯৬৭ সালের নির্বাচনের সময় দেখেছি এবং মধ্যবর্তী নির্বাচনের সময়ও দেখেছি যে এই স্কুলবোর্ড-গুলিকে এবং প্রাইমারী স্কুলগুলিকে কিভাবে আমাদের কংগ্রেসী বন্ধুরা নির্বাচনের কাজে লাগিয়েছেন। যেখানে আমরা গেছি সেখানে দেখেছি বহু লোককে শিক্ষক হিসাবে নিযুক্ত করা হয়েছে যদিও তাঁদের শিক্ষকতা করার যোগ্যতা স্ট্যান্ডার্ড অনেক কম। আমি নিজে নির্বাচিত হওয়ার পর আমার এলাকা থেকে বহু লোক এসেছেন যাঁরা শিক্ষকতা করছেন—হয়ত এক জায়গা থেকে আর এক জায়গায় ট্রান্সফার চাচ্ছেন, তাঁরা যেদরখাস্তগুলি লিখে নিয়ে এসেছেন এক পাতা ফুলস্কেপ কাগজের মধ্যে ৫-৭টা ভুল। আমি তাঁদের খোলাখুলিভাবে বলেছি যে আপনারা কিভাবে লেখাপড়া শেখাচ্ছেন ছেলেমেয়েদের, আপনাদের কে ভর্তি করেছিল—তাঁদের কাছ থেকে শুনেছি যে আমাদের কংগ্রেসী বন্ধুরা তাঁদের ভর্তি করেছিলেন, বিশেষ করে এককালে এই হাউসের সদস্য ছিলেন আমাদের অঞ্চলের বজবজ এবং দিনাজপুর অঞ্চলের, তাঁর নাম হচ্ছে মঙ্গলচরণ সাঁতরা। আমি বলতে চাচ্ছি যে, এই শিক্ষাদপ্তরকে এমনভাবে ব্যবহার করা হয়েছে যার মাধ্যমে শিক্ষার মানকে বজায় না রেখে নিজেদের দলগত স্বার্থে আত্মীয়স্বজন পোষণের জন্য এবং পার্টিকে ঠিক রাখার জন্য সত্যিকার শিক্ষক নিয়োগ করা হয় নি যদিও উপযুক্ত যোগ্যতা সম্পন্ন শিক্ষক সেখানে ছিল। কাজেই আমাদের মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয় জেলা স্কুলবোর্ড-গুলিকে আপাততঃ স্থগিত রাখার জন্য যে বিল এনেছেন এটা ন্যায়সঙ্গত হয়েছে এজন্য যে আমরা দেখেছি এই স্কুলবোর্ডগুলি একদিকে বাস্তুঘুঘুদের ঘাঁটি, অন্য দিকে এদের দ্বৈত নেতৃত্ব অর্থাৎ স্কুল বোর্ডের যিনি সেক্রেটারী তিনি এই স্কুলবোর্ডগুলি পরিচালনা করেন, আবার জেলাপরিষদ এই স্কুলবোর্ডগুলির স্ট্যান্ডিং কমিটি। জেলাপরিষদ সম্পর্কে আপনারা সবাই জানেন যে, সেগুলি দুর্নীতির ঘাঁটি। কাজেই ও'রা কতদূর অগ্রসর হতে পারেন সে বিষয়ে আমাদের বাস্তব অভিজ্ঞতা অত্যন্ত তিক্ত। সেজন্য আমি আপনার কাছে একথা বলতে চাই যে, মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয় যে বিল এনেছেন সেই বিলকে আমি সানন্দে এবং সম্পূর্ণভাবে সমর্থন করি—এই বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

**কুমার জগদীশচন্দ্র সিংহ:** মিঃ স্পীকার, স্যার, মাননীয় শিক্ষামন্ত্রী আজকে হাউসের সামনে যে বিলটা আলোচনা করার জন্য এনেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাই। প্রাইমারী শিক্ষার ক্ষেত্রে এমন একটা অবস্থার সৃষ্টি হয়েছে যাতে শিক্ষার অগ্রগতি থেকে শিক্ষার অধোগতি এসে যাচ্ছে। এই কারণে এই বিল আনার জন্য আমি তাঁকে ধন্যবাদ ও অভিনন্দন জানাই। সেদিন যখন তিনি এই বিলটা এই হাউসের সামনে উপস্থিত করেছিলেন তখন বলেছিলেন যে একটা সম্পূর্ণ বিল এই সেসনের ভেতর তিনি আনার চেষ্টা করবেন। আমরা ভেবেছিলাম অর্ডিন্যান্স যখন প্রমালগেটেড হল এবং তারপর যখন অ্যাসেমব্লী সেসন ডাকা হল তখন তিনি একটা সম্পূর্ণ বিল হাউসের বিবেচনার জন্য দেবেন। কিন্তু সেটা না করে এই অর্ডিন্যান্সটাকে আইনে পরিণত করতে যাচ্ছেন। স্যার, আপনি যদি ক্লজ 8 সাব-ক্লজ (বি) দেখেন তাহলে দেখবেন জেলা স্কুল বোর্ড এখন ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর অফ স্কুল-এর হাতে দেওয়া হয়েছে এবং সেখানে যে সমস্ত নির্বাচিত প্রতিনিধি ছিলেন তাঁদের সব বাতিল করে দেওয়া হল। স্কুলের ম্যানেজিং কমিটির ক্ষেত্রেও অনুরূপ ব্যবস্থা করেছেন। নির্বাচিত প্রতিনিধির কোন রকম ব্যবস্থা নেই। অথচ রাজস্বমন্ত্রী বাজেট আলোচনার সময় বলেছিলেন গণতন্ত্রকে প্রতিষ্ঠিত

করার জন্য ও আইনকে উচ্চ সিংহাসনে বসাবার জন্য সব ব্যবস্থা করা হবে। আমি বুঝতে পারছি না যে এর দ্বারা গণতন্ত্র কিভাবে প্রতিষ্ঠিত হচ্ছে, যেখানে নির্বাচিত প্রতিনিধিদের বাতিল করা হচ্ছে। স্কুল ম্যানেজিং কমিটি প্রাইমারী স্কুলের নির্বাচিত প্রতিনিধি যাঁরা ম্যানেজ করছিলেন তাঁদের বাতিল করা হল এবং সেই জায়গায় নমিনেটেড বডি এল। ও'রা বলবেন নিশ্চয় নির্বাচন হচ্ছে। শিক্ষক নির্বাচিত হয়ে আসছেন। গার্জেন একজন আসছেন এবং আর একজন গার্জেন শিক্ষকদের দ্বারা মনোনীত হবেন। তাহলে নির্বাচন কি রকমভাবে হল? এখানে স্কুল বোর্ড-এ যাঁরা নির্বাচিত প্রতিনিধি তাঁদের বাতিল করা হল, কিন্তু কি দোষ তাঁদের তা বলা হল না। এখানে কোন কোন সদস্য বলেছেন ঘুঘুর বাসা ছিল। সত্যিই যদি দুর্নীতি হয়ে থাকে তাহলে তাদের সেখান থেকে সরিয়ে দেওয়া উচিত। আমি এমন কথা বলব না যে বাংলাদেশে যতগুলি স্কুল বোর্ড ছিল সমস্ত স্কুল বোর্ডই একেবারে সোনার সিংহাসনে বসে কাজ করেছেন। তাঁদের ভেতরেও দুর্নীতি ছিল। কিন্তু তা বলে বাংলাদেশে যত স্কুল বোর্ড ছিল সবগুলি কি দুর্নীতি করেছেন, একথা আমি বিশ্বাস করি না। আপনার সামনে আর একটা জিনিষ উপস্থিত করব সেটা হচ্ছে এই যে নূতন অ্যাডভাইসরি কমিটি হয়েছে, সেই অ্যাডভাইসরি কমিটি সম্পর্কে শিক্ষামন্ত্রীর দপ্তর থেকে জেলা স্কুলের ইন্সপেক্টরকে একটা নির্দেশ জারী করেছেন যে এ বি টি এ-এর যেসব কর্মী ঐ জেলায় আছেন তাঁদের সঙ্গে পরামর্শ করে চলতে হবে। তিনি একটা অ্যাডভাইসরি কমিটি করলেন সেই অ্যাডভাইসরি কমিটি ছাড়া জেলা স্কুল বোর্ডের ইন্সপেক্টরকে বললেন অমুকের সঙ্গে পরামর্শ করবেন। এটা ঠিক নয়। সাত্তার সাহেব বললেন কতদিন স্কুল বোর্ডকে সাসপেন্ড করে রাখা হবে সেসব কিছু বলা হয়নি। অর্থাৎ সরকার যতদিন মনে করবেন ততদিন রাখা হবে। নির্বাচনের কোন কথা এখানে নেই। আজ যুক্তফ্রন্ট এখানে এসেছেন, বাংলার লোক তাদের চেয়েছেন বলে তাঁরা এসেছেন, না হলে তাঁরা আসতে পারতেন না।

[10-50—11 a.m.]

তাঁরা সরকার গঠন করেছেন বাংলাদেশের জনসমর্থনে। নির্বাচনের মাধ্যমে যদি যুক্তফ্রন্টের দলগত ভিত্তিতে নির্বাচিত প্রতিনিধি হয়ে কেউ আসেন তাহলে আমাদের বলবার কিছুই নেই। কিন্তু এই বিলের মাধ্যমে যদি স্কুল বোর্ডকে অনির্দিষ্টকালের জন্য জনপ্রতিনিধিদের হাত থেকে বন্ধ করে রাখা হয় তাহলে নিশ্চয়ই তার বিরোধিতা করব। আমি মন্ত্রিমহাশয়কে বলতে চাই তিনি যখন এই বিলের উপর জবাব দেবেন তখন তিনি যেন নির্দিষ্টভাবে বলেন কতদিন তিনি এই সুপারসেসন রাখতে চান অর্থাৎ একটা নির্দিষ্ট সময় তিনি যেন নির্দেশ করেন। মাননীয় স্পীকার মহাশয়, ক্লজ সিক্স যদি দেখেন তাহলে দেখবেন জেলা স্কুল বোর্ডের যিনি ইন্সপেক্টর, যিনি স্কুল বোর্ডের কাজকর্ম চালাবেন তাঁকে ইমিউন করা হয়েছে। তাঁর বিরুদ্ধে কোন মামলা চলবে না—সরকারী কর্মচারী বলে তিনি ইমিউনিটি পাবেন। তিনি যদি অন্যায় করেন, তহবিল তছরূপ করেন তাহলেও তাঁর বিরুদ্ধে মামলা চলবে না। তিনি যদি কোন অন্যায় করেন কোন নিয়মের ব্যাপারে বা বদলীর ব্যাপারে তাহলেও তাঁর বিরুদ্ধে কিছু করা যাবে না। এটা অন্যায় বলে মনে করি। আমি এই ব্যাপারে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং আশা করছি ক্লজ সিক্স অন্যায় বলে তিনি প্রত্যাহার করবেন।

**শ্রীবিভূতি পাহাড়ী:** মাননীয় স্পীকার মহাশয়, আমাদের শিক্ষামন্ত্রী ওয়েস্ট বেঙ্গল (রুরাল) প্রাইমারী এডুকেশন (টেম্পোরারী প্রভিশনস) বিল যেটা পেশ করেছেন এবং যার আলোচনা পূর্বে হয়েছে এবং আজকেও হচ্ছে আমি সেই বিল সম্পূর্ণরূপে সমর্থন করছি। মাননীয় স্পীকার মহাশয়, এই কংগ্রেস পার্টি বাংলাদেশে কতগুলি নিয়ম কানুনের সুযোগ নিয়ে স্কুল বোর্ডগুলি দখল করেছিলেন এবং সেই স্কুল বোর্ডেতে আমরা দেখেছি দুর্নীতির খনি হয়ে রয়েছে। ১৯৬৭ সালের ফেব্রুয়ারী মাসে যখন যুক্তফ্রন্ট সরকার গঠন করা হয় তখন দেশের সাধারণ মানুষ যুক্তফ্রন্ট সরকারের কাছে এই অনুরোধ করেছিলেন যে এই দুর্নীতির মূল জায়গা স্কুল বোর্ডগুলি যেখান থেকে কংগ্রেস রাজনীতি করে, যেখান থেকে দলীয় স্বার্থে

শিক্ষক নিয়োগ করে এবং দলীয় স্বার্থ রক্ষা করবার জন্য বিভিন্ন গ্রামে যে স্কুলের মঞ্জুরী দেয় সেই দুর্নীতির খনি, সেই ঘুঘুর বাসা ভাঙ্গতে হবে। তখন সময় কম ছিল বলে যুক্তফ্রন্ট সরকারের তদানিন্তন শিক্ষামন্ত্রী এই ঘুঘুর বাসার ব্যাপারে বেশী কিছু করতে পারেন নি। কিন্তু বর্তমান শিক্ষামন্ত্রী এই বিল এনেছেন এবং স্কুল বোর্ড বাতিল করেছেন। আমি আশা করি এবং এই বিশ্বাস আমার আছে যে বাংলাদেশের মানুষ শিক্ষামন্ত্রীকে লক্ষ লক্ষ হাত দিয়ে আশীর্বাদ জানাবে তিনি যেন দীর্ঘায়ু হন, তিনি যেন এইভাবে ঘুঘুর বাসা ভাঙ্গতে পারেন। মাননীয় স্পীকার মহাশয়, এই স্কুল বোর্ডগুলিতে কংগ্রেস কি করতেন তার কয়েকটি উদাহরণ আমি আপনার সামনে দিতে চাই। আমি যে জেলা থেকে এসেছি সেই মেদিনীপুর জেলা স্কুল বোর্ড সম্বন্ধে আমি কিছু বলতে চাই। সেখানকার প্রেসিডেন্ট ছিলেন রাসবিহারী পাল। তিনি শিক্ষক নিয়োগের সময় প্যানেল তিন ভাগে ভাগ করতেন এবং তার একটা থাকত তাঁর অফিসে, আর একটা থাকত সাব-ইন্সপেক্টরের কাছে এবং আর একটা থাকত তাঁর নিজের ব্যাগের মধ্যে। এটা সরকারী নয়, তাঁর নিজের ইচ্ছা মত নিয়োগ করতেন। একটা প্যানেলের সঙ্গে আর একটা প্যানেলের কোন সম্পর্ক থাকত না। বিভিন্ন লোক যাঁদের বিভিন্ন শিক্ষাগত যোগ্যতা ছিল এবং কমপিটিশনে যাঁরা বেশী নম্বর পেয়ে উপরে ছিল তাঁদের নীচে রাখতেন এবং অপরপক্ষে প্যানেলে যাঁদের নাম থাকত না তাঁদের মণ্ডল কংগ্রেস বা যাঁরা নির্বাচিত করতেন সেই মেদিনীপুর জেলা স্কুল বোর্ড সেখানে নিয়োগ করতেন।

স্পীকার মহোদয়, আজকে স্কুল মঞ্জুরীর সময় আজকে দেখা যায় যে গ্রামে হাজার হাজার লোক আছে, তফসিলী জাতি এবং মুসলমান সম্প্রদায়ের লোকেরা বাস করে, সেই গ্রামে কংগ্রেসের ভোট থাকত না বলে কখনো কোন স্কুল মঞ্জুরী দেওয়া হত না। আর একটা জিনিস হল বেআইনীভাবে শিক্ষক নিয়োগ, বেআইনীভাবে স্কুল মাস্টারকে প্রচুর অর্থ স্কুল বোর্ডের মেম্বারকে কিংবা সাব-ইন্সপেক্টরকে বা স্কুল বোর্ডের করণিককে দিতে হত। স্কুল বোর্ডের শিক্ষা জগতে প্রাথমিক শিক্ষাজগতে একটা দুর্নীতি গড়ে উঠেছিল। কোন শিক্ষক কংগ্রেসী হলেও শত শত টাকা ঘুষ দিয়ে চাকুরি পেতে হত। এখানে বার বার শুনেছি বাংলাদেশের এই বিধানসভায় বর্গাদারদের স্বার্থ রক্ষার জন্য জমি থেকে যাতে বর্গাদারকে উচ্ছেদ করতে না পারে তার জন্য বিল আসছে, আইন তৈরী হচ্ছে। কিন্তু মেদিনীপুর স্কুল বোর্ডের প্রেসিডেন্ট রাসবিহারী পাল এবং তার বন্ধুরা সেই স্কুল বোর্ডের শিক্ষাজগতে বর্গাদার প্রথা চালু করেছেন। শিক্ষাজগতে বর্গাদার প্রথা কিরূপ? আমি উদাহরণ দিয়ে জানাচ্ছি। একজন মাস্টার মহাশয়, যিনি কংগ্রেসের চেলা, কংগ্রেসের জন্য নির্বাচনে খাটে, অঞ্চল প্রধানগিরি করে এই রকম ধরনের লোককে প্রাথমিক স্কুলে শিক্ষক নিয়োগ করা হয়েছে। তাকে স্কুলে যেতে হত না, ছাত্র পড়াতে হত না, শুধু যখন বিল ফর্ম যেত সেই বিলের উপর কিংবা মানি অর্ডার ফর্মে সই করতে হত, তার বদলে যেখানে ১০০ টাকা বেতন পায়, কিংবা বেতন ৬০।৭০ টাকা এবং অন্যান্য অ্যালাউন্স বাবদ সব মিলিয়ে ১০০ টাকা হত, সেখানে সে পেত ২০।৫০ টাকা। অর্থাৎ কোন কালে চাকরি করে দেবে কংগ্রেসী নেতারা এই বলে সেই টাকা তারা নিত এবং এইভাবে শিক্ষাজগতে একটা বর্গা-দারি প্রথা তারা চালু করেছিল। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে আমি আপনার মাধ্যমে অনুরোধ জানাই মেদিনীপুর স্কুল বোর্ডে যে বর্গাদারী প্রথা চালু হয়েছিল সেটা তাঁকে দেখতে হবে এবং সেটাকে উচ্ছেদ করতে হবে। ও পক্ষ থেকে বলছেন ৪ মাসে নাকি কোন স্কুল হয় নি, শিক্ষা প্রসার হয় নি, লজ্জা লাগে না বাংলাদেশের মানুষ যাদের কাছ থেকে কোন ভাল শিক্ষা পায় নি, গত ২০ বছরে যখন বাংলাদেশের মানুষ খাদ্য চেয়েছে, খাদ্যের পরিবর্তে তাদের কাছ থেকে বুলেট পেয়েছে, ছাত্ররা যখন পড়তে চেয়েছে, বেতন কমিয়ে দাও বলেছে, তাদের উপর গুলি চালিয়েছেন, তাঁরা বলছেন লজ্জা লাগে না এদের, ৪ মাসের মধ্যে যুক্তফ্রন্ট শিক্ষা প্রসার কি করেছেন, এই প্রশ্ন আজকে তাঁরা শিক্ষামন্ত্রীকে করছেন। আমি মাত্র একটি বিদ্যালয়ের উদাহরণ দিই। দরবার খান বোর্ড প্রাইমারী বিদ্যালয়। সেই বিদ্যালয় ১৯৬১ সালে প্রথম সুরু হয়েছিল। এগ্রাব যিনি সাব-ইন্সপেক্টর তিনি ১১।৭।৬২ তারিখে তদন্ত করেন এবং লিখেন মঞ্জুরী দেওয়া হোক, এর পরে আবার তদন্ত হল সেই স্কুল বোর্ডের মেম্বার দ্বারা, রাখাল মাইতি, তদন্ত করলেন, তিনিও লিখলেন, এই স্কুলকে মঞ্জুরী দেওয়া হোক। ১৯৬২ সাল

চলে গেল, ১৯৬৬ সালে আবার একজন সাব-ইন্সপেক্টর তদন্ত করলেন, বললেন—স্কুল আছে, ঘর আছে, শিক্ষক আছে, জমি আছে, তফসিলী এলাকা, মঞ্জুরী দেওয়া হোক। তারপর ৫।৭।৬৮-তে আবার তদন্ত হল, দেখা গেল ৬০ থেকে ৭০ জন ছাত্র, মাস্টার মহাশয় আছেন, কিন্তু তবুও আজ পর্যন্ত ২০ বছরে এই স্কুলকে মঞ্জুরী দেওয়া হয় নি। এর কারণ হচ্ছে সেই গ্রামের একটা লোকও কংগ্রেসকে নির্বাচনে ভোট দেয় নি। সেই কারণেই এই প্রাথমিক স্কুলের মঞ্জুরী হল না। শিক্ষামন্ত্রী মহাশয় ঘুঘুর বাসা ভেঙ্গেছেন। তিনি যে বিল এনেছেন—রুরাল প্রাইমারী এডুকেশন অন টেম্পোরারী প্রভিশন বিল এটাকে আমি সমর্থন করছি এবং তাঁকে ধন্যবাদ জানাচ্ছি।

[11—11-10 a.m.]

**Shri Mohammad Idris Ali:**

মাননীয় স্পীকার, স্যার, এই ওয়েস্ট বেঙ্গল রুরাল প্রাইমারী টেম্পোরারী প্রভিসান বিল, ১৯৬৯ সম্বন্ধে সমালোচনা করতে গিয়ে দেখা যায় যে এই বিলে বাংলাদেশের গ্রামীণ প্রাথমিক শিক্ষা বিস্তার সম্বন্ধে মুখবন্ধে বলা হয়েছে। কিন্তু বিলের ধারাগুলির সঙ্গে মুখবন্ধের কোন সম্বন্ধ নাই। প্রথমে দেখলেই মনে হবে যে যুক্তফ্রন্ট সরকারের যেমন মুখোস ঠিক এই বিলটি তার প্রকৃত প্রতিচ্ছবি। বলা হয়েছে বিলের দ্বারা বাংলাদেশের অবৈতনিক প্রাইমারী শিক্ষার প্রসার করা হবে এবং এই উদ্দেশ্যেই জেলা স্কুল বোর্ডের সুপারসেসান করা হচ্ছে। এই বিলের মধ্যে কোথায় কি শিক্ষা বিস্তারের ইঙ্গিত আছে? কোথাও না। সরকার পক্ষে বলা হচ্ছে জেলা স্কুল বোর্ডে এতদিন ধরে কংগ্রেসী ঘুঘুর বাসা ছিল, বিল থেকে দেখা যাচ্ছে (যদিও সেটা কংগ্রেসী ঘুঘুর বাসা ছিল না) তার পরিবর্তে যুক্তফ্রন্ট সরকার সেখানে নেকড়ে বাঘের গুহা তৈরী করছেন। বিলের ৪ নম্বর ধারায় আছে জেলা স্কুল বোর্ড সুপারসেসন করে ডিস্ট্রিক্ট ইন্সপেক্টরকে সেখানে বসান হবে এবং তাঁকে সমস্ত ক্ষমতা দেওয়া হবে। তারপরে সরকার দেখলেন এমনও হয়ত হতে পারে যে বাংলাদেশে কিছু স্কুল ইন্সপেক্টর আছেন তাঁরা যুক্ত-ফ্রন্ট সরকারের কথামত ওঠ-বস করবেন না, সেই জন্যে বিলে আরও একটি ধারা জুড়ে দেওয়া হয়েছে। সেটা কি? সরকার যদি মনে করেন, তাহলে তাঁর স্থলে অর্থাৎ ডি আই-এর স্থলে অন্য একজন অফিসার নিযুক্ত করতে পারবেন যিনি ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর-এর সম-পদমর্যাদাশালী অফিসার। কেন? যদি সরকারের উদ্দেশ্য মহৎ হতো, তাদের জনকল্যাণ করবার উদ্দেশ্য থাকতো, তাহলে জেলা স্কুল বোর্ডগুলিকে সুপারসেসন করবার প্রয়োজন হতো না। যে এক্জিসটিং স্কুল বোর্ড আছে তার মাধ্যমেই ভাল কাজ করা যেত। সেখানে যে কনস্টিটিউটেড বডি আছে তাতে দেখি জেলা স্কুল বোর্ডে নির্বাচিত প্রতিনিধি, সাবডিভিশনাল অফিসারগণ তার সদস্য এবং ডিস্ট্রিক্ট ইন্সপেক্টরও অন্যতম সদস্য। এঁরা সকলে একত্রে থাকা সত্ত্বেও সেখানে যদি দুর্নীতি থেকে থাকে, তাহলে একজন সলিটারী পার্সনকে সেখানে বসিয়ে কি করে সরকার তার উপর নির্ভর করতে পারেন, এবং আশা করতে পারেন যে সৎ উদ্দেশ্য নিয়ে তিনি সেখানে কাজ করবেন? এমন কোন যন্ত্র এখনো তো আবিষ্কৃত হয় নাই যার দ্বারা পরীক্ষা করা যায় কে সৎ, কে অসৎ? একজন ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর যদি অসৎ হন, তাহলে কি করে তিনি সদ্ভাবে সৎ কাজ করতে পারবেন? প্রশ্ন তা নয়, দেশের উপকার করবার প্রশ্ন নয়, প্রশ্ন হচ্ছে তাঁদের রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধি করা। স্কুল বোর্ডকে যুক্তফ্রন্ট সরকার একটি হাতিয়ার হিসাবে গণ্য করতে চান। তার মাধ্যমে দেশে অরাজকতা সৃষ্টি করতে, ডেমোক্রেসীকে ধ্বংস করতে স্বৈরাচারী রাজতন্ত্রকে প্রতিষ্ঠা করতে চান। এই বিলের দ্বারা সরকার জেলা স্কুল বোর্ডকে কুক্ষিগত করতে চান। এবং একজন ডেসপট সৃষ্টি করতে চান স্কুল ইন্সপেক্টরকে। তার বিরুদ্ধে পাছে কোন ডিমন্স্ট্রেশন হয়, কোন গণ-আন্দোলন হয় সেটাকে চাপা দেবার জন্য সেকশন ৬ এতে একটি ইনডেমনিটি ক্লজ ইনসার্ট করা হয়েছে। কেন? যাতে যুক্তফ্রন্ট সরকারের দুর্নীতির কোন মামলা দায়ের করা না যায়। সেই ডি আই বা অফিসার শিক্ষামন্ত্রীর ডিকটে-সান অনুসারে কাজ করেন। এবং সেই দুর্নীতি যাতে জনসম্মুখে প্রকাশ না পায়, তার জন্য সেই ক্লজে বলে দেওয়া হয়েছে—সেই অফিসারের বিরুদ্ধে কোন মামলা চলবে না। তার খেয়াল-খুসীর বিরুদ্ধে যাতে কিছু করা না যায়, তার জন্য তঁকে ইমডেমনিটি নামক আচ্ছাদন দেওয়া

হয়েছে। কাজেই আমার মনে হয়, শিক্ষাপ্রসার সম্বন্ধে বিলের মুখবন্ধে যা বলা হয়েছে, তা ভাঁওতা ছাড়া আর কিছুই নয়। এই বিলের দ্বারা জনসাধারণের কোন উপকার আদৌও হবে না। উপরন্তু ডেমোক্রেসী ধ্বংস হবে এবং দেশে স্বেচ্ছাচার প্রতিষ্ঠিত হবে। এই বিল সম্পূর্ণভাবে বাতিল যোগ্য। এই আইনের দ্বারা দেশের কোন উপকার বা উন্নতিসাধন কিছুই হবে না। এই জন্যই এই বিলের বিরোধিতা করতে বাধ্য হচ্ছি।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় সভাপাল মহাশয়, আজকে যে বিল এসেছে সেই বিলের সমর্থনে দাঁড়িয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। সাত্তার সাহেবের বক্তৃতা শুনে একটা কথা মনে পড়ে গেল, সেটা হচ্ছে 'চোরের মায়ের ডাগর গলা'। আমি মনে করি যে বিল মাননীয় মন্ত্রিমহাশয় এনেছেন সেটা সকলের সমর্থন করা দরকার। তার কারণ প্রাথমিক শিক্ষা বিস্তারই আমাদের শুধু কর্তব্য নয়, সেই প্রাথমিক শিক্ষা বিস্তারের সঙ্গে সঙ্গে দেখতে হবে যে প্রাথমিক শিক্ষা বিস্তারের দায়িত্ব যে প্রশাসনের উপর সেই প্রশাসনের মানও যেন যথাযথ হয়। ২০ বছর ধরে প্রাথমিক শিক্ষার প্রশাসনকে কোন জায়গায় টেনে নামানো হয়েছে সে সম্পর্কে যদি একটার পর একটা উদাহরণ দিই তাহলেই বোঝা যাবে যে এই বিলের প্রয়োজনীয়তা কোথায়। মাননীয় সভাপাল মহাশয়, আমি বলেছি 'চোরের মায়ের ডাগর গলা', কেউ কোন কালে শুনেছেন, স্কুল বোর্ডের প্রেসিডেন্ট একজন বাদশা হয়ে গেছেন? সাত্তার সাহেবের দাদা, উনি নিজেও বোর্ডের প্রেসিডেন্ট ছিলেন। বাদশা হুকুম দিলেন 'জনসেবক' কিনতে হবে সমস্ত প্রাথমিক স্কুলে, আর সমস্ত প্রাথমিক শিক্ষক 'জনসেবক' পড়তে বাধ্য। টাকা দেবে কে না, গৌরীসেন—বাংলাদেশের সরকার। টাকা আসবে কোথা থেকে, না, কনটিনজেন্সি ফান্ড থেকে। কনটিনজেন্সি ফান্ড থেকে বাধ্যতামূলকভাবে একটি খবরের কাগজ কেনার কোন প্রভিসন আছে একথা কেউ শুনেছেন? কনটিনজেন্সি ফান্ডের টাকা শিক্ষকদের দেওয়া হল না, না দিয়ে অফিস থেকে সেই টাকা কেটে নিয়ে অতুল্য ঘোষের 'জনসেবকের' দপ্তরে পাঠিয়ে দেওয়া হল। ওদিক থেকে কে একজন রাজা বাহাদুর না কুমার বাহাদুর, যিনি আমাদের সঙ্গে বসছেন আর কংগ্রেসকে সমর্থন করছেন, বললেন যে কিছুই অভিযোগ মন্ত্রিমহাশয় করলেন না, রাতারাতি এ কি কান্ড? উনি তো গজদন্ত মিনারে বাস করেন কাজেই এসব অভিযোগের খবর রাখেন না। জানেন না যে কোথা থেকে কি হচ্ছে। এই সমস্ত করে স্কুল বোর্ডের লক্ষ লক্ষ টাকার ছয়লাপ করা হয়েছে। শুধু তাই নয়, এই বাদশারা আরো কি করেছে শুনুন। সাত্তার সাহেব কংগ্রেসের কাজে নিজের নির্বাচনের স্কুল জিপ নিয়ে পেট্রোল পুড়িয়েছেন, আর সেই পেট্রোলের খরচ দিয়েছেন সরকার। সাত্তার সাহেব কংগ্রেসের কাজে সারা মুর্শিদাবাদ জেলা ঘুরেছেন, ইলেকসান করেছেন ঐ স্কুল, বোর্ডের জিপ নিয়ে। শুধু তিনি নন, তাঁর দাদার কান্ডটাও শুনুন। স্কুল বোর্ডের অফিস বিল্ডিং করতে হবে টাকা দেবে কে, না গৌরী সেন। স্কুল বিল্ডিং-এর টাকা চলে এল—কেউ কোনদিন শোনেন নি—সরকারের বরাদ্দকৃত এক ফান্ডের প্রায় দুলক্ষ টাকা বিনা মঞ্জুরীতে অন্য ফান্ডে খরচ হল। কত বড় বাদশা এক একটা বোর্ডের মাথার উপর বসে ছিল সেটা মাননীয় সভাপাল মহাশয়, আপনি চিন্তা করে দেখুন। স্কুল বোর্ডের প্রেসিডেন্ট হুকুম দিলেন বিল্ডিং তৈরি করতে হবে। ১।১॥ লক্ষ টাকার বাড়ী—সাত্তার সাহেব এখানে দাঁড়িয়ে বলুন যে তাঁর দাদা কি টেন্ডার কল করেছিলেন? কাকে টেন্ডার দেওয়া হয়েছিল, বলুন কোন ফান্ডের টাকা থেকে এই স্কুল বোর্ডের বিল্ডিং তৈরি করা হল, কেন দুর্গাপদ সিংহ ও সামসুদ্দিন আমেদের হাতে সমস্ত ভার ছেড়ে দেওয়া হল স্কুল বোর্ডের বিল্ডিং তৈরি করার জন্যে? কেন এইভাবে টাকা পয়সার ছয়লাপ করা হল সেটা এখানে বলুন। এইভাবে বিল্ডিং করা হয়েছে এবং যার সঙ্গে কোন সম্পর্ক নেই সেই সমস্ত ফান্ডের টাকা নেওয়া হয়েছে। বেসিক স্কুল তৈরি করতে হবে, সেই ফান্ডের টাকা চলে গেল, অন্যান্য ফান্ড যেমন কনটিনজেন্সি ফান্ডের ও স্কুল মেরামতের টাকা চলে গেল, এইভাবে নানা ফান্ডের টাকা নেওয়া হয়েছে। এ যেন বিয়ের জন্য টাকা দিলাম বলে কিনা অন্নপ্রাশনের খরচ করবো সেই রকম অবস্থা। সরকারের টাকা নিয়ে এইভাবে বাদশাগিরি পৃথিবীর অন্য কোন দেশে হয়েছে বলে আমার জানা নেই। আবার উনি জাঁক করে বললেন যে শিক্ষামন্ত্রী কেন এই আইন করলেন? কেন করলেন সেটা বলে দিতে হবে? তারপর ওঁরা বলেছেন, খুব ভালো কথা বলেছেন, আমলাতন্ত্রের হাতে কেন ক্ষমতা তুলে দিচ্ছেন?

খুব ভাল কথা। এতদিন এই কথা মনে ছিল না? ২০ বছর ধরে যখন তাদের দিয়ে যতরকম অকাজ কুকাজ করিয়ে নেওয়া হয়েছে তখন মনে ছিল না? আমরা জানি আমলাতন্ত্র দেশে কোথায় আছে। আমরা জানি আমলাতন্ত্র ওঁদের হুকুমে অনেক ক্ষেত্রে অন্ধের মত হুকুম তামিল করেছে। আমরা এও জানি আমলাতন্ত্রের ভিতর দুর্নীতিপরায়ণ লোক আছে। তারা এখন বলছেন কি করবো স্যার, পলিটিক্যাল প্রেসারে আমাদের করতে হয়েছে। আমরা তাদের সমর্থন করি না। কারণ, আমরা মনে করি প্রশাসনকে ঠিক জায়গায় ধরে রাখা যায় তাহলে পলিটিক্যাল প্রেসারে কাজ করা চলতে পারে না। আগেকার দিনে অতুল্য ঘোষের বৈঠকখানায় কাজ হয় নি? হয়েছে। কোন বৈঠকখানা থেকে প্রশাসনের কাজ চলতে পারে না, এটা আমরা খুব ভাল করে জানি। সেই জন্য আমি বলছি, পলিটিক্যাল প্রেসারে তারা যদি এটা করে থাকেন তাহলে অন্যায় করেছিলেন এবং আজকে যারা এই কথা বলে আড়ালে চলে যাবার চেষ্টা করছেন সরকার যেন তাদের ধরেন, তাদের যেন সরিয়ে দেওয়া হয় দায়িত্বের পদ থেকে। তাদের শুধু সরালেই চলবে না, সঙ্গে সঙ্গে এটাও আশা করবো যে এতদিন ধরে বাংলাদেশের গরীব মানুষের কোটি কোটি টাকা যারা এমনি করে নিজেরা উড়িয়ে দিয়েছেন আর আজকে এখানে এসে গলাবাজী করে বক্তৃতা দিচ্ছেন তাদেরও যেন ছেড়ে দেওয়া না হয়। কেন করেছেন এই আইন? আমরা কিছু এই সব চুরিবিদ্যা জেনেছিলাম তাই আইন হচ্ছে। এটা সবাই জানেন। সাত্তার সাহেবেরা পকেটে হাত দিয়ে দেখুন কত টাকা উড়িয়েছেন হিসাব পেয়ে যাবেন।

[11-10—11-20 a.m.]

**শ্রীআবদুস সাত্তার:** স্যার, আমার একটা পারসোন্যাল এক্সপ্লানেশন আছে। মাননীয় সদস্য আমার সম্বন্ধে বলেছেন যে, আমি যখন মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ডের প্রেসিডেন্ট ছিলাম তখন নাকি স্কুল বোর্ডের জীপ পার্টির কাজে ব্যবহার করেছি। আমি বলছি মাননীয় সদস্য সম্পূর্ণ অসত্য কথা বলেছেন অন্ততঃ আবদুস সাত্তার সম্বন্ধে এবং মাননীয় যে কোন সভাই সেখানে থাকুন তাঁদের সম্বন্ধে সম্পূর্ণ মিথ্যা কথা বলেছেন। আমি আরো বলছি মাননীয় সদস্য স্কুল বোর্ডের বিল্ডিংএর ব্যাপারেও বলেছেন। আমার মনে হয় যাঁরা স্কুল বোর্ডের বিল্ডিং দেখেছেন তাঁরা বলতে পারবেন যে কি রকম বিল্ডিং হয়েছে। মাননীয় সদস্য শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় মার্চ মাসে বক্তৃতা করার সময় বলেছেন স্কুল বোর্ডের ৬ লক্ষ টাকা খরচ হয়েছে। তার মধ্যে ২ লক্ষ টাকা কংগ্রেসী লোকেরা মেরেছে, ৪ লক্ষ টাকা প্রকৃত খরচ হয়েছে। কিন্তু তিনি কি জানেন এই বিল্ডিংএর জন্য প্রকৃত পক্ষে ১ লক্ষ ৫৯ হাজার টাকা খরচ হয়েছে? গভর্নমেন্ট এই বিল্ডিং করলে স্কুল বোর্ডের চেয়ে খরচ অনেক বেশী হত। তাই আমি বলছি তিনি সম্পূর্ণ অসত্য ভাষণ এখানে দিয়েছেন। আমি তার প্রতিবাদ করছি।

(গোলমাল

**মিঃ স্পীকার:**

You have denied the allegations. Kindly take your seat.

**শ্রীমহম্মদ সোহরাব:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সমস্ত বক্তৃতা আমরা শুনলাম তা দেখে মনে হচ্ছে, যে বিল এখানে আনা হয়েছে সেই বিল বাদ দিয়ে তাঁরা যেন রাজনৈতিক বক্তৃতা দিচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যুক্তফ্রন্ট সরকারের কাছ থেকে আশা করেছিলাম অন্ততঃপক্ষে শিক্ষা ক্ষেত্রে তাঁরা শিক্ষাকে রাজনীতির ঊর্ধ্বে রেখে নিরপেক্ষভাবে একটা আদর্শের পরিচয় দেবেন। মাননীয় শিক্ষামন্ত্রী বহুদিন ধরে বিধান পরিষদের সদস্য আছেন এবং এ বি টি-এর সভাপতি হিসাবে যে আদর্শের কথা বিধান পরিষদে বলে এসেছেন, আমরা অন্ততঃ তাঁর কাছ থেকে আশা করেছিলাম যে তিনি যখন শিক্ষামন্ত্রী হয়েছেন তখন এতদিন ধরে যে কথা বলে এসেছেন সেই কথা পালন করবেন। এবং আশা করেছিলাম যে সেই শিক্ষামন্ত্রী প্রাইমারী থেকে ইউনিভার্সিটি লেভেল পর্যন্ত প্রতিটি ক্ষেত্রে এই আদর্শ শিক্ষাকে নিরপেক্ষ এবং রাজনীতির ঊর্ধ্বে রাখবেন। কিন্তু এখন দেখছি এই টেম্পোরারী বিল নিয়ে এসে তিনি যে অ্যামেন্ডমেন্ট বিল এনেছেন তার স্টেটমেন্ট অফ অবজেকটস-এ দেখছি যে তাতে রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত

মনোভাব প্রকাশিত হয়েছে। স্যার, আশুতোষের কথা আমরা জানি, তিনি শিক্ষাকে বলেছেন যে শিক্ষাক্ষেত্রে শিক্ষাকে দিতে হবে ফ্রিডম ফার্স্ট ফ্রিডম সেকেন্ড, ফ্রিডম লাস্ট। কিন্তু মাননীয় শিক্ষামন্ত্রীর প্রতিটি কার্যকলাপে এবং তাঁর প্রতিটি বিবৃতি থেকে আমরা দেখতে পাচ্ছি এই ফ্রিডম তিনি একেবারে শিক্ষাক্ষেত্র থেকে টেনে নিয়ে এসে সেটা সরকারের সম্পূর্ণ কুক্ষিগত করতে চলেছেন। এটা ঠিক যে ১৯৩০ সালের যে প্রাইমারী এডুকেশন অ্যাক্ট আছে সেটাকে পরিবর্তন করতে হবে কিন্তু সেটা পরিবর্ত্তন করতে গিয়ে একটা অ্যামেন্ডমেন্ট আনলেন এবং তার আগে অর্ডিন্যান্স পরিবর্তন করেছেন, এর প্রয়োজন কি ছিল জানি না। স্কুল বোর্ডে যে সমস্ত দুর্নীতি ছিল আমরা সকলে এক সঙ্গে স্বীকার করবো যে সমস্ত দুর্নীতি দূর করা হোক। এতদিন শিক্ষামন্ত্রী বলেছেন যে শিক্ষাকে আমলাতন্ত্রের হাত থেকে বার করে নিয়ে সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। কিন্তু এবার তিনি নিজে হাতে শিক্ষাকে আবার আমলাদের হাতে দিচ্ছেন, যদি তারা মনে করে থাকেন যে সমস্ত স্কুল বোর্ডগুলোতে ঘুঘুর বাসা ছিল, কংগ্রেসের বাসা ছিল, সেটা নূতনভাবে আইন নিয়ে এসে সেটা নূতনভাবে ইলেকশন করতে পারতেন। তাই বলছি তাঁরা যে গণতন্ত্রের বড় বড় বুলি আওড়াচ্ছেন কিন্তু বর্তমানে সেই গণতন্ত্রের টুঁটি চেপে ধরে আবার স্বৈরাচারিতার প্রমাণ দেখাচ্ছেন। তাঁরা আমলাতন্ত্রের হাতে সমস্ত দায়িত্ব এনে দিচ্ছেন। মাননীয় শিক্ষামন্ত্রী চেয়েছিলেন বিশেষ করে তাঁর দল এ বি টি এ-র হাতে প্রাথমিক শিক্ষাকে তুলে দেবেন এবং প্রথমে যে মত প্রকাশ করলেন অ্যাডভাইসরী কমিটি সেইভাবে হবে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি লক্ষ্য করেছেন যে গত কয়েকদিন আগে যুক্তফ্রন্টের মিটিংএ তার প্রতিবাদ হয়েছিল বিভিন্ন শরিকদলের তরফ থেকে যে শিক্ষামন্ত্রী যে অ্যাডভাইসরী কমিটি গঠন করতে যাচ্ছেন এটা ঠিক হবে না। প্রতিটি অ্যাডভাইসরী কমিটিকে রিকনস্টিটিউট করে যুক্তফ্রন্টের প্রতি দলের রিপ্রেজেন্টেটিভ নিতে হবে। সেই জন্য আমি বলছি এই বিলের স্টেটমেন্টে খুব মুখরোচক কথা বলেছেন, পশ্চিমবাংলায় ফ্রি কম্পাল-স্যারি এডুকেশন-এর জন্য এই বিল আনা হয়েছে, কিন্তু আসলে তাঁর উদ্দেশ্য রাজনৈতিক। আমি যদি স্বীকার করি যে এতদিন কংগ্রেসে তাদের নিজেদের স্বার্থে স্কুল বোর্ডগুলোকে বেধে-ছিলেন, যদি যুক্তির খাতিরে একথা স্বীকার করি তাহলে আজকে কি মাননীয় শিক্ষামন্ত্রী স্বীকার করবেন যে তিনি আজকে শাসন ক্ষমতায় এসে সেই ক্ষমতা দখল করে নিয়ে সেই একই স্বার্থের জন্য, রাজনীতির স্বার্থের জন্য আবার স্কুল বোর্ডকে তথা বাংলাদেশের প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে সেই বাসা তৈরী করতে চাচ্ছেন, যিনি এতদিন ধরে বলে এসেছেন যে শিক্ষাকে রাজনীতির ঊর্ধ্বে রাখতে হবে। কারণ শিক্ষা হচ্ছে আদর্শ মানুষ তৈরী করবার একমাত্র পথ। কিন্তু এখন তিনি কি করছেন? আপনাদের যে নীতি তিনি বলে এসেছেন, আজকে কোন নূতন আদর্শের উপর ভিত্তি করে আবার প্রাইমারী শিক্ষাকে একজন আমলার হাতে এবং রাজনীতির মধ্যে নিয়ে যাচ্ছেন বুঝতে পারছি না। এই বলে আমি বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[11-20—11-30 a.m.]

**Shri Padmalakshmi Subba:** Mr. Speaker, Sir, I congratulate the Hon'ble Education Minister who, out of sane and undisputed reasoning, has placed the West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969, before the House. This Bill, after it becomes an Act, will not only safeguard the primary school teachers from victimisation but will help to enhance and promote the spread of primary and junior basic education in the rural areas of West Bengal. Sir, in the district of Darjeeling the School Board was constituted by the local Congressmen—of course, by manipulation—setting aside the list submitted by the then D. C. Darjeeling. The then President of the District School Board, Mr. Gurung, the former M.L.A., by abusing his power, made the primary school teachers to work for him in the last General Election. Those who kept aloof from political involvement were openly victimised by transfer orders with a vindictive attitude. For this injustice done to them, I, in the capacity of Secretary of the District Branch of the A.I.G.L., had to make representation to the then Education Minister, and because of the then U.F. Government we could bring about stay orders of transfers of teachers who

were to become political victims. In the last mid-term elections the same Mr. Gurung, the then President of the District School Board, again stood as a candidate for the Congress Party. He openly declared at a party meeting that he would be very stern if the teachers failed to support him and he would have actually done so to compensate his defeat in the election but for the Ordinance. Thus the teachers breathed an air of comfort. This sort of affairs during the Congress rule may easily be generalised all over West Bengal and the new legislation, namely, the West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, will put an end to such abuses and promote universal and free primary education amongst the rural children of West Bengal. Sir, there is a farce so far as primary education is now concerned. A teacher is given on a ratio of 1:40; that means, one teacher is given for 40 pupils. But in the rural areas those 40 pupils are classified into four different classes, and how can one teacher impart proper education to four different classes of pupils? I hope the present Government will look into this matter. During the long twenty years' rule by Congress there was a resolution to implement free primary education but that turned out as a mirage. I hope the present U.F. Government will turn this mirage into a real oasis in the desert of—let alone educated—illiterate mass of the children, and the oasis does not remain as oasis alone but the whole brown desert will be turned into green and evergreen field of education. Thank you, Sir.

**শ্রীবজলে আমেদ :** মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমাদের এই সভায় মাননীয় শিক্ষা-মন্ত্রী যে বিল এনেছেন তাকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি। এই বিলে যে প্রস্তাব করা হয়েছে সেটা এমন কিছু নয় যা নিয়ে বিরোধী পক্ষের বন্ধুরা এত হৈ চৈ করতে পারেন। এটা একটা সামান্য ব্যাপার। স্কুল বোর্ড এতদিন প্রাইমারী শিক্ষার ও শিক্ষকদের সব কিছু দেখা-শোনা করত। এই বোর্ড-এর যাঁরা সদস্য ছিলেন তাঁরা যে কি প্রকৃতির লোক ছিলেন, তাঁরা যে কি করতেন সেট আমাদের সবাই জানেন। এবং এটাও জানেন যে এই বোর্ড যদি আরো কিছু দিন কাজ করে তাহলে শিক্ষার যে অগ্রগতি যেটা যুক্তফ্রন্ট মনে মনে একটা আইডিয়া করে রেখেছেন, সেটা ব্যাহত হতে বাধ্য। কারণ ওরা শিক্ষার অগ্রগতির ভান করে এতদিন ধরে যা করে এসেছেন সেটা তাঁদেব নিজেদের স্বার্থসিদ্ধির অগ্রগতি হয়েছে এবং সেটা খুব ভালভাবে পোক্ত করে রেখেছেন। আমি বীরভূম জেলার লোক। আমি জানি আমি সেখানে স্কুল বোর্ডের কাজ নিজের চক্ষে দেখেছি যে, তাঁরা শিক্ষক নিয়োগের ব্যাপারে কি করেছেন? স্কুল-এর রিকগ-নিশান-এর ব্যাপারে কি করেছেন বা শিক্ষার অন্যান্য যে উন্নতিমূলক কাজ যেগুলি করা দরকার, এই বোর্ড তার কি করেছেন, এঁরা কি করেছেন? যে স্কুল অনেক দিনের পুরানো তাকে রিকগনিসান না দিয়ে, তাঁদের দলের স্বার্থের খাতিরে এমন স্কুলকে রিকগনিসান দিয়েছেন যেটা হয়ত ২।১ মাস আগে নূতন তৈরী হয়েছে। অথচ ৫ বছর আগেকার যে সমস্ত স্কুল আছে সেগুলি রিকগনিসান পায় নি। শিক্ষক নিয়োগের ব্যাপারেও তারা ঐ একই ব্যাপাব করেছেন। এঁরা যা করেছেন সেগুলি যদি এক-একটা করে বলা যায় তাহলে শেষ হবে না। মাননীয় শিক্ষামন্ত্রী সমালোচনা করার মত কিছুই করেন নি। উনি বলেছেন, আমরা স্কুল বোর্ড ভেঙ্গে দিয়েছি, যতদিন পর্যন্ত নূতন একটা ব্যবস্থায় না আসতে পারে ততদিন পর্যন্ত আমাদের যে সমস্ত ডি আই জেলায় জেলায় আছেন, তাঁরাই অ্যাডমিনিস্ট্রেশন থাকবেন এবং তাঁকে তাঁর কাজে সাহায্য করার জন্য একটা অ্যাডভাইসরি বডি তৈরি করা হবে। সেই বডি তাঁকে পরামর্শ দিয়ে সাহায্য করবেন যাতে ভালভাবে বোর্ড-এর কাজ পরিচালনা করা যায়। অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ সমর্থন করছি এই জন্য যে তিনি সরকারী কর্মচারী, তিনি ভালভাবেই স্কুল বোর্ডের কাজ পরিচালনা করবেন কিন্তু তাঁকে সাহায্য করার জন্য যে অ্যাডভাসবি বডি তৈরী করার প্রস্তাব কবা হয়েছে, সেটা কিন্তু অবিলম্বে হওয়া দরকার। সৎ উদ্দেশ্যে, সৎ ও ভাল লোক যাঁরা আমাদের রয়েছেন তাঁদের দিয়ে অ্যাডভাসরী বোর্ড গঠিত ও পরিচালিত হোক। ওঁদের শখের জমিদারী, সখের জমিদারী অত্যন্ত লাভজনক জমিদারী, যেখান থেকে ওঁরা বঞ্চিত হয়ে যাবেন,

সেটা ও'দের অত্যন্ত দুঃখের ব্যাপার তাই লজ্জায়, অপমানে ও'রা মর্মাহত হয়ে চিংকার করছেন। এই চিংকারে মাননীয় মন্ত্রিমহাশয় আপনি কর্ণপাত করবেন না। এই বিল মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এনেছেন, তাকে অনুরোধ জানাচ্ছি তিনি যেন অবিলম্বে যে অ্যাডভাইসরী বোর্ড তৈরী হওয়ার কথা আছে, যুক্তফ্রন্টের পরামর্শ ও নীতি অনুসারে যে অ্যাডভাইসরী বোর্ড গঠন করার কথা আছে, সকল পার্টির প্রতিনিধি নিয়ে গঠন হওয়ার কথা আছে, সেই নীতি ও পরামর্শ যেন অবিলম্বে কার্যকরী করেন। এই আবেদন জানিয়ে আমি এই বিলকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীহারুন অল রসিদ:** মাননীয় স্পীকার, স্যার, আজ ওয়েস্ট বেঙ্গল রুরাল প্রাইমারী এডুকেশন টেম্পোরারি প্রভিশন বিল-এর আলোচনায় অংশ গ্রহণ করে প্রথমে আমি জানাচ্ছি যে এই বিল যিনি এনেছেন আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী, তিনি বাইরে আমাদের লিডার ছিলেন, শিক্ষকের উন্নতিকল্পে, শিক্ষার উন্নতিকল্পে তাঁকে নিয়ে আমি বহু আন্দোলন করেছি। তিনি যে বিল এনেছেন তাতে প্রাইমারী এডুকেশন-এর উন্নতি নিশ্চয়ই থাকবে। তবুও আমি দু'একটি পয়েন্টের সমালোচনা করছি। মাননীয় স্পীকার, স্যার, বড় আনন্দের বিষয় যে ১৯৩০ সালের পরে এই প্রাইমারী এডুকেশন বিল রিকর্গানিসান হচ্ছে। কিন্তু এই রিকর্গানিসন-এর নামে পূর্বে দেখেছি স্কুল বোর্ডগুলিকে সুপারসেশন করা হয়েছে। দুর্নীতি কোন কোন স্কুল বোর্ডে কোথাও কোথাও ছিল। সেটা আমরা অনেক অ্যাপয়েন্টমেন্টএর ব্যাপারে বা অনেক স্কুল অনুমোদনের ব্যাপারে অনেক জায়গায় দেখেছি। কিন্তু সব স্কুল বোর্ডেই এইভাবে দুর্নীতিপরায়ণ ছিল—সেটা আমরা মনে করি না এবং সুপারসিড করেও একটা পিরিয়ড লিমিট করে দেন নি যে এতদিন পর্যন্ত এটা সুপারসিড করে রাখা হবে। তারপর আবার গণতান্ত্রিক উপায়ে ইলেকশন করা হবে। কারণ ইলেকটেড বডি যেগুলিকে বাতিল করে দেওয়া হচ্ছে সেগুলি গণতান্ত্রিক উপায়ে ইলেকটেড হয়েছিল। এইভাবে তাকে সুপারসিড করে আনলিমিটেড পিরিয়ড পর্যন্ত রাখা সমিচীন বলে মনে করি না। মাননীয় স্পীকার, স্যার, এই বিলটি পড়ে আমি দেখলাম যে প্রাইমারী স্কুলে যে সমস্ত টিচার আছেন, তাদের একটা murm ring আছে, এই বেসিক পে অ্যান্ড ডিয়ারনেস অ্যালাউন্স সম্বন্ধে। সেই সম্বন্ধে এই বিলে কিন্তু বলা হয় নি। এই বিলে ৬ নম্বর ধারাতে ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর অফ স্কুলসকে বা অফিসার অ্যাপয়েন্টেড আন্ডার দি প্রোভাইসো টু ক্লজ (বি)-তে যে অফিসার নিযুক্ত হবেন তাদের অর্ডারই ফাইন্যাল। তারা যে কাজ করুন না কেন সেই কাজের এগেনস্টে কিছু বলা হবে না এবং এমন কি মামলা দায়ের করাও হবে না।

আমার মনে হয় এটা গণতন্ত্র সম্মত হচ্ছে না, এখানে গণতন্ত্রকে হত্যা করা হচ্ছে। মাননীয় স্পীকার স্যার, এই বিতর্কের আলোচনায় অংশ গ্রহণ করে আমি আর একটা কথা বলছি যে প্রাইমারী স্কুলের বহু শিক্ষকের কাছ থেকে আমরা কতকগুলি অবজেকসন পেয়েছি এই স্কুলের বই সম্বন্ধে। যে সমস্ত বই পাঠ্য করা হয়েছে প্রাইমারী স্কুলে সেই সমস্ত বই অধিকাংশই গভর্নমেন্টের কিন্তু বড়ই দুঃখের বিষয় এই সমস্ত বই ঠিক টাইমে পাওয়া যায় না। এখনও পর্যন্ত অনেক প্রাইমারী স্কুলে বই পাওয়া যায় না এবং বড় দুঃখের বিষয় আমরা ডি পি আই-র কাছে খোঁজ করে এই বই পাই না কিন্তু কলেজ স্ট্রীটের ফুটপাতে এই বই পাওয়া যায়—এটা কিভাবে সম্ভব হয় সেটা আমি বুঝে উঠতে পারছি না। আমি যুক্তফ্রন্ট সরকারকে এই বিষয়ে অবহিত করছি যেন এ বিষয়ে তাঁরা স্টেপ নেন। আমি আর একটা কথা এখানে বলছি এফ, এম পাশ যে সমস্ত মৌলবী আছেন তাঁদের আগে আমরা দেখেছি যে প্রাইমারী স্কুলে এলিজিবল ক্যানডিডেট বলে নেওয়া হত কিন্তু বর্তমানে দেখছি অনেক জায়গাতে তাঁদের অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হচ্ছে না, রিফিউজ করা হচ্ছে। আমি আপনার মাধ্যমে যুক্তফ্রন্ট সরকারকে অনুরোধ করব যে এফ, এম পাশ মৌলবীদের প্রাইমারী স্কুলে যেন এলিজিবল ক্যানডিডেট বলে স্বীকার করে নেওয়া হয়—এই কটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[11-30—11-40 a.m.]

**শ্রীফকিরচন্দ্র রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, যুক্তফ্রন্ট সরকারের শিক্ষামন্ত্রী যে বিল এনেছেন আমি সেই বিলকে সর্বান্তঃকরণে সমর্থন করি। এই বিল আনার আগে অর্ডিন্যান্স করার দরকার ছিল, কেন না প্রথমে যখন যুক্তফ্রন্ট সরকার হয় তখন মাননীয় স্পীকার মহাশয়, আপনার মনে থাকতে পারে যে একটা কি দুটো স্কুল বোর্ডকে সুপারসীড করা হয় কিন্তু হাইকোর্টে মামলা যাবার পরে সেই সুপারসেসন বোধ হয় ক্যানসেল হয়েছিল। দ্বিতীয় কথা দুর্নীতি কমবেশী প্রত্যেক স্কুল বোর্ডে আছে। সেই সমস্ত স্কুল বোর্ডগুলিকে এক-একটা করে সুপারসেসন ঐ আইনের বলে না করে যদি একটা অর্ডিন্যান্স করা হয় এবং সেই অর্ডি-ন্যান্সকে পরে বিল করা হয় তাহলে আমার মনে হয় কাজের দিক থেকে সুবিধা হয়। এদিক থেকে এই অর্ডিন্যান্স এবং পরে এই বিল আনার যথেষ্ট জাস্টিফিকেশন আছে। মাননীয় স্পীকার মহাশয়, ডঃ সান্যাল একটা কথা বলেছিলেন যে কোন কোন ডি আই-র বিরুদ্ধে দুর্নীতির অপবাদ শোনা যায়। হতে পারে একথা ঠিক কিন্তু অনেক মাননীয় স্কুল বোর্ডের সদস্যরা যে দুর্নীতি থেকে মুক্ত নন এটা বোধ হয় তাঁর অজানা নেই। তিনি ওদিকটা বলে এদিকটাও যদি বলতেন তাহলে তাঁর বলাটা সম্পূর্ণ হত। তারপর আর একটা কথা অনেক সময় দেখা গেছে যে ডি পি আই নির্দেশ দিয়েছেন ডি আই-কে কিন্তু প্রেসিডেন্টের হস্তক্ষেপের জন্য ডি আই ডি পি আই-র সেই নির্দেশ কার্যকরী করতে পারেন নি—এর কারণ কি? এইভাবে অ্যাডমিনিস্ট্রেশনকে তাঁরা ঠিক পথে চলতে দেন নি, তাঁরা মনে করেছেন যে ডি পি আই যা বলছেন বলুন, কিছু আসে যায় না—মন্ত্রী তো আমাদের। ডি আই অনেক ক্ষেত্রে কিছু করতে পারেন না এই কারণে যেহেতু চাকরী করেন, ট্রান্সফারের ভয় আছে, তারপরে অন্যদিক থেকেও নানা অসুবিধার মধ্যে ফেলতে পারে—এই সমস্ত কারণে আজকে এই স্কুল বোর্ডগুলির এই অবস্থা হয়েছে, অ্যাডিশনাল কারণে যে জন্য এই বিল আনার জাস্টিফিকেসন আছে। এই প্রসঙ্গে আমি শিক্ষামন্ত্রীর কাছে একটা কথা বলব প্রথম যখন স্কুল বোর্ড হয় তখন যেখানে যেখানে লোক এগিয়ে এসেছে সেই সব জায়গাতে স্কুল বোর্ড এগিয়ে গিয়ে স্কুল করেছেন।

পরে দেখা গেছে স্পেশাল ক্যাডার স্কুল হয়েছে। স্পেশাল ক্যাডার স্কুল মানে হচ্ছে শিক্ষিত যুবকদের চাকরী দেবার জন্য ভারত সরকার কিছু টাকা দিলেন যা দিয়ে এই সমস্ত স্কুল হল। সেই স্পেশাল ক্যাডার স্কুল চলে গিয়ে এল কোটা সিসটেম, কোন জেলাতে কত হার এ নিয়ে ধস্তাধস্তি হল এবং তা নিয়ে ডি পি আইএর সঙ্গে শিক্ষামন্ত্রীকে অনেক ধস্তাধস্তি করতে হয়েছে। গত বছর রাজ্যপালের সময় পশ্চিমবঙ্গে কোন কোটা পাওয়া যায় নি। এবং কোন জেলাতেই প্রাইমারী স্কুল হয় নি। আমি তাই তাঁকে অনুরোধ করব যাতে এখনও পর্যন্ত যখন কোটা সিসটেম চালু রাখতে হয়েছে তখন এই নূতন কোটা বিভিন্ন জেলায় যার যা পাওনা সেটা যেন দেবার ব্যবস্থা করেন। আর একটা সার্কুলারএর কথা বলব। নূতন যে সমস্ত যুবক উদ্যোগী হয়ে প্রাথমিক বিদ্যালয় করেছে তাদের সেখানে ২ বছর ভলানটারী সার্ভিস দিতে হবে। এটা ঠিক নয়। আগে নিয়ম ছিল ৬ মাস ভলানটারি সার্ভিস দিলেই চলবে। সেই ৬ মাস ৬ বছর লেগে যেত। আমি অনুরোধ করব এই ২ বছরটা যেন কমিয়ে দেন। এই বলে মাননীয় শিক্ষামন্ত্রী যে বিল উত্থাপন করেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

**ডাঃ নিরঞ্জন ভদ্রঃ** মিঃ স্পীকার, স্যার, মাননীয় শিক্ষামন্ত্রী দি ওয়েস্ট বেঙ্গল (রুরাল) প্রাইমারী এডুকেশন (টেম্পোরারী) প্রভিশন বিল, ১৯৬৯ যা এই হাউসের সামনে এনেছেন তার সমর্থনে বলতে গিয়ে ২।১টি কথা হাউসের সামনে রাখছি। বাংলাদেশের সমস্ত স্কুল বোর্ড-গুলি যে দুর্নীতির ঘাঁটি ছিল একথা এই হাউসএর বহু সদস্য তা স্বীকার করেছেন। আমাদের সংবিধানে স্বীকৃতি ছিল অবৈতনিক বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ব্যবস্থা করতে হবে। কিন্তু এতদিন কংগ্রেসী সরকার থাকা সত্ত্বেও তাঁরা সেটা রূপায়িত করতে পারেন নি। আমাদের যুক্ত-ফ্রন্ট সরকার নির্বাচনের প্রাক্কালে যে ৩২ দফা কর্মসূচী নিয়েছিলেন তার মধ্যে আমরা অবৈতনিক সার্বজনীন শিক্ষা ব্যবস্থা রূপায়িত করব একথা প্রতিশ্রুতি দিয়েছিলাম। এখন সেটা রূপায়নের চেষ্টা হচ্ছে এবং তার প্রাথমিক পদক্ষেপ হিসাবে শিক্ষামন্ত্রী মহাশয় এই বিল আনার চেষ্টা

করেছেন। সেজন্য বাংলাদেশের মানুষের কাছে তিনি অভিনন্দন যোগ্য। ১৯৩০ সাল থেকে যে প্রাথমিক শিক্ষা বিল চালু ছিল তার পরিবর্তনের প্রয়োজন ছিল এবং এটা আমরা সকলেই স্বীকার করেছি। কংগ্রেস সরকার ১৯৩০ সালের সেই আইন পরিবর্তন করেন নি। এ ক্ষেত্রে নূতনভাবে চিন্তা করে তিনি প্রাথমিক শিক্ষা আইন পরিবর্তন করতে চলেছেন। সেজন্য তিনি অভিনন্দনযোগ্য। দুর্নীতির নাম ও অভিযোগ এলে কংগ্রেস বন্ধুরা খুব বিচলিত হয়ে পড়েছেন এবং তাঁরা বলতে চাচ্ছেন না যে জেলা স্কুল বোর্ডগুলি দুর্নীতির ঘাঁটি ছিল। আমি বাঁকুড়া জেলা স্কুল বোর্ড সম্বন্ধে কয়েকটা কথা রাখতে চাই।

[11-40—11-50 a.m.]

এখানে আমরা দেখেছি বহু অবৈধভাবে ট্রান্সফার অর্ডার দেওয়া হয়েছে। নির্বাচনের আগে লক্ষ্য করেছি বহু শিক্ষক যাঁরা কংগ্রেস করেন নি তাঁদের অনেককে দূরে ট্রান্সফার করা হয়েছে। সাত্তার সাহেব প্যানেল সিসটেমের কথা বললেন। যখন একটা নির্দিষ্ট নিয়ম অনুসারে প্যানেল সৃষ্টি করে শিক্ষকদের অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয় সেখানে দোষ কোথায়? কিন্তু আমরা দেখেছি প্যানেল বহির্ভূতভাবে বহু শিক্ষককে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে রাজনৈতিক কারণে এবং তার পেছনে দেখেছি টাকা নেবার প্রশ্নও ছিল এবং টাকা নিয়ে যে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে তার উদাহরণ বাঁকুড়া জেলায় আছে। নির্বাচনের প্রাক্কালে বহু নূতন নূতন স্কুল খোলা হয়েছে এবং সেই স্কুলগুলি খোলা হয়েছে কোন কোন কংগ্রেস সদস্যের বৈঠকখানায়, বাগান বাড়ীতে এবং সেখানে বি এ অনার্স শিক্ষককে পর্যন্ত অ্যাপয়েন্টমেন্ট দেবার লোভ দেখিয়ে নির্বাচনের কাজে লাগান হয়েছে এবং অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে। বাঁকুড়া জেলা স্কুল বোর্ডের প্রেসিডেন্ট দেবাদিদেব সিংহ রায়কে দেখেছি নির্বাচনের আগে স্কুল বোর্ডের গাড়ী নিয়ে নির্বাচনী প্রচার করেছেন। এ ছাড়া দ্রুত পঠন-পাঠনের নাম করে বহু বন্ধু-বান্ধবের লেখা বই ঢুকিয়ে দেওয়াও হয়েছে এবং সেই বইয়ের দাম দেওয়া হয়েছে কন্টিনজেন্সী ফান্ড থেকে। কাজেই দুর্নীতির অভিযোগ অন্যান্য জেলায় যেমন দেখেছি আমাদের বাঁকুড়া জেলায়ও দেখেছি। এই দুর্নীতি ভাঙ্গা দরকার, এটা সর্বজনস্বীকৃত। আমি শিক্ষামন্ত্রীর কাছে একটা অনুরোধ জানাব প্রাথমিক শিক্ষা উপদেষ্টা কমিটি যেটা তৈরী হচ্ছে সেটা গঠনের সময় যথাযথভাবে চিন্তা করে সমস্ত দলের মেম্বারদের নিয়ে যাতে করা হয় সেটার প্রতি তিনি যেন লক্ষ্য রাখেন। আমি এই বিল সর্বান্তঃকরণে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রীবিমলকান্তি বসু:** মাননীয় স্পীকার মহাশয়, আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় প্রাথমিক শিক্ষা সম্পর্কে যে বিল উত্থাপন করেছেন তাকে আমি পুরাপুরি সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে সংক্ষেপে কিছু বক্তব্য রাখছি। কিছুক্ষণ আগে আমার বন্ধু অমল রায় সাত্তার সাহেবের কীর্তিকলাপ এখানে রেখেছেন। তিনি তাতে রুষ্ট হয়েছেন অর্থাৎ অমলবাবু এতগুলো কথা বলে এই যে হাটে হাঁড়ি ভাঙ্গলেন এটা অত্যন্ত অন্যায় হয়েছে এবং তাঁর কথা হচ্ছে এরকম যদি জেনেও থাকেন তাহলে এরকম কথা আর ভবিষ্যতে বলবেন না। সাত্তার সাহেব রুষ্ট হয়ে, ক্ষুব্ধ হয়ে বলেছেন—(বিমলবাবু) এক বছর আগে অমুক জায়গায় স্কুল করা হয়েছে কিন্তু তাকে আজও অনুমোদন দেওয়া হয় নি, অমুক গ্রামে দু' বছর হোল স্কুল হয়েছে কিন্তু তাকে আজও অনুমোদন দেওয়া হয় নি। সঙ্গে আমি আরও কয়েকটি উদাহরণ জুড়ে দিতে চাই, দীর্ঘকাল যাবত যেগুলোর অনুমোদন বন্ধ হয়ে রয়েছে। বাগদা থানার সন্তোষপুর রিফিউজি কলোনি যেখানে প্রাথমিক বিদ্যালয়ের জন্য গভর্নমেন্ট প্লট অ্যালটমেন্ট হয়েছে এবং যেখানে ১২ বছর হোল স্কুল হয়েছে, আজও তাকে অনুমোদন দেওয়া হয় নি। ফকির বাগান অঞ্চলে ৮ বছর হোল সেই প্রাথমিক বিদ্যালয়টি পড়ে আছে, অনুমোদন পায় নি। এরকমভাবে যদি লিস্ট দিতে হয় তাহলে সারা জেলা জুড়ে বহু লিস্ট দিতে হবে। নিজেদের ত্রুটি বলে সাত্তার সাহেব এগুলি হাউসে উল্লেখ করেন নি। ১।২ বছরের মধ্যে কেন অনুমোদন দেওয়া হয় নি, প্রশাসন ব্যবস্থা একটা চরম অবস্থায় এসেছে এবং তার জন্য যুক্তফ্রন্ট সরকার বা শিক্ষামন্ত্রী দায়ী একথা বলা হয়েছে। স্যার, এগুলি শুনলে আশ্চর্য হতে হয়।

শিক্ষা সম্পর্কে দীর্ঘদিন ধরে একটা সমস্যা চলে আসছে। শিক্ষা-রাজ্যে কংগ্রেস আমলে দীর্ঘদিন ধরে একটা অরাজকতা চলেছে। বাংলাদেশের সাধারণ মানুষ আশা করেছিলেন যে (তাঁরা যে বড় বড় কথা বলেছেন তাতে) কংগ্রেস আমলে শিক্ষা সম্পর্কে একটা সুষ্ঠু এবং সংহত ব্যবস্থা পাবে। কিন্তু বাস্তব অবস্থা কি? চরম অরাজকতা, চরম বিশৃঙ্খলা, একটা নৈরাজ্য অবস্থা তাঁরা বাংলাদেশের শিক্ষা ব্যবস্থায় নিয়ে এসেছেন। অনেক কথা বলা হয়েছে শিক্ষা সম্পর্কে কিন্তু কোন রকম নজর দেওয়া হয়েছে বলে বাস্তব অবস্থায় দেখতে পাচ্ছি না। প্রাথমিক শিক্ষা সম্পর্কে অনেক গালভরা প্রতিশ্রুতি তাঁরা দিয়েছিলেন কিন্তু আজকে বাস্তব অবস্থা কি? আজ পর্যন্ত শিক্ষা খাতে ব্যয়ের পরিমাণই বা কত? দেখতে পাচ্ছি এখন পর্যন্ত কেন্দ্রীয় বাজেটের শতকরা ২;৯ ভাগ শিক্ষা খাতে ব্যয়িত হচ্ছে। শিক্ষা বিষয়ে কংগ্রেসীরা অনেক পরিকল্পনা করেছেন, অনেক কমিশন বসিয়েছেন, বোম্বের তদানীন্তন মুখ্যমন্ত্রীর নেতৃত্বে প্রথম যে কমিশন বসান হয় তাতে তাঁরা পরিষ্কার বলেছিলেন যে কেন্দ্রীয় বাজেটের ১০ ভাগ আর রাজ্য বাজেটের ২০ ভাগ শিক্ষা খাতে ব্যয়িত হওয়া উচিত। কিন্তু কমিশনের এই সুপারিশকে কোন মর্যাদা দেওয়া হয় নি। তার ফলে আজ কি অবস্থা? সারা ভারতের কথা বাদ দিলাম, পশ্চিম-বঙ্গ, যেখানে ইংরেজ আমলেও শিক্ষাক্ষেত্রে শীর্ষস্থানে ছিল, আজকে কংগ্রেসী পরিকল্পনা সেখানে ষষ্ঠ স্থানে এনে দাঁড় করিয়েছে। এই তো অবস্থা। সুখের বিষয় বাংলাদেশের চেতনা-সম্পন্ন মানুষ, রাজনীতি সচেতন মানুষ বাংলাদেশকে এই অবস্থা থেকে মুক্তি দিতে পেরেছে। এটাই বড় কথা। ইতিপূর্বে অর্ডিন্যান্স বলে এবং আজকে সেটাই আইনে পরিণত করে প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে কলুষতা থেকে মুক্ত করেছেন। মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় এইজন্য বহুদূর থেকে অর্ডিন্যান্স চালু করার জন্য অভিনন্দন জানিয়েছিলাম, আজকে আবার আইনসভায় এই অর্ডিন্যান্স আইনে পরিণত করার জন্য অভিনন্দন জানাই শিক্ষামন্ত্রীকে। একথা ঠিক যে যুক্তফ্রন্টের যে কর্মসূচী আছে, তাতে এটা স্বীকার করে নেওয়া হয়েছে যে সমস্ত ব্যবস্থাকে দুর্নীতি মুক্ত করতে হবে। তার জন্য সামগ্রিক আইন তৈরী করতে হবে, তবে সেটা সময় সাপেক্ষ। স্পীকার, স্যার, আজ অর্ডিন্যান্সকে আইনে রূপায়িত করে শিক্ষামন্ত্রী যে ঘুঘুর বাসা ভেঙ্গে দিচ্ছেন এবং জেলা বোর্ডে বিভিন্ন সদস্যরা যে দুর্নীতির কথা বলেছেন, সেটা বন্ধ করার জন্য আইন প্রণয়ন করছেন সেজন্য অভিনন্দন জানাই শিক্ষামন্ত্রীকে।

**শ্রীঅমলেশচন্দ্র মজুমদার:** স্পীকার মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে বিল উপস্থিত করেছেন, তা আমি সম্পূর্ণ সমর্থন করছি। ও পক্ষ থেকে গণতন্ত্রের পালাগান চলছিল অনেক-ক্ষণ ধরে। তাদের এটা মনে রাখা দরকার যে ইংরেজ আমলে লীগ আমলে ১৯৩০ সালে যে প্রাইমারী আইন হয়েছিল ও পক্ষের ও'রা সরকারে অধিষ্ঠিত হয়েও তা থেকে গতবার পর্যন্ত এই আইনের দু'টি নির্দেশনামা ছাড়া মূলতঃ কোন সংস্কার করেন নি। এটা ভাল করেই জানেন। অর্থাৎ কতকগুলি সুবিধা সেখানে ছিল, প্রাথমিক শিক্ষাকে কুক্ষিগত করে নিজেদের রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধ করবার জন্য যথেষ্ট সুবিধা ছিল বলেই কোন পরিবর্তন করেন নি। যেখানে পূর্ব পাকিস্তান ১৯৪৭ সালের পরে এই আইন নূতনভাবে সংশোধন করে নূতন আইন এনে নূতন ধরনের শিক্ষা সংস্কার করেছে, ও'রা ওদিকে যান নি। যাবেন কেন? কারণ কতক-গুলি দিক থেকে যেমন শিক্ষক নিয়োগের ক্ষেত্রে যে দুর্নীতি চলেছে বহুদিন ধরে, তাতে নূতন করে বলবার কিছু নাই। তবে একটা জিনিষ আমি আপনার মাধ্যমে উপস্থিত করছি।

[11-50—12 noon]

বহুদিন যাবত অনেক ছেলেরা এই প্রাথমিক বিদ্যালয়ে চাকরীর জন্য দরখাস্ত করেছিলেন। তাঁরা ডিস্ট্রিক্ট ইন্সপেক্টরের ঘরের সামনে দেখেছিলেন লেখা আছে যে ট্রেনিংপ্রাপ্ত ব্যক্তি ছাড়া অন্য কাউকে প্রাইমারী শিক্ষক নিয়োগ করা হবে না। এটা ডি পি আই-এর সার্কুলার। সেই অনুসারে বিভিন্ন জেলায় কেন্দ্রে ও বিভিন্ন প্রদেশে শিক্ষণপ্রাপ্ত শিক্ষক নিয়োগ করা হবে। তাই তখন তারা অন্য পথ ধরলেন। আমাদের হুগলী জেলায় দেখা গেল—হঠাৎ নতুন নতুন বহু প্রাথমিক বিদ্যালয় ব্যাঙের ছাতার মত যত্রতত্র গজিয়ে উঠলো। সেখানে অনেক লোক শিক্ষক হিসাবে নিযুক্ত হলেন পেছন দরজা দিয়ে—যে তাঁরা ভলানটারি সার্ভিস করছেন। আমাদের

হরিপাল থানায় দেখলাম গত পুজো থেকে ৪৬টি বিদ্যালয় তাঁরা স্থাপিত করেছিলেন এবং সেখানে ঐ রকম ৯২ জন শিক্ষক নিয়োগ করেছিলেন নির্বাচনের জন্য। যদিও ডি পি আই থেকে সার্কুলার দেওয়া ছিল—শিক্ষণ প্রাপ্ত শিক্ষক ছাড়া অন্য কাউকে প্রাথমিক শিক্ষক নিয়োগ করা চলবে না। ওরা পেছন দরজায় তাদের ঢোকবার ব্যবস্থা করেছিলেন ভোটের জন্য।

দ্বিতীয়তঃ, বদলীর ব্যাপারে শিক্ষকদের সেদিন মাননীয় সদস্য তারাপদ দে বললেন রাজনৈতিক কারণে কোন কোন শিক্ষককে ২০, ২৫, ৩০ মাইল দূরে দূরে বদলী করা হয়েছিল। আমাদের হরিপাল থানায়ও ঠিক ইলেকশনের মুখে কোন কোন প্রাইমারী শিক্ষককে ৮ মাইল, দশ মাইল দূরে দূরে বদলী করা হয়েছিল।

এ ছাড়া বিদ্যালয়ের অনুমোদনের ব্যাপার আছে। আমাদের ওখানে সোদপুর বলে একটি গ্রাম আছে। সেখানে সাঁওতাল, আদিবাসীরা একটি স্কুল করেছিলেন। সেখানেও তাঁরা শিক্ষক দিয়ে সেই ধরনের ভলানটারী সারভিস দিচ্ছিলেন রাতারাতি—একজন কংগ্রেস সদস্য তার পাশাপাশি আর একটি স্কুল স্থাপন করলেন—নতুন জমি কিনে রেজিস্ট্রী করিয়ে নিলেন। সঙ্গে সঙ্গে সেই স্কুলের ইন্সপেক্টরের ব্যবস্থা হয়ে গেল। ঐ সাঁওতালদের স্কুল থেকে ছেলে ভাগিয়ে আনা হলো। মোট ৪০ জন ছেলে দেখিয়ে সেই স্কুলের রিকগনিশনএর ব্যবস্থা করিয়ে নিলেন। অথচ সেই সাঁওতাল আদিবাসীদের স্কুলের কোন ব্যবস্থা হল না। তাদের বঞ্চিত করে নিজেদের পেটোয়া লোক লাগিয়ে সেই স্কুল চালাবার চেষ্টা করলেন। এই ধরনের ব্যবস্থা এতদিন তাঁরা চালিয়ে এসেছেন। আমাদের সরকার যে সেই দুর্নীতি মুক্ত করে স্কুল বোর্ড চালাবার ব্যবস্থা করছেন স্কুল বোর্ড বাতিল করে দিয়েছেন তার জন্য শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ এবং তিনি যে বিল এনেছেন তাকে সর্বতোভাবে সমর্থন করছি। এটা খুবই সময়োপযোগী হয়েছে। এবং আরো বড় কথা ১৯৩০ সালের আইনের পরে এই ধরনের নূতন বিলের সংযোজন ব্যাপারে তিনি একটি পূর্ণাঙ্গ আইন আনার প্রতিশ্রুতি দিলেন এজন্য তাঁকে অভিনন্দন জানাই। এই বলে এই বিলকে আমি সমর্থন করছি।

**Shri Banamali Das:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ওয়েস্ট বেঙ্গল (রুরাল) প্রাইমারী এডুকেশন (টেম্পোরারী প্রভিশন) বিল আনা হয়েছে, একে আমি পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি। আজকে আমাদের বিরোধী ক্যাম্পের বা বিরোধী দলের লোকেরা অর্থাৎ কংগ্রেসী সদস্যরা বড় হৈ চৈ করছেন। তাঁরা বলছেন এই প্রাইমারী এডুকেশন বিল এনে জেলা স্কুল বোর্ডগুলিকে বাতিল করে দিয়ে গণতন্ত্রকে বিপন্ন করা হয়েছে। একে দিয়ে গণতন্ত্রকে রক্ষা করা যাবে না। আমি তাদের জিজ্ঞাসা করতে চাই—তাঁরা যেভাবে গণতন্ত্রের কথা বলেন, স্কুল বোর্ড তাঁরা যেভাবে তৈরী করেছিলেন যে কমিটি দিয়ে, তা কি গণতন্ত্র সম্মত কমিটি ছিল? যেখানে বেশীর ভাগ সদস্য ছিলেন নমিনেটেড। আর যাঁরা ইলেকটেড হয়েছিলেন, তাঁরা কিভাবে ইলেকটেড হয়েছিলেন? ঐ সব কায়েমী স্বার্থের লোক পঞ্চায়েত ও ইউনিয়ন বোর্ডের লোক দিয়ে তাঁরা নির্বাচিত করেছিলেন কয়েকজন মেম্বার। সেই সমস্ত ইলেকটেড এবং নমিনেটেড মেম্বার নিয়ে স্কুল বোর্ড গঠিত হয়েছিল। ও'রা গণতন্ত্র বলতে যা বোঝেন সেই ধরনের গণতন্ত্র আর থাকবে না। শিক্ষামন্ত্রী চান ঐ ধরনের গণতন্ত্র ধ্বংস করবার প্রয়োজন আছে।

স্কুল বোর্ডের দুর্নীতির কথা বুঝিয়ে বলবার দরকার নেই কারণ বাংলাদেশের সমস্ত মানুষই জানেন যে স্কুল বোর্ডে কি ধরনের দুর্নীতি চলে। অ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন যে যেসব ক্ষেত্রে শিক্ষক নিয়োগ করা হয় সে সব ক্ষেত্রে মোটা টাকা ঘুষ না দিলে শিক্ষক নিয়োগ করা হয় না, এসব ঘটনা চলে। তারপর স্কুল বোর্ডের যে সমস্ত দুর্নীতি যেমন—স্কুল বোর্ড, কোন স্কুল স্থাপনের ক্ষেত্রে দেখা যায় পক্ষপাতদুষ্ট দুর্নীতিপরায়ণ লোকেরা সেখানে স্কুলগুলি স্থাপন করার চেষ্টা করেন। দীর্ঘদিন ধরে যারা স্কুল স্থাপনের জন্য চেষ্টা করেন সেখানে তাদের সে চেষ্টা ব্যাহত করা হয় এবং নিজেদের স্বার্থ রক্ষার জন্য স্কুলগুলি স্থাপন করেন। এগুলি তারা দীর্ঘদিন ধরে চালিয়ে আসছেন এবং তার মধ্যে যে দুর্নীতি সেগুলি চাপা দেবার জন্য তারা আজকে হৈ চৈ করছেন এবং বলছেন যে স্কুল

বোর্ড বাতিল করা ঠিক হয় নি। মাননীয় সভাপাল মহাশয়, আমি মনে করি সঙ্গত কারণে বর্তমান অবস্থায় এই স্কুল বোর্ডগুলি বাতিল করা ছাড়া আর কোন উপায় নেই এবং আমি মনে করি আগামী দিনে যে বিল আসবে সে বিল যে পূর্ণাঙ্গ হবে এবং তার দ্বারা বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা—প্রাইমারী শিক্ষা ব্যবস্থা ঢেলে সাজানো হবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅনাদি দাস:** মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে শিক্ষা বিল এনেছেন আমি সেই বিলের সমর্থনে দাঁড়িয়ে ২।৪টি কথা বলতে চাই। স্যার, বিরোধী পক্ষ আমাদের বক্তৃতা শুনলেই ধুয়া তোলেন যে আমরা রাজনীতির কথা বলছি, শিক্ষার কথা বলছি না। অর্থাৎ এ'দের দুর্নীতির কথা তুললেই রাজনীতি হয়ে যায় আর সেগুলো চেপে গেলেই শিক্ষা ব্যবস্থা সম্পর্কে বলা হয়। স্যার, আমি কয়েকটি দুর্নীতির কথা বলতে চাই। ৫ নং জেড রোড হাওড়াতে একটাও স্কুল ছিল না। সেখানে রাতারাতি স্কুল তৈরি হয়ে গেল কেন না নির্বাচনে কিছু লোককে লাগাতে হবে। কিছু যুবককে বলা হল যে তোমরা যদি নির্বাচনে কাজ কর তাহলে স্কুল বোর্ড থেকে তোমাদের মাহিনা দেবার ব্যবস্থা করা হবে, শিক্ষা খাত থেকে টাকা নিয়ে তোমাদের ব্যবস্থা করা যবে। স্যার, যেখানে স্কুল ছিল না সেখানে কয়েকটা বেঞ্চ ধার করে এনে কতকগুলো ছেলেকে বসিয়ে ইন্সপেক্টর নিয়ে গিয়ে ইন্সপেকশন রিপোর্ট হল যে এখানে স্কুল আছে। আমি এর আগে ১৯৬৭ সালে শিক্ষামন্ত্রীর কাছে এ অভিযোগ করে-ছিলাম কিন্তু প্রতিকার হওয়ার আগেই যুক্তফ্রন্ট সরকার ভেঙ্গে দেওয়া হোল। তারপর ব্যাপারটা চাপা পড়ে গেল।

কংগ্রেসী আমলের আর একটি দুর্নীতির কথা বলতে চাই, যারা ভলানটারি সার্ভিস দিয়ে স্কুল তৈরী করবে, তাদের স্কুল তৈরী হলে শিক্ষক নিয়োগ করা হবে এরূপ একটা নিয়ম ও'রাই করেছিলেন কিন্তু সেটা নিজেদের বেলায়। আমি স্যার, একটা ঘটনার কথা আপনার মাধ্যমে এই সভায় রাখতে চাই। বালটিকুরি নস্করপাড়া একটা সিডিউল্ড কাস্ট এলাকা, সেখানে একটি ছেলে এবং একটি মেয়ে বিনা বেতনে দিনরাত খেটে ছেলেমেয়ে জোগাড় করে একটি প্রাইমারী স্কুল তৈরি করেছিলেন, নিজেদের ভলানটারী সার্ভিসে। ৬ বছর ধরে সেই স্কুলটিকে রেকগনাইজ করবার জন্য বহু আবেদন নিবেদন করা সত্ত্বেও সেটা হয় নি। তারপর ১৯৬৭ সালে নির্বাচনের সময় তারা করলেন কি না, বললেন, কংগ্রেসের পক্ষে নির্বাচনের কাজ করার জন্য যে সমস্ত যুবকদের তারা রিক্রুট করেছিলেন তাদের যদি সেই স্কুলে লাগানো হয় তাহলে সেই স্কুলটি রেকগনাইজ করা যাবে। কিন্তু স্থানীয় অধিবাসিবৃন্দ এই অন্যায় মেনে নেন নি, তাদের লাগাতে দেওয়া হয় নি তাদের স্কুল তৈরি হলে শিক্ষক নিয়োগ করা হবে এরূপ একটা নিয়ম ওরাই করেছিলেন, কিন্তু ফলে স্কুলটিকে রিকগনাইজ করা হোল না। এমন কি সেখানকার ছেলেরা প্রাইমারী একজামিনেশন দেবার সুযোগ পর্যন্ত পাই নি। গত ২ বছর ধরে অনেক লড়ালড়ি করার পরে শিক্ষা দেবার সুযোগ হয়েছে বটে কিন্তু গভর্নমেন্ট থেকে সেখানে শিক্ষক নিয়োগ করা হয় নি। স্যার, এই সমস্ত দুর্নীতি ও'রা করে চলেছিলেন আর সেগুলি বললেই বলেন যে রাজনীতি করা হচ্ছে। কাজেই আজকে যে শিক্ষা বিল আনা হয়েছে আমি মনে করি সেটা ঠিক সময়েই আনা হয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে তিনি পূর্ণাঙ্গ শিক্ষা বিল আমাদের হাউসের সামনে আনবেন, আমি আশা করবো যে তিনি সেই বিল আনবেন এবং আমাদের আলোচনার সুযোগ দিয়ে দেশের শিক্ষা ব্যবস্থাকে আমাদের যুক্তফ্রন্ট সরকারের তরফ থেকে এগিয়ে নিয়ে যাবার সুযোগ দেবেন।

[12—12-10 p.m.]

**Mr. Speaker:** I now call upon Mr. Khuda Buksh to speak.

**Shri A. H. Besterwitch:** Sir, I rise on a point of order. It was decided that the Bill would be discussed for two hours only that is up to 12. Now it is already past 12. How it is that you are asking the member to speak?

**Mr. Speaker:** I have got the power to extend the time.

**Shri Muhammed Khuda Buksh:** Mr. Speaker, Sir, before an old structure is pulled down we shall expect it from the Government at least that they will produce a blue print of something that would be put up in this place. The Government's failure to do that generates suspicion all around the House. There is little doubt, Sir, that there are political motivations behind this legislative piece. Sir, the Murshidabad District School Board was superseded and it was placed under the District Magistrate who had deputed under his own authority his Additional District Magistrate to look after the affairs of the District School Board. Now, Sir, this Bill provides for that the D.I. who is the Secretary of the Board will be placed in the administrative charge. Sir, this is scaling down the importance and status of the Board. Sir, the District Magistrate functions under his own act—the District Magistrates' Act. They have fewer fetters, they have more independence and more freedom of action. They are, therefore, expected to be more impartial to what is most important in this connection since it has generated and roused such a lot of suspicion here in this House. They will inspire some confidence in the minds of the public and they are for the same identical reasons expected to be less plastic. If our Hon'ble Minister wants that the man placed in charge of the Institution should be plastic and can be moulded after the Government's own wishes and desires, a District Magistrate will be less amenable to that kind of pressure and that kind of political influences. And the District Magistrate is also better assisted. He has two Additional District Magistrates, Sadar S.D.O. to look after his other works. Sir, the burden on the poor D.I. who has his normal works as also the work of running the administration of the District School Boards would be too heavy. I do not know whether the D.I. has a strong pair of shoulders to carry the burden. Now, Sir, please refer to Section 5. What does it do? It is taking unlimited, indefinite power for an unlimited period to issue executive fiats to give effect to what the Government subjectively think to be the purposes of this Act. Sir, I stress the word 'subjectively'. This House must be warned not to part with that power which rightly belongs to this House.

Thank you Sir.

**ডঃ জয়নাল আবেদিন:** মিঃ স্পীকার, স্যার, মাননীয় শিক্ষামন্ত্রী সব জেলা বোর্ডগুলি একসঙ্গে সুপারসিড করার জন্য একটা বিল এনেছেন। তিনি যাতে আমাদের স্কুল বোর্ডগুলি একসঙ্গে সুপারসিড করতে পারেন তার জন্য ক্ষমতা চেয়েছেন। আমাদের পক্ষ থেকে বলা হয়েছে মূল আইনের ২২ ধারায় এই ক্ষমতা ছিল। তা সত্ত্বেও তিনি কেন চাইছেন? চাইছেন এই জন্য যে তাদের মনোমত অফিসারকে যেন এই সরকারের ক্ষমতা দেওয়া হয়। আপনি স্টেট-মেন্ট অফ অবজেকট্‌স দেখুন। সেখানে ছিল ডি আই-এর হাতে থাকবে। উনি বলছেন নট বিলো দি র‍্যাঙ্ক অফ এ ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর অফ স্কুলস। কারণ, ডি আই যদি ও'দের খপ্পরে না পড়তে পারে, ও'দের রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ না করতে পারে তাহলে ডি আই ছাড়া অন্য কাউকে ক্ষমতা দিতে পারেন, মনোমতকে তাই ক্ষমতা দিতে চাইছেন। আজকে শিক্ষামন্ত্রী জেলা স্কুল বোর্ডের দুর্নীতির কথা তুলেছেন। আপনাদের হাতে ব্যাপক ক্ষমতা আছে, তাই আপনারা আসার পরে আই পি সি উঠে গেল।

জি আর পি সি কি উঠে গেছে, স্কুল বোর্ডগুলোর বিরুদ্ধে আপনারা ভেগ অভিযোগ করে ফেলেছেন, আমাদের যদি কোন দুর্নীতি থাকে আপনি স্পেসিফিক আইনের প্রভিশনে স্পেসি-ফিক ধারার প্যানেল মেজার্সে যান। আপনার স্মরণ থাকতে পারে যে ১৯৬৭ সালে এই দাবি করেছিলেন যুক্তফ্রন্টের কাছে যে কংগ্রেসের কর্মকর্তাদের বিরুদ্ধে যদি আপনাদের কোন স্পেসিফিক অভিযোগ থাকে তাহলে ল অফ এনকোয়ারি কমিশনের নিয়ম অনুসারে এনকোয়ারি কমিশন বসান এবং বলে দিন যে এই অপরাধ করেছে, কিন্তু আজকে তা না করে বলছেন জল ঘোলা করে যে অপরাধ আছে, এটা নিজেদের রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করা ছাড়া অন্য কিছু নয়। মাননীয় স্পীকার মহাশয় আপনি জানেন যে ১৯৩০ সলের প্রথায় যদি ডায়ার্কি থাকে,

এখানে কোন রকম ট্রান্সফার, কোন রকম অ্যাপয়েন্টমেন্ট হতে পারে না, আনলেস ইট ইজ রেকমেন্ডেড বাই দি ডি আই। এবং ডি আই স্বভাবতঃ সাব ইন্সপেক্টর এদের রেকমেন্ডেশনের উপর চলে, বোর্ডের কোন ক্ষমতা নেই টু সুপারসিড দি অর্ডার অফ ডি আই। ডি আই যদি হ্যাঁ বলেন তাহলে বোর্ড বলতে পারে হ্যাঁ, কিন্তু বোর্ড ডি আই না বললে হ্যাঁ বলতে পারে না, শিক্ষামন্ত্রী এটা নিশ্চয়ই জানেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় স্কুল বোর্ডে যে করাপশনের কথা বলা হচ্ছে, স্কুল বোর্ডের আওতায় যে স্কুলগুলো ছিল তার ভেতর বহুবিধ করাপশন ছিল। একটা স্কুল বোর্ডে আমার থাকার সৌভাগ্য হয়েছিল এবং তাতে দেখেছি যে কোন স্কুলে ১৩ মাস মাস্টার যায় নি। একজন মহিলা তিনি পান ১৪৭ টাকা। তিনি নিয়োগ করেছেন ৩০ টাকা মাইনে দিয়ে, তার বিরুদ্ধে স্কুল বোর্ডগুলো যদি শাস্তিমূলক ব্যবস্থা নিতে চায় আমি ওয়েস্ট দিনাজপুরের একটা স্কুল বোর্ডের কথা বলছি। মাননীয় অধ্যক্ষ মহাশয় তাকে ঘেরাও করা হয়েছে এবং এর বিরুদ্ধে প্রতিকার পেয়েছিলাম। আমি আর একটা দৃষ্টান্ত আপনার সামনে তুলে ধরতে চাই। হাঁসুয়া জুনিয়ার বেসিক স্কুল ওয়েস্ট দিনাজপুর, সেখানে প্রধান শিক্ষক মহাশয়, তিনি একটা নাবালিকা ছাত্রীর সঙ্গে অশ্লীল ব্যবহার করেন এবং স্কুলের এ আই যিনি ছিলেন কে সি রায় তিনি রিপোর্ট দিয়েছিলেন, সেটা পড়ে শোনাচ্ছি......

The fact of the case is that Sujata Acharyya of class VI, a minor daughter of Shri Sisir Acharyya and Sm. Namita Acharyya was handled by the Head Teacher after school hours on 2nd May 1967 in such a shameful and immoral way which is possible only for the men with sex perversion.

আপনি এই আইনের ফল দেখবেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে এই স্কুলকে সুপারসিড করে একে রেকমেন্ড করা হয়েছে যে সে যেন স্কুলে চাকরী পায় এবং ওখানেই যেন থাকে। এই চরিতার্থ করবার জন্য বলা হচ্ছে যে ব্যাপক ক্ষমতা চেয়ে স্কুলে বোর্ডগুলোকে একদিনে রাতারাতি তুলে দেওয়া হয়েছে। আমি আপনার মাধ্যমে আর একটা কথা বলতে চাই যে রাজনৈতিক উদ্দেশ্য যারা চরিতার্থ করতে পারে এবং যে অফিসার তাঁবেদারী করে এই কাজ করবে তার উপর যে বৈধ আইনের কোন প্রয়োগ না হয় সেই জন্য এদের ইনডেমনিটি দেওয়া হয়েছে। আমি সেই জন্য এই বিলের বিরোধিতা করছি। আমি শুধু শিক্ষামন্ত্রীকে একটা কথা বলতে চাই, আপনি তো এক সময় ইলেভেন ক্লাস স্কুলে—আমার মনে আছে, আমাদের ওখানে এ বি টি এ-র সভাপতি হিসাবে গিয়েছিলেন, আমিও সেখানে ছিলাম, আমাদের স্কুলে সেখানে অধিবেশন হয়েছিল এবং আপনি বলেছিলেন যে ক্লাস ইলেভেনে স্কুল হবে না, আজকে আপনার মুখ দিয়ে ১২ ক্লাসের নমিনেশন—ঠিক একই ব্যাপারে আপনি স্কুল বোর্ডগুলোর উপর যে বিল এনেছেন, এইগুলোকে ধ্বংস করতে চান করুন, কিন্তু দেখবেন বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা ব্যাহত না হয় এবং আপনার দলের যে শিক্ষক প্রতিষ্ঠান আছে নিখিল বঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতি, তারা যেন অন্যায় সুযোগ না নেয়, স্কুলে না গিয়ে যেন মাইনে না নিতে পারে, সেটার প্রতিকার করবেন এবং যারা ইমমরাল পারপাসে ছাত্রীদের ব্যবহার করে তার প্রতিকার করবেন, এই দাবি আপনার কাছে রাখলাম।

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত মনোযোগ সহকারে শুনেছি। বিশেষ করে কংগ্রেস পক্ষের যেসব বক্তা বক্তৃতা করেছেন তাদের কথাও শুনেছি। ভেবেছিলাম শিক্ষা সম্পর্কে এখন পর্যন্ত অন্ততঃ কিছুটা অভিজ্ঞতা বোধ হয় মধ্যবর্তী নির্বাচনের পর ও'রা নিয়েছেন এবং জনসাধারণের সঙ্গে আবার যুক্ত হবার জন্য একটা শুভ বুদ্ধি নিয়ে আবার চেষ্টা করবেন। কিন্তু দেখলাম এখানে বসে ও'রা শেম শেম করে চিৎকার করছিলেন। এই রকম চিৎকার অনুগ্রহ করে একবার রাস্তায় দাঁড়িয়ে যদি করতেন তাহলে রাজনীতির ক্ষেত্রে যদিও বা প্রাণ বাঁচিয়ে রেখেছেন, সেই সমস্ত বলা এই আইন সম্পর্কে প্রাণ বাঁচিয়েও রাখতে পারতেন না। যাই হোক ও'রা জনসাধারণ থেকে বিচ্ছিন্ন হয়ে গেছেন, রাজনৈতিক কবর ও'দের হয়ে গেছে। নূতন করে প্রাথমিক শিক্ষা গড়বার চেষ্টা করা হচ্ছে দেখেও যখন এই রকম রাজনৈতিক সমালোচনা ও'রা করছেন তাতে বোঝা যাচ্ছে কবর থেকে উঠে আসবার মতন কোন অবস্থা তাঁরা তৈরী করতে পারবেন না। যুক্তফ্রন্টের একটা গৌরবময় ভূমিকার কথা বললে বলতে হচ্ছে এই যে

২০ বছর যে পূতিগন্ধময় জঞ্জাল ও'রা জমা করেছিলেন, সেই জঞ্জাল যুক্তফ্রন্ট সরিয়ে দেবে। যুক্তফ্রন্টকে আজকে সেই জঞ্জাল সরিয়ে দিতে হবে এবং শিক্ষা ক্ষেত্র থেকে এই জঞ্জাল সরিয়ে দেবার জন্য এই বিল আনা হয়েছে। এখানে স্কুল বোর্ডের দুর্নীতির কথা অনেক বলা হয়েছে এবং একথা বলা চলে যে যদি লিখতে যাই সেসব কথা তো একটা মহাভারত লেখা হয়ে যাবে, তবুও স্কুল বোর্ডের দুর্নীতির কথা শেষ করা যাবে না। সাত্তার সাহেব এবং জয়নাল আবেদীন যে কথা বলেছেন সেই চ্যালেঞ্জ আমি অ্যাকসেপ্ট করছি। প্রাথমিক শিক্ষার নামে স্কুল বোর্ডের নামে যাঁরা ব্যক্তিগতভাবে অর্থ আত্মসাৎ করেছেন তাদের নামে মামলা চলবে। ঐ যে মুর্শিদাবাদে ২ লক্ষ টাকা দিয়ে বাড়ী করেছেন, সেখানে বৃষ্টি পড়ছে মাথার উপরে ছাদ দিয়ে। এই যে স্কুল বোর্ডের টাকা নিয়ে আত্মসাৎ করা এর বিরুদ্ধে কোন ফৌজদারী মামলা চলে কি না, এটা আইনজ্ঞের পরামর্শ নিয়ে আমি দেখব। জয়নাল আবেদীনের সেই চ্যালেঞ্জ আমি গ্রহণ করছি। কিন্তু সেদিন কেঁদে উঠবেন। আজকে একজন সদস্য বললেন হরেন মজুমদারের নামে কেন অভিযোগ করছেন, ফৌজদারী মামলা আনছেন। এই বলে কাঁদলেন। সেইদিন হয়ত আপনাদের প্রত্যেককে এইখানে বসে চোখের জল ফেলতে হবে। আমি এটা এনেছিলাম শিক্ষার জন্য। তাঁরা যে গণতন্ত্রের কথা বলে চিৎকার করলেন তাতে বিস্মিত হচ্ছি। ১৯৩০ সালে ইংরাজ সাম্রাজ্যবাদের আইনকে বুকে রেখে তাঁরা যে ভূতের তাণ্ডব নৃত্য চালিয়ে গিয়েছেন, এখন কবরে বসেও দেখছি বলছেন, এটা হচ্ছে গণতন্ত্র। ১৯৩০ সালের গণতান্ত্রিক আইন কেন বাতিল করা হল সেই দুঃখে আজকে চোখের জল ফেলছেন। সেই সাম্রাজ্যবাদের সময় যে স্কুল বোর্ড হয়েছিল, সেইটা কি গণতান্ত্রিক বোর্ড হয়েছিল? ইংরাজ সাম্রাজ্যবাদ কি গণতান্ত্রিক প্রাথমিক শিক্ষা তৈরী করেছিল? আজকে ও'রা সাম্রাজ্যবাদের তৈরী আইনের জন্য চোখের জল ফেলছেন, কালকে দেখব ইংরাজ সাম্রাজ্যবাদ এদেশ ছেড়ে চলে গেল বলে ও'রা চোখের জল ফেলছেন। ও'রা রাজনীতি করতে গিয়ে দল ছাড়া শিক্ষাকে দেখেন না, দেশকে দেখেন না। কাজেই সমস্ত প্রাথমিক শিক্ষার ভিতর দিয়ে ও'রা নিজেদের প্রতিষ্ঠিত করতে চেয়েছিলেন। প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে এবং শিক্ষা বোর্ডকে আপনারা রাজনৈতিক, রাজনৈতিক বলব না কেন না সেটা বড় জিনিষ—মহৎ জিনিষ, দলগত স্বার্থে কিভাবে ব্যবহার করেছেন, সেটা পশ্চিমবাংলার মানুষ জানে।

আমি ভেবেছিলাম, আপনারা শিক্ষার দিক থেকে সমালোচনা করবেন। আমি ভেবেছিলাম, কোথায় কি খুঁটিনাটি করা যায় সেই সমস্ত আলোচনা আসবে কিন্তু তা না এসে, ঐ একই দৃষ্টিভঙ্গী গড়ে তুলেছেন যে, দেশের থেকে দল বড় এবং দলের স্বার্থে দেশকে উচ্ছন্ন দেওয়া যায়, সেই দৃষ্টিভঙ্গী সমালোচনার মধ্যে টেনে এনেছেন এবং মনে করেছেন, আমি যখন ঐ পথের পথিক তখন যুক্তফ্রন্ট সরকারও নিশ্চয়ই সেই পথেই চলেছে, তার দলগত স্বার্থ প্রতিষ্ঠা করবার জন্য হয়ত অগ্রসর হচ্ছে। আপনাদের আশ্বাস দিলেও কিছু হবে না সেটা আমি জানি। কারণ আমার প্রথম বক্তৃতায় আমি বলেছিলাম যে, এটা শুধু শিক্ষার স্বার্থেই করা হয়েছে। কোন দলগত স্বার্থ এর মধ্যে করবার কোন প্রচেষ্টা যুক্তফ্রন্ট সরকারের নেই। সেকথা আমি পরিষ্কারভাবে বলেছিলাম। একথা বলেছেন সাত্তার সাহেব যে, ৬ থেকে ১১ বছর পর্যন্ত শিক্ষা ব্যবস্থা কতটা প্রসার করেছেন? ৬ থেকে ১১ পর্যন্ত তো পৌঁছাতেই পারলেন না। ২০ বছরে এখনো তো আপনাদের প্রাইমারী স্কুলগুলি ওয়ান টু ফোর, একথা আপনাদের বলে দেই যে যুক্তফ্রন্ট সরকার এক বছরের মধ্যেই এই ৬ থেকে ১১ পর্যন্ত সমস্ত—খালি গ্রামাঞ্চলেই নয়, সহরাঞ্চলেও অবৈতনিক প্রাথমিক শিক্ষাকে বিস্তার করে দিতে এবং যাতে ৮ম শ্রেণী পর্যন্ত এই শিক্ষাকে অবৈতনিক করতে পারি সেই পথেই দৃঢ় সংকল্প নিয়ে অগ্রসর হয়েছে। একথা আপনাদের বলে দিতে চাই, ইতিমধ্যেই যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে আমরা সিদ্ধান্ত নিয়েছি যে ক্লাশ ওয়ান এবং টু-এর যে পাঠ্যপুস্তক তা বিনামূল্যে সমস্ত লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ করার জন্য। কাজেই দলগত স্বার্থ নিয়ে যুক্তফ্রন্ট সরকারের শিক্ষানীতি চলছে না। দেশকে সর্বনাশের পথে তারাই নিয়ে গিয়েছিলেন দলগত স্বার্থকে দেশের চেয়ে বড় করে। কাজেই সেদিক থেকে লক্ষ্য করে এই বিল আনা হয়েছে। এবং একথা আপনাদের কাছে আগেই ঘোষণা করেছি যে, সর্বাংগীণ যে বিল সেটা আপনাদের কাছে

এই অধিবেশনেই উপস্থিত করা হবে। শিক্ষামন্ত্রী হিসাবে আমার প্রথম বক্তৃতার মধ্যে সেকথা আমি পরিষ্কারভাবে ঘোষণা করেছি। কিন্তু যারা বিশ্বাস করবো না বলে নিজেদের মনে করেন যে পৃথিবীতে মানুষ বিশ্বাসযোগ্য নেই। কারণ তারা নিজেদের মধ্যেই বিশ্বাসযোগ্য কাউকে দেখেন নি। তাই তারা আমার সেই আশ্বাসকে বিশ্বাস করতে পারে নি। আমি আবার আশ্বাস দিচ্ছি যে, এই অধিবেশনেই আপনাদের সামনেই সেই সামগ্রিক বিলটি উপস্থাপন করা হবে। একথা বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Satya Priya Roy that the West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 and 2

The question that clauses 1 and 2 do stand part of the Bill was then put and agree to.

Clause 3

**Dr. Nalinaksha Sanyal:** I beg to move that the following proviso be added to clause 3:—

"Provided that the total period of supersession does not exceed one year."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সংশোধনী প্রস্তাব অত্যন্ত সংক্ষেপ এবং আমি সময় আরো সংক্ষেপ করবো। কারণ আমার পূর্ববর্তী বক্তারা এ সম্পর্কে যা আলোচনা করেছেন তাতে যুক্তি যা কিছু আমার দেওয়ার ছিল তা হাউসের সামনে দেওয়া হয়ে গেছে। আমি খালি এইটুকু বলবো যে সুপারসেশন করবার ব্যাপক ক্ষমতা যা গভর্নমেন্ট নিতে চেয়েছেন, এটা যেন এক বছরের বেশী না হয়। আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় এখনও বললেন যে এই আইনটার ব্যাপক আইন করবার যে প্রস্তাব করেছেন সেটা এই সেশানে হয়ে যাবে এবং আমার বিশ্বাস এই সেশানে যদি আইনটা আনেন অবশ্য এমন একটা বড় বিল এই সেশানে পাশ হবে না। কেন না, সিলেক্ট কমিটিতে যাবে বলে মনে হয়। যদি ব্যাপক বিল দরকার হয় প্রাইমারী এডুকেশন সম্পর্কে তাহলেও সেটা অন্ততঃ এর পরের সেশনে পাশ করতে হবে, এক বছরের বেশী যাবে না। কাজেই আমার যে প্রস্তাব

Provided that the total period of supersession does not exceed one year.

এটা সরকারের যে মত মন্ত্রিমহাশয় বললেন, তারই আনুকুল্যেই হবে এবং আমার বিশ্বাস তিনি এটা গ্রহণ করবেন।

[12-20—12-30 p.m.]

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** স্যার, সাধারণভাবে ওটা নিজের চিন্তাধারাকে গোপন করে এটা করছেন। আইনে এইভাবেই থাকে এক বছর কিন্তু আমি তো বলেছি আমি এই অধিবেশনেই আনব এবং এক বছরের কম সময়ের মধ্যে ওটাকে যদি সাংগঠনিক রূপ দিতে পারি তাহলে ভাল কিন্তু আইনের মধ্যে এইভাবেই থাকে। কাজেই আমি এই অ্যামেন্ডমেন্ট অ্যাকসেপ্ট করতে পারছি না।

The motion of Dr. Nalinaksha Sanyal that the following proviso be added to clause 3:—

"Provided that the total period of supersession does not exceed one year" was then put and a division taken with the following result:—

AYES

Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Azizur Rahman, Shri
Barman, Shri Prasenjit

Bhagat, Shri Budhu
Gyan Singh Sohanpal, Shri
Ishaque, Shri A. K. M.
Jha, Shri Arun Chandra
Majhi, Shri Budheswar
Md. Sohorab, Shri
Mondal, Shri Amarendra
Muhammed Khuda Buksh, Shri
Mukherjee, Shri Animesh
Mukherjee, Shri Nirmal Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Nahar, Shri Bijoy Singh
Nandy, Shri Sachindra Mohon
Naskar, Shri Narayan
Ray, Shri Jajneswar
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Jagadananda
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Santi Mohun
Saraogi, Shri Ramkrishna
Sanyal, Dr. Nalinaksha
Sinha, Kumar Jagadish Chandra
Surat Ali Khan, Shri
Thakur, Shri Nityananda
Topno, Shri Antoni
Tudu, Shri Budhan Chandra

NOES

Abdul Haque, Shri
Abdul Quiyom Molla, Shri
Abdus Sayeed, Shri Mir
Abu Asad Mohammed Obaidul Ghani, Dr.
Abdul Hassan, Shri
Bakshi, Shri Monoranjan
Banerjee, Shri Subodh
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Krishnagopal
Basu, Shri Jyoti
Bauri, Shri Haripada
Bazle Ahmad, Shri
Bera, Shri Sasabindu
Besterwitch, Shri A. H.
Bhadra, Dr. Niranjan
Bhandari, Shri Nitai
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Jyotibhusan
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satyapada
Bhowmik, Shri Kanai
Boral, Shri Manaranjan
Bouri, Shri Tinkori
Chakraborty, Shri Jatin
Chatterjee, Shrimati Nirupama
Chattoraj, Dr. Rahdanath
Das, Shri Anadi
Das, Shri Banamali
Das, Shri Paresh

Das Ghose, Shri Biswanath
Das Mahapatra, Shri Balailal
Das Mahapatra, Shri Kamakhya Nandan
Dey, Shri Trapada
Dhara, Shri Sushil Kumar
Duley, Shri Krishna Prasad
Elias Razi, Shri Md.
Ganguly, Shri Ajit Kumar
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Shri Bireswar
Ghosh, Shri Krishnapada
Golam Mahiuddin, Shri
Golam Yazdani, Dr.
Guchhait, Shri Subodh Gopal
Guha, Shri Bikesh Chandra
Guha Neogi, Shri Anil Dhar
Gurung, Shri Nandlall
Haldar, Shri Kuber Chand
Halder, Shri Krishna Chandra
Halder, Shri Renupada
Hansda, Shri Jagatpati
Hazra, Shri Haran Chandra
Hazra, Shri Monoranjan
Hicks, Shri Clifford
Jana, Shri Manindra Nath
Kar, Shri Dhananjoy
Khan, Shri Sukhendu
Kuar, Shri Gangapada
Kundu, Shri Gour Chandra
Laha, Shri Mihir Kumar
Let, Shri Panchanan
Mahata, Shri Amulya Ratan
Mahato, Shri Girish
Maitra, Shri Kashi Kanta
Maji, Shri Panna Lal
Majhi, Shri Gobardhan
Majumdar, Shri Apurba Lal
Makshed Ali, Shri M.
Malik, Shri Basudeb
Mallik, Shri Prabir Kumar
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Kalipada
Mandal, Shri Rabindra Nath
Mohammad Ali, Shri
Mohammed Amin, Shri
Mondal, Shri Kumud Ranjan
Mondal, Shri Sasanka Sekhar
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil Kumar
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Haripada
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shrimati Protiva
Mukhopadhyaya, Shri Ajoy Kumar
Mukhopadhyaya, Shrimati Geeta
Mundle, Shri Salil Behari

Murmu, Shri Nathaniel
Naskar, Shri Gangadhar
Neogy, Shri Brajo Gopal
Ojha, Shri Samarendra Nath
Pahari, Shri Bibhuti
Panda, Shri Bhupal Chandra
Purkait, Shri Prabodh
Raha, Shri Sanat Kumar
Raj, Shri Aswini Kumar
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Manash
Roy, Shri Amalendra Lal
Roy, Shri Aswini
Roy, Shri Jyotish
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Roy, Shri Saroj
Roy Barman, Shri Khiti Bhusan
Roy Chowdhury, Shri Biswabrata
Roy Pradhan, Shri Amarendra Nath
Rudra, Shri Samar Kumar
Saha, Shri Abani Kumar
Saha, Shri Jamini Bhusan
Saha, Shri Madan Mohan
Saha, Shrimati Parul
Samanta, Shri Gouranga
Sanyal, Shri Mani
Sarkar, Shri Nitaipada
Sarkar, Shri Sasthidas
Sarker, Shri Ahindra
Sen, Shri Arun
Sen, Shri JamPini Ranjan
Sen Gupta, Shri Tarun Kumar
Sinha, Shri Suresh Chandra
Soren, Shri Bhabatosh
Soren, Shri Joyram
Soren, Shri Suchand

The Ayes being 30 and the Noes 124, the motion was lost.

The question that Clause 3 do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 4, 5 and 6

The question that Clauses 4, 5 and 6 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 7

**Mr. Speaker:** There is one amendment to Clause 7 by Dr. Nalinaksha Sanyal and I have declared the amendment as out of order.

The question that Clause 7 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 8 and Preamble

The question that Clause 8 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Satyapriya Roy:** Sir, I beg to move that The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969, as settled in the Assembly, be passed.

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** মিঃ স্পীকার, স্যার, মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয় যে বিলটা এনেছেন সেটাকে সর্বান্তঃকরণে সমর্থন করতে গিয়ে আমি কয়েকটা কথা বলতে চাই। হাঁড়ির একটা ভাত টিপলেই বোঝা যায় সমস্ত ভাত সেদ্ধ হয়েছে কি না। আমি মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড সম্বন্ধে কয়েকটা কথা বলতে চাই। সাত্তার সাহেব যিনি কিছুদিন আগে পর্যন্ত স্কুল বোর্ডের চেয়ারম্যান ছিলেন এবং তাঁর আগে তাঁর দাদা শ্রীদুর্গাপদ সিংহ ছিলেন, তাদের কয়েকটা দুর্নীতির কথা বলতে চাই। এ বিষয়ে মাননীয় অমল রায় কিছু বলেছেন। এটা ঠিক স্কুল বোর্ডএর যে বিল্ডিং হয়েছে সেই বিল্ডিং করতে যে ২ লক্ষ টাকা খরচ হয়েছে তার মধ্যে প্রায় ১ লাখ টাকা চুরি হয়েছে। এই টাকাটা এসেছে গরীব শিক্ষকদের ডি এ-র টাকা মেরে। স্কুল যেখানে হবার কথা সেখানে স্কুল না করে তাঁরা এসব করেছেন। এর জন্য জমি পেলেন কোথা থেকে? জেলা পরিষদের সভাপতি হিসাবে সাত্তার সাহেব এই জমি দিলেন এবং স্কুল বোর্ড সেই বিল্ডিং করলেন। সেই যে চুরি হয়েছে তার প্রমাণ হচ্ছে সাত্তার সাহেবের পৈতৃক কোন জমিজমা নেই।

(গোলমাল)

**শ্রীআবদুস সাত্তারঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, থার্ড রিডিংএ বিল সম্বন্ধে আলোচনা করতে গিয়ে তিনি বিল সম্বন্ধে কিছুই না বলে সমস্ত মিথ্যা কথা বলছেন।

**Mr. Speaker:** Mr. Ray, you should confine yourself to the Bill and I will not allow any reference to anybody.

[12-30—12-45 p.m.]

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** স্যার, আমি দুর্নীতি সম্বন্ধে বলতে চাই। মাননীয় সদস্য বললেন যে, স্কুল বোর্ডের সভাপতি বা ম্যানেজিং কমিটির যাঁরা সদস্য আছেন তাঁরা করেন না। আমি জানি মুর্শিদাবাদ জেলার একজন ডি আই-র ওঁদের সঙ্গে মতের মিল হোল না বলে ৭ দিনের মধ্যে তাঁকে যেতে হোল।

**শ্রীআবদুস সাত্তারঃ** স্যার, হি সুড কনফাইন হিমসেল্‌ফ অ্যাড্রেসিং দি চেয়ার অন দি বিল।

**মিঃ স্পীকারঃ** মিঃ রায়, আপনি বিল সম্বন্ধে বলুন।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** স্যার, আমি কেন এই বিল সমর্থন করছি সেই প্রসঙ্গে এসব কথা বলছি।

**শ্রীবিজয় সিং নাহারঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, আপনি বলেছেন আপনি কি করতে পারেন, না পারেন মেম্বারদের কন্ট্রোল করার ব্যাপারে। আজকে হাউসে থার্ড রিডিং-এর সময় উনি এসব কথা বলতে পারেন না। কাজেই আপনি ওঁনাকে এই সমস্ত ইররেলেভেন্ট কথা বন্ধ করতে বলুন।

**মিঃ স্পীকারঃ** আমি জানি উনি এসব কথা বলতে পারেন না। মিঃ রায়, এখন থার্ড রিডিং চলছে, কাজেই আপনি আপনার বক্তব্য কনফাইন্ড টু থার্ড রিডিং রাখুন।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমার একটি পয়েন্ট অফ অর্ডার আছে দয়া করে শুনুন। আপনি ওঁদের পয়েন্ট অফ অর্ডারের জবাব দিতে গিয়ে যা বলেছেন আমি তা শুনেছি। আমার বক্তব্য হচ্ছে থর্ড রিডিং-এর উপর এই ধরনের বক্তৃতা বহুবার হয়েছে এবং এটা একটা কনভেনসন হয়ে গেছে। আপনি যেটা বললেন সেটার সঙ্গে বীরেনবাবু যেটা বললেন তার কোন কন্ট্রাডিকসন হয় নি কারণ কিভাবে এই বিল প্রয়োগ করা হবে তার

একজাম্পল হিসেবে উনি এসব কথা বলছিলেন এবং দেখাচ্ছিলেন কিভাবে প্রয়োগ করা হয় ি এখন, আমার বক্তব্য হচ্ছে বীরেনবাবুকে আপনার তরফ থেকে ওই কথা বলার অর্থ এই নয় যে, আপনি তাঁকে তাঁর বক্তব্য বলা থেকে ডিপ্রাইভ করছেন ?

(নয়েজ অ্যান্ড ইন্টারাপসনস)

**শ্রীগোপাল বসু:** মাননীয় স্পীকার মহাশয়, আজকে মেম্বাররা থার্ড রিডিং-এর উ আলোচনা করছেন। বিল যেটা কার্যকরী হতে চলেছে সেটা কিভাবে কার্যকরী হবে ত কতগুলি কসন আছে, তার কতগুলি পদ্ধতি আছে এবং লুপহোল যা আছে সেগুলি ব করবার জন্য কতগুলি কথা আমরা বলতে পারি। এই লুপহোল বন্ধ করবার জন্য যে হুঁসিয়া সেই হুঁসিয়ারী দেবার অধিকার একজন মেম্বার হিসেবে বীরেনবাবুর আছে। বীরেনবা এখানে সেই অধিকারই প্রয়োগ করছেন, অতিরিক্ত কিছু বলছেন না।

**মিঃ স্পীকার:** আমি জানি আপনারা আমার চেয়ে অনেক অভিজ্ঞ কিন্তু তাহলেও বলছি The debate on the third reading of a Bill is of a restricted character ar limited to the matters contained in the Bill. The rules provide that tl discussion must be confined to the submission of arguments either in suppo of the Bill or for the rejection of the Bill

সেইজন্য আপনাকে লিমিটেড ক্যারেকটার-এর ডিবেট করতে হবে। অন্য একজন লোক ' করেছে না করেছে সেকথা আসে না। আপনি দয়া করে এখন বক্তব্য শেষ করুন।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** মাননীয় স্পীকার মহাশয়, আমি এই বিল সাপোর্ট করতে গিয়ে গ ১৯৩০ সালে যে আইন ছিল তার লুপহোল সম্বন্ধে কিছু বলতে চাই।

মুর্শিদাবাদ জেলার একজন শিক্ষক মগবুল হোসেন চুরির অপরাধে ধরা পড়েছিল, লোয় কোর্টে যে রায় হল, সেই রায় হাই কোর্টেও আপহেল্ড হল।

(নয়েজ)

**মিঃ স্পীকার:**

Such references to individuals should be avoided.

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** এখন আর এই রকম দুর্নীতি হবে না। সেজন্য আমি এই বিলে সমর্থন জানাই।

**Shri Muhammed Khuda Buksh:** On a point of order, Sir. My point ( order is that I have seen in this very session that words uttered in contravei tion of the ruling of the Speaker have been expunged. Will you kindly ord( expunction of what has been just now said by my honourable friend opposit(

**Mr. Speaker:** No, he has obeyed me and there is no question of expunctioı

**শ্রীঅহিন্দ্র সরকার:** মাননীয় স্পীকার মহাশয়, শিক্ষামন্ত্রী মহাশয় যে বিল এনেছেন সে বিলকে সমর্থন করতে গিয়ে প্রথমেই মনে পড়ছে একটা কথা। আমাদের ও পক্ষের বন্ধু জ্বলতে আরম্ভ করেছেন, তাদের খুব ব্যথা হচ্ছে বেদনা হচ্ছে, এতদিন যেভাবে স্বৈরাচ চালিয়েছেন, চুরি জোচ্চুরি চালিয়েছেন স্কুল বোর্ডকে কেন্দ্র করে আমরা সেটা জানি। এ এজন্য বলছি, এখনি সাত্তার সাহেব আলোচনা করতে গিয়ে বললেন যে স্বৈরাচার করছেন শিক্ষ মন্ত্রী। আমি নিজের অভিজ্ঞতা থেকে বলছি, আমি একজন প্রাথমিক শিক্ষক ছিলাম পশি দিনাজপুরে, সেখানে যে কংগ্রেসী সভাপতি ছিলেন এক নির্দেশ জারী করে আমাকে চাকু থেকে বরখাস্ত করলেন, এজন্য যে, আমি নাকি রাষ্ট্রবিরোধী কার্যকলাপ-এর সঙ্গে যুক্ত আছি ১৯৬৪ সালে আবার চাকুরি হয়, হাইকোর্টের রায়ে চাকুরি দিতে বাধ্য হয়।

(নয়েজ)

সেখানে দিনাজপুরে এমন ঘটনা আছে যে মিথ্যা সার্টিফিকেট দিয়ে শিক্ষকের চাকুরি হয়েছে, সেই সব কেস অনেক আছে, এইভাবে তাঁরা দুর্নীতি করেছেন আপনি জানেন। আজকে তাঁরা দুর্নীতির সংগে যুক্ত ছিলেন, কাজেই তাদের ভয় হয়েছে, চিন্তা হয়েছে আজকে আর এইসব করা যাবে না। তাই আজকে এত লফান, এত চিন্তা কেন না তাঁরা আর এখন দুর্নীতির আশ্রয় নিতে পাচ্ছেন না। এই বলে আমি এই বিলকে সমর্থন করছি।

**মিঃ স্পীকারঃ** অনারেবল মিনিস্টার কি কিছু বলবেন?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** না, আমার বিশেষ কিছু বলার নাই।

The motion of Shri Satya Priya Roy that the West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969, as settled in the Assembly, be passed, was then put and a division taken with the following result:

AYES

Abdul Haque, Shri
Abdul Quiyom Molla, Shri
Abdur Rezzaque Khan, Shri
Abdus Sayeed, Shri Mir
Abu Asad Mohammed Obaidul Ghani, Dr.
Abul Hassan, Shri
Adhicary, Shri Sailendra Nath
Bagdi, Shri Lakhan
Baksh, Shri Mohammed Karim
Basi, Shri Monoranjan
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Gopal
Basu, Shri Krishnagopal
Basu, Shri Jyoti
Bauri, Shri Haripada
Bazle Ahmad, Shri
Bera, Shri Sasabindu
Besterwitch, Shri A. H.
Bhadra, Dr. Niranjan
Bhandari, Shri Nitai
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Jyotibhusan
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satyapada
Bhowmik, Shri Kanai
Boral, Shri Manaranjan
Bouri, Shri Tinkori
Chakraborty, Shri Jatin
Chatterjee, Shrimati Nirupama
Chattoraj, Dr. Radhanath
Das, Shri Anadi
Das, Shri Banamali
Das, Shri Deben
Das, Shri Paresh
Das Ghose, Shri Biswanath
Das Gupta, Shri Pannalal
Das Mahapatra, Shri Balailal
Das Mahapatra, Shri Kamakhya Nandan
Dey, Shri Tarapada
Dhara, Shri Sushil Kumar

Duley, Shri Krishna Prasad
Elias Razi, Shri Md.
Ganguly, Shri Ajit Kumar
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Shri Bireswar
Ghosh, Shri Kamakhya Charan
Ghosh, Shri Krishnapada
Golam Yazdani, Dr.
Guchhait, Shri Subodh Gopal
Guha, Shri Bikesh Chandra
Guha, Shri Panchu Gopal
Guha Neogi, Shri Anil Dhar
Haldar, Shri Kuber Chand
Halder, Shri Krishna Chandra
Halder, Shri Renupada
Hansda, Shri Jagatpati
Hazra, Shri Haran Chandra
Hazra, Shri Monoranjan
Hicks, Shri Clifford
Jana, Shri Manindra Nath
Kar, Shri Dhananjoy
Kuar, Shri Gangapada
Kundu. Shri Gour Chandra
Laha, Shri Mihir Kumar
Let, Shri Panchanan
Mahato, Shri Girish
Maitra, Shri Kashi Kanta
Maji, Shri Panna Lal
Majhi, Shri Gobardhan
Majumdar Shri Apurba Lal
Malik, Shri Basudeb
Mallik, Shri Prabir Kumar
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Kalipada
Mandal, Shri Sachindra Nath
Mandal, Shri Subal Chandra
Mitra, Shrimati Ila
Mohammad Ali, Shri
Mohammad Salimuddin, Shri
Mohammed Amin, Shri
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Kumud Ranjan
Mondal, Shri Rabin
Mondal, Shri Sasanka Sekhar
Mookherjee, Shri Bama Pada
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil Kumar
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Haripada
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shrimati Protiva
Mukhopadhyaya, Shrimati Geeta
Mundle, Shri Salil Behari
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar Kumar
Neogy, Shri Brajo Gopal

Ojha, Shri Samarendra Nath
Pahari, Shri Bibhuti
Panda, Shri Bhupal Chandra
Purkait, Shri Prabodh
Raha, Shri Sanat Kumar
Raj, Shri Aswini Kumar
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Manash
Roy, Shri Amalendra Lal
Roy, Shri Aswini
Roy, Shri Dwarika Prosanna
Roy, Shri Jyotish
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Roy, Shri Saroj
Roy Barman, Shri Khiti Bhusan
Roy Chowdhury, Shri Biswabrata
Roy Pradhan, Shri Amarendra Nath
Rudra, Shri Samar Kumar
Saha, Shri Jamini Bhusan
Saha, Shri Madan Mohon
Saha, Shrimati Parul
Samanta, Shri Gouranga
Sardar, Shri Sarat
Sanyal, Shri Mani
Sarkar, Shri Nitaipada
Sarkar, Shri Sasthidas
Sarker, Shri Ahindra
Sen, Shri Arun
Sen, Shri Sadhan Kumar
Sen Gupta, Shri Tarun Kumar
Sinha, Shri Suresh Chandra
Soren, Shri Bhabatosh
Soren, Shri Joyram
Soren, Shri Suchand

NOES

Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Abdul Barkat Atawal Ghani Khan Chawdhury, Shri
Azizur Rahman, Shri
Barma, Shri Akshay Kumar
Bhagat, Shri Budhu
Fazlur Rahman, Shri S. M.
Gofurur Rahaman, Shri
Gyan Singh Sohanpal, Shri
Ishaque, Shri A. K. M.
Jha, Shri Arun Chandra
Maiti, Shrimati Abha
Majhi, Shri Budheswar
Md. Sohorab, Shri
Mohammad Idris Ali, Shri
Mondal, Shri Amarendra
Muhammed Khuda Bukhsh, Shri
Mukherjee, Shri Animesh
Mukherjee, Shri Nirmal Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Nahar, Shri Bijoy Singh

Nandy, Shri Sachindra Mohon
Naskar, Shri Narayan
Ray, Shri Jajneswar
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Jagadananda
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Santi Mohun
Roy, Shri Santosh Kumar
Saraogi, Shri Ramkrishna
Sanyal, Dr. Nalinaksha
Shamsuddin Ahmad, Shri
Sinha, Kumar Jagadish Chandra
Soren, Shri Lakshan
Surat Ali Khan, Shri
Thakur, Shri Nityananda
Topno, Shri Antoni
Tudu, Shri Budhan Chandra

The Ayes being 133 and the Noes 38, the motion was carried.

**Resolution for Ratification of the Constitution (Twenty-Second Amendment) Bill, 1969**

**Shri Jatin Chakravorty:** Sir, I beg to move that this House ratifies the amendments to the Constitution of India falling within the purview of the proviso to article 368 thereof proposed to be made by the Constitution (Twenty-Second Amendment) Bill, 1969, as passed by the two Houses of Parliament.

**Dr. Nalinaksha Sanyal:**

আমি এই প্রস্তাব সমর্থন করছি।

The motion was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 12-45 p.m. till 1 p.m. on Thursday, the 17th July, 1969, at the Assembly House, Calcutta.

# Index to the

# West Bengal Legislative Assembly Proceedings

## (Official Report)

## Vol. 49—No. 1—Forty-Nineth Session (July-September) 1969

(The 1st, 2nd, 3rd, 4th, 7th, 8th, 9th, 10th, 11th, 14th, 15th and 16th July, 1969.)

[(Q.) Stands for question.]


**Abdul Latif, Shri Mohamed**

Agro-Industrial Centre for the Chanditala area (Q.): p. 53.
Construction of bridge on the river Sarawasti (Q.): pp. 396-397.
Construction of a Mill on the Saraswati river-bed at Sankrail (Q.): p. 315.
Construction of a sluice gate on the Mete Khal at Jalamandal (Q.): p. 395.
Distribution of gratuitous relief in Chanditala police-station (Q.): p. 248.
Establishment of a Veterinary Hospital at Krishnarampur in the Chanditala police-station of Hooghly district (Q.): pp. 455-456.
Estimate of expenditure in connection with Gandhi Centenary celebration (Q.): p. 233.
Excavation of rivers (Q.): p. 250.
Excavation of river Saraswati (Q.): p. 250.
Gangadharpur Subsidiary Health Centre in the Hooghly district (Q.): p. 456.
Open window in the Labour Room of the Baksha Subsidiary Health Centre (Q.): p. 456.
Primary Health Centre at Block II of Chanditala police-station (Q.): pp. 445-446.
Privilege motion: p. 399.
Remission of land rent in Chanditala police-station of the Hooghly district (Q.): pp. 395-396.
Survey of Cottage and Small Scale Industries (Q.): p. 324.
Want of irrigation facilities in Chanditala police-station (Q.): p. 305.
The West Bengal Utilisation of Land for Production of Food Crops Bill, 1969: pp. 214-16.

**Abdus Sattar, Shri**

Budget statement of the Finance Minister: pp. 403-408.
The West Bengal Land Reforms (Amendment) Bill, 1969: pp. 263-66.
The West Bengal Panchayat (Amendment) Bill, 1969: pp. 92-94.
The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969: pp. 655-56.
The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969: p. 663.
The West Bengal Zilla Parishads (Amendment) Bill, 1969: pp. 339-40 345-47, 41.

**Abedin, Dr. Zainal**

Adjournment motion: p. 528.
Buri Mandal Bundh in Itahar Block in West Dinajpur (Q.): p. 597.
Cases of gherao of Government officers (Q.): p. 507.
Construction of a bridge over the river "Sui" in West Dinajpur (Q.):
Extension of electricity in Harirampur area (Q.): p. 391.
General discussion on budget 1969-70: pp. 495-98.
Grow More Food Campaign in the State (Q.): p. 308.
Harirampur Primary Health Centre (Q.): p. 595.
Incidents of fire in Gorahar village of Itahar police-station (Q.): p. 598.
Institution of criminal proceedings against the office bearers of the Khoa Samabay Krishi Samity Ltd. (Q.): p. 597.
Number of persons arrested under the P.D. Act (Q.): p. 645.
Police firing (Q.): p. 501.
Price of rice in different districts (Q.): p. 642.
Procurement of rice and paddy in West Dinajpur district (Q.): p. 596.
Reconstitution of R.T.A.'s in different districts (Q.): p. 180.
Road Schemes in West Dinajpur and Birbhum districts (Q.): pp. 379-382.
Selection of site for the headquarters of the development block of Bangshihari in West Dinajpur district (Q.): p. 524.
Strikes in Government Hospitals (Q.): pp. 438-442.
Supervision of the construction of the second Hooghly River Bridge (Q.): p. 595.
Test relief works in Itahar Development Block (Q.): p. 235.
Total number of licensed wine shops in West Dinajpur district (Q.): p. 594.
The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969: pp. 672-73.

**Abul Barkat Atawal Ghani Khan Chawdhury, Shri**

Budget statement of Finance Minister: pp. 411-412.

**Abul Mansur Habibullah, Shri Syed**

The West Bengal Acquisition and Settlement of Homestead Land Bill, 1969: pp. 285-86.

**Acquisition of Land**

--for pisciculture in South Salt Lake area (Q.): p. 328.

**Adhicari, Shri Sailendra Nath**

Irrigation from Bhandardada Beel (Q.): p. 59.
Lockout and strikes in factories (Q.): p. 117.
Peace corps (Q.): p. 226.
Primary Health Centres in Murshidabad district (Q.): p. 110.
Primary Health Centres in Murshidabad district (Q.): p. 437.
Removal of the statutes of British rulers (Q.): p. 54.
Rise in price of rice in deficit districts (Q.): p. 35.
Tourist Lodge at Lalbagh (Q.): p. 99.

**Adjournment Motion(s)**

Notice of an—on the subject of attack on newspaper offices: p. 329.
Notice of an—on the subject of breakdown of democratic and Parliamentary processes in the State: p. 253.
Notice of an—on the subject of reported assault on students by C.P.I.(M) supporters: p. 253.
Notice of an—on the subject of reported attack on a band of students by C.P.I.(M) workers in village Ethra in the district of Burdwan: p. 194.

**Adjournment Motion(s)**

Notice of an—on the subject of reported attack on Chhatra Parishad supporters by supporters of C.P.I.(M) at different places: p. 253.
Notice of an—on the subject of resignation of Shri Jyotsna Mallick, President, Board of Secondary Education: p. 68.
Notice of an—on the subject of violent clash between C.P.I.(M) and S.U.C. supporters at Baranagar on 1st July, 1969: p. 68.

**Agent(s)**

Storing—of Nabagram (Q.): p. 58.

**"Agri-Co"**

—at Cossimbazar (Q.): p. 243.

**Agricultural Farm**

—in Domkul police-station (Q.): p. 315.

**Agro-Industrial Centre**

—for the Chanditala area (Q.): p. 53.

**Ahmed, Shri Akhtabuddin**

The West Bengal Zilla Parishads (Amendment) Bill, 1969: pp. 353-54.

**Aid**

Government—to the Calcutta Homoepathic Medical College and Hospital (Q.): p. 600.

**Allegations**

—against one ex-member, R.T.A., Murshidabad (Q.): p. 181.

**Anti-social activities**

Prevention of— (Q.): p. 511.

**Appointment**

—of lawyers in Ghosh Enquiry Commission (Q.): p. 578.

**Archaeological Survey**

Transfer of the office of—of India (Q.): p. 225.

**Arrangements for Training**

—of Basic Health Workers (Q.): p. 119.

**Arrests**

—under P.W. Act (Q.): p. 511.

**Azizur Rahman, Shri**

Agricultural farm in Domkul police-station (Q.): p. 315.
Bogus ration cards in Calcutta (Q.): p. 524.
Expenditure on the bridge over the Bhairab (Q.): p. 390.
Fire incidents in some districts (Q.): p. 502.
Floods in the rivers of Jalpaiguri district (Q.): p. 306.
Free distribution of Urea Fertiliser in certain blocks of Murshidabad district (Q.): p. 526.
General discussion on Budget 1969-70: pp. 478-79.
Holidays in schools of different categories (Q.): p. 526.
Income and expenditure of agricultural farm in Raninagar police-station (Q.): p. 597.

**Azizur Rahman, Shri**

Land for the proposed health centre in Raninagore police-station (Q.): p. 645.
Literate persons in the State (Q.): p. 525.
Maharaja Nanda Kumar's House (Q.): p. 328.
Number of beggers in Calcutta (Q.): p. 525.
Number of Junior and Senior Basic Schools in different districts (Q.): p. 526.
Procurement of foodgrains from different districts (Q.): pp. 375-379.
Progress of work in Farakka Barrage Project (Q.): p. 524.

**B. T. College**

Establishment of—in the district of Murshidabad (Q.): p. 522.
Proposed—at Jiaganj (Q.): p. 180.

**Bakshi, Shri Monoranjan**

Arrests under P.D. Act (Q.): p. 511.
Dak Bungalows (Q.): p. 450.
General discussion on the Budget 1969-70: pp. 425-426.
Gobra Mental Hospital (Q.): pp. 451-452.
Loans to the peasants from Central Co-operative Banks (Q.): p. 586.
Scarcity of X-ray films (Q.): pp. 443-445.
Setting up of free primary schools in certain thana areas of Burdwan district (Q.): p. 648.
Supply of foodgrains from other States to Food Corporation (Q.): pp. 383-385.

**Banerjee, Shri Sankardas**

General discussion on Budget for 1969-70: p. 546.

**Barman, Shri Akshay**

General discussion on Budget for 1969-70: p. 612.

**Barman, Shri Prasenjit**

General discussion on Budget for 1969-70: p. 549.

**Basu, Shri Bimal Kanti**

The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill 1969: pp. 668-69.

**Basu, Shri Gopal**

General discussion on Budget for 1969-70: p. 464.
The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill 1969: p. 680.

**Basu, Shri Jyoti**

Statement on a calling attention motion regarding incident that accurre on 6th July, 1969 in which the police of Kultali police-station opene fire: pp. 399-400.
Statement on a calling attention motion regarding squatting of Class I and IV staff before the office of the S.D.O., Katwa: p. 201.
Statement on a calling attention motion regarding the incidents that too place in front of the office of the Ananda Bazar Patrika Ltd.: pp. 400-40

**Bazle Ahmed, Shri**

On a point of order—about the ballot paper of the election of Shrima Pratima Mukherjee: p. 420.
The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bil 1969: pp. 665-66.

**Beggars**

Number of—in Calcutta (Q.): p. 525.

**Bill(s)**

The Bengal Co-operative Societies (Amendment)—, 1969: p. 138.
Howrah Improvement (Amendment)—, 1969: p. 72.
Resolution for ratification of the Constitution (Twenty-second Amendment)—, 1969: p. 684.
The West Bengal Acquisition and Settlement of Homestead Land Bill, 1969. p. 280.
The West Bengal Land Reforms (Amendment) Bill, 1969: p. 263.
The West Bengal Panchayat (Amendment)—, 1969: pp. 87, 125.
The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969: p. 360.
The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions)—, 1969: p. 652.
The West Bengal Utilisation of Land for Production of Food Crops—, 1969: p. 158.
The West Bengal Utilisation of Land for Production of Food Crops—, 1969: p. 207.
The West Bengal Zilla Parishads (Amendment) Bill, 1969: p. 339.

**Biswas, Shri Ajit Kumar**

General discussion on the Budget, 1969-70: pp. 427-428.
The West Bengal Land Reforms (Amendment) Bill, 1969: pp. 275-76.

**Bera, Shri Sasabindu**

The Bengal Co-operative Societies (Amendment) Bill, 1969: pp. 148-49.

**Besterwitch, Shri A. H.**

Tea gardens (Q.): pp. 387-389.
The West Bengal Utilisation of Land for Production of Food Crops Bill, 1969: pp. 218-219.

**Bhaduri, Shri Panchugopal**

General discussion on Budget for 1969-70: p. 615.
Lakshmi Narayan Cotton Mills Ltd.: p. 402.

**Bhandari, Shri Nitai**

General discussion on Budget for 1969-70: p. 569.

**Bhattacharya, Dr. Kanailal**

The West Bengal Panchayat (Amendment) Bill, 1969: pp. 136-38.

**Bhattacharyya, Shri Satyapada**

Veterinary Hospitals (Q.): p. 587.
The West Bengal Panchayat (Amendment) Bill, 1969: pp. 94-95.

**Botany Honours Course**

—in K. N. College, Berhampore (Q.): p. 245.

**Bridges**

Constitution of—on the river Saraswati (Q.): pp. 396-397.
—over the Mansai (Q.): p. 389.

**Budget**

General discussion on the—for 1969-70 (Q.): pp. 421-434.

**Buri Mondal Bundh**

—in Itahar Block in West Dinajpur (Q.): p. 597.

**The Business Advisory Committee**

Fourth report of—: p. 461.
Second report of the—: p. 9.
Third report of the—: p. 70.

**C.P.I.(M) Workers**

Number of—wounded and murdered during the United Front Ministry (Q.): p. 642.

**Calling Attention**

—regarding difficulties of admission in colleges: p. 600.
—regarding the flood situation in North Bengal: p. 458.
—regarding the incident that occurred on 6th July, 1969, in which the police of Kultali police-station opened fire: pp. 399-400.
—regarding squatting of Class II and IV staff before the office of the S.D.O., Katwa: p. 201.

**Cases**

Withdrawal of the—involving criminal offences (Q.): p. 397.

**Centre**

Family Welfare Planning—at Panchthupi Maternity and Child Welfare—(Q.): p. 598.

**Chakraborty, Shri Debnarayan**

The West Bengal Utilisation of Land for Production of Food Crops Bill, 1969: pp. 217-18.

**Chakravarty, Shrimati Renu**

The Bengal Co-operative Societies (Amendment) Bill, 1969: pp. 138-39, 152-56, 157-58.

**Chakravorty, Shri Jatin**

Resolution for ratification of the Constitution (Twenty-second Amendment) Bill, 1969: p. 684.

**Chaudhury, Shri Asoke**

General discussion on Budget 1969-70: pp. 483-85.
The West Bengal Land Reforms (Amendment) Bill, 1969: pp. 272-73.
The West Bengal Utilisation of Land for Production of Food Crops Bill, 1969: pp. 212-13.
The West Bengal Zilla Parishads (Amendment) Bill, 1969: pp. 355-56.

**Chemical Fertiliser**

Distribution of—in different blocks (Q.): p. 314.

**Choudhury, Shri Benaykrishna**

General discussion on Budget for 1969-70: p. 533.
The West Bengal Land Reforms (Amendment) Bill, 1969: p. 266.

**Cinema Halls**

Permanent— (Q.): p. 580.

**Collection of milk**

—for the milk supply in Calcutta (Q.): p. 593.

**College**
Berhampore—of Textiles (Q.): p. 317.
Status of Government-sponsored— (Q.): p. 179.

**Commercial Relation**
—between West Bengal and East Pakistan (Q.): p. 241.

**Communal disturbances**
Telinipara— (Q.): p. 175.

**Construction of Bridge**
—over the river "Sui" in West Dinajpur (Q.): p. 596.

**Co-operative Societies**
Area of operation of fisherman's— (Q.): p. 587.
Bhandardaha Fisheries - (Q.): p. 61.
Ramkrishna Vivekananda Powerloom—Ltd. (Q.): pp. 454-455.

**Correspondence Course**
Introduction of—in B.T. (Q.): p. 168

**Criminal Cases**
Withdrawal of (Q.): p. 515.

**Dal, Shrimati Nanda Rani**
Allegations against one ex-Member, R.T.A., Murshidabad (Q.): p. 181.
Extension and re-employment of gazetted officers (Q.): p. 321.
Persons victimised by tigers in Sunderban areas (Q.): p. 322.
Provident Fund money of the teachers of Bahara Adarsha Vidyapith (Q.): p. 171.
Sadacnai Samiti (Q.): p. 179.
Sale of Opium, Siddhi, Pachwai, etc. (Q.): p. 251.

**Das, Shri Anadi**
General discussion on Budget for 1969-70: p. 543.
The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) **Bill,** 1969: p. 671.
The West Bengal Utilisation of Land for Production of Food Crops **Bill,** 1969: pp. 216-17.

**Das, Shri Banamali**
The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) **Bill,** 1969: pp. 670-71.

**Das, Shri Bimal Kanti**
The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) **Bill,** 1969: pp. 654-55.

**Das, Shri Deben**
The West Bengal Land Reforms (Amendment) Bill, 1969: pp. 270-72.

**Das Ghose, Shri Biswanath**
General discussion on Budget for 1969-70: p. 570.
Howrah Improvement (Amendment) Bill, 1969: pp. 82-84.

**Das Gupta, Shri Bibhuti Bhushan**
The West Bengal Panchayat (Amendment) Bill, 1969: pp. 87-88, 131-33.
The West Bengal Zilla Parishads (Amendment) Bill, 1969: pp. 342-44, 45, 358-59.

**Das Mahapatra, Shri Balailal**

General discussion on Budget for 1969-70: pp. 486-88.
The West Bengal Land Reforms (Amendment) Bill, 1969: pp. 268-69.
The West Bengal Zilla Parishads (Amendment) Bill, 1969: pp. 356-57.

**Deep tubewells**

—in Murshidabad district (Q.): p. 392.
—in Uluberia Block No. 2 (Q.): p. 311.

**Defalcation**

—of Court Fees and Postage Stamps in Contai Sub-treasury (Q.): p. 592.

**Demands for Grants**

Final—and Appropriations for 1969-70: pp. 10-33.

**Development**

—of colonies in Berhampore (Q.): p. 245.
—of Digha (Q.): p. 523.

**Development Scheme**

—for the industry backward districts (Q.): p. 389.

**Dey, Shri Tarapada**

The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969: p. 366.

**District Hospital**

Outdoor Dispensing Unit and E.N.T. Specialist in the—at Saktinagar (Q.): p. 457.

**District Roads**

Repair of major—in Murshidabad district (Q.): p. 454.

**Division(s):** pp. 675-78, 681-84.

**Drinking Water**

Supply of—in rural areas (Q.): p. 188.

**Eden Garden and Ranji Stadium** (Q.): p. 511.

**Electricity**

Extension of—in Harirampur area (Q.): p. 391.
Supply of—in the Murshidabad district (Q.): pp. 453-454.

**Electrification**

—of Khagraghat Railway Station, Berhampore (Q.): p. 54.

**Enquiry**

—into the death of Shri Sunil Das Gupta, ex-M.L.A. (Q.): p. 250.

**Evaluation Reports**

Publication of the— (Q.): p. 525.

**Excavation**

—of river Saraswati (Q.): p. 250.

**Extension and re-employment**

—of Gazetted Officers (Q.): p. 321.

**Family Planning**
—Centre (Q.): p. 246.

**Female employee(s)**
Number of— (Q.): p. 319.

**Financial assistance**
—by the West Bengal Khadi and Village Industries Board to some organisations of Murshidabad district (Q.): p. 320.

**Fire Incidents**
—in some districts (Q.): p. 502.

**Firing**
Police— (Q.): p. 501.

**Fixation**
—of minimum price for jute (Q.): p. 647.

**Flood**
—in the rivers of Jalpaiguri district (Q.): p. 306.

**Flood Relief Scheme**
Sinking of tubewells under—(Q.): p. 242.

**Food Zone**
One—for Nadia and Burdwan (Q.): p. 53.

**Footpath-dwellers**
—in Calcutta (Q.): p. 229.

**Forest**
Creation of new—areas (Q.): p. 579.

**Free and Compulsory Primary Education**
Introduction of—in Urban and Rural areas (Q.): p. 189.

**Free Primary Schools**
Setting up of—in certain thana areas of Burdwan district (Q.): p. 648.

**Gandhi Centenary Celebration**
Estimate of expenditure in connection with— (Q.): p. 233.

**Ganguly, Shri Ajit Kumar**
Fixation of minimum price for jute (Q.): p. 647.
State Government offices in rented houses in Banagram subdivision (Q.): p. 238.
State Government-sponsored Small-scale Industries (Q.): p. 645.
Transfer of gazetted and non-gazetted Government employees (Q.): p. 177.
The West Bengal Utilisation of Land for production of Food Crops Bill, 1969: pp. 209-10.

**Ganja Farming**
Berhampore Co-operative—Society (Q.): pp. 318-19.

**Gazetted Officers**
Number of Adibasi, Schedule Castes and Muslims— (Q.): p. 324.

**General discussion on Budget for 1969-70:** pp. 421-34, 461, 532, 600.

**Gherao**

Cases of—of Government officers (Q.): p. 507.

**Ghosh, Shri Bibhuti Bhusan**

The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969: pp. 656-57.

**Government Aids**

Non-Government bodies receiving— (Q.): p. 109.

**Government employees**

Transfer of gazetted and non-gazetted— (Q.): p. 177.

**Government Vehicles**

—in the Murshidabad district (Q.): p. 323.

**Grants-in-aid**

—to Junior High Schools consequent on their conversion into High Schools (Q.): p. 644.
—to the schools of Murshidabad district (Q.): p. 320.

**Gratuitous Relief**

Distribution of- in Chanditala police-station (Q.): p. 248.

**Grow More Food**

—campaign in the State (Q.): p. 308.

**Gyan Singh Sohanpal, Shri**

Clashes on May Day (Q.): p. 178.
Daily earnings of Tramways (Q.): p. 166.
Fall in the State income (Q.): p. 584.
Foothpath-dwellears in Calcutta (Q.): p. 229.
General discusion on the budget for 1969-70: p. 532.
Income and expenditure of Khargapur Municipality (Q.): p. 114.
Kharagpur Municipality (Q.): p. 113.
Persons detained under P.D. Act (Q.): p. 517.
Police firing (Q.): p. 504.
Unemployment due to strikes and lock-outs (Q.): p. 54.
Utilisation of development funds, etc., of Municipalities towards payment of staff salary (Q.): p. 108.
Utilisation of development funds, etc., of Municipalities towards payment of staff salary (Q.): pp. 435-437.
Withdrawal of Criminal Cases (Q.): p. 515.

**Halder, Shri Renupada**

General discussion on Budget for 1969-70: p. 559.

**Haringhata Dairy**

Production of milk, ghee, butter, etc., in—(Q.): pp. 393-394.

**Harun-ur Rashid, Shri**

General discussion on budget for 1969-70: p. 543.
The West Bengal Acquisition and Settlement of Homestead Land Bill, 1969: pp. 390.
The West Bengal (Rural) Primary Education (Temporary provisions) Bill, 1969: p. 666.

**Health Centre(s)**

Electrification of— (Q.): p. 246.
Gangadharpur Subsidiary in the Hooghly district (Q.): p. 456.
Harirampur Primary— (Q.): p. 595.
Karimpore—. (Q.): p. 452.
Open window in the Labour Room of the Baksha subsidiary (Q.): p. 456
Primary—in Balighai Block No. 2 (Q.): pp. 442-443.
Primary—at Block II of Chanditala police-station (Q.): pp. 445-446.
Primary—at Brindabanpur (Q.): p. 107.
Primary—in Murshidabad district (Q.) pp. 110, 437.

**Holidays**

—in schools of different categories (Q.): p. 526.

**Hospital**

— beds (Q.): p. 101.
Eye department of Berhampore General (Q.): pp. 110, 113.
Eye Department of Berhampore Sadar— (Q.): p. 1[illegible].
Gobra Mental— (Q.). pp. 451-452.
Morgue of the Berhampore Sadar (Q.): p. 191.
Strikes in Government (Q.): pp. 438-442.
Veterinary (Q.): p. 587.
Want of medicines in (Q.): pp. 446-448.

**House-building Grant**

— to the Scheduled Castes and Tribes people (Q.): p. 115

**Incidents of fire**

—in Gorahat village of Itahar police-station (Q.): p. 598.

**Income**

— from taxes on "tari" (Q.): p. 305

**Income and Expenditure**

—of agriculture farm in Raninagar police-station (Q.): p. 597
— of Kharagpur municipality (Q.): p. 114.

**Industrial Estate**

Proposal for an—at Chanditala, Hooghly (Q.). p. 173.

**Industrial Training**

— Institute at Banjatia (Q.): p. 51.

**Installation of new monuments**

—in memory of Martyrs (Q.): p. 191.

**Invitation**

— to Khan Abdul Gafur Khan (Q.): p. 239.

**Irrigation**

—from Bhandardada Beel (Q.): p. 59.
Want of—facilities in Chanditala police-station (Q.): p. 305.
Works of the—Department in Murshidabad district (Q.): p. 302.

**Ishaque, Shri A. K. M.**

General discussion of Budget for 1969-70: p. 566.

**unior High School**

Recognition of 2-Class and 4-Class— (Q.): p. 183.

**Calimuddin Shams, Shri**

General discussion on Budget for 1969-70: p. 550.

**Car, Shri Dananjoy**

The Bengal Co-operative Societies (Amendment) Bill, 1969: pp. 150-151.
General discussion on budget 1969-70: pp. 485-486.

**Chan, Nasiruddin, Shri**

General Discussion on the Budget, 1969-70: pp. 426-427.
The West Bengal Land Reforms (Amendment )Bill, 1969: pp. 269-270.
The West Bengal Panchayat (Amendment) Bill, 1969: pp. 127-128.

**Chas Land(s)**

—in Beharia mauza (Q.): p. 189.
Government—in Samserganj police-station (Q.): p. 299.
— in Joychand Khagra mouza (Q.): p. 243.
— in Murshidabad district (Q.): p. 393.

**Conar, Shri Benoykhishna**

General discussion on Budget 1969-70: pp. 488-490.
Government khas lands (Q.): p. 590.
Hanakhali Mechhogheri (Q.): p. 588.
Tea gardens (Q.): pp. 387-389.
General discussion on Budget for 1969-70: p. 631.
The West Bengal Acquisition and Settlement of Homestead Land Bill, 1969: pp. 280-282.
The West Bengal Acquisition and Settlement of Homestead Land Bill 1969: pp. 293-296.
The West Bengal Land Reforms (Amendment) Bill 1969: pp. 222-224, 277-278.
The West Bengal Utilisation of Land for Production of Food Crops Bill, 1969: pp. 158-160, 219-221.

**Cuar, Shri Gangapada**

General discussion on Budget 1969-70: pp. 492-493.

**Cumar, Shri Sudhin**

Rise in price of rice in deficit districts (Q.): pp. 35-39.

**Cundu, Shri Gour Chandra**

General discussion on Budget for 1969-70: p. 564.

**Labours**

— relations in the State (Q.): p. 42.

**Lahiri, Shri Somnath**

Howrah Improvement (Amendment) Bill, 19 9: pp. 72-74, 85-87.

**Land**

Government khas— (Q.): p. 314, 590.
— for the proposed health centre in Raninagore police-station (Q.): p. 645.
— under the Hizole area (Q.): p. 243.

**Land**

Utilisation of the Forest Department—for the purpose of play-ground of girl students (Q.): p. 650.
Vested— (Q.): p. 244.

**Land rent**

Remission of—in Chanditala police-station of the Hooghly district (Q.): pp. 395-396.

**Laying of—**

— amendments to the Bengal Motor Vehicles Rules, 1940: p. 8.
— amendments to the West Bengal Panchayat Rules, 1958: p. 8.
— amendments to the West Bengal Zilla Parishads (Election, Constitution and Administration) Rules, 1964: p. 8.
—amendments to the West Bengal Zilla Parishads (Recruitment of Staff) Rules 1964: p. 8.
— amendments to the West Bengal Zilla Parishads (Terms and Conditions of Appointment of Executive Officer) Rules, 1968: p 8.
— the Bengal Co-operative Societies (Amendment) Ordinance, 1969: p. 8.
— the Calcutta Municipal (Second Amendment) Ordinance, 1969. p. 7.
Explanatory statement regarding the West Bengal Board of Secondary Education (Amendment), Ordinance, 1969: p 8.
— the Howrah Improvement (Amendment) Ordinance, 1969 p 7.
—Third Annual Report of the Central Road Transport Corporation Limited (A Government of India Undertaking) for the year 1966-67: p. 9.
— Third, Fourth, Fifth and Sixth Annual Reports of the West Bengal Small Industries Corporation Limited for the years ending 31st March, 1964, 1965, 1966 and 1967: p. 9.
— the West Bengal Acquisition and Settlement of Homestead Land Ordinance, 1969 p. 7.
— The West Bengal Board of Secondary Education (Amendment) Ordinance, 1969: p. 7.
— the West Bengal Land Reforms (Amendment) Ordinance, 1969: p. 7.
— the West Bengal Panchayat (Amendment) Ordinance, 1969: p. 7.
—the West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Ordinance, 1969: p. 7.
— the West Bengal Utilisation of Land for Production of Food Crops Ordinance, 1969: p. 7.
— the West Bengal Zilla Parishads (Amendment) Ordinance, 1969: p. 7
— the West Bengal Zilla Parishads (Terms and Conditions of Appointment of Executive Officer) Rules, 1968: p. 8.

**Leprosy**

Treatment of—in Midnapore district (Q.): pp. 448-449.

**Librarian**

Post of—in the Government-aided Higher Secondary Schools (Q.): p. 177.

**Literate persons**

—in the State (Q.): p. 525.

**Loan**

Granting of—to fishermen (Q.): p. 327.
— to the peasants from Central Co-operative Banks (Q.): p. 586.

**Lockout and strikes**

— in factories (Q.): p. 117.

**M. R. dealers**

— of Dubda area in Midnapore district (Q.): p. 391.

**Mahato, Shri Girish**

The West Bengal Zilla Parishads (Amendment) Bill, 1969: pp. 357-358.

**Maitra. Shri Kashikanta**

Appointment of lawyers in Ghosh Enquiry Commission (Q.): p. 578.
Development of Lalbagh into a Centre of tourism (Q.): p. 106.
Findings of N. C. Roy Powerloom Enquiry Commission, 1967 (Q.): p. 593.
General discussion on Budget for 1969-70: p. 615.
Krishnagar-Dogachhi Road (Q.): p. 648.
Kulgachi-Badkulla Road in the district of Nadia: p. 457.
One food zone for Nadia and Burdwan (Q.): p. 53.
Outdoor dispensing unit and E.N.T. specialist in the District Hospital at Saktinagar (Q.): p. 457.
Preventive detention of black-marketeers, hoarders and adulterators (Q.): p. 56.
Reclamation of Palda Beel and Kalinga Beel in Nadia district (Q.): p. 457.
Re-excavation of the Gopil river in Nadia district (Q.): p. 644.
Re-excavation of river Jamuna in Nadia district (Q.): p. 643.
Status of Government-sponsored Colleges (Q.): p. 179.
Telinipara communal disturbances (Q.): p. 175.
Withdrawal of the cases involving criminal offences (Q.): p. 397.

**Majhi, Shri Panna Lal**

The West Bengal Zilla Parishads (Amendment) Bill, 1969: pp. 348-349.
The Bengal Co-operative Societies (Amendment) Bill, 1969: pp. 140-143.

**Majumdar, Shri Amalesh Chandra**

The West Bengal Acquisition and Settlement of Homestead Land Bill, 1969: pp. 292-293.
The West Bengal (Rural) Primary Education (Temporary provisions) Bill, 1969: pp. 669-70.

**Malaria**

— Control Programme (Q.): p. 104.

**Mallik, Shri Prabir Kumar**

Abolishing of land revenue for land of school Board-managed primary schools (Q.): p. 644.
Age of superannuation of teachers of Government sponsored Colleges in West Bengal (Q.): p. 522.
Benefit of U.G.C. pay scales for physical Instructors and Librarians (Q.): p. 650.
Counting of past services of teachers of Purulia district (Q.): p. 523.
Grants in aid to Junior high schools consequent on their convertion into high schools (Q.): p. 644.
Payment of salary of non-Matric trained teachers of Purulia district (Q.): p. 523.

**Mallik, Shri Prabir Kumar**

Recording the past services of Junior Basic trained teachers of Primary schools (Q.): p. 594.

Utilisation of the Forest Department land for the purpose of playground of girl students (Q.): p. 650.

**Mandal, Shri Kalipada**

Acquisition of land for pisciculture in South Salt Lake area (Q.): p. 328.

Deep tubewell in Uluberia Block No. 2 (Q.): p. 311.

Distribution of land to the refugee families of Shamsundarchawk and Balarampota (Howrah) Government Colonies (Q.): p. 452.

Execution of Sejberia Abadi Khal Re-excavation Scheme (Q.): pp. 397-398.

Facilities enjoyed by the Primary and Secondary School teachers (Q.): p. 176.

Fourth Plan Road Development (Q.): p. 398.

General discussion on Budget 1969-70: pp. 493-495.

Granting of loan to fishermen (Q.): p. 327.

House-building grant to the Scheduled Castes and Tribes people (Q.) p. 115.

Netaji Statue in Alipore Central Jail (Q.): p. 325.

Pisciculture in the reservoirs of Kangsabati Project (Q.): pp. 450-451.

Post reserved for scheduled castes in the different departments of the Government (Q.): p. 458.

Primary Health Centre at Brindabanpur (Q.): p. 107.

Ramnagar Adarsha Junior Basic School (Q.): p. 325.

Re-excavation of Sinduri Mahal Abadi Khal in Uluberia Block No. 2, district Howrah (Q.): p. 397.

Reservation of seats in Government Colleges for the Scheduled Castes and Tribes students (Q.): p. 179.

Scheduled Castes and Tribes people in Howrah district (Q.): p. 113.

Scheme for pisciculture in Maharajganj (Q.): p. 398.

Service rules for the staff of Government-sponsored Libraries (Q.): p. 225.

Uluberia-panpur Road in Howrah district (Q.): p. 521.

**Mandal, Shri Mrityunjoy**

The West Bengal Panchayat (Amendment) Bill, 1969: pp. 128-129.

**Mandal, Shri Sasanka Sekhar**

The West Bengal Utilisation of Land for Production of Food Crops Bill, 1969: pp. 211-212.

**May day**

Clashes on— (Q.): p. 178.

**Md. Sohorab, Shri**

General discussion on Budget 1969-70: pp. 481-83.

The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969: pp. 663-664.

**Mechhogheri**

Hanakhali— (Q.): p. 588.

**Mental Hospital**

— at Berhampore (Q.): p. 438.

**Message(s):** pp. 4, 652.
p. 652.

**Mill**
Construction of a—on the Saraswati river-bed at Sankrail (Q.): p. 315.
Cossimbazar Manindra— (Q.): pp. 369-372.

**Misra, Shri Ahindra**
General discussion on Budget 1969-70: pp. 470-472.

**Mitra, Shrimati Ila**
Strike of Chitta Ranjan National Medical College Hospital: p. 402.

**Mitra, Shri Sunil Kumar**
General Discussion on the Budget for 1969-70: p. 540.

**Mohammad Idris Ali, Shri**
General Discussion on the Budget 1969-70: pp. 423-425.
The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969: pp. 661-662.

**Mohammad Salimuddin, Shri**
General Discussion on the Budget for 1969-70: pp. 433-434.

**Mondal, Shri Kumud Ranjan**
The West Bengal Land Reforms (Amendment) Bill, 1969: pp. 273-274.

**Mondal, Shri Rabin**
The West Bengal Land Reforms (Amendment) Bill, 1969: pp. 274-275.

**Monetary help**
— to the Scheduled Caste people of Murshidabad district (Q.): p. 113.

**Mortgage Banks**
Land— in Murshidabad district (Q.): p. 574.

**Muhammed Khuda Bukhsh, Shri**
General discussion on Budget for 1969-70: p. 461.
General discussion on Budget for 1969-70: p. 611.
Howrah Improvement (Amendment) Bill, 1969: pp. 84-85.
The West Bengal Acquisition and Settlement of Homestead Land Bill, 1969: pp. 283-285.
The West Bengal Panchayat (Amendment) Bill, 1969: pp. 95-96.
The West Bengal (Rural) Primary Education (Temporary provisions) Bill, 1969: p. 672.
The West Bengal Zilla Parishads (Amendment) Bill, 1969: pp. 349-351.

**Mukhapadhaya, Shrimati Gita**
Budget statement of Finance Minister: pp. 413-415.

**Mukherjee, Shri Amritendu**
Government khas lands (Q.): p. 590.
Hanakhali Mechhogheri (Q.): p. 588.

**Mukherjee, Shri Anil Kumar**
The West Bengal Zilla Parishads (Amendment) Bill, 1969: pp. 354-355.

**Mukherjee, Shri Animesh**
On Budget statement of Finance Minister: pp. 416-417.

**Mukherjee, Shri Bhabani**
Strike Notice by the labourers of Jute Mills (Q.): pp. 385-386.

**Mukherjee, Shri Biswanath**
Statement on Calling attention made by—regarding the flood situation in North Bengal: p. 458.

**Mukherjee, Shri Jaykesh**
Tea gardens (Q.): pp. 387-389.
The West Bengal Utilisation of Land for Production of Food Crops Bill, 1969: pp. 207-208.

**Mukherjee, Shri Nirmal Kumar**
Howrah Improvement (Amendment) Bill, 1969: pp. 74-75.

**Mukherjee, Shri Pijush Kanti**
The West Bengal Panchayat (Amendment) Bill, 1969: pp. 97-98.

**Mukherjee, Shri Rabindra**
General Discussion on the Budget for 1969-70: pp. 421-423.

**Mukhapadhyay, Shri Ajoy Kumar**
Final demands for Grants and Appropriations for 1969-70 pp. 10-33.
General discussion on Budget for 1969-70: p. 637.

**Municipality**
Kharagpur— (Q.): p. 113.
Utilisation of development funds etc, of—towards payment of staff salary (Q.): pp. 435-437.

**Murmu, Shri Nathaniel**
General discussion on Budget for 1969-70: p. 555.

**Murmu, Shri Nimai Chand**
The West Bengal Acquisition and Settlement of Homestead Land Bill, 1969: pp. 289-290.

**Nahar, Shri Bioy Singh**
Dum Dum Central Jail: p. 403.

**Nandi, Shri Sachindra Mohan**
General discussion on Budget for 1969-70: p. 553.
Law and Order situation in the Krishnanagar area: p. 402.
The West Bengal (Rural) Primary Education (Temporary provisions) Bill, 1969: pp. 652-654.

**Naskar, Shri Narayan**
General discussion on Budget for 1969-70: p. 533.

**Neogi, Shri Brajagopal**
The West Bengal Panchayat (Amendment) Bill, 1969: pp. 126-127.

**Netaji Statue**
— in Alipore Central Jail (Q.): p. 325.

**New post(s)**

— of Information Officer, Assistant Information Officer and Field Information Officer (Q.): p. 55.

**Obituary reference**

— to the death of Dr. Zakir Hussain, President of India: p. 1.

**Pahari, Shri Bibhuti**

The Bengal Co-operative Societies (Amendment) Bill, 1969: pp. 151-152.
Corruption in test relief work in Block No. 1 of Egra police-station (Q.): p. 509.
Defalcation of court fees and postage stamps in Contai sub-treasury (Q.): p. 592.
Egra-Ramnagar Road (Q.): pp. 382-383.
M. R. dealers of Dubda area in Midnapore district (Q.): p. 391.
Permanent Cinema Halls (Q.): p. 580.
Primary Health Centre in Balighai Block No. 2 (Q.): pp. 442-143.
Treatment of leprosy in Midnapore district (Q.): pp. 448-449.
The West Bengal Panchayat (Amendment) Bill, 1969: pp 9[illegible]-97.
The West Bengal (Rural) Primary Education (Temporary provisions) Bill, 1969: pp. 659-661.
The West Bengal Utilisation of Land for Production of Food Crops Bill, 1969: p. 214.

**Pak Raids**

— in West Bengal (Q.): p. 326.

**Panda, Shri Bhupal Chandra**

The West Bengal Panchayat (Amendment) Bill, 1969: p. 92.

**Panel of Chairman:** p. 4.

**Pensioners (Q.):** p. 593.

**Pisciculture**

— in Bishnupur Beel, Murshidabad (Q.): p. 60.
Number of Rivers, Ponds, Bheries, etc., for— (Q.): p. 393.
— in the reservoirs of Kangsabati Project (Q.): pp. 450-451.
Scheme for- in Maharajganj (Q.): p. 398.

**Point of order:** p. 254.

**Point of Privilege:** p. 61.

**Police custody**

Nnmber of persons died in— (Q.): p. 324.

**Police firing** (Q.): p. 504.

— without the consent of U.F. Government (Q.): p. 502.

**Potato cultivation**

Development of—in Murshidabad district (Q.): p. 520.

**Powerloom Enquiry Commision**

Findings of N. C. Roy—, 1967 (Q.): p. 593.
Persons and Societies condemned by the— (Q.): p. 178.

**Preventive detention**
— of black-marketeers, hoarders and adulterators (Q.): p. 56.

**Price of Rice**
— in different districts (Q.): p. 642.

**Primary Education**
Free and compulsory— (Q.): p. 327.

**Primary School**
Majherpara—, Berhampore (Q.): p. 190.
New—for Murshidabad district (Q.): pp. 187, 189.

**Privilege motion(s):** p. 399.

**Procurement**
— of rice and paddy in West Dinajpur district (Q.): p. 596.

**Provident fund**
— money of the factory labourers (Q.): pp. 372-375.
— money of the teachers of Bahara Adarsha Vidyapith (Q.): p. 171.

**Purkait, Shri Prabodh**
The West Bengal Utilisation of Land for Production of Food Crops Bill, 1969: p. 213.
Abolishing of Land Revenue for land of School Board managed Primary Schools: p. 644.
Acquisition of land for pisciculture in South Salt Lake area: p. 328.
Age of superannuation of teachers of Government Sponsored Colleges in West Bengal. p. 522.
"Agri-Co" at Cossimbazar: p. 243.
Agricultural farm in Domkul police-station: p. 315.
Agro-Industrial Centre for the Chanditala area: p. 53.
Allegations against one ex-Member, R.T.A., Murshidabad: p. 181.
Appointment of lawyers in Ghosh Engineering Commission: p. 578.
Area of operation of Fishermen's Co-operative Societies: p. 587.
Arrangements for training of Basic Health Workers: p. 119.
Arrests under P.D. Act: p. 511.
Attack on peasants by the Jotdars of Chaitanyapur: p. 515.
Beldanga Sugar Mill: p. 55.
Benefit of U.G.C. pay scales for Physical Instructors and Librarians: p. 650.
Berhampore Central Silk Research Station: p. 506.
Berhampore College of Textiles: p. 317.
Berhampore Co-operative Ganja Farming Society: pp. 318, 319.
Berhampore Sadar and General Hospitals: p. 110.
Berhampore State Welfare Home: pp. 240, 453.
Bhandardaha Fisheries Co-operative Society: p. 61.
Bishnupur Beel: p. 60.
Bogus Ration Cards in Calcutta: p. 524.
Border Road(s): p. 121.
Botany Honours Course in K. N. College, Berhampore: p. 245.
Bridge over the Mansai: p. 389.
Buri Mondal Bundh in Itahar Block in West Dinajpur: p. 597.
Cases of Gherao of Government officers: p. 507.
Cases of wagon-breaking and thefts from Government Godowns and Workshops: p. 503.
Clashes on May Day: p. 178.

**Purkait, Shri Prabodh**

Collection of Central Taxes from the State: p. 582.
Collection of milk for the milk supply in Calcutta: p. 593.
Commercial relation between West Bengal and East Pakistan: p. 241.
Construction of bridges on the river Saraswati: pp. 396-397.
Construction of a bridge over the river "Sui" in West Dinajpur: p.
Construction of a Mill on the Saraswati river-bed at Sankrail: p. 315.
Construction of roads in Murshidabad district: p. 321.
Construction of a sluice gate on the Mete Khal at Jalamandal: p. 395.
Corruption in test relief work in Block No. 1 of Egra police-station: p. 509.
Cossimbazar Manindra Mills: pp. 369-372.
Counting of past services of teachers of Purulia district: p. 523.
Creation of new forest areas: p. 519.
Daily earnings of Tramways: p. 166.
Dak Bungalows: p. 450.
Deep tube-wells in Murshidabad district: p. 392.
Deep tube-well in Uluberia Block No. 2: p. 311.
Defalcation of Court fees and Postage Stamps in Contai Sub-Treasury: p. 592.
Development of Colonies in Berhampore police-station: p. 245.
Development of Digha: p. 523.
Development of Lalbagh into a centre of tourism: p. 106.
Development of potato cultivation in Murshidabad district: p. 520.
Development Scheme for the industry-backward districts: p. 389.
Distribution of chemical fertiliser in different blocks: p. 314.
Distribution of gratuitous relief in Barwan police-station: p. 191.
Distribution of gratuitous relief in Chanditala police-station: p. 248.
Distribution of land to the refugee families of Shamsundar Chawk and Balarampoter (Howrah) Government Colonies (Q.): p. 452.
Distribution of vested lands: p. 244.
Eden Gardens and Ranji Stadium: p. 511.
Egra-Ramnagar Road: pp. 382-383.
Electrification of Health Centres: p. 246.
Electrification of Khagraghat Railway Station, Berhampore: p. 54.
Enquiry into the death of Shri Sunil Dasgupta, ex-M.L.A.: p. 250.
Establishment of B.T. Colleges in the district of Murshidabad: p. 522.
Establishment of a Veterinary Hospital at Krishnarampur in the Chanditala police-station, Hooghly district: pp. 455-456.
Estimate of expenditure in connection with Gandhi Centenary Celebration: p. 233.
Excavation of rivers: p. 250.
Excavation of river Saraswati: p. 250.
Execution of Sejberia Abadi Khal Re-excavation Scheme: pp. 397-398.
Expenditure on the bridge over the Bhairab: p. 390.
Extension of electricity in Harirampur area: p. 391.
Extension and re-employment of Gazetted Officers: p. 321.
Eye Department of Berhampore General Hospital: p. 113.
Eye Department of Berhampore Sadar Hospital: p. 190.
Facilities enjoyed by the Primary and Secondary School teachers: p. 176.
Factories: p. 120.
Fall in the State Income: p. 584.
Family Planning Centre: p. 246.
Family Welfare Planning Centre at Panchthupi Maternity and Child Welfare Centre: p. 598.
Financial assistance by the West Bengal Khadi and Village Industries Board to some organisations of Murshidabad district: p. 320.
Findings of N. C. Roy Powerloom Enquiry Commission, 1967: p. 593.

**Purkait, Shri Prabodh**

Fire incidents in some districts: p. 502.
Fixation of minimum price for jute: p. 647.
Floods in the rivers of Jalpaiguri district: p. 306.
Footpath-dwellers in Calcutta: p. 229.
Fourth Plan Provision for the State: p. 592.
Fourth Plan Road Development: p. 398.
Free and compulsory Primary Education: p. 327.
Free distribution of Urea fertiliser in certain Blocks of Murshidabad district: p. 526.
Gangadharpur Subsidiary Health Centre in the Hooghly district: p. 456.
Gobra Mental Hospital: pp. 451-452.
Government aid to the Calcutta Homeopathic Medical College and Hospital: p. 600.
Government khas lands: p. 314, 590.
Government khas lands in Samserganj police-station: p. 299.
Government vehicles in the Murshidabad district: p. 323.
Granting of loan to fishermen: p. 327.
Grants-in-aid to Junior High Schools consequent on their conversation into High Schools: p. 644.
Grants-in-aid to the schools of Murshidabad district: p. 320.
Grants to Government-sponsored Day Students' Homes in West Bengal: p. 649.
Grow More Food Campaign in the State: p. 308.
Hona Khali Mechhogheri: p 588.
Harirampur Primary Health Centre: p. 595.
Holidays in schools of different categories: p. 526.
Hospital beds: p. 101.
House-building grant to the Scheduled Castes and Tribes people: p. 115.
Incidents of fire in Gorahar village of Itahar police-station: p. 598.
Income and expenditure of Agricultural Farm in Raninagar police-station: p. 597.
Income and Expenditure of Kharagpur Municipality: p. 114.
Income from taxes on "Tari": p. 303.
Industrial Training Institute at Banjetia: p. 51.
Industrial and Borstal School at Banjetia House, Berhampore: p. 599.
Institution of criminal proceedings against the office bearers of the Khoa Samabay Krishi Unnayan Samity Ltd.: p. 597.
Introduction of Bengali in the works of State Legislature: p. 391.
Installation of new monuments in memory of martyrs: p. 191.
Introduction of correspondence course in B.T.: p. 168.
Introduction of free and compulsory primary education in urban and rural areas: p. 189.
Invitation to Khan Abdul Gafur Khan: p. 239.
Irrigation from Bhandardada Beel: p. 59.
Karimpur Health Centre: p. 452.
Kharagpur Municipality: p. 113.
Khas lands: p. 245.
Khas lands in Beharia Mauza: p. 189.
Khas lands in Joychand Khagra Mauza: p. 243.
Khas lands in Murshidabad district: p. 393.
Krishnagore-Dogachhi Road: p. 648.
Kulgachi-Badkulla Road in the district of Nadia: p. 457.
Lands under the Hizole area: p. 243.
Labour relations in the State: p. 42.
Land Mortgage Banks in Murshidabad district: p. 574.
Land for the proposed Health Centre in Raninagar police-station: p. 645.

**Purkait, Shri Prabodh**

Literate persons in the State: p.
Loans to the peasants from Central Co-operative Banks: p. 586.
Lock-out and strikes in factories: p. 117.
M.R. dealers of Dubda area in Midnapore district: p. 391.
Maharaja Nanda Kumar's House: p. 328.
Majherpara Primary School, Berhampore: p. 190.
Malaria Control Programme: p. 104.
Mental Hospital at Berhampore: p. 438.
Metalled roads in different districts of West Bengal: p. 647.
Monetary help to the Scheduled Caste people of Murshidabad district: p. 113.
Morgue of the Berhampore Sadar Hospital: p. 191.
Netaji Statue in Alipore Central Jail: p. 325.
New posts of Information Officer, Assistant Information Officer and Field Information Officer: p. 55.
New Primary Schools for Murshidabad district: pp. 187, 189.
Non-Government Bodies receiving Government aids: p. 109.
Number of Adibasi, Schedule Caste and Muslim Gazetted Officers: p. 324.
Number of beggars in Calcutta: p. 525.
Number of C.P.I.(M) workers wounded and murdered during the United Front Ministry: p. 642.
Number of female employees: p. 319.
Number of Junior and Senior Basic Schools in different districts: p. 526.
Number of persons arrested under the P.D. Act: p. 645.
Number of persons died in Police custody: p. 324.
Number of rivers, ponds, bheries, etc., for pisiculture: p. 393.
Number of schools upgraded during the year 1969-70: p.
One food zone for Nadia and Burdwan: p. 53.
Open window in the Labour Room of the Baksha Subsidiary Health Centre: p. 456.
Outdoor Dispensing Unit and E.N.T. Specialist in the District Hospital at Saktinagar: p. 457.
Pak raids in West Bengal: p. 326.
Pay rate of a seasonal vaccinator: p. 451.
Payment of salary of non-Matric trained teachers of Purulia district: p. 523.
Peace Corps: p. 226.
Pensioners: p. 593.
Permanent Cinema Halls: p. 580.
Persons appointed in factories during last three years: p. 600.
Persons detained under P.D. Act: p. 517.
Persons and Societies condemned by the Powerloom Enquiry Commission: p. 178.
Persons victimised by tigers in Sundarban areas: p. 322.
Pisciculture in Bishnupur Beel, Murshidabad: p. 60.
Pisciculture in the reservoir of Kangsabati Projects (Q.): pp. 450-451
Police firing: p. 501.
Police firing without the consent of U.F. Government: p. 502.
Post of Librarian in Government-aided Higher Secondary Schools: p. 177.
Posts reserved for Scheduled Castes in the different departments of the Government: p. 458.
Powerloom Factories: p. 161.
Prevention of anti-social activities: p. 511.
Preventive detention of black-marketeers, hoarders and adulterators: p. 56.

**Question(s)**


Price of rice in different districts: p. 642.
Primary Health Centre in Baligha Block No. 2: pp. 442-443.
Primary Health Centre at Block II of Chanditala police-station: pp. 445-446.
Primary Health Centre at Brindabanpur: p. 107.
Primary Health Centres in Murshidabad districts: pp. 110,437.
Procurement of foodgrains from different districts: pp. 375-379.
Procurement of rice and paddy in West Dinajpur district: p. 596.
Production of milk, ghee, butter, etc., in Haringhata Dairy: pp. 393-394.
Progress of rural electrification scheme: p. 392.
Progress of work in Farakka Barrage Project: p. 524.
Proposal for an Industrial Estate at Chanditala, Hooghly: p. 173.
Proposed B. T. College at Jiaganj: p. 180.
Provident Fund money of the factory labourers: pp. 372-375.
Provident Fund money of the teachers of Bahara Adarsha Vidyapith: p. 171.
Publication of the "Evaluation reports": p. 525.
Quality of rice in Statutory Rationing area: p. 390.
Ramkrishna Vivekananda Powerloom Co-operative Society Ltd.: pp. 454, 455.
Ramnagar Adarsha Junior Basic School: p. 325
Reclamation of Palda Beel and Kalinga Beel in Nadia district: p. 457.
Recognition of 2-Class and 4-Class Junior High Schools: p. 183.
Reconstitution of Murshidabad District School Board: p. 181.
Reconstitution of R. I. A.s in different districts: p. 180.
Recording the past services of Junior Basic Trained teachers of Primary Schools: p. 594.
Re-excavation of the Gopal river in Nadia district: p. 644.
Re-excavation of river Jamuna in Nadia district: p. 643.
Re-excavation of Sindhu Mahal Abadi Khal in Uluberia Block No. 2, district Howrah: p. 397.
Release of Hindi and English pictures in Cinema Halls: p. 58.
Remission of land rent in Chanditala police-station of the Hooghly district: pp. 395-396
Removal of the Statues of British rulers: p. 54.
Repair of Major District Roads in Murshidabad district: p. 454.
Report of N. C. Roy Powerloom Enquiry Commission: p. 584.
Representation of Minority Communities in public services of the State: p. 232.
Representation from the Mohini Mills Ltd.: p. 55.
Reservation of seats in Government Colleges for the Scheduled Castes and Tribes students: p. 179.
Rise in price of rice in deficit districts: p. 35.
Rise in price of rice and paddy: p. 52.
Road Schemes in West Dinajpur and Birbhum districts: pp. 379-382.
Sadachar Samiti: p. 178.
Sale of Opium, Siddhi, Pachwai, etc.: p. 251.
Scarcity of X-ray films: pp. 111, 443-445.
Scheduled Castes and Tribes people in Howrah district: p. 113.
Scheme for pisciculture in Maharajganj: p. 398.
Schools without elected Managing Committees: p. 164.
Selection of site for the headquarters of the Development Block of Bangshihari in West Dinajpur district: p. 524.
Service Rules for the staff of Government-sponsored Libraries: p. 225.
Setting up of Free Primary Schools in certain Thana areas of Burdwan district: p. 648.

**Question(s)**

Sinking of new tube-wells: p. 242.
Sinking and repairing of tube-wells: p. 251.
Sinking of tube-wells by Murshidabad Zilla Parishad: p. 39.
Sinking of tube-wells under Flood Relief Scheme: p. 242.
Sports Stadium: p. 181.
Stadiums: p. 247.
State Government Offices in rented houses in Banagram subdivision: p. 238.
State Government-sponsored Small-scale Industries: p. 645.
State Social Welfare Home: pp. 228, 573.
Status of Government-sponsored Colleges: p. 179.
Steps against some officers of Co-operative Department: p. 575.
Steps taken by the Government for reforming delinquent and non-delinquent children: p. 599.
Storing agents of Nabagram: p. 58.
Strikes in Government Hospitals: pp. 438-442.
Strike Notice by the labourers of Jute Mills: pp. 385-386.
Supervision of the construction of the Second Hooghly River Bridge: p. 595.
Supply of drinking water in rural areas: p. 188.
Supply of electricity in the Murshidabad district: pp. 453-454.
Supply of foodgrains from other States to Food Corporation: pp. 383-385.
Survey of Cottage and Small-scale Industries: p. 324.
Tea Gardens: pp. 387-389.
Telinipara communal disturbances: p. 175.
Test relief works in Itahar Development Block: p. 235.
Test relief works in Murshidabad district: p. 247.
Thefts of cattle and dacoities in the Nadia border areas: p. 118.
Total number of licensed wine shops in West Dinajpur district: p. 594.
Tourist lodge at Lalbagh: p. 99.
Trade Unions: p. 121.
Transfer of Gazetted and non-Gazetted Government employees: p. 177.
Transfer of the Office of Archaelogical Survey of India: p. 225.
Treatment of Leprosy in Midnapore district: pp. 448-449.
Uluberia-Panpur Road in Howrah district: p. 521.
Unemployment: p. 59.
Unemployment due to strikes and lock-outs: p. 54.
Utilisation of development funds, etc., of municipalities towards payment of staff salary: pp. 108, 435-437.
Utilisation of the Forest Department land for the purpose of play ground of girl students: p. 650.
Vacancy in the District Units of Anti-Corruption Bureau: p. 320.
Vested lands: p. 244.
Veterinary Hospitals: p. 587.
Veterinary Hospitals in Murshidabad district: p. 455.
Want of Amins in Kandi subdivision: p. 243.
Want of irrigation facilities in Chanditala police-station: p. 305.
Want of medicines in hospitals: pp. 446-448.
Works of the Irrigation Department in Murshidabad district: p. 302.
Withdrawal of the cases involving criminal offences: p. 397.
Withdrawal of criminal cases: p. 515.

**R.T.A.S.**

Reconstruction of—in different districts: p. 180.

**Raha, Shri Sanat Kumar**

"Agri-Co" at Cossimbazar (Q.): p. 243.
Area of operation of Fishermen's Co-operative Societies (Q.): p. 587.
Arrangements for training of Basic Health Workers (Q.): p. 119.
Beldanga Sugar Mill (Q.): p. 55.
Berhampore College of Textiles (Q.): p. 317.
Berhampore Co-operative Ganja Farming Society (Q.): pp. 318-19.
Berhampore Sadar and General Hospitals (Q.): p. 110.
Berhampore State Welfare Home (Q.): pp. 240, 453.
Bhandardaha Fisheries Co-operative Society (Q.): p. 61.
Botany Honours Course in K. N. College, Berhampore (Q.): p. 245.
Cases of wagon breaking and thefts from Government Godowns and Workshops (Q.): p. 503.
Cossimbazar Manindra Mills (Q.): pp. 369-372.
Development of Colonies in Berhampore police-station (Q.): p. 245.
Development Scheme for industry-backward district (Q.): p. 389.
Distribution of vested lands (Q.): p. 244.
Eye Department of Berhampore General Hospital (Q.): p. 113.
Eye Department of Berhampore Sadar Hospital (Q.): p. 190.
Factories (Q.): p. 120.
Government aid to the Calcutta Homoeopathic Medical College and Hospital (Q.): p. 600.
Government Khas lands (Q.): p. 314.
Government Khas lands in Samserganj police-station (Q.): p. 299.
Industrial Training Institute at Banjetia (Q.): p. 51.
Introduction of Free and Compulsory Primary Education in urban and rural areas (Q.): p. 189.
Khas lands (Q.): p. 245.
Khas lands in Beharia Mauza (Q.): p. 189.
Khas lands in Joychand Khagra Mouza (Q.): p. 243.
Khas lands in Murshidabad district (Q.): p. 393.
Land Mortgage Banks in Murshidabad district (Q.): p. 574.
Lands under the Hizole area (Q.): p. 243.
Majherpara Primary School, Berhampore (Q.): p. 190.
Malaria Control Programme (Q.): p. 104.
Mental Hospital at Berhampore (Q.): p. 438.
New Primary Schools for Murshidabad district (Q.): p. 189.
Number of Adibasi, Schedule Caste and Muslims Gazetted Officers (Q.): p. 324.
Number of female employees (Q.): p. 319.
Pay rate of a seasonal vaccinator (Q.): p. 451.
Pensioners (Q.): p. 593.
Persons appointed in factories during last three years (Q.): p. 600.
Post of Librarian in Government aided Higher Secondary Schools (Q.): p. 177.
Prevention of anti-social activities (Q.): p. 511.
Progress of rural electrification scheme (Q.): p. 392.
Proposed B. T. College at Jiaganj (Q.): p. 180.
Schools without elected Managing Committees (Q.): p. 164.
State Social Welfare Home (Q.): pp. 228, 573.
Storing agents of Nabagram (Q.): p. 58.
Trade Unions (Q.): p. 121
Vested lands (Q.): p. 244
Want of Amins in Kandi subdivision (Q.): p. 243.
Want of medicines in hospitals (Q.): pp. 446-448.
The West Bengal Zilla Parishads (Amendment) Bill, 1969: pp. 352-53.

**Ration Cards**

Bogus—in Calcutta (Q.): p. 524.

**Ray, Shri Birendra Narayan**

Attack on peasants by the Jotedars of Chaitanyapur (Q.): p. 515.
Berhampore Central Silk Research Station (Q.): p. 506.
Bridge over the Mansai (Q.): p. 389.
Creation of new forest areas (Q.): p. 519.
Enquiry into the death of Shri Sunil Dasgupta, ex-M.L.A. (Q.): p. 250.
Establishment of B. T. Colleges in the district of Murshidabad (Q.): p. 522.
Extension and re-employment of Gazetted Officers (Q.): p. 321.
Free and Compulsory Primary Education (Q.): p. 327.
Government Vehicles in the Murshidabad district (Q.): p. 323.
Income from taxes on "Tari" (Q.): p. 305.
Introduction of Correspondence Course in B.T. (Q.): p. 168.
New posts of Information Officer, Assistant Information Officer and Field Information Officer (Q.): p. 55.
Non-Government bodies receiving Government aids (Q.): p. 109.
Number of C.P.I.(M) workers wounded and murdered during the United Front Ministry (Q.): p. 642.
Number of persons died in police custody (Q.): p. 324.
Number of rivers, ponds, bheries, etc., for pisciculture (Q.): p. 393.
Number of schools upgraded during the year 1969-70 (Q.): p. 641.
Pak raids in West Bengal (Q.): p. 326.
Persons victimised by tigers in Sundarban areas (Q.): p. 322.
Police firing without the consent of U.F. Government (Q.): p. 502.
Ramkrishna Vivekananda Powerloom Co-operative Society Ltd. (Q.): pp. 454-455.
Report of N. C. Roy Powerloom Enquiry Commission (Q.): p. 584.
Representation of minority communities in public services of the State (Q.): p. 232.
Rise in price of rice and paddy (Q.): p. 52.
Sadachar Samiti (Q.): p. 179.
Sale of Opium, Siddhi, Pachwai, etc. (Q.): p. 251.
Sports Stadium (Q.): p. 181.
The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969: p. 679.

**Ray, Shri Siddhartha Shankar**

General discussion on Budget for 1969-70: p. 600.
Point of order: p. 254.

**Reclamation**

—of Palda Beel and Kalinga Beel in Nadia district (Q.): p. 457.

**Reconstitution**

—of Murshidabad District School Board (Q.): p. 181.

**Recording**

—the past services of Junior Basic Trained Teachers of Primary Schools (Q.): p. 594.

**Re-excavation of the Gopia river**

—in Nadia district (Q.): p. 644.

**Re-excavation of River**

—Jamuna in Nadia district (Q.): p. 643.

**Refugee Families**

Distribution of lands to the—of Shamsundar Chawk and Balarampota (Howrah) Government Colonies (Q.): p. 452.

**Relief**

—Distribution of gratuitous—in Burwan police-station (Q.): p. 191.

**Removal**

—of the statues of British rulers (Q.): p. 54.

**Report**

—of N. C. Roy Powerloom Enquiry Commission (Q.): p. 584.

**Representation**

—from the Mohini Mills Ltd. (Q.): p. 55.

**Reservation of seats in Government Colleges**

—for the Scheduled Castes and Tribes students (Q.): p. 179.

**Resolution for ratification of the Constitution (Twenty-second Amendment) Bill, 1969:** p. 684.

**River(s)**

Excavation of— (Q.): p. 250.

**Road(s)**

Border— (Q.): p. 121.
Construction of—in Murshidabad district (Q.): p. 321.
Egra Ramnagar— (Q.): pp. 382, 383.
Fourth Plan—Development (Q.): p. 398.
Krishnagore-Dogachhi— (Q.): p. 648.
Kulgachi-Badkulla—in the district of Nadia (Q.): p. 457.
Metalled—in different districts of West Bengal (Q.): p 647.
Uluberia-Parpur—in Howrah district (Q.): p. 521.

**Road Schemes**

—in West Dinajpur and Birbhum districts (Q.): pp. 379-382.

**Ray, Shri Amalendra Lal**

Bishnupur Beel (Q.): p. 60.
Border Roads (Q.): p. 121.
Collection of milk for the milk supply in Calcutta (Q.): p. 593.
Commercial relation between West Bengal and East Pakistan (Q.): p. 241.
Construction of roads in Murshidabad district (Q.): p. 321.
Deep tube-wells in Murshidabad district (Q.): p. 392.
Development of Digha (Q.): p. 523.
Development of potato cultivation in Murshidabad district (Q.): p. 520.
Distribution of chemical fertiliser in different blocks (Q.): p. 314.
Distribution of gratuitous relief in Barwan police-station (Q.): p. 191.
Electrification of Health Centres (Q.): p. 246.
Electrification of Khagraghat Railway Station, Berhampore (Q.): p. 54.
Family Planning Centre (Q.): p. 246.
Family Welfare Planning Centre at Panchthupi Maternity and Child Welfare Centre (Q.): p. 598.
Financial assistance by the West Bengal Khadi and Village Industries Board to some organisations of Murshidabad district (Q.): p. 320.
General discussion on the Budget for 1969-70: pp. 428-433.
Grants-in-aid to the schools of Murshidabad district (Q.): p. 320.

**Ray, Shri Amalendra Lal**

Grants to Government sponsored Day Students' Homes in West Bengal (Q.): p. 649.
Hospital beds (Q.): p. 101.
Industrial and Borstal School at Banjetia House, Berhampore (Q.): p. 599.
Installation of new monuments in memory of martyrs (Q.): p. 191.
Invitation to Khan Abdul Gafur Khan (Q.): p. 239.
Monetary help to the Scheduled Caste people of Murshidabad district (Q.): p. 113.
Morgue of the Berhampore Sadar Hospital (Q.): p. 191.
New Primary Schools for Murshidabad district (Q.): p. 187.
Persons and Societies condemned by the Powerloom Enquiry Commission (Q.): p. 178.
Pisciculture in Bishnupur Beel, Murshidabad (Q.): p. 60.
Powerloom Factories (Q.): p. 161.
Production of Milk, Ghee, Butter, etc. in Haringhata Dairy (Q.): pp. 393-394.
Provident Fund money of the factory labourers (Q.): pp. 372-375.
Publication of the "Evaluation Reports" (Q.): p. 525.
Quality of rice in Statutory Rationing Area (Q.): p. 390.
Recognition of 2-Class and 4-Class Junior High Schools (Q.): p. 183.
Reconstitution of Murshidabad District Board (Q.): p. 181.
Release of Hindi and English pictures in cinema halls (Q.): p. 58.
Repair of Major District Roads in Murshidabad district (Q.): p. 454.
Scarcity of X-Ray films (Q.): p. 111.
Sinking and repairing of tube-wells (Q.): p. 251.
Sinking of new tube-wells (Q.): p. 242.
Sinking of tube-wells by Murshidabad Zilla Parishad (Q.): p. 39.
Sinking of tube-wells under Flood Relief Scheme (Q.): p. 242.
Stadiums (Q.): p. 247.
Steps against some Officers of Co-operative Department (Q.): p. 575.
Steps taken by the Government for reforming delinquent and non-delinquent children (Q.): p. 599.
Supply of Electricity in the Murshidabad district (Q.): pp. 453-454.
Test relief works in Murshidabad district (Q.): p. 247.
Transfer of the office of Archaeological Survey of India (Q.): p. 225.
Unemployment (Q.): p. 59.
Vacancy in the District Units of Anti-Corruption Bureau (Q.): p. 320.
Veterinary Hospitals in Murshidabad district (Q.): p. 455.
The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969: pp. 662-663.
Works of the Irrigation Department in Murshidabad district (Q.): p. 302.

**Roy, Shri Aswini**

Collection of Central Taxes from State (Q.): p. 582.
Eden Gardens and Ranji Stadium (Q.): p. 511
Fourth Plan provision for the State (Q.): p. 592.
Metalled Roads in different districts of West Bengal (Q.): p. 647.

**Roy, Shri Fakir Chandra**

The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969: pp. 667-668.

**Roy, Shri Nepal Chandra**

General discussion on Budget 1969-70: pp. 467-470, 478.
General discussion on Budget for 1969-70: p. 553.

**Roy, Shri Santi Mohan**

General discussion on Budget for 1969-70: p. 560.

**Roy. Shri Saroj**

General discussion on Budget 1969-70: pp. 476-478.

**Roy. Shri Satyapriya**

Statement on Calling Attention notice regarding difficulties of admission in Colleges: p. 600.
The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969: pp. 360-363.
The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969: pp. 673-675, 681.

**Roy Burman, Shri Khiti Bhusan**

The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969: pp. 657-658.

**Roy Pradhan, Shri Amarendranath**

General discussion on Budget 1969-70: pp. 479-481.

**Rudra, Shri Samar Kumar**

The West Bengal Panchayat (Amendment) Bill. 1969: pp. 88-89.

**Ruling(s)**

— on an Adjournment Motion: pp. 5-6.
— on the alleged in accurate statement made by certain Newspaper: p. 399.
— on Privilege Motion regarding distorted version of the happening in the House given by the All India Radio: p. 253.
— on Privilege under rule 224: p. 192.

**Rural Electrification**

Progress of—Scheme (Q.): p. 392.

**Saha, Shri Kripasindhu**

The West Bengal Acquisition and Settlement of Homestead Land Bill, 1969: p. 291.

**Salary**

Payment of—of non-Matric trained teachers of Purulia district (Q.): p. 528.

**Sale**

— of Opium, Siddhi, Pachevai, etc. (Q.): p. 251.

**Sanyal, Dr. Nalinaksha**

General discussion on Budget for 1969-70: p. 623.
Howrah Improvement (Amendment) Bill, 1969: pp. 79-82.
Karimpur Health Centre (Q.): p. 452.
Labour relations in the State (Q.): p. 42.
Representation from the Mohini Mills Ltd. (Q.: p. 55.
Supply of drinking water in rural areas (Q.): p. 188.
Thefts of Cattle and dacoities in the Nadia border areas (Q.): p. 118.
The West Bengal Acquisition and Settlement of Homestead Land Bill, 1969: pp. 286-289, 296-298.
The Bengal Co-operative Societies (Amendment) Bill, 1969: pp. 143-147.
The West Bengal Land Reforms (Amendment) Bill, 1969: pp. 267-268.

**Sanyal, Dr. Nalinaksha**
The West Bengal Land Reforms (Amendment) Bill, 1969: pp. 278-279.
The West Bengal Panchayat (Amendment) Bill, 1969: pp. 89-91.
The West Bengal Panchayat (Amendment) Bill, 1969: pp.134-136.
The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969: pp. 363-366.

**Saraogi, Shri Ramkrishna**
General discussion on Budget for 1969-70: pp. 473-475.
The West Bengal Panchayat (Amendment) Bill, 1969: pp. 125-126.

**Sarkar, Shri Ahindra**
The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969. p. 680.

**Sarkar, Shri Nitaipada**
General discussion on Budget for 1969-70: p. 546.

**Scheduled Castes**
Post reserved for—in the different department of the Government (Q.): p. 458.

**Scheduled Castes and Tribes**
— people in Howrah district (Q.): p. 113.

**School(s)**
Industrial and Bosestal—at Banjetia House, Berhampore (Q.): p. 599.
Number of Junior and Senior Basic—in different district (Q.): p. 526.
Number of—upgraded during the year 1969-70 (Q.): p. 641.
Ramnagar Adarsha Junior Basic— (Q.): p. 325.
— without elected Managing Committees (Q.): p. 164.

**School teachers**
Facilities enjoyed by the Primary and Secondary— (Q.): p. 176.

**The Second Hooghly River Bridge**
Supervision of the construction of— (Q.): p. 595.

**Selection of site**
— for the headquarters of the Development Block of Bangshihari in West Dinajpur district (Q.): p. 524.

**Sen, Shri Jamini Ranjan**
The Bengal Co-operative Societies (Amendment) Bill, 1969: pp. 147-148.

**Sen, Shri Lakshmi Charan**
On Budget statement of Finance Minister: pp. 408-411.

**Services**
Counting of past—of teachers of Purulia district (Q.): p. 523.

**Service Rule(s)**
— for the staff of Government-sponsoned Libraries (Q.): p. 225.

**Shamsuddin Ahmad, Shri**
General discussion on Budget for 1969-70: pp. 490-492.

**Silk Research station**
Berhampore Central— (Q.): p. 506.

**Singh, Kumar Jagadishchandra**
General discussion on Budget for 1969-70: p. 557.
The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969: pp. 658-659.
The West Bengal Zilla Parishads (Amendment) Bill, 1969: pp. 351-352.

**Sluice Gate**
Construction of a—on the Mete Khal at Jalamandal (Q.): p. 395.

**Small-Scale Industries**
State Government sponsored— (Q.): p. 645.

**Social Welfare**
State- Home (Q.): p. 228.

**Speaker, Mr.**
Presented by—fourth report of the Business Advisory Committee: p. 461.
Ruling on a adjournment motion regarding mode of asking for leave to move adjournment motion: pp. 5-6.
Ruling on the alleged inaccurate statement made by certain Newspaper: p. 399.
Ruling by—on a motion of privilege: p. 192.
Ruling on Privilege Motion regarding distorted version of the happening in the House given by the All India Radio: p. 253.

**State income**
Fall in the— (Q.): p. 584.

**State Government Offices**
— in rented houses in Banagram subdivision (Q.): p. 238.

**Statement(s)**
— under rule 346, on Calcutta Medical College: pp. 417-420.

**Steps**
— against some Officers of Co-operative Department (Q.): p. 575.

**Strike Notice**
— by the Labourers of Jute Mills (Q.): pp. 385-386

**Students' Homes**
Grants to Government sponsored day—in West Bengal (Q.): p. 649.

**Subba, Shri Padmalakshmi**
The West Bengal (Rural) Primary Education (Temporary Provisions) Bill, 1969: pp. 664-665.

**Sugar Mill**
Beldanga— (Q.): p. 55.

**Supply of food-grains**
— from other States to Food Corporation (Q.): pp. 383-385.

**Survey**
—of Cottage and Small Scale Industries (Q.): p. 524.

**Talukdar, Shri Pralay**
General discussion on Budget for 1969-70: pp. 498-500.
Howrah Improvement (Amendment) Bill. 1969: pp. 75-77.

**Taxes**
Collection of Central—from the State (Q.): p. 582.

**Tea**
— gardens (Q.): pp. 387-389.

**Test Relief work(s)**
Corruption in—in Block No. 1 of Egra police-station (Q.): p. 509.
-- in Itahar Development Block (Q.): p. 235.
— in Murshidabad district (Q.): p. 247.

**Thapa, Shri Prem**
General discussion on Budget for 1969-70: p. 563.

**Theft(s)**
— of Cattle and dacoities in the Nadia border areas (Q.): p. 118.

**Tourism**
Development of Lalbagh into a centre of— (Q.): p. 106.

**Tourist Lodge**
— at Lalbag (Q.): p. 99.

**Tramway(s)**
Daily earnings of— (Q.): p. 166.

**Tube-well(s)**
Sinking of—by Murshidabad Zilla Parishad (Q.): p. 39.
Sinking of new— (Q.): p. 242.
Sinking and repairing of— (Q.): p. 251.

**U. G. C. Pay Scales**
Benefit of—for Physical Instructors and Librarians (Q.): p. 650.

**Unemployment** (Q.): p. 59.
— due to strikes and lock-outs (Q.): p. 54.

**Urea Fertiliser**
Free distribution of—in Certain Blocks of Murshidabad district (Q.): 526.

**Utilisation of Development Funds, etc.**
— of Municipalities towards payment of staff salary (Q.): p. 108.

**Vacancy**
— in the District Units of Anti-carruption Bureau (Q.): p. 320.

**Vaccinator**
Pay rate of a seasonal— (Q.): p. 451.

**Vested land(s)**
Distribution of— (Q.): p. 244.

**Veterinary Hospital**
Establishment of a—at Krishnarampur in the Chanditala police-station of Hooghly district (Q.): pp. 455-456.
— in Murshidabad district (Q.): p. 455.

**Want of Amins**
— in Kandi Subdivision (Q.): p. 243.

**Welfare**
Berhampore State—Home (Q.): p. 240.
State Social—Home (Q.): p. 573.

**Welfare Home**
Berhampore State— (Q.): p. 453.

**Wine shops**
Total number of licensed—in West Dinajpur district (Q.): p. 594.

**X-Ray films**
Scarcity of— (Q.): p. 111.
Scarcity of— (Q.): pp. 443-445.

WBGP-73/74-49A-700
M—47